শ্রীশ্রীগুরু-গৌরাসৌ অয়তঃ

# শ্রীমাজগবদ্গীতা

( শ্রীশ্রীমন্দদেববিদ্যাভূষণ-বির্টিত-'গীতাভূষণ'-ভাষ্য-সম্বেতা )



मिलामीणायविष्ठ चं विक्रमान बीटीमहक्तिन निकादि-भाषानि-सराता हन

अन्यातिल

শ্রীশ্রীগুরু-গৌরাসৌ জয়তঃ

# श्रीश्रीसङ्गतम् गीठा

বেদান্তাচার্য্য-ব্রহ্মসূত্র-ভাষ্যকার-

# শ্রীশ্রীমদ্বলদেববিদ্যাভূষণ-বিরচিত-

'গীতাভূষণ'-ভাষ্য-সমন্বিতা-তদ্-বঙ্গানুবাদ-সমেতা,

পরাৎপর শ্রীগুরুদেব নিতালীলাপ্রবিষ্ট-

# उँ विकुशाम-सीसीयम् मिछानावन एडि विताम-रेक्व त- अशीठ-

'বিদ্বদ্রঞ্জন'-নাম-বিশদ-ভাষাভাষ্য-সহিতা চ।



ব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়-সংরক্ষকাচার্য্যবর্ষ্য**-নিত্যলীলাপ্রবিষ্ট-**ওঁ বিষ্ণুপাদান্টোত্তরশতশ্রী-

## প্রীপ্রীমন্ত ক্রিসিদ্ধান্তসরস্বতী-গোস্বামি-প্রত্তুপাদানাং শ্রীপাদপদ্মানুকম্পিতেন শ্রীসারস্বত-গৌড়ীয়াসন-মিশন-প্রতিষ্ঠানস্য

অন্যতম-প্রতিষ্ঠাতৃ-সভাপতি-আচার্য্যেণ নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুগাদ-

### প্রীপ্রীমন্ড জিপ্রীরূপ-সিদ্ধান্তি-গোস্বামি-মহারাজেন

সম্পাদিতা

প্রীসারম্বত-গৌড়ীয়াসন-মিশন-প্রতিষ্ঠানতঃ
প্রকাশিতা।

মূল শ্লোক, অন্বয় ও বাংলা প্রতিশব্দ, শ্লোকানুবাদ, শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের 'বিদ্বদ্রঞ্জন' নামক ভাষা-ভাষ্য, শ্রীশ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ প্রভুর 'গীতাভূষণ' নামক ভাষ্য ও উক্ত ভাষ্যানুবাদ এবং তদানুগত্যে সম্পাদক কর্তৃক 'অনুভূষণ' - নাম্নী টীকার সহিত প্রকাশিত।

> চতুর্থ সংস্করণ শ্রীশ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব তিথি গৌরাব্দ ৫১২, বাংলা ১৪০৫, ইংরাজী ১৯৯৯ সাল

পঞ্চম সংস্করণ শ্রীগুরুপূর্ণিমা তিথি গৌরান্দ-৫২১, বঙ্গান্দ-১৪১৪, খৃষ্টান্দ-২০০৭

প্রকাশক শ্রীসারস্বত গৌড়ীয় আসন ও মিশনের বর্তমান সভাপতি ও আচার্য্য ব্রিদন্ডিভিক্ষু শ্রীভক্তিরঞ্জন সাগর মহারাজ

মুদ্রাকর শ্রীরবি ঘোষ দি ইন্ডিয়ান প্রেস প্রাইভেট লিমিটেড ৯৩-এ, লেনিন সরণি, কলিকাতা - ১৩

প্রাপ্তিস্থান

শ্রীসারস্বত গৌড়ীয় আসন ও মিশন

২৯বি, হাজরা রোড, কলিকাতা - ২৯

শ্রীসারস্বত গৌড়ীয় আসন

সাতাসন রোড, স্বর্গদার, পুরী

শ্রীসারস্বত গৌড়ীয় আসন

রাধাবাজার, নবদ্বীপ, নদীয়া

আনুকুলা-১০০

**এত্রী**গুরু-গোরাঙ্গৌ জয়তঃ

# श्रीयष्टगतम्गीणा

**५ श य**ष्ट्रिक ( खिंखियां )

( ৭ম অধ্যায় হইতে ১২শ অধ্যায় )

# ख़ू शिका

इं अक्षानि विद्धाक्षमा का ना क्षन मेला कथा ६ क्ष क्रमी लिखेश दिन खेरिया भी खेळात नवाह ॥ राक्षाक ल्म ७ क्रका क्ष कु भग मिक्षका १२ ६। भग छिखान भग राना स्वारा रिक्षा राज्या नवाह ॥ निवास विश्व स्वारा क्ष कि का ना स्वारा कि स्वारा के स्वारा कि स्

ভগবদবতার মহর্ষি **শ্রীমদ্রুফাদ্বৈপায়ন বেদব্যাস**-রচিত **শ্রীমহাভারতের**অন্তর্গত **শ্রীমন্ত্রগবদগীতা শাস্ত্র।** ইহাতে অপ্তাদশটি অধ্যায় রহিয়াছে। উহা

তিন ষট্কে বিভক্ত। তন্নধ্যে প্রথম ষট্ক অর্থাৎ ১ম অধ্যায় হইতে ষষ্ঠ অধ্যায় পর্যান্ত 'নিক্ষাম-কর্মাযোগ'; দ্বিতীয় ষট্ক অর্থাৎ ৭ম অধ্যায় হইতে ১২শ অধ্যায় পর্যান্ত 'ভক্তিযোগ' এবং তৃতীয় ষট্ক অর্থাৎ ১৩শ অধ্যায় হইতে ১৮শ অধ্যায় পর্যান্ত 'ভক্তিমূলক জ্ঞানযোগ' বর্ণিত হইয়াছে।

পূর্ব্বে প্রথম খণ্ডে '**নিক্ষাম-কর্মাযোগ'**-বিষয়ে কিঞ্চিৎ ভূমিকা প্রদত্ত হইয়াছে। বর্ত্তমানে দ্বিতীয় খণ্ডে 'ভক্তিযোগ'-বিষয়ে একটি ক্ষুদ্র ভূমিকা প্রদত্ত হইতেছে।

পূর্বেই আমরা অবগত হইয়াছি যে, সর্ব্বশাস্ত্রসারশিরোমণি **শ্রীমন্তাগ-বতের** আহুগত্যে বেদ, বেদান্ত, শ্বৃতি, পুরাণ প্রভৃতি সমস্ত শাস্ত্রের তাৎপর্য্য অহুধাবন করাই বিধি। তহুপরি মূর্ত্তিমন্ত ভাগবতস্বরূপ ভক্তগণের আহুগত্যেই এই সকল শাস্ত্র পঠন-পাঠন ও বিচার করা কর্ত্তর। ভক্তগণের মধ্যেও **শ্রীমন্মহা-প্রভুর আগ্রিভ গোড়ীয়বৈষ্ণবগণের** আহুগত্যে শাস্ত্র-আলোচনা করিবার সোভাগ্য বরণ করিতে পারিলে, একদিকে যেমন শাস্ত্রের নিগৃঢ় তাৎপর্য্য অবগত হওয়া যায়, সেইরূপ বিশেষ বহস্ত ও বদাস্বাদ অহুভব করিতে পারা যায়। সেইজন্তই আমরা শ্রীমন্ত্রাগবত তথা গোড়ীয়-বৈষ্ণবাচার্য্যগণের আহুগত্যেই শ্রীগীতা-গ্রন্থের অহুশীলন করিবার প্রিয়ান পাইয়াছি।

শ্রীমন্তাগবতে স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণও বলিয়াছেন,—
"যোগান্ত্রয়ো ময়া প্রোক্তা ন্, ণাং শ্রেয়োবিধিৎসয়া।
জ্ঞানং কর্ম চ ভক্তিশ্চ নোপায়োহন্যোহস্তি কুত্রচিৎ ॥"

( छाः ३३।२०।७)

এম্বলে তিনটি যোগের পরিচয় পাওয়া যাইতেছে, অর্থাৎ কর্ম্মযোগ, জ্ঞানযোগ ও ভজিযোগ। মানবের শ্রেয়:-বিধানের জন্ম তিনটি যোগ কথিত হইলেও ভজিযোগ কিন্তু অন্ম যোগদ্বয়াপেক্ষা বিশেষ। নিদ্যাম-কর্মযোগ চিব্তভদ্ধিক্রমে জ্ঞানজনক হয়, এবং জ্ঞানযোগ মোক্ষপ্রদ হয় কিন্তু উহা সাক্ষাৎ ভজিজনক নহে। কেন না, ভজি যাদৃচ্ছিকী, ভজিদেবী স্বতস্ত্রা ও নিরপেক্ষা। শ্রীমহাপ্রভূও বলিয়াছেন—"ভজি স্বতম্ব প্রবল।" (চৈ: চ: ম: ২৪প:) শ্রীমন্তাগবতে বর্ণিত "মন্তিজ্ঞিং বা যদৃচ্ছয়া" (ভা: ১১।২০।১১) শ্লোকের টাকায় শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ লিখিয়াছেন—"যদি চ ফাফ্টিক্রকণ্ডক্ষভক্ত-

সঙ্গলাভন্তদা মন্তক্তিংচ কেবলাং তয়া চ প্রেমাণম্ প্রাপ্নোতি, যদি চ কর্মমিশ্র-জ্ঞানমিশ্র-ভক্তিমৎসাধুসঙ্গলাভন্তদা ততঃ প্রাপ্তয়া কর্মমিশ্রয়া জ্ঞানমিশ্রয়া চ প্রধানীভূতয়া ভক্ত্যা অন্ততঃ শান্তিরতিং প্রাপ্নোতি।"

'যোগ' শব্দের অর্থেও শ্রীমন্তাগবতে পাই,—
"এতাবান্ যোগ আদিষ্টো মচ্ছিষৈঃ সনকাদিভিঃ।
সর্বতো মন আকৃষ্য ম্যাদ্বাবেশতে ষ্থা॥"

অর্থাৎ যাবতীয় বিষয় হইতে চিত্তকে আকর্ষণ পূর্বক যথাযথভাবে সাক্ষাৎ আমাতে ধারণ করাকেই সনকাদি আমার ভক্তগণ 'যোগ'রূপে নির্দ্দেশ করিয়াছেন।

বর্তুমান আলোচ্য ভক্তিযোগের বর্ণনে শ্রীগীতার সপ্তম অধ্যায়ের প্রথম শ্লোকেও পাই,—"ময়াসক্তমনাঃ পার্থ যোগং যুজন্মদাশ্রমঃ", এই শ্লোকের শ্রীল বলদেব বিত্যাভূষণ প্রভুর টীকার মর্মেও পাই,—"স্বীয় উপাস্থ আমাতে সর্বাদা আসক্তমন যাঁহার, তুমি বা অন্য যে কেহ তোমার সদৃশ আমার আশ্রিত অর্থাৎ আমার দাস্থা-সথ্য প্রভৃতির যে কোন একটি ভাবের আশ্রয়ে শরণাগত হইয়া 'যোগ' অর্থাৎ আমার শরণাদিলক্ষণ যাহা, তাহা করিতে প্রবৃত্ত হয়।"

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাই,—

"কীদৃশ যোগ? আমার সহিত সংযোগ "যুগ্ধন্" অর্থাৎ ক্রমে প্রাপ্ত হইয়া মদাশ্রেয় অর্থাৎ আমাকেই আশ্রেয় করে, কিন্তু জ্ঞান-কর্মাদিকে আশ্রেয় করে না, এইরূপ অনগ্রভক্ত।"

অতএব ইহা বিশেষ লক্ষ্যীতব্য যে, শ্রীভগবান্ ব্যতীত অম্যত্র আশ্রেয় থাকিলে তাহাকে 'ভক্তিযোগ' বলা চলে না। শ্রীভগবানই একমাত্র ভক্তিযোগের বিষয়, এবং তাঁহাতেই অন্যভাবে চিত্তের সন্নিবেশ অথবা ষড়বিধা-শরণাগতি লাভই 'যোগ' শব্দের উদ্দিষ্ট।

শ্রীমন্তাগবতে 'ভক্তিযোগ' সম্বন্ধে পাওয়া যায়,—

"দ বৈ পুংসাং পরো ধর্মো যতো ভক্তিরধাক্ষজে। অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা স্থপ্রসীদতি॥"

এই শ্লোকের বিবৃতিতে পরমারাধ্যতম **এএলপ্রপাদ** লিথিয়াছেন— "ভজনীয় বস্তু, ভজন ও ভজনকারী সকলই অধোক্ষজ। অক্ষর্মবিচারে যে প্রভূষাধীন আছুগত্য বিরাজমান, তাহা হেতৃজ্ঞাত ও কৈতবরূপ প্রয়োজনদারা বাধা প্রাপ্ত। তাহা নির্মাণ পুক্ষের নিত্যধর্ম হইতে পারে না। প্রাক্ততগুণে আক্রান্ত-ক্ষম জনগণ পরমধর্মের অমুষ্ঠানে বিরত হইয়া অক্ষরবস্তুর 
অমুশীলনে জ্ঞানপথ ও কর্মপথে বিচরণ করেন। তদ্ধারা অনাত্ম মন ও 
মুলদেহ নানাক্রেশে বাধাপ্রাপ্ত হইয়া অমুপাদেয় ম্বার্থপরতায় আচ্চ্রয় 
হয়। অধাক্ষজ প্রীক্তম্ভে ম্থনির্মাণ আত্মার অহৈতৃকী ও অপ্রতিহতা দেবাপ্রবৃত্তি 
ব্যতীত অন্ত কোন ক্রিয়ার সমাধান নাই। যে কাল পর্যান্ত জীব স্বীয় কচিবশে 
দিশরের জন্ত কায়মনোবাকে অমুক্লচেষ্টা-বিশিষ্ট না হন, তৎকালাবিধি স্বরূপজ্ঞানাভাবে তাঁহার অনাত্ম-ইন্রিয়-ভোগপ্রবৃত্তি অথবা নির্ভেদব্রহ্বামুসদ্ধানপরতামূলে অপ্রসন্মচিত্ততা পরিদৃষ্ট হয়। অন্তাভিলাবিতাশূলা জ্ঞানকর্মাদিদ্বারা 
অনাবৃতা নিত্যা ভক্তির উদয়ে পরমাত্মা ও জীবাত্মা উভয়েই সন্তোষ লাভ 
করেন। সেই নিত্য-আনন্দ নবনবায়মান বলিয়া নশ্বর প্রাক্বত জড়রদে কোন 
চমৎকারিতা না দেখিতে পাইয়া তাহাতেই অবস্থিত।"

প্রথম ষট্কে যেরপ বলা হইয়াছে যে, ক্রিয়াসমূহ নিদ্ধামভাবে অমুষ্ঠিত হইয়াও যদি প্রভিগবানে সমর্পিত না হয়, তাহা হইলে তাহা 'কর্মযোগ' না হইয়া 'কর্মকাণ্ডে' পরিণত হইয়া পড়ে। সেইরপ এন্থলেও 'ভক্তিযোগ' অধোক্ষজ প্রভিগবানে প্রযুক্ত না হইয়া যদি অন্ত দেবাদির উদ্দেশ্যেও প্রযুক্ত হয়, তাহা 'ভক্তিযোগ' বলিয়া গণিত হইতে পারে না।

সাধারণতঃ মান্ন্য 'ভক্তি' শব্দটী যেথানে সেথানে ব্যবহার করিয়া থাকে। যেমন পিতৃভক্তি, মাতৃভক্তি, দেবভক্তি, দিবভক্তি, দিবভক্তি, দেশ-ভক্তি প্রভৃতি বিষয়গুলি 'ভক্তি'-শব্দ সহযোগে ব্যবহার হইয়া থাকে। এমন কি, অনেক সময় নিতান্ত লোকিক জড়ীয় ব্যাপারসমূহও 'ভক্তি' শব্দ-সহযোগে বলিয়া থাকে যে, 'ভক্তি করিয়া ঔষধ-সেবন করো,' 'ভক্তি করিয়া লোজন করো' ইত্যাদি। এই সকল-স্থলে 'ভক্তি' শব্দের প্রয়োগকে কেবল বিকৃত বা অপপ্রয়োগ বলা যায়। ভগবঙ্কিত বলিতে যাহা বুঝায়, তাহা কিন্ত সম্পূর্ণ বিপরীত। প্রেই বলা হইয়াছে যে 'ভক্তি' শব্দ একমাত্র শ্রীভগবানেই প্রয়োগ হইতে পারে। ভজ্ ধাতৃ হইতেই ভক্তি শব্দ নিম্পন্ন, অতএব ভজ্ ধাতৃ সেবায়াম্-বিচারে ভজনীয় বস্ত ও ভজনকারীর মধ্যে যে ভাব বর্জমান ভাহাই ভজন বা সেবা। শ্রীভগবানই একমাত্র ভজনীয় বস্ত

আব জীবমাত্রই সকলে তাঁহার ভজনকারী বা সেবক। জীবাঝার শুদ্ধ অবস্থায় প্রভিগবানের প্রতি একটি স্বাভাবিক অমুরাগ থাকে। মায়াবদ্ধাবস্থায় জীবের সেই স্বাভাবিক রাগ বিক্বত হইয়া নানাদিকে গতি বিশিষ্ট হইয়া নানা আকার লাভ করে। শুদ্ধ-জীবাত্মা প্রভিগবানের নিজ্যদেবক। শ্রীভগবানের নিজ্য দাস্থ বা সেবাই জীবের নিজ্য ধর্ম।

শ্রীচৈতগ্রচবিতামৃতেও পাই,—

"জীবের স্বরূপ হয় ক্রফের নিত্যদাস।

ক্রফের তটস্থা শক্তি ভেদাভেদ-প্রকাশ॥

ক্রফভুলি' সেই জীব অনাদি বহিমুখ।

অতএব মায়া তারে দেয় সংসার-হংখ॥

তা'তে কৃষ্ণ ভজে করে গুরুর সেবন।

মায়াজাল ছুটে পায় ক্রফের চরণ॥"

জীব যথন কৃষ্ণ-বহিদ্ম্বতা প্রাপ্ত হয়, তথন মায়া তাহার শুদ্ধ-স্বন্ধণিকৈ সুল ও স্ক্ল উপাধিদ্বয়ের দারা আবদ্ধ করিয়া কর্মালানে আবদ্ধ করে। তথনই জীব সোপাধিক অবস্থায় সোপাধিক ধর্মে লিপ্ত হয়। শ্রীভগনানের দাস্ত ভূলিয়া গিয়া জীব পরস্পর ভোক্ত-ভোগ্য-বিচারে আবদ্ধ হয়। তথন কেহ কর্মকাণ্ডে, কেহ জ্ঞানকাণ্ডে রত হইয়া পড়ে। কর্মকাণ্ডাশ্রয় করিয়া কেহ পাপাদি ফলে নানা ইতর যোনি প্রাপ্ত হয়, বা নরকাদি গতিও প্রাপ্ত হইয়া থাকে। আবার কেহ কেহ সৎকর্মের ফলে স্বর্গাদিতে দেব-জন্ম লাভ বা মর্ক্তে মানবাদি জন্ম লাভ করিয়া নানাবিধ কর্মফল ভোগ করে। এই প্রকার সৎকর্মাশ্রয়ী জীব মন্ত্রগলোকে অবস্থিত হইয়া কথনও সামাজিক কথনও রাজনৈতিক কর্মক্ষেত্রে অবতীর্ণ হয়। তথন সামাজিক পরোপকারকে 'জীবসেবা' বা 'জীবে দয়া' নামে অভিহিত করে, কথনও বা দেবাদির ভক্ত হইয়া তাঁহাদের নিকট হইতে অভীন্সিত ফল পাইবার জন্ম দেবাদির পূজা করিয়া থাকে, আবার দেব-পূজার ফলে যথন কিছু ক্রম্ব্যলাভ করে, তথন মানব ও ইতর প্রাণিজগতের উপর প্রভূত্বও লাভ করে। শ্রেষ্ঠ সামাজিকগণ বিভাদান, অম্বদান, ঔরধদান প্রভৃতি বহুবিধ পূণ্য কার্য্য করিয়া থাকেন।

রাজনৈতিক ব্যক্তি সকল রাজ্যের নানাবিধ শ্রীবৃদ্ধি সম্পাদন করিয়া দেশ-সেবা ও জন-দেবার আদর্শ স্থাপন করিয়া থাকেন। এই সকল কর্মের ফল অনিত্যবোধ হইলে, কেহ কেহ জ্ঞানকাণ্ডী হইয়া নির্ভেদ-ব্রহ্মাহ্মসন্ধানপর হইয়া থাকেন। কিন্তু এই সকল অবস্থাই জীবের বন্ধাবস্থার বিক্রিয়া। জীবের শুদ্ধ অবস্থায় একটি মাত্র ক্রিয়া দেখা যায়, যাহার নাম শ্রীভগবানের 'ভক্তি' বা 'সেবা'। উহা নিত্যসিদ্ধ জীবের নিত্যসিদ্ধ অবস্থায় থাকে। বদ্ধজীব ব্রহ্মাণ্ড-ভ্রমণক্রমে সাধু-সঙ্গে ও সাধুর ক্রপায় অকস্মাৎ এই ভক্তিরূপ গুপ্তধনের সন্ধান পাইয়া 'ভক্তিযোগ'-আশ্রয়ে ভক্ত হইয়া পড়ে।

শাস্ত্র বলেন,—

"ভক্তিস্ত ভগবদ্ধক্তসঙ্গেন পরিজায়তে, সংসঙ্গঃ প্রাপ্যতে পুংভিঃ স্বরুতৈঃ পূর্ব্বসঞ্চিতঃ॥"

শ্রীমহাপ্রভূ বলিয়াছেন,—

"ব্রহ্মাণ্ড-ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব। গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা বীজ।"

এই মহৎক্রপালর ভক্তি আবার ছই প্রকার, কেবলা ও প্রধানী-ভূতা অর্থাৎ কর্ম-জ্ঞানাদি মিশ্রা। কেবলা বা অনন্তা ভক্তি সম্বন্ধে শ্রীভক্তিরসামৃত-সিন্ধৃতে পাই,—

> "অগ্যাভিলাষিতাশৃগ্যং জ্ঞানকর্মাগ্যনার্তম্। আহুকুল্যেন কৃষ্ণাহশীলনং ভক্তিকত্তমা॥"

যে প্রকার মহৎ-সঙ্গ ভাগ্যক্রমে লাভ হইয়া থাকে, তদ্রপ ভক্তিই-লাভ হয়।

এতদ্বাতীত কর্মী, জ্ঞানী ও যোগীর মধ্যে একপ্রকার ভক্তি দৃষ্ট হয়, তাহা 'ভক্তি' নামে পরিচিতা হইলেও উহা কিন্তু গুণীভূতা স্থতরাং প্রকৃত ভক্তি-স্বরূপ বলিতে যাহা বুঝায়, তাহা নহে। কারণ ভক্তি স্বরূপতঃ নিগুণা, কর্মি-জ্ঞানি-ফোগিগণ স্বীয় কর্ম, জ্ঞান ও যোগের ফল-সিদ্ধির জন্ম যে কিঞ্চিৎ ভক্তি স্বীকার করিয়া থাকেন, তাহা সগুণা ও ফল প্রদান করিয়াই অন্তর্হিতা হন স্থতরাং অনিত্যা, কিন্তু ভক্তি নিগুণ ও নিত্য। শ্রীভগবান্ যেমন নিগুণ ও নিত্য; ভক্তি ও ভক্ত সেইরূপ নিগুণ ও নিত্য। উহা সকলই অধোক্ষত্ত-তত্ত্ব।

শ্রীমন্তাগবতে আরও এক প্রকার সগুণা ভক্তির পরিচয় পাওয়া যায়,—

"অভিসন্ধায় যো হিংসাং দন্তং মাৎসর্য্যমেব বা।

সংরম্ভী ভিন্নদৃগ্ ভাবং মিয় কুর্য্যাৎ স তামসং॥

বিষয়ানভিসন্ধায় যশ ঐশ্বর্যামেব বা।

অর্চ্চাদাবর্চ্চয়েদ্ যো মাং পৃথগ্ ভাব স রাজসং॥

কর্মনির্হারম্দিশ্র পরস্মিন বা তদর্পণম্।

যজেদ্ যইবামিতি বা পৃথগ্ ভাবং স সান্তিকং॥" (ভাং তাংলাচ-১০)

এই সকল সগুণা ভক্তি নিগুণা ভক্তি হইতে স্বরূপতঃ পৃথক্ ! নিগুণা-ভক্তির স্বরূপ বর্ণন-প্রসঙ্গে শ্রীকপিলদেব বলিয়াছেন,—

"মদ্গুণশ্রুতিমাত্রেণ ময়ি সর্ব্যপ্তহাশয়ে।
মনোগতিরবিচ্ছিন্না যথা গঙ্গান্তসোহস্থাে॥
লক্ষণং ভক্তিযোগস্থা নিগুণিস্থা হাদাহতম্।
অহৈতুকাবাবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে॥"

( ভাঃ তাহনা১১-১২ )

অর্থাৎ হে মাতঃ, (পূর্ব্বোক্ত ত্রিবিধ ভক্তিই সগুণ) নিগুণ শুদ্ধভক্তির বিষয় উদাহত হইতেছে। আমার গুণ শ্রবণমাত্রেই সর্ব্বচিত্তনিবাসী আমাতে সাগরের প্রতি গঙ্গাজল-প্রবাহের ন্যায় যে আত্মার অবিচ্ছিন্না স্বাভাবিকী গতি উদিতা হয়, তাহাই নিগুণ ভক্তিযোগের লক্ষণ; পুরুষোত্তম আমাতে সেই ভক্তি ফলাহুসন্ধান-রহিত ও স্ব-প্রকাশ ও স্বতঃফলরূপ বলিয়া অব্যবহিতরূপে অবস্থান করে।

এই নিগু'ণা ভক্তি-প্রদক্ষে শ্রীমদ্ভাগবতের,—

"দেবানাং গুণলিঙ্গানামানুশ্রবিককর্মণাম্। সত্ত্ব এবৈকমনসো বৃত্তিঃ স্বাভাবিকী তু যা। অনিমিত্তা ভাগবতী ভক্তিঃ সিদ্ধের্গরীয়সী॥ জরয়ত্যাশু যা কোশং নিগীর্ণমনলো যথা॥" (ভাঃ ৩।২৫।৩২-৩৩)

#### শ্লোকও আলোচা।

এই ভক্তিযোগ কর্ম, জ্ঞান ও যোগাদি অপেক্ষা সর্বশ্রেষ্ঠ ইহা শ্রীগীতাতেও বর্ণিত হইয়াছে। শ্রীগীতার ৭ম অধ্যায় হইতে ১২শ অধ্যায় প্র্যান্ত ধারাবাহিকভাবে আলোচনা করিলে ভক্তিযোগের স্বরূপ, তাহার বৈশিষ্ট্য ও তাহার ফল যে সকলই অসমোর্দ্ধ তাহা বুঝিতে পারা যায়।

শ্রীগীতার সপ্তম অধ্যায়ে 'বিজ্ঞানযোগ' বর্ণিত হইয়াছে। উহাতে ভঙ্গনীয় বস্তুর ঐশ্বর্যা এবং চতুর্বিধ ভজনকারী ও চতুর্বিধ অভজনকারীর বিষয় কথিত আছে। এক্ষিঞ্জ আসক্তচিত্ত হইয়া তদাভিতভাবে দাশ্ত-স্থাাদির যে কোন একটি ভাবাপ্রয়ে শরণাদিলক্ষণ ভক্তিযোগ আপ্রয় করিতে পারিলে শীক্ষণের জ্ঞান সমাক্রপে লাভ করিতে পারা যায়; অর্থাৎ শীক্ষণই পরতম তত্ত্ব ইহা অবগত হইতে পারিয়া, তাঁহার পারতম্য-বিষয়ে নিঃসংশয় হইতে পারেন। ভগবত্তববিজ্ঞানই পূর্ণ জ্ঞান। যাহা অবগত হইতে পারিলে, मक्रल পথে निविष्टे वाक्तित्र जात्र किहूरे जानिवात जविष्टे थारक ना, কিন্তু শ্রীকৃষ্ণ-জ্ঞান বড়ই তুর্লভ। সহস্র সহস্র মহয়ের মধ্যে কেহ এই জ্ঞান-লাভে যত্নবান্ হন, বছ যত্নপরায়ণ দিদ্ধ ব্যক্তিগণের মধ্যেও কেহ ভাগ্যফলে ভগবংস্বরূপকে তত্ত্তঃ জানিতে সমর্থ হন। ভক্তিযোগ ব্যতীত ইহা জানিবার দ্বিতীয় পন্থা নাই। পরাও অপরা-ভেদে এক্রিফের তুইটি শক্তির পরিচয় পাওয়া যায়। তন্মধ্যে অপরা শক্তি অষ্টবিধা। ভূমি, জল, অগ্নি, বায়ু ও আকাশ স্থূল-প্রকৃতি; এবং মন, বৃদ্ধি ও অহঙ্কার স্ক্র-প্রকৃতি। এতদ্বির অন্য একটি পরা-প্রকৃতি আছে, যাহাকে 'জীব' বলা হয়। সেই জীব শ্রীভগবানের তটস্থা-শক্তি বলিয়া পরিচিত। এই শক্তিষয়ের দ্বারাই শ্রীকৃষ্ণ সর্বাজগতের কারণ-স্বরূপ হইয়া থাকেন। তিনিই সমগ্র জগতের উৎপত্তি ও প্রলয়ের হেতু। এই স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণাপেক্ষা পরতত্ত্ব আর নাই। জগতের সমৃদয় বস্তু তাঁহাতেই অবস্থিত এবং তাঁহার শক্তির দ্বারাই সমস্ত পরিচালিত হইয়া থাকে। সাত্ত্বিক, রাজসিক ও তামসিক যাবতীয় ভাব তাঁহার প্রকৃতির গুণ হইতেই জাত কিন্তু তিনি স্বতন্ত্র। এই ত্রিগুণের দারা সমগ্র জগৎ মোহিত বলিয়া গুণাতীত তাঁহাকে কেহই জানিতে পারে না। গুণময়ী মায়া এক্লিফের শক্তি; জীবের পক্ষে দূরতিক্রমণীয়া; একমাত্র শরণাগতি-দারাই মায়ার হাত হইতে ত্রাণ পাওয়া যায়। কিন্তু মৃঢ়, নরাধম, মায়ার দারা অপহতজ্ঞান ও অহ্বভাবাশ্রিত তুষ্কৃতিসম্পন্ন ব্যক্তিগণ শ্রীক্ষে শরণাগত হইতে পারে না। আর্ত, জিজ্ঞাম, অর্থার্থী ও জ্ঞানী—এই চতুর্বিধ স্থক্তিমান্ ব্যক্তি শ্রীভগবান্কে ভজন করিয়া থাকেন

অর্থাৎ ইহাদের মধ্যে ঘাঁহার। স্কৃতিশালী তাঁহারাই ভজন করেন। ইহাদিগের মধ্যে আবার জানী শ্রেষ্ঠ, সেই জানী কিন্তু নিতাযুক্ত হইয়া একমেত্ত একমাত্র একান্তিকভাবে অমুরক্ত। দেইরূপ জ্ঞানীর প্রভিগবান্ মতান্ত প্রিয়, এবং তিনিও শ্রীভগবানের অত্যন্ত প্রিয়। এছলে কিন্তু নির্ভেদব্রশাসুসন্ধানকারী জ্ঞানীকে বুঝিতে হইবে না। বহু বহু জ্মের পর জ্ঞানবান্ ব্যক্তি বাস্থদেবের ভজন করেন, বাস্থদেবভক্ত মহাত্মাও স্বত্পভ। কামনার দারা হাতজান ব্যক্তিগণ কিন্তু দেবতাদিগের নিকট প্রপন্ন হইয়া शाकन। बिज्यवान् वरुशामीक्राप म्वर्षक्रियायी प्रविश्वामी प्रविश्वामी <u>প্রতিই প্রদার বিধান করিয়া থাকেন এবং তাহাদের কার্যাফল যাহাতে</u> দেবগণের নিকট হইতে প্রাপ্ত হন, তাহার বিধান করেন। অল্লবুদ্ধিবিশিষ্ট দেবপৃজকগণ কিন্তু বুঝিতে পারেন না যে, দেবপূজার ফল অনিত্য আর প্রীভগবানের ভক্তগণ নিতাফল প্রীভগবানকেই লাভ করেন। এথানে লক্ষোর বিষয় এই যে, দেবগণ অনিতা, তাঁহাদের প্রদত্ত ফলও অনিতা, আর শ্রীভগবান নিতা, তাঁহার সেবা ও ধামাদি সকলই নিতা। আর একপ্রকার নির্কোধ ব্যক্তি আছেন, যাঁহারা শ্রীকৃষ্ণের পরমভাব না জানিয়া, তাঁহাকে অব্যক্ত হইতে বর্তমানে মম্যাদিভাবে ব্যক্তিম প্রাপ্ত হইয়াছেন বলিয়া মনে করতঃ বিষম অনর্থে পতিত হন। শীভগবান্ দর্বদা যোগ-মায়ার আশ্ররে থাকেন বলিয়া মায়ামৃগ্ধ জীবের নিকট আত্ম প্রকাশ করেন না। শ্রীভগবান্ সকলকে জানিতে পারেন কিন্তু সকলে তাঁহাকে জানিতে পারে না। ভূতগণ ইচ্ছা ও দ্বেষজনিত দ্বন্দ-বিষয়ে মোহিত হয়।

যাঁহাদের পাপ সম্পূর্ণভাবে নই হইয়াছে, এবং মোহ-নিমুক্ত হইয়া প্রীকৃষ্ণকে একাস্কভাবে ভজনা করেন, তাঁহাদের জরামরণ হইতে মোক্ষ লাভ হয় এবং পরব্রহ্ম আত্মতত্ত্ব, অথিল কর্ম, অধিভূত, অধিদৈব ও অধিযজ্জের সহিত জ্ঞান লাভ হয় ও প্রয়াণকালেও প্রীভগবানের বিশ্বতি হয় না।

শ্রীগীতার অন্তম অধ্যায় পাঠ করিলে জানিতে পারা যায় যে, শ্রীকৃষ্ণ অর্জ্জনের প্রশ্নক্রমে ব্রহ্মতত্ব, পরব্রহ্মতত্ব, কর্মতত্ব, অধিভূত, অধিদৈব ও অধিযজ্ঞের স্বরূপ বর্ণন করেন। আরও বলেন,—মৃত্যুকালে যিনি শ্রীভগবানের স্মরণ করিতে করিতে দেহত্যাগ করিতে পারেন, তিনি ভগবদ্ভাব প্রাপ্ত হন। যিনি সর্বাদা যেভাবে বিভাবিত থাকেন, মৃত্যুকালে তাঁহার সেই

ভাব স্মরণ হইয়া থাকে। সেইজন্ম শ্রীভগবানের উপদেশ সকল সময়ে সকলের স্মরণ করা কর্তবা। শ্রীভগবানে মন ও বুদ্ধি সমর্পণ করিতে পারিলে তাঁহাকে নিঃ শংশয়রূপে পাওয়া যাইবে। সর্বাদা তাঁহাকে স্মরণ করিতে হইলে অভ্যাদযোগের প্রয়োজন, তাহাও বলিলেন। অভ্যাদযোগের প্রকার বর্ণনাস্তে শ্রীভগবান্ বলিলেন যে, যাঁহারা অন্যচিত্ত হইয়া সভত আমার স্মরণ করেন, সেই নিত্য সমাহিত ভক্তযোগীর পক্ষে কিন্তু আমি স্থলত। যাঁহারা শ্রীভগবানকে লাভ করেন, তাঁহাদের আর তুঃখ পরিপূর্ণ পুনর্জন্ম লাভ করিতে হয় না। কিন্তু বন্ধলোক হইতে সমস্ত লোকবাদীদিগের পুনর্জন্ম লাভ করিতে হয়। ব্রহ্মার দিবা ও রাত্রিতে যথাক্রমে জীবের উৎপত্তি ও প্রলয়। কিন্তু সনাতন অব্যক্তভাব কথনও বিনষ্ট হয় না। যে ধাম লাভ করিলে পুনরাবর্তন হয় না, তাহাই শ্রীভগবানের পরম ধাম। শ্রীভগবান অন্যা ভক্তিষারাই লভা। উত্তরায়ণে শুক্ল পথে দেহত্যাগকারী যোগীর ব্রহ্ম লাভ হয়। আর দক্ষিণায়ণে কৃষ্ণমার্গে দেহত্যাগকারী যোগীর পুনরাবর্ত্তন হয়। এই উভয় মার্গের তাত্তিক পার্থক্য অবগত হইয়া তত্ত্রের অতীত যে ভক্তিযোগমার্গ তাহা অবলম্বনকারী যোগী কোনকালে মোহপ্রাপ্ত হন না। উভয় মার্গই ক্লেশকর জানিয়া ভক্তিযোগী ভক্তিযোগ অবলম্বনে সমৃদয় ফল অতিক্রম করিয়া অনাদি ও পরম অপ্রাকৃত স্থান প্রাপ্ত হইয়া থাকেন।

নবম অধাায় পাঠ করিলে জানা যায় যে, শ্রীভগবান্ অর্জ্নকে পরম বিজ্ঞানযুক্ত সর্বাপেক্ষা গুহুতম জ্ঞানের উপদেশ করিতেছেন, যাহা সংগ্রহ করিতে পারিলে সমগ্র অমঙ্গল হইতে মৃক্তিলাভ করিতে পারা যায়। শ্রীভগবান্ গীতার বিতীয় ও তৃতীয় অধাায়ে যে আধাাত্মিক জ্ঞানের কথা বলিয়াছেন, তাহা গুহু এবং সপ্তম ও অন্তম অধ্যায়ে যে ভগবতত্ত্ত্জান বলিয়াছেন, তাহা গুহুতর; বর্ত্তমানে যে কেবলা-ভক্তিলক্ষণ জ্ঞানের কথা বলিতেছেন, তাহা গুহুতম। সেইজন্ম এই জ্ঞানকে রাজবিত্তা, রাজগুহু, অতিশন্ম পবিত্র, প্রতাক্ষান্থভবন্ধরূপ, সমস্ত ধর্ম-সাধক, নিগুণ ও স্থানাধ্য বলিয়া বর্ণন করিলেন। এই ভক্তিরূপ পরমধর্মে অপ্রদ্ধাবান্ ব্যক্তি শ্রীভগবানকে না পাইয়া সংসারে পতিত থাকে।

শ্রীভগবান্ বিষ্ণু কর্তৃক সমগ্র জগৎ পরিব্যাপ্ত হইলেও তিনি বিখে

আসক্ত নহেন। ভূতগণ শ্রীভগবানের মায়াশক্তি-প্রভাবের অস্তভূ ত বলিয়া তাঁহাকে ভূতভূৎ, ভূতস্থ ও ভূতভাবন বলা হয়। কিন্তু শ্রীভগবানের দেহ-দেহী ভেদ না থাকায় তিনি সর্বত্র স্থিত হইয়াও আকাশের গ্রায় নিতান্ত অসম। শ্রীভগবান্ সীয় প্রকৃতিতে অবস্থিত হইয়া মায়ার প্রভাবে বশীভূত এই ভূতগণকে পুনঃপুনঃ সৃষ্টি করেন। সৃষ্ট্যাদি-কার্যো শ্রীভগবান্ সর্কদা অনাসক্ত ও উদাদীন থাকিয়া চিদানন্দে সর্বাদা আসক্ত থাকেন। শ্রীভগবানের অধ্যক্ষতায় সৃষ্টিকার্য্যে প্রকৃতির গোণকর্তৃত্ব। অজ্ঞ মানবগণ শ্রীকৃষ্ণের পরমভাব না জানিয়া তাঁহার সচ্চিদানন্দ মৃত্তিকে প্রাকৃত মানবতরু-বোধে অবজ্ঞা করিয়া থাকে। তাহাদের আশা নিফল, কর্ম নিফল, তাহারা বৃথাজ্ঞানী ভ বিক্ষিপ্তচিত্ত হইয়া রাক্ষ্মী ও আস্থরী প্রকৃতি আশ্রয় করে। দৈবপ্রকৃতি-সম্পন্ন মহাত্মাগণ কিন্তু শ্রীভগবানকে অন্যচিত্ত হইয়া ভজন করেন। তাঁহারা সতত শ্রীভগবানের নামরূপাদি কীর্ত্তন করত দৃঢ়ব্রত হইয়া ভক্তির অনুশীলন করেন। কেহ কেহ আবার জ্ঞানযজ্ঞের দ্বারা উপাসনা করেন। অহং-গ্রহোপাসক, প্রতীকোপাসক ও বিশ্বরূপোপাসক সকলেই মন্দবুদ্ধি। শ্রীভগবানই বিশের পালক ও বেদময়মৃত্তি। তিনিই সর্ব্বকারণ-কারণ। সোম্যাজীর ইব্রুলোক প্রাপ্তি ঘটে। তাঁহাদের স্বর্গভোগের পর পুনরায় মর্তে আগমন করিতে হয়, এবং এই কর্মকাণ্ডান্ত্রিত ব্যক্তিগণের পুনঃপুনঃ গতায়াত হইয়া থাকে।

অনন্ত শরণাগত বাক্তিগণের যোগ ও ক্ষেম অর্থাৎ সমস্ত ভারই শ্রীভগবান্
বহন করিয়া থাকেন। শ্রীকৃষ্ণই একমাত্র সর্বাদেবেশ্বরেশর। অন্তান্ত দেবতাকে
শ্বতন্ত্র ঈশর-জ্ঞানে পূজা অবৈধ। অন্তদেব ও পিতৃগণের উপাসকগণ তত্তৎ
অনিত্য লোক লাভ করিয়া থাকে আর শ্রীকৃষ্ণের উপাসকগণ নিতা তদীয়
লোক লাভ করতঃ নিতা মঙ্গল লাভ করেন। শুদ্ধচিত্ত ভক্তগণের প্রদত্ত
বস্তুমাত্রই শ্রীভগবান্ গ্রহণ করিয়া থাকেন, যেহেতু তিনি ভক্তির বশ। সমস্ত
কর্মফল তাঁহাতে অর্পণ করাই সকলের কর্তব্য। শ্রীভগবান্ সর্বাভূতে সম
হইলেও গাহারা তাঁহাকে ভক্তিসহকারে ভঙ্গন করেন, তিনি তাহাদিগেতে
অন্তর্বক্ত থাকেন। শ্রীভগবানের অনন্ত ভঙ্গনকারী ব্যক্তি স্থুল দৃষ্টিতে হুরাচার
বলিয়া প্রতীত হইলেও তাঁহাকে সাধু বলিয়া মনন করা কর্তব্য। কারণ তাঁহার
অধ্যবদায় অত্যন্ত সাধু, তাহাতে কোন প্রাকৃত হুরাচার থাকিতে পারে না।
কদাচিৎ হুরাচার দৃষ্ট হইলেও শীঘ্রই ধর্মাত্মা হইয়া পড়িবেন। শ্রীভগবানের অনন্ত

ভক্তের কখনও বিনাশ বা পতন নাই। ভগবস্তজনের ফলে অধম ব্যক্তিরও সদগতি লাভ হয়। অতিশয় পাপযোনিতে জন্মগ্রহণকারী বাক্তি প্রাহরি-ভজন ফলে প্রেষ্ঠগতি লাভ করেন। অতএব অনিত্য ও দু:খপূর্ণ সংসার লাভ করিয়া প্রীকৃষ্ণ আরাধনা করাই কর্তব্য। ভক্তিযোগই ভগবদ্-রূপালাভের একমাত্র উপায়। এই জন্মই প্রীভগবান্ শ্রদ্ধা-ভক্তির উপদেশ করিতে করিতে এই অধ্যায়ের উপসংহার করিতেছেন। তোমার মনকে আমার ভাবনায় নিযুক্ত কর, শরীরকেও আমার ভজনে ও প্রপত্তিতে নিযুক্ত কর। তাহা হইলে মৎপরায়ণ হইয়া আমাকে অবশ্রই পাইবে।

দশম অধ্যায়ে পাওয়া যায়, শ্রীভগবানই সকলের আদি কারণ-স্বরূপ স্থতরাং দেব, ঋষি কেহই তাঁহার আবির্ভাব-বিষয় অবগত নহেন। যিনি শ্রীভগবানকে অনাদি, অজ ও লোক-মহেশ্বর বলিয়া জানেন, তিনি মোহরহিত ও সর্বব পাপ হইতে মুক্ত হন। শ্রীভগবান্ সর্ববিষয় ও সর্বলোক-মহেশ্ব। প্রাণিগণের বিবিধভাব তাঁহা হইতেই উৎপন্ন হইয়া থাকে। সপ্ত ঋষি, চতুঃসন, স্বায়স্থ্রাদি চতুর্দশ মহুগণ সকলেই শ্রীভগবানের মনের সকল হইতে জাত এবং তাঁহার প্রভাবে প্রভাব-বিশিষ্ট হইয়া জগতের সমৃদয় প্রজার বিস্তার করিয়াছেন। যিনি শ্রীভগবানের বিভৃতি ও যোগ-বিষয়ে জ্ঞাত আছেন তিনি সমাক্দশী; ইহাতে সন্দেহ নাই। প্রভিগবান্ সমগ্র জগতের উৎপত্তির কারণ, তাঁহা হইতে সমস্ত উৎপন্ন হইয়া থাকে, ইহা মনে করিয়া বুধগণ প্রীতিপূর্বক শ্রীভগবানের ভঙ্গনা করেন। সেই ভঙ্গন-প্রকার বলিতেছেন যে, তাঁহারা মদগত চিত্ত ও মদগত প্রাণ হইয়া পরস্পর আমার তত্ত বিচারপূর্বক ও আমার কথা কীর্ত্তন করিতে করিতে তৃষ্টি ও রমণ হুথ লাভ করিয়া থাকেন। সতত প্রীতিপূর্বক ভন্তনকারী ব্যক্তিগণকে শ্রীভগবানই বৃদ্ধিযোগ প্রদান করিয়া থাকেন। বুদ্ধিযোগ দানের পর তাঁহাদিগকে অন্তগ্রহ করিবার নিমিত্ত তিনি তাঁহাদিগকে নিজের অহভূতি পর্যান্ত প্রদানপূর্বক তাঁহাদের সংসার বিনাশ করেন।

সংক্ষেপে-কথিত বিভূতি বিস্তাবিতভাবে জানিবার জন্ম অর্জুন প্রার্থনা করিলে শ্রীভগবান্ তাঁহাকে অনম্ভ বিভূতির মধ্যে মৃথ্য মৃথ্য বিভূতি বর্ণনাম্ভে উপসংহারে বলিলেন, হে অর্জুন! আমার বিভূতির অস্ত নাই, সংক্ষেপে তোমাকে বলিলাম। যাহা কিছু ঐশ্বগ্যযুক্ত, সৌন্দর্য্য-বিশিষ্ট, কোন প্রকার প্রাচ্ধ্য-বিশিষ্ট, তাহা সমস্তই আমার তেজ অর্থাৎ শক্তির অংশ হইতে উৎপন্ন বলিয়া জানিবে। ইহার বিস্তৃতজ্ঞানে তোমার প্রয়োজন নাই। আমি একাংশের দ্বারা এই সমগ্র বিশ্ব ব্যাপ্ত বা ধারণ করিয়া অবস্থিত আছি জানিবে। অনম্ভ জড়জগৎ শ্রীভগবানের একপাদ বিভৃতিমাত্র। অবশিষ্ট ত্রিপাদ-বিভৃতি-পরিপূর্ণ তাঁহার নিত্য অনম্ভ বৈকুপ্রধাম।

একাদশ অধ্যায়ে প্রীক্লফ অর্জ্নকে বিশ্বরূপ দেখাইয়াছিলেন, দেই বিশ্বরূপ দেখিয়া সন্ত্রস্ত বৃদ্ধি অর্জ্ন প্রীভগবানের স্তব্ করিলেন। প্রীহরি অর্জ্নকে স্বকীয়রূপ প্রদর্শন-শ্বারা আনন্দিত করিয়াছিলেন।

শ্রীভগবান্ দশম অধ্যায়ের শেষে বলিয়াছেন যে, তিনি একাংশের দ্বারা এই সমগ্র বিশ্ব ব্যাপ্ত হইয়া আছেন। অর্জুন তাহা শ্রবণ করিয়া, দর্শনকামী হইয়া বলিলেন যে, ভোমার অহুগ্রহে আমার মোহ বিদ্বিত হইয়াছে, ভূতগণের সৃষ্টি ও বিনাশ সম্বন্ধে তুমি যাহা বলিয়াছ, তাহা সবিস্তারে শ্রবণ করিয়াছি, এক্ষণে তোমার ঐশ্ব্যাময়-রূপ দর্শন করিতে ইচ্ছা করি। যদি আমাকে যোগ্য মনে কর, তাহা হইলে সেইরূপ দেখাও। খ্রীভগবান্ তাঁহাকে श्रीय विश्वत्रभ व्यन्मिन क दाहेवाद भूर्य छांशाक छम्मिनाभाषाणी मिवाहसू প্রদান করিলেন। এতৎপ্রসঙ্গে শ্রীভগবান আমাদিগকে জানাইলেন যে, তাঁহার ক্লপায় দিবাদৃষ্টি না পাইলে কেহ তাঁহার ঐশবিক রূপ দর্শনে সমর্থ হন না। অর্জুন মহাযোগেশ্বর শ্রীহরির রূপায় ঐশ্বরিক রূপ দেখিলেন। প্রথমে শ্রীভগবানের বিরাট রূপ দর্শন করিতে গিয়া দেখিলেন যে, ঐ-রূপ অনেক বদন ও চক্ষ্বিশিষ্ট, অনেক অদ্ভেদর্শনযুক্ত, অনেক দিব্য-আভরণ, অনেক দিব্য-আযুধ, দিব্যমালা-অম্বরধারী, দিব্যগন্ধে অম্প্রলিপ্ত, সর্ব্বপ্রকার আশ্চর্যাময়, অসীম ও সর্বব্যাপী। সহস্র স্থোর তুল্য প্রভাযুক্ত। শ্রীকৃষ্ণের সেই বিরাটদেহে এক-স্থানে নানাভাবে বিভক্ত সমগ্র বিশ্বকে দেখিলেন। তদর্শনে অর্জ্ঞন বিশ্বিত ও রোমাঞ্চিত হইয়া অবনত মন্তকে প্রণাম পূর্বক করযোড়ে বলিতে লাগিলেন। হে দেব! তোমার দেহে দকল দেবতা, ঋষিগণ, জীবসমূহ দেখিতেছি। তোমার বহু বহু হস্তাদি দেখিতেছি, আদি, মধ্য ও অন্ত কিছুই দেখিতে পাইতেছি না। তুমি বিশের পরম আশ্রয় সনাতন পুরুষ, সনাতন ধর্মের পালক। আরও দেখিতেছি যে, তোমার ম্থগহ্বরে প্রদীপ্ত অনল এবং তোমার তেজে যেন সমগ্র বিশ্ব সম্ভপ্ত হইতেছে। হে বিরাটপুরুষ ! তোমার

এই ত্রিলোকব্যাপ্ত-ভীষণ রূপ দেখিয়া সকলে ভয়ে ব্যাকুল হইয়াছে। দেব, ঋষি সকলেই স্তব করিভেছে।

তোমার এই বিশালরপ দেখিয়া আমিও ভয়ে ব্যাকুল হইয়া পড়য়াছি। কেবল যে ভীত হইয়াছি, তাহা নহে, আমি ধৈৰ্য্য ও শাস্তিও লাভ করিতে পারিতেছি না। তোমার প্রলয়াগ্নিতুল্য বদনদকল দর্শন করিয়া দিগ্রাস্ত হইয়া পড়িয়াছি। তুমি প্রসন্ন হও। যুদ্ধের ভাবী ফলাফল দর্শন করিয়াও বলিতেছেন যে, ধৃতরাষ্ট্রের পুত্রগণ, রাজন্তবর্গ, ভীম্ম, স্রোণ ও কর্ণ প্রভৃতি এবং আমাদের পক্ষীয় যোদ্ধাগণ সকলে ত্রান্থিত হইয়া তোমার ভয়ন্বর মুথ সকলের মধ্যে প্রবেশ করিতেছে, কেহ বিচুর্ণিত, কেহ বা দস্তলগ্ন হইয়া পড়িতেছে। নদী সকলের সমূদ্রে প্রবেশের তায় পৃথিবীর বীরগণ তোমার প্রদীপ্ত মুখানলে প্রবেশ করিতেছে। পতঙ্গকুল যেমন মরণের জন্ম অগ্নিতে প্রবেশ করে, সেইরূপ সকলে মরণের জন্ম প্রবিষ্ট হইতেছে। আর তুমি সেই সকলকে গ্রাস করিয়া ভক্ষণ করিতেছ। হে দেব। হে ভয়ানকরপী তুমি কে? আমাকে বল। তথন প্রীভগবান্ অর্জুনকে নিজ কাল্রপের কথা বলিয়া, তিনি একণে সংহারে প্রবৃত্ত হইয়াছেন, স্বতরাং এক অর্জুন বাতীত আর কেহই বাঁচিবে না, জানাইলেন। হে অর্জুন! তুমি যুদ্ধ না করিলেও ইহারা মরিবেই। অতএব তুমি নিমিত্ত-মাত্র হইয়া শক্র জয় পূর্বক কীর্ত্তি লাভকরত সমৃদ্ধ রাজ্য ভোগ কর। ইহার পর অর্জুন কম্পিত কলেবরে, ভীতভাবে করযোড়ে প্রণামপূর্বক গদগদস্বরে বলিতে লাগিলেন। হে হ্রষীকেশ! তোমার মহিমায় সকলেই আরুষ্ট, তুমি সর্বলোকপ্রণমা। তুমি বিশ্বের পরম আধার, তুমি জ্ঞাতা, জ্ঞেয় ও পরমপদ, তুমি অনস্ত ও বিশ্বব্যাপী। তুমি বায়ু, অগ্নি, যম, বৰুণ ও চন্দ্র, তোমাকে সহস্র সহস্রবার নমস্বার। তোমার সর্বাদিকে নমস্বার। তোমার এইরূপ বিভূতি না জানিয়া তোষাকে শাধারণ স্থা মনে করিয়া যে সকল সম্বোধন ও ব্যবহার করিয়াছি, তাহাতে আমার অপরাধ হইয়াছে। তোমার নিকট তজ্জ্য ক্ষমা ভিক্ষা করিতেছি। তোমার অচিস্ত্যপ্রভাব, তোমার সমান বা তোমা হইতে অধিক আর কেহ নাই, ইত্যাদি বাক্যে ভূপতিত হইয়া প্রণাম পূর্বক ক্ষমা প্রার্থনা করিলেন, এবং পুনরায় শ্রীভগবানের সৌমারপের দর্শনের প্রার্থনা कानाहेलन। व्यक्तित वार्यनाङ्गाद व्यथ्य ठ्यू क्रम ७ शद मोगावभू াবণপূর্বক নিজ রূপ প্রদর্শন করত ভীত অর্জুনকে আশ্বন্ত করিলেন।

অর্জ্নও সেই রূপ দর্শন করিয়া বলিলেন, হে জনার্দন! তোমার এই সৌমা মাম্ব রূপ দর্শনে আমি প্রকৃতিস্থ ও প্রদন্নচিত্ত হইলাম। শ্রীভগবান্ তথন বলিলেন ষে, হে অর্জ্ন! তুমি আমার অতীব ছল্ল ভদর্শন লাভ করিলে, দেবতারাও নিত্য এইরূপের দর্শনাকাজ্ঞী। তুমি আমাকে যেরূপ দর্শন করিলে, বেদ, তপস্থা ও দান যজ্ঞাদির দ্বারা ইহা সম্ভব নহে। শ্রীভগবানের দর্শনের স্বহল্ল ভতার বিষয় বর্ণন করিয়া এক্ষণে তাহার উপায় বলিতেছেন। হে অর্জ্ন! অনন্যা ভক্তির দ্বারাই আমাকে এইরূপে তত্তঃ জানিতে, দেখিতে, ও আশ্রয় করিতে পারা যায়। যে ব্যক্তি আমার কর্মামুষ্ঠানকারী, মৎপরায়ণ, আমার ভক্ত, অনাসক্ত, দর্বজীবের প্রতি বৈরভাবশৃন্য, সেই ব্যক্তিই আমাকে পাইতে পারেন।

অনেকে শ্রীভগবানের বিরাটরূপের মহিমায় আরুষ্ট হইলেও ইহা কিন্তু মায়িক বা প্রাকৃত। শ্রীভগবানের নররূপ বা নরলীলাই অপ্রাকৃত ও সর্কোৎকৃষ্ট; ইহাই শরণাগত অন্তরঙ্গ নিজ জনগণকে কুপাপূর্বাক জানাইলেন।

षान् विधारित्र श्रीज्ञवान् देशह निर्गत्र कतित्राहिन य, नमस छे भारत्र मधा শুদা ভক্তিই একমাত্র মহাবলীয়দী। যদ্দারা শ্রীভগবদ্-প্রাপ্তি অতি শীঘ্রই হইয়া शांकि। এই জন্মই এই অধ্যায়ের নাম "ভক্তিযোগ"। প্রথমেই অর্জুন প্রশ্ন করিলেন যে, যাঁহারা সতত তোমাতে নিষ্ঠাযুক্ত হইয়া তোমার উপাদনা করেন এবং যাঁহারা অব্যক্ত নির্কিশেষ ত্রন্ধের উপাদনা করেন, এতত্ভয়ের মধ্যে কাঁহারা শ্রেষ্ঠ যোগবিৎ ? অর্থাৎ শ্রীহরিভঙ্গন ও নির্বিশেষ ব্রহ্মোপাসনার मस्या कानिए एक १ वह अस्त्रत छ छत्त भी छ गवान् वनितन या, याँ हाता পরম শ্রদার সহিত শীভগবানে মনোনিবেশ পূর্বক নিতা নিষ্ঠাযুক্ত হইয়া তাঁহার উপাদনা করেন, তাঁহারাই দর্বোত্তম যোগী বা উপাদক,—ইহাই শ্রীভগবানের অভিমত। আর ঘাঁহারা অব্যক্ত অক্ষর-ব্রেম্বর উপাসনা করেন, তাঁহাদের ক্লেশ অধিকতর। দেহধারী জীবের পক্ষে নির্বিশেষ গতি তৃঃথরূপেই লভা। যাঁহারা সকল কর্ম শ্রীভগবানে সমর্পণ পূর্মক তৎপরায়ণ হইয়া অনন্ত ভক্তিযোগে তাঁহার ধ্যানপূর্বক উপাদনা করেন, তাঁহাদিগকে প্রভিগবানই সংসার-সাগর হইতে অচিরে উদ্ধার করিয়া থাকেন। তজ্জ্য শ্রীভগবান্ উপদেশ मिट्डिह्न **(४, आ**याटिंडे यन दित कत, आयाटिंडे विठातत्रिक निविहे कत्र, हेरात्र कत्न कीवनास्त्र आमात्र निकर्छेरे वाम कविरव। यनि

তাহাতে অসমর্থ হও তবে অভ্যাদ-যোগের বারা চেষ্টা কর। যদি অভ্যাদেও অসমর্থ হও, তবে মংকর্মপরায়ণ হও অর্থাৎ আমার প্রীতির উদ্দেশ্তে সর্বব কর্ম করিলে সিদ্ধিলাভ করিবে। আর যদি তাহাতেও অসমর্থ হও, তাহা হইলে আমার শরণাগত হইয়া সকল কর্মের ফল ত্যাগ কর, অর্থাৎ আমাতে সমর্পণ কর। কারণ অভ্যাস অপেকা আত্ম-জ্ঞান শ্রেষ্ঠ, তাহা হইতে ধ্যান শ্রেষ্ঠ, অনিপান-ধ্যান হইতে কর্মফল-ত্যাগ শ্রেষ্ঠ ; আর এই ত্যাগ হইতে শাস্তি অর্থাৎ চিত্তের স্থিরতা বা শুদ্ধি লাভ হয়। এক্ষণে শ্রীভগবান্ ভক্তগণের ক্ষেক্টা লক্ষণ বা গুণ বৰ্ণনাস্তে তাঁহাতে আত্মসমৰ্পণকারী ঐকাস্তিক ভক্তই তাঁহার অতান্ত প্রিয়, তাহা জানাইতেছেন। শ্রীভগবানের প্রিয়ভক্তগণের আচরণীয় বিষয় সমূহ বর্ণনপূর্বক উপসংহারে বলিতেছেন যে, যাঁহার। মংপর ও শ্রদাযুক্ত হইয়া এই অধ্যায়-বর্ণিত ধর্মায়তের প্যুগিশন। করেন, তাঁহারা আমার ভক্ত ও আমার অত্যন্ত প্রিয়। এই অধ্যায়ের ইহাই সার কথা যে, শ্রীকৃষ্ণই পরম উপাস্ত। শ্রদ্ধা-ভক্তিযোগই তাঁহাকে লাভ করিবার একমাত্র শ্রেষ্ঠ উপায়। ভক্তগণে দকল সদ্গুণই বিরাজিত। নির্বিশেষ ব্রহ্মোপাসনায় সাধন ও সাধ্য-অবস্থায় সর্বাদা ক্লেশই লাভ হইয়া থাকে। স্বতরাং বুদ্ধিমান্ ব্যক্তি শ্ৰীগীতার এই বাদশ অধ্যায় আলোচনা পূর্বক শুদ্ধা ভক্তিযোগাশ্রয়ে ঐকাস্তিক-ভাবে শ্রীকৃষ্ণপাদপদ্ম ভজন করিবেন। শুদ্ধভক্তের সঙ্গই শুদ্ধা-ভক্তি লাভের একমাত্র উপায়। ভাগ্যক্রমে শুদ্ধভক্তের সঙ্গলাভ হইলে অনায়াসে প্রীহরি-বিষয়িনী প্রদা ও ভক্তচরিত্রে লোভ জয়ে। তথন শুদ্ধ ভক্তের পদাপ্রয়ে শ্রীহরি-ভজন করিয়া সর্বনিদ্ধিলাভ করিতে পারেন। শ্রীগীতার দিতীয় ছয় অধ্যায়-वर्ণिত ভক্তিযোগ অবলম্বন কবিলেই জীবের ভাগ্যোদয় হয় এবং শ্রীভগবান স্বয়ং তাঁহার সহায়ক হন।

শ্রীল-সনাতন গোস্বামী প্রভুর শ্রীপ্তরু তিরোভাব-তিথি। শ্রীগুরুপূর্ণিমা, শ্রীপুরুষোত্তম। ৪ঠা শ্রাবণ (১৩৭৪), ২১শে জুলাই (১৯৬৭)।

শ্রীগুরু-বৈষ্ণব-চরণরেণু-সেবাপ্রার্থী-( ত্রিদণ্ডিভিক্ ) শ্রীভক্তি শ্রীরূপ সিদ্ধান্তী

# ज्यभाग्न-मूठी

व्यथाय	বিষয়	শ্লোক-সংখ্যা	পত্ৰান্ধ
সপ্তম	জ্ঞান-বিজ্ঞানযোগ	<b>©</b> 0	620-628
অইম	তারকত্রন্নযোগ	26	<b>636-66</b>
নবম	রা <b>ত্র গু</b> হুযোগ	<b>©</b> 8	<b>469-968</b>
<b>जनम</b>	বিভৃতিযোগ	82	966-655
একাদশ	বিশ্বরূপদর্শনযোগ	aa	P50-275
বাদশ	ভক্তিযোগ	20	からところとのな

श्रीश्रक-राभेतालो क्षकः

श्रीश्रक-राभेताले क्षिणेत्राले ।

श्रीश्रक विकालकाल्ले स्वाले स्वालेत्राले ।

श्रीश्रक विकालकाले स्वालेत्राले स्वालेत्राले ।

श्रीश्रक विकालकाले स्वालेत्रालेतालेता ।

श्रीश्रक विश्रक विकालकालेत्रालेता ।

श्रीश्रक विश्रक विश्रक विकालकालेत्रालेता ।

श्रीश्रक विश्रक विश्रक विश्रक विश्रक विश्रक विकालकालेता ।

श्रीश्रक विश्रक विश्रक विकालकालेत्रालेता ।

श्रीश्रक विश्रक विश्र



পরমারাধ্যতম শ্রীগুরুদেব গৌড়ীয় বৈষ্ণবাচার্য্য-ভাস্কর নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তি শ্রীরূপ সিদ্ধান্তী গোস্বামী মহারাজ।



কলিকাতাস্থিত শ্রীসারস্বত গৌড়ীয় আসন ও মিশনে নিত্য-সেবিত শ্রীবিগ্রহণণ।

# श्रीयखगदाम् शीठा

#### मछस्या ३४।। यः

শ্রীভগবানুবাচ,— ময্যাসক্তমনাঃ পার্থ যোগং যুঞ্জন্মদাশ্রয়ঃ। অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাম্মসি তচ্চুণু॥ ১॥

অন্বয়—শ্রীভগবান্ উবাচ (প্রীভগবান্ কহিলেন) পার্থ! ময়ি (আমাতে)
আসক্তমনাঃ (নিবিষ্টচিত্ত) মদাশ্রয়ঃ [সন্] (আমার শরণাগত হইয়া) যোগং
যুপ্তন্ (যোগাস্ষ্ঠান করিতে করিতে) সমগ্রং মাং (সম্পূর্ণভাবে আমাকে)
অসংশয়ং (নিঃসন্দেহে) যথা (যে প্রকারে) জ্ঞাশ্রসি (জানিবে) তং
(তাহা) শুরু (শ্রবণ কর)॥ ১॥

তানুবাদ—শ্রীভগবান্ বলিলেন। হে পার্থ! আমাতে আসক্ত-চিত্ত ও আমার শরণাগত হইয়া, ভক্তিযোগ অন্তুঠান করিতে করিতে নিঃসংশয়রূপে সম্পূর্ণভাবে আমাকে যে প্রকারে জানিতে পারিবে, তাহা শ্রবণ কর॥ ১॥

প্রীভক্তিবিনাদ—হে পার্থ! অন্তঃকরণ-শোধক নিদ্ধাম-কর্মযোগসাপেক্ষ্মেক্ষিল—মাধক জ্ঞান ও যোগ প্রথম ছয়-অধ্যায়ে বলিলাম; এক্ষণে দ্বিতীয় ছয়-অধ্যায়ে ভক্তিযোগ বলিতেছি। আমাতে আসক্তচিত্ত হইয়া মদাশ্রয়-যোগ অভ্যাস করিতে করিতে মৎসম্বনীয় যে সমগ্র-জ্ঞান লাভ করিতে হয়, তাহা বলি, শ্রবণ কর। ব্রহ্মজ্ঞানরূপ যে জ্ঞান, তাহা সমগ্র নয়, যেহেতু

তাহা দবিশেষ জ্ঞান নয়। জড়ীয়বিশেষ পরিত্যাগপুর্বাক যে একটি নির্বিশেষচিন্তা লাভ করা যায়, তাহাতেই উহার (নির্বিশেষ-চিন্তার) বিষয়রপ আমার
নির্বিশেষ-আবিভাব ব্রম্মের উদয় হয়; তাহা নিগুণ নয়, কেন না, তাহা
দেহাদির অতিরিক্ত যে সাত্তিক জ্ঞান, তাহাই মাত্র। ভক্তি—নিগুণবৃত্তিবিশেষ, তাহাকে অবলম্বন করিলেই নিগুণস্বরূপ আমি জীবের নিগুণ-চক্ষে
পরিলক্ষিত হই॥ ১॥

# শ্রীবলদেব—সপ্তমে ভদ্দনীয়স্ত স্বস্থৈর্যাং প্রকীর্ত্তাতে। চাতুর্বিধ্যঞ্চ ভদ্গতাং তথৈবাভদ্গতামপি॥

আছেন ষ্ট্কেনোপাদকশু জীবশু শ্বরণং তৎপ্রাপ্তিদাধনক প্রাধান্তেনাক্তম্। মধ্যেন তৃপাশুশু শ্বশু তত্ত্বচ্চ তথোচ্যতে; তত্র ষষ্ঠান্তনিদিষ্টং তব ভদ্ধনীয়ং রূপং কীদৃশং, কথং বা ভদ্ধতোহন্তরাত্মা তদগতঃ শুদিত্যেতৎ পার্থেনাপৃষ্টমিদি রূপালুজেন শ্বয়মেব বিবক্ষ্ভগবাহ্মবাচ,—ময়ীতি। ব্যাখ্যাতলক্ষণে স্বোপাশু ময়াদক্তমতিমাত্রনিরতং মনো যশু দ স্বমন্তো বা তাদৃশো মদাশ্রয়ো মদ্যাশুস্থ্যাছেকতমেন ভাবেন মাং শ্বণং গতো যোগং মচ্ছরণাদিলক্ষণং যুঞ্জন্ কর্ত্ব্যুং প্রবৃত্তঃ। অসংশয়ং যথা শুদ্রথা,—কৃষ্ণ এব পরং তত্ত্বমতোহন্তদ্বতি সন্দেহশূলো মৎপারতম্যনিশ্বরণনিত্যর্থঃ। দমগ্রং দাধিষ্ঠানং সবিভৃতিং সপরিকরং চ মাং সর্বেশ্বরং যেন জ্ঞানেন জ্ঞাশুদি তন্ময়োচ্যমান্মবহিত্মনাঃ শৃণু। হে পার্থ! ন চ সমগ্রমিতি কাংস্যোন দ জ্ঞান্মাদিশতীতি বাচ্যমনস্বশ্ব তশ্ব তথাজ্ঞানাসম্ববাৎ। শ্বতিশ্ব-"কাংস্যোন নাজোহপ্যভিধাতুমীশঃ" ইতি॥ ১॥

বঙ্গাসুবাদ—সপ্তম অধ্যায়ে স্বকীয় ভজনীয় ভগবানের এশর্যোর কথা বিশেষরূপে বর্ণনা করা হইতেছে,—দেই ভজনশীল ব্যক্তিকে চারপ্রকারে বিভক্ত করা হইয়াছে, এবং অভজনশীল ব্যক্তিকেও সেইভাবে বিভক্ত করা হইয়াছে।

প্রথম ছয়টি অধ্যায়ের দ্বারা উপাসক জীবের স্বরূপ এবং ভগবৎ-প্রাপ্তির হেতুস্বরূপ সাধনের বিষয়গুলিও প্রধানভাবে বর্ণনা করা হইয়াছে। মধ্যভাগের দ্বারা কিন্তু স্বীয় উপাস্ত ভগবানের স্বরূপও সেই সেই ভাবে বলা হইয়াছে। এই সম্পর্কে ষষ্ঠাধ্যায়ের অস্তে নির্দিষ্ট মূল-বিষয়ের কথা অর্থাৎ তোমার ভজনীয় রূপ কীদৃশ ? অথবা কিরূপে

ভদ্ধনা করিলে ভক্তের অন্তরাত্মা তদ্গতচিত্ত হইবে, এই সকল কথা পার্থ অর্জ্জন কর্তৃক জিজ্ঞাসিত না হইয়াও, পরমক্রপালু বলিয়া স্বয়ংই বলিতে ইচ্ছুক হইয়া ভগবান্ প্রীকৃষ্ণ বলিতেছেন—'ময়ীতি'। পূর্বের আমাকত্ব'ক ব্যাখ্যাত নিজ উপাশু আমাতে নিরস্তর আসক্রমতি—মন যাহার সে তুমি বা অশ্য কোন লোক তোমার মত মদান্র্রিত ও আমার প্রতি দাশু ও স্থ্যাদির মধ্যে যে কোন একটি ভাবের দ্বারা আমার শরণাগত হয়, অর্থাং আমার শরণাদিলক্ষণ যোগ করিতে প্রবৃত্ত হয়। অসংশয়—নিশ্চিতভাবে কৃষ্ণই পরমতত্ব, সর্ব্বোৎকৃষ্ট অথবা ইনি ভিন্ন অশ্য কেহ, তদ্বিজাতীয় সন্দেহ শৃশ্য হইয়া আমার পারতম্য নিশ্চয় করেন, ইহাই অর্থ। সমগ্র, অর্থাৎ অধিষ্ঠানের সহিত, বিভৃতির সহিত এবং সপরিকর আমাকে সর্ব্বেশ্বর বলিয়া, যেই জ্ঞানের দ্বারা জ্ঞানিতে পারিবে, তাহাই আমি বলিতেছি, অবহিত্চিত্তে তুমি তাহা শ্রবণ কর। হে পার্থ! ইহা সমগ্র—সম্যক্রপে সে জ্ঞানকে উপদেশ দিতেছেন এই বাক্য বলা চলে না, কারণ অনন্ত-স্বরূপ সেই ভগবানের সেইরূপ জ্ঞানের অসম্ভব-হেতৃ। স্বৃতিতেও আছে "সমগ্রন্ত্রপে বন্ধাও বর্ণন করিতে সমর্থ নহেন",—ইহা॥১॥

তারুভূষণ—পূর্বেই বলা হইয়াছে, অষ্টাদশ-অধ্যায়যুক্ত গীতা-শাস্ত্রকে তিনষট্কে বিভক্ত করা যায়। তন্মধ্যে আদি-ষট্কে অর্থাৎ প্রথম অধ্যায় হইতে ৬ চি অধ্যায়ে জীবের স্বরূপ ও শ্রীভগবৎ-প্রাপ্তির উপায়ভূত সাধনের কথা প্রধানভাবে বর্ণিত হইয়াছে। মধ্য বা দ্বিতীয় ষট্কে অর্থাৎ সপ্তম অধ্যায় হইতে দ্বাদশ অধ্যায় পর্যান্ত উপাশ্ত-তত্ত্ব শ্রীভগবানের স্বরূপ এবং তৎ-প্রাপ্তির উপায়প্ত বর্ণিত হইতেছে। প্রথম ষট্কে জীবের স্বরূপ ও নিদাম-কর্মযোগ বর্ণিত হইয়া, বর্ত্তমানে দ্বিতীয় ষট্কে ভগবৎ-স্বরূপ ও ভক্তিযোগ বর্ণিত হইতেছে, ইহাপ্ত বলা চলে।

ষষ্ঠঅধ্যায়ের শেষে "যোগিনামণি সর্বেষাং" শ্লোকে প্রীভগবান্ সকল প্রকার যোগিগণের মধ্যে যিনি তদগতিত্তি হইয়া কেবল তাঁহার ভজন করেন, তিনিই শ্রেষ্ঠ বলিয়া বর্ণন পূর্বেক অর্জুনের দ্বারা জিজ্ঞাসিত না হইয়াই এক্ষণে স্বয়ং ক্লপালুরূপে সেই ভজনীয় রূপ কি প্রকার এবং ভজনকারী কি প্রকারে চিত্তের দ্বারা তাঁহাতে ঐকান্তিক আসক্তমনা হন, তাহাই বলিতেছেন।

শ্রীভগবানে 'আসক্তমনা' বলিতে নিজ উপাস্থ শ্রীভগবানে দাস্থ-স্থাদি-ভাবের কোন একটি ভাব একান্তভাবে আশ্রয়করত তাঁহার শরণাদি-লক্ষণযুক্ত যোগ অভ্যাস করিতে করিতে তৎ-সম্বন্ধীয় সমগ্র জ্ঞান লাভ হইয়া থাকে। শ্রীকৃষ্ণই পরমতন্ব, যাহা গীতাতে পরে বলিলেন "মন্তঃ পরতরং নাস্থং" ( ৭।৭ ) শ্রীকৃষ্ণ ভিন্ন অন্য কেহ পরতন্ব নহে, ইহা সন্দেহশৃত্যভাবে যিনি নিশ্চয় করিয়াছেন। তিনি অধিষ্ঠান, বিভূতি এবং পরিকরাদির সহিত সর্বেশ্বর শ্রীকৃষ্ণকে যে জ্ঞানের দ্বারা জানিতে পারিবেন, সেই জ্ঞানের উপদেশ দিতেছেন। ইহা সাবহিত হইয়া শ্রবণ করা সকলের কর্ত্বরা।

কেবলা-ভক্তির দ্বারাই শ্রীভগবানকে জ্বানা যায়, যেমন শ্রীমন্তাগবতেও পাওয়া যায়, "ভক্ত্যাহমেকয়াগ্রাহঃ" (১১।১৪।২১)। ভক্তি ব্যতীত জ্ঞান ও যোগ স্বতন্ত্রভাবে মুক্তি দিতেও অসমর্থ।

যেমন শ্রীচৈতগ্রচরিতামৃতেও পাওয়া যায়, (মধ্য ২২ পরিচ্ছেদ)

"ভক্তিম্থ নিরীক্ষক কর্ম-যোগ-জ্ঞান॥
এই সব সাধনের অতিতুচ্ছ বল।
কৃষ্ণভক্তি বিনা তাহা দিতে নারে ফল॥
কেবল জ্ঞান মৃক্তি দিতে নারে ভক্তি-বিনা।
কৃষ্ণোন্ম্থে সেই মৃক্তি হয় জ্ঞান-বিনা॥"

শ্রীমন্তাগবতে বন্ধার বাক্যেও পাওয়া যায়,—

"শ্রেরঃশ্বৃতিং ভক্তিমৃদ্স্ত তে বিভো ক্লিগুন্তি যে কেবলবোধলনয়। তেষামদৌ ক্লেশল এব শিশুতে নান্যদ্ যথা সূলতুষাবঘাতিনাম্॥" (১০।১৪।৪) নির্কিশেষ ব্রহ্মজ্ঞান যে অসমগ্র তাহা শ্রীমন্তাগবতে পাওয়া যায়,— "মদীয় মহিমানঞ্চ পরং ব্রহ্মতি শব্দিতম্। বেৎস্থস্তমুগৃহীতং মে"। গীতাতেও শ্রীভগবান্ পরে বলিবেন—"ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহম্"। (১৪।২৭) এতদ্বারা শ্রীকৃষ্ণস্বরূপের জ্ঞানের অপেক্ষায় নির্কিশেষ ব্রহ্মজ্ঞান অসমগ্রই॥ ১॥

জ্ঞানং তেইহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশৈষতঃ । যজ্জাত্বা নেহ ভূয়োইশুজ্জাতব্যমবশিশ্বতে ॥ ২ ॥

তাশ্বর—অহং ( আমি ) তে ( তোমাকে ) সবিজ্ঞানম্ ( বিজ্ঞানের সহিত ) ইদং জ্ঞানং ( এই জ্ঞানের কথা ) অশেষতঃ ( সম্পূর্ণরূপে ) বক্ষ্যামি ( বলিব ) যৎ ( যাহা ) জ্ঞাত্বা ( জ্ঞানিলে ) ইহ ( এই সংসারে ) ভূমঃ (পুনরায় ) অন্তৎ ( অন্ত কিছু ) জ্ঞাতব্যং ( জ্ঞানিবার বিষয় ) ন অবশিশ্বতে ( অবশিষ্ট থাকে না )॥ ২॥

অসুবাদ—আমি তোমাকে বিজ্ঞানসমন্বিত এই জ্ঞানের কথা সম্পূর্ণরূপে বলিব যাহা অবগত হইলে জগতে পুনরায় অন্ত কিছু জানিতে অবশেষ থাকে না॥ २॥

ত্রীভক্তিবিনোদ—আমার চিৎ ও অচিৎ-শক্তিসম্পন্ন স্বরূপ-বিষয়ক যে জ্ঞান, তাহাকেই 'জ্ঞান' বলা যায়। সেই শক্তিদ্বয় হইতে বিবিক্ত-স্বরূপবিষয়ক জ্ঞানের নামই 'বিজ্ঞান'। আমি তোমাকে বিজ্ঞান-সহিত জ্ঞান সম্পূর্ণরূপে উপদেশ করিতেছি, শ্রবণ কর। তাহা অবগত হইলে জগতে আর কিছু জ্ঞানিতে অবশেষ থাকিবে না॥ ২॥

শীবলদেব—বক্ষ্যমাণং জ্ঞানং স্তোতি,—জ্ঞানমিতি। ইদং চিদচিচ্ছজিমংস্বরূপবিষয়কং জ্ঞানং, তচ্চ সবিজ্ঞানং বক্ষ্যামি। তচ্ছজিদ্বয়বিবিজ্স্বরূপবিষয়কং জ্ঞানং বিজ্ঞানং তেন সহিতং তে তুভ্যং প্রপন্নায়াশেষতঃ সামগ্র্যোণাপদেক্ষ্যামীত্যর্থঃ। ষংস্বরূপং সর্ববিষরণং ষচ্চ ধ্যেয়ং তত্তভয়বিষয়কং জ্ঞানমত্র বক্ত্বং প্রতিজ্ঞাতং ষদ্ধ্যানং জ্ঞাত্বেহ প্রেয়োবত্ম নি নিবিষ্টশ্র জিজ্ঞাসোম্ভবান্তজ্বজ্ঞাতব্যং নাবশিশ্বতে, সর্বব্য তদন্তর্ভাবাৎ॥ ২॥

বঙ্গান্ধবাদ—বক্ষ্যমাণ জ্ঞানের বিষয় প্রশংসা পূর্বক বলা হইতেছে—
'জ্ঞানমিতি'। এই চিৎ ও অচিৎ-শক্তিমংস্বরূপ-বিষয়ক ষে জ্ঞান, তাহা
বিজ্ঞানের সহিত বলিব। বিজ্ঞান অর্থে সেই শক্তিম্বয় হইতে বিবিক্ত-স্বরূপবিষয়ক জ্ঞানই বিজ্ঞান, তাহার সহিত। শরণাগত তোমাকে অশেষভাবে—
সমগ্ররূপে উপদেশ দিব, ইহাই অর্থ। ষেই স্বরূপ সকলের কারণ, ষাহা
ধ্যানের যোগ্য, সেই উভয় বিষয়ের জ্ঞানকে এখানে বলিতে প্রতিশ্রুত বা
প্রতিজ্ঞাত, ষেই জ্ঞানকে জানিয়া এখানে শ্রেয়ঃ পথে অবস্থিত ও জিজ্ঞান্থ
তোমার পক্ষে অন্ত কোন জ্ঞাতব্য অর্থাৎ জানিবার বস্তু অবশেষ না থাকে,
(তাহাই বলিব) কারণ—সমস্তই তাহার অন্তর্ভুক্ত॥২॥

অনুভূষণ—এই শ্লোকে শ্রীভগবান্ জ্ঞান ও বিজ্ঞান ত্ইটি শব্দ ব্যবহার করিয়াছেন। শ্রীভগবান্ চিদ্ ও অচিদ্ শক্তিসম্পন্ন পুরুষ। সেই স্বরূপের জ্ঞান, বিজ্ঞানের সহিত বলিবেন। শ্রীধর স্বামিপাদ বলেন,—শাস্ত্রীয় জ্ঞানই জ্ঞান; এবং অমুভৃতিই বিজ্ঞান।
শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,—জ্ঞান-ঐশ্বর্যাময় এবং বিজ্ঞান—মাধ্ব্যাম্বভব।
শ্রীকৃষ্ণ বন্ধাকেও বলিয়াছিলেন,—

"জ্ঞানং পরমগুহুং মে যদ্বিজ্ঞান-সমন্বিতম্। সরহস্যং তদক্ষঞ্চ গৃহাণ গদিতং ময়া॥" ভাঃ ২।১।৩০

অর্থাৎ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে ব্রহ্মন্, ভগবদ্ স্বরূপোপলন্ধি ও রহস্ত প্রেম-ভক্তির সহিত অত্যন্ত গোপনীয় শব্দশাস্ত্র-প্রতিপাত্য আমার জ্ঞান ও সেই প্রেমভক্তির অঙ্গ সাধন-ভক্তি আমি বলিতেছি, তুমি গ্রহণ কর।

শীভগবান্ অর্জ্নকে বলিলেন, তুমি আমার প্রপন্নভক্ত তোমাকে আমি অশেষরূপে সমগ্রভাবে উপদেশ করিব। সর্বকারণময় যে স্বরূপ এবং যাহা ধ্যেয়-স্বরূপ এতহভয়-বিষয়ক জ্ঞানই বলিবার অভিপ্রায় প্রতিজ্ঞা করিলেন। যাহা অবগত হইলে শ্রেয়োমার্গে-নিবিষ্ট জিজ্ঞাস্থ ব্যক্তির অহ্য জ্ঞাতব্য অবশিষ্ট থাকে না। কারণ শ্রীকৃষ্ণ-জ্ঞানের অন্তর্ভূত বন্ধ ও পরমাত্ম-জ্ঞান।

শীচৈতন্যচরিতামৃতেও পাওয়া যায়,—

"ভক্তো ভগবানের অমুভব-পূর্ণরূপ।"

শ্রীগুরুদের স্মিশ্বভাব ও প্রীতিশীল শিয়ের নিকট অতি নিগৃঢ় রহস্থও ব্যক্ত করিয়া থাকেন। যেমন শ্রীমদ্ভাগবতেও পাই,—

"বেশ্ব ত্বং দৌম্য তৎসর্বাং তত্ততন্তমূগ্রহাৎ।

ব্রুয়ুঃ স্পিশ্ব শিয়স্ত গুরবো গুহুমপ্যত॥" (১।১।৮)

এস্থলে শ্রীকৃষ্ণও প্রিয়-সথা অর্জ্নকে যাবতীয় তত্ত্ব-জ্ঞান উপদেশ করিলেন। ভাগ্যবান্ ব্যক্তি এই উপদেশ গ্রহণ করিলে, তাহারও আর জ্ঞানের অভাব থাকে না॥ ২॥

#### মনুষ্যাণাং সহত্যেষু কশ্চিদ্ যততি সিন্ধয়ে। যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেন্তি তত্ত্বতঃ॥ ৩॥

অন্তর্ম—মহন্ত্রণাং সহস্রেষ্ (সহস্র সহস্র মানবের মধ্যে ) কশ্চিৎ (কেছ)
সিদ্ধয়ে (সিদ্ধির জন্ম) যততি (যত্ন করেন) যততাম্ সিদ্ধানাং অপি

( যত্নপরায়ণ সিদ্ধগণের মধ্যেও ) কশ্চিৎ (কেহ) মাং ( আমাকে ) তত্ত্তঃ ( স্বরূপতঃ ) বেত্তি ( জানেন ) ॥ ৩ ॥

তালুবাদ—সহস্র সহস্র মানবগণের মধ্যে কেহ কেহ শ্রেয়োলাভের জন্স যত্ন করেন; সেই বহুষত্বপরায়ণ সিদ্ধদিগের মধ্যেও কেহ আমার শ্রামস্থান্দর-আকার স্বরূপকে তত্ত্বতঃ জানিতে পারেন॥ ৩॥

ত্রীভক্তিবিনোদ—পূর্ব ছয়-অধ্যায়ের উল্লিখিত জ্ঞানী ও যোগীদকল চিস্তা-দ্বারা ব্রহ্মজ্ঞান সহজে লাভ করিতে পারেন; কিন্তু চিস্তাবিষয়ের বিলক্ষণরূপ ভগবজ্ঞান তাঁহাদের পক্ষে তুর্লভ। অসংখ্য জীবের মধ্যে কদাচিং কেহ মহয় হয়; সহস্র-সহস্র-মহয়মধ্যে কেহ কেহ কল্যাণিদিদ্বির জন্ম যত্র পায়। সহস্র-সহস্র দিদ্দিগের মধ্যে কেহ কেহ আমাকে অর্থাৎ আমার ভগবৎস্বরূপকে তত্ত্বতঃ অবগত হন॥ ৩॥

শ্রীবলদেব—স্বজ্ঞানন্ত দেলিভামাহ,—মহুস্থাণামিতি। উচ্চাবচদেহাত্মসংখ্যাতা জীবাস্তেম্ কতিচিদেব মহুস্থাস্তেষাং শাস্থাধিকার্যোগ্যানাং সহস্রেম্
মধ্যে কশ্চিদেব সংপ্রদঙ্গবশাৎ দিদ্ধয়ে স্বপরাত্মাবলোকনায় যততে, ন তু
দর্ব্মঃ। তাদৃশানাং যততাং যতমানানাং দিদ্ধানাং লক্ষপরাত্মাবলোকনানাং
সহস্রেম্ মধ্যে কশ্চিদেবৈকো মাং কৃষ্ণং তত্ততো বেত্তি। অয়মর্থঃ,—শাস্ত্রীয়ার্থাহুষ্ঠায়িনো বহবো মহুস্থাঃ পরমাণুচৈততাং স্বাত্মানং প্রাদেশমাত্রং মংস্বাংশং
পরমাত্মানং চাহুভ্র বিম্চান্তে। মাং তু যশোদান্তনন্ধয়ং কৃষ্ণমধ্না ত্রংসারথিং
কশ্চিদেব তাদৃশদংপ্রদঙ্গাবাপ্তমন্তক্তিস্তব্তো যাথাত্মোন বেত্তি,—অবিচিন্ত্যানস্তশক্তিকত্বেন নিথিলকারণত্বেন সার্বজ্ঞাসার্বৈশ্বর্যস্বভক্তবাৎসল্যাত্মংখ্যেন
কল্যাণগুণরত্মাকরত্বেন পূর্ণব্রহ্মত্বেন চাহুভবতীত্যর্থঃ। বক্ষাতি চ,—'স মহাত্মা
স্বর্গভঃ', 'মান্ত বেদ ন কশ্চন' ইতি॥ ৩॥

বঙ্গান্দ্রবাদ—শ্বকীয় জ্ঞান অর্থাৎ ভগবদ্-বিষয়ক জ্ঞানের হুর্লভতার বিষয় বর্ণনা করা হুইতেছে—'মহুয়াণামিতি'। জীব—উচ্চ, নীচ, দেহাত্মাভিমানী বহু, তাহাদের মধ্যে কিছুমাত্রই মাহুষরপে জন্মগ্রহণ করে। এই জাতীয় মাহুষ-সমূহের মধ্যেও শাস্ত্রের অধিকারযোগ্য সহস্র লোকের মধ্যে কোন কোন মহুয়ই সংসঙ্গবশতঃ স্বাত্ম ও পরমাত্ম-দর্শনরপ সিদ্ধির জন্ম চেষ্টা করে কিন্তু সকল মাহুষ তাহা করিতে পারে না। তাদৃশ যত্মশীলগণের মধ্যে সিদ্ধিলাভ-বিশিষ্ট স্বাত্ম ও পরমাত্মাবলোকনকারী সহস্র লোকের মধ্যে কোন একজনই

আমাকে—কৃষ্ণকে তত্ত্বতঃ জানেন। ইহার এই অর্থ—শাস্ত্রীয় অর্থের অর্থাৎ
শাস্ত্রোক্তবিষয়ের অন্নর্গানকারী বহু মানুষ পরমাণু চৈতন্তুস্বরূপ নিজ আত্মাকে
এবং আমার স্বাংশতত্ব প্রাদেশমাত্র-প্রমাণ পরমাত্মাকে অনুভব করিয়া মৃক্ত
হন। আমাকে কিন্তু যশোদাস্তনপায়ী কৃষ্ণ, এখন তোমার রথের সার্থিকে
কেহ কেহ সেইরূপ সংপ্রসঙ্গজন্ত-লব্ধ আমার ভক্তি তত্ত্বতঃ যথার্থরূপে জানেন;
—আমাকে অচন্তনীয়, অনন্ত শক্তিমান্, নিখিল কারণস্বরূপ, সর্বজ্ঞ, সর্ব্বেশ্বর,
স্বকীয় ভক্তজনের প্রতি বাংসল্যাদি-অসংখ্য কল্যাণকর গুণরত্বাকর্রুপে এবং
পূর্ণব্রন্ধরূপে অনুভব করেন। তাহা বলিবেনও—'সেই মহাত্মা অতিশ্য় তুর্লভ',
'আমাকে কেহই জানিতে পারে না'॥ ৩॥

অনুভূষণ—এক্ষণে শ্রীভগবান্ নিজ জ্ঞানের ত্বল্লভিতা জানাইতেছেন। ভক্তি-বাতীত সেই জ্ঞান-লাভের অন্য উপায় নাই।

জগতে উচ্চাবচ দেহধারী বহু জীব আছে, সেই জীবগণের মধ্যে কতিপয় মহুস্তই শাস্ত্রাধিকার-যোগাতা প্রাপ্ত হয়, এইরপ শাস্ত্রাধিকারী সহস্র সহস্র ব্যক্তির মধ্যে কদাচিৎ কোন ভাগাবান্ সৎসঙ্গবশতঃ স্বীয় আত্মা ও পরমাত্মার অবলোকনরপ সিদ্ধির নিমিত্ত যত্ব করিয়া থাকেন। তাদৃশ যত্বশীল ব্যক্তিগণের মধ্যে কদাচিৎ কেই জীবাত্মা ও পরমাত্মার দর্শনরপ সিদ্ধি লাভ করেন, তাদৃশ সহস্র সহস্র সিদ্ধপুরুষগণের মধ্যে কোন কেইই শ্রীকৃষ্ণ আমাকে তত্ত্বতঃ জানিতে পারেন।

শাস্ত্রীয় ধর্মারুষ্ঠানকারী বহু মনুষ্ট জীবাত্মাকে পরমাণুচৈতন্য এবং মদংশ প্রাদেশমাত্র-প্রমাণ অন্তর্ধামীকে পরমাত্মা জানিয়া অর্থাৎ অন্তর্ভব করিয়া মৃক্ত হন। কিন্তু যশোদার স্তনাপায়ী বর্ত্তমানে তোমার সার্থীরূপে অবস্থিত শ্রীকৃষ্ণ আমাকে এবং আমার ভক্তিকে তাদৃশ সৎপ্রসঙ্গের ফলেই তত্ত্বতঃ যথার্থরূপে জানিতে পারেন।

যেমন শ্রীচৈততাচরিতামূতে পাওয়া যায়,—

"কৃষ্ণ-ভক্তি জন্মমূল হয় সাধুসঙ্গ"। ( মধ্য ২২।৮० )

তাদৃশ সাধুসঙ্গজাত শুদ্ধা ভক্তির দ্বারা অবিচিন্ত্য অনন্ত-শক্তিমান, নিখিল কারণ, সর্বজ্ঞ, সর্বৈশ্বর্যাময়, স্বভক্তবাৎসল্যাদি অসংখ্য কল্যাণ-গুণরত্বের আকর পূর্ণব্রহ্ম আমাকে অহুভব করিয়া থাকেন। এই সম্বন্ধে গীতায় পরে বলিবেন—'দেই মহাত্মা স্বত্নভ,' ( ৭।১৯) এবং 'আমাকে কেহই জানিতে পারে না' ( ৭।২৬ ) ইত্যাদি।

কোটি কোটি মুক্ত পুরুষের মধ্যে কৃষ্ণভক্ত স্বত্বপ্রত। ইহা শ্রীমদ্ভাগবতেও পাওয়া যায়,—

"রজোভিঃ সম-সংখ্যাতা পার্থিবৈরিহ জন্তবঃ।
তেষাং যে কেচনেহন্তে শ্রেয়াে বৈ মহুজাদয়ঃ॥
প্রায়াে মৃন্ক্বন্তেষাং কেচনৈব দ্বিজোত্তম।
মৃন্ক্ণাং সহস্রেষ্ কশ্চিন্স্চ্যেত সিধ্যতি॥
মৃক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ।
স্বল্পভঃ প্রশান্তাত্মা কোটিষপি মহামুনে॥" (৬।১৪।৩-৫)

শ্রীচৈতত্ত্বচরিতামৃতে শ্রীরপ-শিক্ষায় স্বয়ং শ্রীমহাপ্রভুও বলিয়াছেন,—

''এই মতে বক্ষাণ ভবি' অনুস্থ জীবগুল।

"এই মত ব্রহ্মাণ্ড ভরি' অনস্ত জীবগণ।
চৌরাশী-লক্ষ যোনিতে করয়ে ভ্রমণ॥
কেশাগ্র-শতেক-ভাগ পুনঃ শতাংশ করি।
তার সম স্কল্প জীবের 'শ্বরূপ' বিচারি॥
তার মধ্যে 'স্থাবর', 'জঙ্গম'—তুই ভেদ।
জঙ্গমে তির্যাক্ জল-স্থলচর বিভেদ॥
তার মধ্যে মহন্য-জাতি অতি অল্লতর।
তার মধ্যে মহন্য-জাতি অতি অল্লতর।
তার মধ্যে মেচ্ছ, পুলিন্দ, বৌদ্ধ, শবর॥
বেদনিষ্ঠ-মধ্যে অর্দ্ধেক বেদ 'মৃথে' মানে।
বেদনিষ্কি পাপ করে, ধর্ম নাহি গণে॥
ধর্মচারী-মধ্যে বহুত 'কর্মনিষ্ঠ'।
কোটি-কর্মনিষ্ঠ-মধ্যে এক 'জ্ঞানী' শ্রেষ্ঠ॥
কোটি-জ্ঞানী-মধ্যে হয় একজন 'মৃক্ত'।
কোটি-জ্ঞানী-মধ্যে হয় একজন 'মৃক্ত'।

( यथा १०।१०४-१००, १८८-१८४ )

শ্রীল চক্রবর্ত্তিপাদ ইহাও বলিয়াছেন যে, "নির্কিশেষ ব্রহ্মান্থভবানন্দর্রপ আনন্দ হইতে সবিশেষ ব্রহ্মান্থভবানন্দ সহস্রগুণাধিক হয়।" এই বিষয়ে শ্রীভক্তিরসামৃতসিন্ধতে পাওয়া যায়,—"ব্রহ্মানন্দো ভবেদ্রেষঃ চেৎ পরার্দ্ধ-গুণীকৃতঃ। নৈতি ভক্তিস্থথাস্থোধেঃ পরমাণুতুলামপি॥" (১।১।২৫) অর্থাৎ যদি ব্রহ্মানন্দ-স্থথকে দ্বিপরার্দ্ধ সংখ্যাদ্বারা গুণ করা যায়, তাহা হইলে ব্রহ্মানন্দ-স্থথ ভক্তিস্থখাগরের পরমাণুরূপ তুলাও হইতে পারে না।

এবিষয়ে শ্রীচৈতক্সচরিতামৃতেও পাওয়া যায়,—

''কৃষ্ণ-বিষয়ক প্রেমা—পরমপুরুষার্থ।

যার আগে তৃণতুল্য চারি-পুরুষার্থ॥

পঞ্চম পুরুষার্থ—প্রেমানন্দামৃতিসিন্ধু।

বন্ধাদি আনন্দ যার নহে এক বিন্দু॥'' ( আদি ৭৮৪-৮৫ )

এইরূপ ত্বর্ল ভ জ্ঞানের বিষয় স্বয়ং শ্রীকৃষ্ণ অর্জুনকে লক্ষ্য করিয়া আমাদিগকে শিক্ষা দিতেছেন॥ ৩॥

### ভূমিরাপোহনলো বায়ুঃ খং মনো বৃদ্ধিরেব চ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা॥ ৪॥

ত্বর — ভূমি: (ক্ষিতি) আপ: (জল) অনল: (অগ্নি) বায়ু: (পবন) খং (আকাশ) মন: (মন) বৃদ্ধি: (বৃদ্ধি) অহঙ্কার এব চ (এবং অহঙ্কার) ইতি ইয়ং মে (এই কয়টি আমার) অপ্তধা (আট প্রকার) ভিন্না (বিভিন্ন) প্রকৃতি: ॥ ৪ ॥

অনুবাদ—আমার বহিরঙ্গা প্রকৃতি, ক্ষিতি, জল, অগ্নি, বায়ু, আকাশ, মন, বৃদ্ধি এবং অহঙ্কার—এই আট ভাগে বিভক্ত॥ ৪॥

শীভজিবিলোদ—ভগবংশরপ ও ভগবদৈশ্ব্যা-জ্ঞানের নাম ভগবজ্ঞান।
তাহার বিবৃতি এই,—আমি সদা-শ্বরূপসংপ্রাপ্ত শক্তিসম্পন্ন-তত্ত্বিশেষ।
বন্ধ—আমারই শক্তিগত একটি নির্মিশেষ ভাবমাত্র; তাঁহার স্বরূপ নাই;
স্পষ্ট-জগতের ব্যতিরেকচিস্তাতেই তাঁহার সাম্বন্ধিকী অবস্থিতি। প্রমাত্মাও
আমার অংশগত জগন্মধাবর্তী আবিভাববিশেষ; তাহাও ফলতঃ অনিত্য-

জগৎসহদ্বিতত্ববিশেষ; তাঁহারও নিত্য-স্বরূপ নাই। আমার ভগবংস্বরূপই নিত্য; তাহাতে আমার শক্তির হুইপ্রকার পরিচয় আছে। শক্তির একটি পরিচয়ের নাম—বহিরঙ্গা বা মায়াশক্তি; তাহাকে জড়জননী বলিয়া 'অপরা-শক্তি'ও বলা যায়। আমার অপরা বা জড়-সম্বন্ধিনী শক্তির মধ্যে আটটি তত্বসংখ্যা লক্ষ্য করিবে। 'ভূমি', 'জল', 'অগ্নি', 'বায়ু' ও 'আকাশ',—এই পাঁচটিতে পঞ্চ মহাভূত এবং শন্দ, স্পর্শ, রূপ, রুস ও গন্ধ,—এই পাঁচটি তন্মাত্র,—এই দশটি তত্ব গৃহীত হয়; 'অহঙ্কার'-শন্দে অহঙ্কার ও তাহার কার্য্যভূত একাদশ ইন্দ্রিয়, 'বৃদ্ধি'-শন্দে মহত্তত্ব এবং 'মনঃ'-শন্দে প্রধান;—এই চত্র্বিংশতি তত্ব, এই সম্দ্রেই আমার বহিরঙ্গক্তিগত॥ ৪॥

ত্রীবলদেব—এবং শ্রোতারং পার্থমভিম্থীকতা স্বস্থ কারণস্বরূপং
চিদচিচ্ছক্তিমন্বক্ত্র্ তে শক্তী প্রাহ,—ভূমিরিতি নাভ্যাম্। চতুর্বিংশতিধা
প্রকৃতিভূমাাতাত্মনাষ্টধা ভিন্না মে মদীয়া বোধ্যা তন্মাত্রাদীনাং ভূম্যাদিষন্তর্ভাবাদিহাপি চতুর্বিংশতিধৈবাবসেয়া। তত্র ভূম্যাদিষ্ পঞ্চ্যু ভূতেষ্ তৎকারণানাং
গদ্ধানাং পঞ্চানাং তন্মাত্রাণামন্তর্ভাবঃ; অহন্ধারে তৎকার্যাণামেকাদশানামিন্রিয়াণাম্; 'বৃদ্ধি'-শন্দো মহত্তবমাহ; মনংশন্দপ্ত মনোগম্যমব্যক্তরূপং
প্রধানমিতি। শ্রুতিশ্চবমাহ,—"চতুর্বিংশতিসংখ্যানমব্যক্তং ব্যক্তম্চাতে"
ইতি। স্বয়ঞ্চ ক্ষেত্রাধ্যায়ে বক্ষ্যতি,—"মহাভূতাত্যহন্ধারঃ" ইত্যাদিনা॥ ৪॥


বঙ্গাসুবাদ—এইপ্রকার শ্রোতা পার্থ অর্জ্নকে আরুষ্ট করিয়া নিজের কারণত্ব ও চিং এবং অচিং-শক্তিমং বিষয়ক তত্ব বলিবার ইচ্ছায় সেই ছইটি শক্তির সম্পর্কে বলা হইতেছে—'ভূমিরিভি ঘাভ্যাম্'। চতুর্বিংশতি প্রকার প্রকৃতি। ভূম্যাছাত্মরূপে অর্থাৎ ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ, মন, বৃদ্ধি ও অহন্ধাররূপে আট প্রকারে বিভিন্ন, মৎসম্পর্কীয় প্রকৃতি বলিয়া জানিবে। পঞ্চতি মাত্র অর্থাৎ শব্দ-ম্পর্শ-রূপ-রুম ও গদ্ধতমাত্রাদি পূর্ব্বোক্ত ভূমি প্রভৃতি অষ্ট প্রকার প্রকৃতিতে অন্তর্ভুক্ত বলিয়া এথানেও চতুর্বিংশতি প্রকার জানিবে। এই সম্পর্কে—ভূম্যাদি পঞ্চমহাভূতেতে তৎকারণস্বরূপ গদ্ধাদি পঞ্চ তন্মাত্রকে অন্তর্ভুক্ত করা হইয়াছে, অহন্ধারের মধ্যে অহন্ধারের কার্য্য একাদশেন্দ্রিয়কে (পঞ্চজানেন্দ্রিয়-পঞ্চকর্মেন্দ্রিয় ও মন) অন্তর্ভুক্ত করা হইয়াছে। 'বৃদ্ধি'-শব্দ মহন্তর্ভুক্তই বলা হইয়াছে কিন্তু মন: শব্দে মনের গম্য অব্যক্তস্বরূপ প্রধানকে বলা হইয়াছে। শ্রুতিও এই প্রকার বলিয়াছেন "চতুর্বিংশতি সংখ্যক

অব্যক্তকে ব্যক্ত বলা হইয়াছে। ইতি। নিজেও ক্ষেত্রাধ্যায়ে বলিবেন—
"মহাভূতাগ্রহঙ্কার" ইত্যাদির দ্বারা॥ ৪॥

তাৰ ক্রমণ — শ্রোতা- অর্জুনকে সমুখে রাখিয়া চিদ্ ও অচিদ্ শক্তিষয়ের অধীশ্বর শ্রীকৃষ্ণ হইটি শ্লোকে পরা ও অপরা-ভেদে প্রকৃতিষয়ের বর্ণন পূর্ব্বক স্বীয় মূলকারণত্ব প্রকাশ করিতেছেন।

প্রথমে তিনি চতুর্বিংশতি তত্তাত্মক জগৎপ্রস্বিণী প্রকৃতিকে অপরাপ্রকৃতি অর্থাৎ বহিরঙ্গা বা মায়াশক্তি বলিয়া পরিচয় করাইলেন। প্রকৃতির
চতুর্বিশংতি তত্ত্ব বলিতে গিয়া ভূমি, জল, অগ্নি, বায়্, আকাশ, মন, বৃদ্ধি ও
অহস্বাররপ অষ্টধা প্রকৃতির বর্ণন করিলেন। এন্থলে শব্দ, শ্পর্শ, রূপ, রস ও
গদ্ধরূপ পঞ্চন্মাত্রকে পূর্ব্বোক্ত পঞ্চ মহাভূতের অন্তর্ভুক্ত করিয়াই বলিয়াছেন।
তৎপরে অহস্বার বলিতে গিয়া অহন্ধারের কার্য্য পঞ্চ কর্মেন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়
ও মনকে তদন্তভুক্ত করিয়াছেন। বৃদ্ধি-শব্দে মহন্তত্ত্বকেই লক্ষ্য করিয়াছেন
এবং মন-শব্দে মনের গম্য অব্যক্ত প্রকৃতিকেই নির্দ্দেশ করিয়াছেন।

এতংপ্রসঙ্গে শ্রীল ভারতী মহারাজ তাঁহার অন্নবর্ষিণীতে লিথিয়াছেন,— শ্রীমন্তাগবতে দ্বিতীয় ও তৃতীয় স্বন্ধে এই প্রকৃতির প্র—ক্বৃতি অর্থাৎ প্রকৃষ্ট কার্য্য এইরূপ ভাবে দেখাইয়াছেন—



সাংখ্যকারিকায় পাওয়া যায়—'প্রকৃতের্মহাংস্ততোহহক্ষারস্তস্মাদ্গণশ্চ বোড়শক:। তত্মাদিপি বোড়শকাং পঞ্চভাঃ পঞ্চূতানি॥' অর্থাৎ অব্যক্তা প্রকৃতি হইতে মহৎ, মহৎ হইতে অহকার, অহকার হইতে একাদশ ইন্দ্রিয় ও পঞ্চতনাত—এই বোড়শ পদার্থ। এই বোড়শ পদার্থের মধ্যে পঞ্চতনাত্র হইতে পঞ্চমহাভূত উৎপন্ন হয়। শ্রীভগবান্ ত্রয়োদশাধ্যায়ে এই প্রকৃতিকেই চতুর্বিংশতি-তত্ত্বরূপে বিস্তারিত করিবেন—'মহাভূতান্তহন্ধারঃ' গীঃ ১৩।৬॥ ৪॥

### অপরেয়মিতস্থন্তাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ॥ ৫॥

অন্বয়—হে মহাবাহো! ইয়ং তু (ইহা কিন্তু) অপরা (নিরন্তা প্রকৃতি)
ইতঃ (ইহা হইতে) পরাম্ অন্তাং (অন্ত একটি পরমা)) জীবভূতাং (জীবস্বরূপা) মে (আমার) প্রকৃতিং বিদ্ধি (জানিবে) য্য়া (যাহার দ্বারা) ইদং
জগৎ (এই জগৎ) ধার্ঘাতে (ধৃত হইতেছে)॥ ৫॥

অনুবাদ—হে মহাবাহো! পূর্ব্বোক্ত আট প্রকার প্রকৃতি কিন্তু নিরুষ্টা, ইহা হইতে শ্রেষ্ঠা জীবস্বরূপা আমার আর একটি প্রকৃতি আছে জানিবে, যাহার দ্বারা এই জগৎ ধৃত বা রক্ষিত হইতেছে ॥ ৫॥

শ্রীভক্তিবিনাদ—এতদ্বাতীত আমার একটি তট্যা প্রকৃতি আছে, যাহাকে 'পরা-প্রকৃতি' বলা যায়। সেই প্রকৃতি—চৈত্যুম্বরূপা ও জীবভূতা; সেই শক্তি হইতে সমস্ত জীব নিঃস্থত হইয়া এই জড়জগংকে ভোগারূপে গ্রহণ করিয়াছে। আমার অন্তরঙ্গাশক্তি-নিঃস্থত চিজ্জগং ও বহিরঙ্গাশক্তি-নিঃস্থত এই জড়-জগং,—উভয় জগতের উপযোগী বলিয়া জীবশক্তিকে 'তট্যা-শক্তি' বলা যায়।॥ ৫॥

ত্রীবলদেব—এষা প্রকৃতিরপরা নিক্ষা জরবাছোগ্যবাচেতো জড়ায়াঃ
প্রকৃতেরন্তাং পরাং চেতনবাছোকুরাচ্চোৎক্ষাং জীবভূতাং মে মদীয়াং প্রকৃতিং
বিদ্ধি। হে মহাবাহো পার্থ! পরত্বে হেতুং,—যয়েতি। য়য়া চেতনয়া ইদং
জগং স্বকর্মবারা ধার্যতে শ্যাসনাদিবং স্বভোগায় গৃহতে; শ্রুতিশ্চ
হরেরেবেয়ং শক্তিবয়ীত্যাহ,—"প্রধানক্ষেত্রজ্ঞপতিগুণিশঃ" ইতি॥ ৫॥

বঙ্গানুবাদ—এই প্রকৃতি অপরা অর্থাং নিরুষ্টা, কারণ ইহা জড়তা ও ভোগতারপ গুণসম্পরা, এই জড়া প্রকৃতি হইতে অপর একটি পরা শ্রেষ্টা প্রকৃতি আছে, কারণ—সেইটীতে চেতনত্ব ও ভোকৃত্বগুণ আছে বলিয়া উহাকে জীবভূতা (জীবস্বরূপা) আমার উংকৃষ্ট প্রকৃতি বলিয়া জানিবে। হে মহাবাহো! পার্থ! তাহার শ্রেষ্ঠত্বে কারণ বলা হইতেছে—'যুয়েতি'। যেই চেতনার দ্বারা এই জগংকে স্বীয় কর্মের দ্বারা ধারণ করা হইয়াছে অর্থাৎ শ্যা ও আসনাদির মত নিজের ভোগের জন্মই গ্রহণ করা হইয়াছে। শ্রুতিও এইরকম—হরিরই এই শক্তিদ্বয় ইহা বলা হইতেছে—"প্রধান ও ক্ষেত্রজ্ঞপতি গুণের ঈশ্বর" ইতি ॥৫॥

অনুভূষণ—পূর্ব্ব-শ্লোকে অপরা প্রকৃতির কথা বলিয়া বর্ত্তমান শ্লোকে পরা প্রকৃতির বিষয় বলিতেছেন। পূর্ব্বোক্ত আট প্রকার প্রকৃতি জড়ত্ব ও ভোগ্যত্ব-নিবন্ধন অপরা বা নিকৃষ্টা বলিয়া কথিত হইতেছে। এই জড়া প্রকৃতি ব্যতীত তাঁহার অন্য একটি পরা-প্রকৃতিও আছে, দেটি জীবভূতা, চেতনত্ব ও ভোকৃত্ব-নিবন্ধন উহাই পরা-নামী শক্তি বলিয়া পরিচিতা। সেই পরত্বের কারণ বলিতেছেন যে, ঐ পরা প্রকৃতি-স্বরূপা জীব এই জড় জগতের মধ্যে প্রবিষ্ট হইয়া স্বকর্ম দারা এই জগৎকে ধারণ বা গ্রহণ করিয়াছেন। শ্রুতিতেও এই শক্তি-দ্বরের কথা পাওয়া যায়,—

"স বিশ্বকৃদ্ বিশ্ববিদাত্মযোনিঃ জ্ঞঃ কালকারো গুণী সর্ববিদ্ যঃ। প্রধানক্ষেত্রজ্ঞপতিগুর্ণেশঃ

সংসারমোক্ষন্থিতিবন্ধহেতুঃ ॥" (শ্বেতাশ্বতর ৬।১৬) অন্যত্র শ্রুতিতেও আছে,—

"অনেন জীবেনাত্মনাত্মপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি" ॥
এই পরা-প্রকৃতিকে 'তটস্থা'-শক্তি বলিয়াও অভিহিত করা হয়।
শ্রীচৈতন্যচরিতামৃতে স্বয়ং শ্রীমহাপ্রভুর বাক্যে পাই,—

"জীবের স্বরূপ হয় ক্ষের নিত্যদাস।
কৃষ্ণের 'তটস্থাশক্তি' ভেদাভেদ-প্রকাশ॥
স্থ্যাংশু-কিরণ, যেন অগ্নিজালাচয়।
স্বাভাবিক কৃষ্ণের তিন প্রকার শক্তি হয়॥
কৃষ্ণের স্বাভাবিক তিন শক্তি পরিণতি।
চিচ্ছক্তি, জীবশক্তি, আর মায়াশক্তি॥"

( यश २०।२०४।३०२।२३३ )

বিষ্ণুপুরাণেও পাওয়া যায়,—

"বিষ্ণুশক্তিং পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথা পরা। অবিতা কর্মসংজ্ঞান্তা তৃতীয়া শক্তিরিয়তে। ( ৬। ৭। ৬ • ) অর্থাৎ বিষ্ণৃশক্তি তিন প্রকার—পরা—চিচ্ছক্তি, ক্ষেত্রজ্ঞা—জীবশক্তি ( অবিছা হইতে ভিন্না ) কর্মসংজ্ঞারূপা অবিভাশক্তির নাম মায়া ॥৫॥

## এতদ্যোনীনি ভূতানি সর্বাণীত্যুপধারয়। অহং কৃৎস্মশ্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা॥ ৬॥

অশ্বয়—সর্বাণি ভূতানি (সকল ভূতসমূহ) এতৎ যোনীনি (পূর্ব্বোক্ত প্রকৃতিজাত)ইতি উপধার্ম (ইহা অবগত হও) অহং (আমি) কৃৎস্কস্থ জগতঃ (সকল জগতের) প্রভবঃ (উৎপত্তি কারণ) তথা প্রলম্মঃ (এবং বিনাশ কারণ)॥৬॥

অনুবাদ—সমস্ত ভূতগণ পূর্ব্দোক্ত প্রকৃতিদ্বয় হইতে নিঃস্ত জানিবে, স্থতরাং আমিই সকল জগতের উৎপত্তি ও বিনাশের একমাত্র কারণস্বরূপ ॥৬॥

শ্রীভক্তিবিনোদ—চিদচিৎ সমস্ত জড় ও তটস্থ জগৎ এই তুইটি প্রকৃতি হইতে নিঃসত। অতএব ভগবৎস্বরূপ আমিই সমস্ত-জগতের উৎপত্তি ও প্রলয়ের মৃলহেতু॥ ৬॥

শ্রীবলদেব—এতচ্ছক্রিদ্বয়্দারের সর্বাজগৎকারণতাং স্বস্থাহ,—এতদিতি।
সর্বাণি স্থিরচরাণি ভূতান্যেতদ্যোনীনি উপধারয় বিদ্ধি। এতেইপরপরে ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞশব্যাচ্যে মচ্ছক্রী যোনী কারণভূতে যেষাং তানীত্যর্থঃ। তে চ প্রকৃতী মদীয়ে মত্ত এব সম্ভূতে। অতঃ কংশ্রস্থা স প্রকৃতিকন্তা জগতোইহমের প্রভব উৎপত্তিহেতুঃ—'প্রভবতাশাৎ' ইতি বাৎপত্তঃ তন্ত্র প্রলয়ঃ সংহ্রাপাহমেব—'প্রলীয়তেইনেন' ইতি বাৎপত্তঃ॥ ৬॥

বঙ্গান্ধবাদ—এই পরা ও অপরা শক্তি হুইটির দ্বারাই নিজের সর্ব্বজগতের কারণতার কথা বলা হইতেছে—'এতদিতি', সকল দ্বির ও চর অর্থাৎ স্থাবর ও জঙ্গমরূপ ভৃতগুলির কারণ এই (হুইটি) প্রকৃতিকেই জানিবে। এই অপর ও পর অর্থাৎ ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ-শন্ধবাচ্য আমার হুইটি শক্তি কারণস্বরূপ (জুগং) যোনি, যাহাদের সেইগুলিই। ইহাই অর্থ। সেই হুইটি প্রকৃতি মদীয়া অর্থাৎ আমা হইতেই সম্ভূত হইয়াছে। অতএব এই সমগ্র প্রকৃতির সহিত জগতের আমিই উৎপত্তির কারণ,—"উৎপত্তি হয় ইহা হইতে" এইরূপ ব্যুৎপত্তি আছে, তাহার প্রলয় অর্থাৎ সংহর্তাও আমিই।—'প্রলয় হয় ইহার দ্বারা" এই ব্যুৎপত্তি হেতু॥ ৬॥

প্রতিপাদনম্থে বলিতেছেন। জগতে স্থাবর ও জঙ্গমাত্মক যাহা কিছু দৃষ্ট হইতেছে, তাহা সকলই পূর্বোক্ত প্রকৃতিদ্বর হইতে সম্ভূত। জড়রপা প্রকৃতি অর্থাৎ মায়াশক্তি স্থাবর ও জঙ্গম ভূতদম্হের দেহরূপে পরিণত হয় আর আমার অংশভূতা জীবশক্তি ভোক্তরূপে দেহের মধ্যে প্রবেশকরতঃ স্বীয় কর্ম-ছারা সকলকে ধারণ করে। এতত্ভয়ই আমা হইতে সমূত স্বতরাং আমিই প্রকৃতিসহ এই বিশ্ব-ব্রন্ধাণ্ডের মূল বা পরম কারণ। পরে গীতায় বলিবেন—"ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ স্থাতে সচরাচরম্।" (৯০১০) শুধু যে শ্রীভগবান্ বিশ্বের উৎপত্তির কারণ তাহা নহে, তির্দি এই সংসারের সংহর্ভাও। তিনি যেমন স্বীয় শক্তির দ্বারা স্কন করেন, দেইরূপ স্বীয় শক্তির দ্বারা সংহারও করেন, অতএব এই সংসারের উৎপত্তি ও প্রলয়ের মূল কারণ তিনিই।

স্ষ্টির বিষয়ে শ্রুতিও বলেন—

"দ ঐক্ষত লোকান্ মু স্জা" ( এতরেয়োপনিষৎ-১।১।১)॥ "দ ইমান্ লোকান্ অস্জত' ( ঐত ১।১।২ )

প্রলয়-সম্বন্ধে বিস্তৃত বিবরণ শ্রীমন্তাগবতের ১২ স্বন্ধের ৪র্থ অধ্যায়ে পাওয়া যায়॥ ৬॥

#### মত্তঃ পরতরং নাগ্যৎ কিঞ্চিদন্তি ধনঞ্জয়। ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব ॥ ৭॥

তাষায়—ধনঞ্জয়! মতঃ (আমা হইতে) পরতরং (শ্রেষ্ঠ) অন্তৎ কিঞ্ছিৎ ন অস্তি (আর কিছু নাই) স্ত্রে মণিগণা ইব (স্থতায় মণিসম্হের ন্যায়) ইদং সর্বাং (এই সকল) ময়ি (আমাতে) প্রোতং (গ্রথিত)॥ १॥

তারুবাদ—হে ধনজয়! আমা অপেক্ষা শ্রেষ্ঠ আর কিছুই নাই; স্থতায় যেরূপ মণিগণ গ্রথিত থাকে, সেইরূপ আমাতেই এই সমগ্র বিশ্ব গ্রথিত আছে, অর্থাৎ ওতঃপ্রোতভাবে সংলগ্ন রহিয়াছে॥ ৭॥

শ্রীভক্তিবিনোদ—হে ধনঞ্জয়! আমা হইতে আর কেহ শ্রেষ্ঠ নাই। স্ব্রে যেমত মণিগণ গাঁথা থাকে, সমস্ত বিশ্বই তদ্রপ বিষ্ণুরূপী আমাতে ওতঃপ্রোতরূপে অবস্থান করে॥ ৭॥

ত্রীবলদেব—নমু স্থিরচরয়োরপরপরয়ো: প্রক্ত্যোরপি স্বমেব তচ্ছজিমান্ যোনিরিত্যুক্তেনিখিলজগদ্বীজস্বং তব প্রতীতং, ন তু সর্বপরস্বম্; তচ্চ তদ্বীজা- ত্বভোহস্ত কৈ ততে। যত্ত্বত্বং তদ্বপ্যনাময়ং য এত্ত্বির্ম্তান্তে ভবস্তাথেতরে তৃঃথমেবাপি যন্তি" ইতি শ্রবণাদিতি চেন্তরাহ,—মত্ত ইতি।
মত্তত্বংশথং কৃষ্ণাং প্রতরং শ্রেষ্ঠমন্তং কিঞ্চিদপি নাস্তাহমেব সর্কশ্রেষ্ঠং বন্ধিত্যর্থং। নম্ন "ততো যত্ত্ববত্বম্' ইত্যাদাবন্তথা শ্রতমিতি চেন্মলমেতং ক্ষেদাক্ষমন্তাং; তথাহি "বেদাহমেতং পুরুষং মহাস্তমাদিত্যর্বাং ত্মসঃ পরস্তাং। তমেব বিদ্যানমূত ইহ ভবতি নান্তঃ পদ্বা বিভাতে অয়নায়" ইতি শ্রেতাশ্রতবৈঃ সর্কজগদ্বীজন্ত মহাপুরুষন্ত বিশ্বোজ্ঞানমমূতন্ত পদ্বান্ততো নাজীত্যুপদিশ্য তহপপাদনায় "যন্ত্রাং পরং নাপরমন্তি কিঞ্চিদ্যন্ত্রামাণীয়ো ন জ্যায়োহন্তি কিঞ্চিৎ" ইতি তক্ত্রৈব প্রতমন্তং তদিত্বন্ত তদসংভবঞ্চ প্রতিপাত্ত, "ততো ষত্ত্রবত্রম্" ইত্যাদিনা পূর্ব্বোক্তমেব নিগমিত্য ; ন ত্ ততোহন্তন্তেন্ত্রীমন্তীতি উক্তম্—তথা সতি তেবাং ম্বাবাদিস্বাপত্তেঃ। এবন্যাহ স্ত্রকারঃ,—"তথান্তপ্রতিষেধাং" ইতি। মদন্তন্ত কন্তচিদপি শ্রৈষ্ঠ্যাভাবাদ্যমেব মদন্তসর্কাশ্রম্ব ইত্যাহ,—মন্ধীতি। প্রোতং গ্রথিতং ক্ট্মন্তং,— এতেন চ বিশ্বপালকত্বং স্ব্রোক্তম॥ ৭॥

বঙ্গান্ধনাদ—প্রশ্ন,—স্থির ও চর (স্থাবর এবং জন্সম) অপর ও পর প্রকৃতি ছইটির তুমিই দেই শক্তিমান্ যোনি অর্থাৎ কারণ। এই উক্তি হইতে বৃঝিতে পারা যায় যে, নিথিল জগতের কারণতা তোমাতেই প্রতীত হইতেছে কিন্তু সর্বাপরত্ব নহে; তাহা এবং তাহার বীজ হইতে অর্থাৎ তোমা হইতে অন্তেরই—"তাহা হইতে যাহা উত্তরতর (শ্রেষ্ঠ) তাহা অরূপ ও অনাময়; যাঁহারাইহা জানেন, তাঁহারা অমৃতত্ব প্রাপ্ত হন কিন্তু তদ্ভিশ্ন ব্যক্তিরা তৃঃথকেই ভোগ করে" এইরূপ শুনিতে পাওয়া যায়—ইহা যদি বল; তৎসম্পর্কে বলা হইতেছে—'মত্ত ইতি'। আমা হইতে অর্থাৎ তোমার স্থা কৃষ্ণ হইতে পরতর প্রেষ্ঠ অন্ত কিছুই নাই। আমিই সর্বশ্রেষ্ঠ বস্তু। ইহাই প্রকৃত অর্থ। প্রশ্ন—"তাহা হইতে যাহা উত্তরতর" ইত্যাদিতে অন্তপ্রকার শুনা যায়—ইহা যদি বল, তবে ইহা খুবই মন্দ, নিক্নন্ঠ এবং নিন্দনীয়—কারণ ইহা বিচাররহিত। তথাহি "জানি আমি এই আদিত্যবর্ণ, মহান্ পুরুষকে, ইনি অন্ধকারের পর অর্থাৎ অতীত। তাঁহার জ্ঞানশালী বিদ্যান্ অমৃতত্ব ইহজন্মই লাভ করে। ইহা ভিন্ন অন্ত—পরম মৃক্তির জন্ত অন্ত কোন পথ নাই"।—এই শ্বতাশ্বতর উপনিষ্ঠিনের বাক্যসমূহের দ্বারা—সমস্ত জগতের বীজস্বরূপ মহাপুরুষ বিষ্ণুর জ্ঞানই অমৃত অর্থাৎ পরম

শ্রেষ্ণ লাভের উপায়। ইহা ভিন্ন অন্য উপায় নাই। এই উপদেশ দিয়া পরে তাহারই উপপাদন অর্থাৎ সমর্থনের জন্য "ষাহা হইতে শ্রেষ্ঠ বা অপর কিছুই নাই, যাহা হইতে ক্ষুদ্র ও মহান্ কিছুই নাই" ইহাই তাহার পরম শ্রেষ্ঠত্ব। তদ্ভিন্ন অপর বস্তব অলংভবত্ব প্রতিপাদন করিয়া, "তাহা হইতে যাহা উত্তরতর (শ্রেষ্ঠ)" ইত্যাদির দারা পূর্ব্বের ভক্তিই পুন: বলা হইল। "কিন্তু তাহা হইতে শ্রেষ্ঠ কিছুই নাই" ইহাই বলা হইল—তাহা থাকিলে তাহাদের উপর মিথাবাদিত্বের আপত্তি হয়। এই রকমই বলিয়াছেন স্ব্রকার—"সেই রকম অন্য সব বস্তবেক প্রতিষেধ করা হইয়াছে" ইতি। আমি ভিন্ন অন্য কাহারও শ্রেষ্ঠতা নাই বলিয়া আমিই সব, আমি ভিন্ন অন্য সমস্তই আমার আপ্রতিত্ব বলা ইইতেছে—'ম্য়ীতি'। প্রোত—গ্রথিত (মালা গাথার মত ), অন্য সব সহজ। ইহার দারা নিজেরই বিশ্বপালকত্বের কথা বলা হইল॥ ৭॥

অনুভূষণ—শ্রীকৃষ্ণ জগতের সৃষ্টি ও সংহারের কারণ; ইহা পূর্বশ্লোকে বর্ণন পূর্বাক তিনি যে অন্তর্য্যামী-সুত্রে সকল জগতের স্থিতি ও পালন কর্তা, তাহাও প্রতিপাদন করিতেছেন এবং শ্রীকৃষ্ণই যে পরাংপর-তত্ত্ব তাহাও বলিতেছেন। এ সম্বন্ধে কেহ যদি পূর্ব্বপক্ষ করেন যে, পরা ও অপরা শক্তিদ্যের মূল শক্তিমংতত্ব শ্রীকৃষ্ণ নিখিল জগতের বীজ স্বরূপ হইলেও, তিনি যে সর্বশ্রেষ্ঠ তত্ত্ব তাহা কি প্রকারে বলা যায় ? বীজ হইতেও অন্মের শ্রেষ্ঠত্ব-বিষয়ে শ্রুতি আছে যে,—"তাহা হইতে উত্তরতর অর্থাৎ শ্রেষ্ঠ বস্তু আছে, তাহা অরপ ও অনাময়"। (শ্বেতাশ্বতর ৩।১০)। এই পূর্বাপক্ষের উত্তরে শ্রীকৃষ্ণ স্পষ্ট বলিলেন, তোমার দথা শ্রীকৃষ্ণ হইতে অর্থাৎ আমা হইতে আর শ্রেষ্ঠতর কোন কিছু নাই। আমিই দর্বভোষ্ঠ বস্ত বা তত্ত্ব। শ্রীকৃষ্ণের এইরূপ উক্তি শ্রবণ করিয়াও যদি কেহ পূর্বোক্ত শ্রুতিতে যে বলিয়াছেন—"তাহা হইতে উত্তরতর" ইত্যাদি কথার দারা কৃষ্ণ হইতে শ্রেষ্ঠতত্ত আছে বলিতে প্রয়াস करत ; তाहा रहेल म्लेहरे वला रहेरव रय, के कथा निर्णास मन्न वा निकृष्टे। ষেহেতু ক্ষোদের অক্ষম অর্থাৎ বিচার সহ নহে। শ্বেতাশ্বতর শ্রুতিতেই পাওয়া যায়, "এই পুরুষ অবিভা-তিমিরের পরপারস্থ ব্রহ্মধামে জ্যোতির্ময় ব্রহ্মরূপে व्यविष्ठ ; हेश वाभि कानि। এই পুরুষের স্বরূপ অবগত হইয়া জীব মৃত্যু १रेट म्ब रन। रेराक जाना जित्र भव्यभन-व्याश्वित विजीय भवा नारे।" খেতাশ্বতরের এই বাক্যে সর্ব্ব জগদীজ মহাপুরুষ বিষ্ণুর জ্ঞানই অমৃত লাভের

পথ। ইহা ছাড়া অন্ত পথ নাই—ইহা উপদেশ করিয়া তাহা উপপাদনার্থ বলিতেছেন—"দেই পুরুষ সর্বোত্তম, তাহা হইতে উত্তম আর কিছুই নাই। তিনি অবু হইতেও অণুতর এবং মহান্ হইতেও মহতর। তিনি অবিতীয়, তাহার বিতীয় নাই। তিনি রক্ষের ন্তায় নিশ্চলভাবে স্বীয় মহিমারূপ পুরে অর্থাৎ স্বশক্তিবৈভবরূপ নিজ্ঞধামে অবস্থান করিতেছেন, অথচ তাহারই শক্তিপ্রকাশরূপ বিস্তৃত শাথাপ্রশাথায় এই সংসার পরিপূর্ণ রহিয়াছে। দেই পুরুষ এই জগৎ-কার্য্যের কারণ হইয়াও কারণাতীত। তিনি রূপবান্ হইয়াও প্রাকৃতরূপ-রহিত। তিনি আধ্যাত্মিকাদি তাপ-রহিত অতএব তৃংথ-শোকাদি-সম্বয়-বর্জ্জিত। যাহারা এই পুরুষকে জানেন, তাহারা অমর্ব্য লাভ করেন। আর যাহারা তাহাকে জানে না বা জানিবার চেষ্টাও করে না, তাহারা তৃংথার্ণবে নিমগ্ন হয়।"

স্থাত্বাং এই সকল শ্রুতির অর্থ অনুধাবন করিলে দেখা যায় যে, শ্রীক্ষেরই পরতমত্ব স্থাপন করিয়া, তদিতরের অসম্ভবত্বই প্রতিপাদন করিয়াছেন। 'যত্তর' ইত্যাদির দারাও যে শ্রীক্ষের পরতমত্বই প্রতিপাদিত হইয়াছে; তাহা দেখা যায়। শ্রীকৃষ্ণ হইতে আর শ্রেষ্ঠ কিছু নাই, ইহাই উক্ত হইয়াছে। যদি শেরপ হয়, তাহা হইলে, তাহাদের মিথ্যাবাদের আপত্তি হয়।

বেদান্ত-স্ত্রকারও বলিয়াছেন,—"তথাক্তপ্রতিষেধাৎ" (বেদান্ত দর্শন ৩য় অঃ ২য় পাঃ ৩৭ স্ত্র)।

পূর্ব্বোক্ত স্থত্তের শ্রীবলদেব বিভাভূষণ কত গোবিন্দ-ভাষ্টের শ্রীশ্রামনাল গোস্বামী কত বঙ্গান্ত্বাদ-তাৎপর্য্যে পাওয়া যায়,—

"তাহার পর ভগবানের সর্বাধিক শ্রেষ্ঠত্ব প্রকাশ হইতেছে। তদপেক্ষা অন্থ যদি কেহ শ্রেষ্ঠ হয়েন, তাহাতে ভক্তি অসম্ভব। কিন্তু শ্বেতাশ্বতরে (০৮) 'বেদাহমেতম্' ইত্যাদি বাক্য-দারা ব্রহ্ম সদৃশ সর্বোৎকৃষ্ট বলিয়া নির্দেশ পূর্বক 'ততো যত্তরম্' ইত্যাদি বচন-দারা তাহা হইতেও প্রধান বস্তু আছে, এইরূপ বলিয়াছেন। এই স্থানে সন্দেহ এই যে, আরাধ্য ব্রহ্মাপেক্ষা প্রধান বস্তু আছে কিনা, শব্দের স্বর্গতা প্রযুক্ত আছেনই বলা যাইতে পারে। এইরূপ প্রশ্নের নিরাসার্থ পর স্ত্র আবিদ্ধার করা হইতেছে, আরাধ্য ব্রহ্ম সর্বপ্রধান। তদপেক্ষা প্রধান আর কেহই নাই। কারণ, যাহা হইতে দ্বিতীয় ও কৃষ্ম ও রহৎ কেহ নাই। এই সকল শ্রুতিবাক্য আরাধ্য ব্রহ্ম হইতে অন্তের

প্রাধান্ততার নিবৃত্তি করিয়াছেন, বেদের তাৎপর্যা এই আমি ঐ আদিত্য সদৃশ তমোতীতময় পুরুষকে জানিলাম। তাঁহাকে জানিলে অমৃতত্ব লাভ হয়, এবং পুরুষার্থ প্রাপ্ত হয়। মহাপুরুষের জ্ঞানই অমৃতত্ব লাভের একমাত্র পথ, তদপেক্ষা শ্রেষ্ঠ নাই। ইত্যাদি বাক্য দারা ব্রহ্মের প্রাধান্ত স্বীকার করিয়া বেদ বলিতেছেন যে, যাহারা ব্রহ্মের উত্ররোত্তর অনাময়রূপ বিদিত হয়, তাহারা স্থবীত্ব প্রাপ্ত হয়। অন্তথা তৃংখাদি নিবারণীয় নহে। ইহা দারা ব্রহ্ম হইতে প্রধান বলিয়া কোন বস্তুর উপদেশ করা হয় নাই। যদি ব্রহ্ম হইতে প্রেষ্ঠ বস্তু আছে বলিয়া বলা যায়, তবে গীতাতে আমা হইতে শ্রেষ্ঠ কোন বস্তু নাই, এই ভগবদাক্য মিথ্যা হয়।"

শীক্ষের সর্বশ্রেষ্ঠত্ব বিষয়ে পাওয়া যায়,—

নাভির যজে আবিভূতি হইয়া ভগবান্ নিজেরই অদিতীয়ত্ব বর্ণনা করিয়াছেন—'মমাহমেবাভিরূপ: কৈবল্যাৎ' (ভা: ৫০০১৬)

'মম অহমেবাভিরপ: সদৃশ:, কৈবল্যাদ্দ্বিতীয়ত্বাৎ'—শ্রীধর, অর্থাৎ আমার তুলনা আমিই, কারণ আমি অদ্বিতীয়। শ্বেতাশ্বতর বলেন,—'ন তৎ সমশ্চাভাধিকশ্চ দৃশ্বতে' (৬৮) গীতায়ও পরে অর্জুনের বাক্যে পাওয়া যাইবে,— 'ন ত্বৎ সমোহস্তাভাধিকঃ কুতোহজো' (গী: ১১।৪৩)

শ্রীমহাপ্রভুও বলিয়াছেন,—

"রুষ্ণের স্বরূপ-বিচার শুন, সনাতন। অদ্বয়জ্ঞানতত্ত্ব ব্রজে ব্রজেন্দ্রনন্দন॥ সর্ব্ব-আদি, সর্ব্ব-অংশী, কিশোর-শেথর। চিদানন্দ-দেহ, সর্ব্বাশ্রয়, সর্ব্বেশ্বর॥" চৈঃ চঃ মধ্য ১৫২-১৫৩।

বন্দানংহিতায়ও পাওয়া যায়,—

"ঈশবঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ। অনাদিরাদিঃ গোবিন্দঃ সর্বকারণকারণম্॥" (৫।১)

শ্রীচৈতন্যচরিতামৃতেও পাওয়া যায়,—

"পরম ঈশর কৃষ্ণ—স্বয়ং ভগবান্। সর্বা-অবতারী, সর্বাকারণ প্রধান ॥" ( মধ্য ৮।১৩৩ ) গোপালতাপণী শ্রুতিতে পাওয়া যায়,—

"একো বশী সর্বাণঃ কৃষ্ণঃ কৃষ্ণা একোহপি সন্ বল্ধা যোহবভাতি।"
অর্থাৎ পরব্রহ্ম শ্রীকৃষ্ণ সর্ববশন্মিতা তিনি সর্বব্যাপক, সর্বাঞ্জীব ও সর্বাদেববন্দা;
তিনি অষমজ্ঞান হইয়াও অচিষ্যা-শক্তিবলে বহু প্রকাশ ও বিলাস মূর্ত্তি
প্রকটিত করিয়া থাকেন।

শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

''এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণত্ব ভগবান্ স্বয়ং।''

( ग्राजारम )

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্শ্বেও পাই,—

"কার্যা ও কারণের একর এবং শক্তি ও শক্তিমানের ঐকা-হেতৃ তাহা হইতে আর শ্রেষ্ঠ কিছুই নাই। ছান্দোগা শ্রুতিতেও পাওয়া যায়, ''এই বিশ্বস্থাইর পূর্বে এক, অন্বিতীয় সংবস্তমাত্র ছিলেন।'' (ছা:-৬।২।১) এবং বৃহদারণাক শ্রুতিও বলেন,—'একমাত্র অন্বয় ব্রহ্ম বাতীত নানারূপ কিছুই নাই।' এই প্রকারে নিজের সর্বাত্মকত্ব বলিয়া সর্বান্ত-র্যামিরও বলিতেছেন,—'ময়ি' ইত্যাদি। সর্বমিদং—চিং ও জড়াত্মক জগৎ আমার কার্যা বলিয়া মদাত্মকও পুনঃ অন্তর্যামী আমাতে প্রোত—গ্রাথত, যেরূপ স্ত্রে মনিগণ গ্রাথত''॥ ৭॥

## রসোহহমক্ষ্, কোন্ডেয় প্রভান্মি শশিস্ব্যয়োঃ। প্রণরঃ সর্ববেদেযু শব্দঃ খে পৌরুষং নৃষু॥ ৮॥

তার্য্য — কোন্তের ! অহং (আমি) অপ্স্থ (জলে) রসঃ (রস )
শশিস্থায়োঃ ('চন্দ্র-স্থারে) প্রভা (জ্যোতি) সর্ববেদেষ্ (সকল বেদে)
প্রণবঃ (ওঁকার) থে (আকাশে) শবঃ, নৃষ্ (নরে) পৌরুষং (পুরুষাকার)
অমি (হই)॥৮॥

অনুবাদ—হে কৌন্তেয় ! আমিই জলের রস, চক্র-স্থাের প্রভা, সকল বেদের মূলভূত প্রণব, আকাশের শব্দ এবং মহয়গণের পুরুষাকার ॥ ৮॥

শ্রীভক্তিবিনোদ—হে কৌন্তেয়! আমি জলের রস, চক্রতর্যোর প্রভা, সর্ববেদের প্রণব, আকাশের শব্দ, মহয়গণের পৌক্ষ॥৮॥

শ্রীবলদেব—তত্তং দর্শয়তি,—রসোহহমিতি পঞ্জি:। অপ্সুরসোহহং

রসতনাত্রমা বিভূতা। তাং পালয়ন্ তাস্বহং বর্ততে, তাং বিনা তাসামস্থিতে:।
শশিনি স্থাঁে বাহং প্রভাস্মি প্রভয়া বিভূতা। তো পালয়ন্ তয়োরহং বর্তে;
এবং পরত্র দ্রন্তবাস্। বৈথরীরূপেষ্ সর্ববেদেষ্ তন্মূলভূতঃ প্রণবোহহম্;
থে নভসি শব্দস্মাত্রলক্ষণোহহম্; নৃষ্ পৌরুষং ফলবাস্তমোহহম্,—তেনৈব
তেষাং স্থিতে: ॥ ৮ ॥

বঙ্গান্ধবাদ—তত্তকে দেখাইতেছেন—'রদোহহমিতি পঞ্চতি:'। জলেতে আমি রস অর্থাৎ রসত্মাত্ররপ বিভৃতির দ্বারা জনসমূহকে পালন (রক্ষণ) করিতে করিতে সেই জলেতেই আমি অবস্থান করি। কারণ তাহা তির (রসত্মাত্রতাতির) জলের স্থিতি থাকিতে পারে না। চক্রে অথবা স্প্রোআমি প্রভারপে বর্ত্তমান থাকি; আমি প্রভারপ বিভৃতির দ্বারা চক্র ও স্থাকে রক্ষা করিতে করিতে সেই চক্র ও স্থাই আমি অবস্থান করি। এই রকম পরেও জানিবে। বৈথরীরপ অর্থাৎ সভঃপ্রমাণ ও স্থবিস্কৃত সমস্তবেদের মধ্যে আমি বেদের মূলস্বরূপ প্রণব অর্থাৎ ওঁকার। আকাশে আমি শব্দ অর্থাৎ শব্দত্রমাত্র-লক্ষণ-সম্পন্ন আমি। প্রভ্যেক সাম্বার আমি পৌরুষ অর্থাৎ কলশালী উত্তম আমি—সেই কারণেই তাহাদের অবস্থান সম্ভব হয়॥ ৮॥

তার তুমণ — শ্রীভগবান্ বর্ত্তমানে পাঁচটি শ্লোকে বিস্তারিতভাবে জগতের স্থিতির কারণতা প্রান্ত করিয়া বুঝাইতেছেন এবং সমগ্র জগং যে তাঁহাতেই গ্রথিত আছে, তাহাই দেখাইতেছেন। রসতনাত্তরপ বিভূতিক্রমে জলে রসরূপে আমিই অবস্থান করি অর্থাৎ জলের যে সার মধ্রতাদি তাহা আমার আশ্রয়ে রক্ষিত হয়। চন্দ্র ও স্থায়ে যে প্রভা দেখা যায়, উহাও আমিই। কারণ প্রভারপ বিভূতিক্রমে তাহাদের আশ্রয়রূপে আমি বর্ত্তনান থাকি। এইরপ সমগ্র বেদের আমিই ম্লম্বরূপ প্রণব বা ওঁকার। আকাশে শ্রতনাত্র এবং মন্থয়ে উন্থমরূপ প্রেক্ত আমারই আশ্রিত।

ভ্রামন্তাগবতেও পাওয়া যায়,—

"অপাং রদশ্চ পরমস্তেজিষ্ঠানাং বিভাবস্থঃ।
প্রভা স্ব্যোন্দৃতারাণাং শব্দোহহং নভদঃ পরঃ ॥" ১১।১৬।৩৪
এ-বিষয়ে গীতায় পরে আরও দশম অধ্যায়ে পাওয়া যাইবে। ৮॥

## পুণ্যো গদ্ধঃ পৃথিব্যাঞ্চ ভেজন্চান্মি বিভাবসো। জীবনং সর্ব্বভূতেষু তপশ্চান্মি তপস্বিষু॥ ৯॥

তাষ্ম্য — [ অহং — আমি ] পৃথিবাাম্চ পুণাঃ গদ্ধঃ (পৃথিবীরও পবিত্র গদ্ধ ) বিভাবদৌচ ( অগ্নিরও ) তেজঃ, সর্বভূতেয়ু ( সর্বভূতের ) জীবনং ( আয়ু ) তপস্বিষুচ ( এবং তপস্বিগণের ) তপঃ ( তপঃশক্তি ) অস্মি ( হই ) ॥ २॥

অনুবাদ—আমি পৃথিবীর পবিত্র গন্ধস্বরূপ, অগ্নির তেজঃস্বরূপ, যাবতীয় ভূতের জীবনস্বরূপ এবং তপস্থিগণের তপঃস্বরূপ ॥ २॥

শ্রীভক্তিবিনোদ—আমি পৃথিবীর পুণাগন্ধ, সূর্যোর তেজ, সর্বভূতের জীবন, তপস্থীর তপ ॥ ১॥

শ্রীবলদেব—পুণ্যাথবিকতো গদ্ধসন্মাত্রলক্ষণঃ; চকারো রসাদীনাস্থ্যপি পুণাত্সমৃচ্চায়কঃ। বিভাবসৌ বহুৌ তেজঃ সর্কবন্তপচনপ্রকাশনাদিসামর্থারপম্, চশকাঘায়ৌ যঃ পুণাঃ স্পর্শ উফ্পর্শব্যাকুলানামাপায়কঃ সোথ্যমিতি বোধাম্। জীবনমায়্স্তপো দ্বন্দহনম্॥ ১॥

বঙ্গান্তবাদ—পুণ্য অবিকৃত গদ্ধবিশিষ্ট তন্মাত্রলক্ষণ স্বরূপ আমি চ কারের অর্থ—রুমাদিরও পুণাত্ব-সমৃচ্চায়ক। বিভাবস্থতে (অগ্নিতে) আমি তেজ অর্থাৎ সমস্ত বস্তুর পচন (পাক, পরিপক্তা) প্রকাশনাদিনামর্থা-স্বরূপ। চ শব্দ হইতে, বায়ুতে যেই পুণ্য পবিত্র গদ্ধ অর্থাৎ উদ্দর্শন্দি বাাকুলিত জনগণের শান্তিদায়ক, সেও আমি জানিবে। জীবন-শব্দের অর্থ আয়ুং, তপংশব্দের অর্থ (শীত ও উষ্ণরূপ) দ্বন্দ্বসহ্ন ॥ ১॥

অসুভূষণ—পৃথিবীর অবিকৃত পবিত্র গন্ধ স্বরূপ, অগ্নির সর্ববস্থর পচন, প্রকাশনাদি সামর্থারূপ, সর্বভূতের জীবনস্বরূপ আরু এবং তপস্থিগণের তপংস্বরূপ অর্থাৎ শীত, উষ্ণ, কৃং, পিপাসা দ্বন্দ-বিষয়ের সহনশীলতা প্রভৃতিও আমি অর্থাৎ আমার আশ্রয়েই সিদ্ধ হয়॥ ১॥

## বীজং মাং সর্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্। বুদ্ধিবু দ্ধিমতামন্মি তেজস্তেজস্বিনামহম্॥ ১০॥

তার্য়—পার্থ! মাং (আমাকে) সর্বভূতানাং (সর্বভূতের) সনাতনম্ (নিতা) বীজং (কারণ) বিদ্ধি (জান) অহং (আমি) বৃদ্ধিমতাম্ (বৃদ্ধিমান-গণের) বৃদ্ধিং, তেজস্বিনাম্ (তেজস্বিগণের) তেজঃ অস্মি (হই)॥ ১০॥ অসুবাদ —হে পার্থ! আমাকে সর্বভৃতের নিত্য কারণ বলিয়া জানিবে, আমি বৃদ্ধিমানগণের বৃদ্ধি এবং তেজস্বিগণের তেজংস্বরূপ ॥ ১০ ॥

শ্রীভক্তিবিনোদ—আমি সর্বভ্তের সনাতন বীজ, বৃদ্ধিমানের বৃদ্ধি, তেজস্বীর তেজ ॥ ১০ ॥

ত্রীবলদেব—বীজমিতি। সর্বভূতানাং চরাচরাণাং যদেকবাজং সনাতনং নিতাং, ন তু প্রতিব্যক্তিভিন্নমনিতাং বা তৎ প্রধানাখাং সর্ববীজং মামেব বিদ্ধি তদ্রপয়া বিভূত্যা তাগ্যহং পালয়ামি। তৎপরেণ হি তানি পুষ্যন্তে। বৃদ্ধিঃ সারা-সারবিবেকবতী, তেজঃ প্রাগল্ভাং পরাভিভবসামর্থাং পরানভিভাব্যত্বঞ্চ ॥ ১০ ॥

বঙ্গামুবাদ—'বীজমিতি' চর ও অচর অর্থাৎ জঙ্গম ও স্থাবর সমস্ত প্রাণীর একমাত্র বীজ সনাতন অর্থাৎ নিতা আমি কিন্তু প্রতি ব্যক্তি-ভেদে ভিন্ন ও অনিতা নহি। অতএব নেই প্রধানাথা সকলের বীজ আমাকেই জানিবে। সেই প্রধানরপ বিভূতির দ্বারা সেই গুলিকে আমি পালন করিতেছি। তংপরতায় সেই গুলি পৃষ্টি লাভ করিতেছে। বৃদ্ধি—সার ও অসার-বিবেকশালিনী; তেজ—পরকে অভিভব করার সামর্থাম্বরূপ প্রগলভতা এবং পরের অনভিভাব্যন্ত ॥১০॥

অনুভূষণ—স্থাবর, জন্সম সর্বভূতের একমাত্র সনাতন, আদি-বীজ আমি।
প্রতি স্বতন্ত্র-ব্যক্তিতে অনুস্যাত থাকিলেও আমি কথনই অনিত্য নহি।
অব্যাক্নতরূপ আমাকেই সকল ভূতের বীজ বলিয়া জানিবে। বিশ্বের কোন
পদার্থ ই সর্ববীজ স্বরূপ ভগবদাশ্রয়-রহিত নহে। আমি বৃদ্ধিমানদিগের
সারাসার-বিবেকবতী বৃদ্ধিস্বরূপ; তেজস্বিগণের অপরকে পরাভূত করিবার
সামর্থারূপ তেজ, তাহাও আমি। স্বতরাং সকল বস্তুই আমাতে প্রোত
অর্থাৎ গ্রথিত॥ ১০॥

#### বলং বলবভাং চাহং কামরাগবিবর্জ্জিভম্। ধর্মাবিরুদ্ধো ভূতেযু কামোহস্মি ভরভর্ষভ॥ ১১॥

তাষয়—ভরতর্বত ! (হে ভরতকুলশ্রেষ্ঠ !) অহং (আমি) বলবতাং ( বলবানদিগের ) কামরাগবিবজ্জিতং ( আকাজ্জা ও আসক্তিশ্ন্ম ) বলং ( বল ) চ
( এবং ) ভূতেষ্ ( ভূতগণের মধ্যে ) ধর্ম-অবিকন্ধ ( ধর্মসঙ্গত ) কামঃ অম্মি
( পুরোৎপত্তিমাত্রোপযোগী কামস্বরূপ হই ) ॥ ১১ ॥

অনুবাদ—হে ভরতর্বত! আমি বলবান্ পুরুষদিগের কাম ও রাগশ্র বল এবং সর্বপ্রাণিগণে পুত্রোৎপত্তিমাত্রোপযোগী কামস্বরূপ ॥ ১১॥ **শ্রীভক্তিবিনোদ**—আমি বলবানের কামরাগবিবর্জ্জিত বল এবং ধর্মসমত কাম অর্থাৎ সন্তানোৎপত্তির জন্ম বিবাহিত-স্ত্রীসঙ্গরূপ কাম ॥ ১১॥

শ্রীবলদেব—কাম: স্বজীবিকাগুভিলাম: রাগস্ত প্রাপ্তেইপ্যভিলমিতেইর্থে পুনস্তভোইপ্যধিকেইর্থে চিত্তরঞ্জনাত্মকোইভিতৃষ্ণাপরনামা, তাভ্যাং বিবর্জিতং বলং স্বধর্মাইছানসামর্থ্যমিত্যর্থ:। ধর্মাবিরুদ্ধ: স্বপত্নাং পুরোংপত্তি-মাত্রহেতু:॥ ১১॥

বঙ্গানুবাদ — কাম — স্বীয় জীবিকার জন্ম অভিলাষ, কিন্তু রাগ শব্দের অর্থ — অভিলাষিত বস্তুর প্রাপ্তি হইলেও পুনরায় তাহার চেয়েও অধিক অভিলাষিত বস্তুতে চিত্তরঞ্জনমূলক অভিশয় তৃষ্ণার নাম। সেই বল — কাম ও রাগের দ্বারা বর্জিত স্বধর্মের অনুষ্ঠানে সামর্থা। ইহাই অর্থ। ধর্মের অবিরুদ্ধ বিধিপূর্ব্বক বিবাহিত পত্নীতে পুত্র-উৎপাদনের জন্ম স্বীসঙ্গ-রূপ কাম॥ ১১॥

অনুত্বণ—কাম শব্দে স্বীয় জীবিকা নির্কাহের নিমিত্ত অভিলাষ, ইহা রাজস। রাগ—অভিলষিত বিষয় পাইয়াও পুনরায় তাহা অপেক্ষা অধিক বিষয় পাইতে চিত্তরঞ্জনমূলক তৃষ্ণা, —ইহা তামস, এই উভয় কর্ত্তক বিজ্ঞিত। স্বধর্মাহান্তানের সামর্থ্যরূপ বল আমি এবং ধর্মের অবিরুদ্ধ স্বীয় ভার্যাতে পুত্রোৎপাদনমাত্র উপযোগী কামও আমি॥ ১১॥

## যে চৈব সান্ত্ৰিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে। মত্ত এবেতি ভান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি॥ ১২॥

তাষয়—যে এব সান্তিকাঃ ভাবাঃ ( যাবতীয় সান্তিক ভাবসমূহ ) যে চ ( এবং যাহারা ) রাজসাঃ তামসাঃ চ ( রাজসিক ও তামসিক ) তান্ সর্বান্ ( সে সকল ) মত্ত এব ( আমা হইতেই ) ইতি বিদ্ধি ( ইহা জানিবে ) তেষ্ ( সে সকলে ) অহং ন ( আমি নহি ) তু ( কিন্তু ) তে ( তাহারা ) মিয়ি ( আমাতে ) ॥ ১২ ॥

অনুবাদ—যাবতীয় সান্তিক, রাজসিক ও তামসিক ভাবসমূহ আমার প্রকৃতির গুণকার্য্য বলিয়া জানিবে, আমি সে সকলের অধীন নহি কিন্তু তাহারা আমার শক্তির অধীন ॥ ১২॥

প্রীভক্তিবিলোদ—সাত্তিক, রাজসিক ও তামসিক যতপ্রকার ভাব আছে,

সে সম্দয়ই আমার প্রকৃতির গুণকার্যা; আমি সেই সব গুণ হইতে স্বাধীন, সে সম্দয় আমার শক্তির অধীন ॥ ১২ ॥

ত্রীবলদেব—এবং কাশ্চিদ্বিভূতিরভিধায় সমাসেন সর্বাস্তাঃ প্রাহ,—যে চৈবেতি। যে মিথো বিলক্ষণস্বভাবাঃ সান্ত্রিকাদয়ো ভাবাঃ প্রাণিনাং শরীরেন্দ্রিয়বিষয়াত্মনা তৎকারণত্বেন চাবস্থিতাস্তান্ সর্বান্ তত্তচ্চক্রপেতানত এবোপপন্নান্ বিদ্ধি। ন ত্বং তেষ্ বর্তে নৈবাহং তদধীনস্থিতিঃ,—তে ময়ি মদধীনস্থিতয় ইতার্থঃ॥ ১২॥

বঙ্গানুবাদ—এইভাবে কতকগুলি (ভগবানের) বিভৃতির বিষয় বলিয়া (এখানে) সংক্ষেপে সমস্ত বিভৃতির কথাই বলা হইতেছে—'যে চৈবেতি'। যেই সকল পরম্পর বিলক্ষণ (বিরুদ্ধ) স্বভাব সান্ত্বিকাদি ভাব প্রাণীদিগের শরীর, ইন্দ্রিয়, বিষয়রূপে এবং তাহাদের কারণরূপে অবস্থিত আছে, সেই সকলকে ও তত্তং শক্তিযুক্ত সকলকে আমা হইতেই উৎপন্ন বলিয়া জানিবে। আমি কিন্তু তাহাদের অধীন হইয়া থাকি না, তাহারাই আমার অধীন হইয়া অবস্থান করে॥ ১২॥

অনুভূষণ— শীভগবান্ পূর্বে কতকগুলি বিভৃতির বিষয় বর্ণন করিয়া এক্ষণে একসঙ্গে দকলগুলিই বলিতেছেন। দান্ত্রিক, রাজদিক, তামদিকভাবদমূহ বিলক্ষণস্বভাব অর্থাং বিরুদ্ধ-ধর্মাক্রান্ত। যেমন শমদমাদি ও দেবাদি সান্ত্রিক; হর্ষ, দর্পাদি ও অস্থ্রাদি রাজদিক এবং শোকমোহাদি ও রাক্ষসাদি তামদিক। এই দকল প্রাণিপণের ভোগা, দেহ, ইন্দ্রিয়সমূহের হেতুরূপে অবস্থিত; তৎসমন্তই আমার প্রকৃতি-গুণ-জাত স্থতরাং আমা হইতেই উৎপন্ন। কিন্তু আমি কখনও জীবের ন্যায় তাহাদের অধীন নহি, তাহারা আমার অধীনভাবেই অবস্থান করে।

শীভগবান্ যে প্রকৃতির মধ্যে আদিয়াও প্রকৃতির অধীন হন না, স্বাধীনই পাকেন, তাহা শীমদ্ভাগবতেও পাওয়া যায়,—

"এতদীশনমীশস্ম প্রকৃতিস্থোহপি তদ্গুণৈ: ন যুক্তাতে" (১১১১৬৮)

শ্রীগোপাল-তাপণী উপনিষদেও আছে,—

"সন্থাদয়ো ন সন্তীশে বত্র চ প্রাকৃতাগুণাঃ'

শ্রীচৈতন্যচরি তামতেও পাওয়া যায়,—

"যগপ তিনের মায়া লইয়া ব্যবহার। তথাপি তৎস্পর্শ নাই, সবে মায়া পার॥" ( আদি ২।৫৪ )

আরও

"প্রকৃতি-সহিত তাঁর উভয় সম্বন্ধ। তথাপি প্রকৃতি-সহ নাহি স্পর্শগন্ধ॥" ( আদি ৫৮৬ )॥ ১২॥

ত্রিভিগু নমরৈর্জাবৈরেভিঃ সর্বামিদং জগৎ। মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্॥ ১৩॥

অন্বয়—এভি: (পূর্ব্বোক্ত এই) ত্রিভি: গুণম্বৈ: ভাবৈ: (ত্রিবিধ গুণম্য ভাবের দ্বারা) ইদং (এই) দর্বাম্ জগৎ (দকল জগৎ) মোহিতং (মোহিত) এভা: পরম্ (এই ত্রিগুণাতীত) অবায়ং মাং (অব্যয়স্বরূপ অর্থাৎ অবিনাশী আমাকে) ন অভিজানাতি (জানিতে পারে না)॥ ১৩॥

অসুবাদ—পূর্বোক্ত সত্ত, রজ, ও তমো-গুণের দ্বারা এই সমস্ত জগৎ মোহিত, ঐ সমস্ত গুণ হইতে অতীত অব্যয়স্বরূপ আমাকে লোকে জানিতে পারে না॥ ১৩॥

শ্রীভক্তিবিনোদ—আমার অপরা প্রকৃতির সন্থ, রজ ও তম,—এই তিনটি তুণ; সেই গুণত্রম-দ্বারা দমস্ত জগৎ মোহিত আছে। তজ্জ্য ঐ সমস্ত গুণ হইতে স্বতন্ত্র অব্যয় কৃষ্ণস্বরূপ আমাকে লোকে জানিতে পারে না॥ ১৩॥

শীবলদেব—অথ শক্তিদ্বয়বিবিক্তং স্বস্থা ধ্যেয়স্বরূপং দর্শয়ন্ তস্থাজ্ঞানে তদাসক্তিমেব হেতুমাহ,—ত্রিভিরিতি। এতিঃ পূর্ব্বোদিতৈও পময়ের্ময়ায়া-গুণকার্ট্যান্ত্রিবিধৈঃ সাত্ত্বিকাদিভিভাবৈভবনধর্মিভিঃ ক্ষণপরিণামিভিস্তত্বংকর্মায়্র-গুণশারীরেন্দ্রিরবিষয়ায়্মনাবস্থিতৈর্মোহিতমবিবেকিতাং নীতং সং সর্বমিদং জগৎ স্বরাস্থ্রমহাজ্ঞালাত্মনাবস্থিতং জীবরৃদ্দং কর্ত্ব এভাঃ সাত্বিকাদিভাগ ভাবেভাঃ পরং তৈরস্পৃষ্টমনস্তকল্যাণগুণরত্বাকরং বিজ্ঞানানন্দ্রনং সর্বেশ্বর-মব্যয়মপ্রচ্যুত্রভাবং মাং কৃষ্ণং নাভিজ্ঞানাতি প্রত্যুতাক্ষরতি ॥ ১৩ ॥

বঙ্গান্সবাদ—অনন্তর (পরা ও অপরা) শক্তিষয়বিবিক্ত নিজের ধ্যেয় স্বরূপ দেখাইতে অভিলাধী হইয়া তাহার অজ্ঞানের কারণ তাহাতে আদক্তিই— ইহাই ব্যক্ত করিতেছেন—'ত্রিভিরিতি'। এই পূর্বেজি গুণময়, আমার মায়া-গুণের কার্যায়ন্ত্রপ দার্থিক, রাজিদিক ও তামদিক ত্রিবিধ, ক্ষণে ক্ষণে পরিণামী, ভবনধর্মী (উৎপত্তিশালী) ও তত্তৎকর্মাত্ররপ শরীর, ইন্দ্রিয় ও তত্ত্ব-ছিষয় পূর্বেভাবের হারা মোহিত অবিবেক-দশায় উপস্থাপিত হইয়া এই দমস্ত জগৎ অর্থাৎ দেবতা, অস্তর ও মহা্যাদিরপে অবস্থিত জীবদকল কর্তৃপদ দার্থিকাদি ভাবের অতীত এবং দার্থিকাদি গুণত্রয়ের হারা অসংস্পৃষ্ট, অনস্ত-কল্যাণগুণরত্বাকর বিজ্ঞানানন্দে (ঘন) প্রপ্রিত, দর্বেশ্বর, অব্যয়, প্রচ্যুতিস্থিতারহীন শ্রীকৃষ্ণ আমাকে জানিতে পারে না বর্ষণ আমার প্রতি আরপ্ত দোষ প্রদর্শন করে॥ ১৩॥

অনুভূষণ—পরা ও অপরা শক্তির অধীশর শ্রীভগবানকে জীব কেন জানিতে পারে না, তাহার কারণ বলিতে গিয়া বলিতেছেন যে, পূর্ব্বোক্ত সন্থ, রজঃ ও তমোগুণাত্মক ভাবসমূহের প্রভাবে সমগ্র জগজ্জীব বিবেকবিহীন হওয়ায় সংসার-ধর্মী হইয়া ক্ষণপরিণামশাল কর্মান্ত্মারে শরীরাদি লাভ পূর্ব্বক সংসারে এমন মোহাচ্ছন্ন হয় যে, সেই সকল গুণ হইতে সম্পূর্ণ বিলক্ষণ ও তৎসম্পর্কশৃত্য, গুণাতীত, নির্বিকার, অব্যয়্ম, অনন্তকল্যাণগুণরত্মাকর বিজ্ঞানানল্যন, সর্ব্বেশ্ব, নিত্যবস্তু শ্রীকৃষ্ণকে জানিতে তো পারেই না; অধিকন্ত তর্ভাগ্যবশতঃ অন্তর্মা প্রকাশ করিয়া থাকে।

শ্রীচৈততাচরিতামতেও পাওয়া যায়,—

"অপ্রাক্ত বস্তু নহে প্রাক্ত-গোচর। বেদ-পুরাণেতে এই কহে নিরন্তর॥" ( মধ্য ১।১৯৫ )॥ ১৩॥

দৈবী ছেষা গুণময়ী মম মায়া তুরভ্যয়া। মামেব যে প্রপাতত্তে মায়ামেতাং ভরন্তি ভে ॥১৪॥

অন্বয়—এষা (এই) দৈবী (অলোকিকী) গুণমরী (গুণান্মিকা) মম মায়া (আমার মায়া) ত্রতায়া হি (নিশ্চয় ত্তরা) ষে (যাঁহারা) মাম্ এব (আমাকেই) প্রপত্তে (আশ্রয় করেন) তে (তাঁহারা) এতাম্ মায়াম্ (এই মায়া) তরন্তি (অতিক্রম করেন)॥ ১৪॥

অনুবাদ—এই অলৌকিকী গুণময়ী আমার বহিরঙ্গাশক্তি মায়া নিশ্চয়

ত্বতিক্রমণীয়া, তথাপি যাঁহারা একমাত্র আমাকেই আশ্রয় করেন, তাঁহারা এই ত্বত্যয়া মায়া অতিক্রম করিতে পারেন ॥১৪॥

শীভজিবিনোদ—এই মায়া—আমারই শজি, অতএব হর্মল-জীবের পক্ষে স্বভাবতঃ হরতায়া অর্থাৎ হরতিক্রমা। যাঁহারা আমার ভগবৎস্বরূপের প্রপত্তি স্বীকার করেন, তাঁহারাই এই মায়াসমূদ্র পার হইতে পারেন, অর্থাৎ কর্ম্ম-জ্ঞান-দ্বারা বা অক্তাদেব-প্রপত্তি-দ্বারা মায়া পার হইতে পারেন না ॥১৪॥

শ্রীবলদেব—নত্ব ত্রিগুণায়ান্তর্মায়ায়া নিতাপান্তকেতৃকস্থ মোহস্থ বিনিবৃত্তিতুর্ঘটেতি চেৎ তত্রাহ—দৈবীতি। মম সর্বেশ্বরস্থাবিতর্ক্যাতিবিচিত্রানন্তবিশ্বশ্রন্থইবেষা মায়া দৈবী—অলোকিক্যতাভূতেতার্থং, তাদৃগ্,বিশ্বদর্গোপকরণথাৎ।
শ্রুতিশ্চেবমাহ,—"মায়াং তু প্রকৃতিং বিছান্মায়িনং তু মহেশ্বরম্" ইত্যাছা।
শুণময়ী সন্থাদিগুণত্রয়াত্মিকা; শ্লেষেণ, ত্রিগুণিতা রজ্জ্বিবাতিদৃঢ়তয়া জীবানাং
বন্ধহেতুং। অতো ত্রতায়া তেষাং ত্রতিক্রমা; রজ্জ্পক্ষে, চ্ছেন্ত্ মৃদ্গ্রথিতং
চ তৈরশক্যেতার্থং। যছ্পোতাদৃশী, তথাপি মদ্ভক্ত্যা তিদ্বনিবৃত্তিঃ স্থাদিত্যাহ,
—মামিতি। মাং সর্বেশ্বরং মায়ানিয়স্তারং স্ব-প্রপন্নবাৎসল্যনীবধিং কৃষ্ণং যে
তাদৃশন্তপ্রসঙ্গাৎ প্রপত্তকে শরণং গছস্তি, তে এতামর্ণবিমিবাপারাং মায়াং
গোম্পাদোদকাঞ্চলিমিবাশ্রমেণ তরন্তি; তাং তীর্ত্বানন্দিকরসং প্রসাদাভিম্থং
স্বন্ধামিনং মাং প্রাপুর্ব্তীতি। 'মামেব' ইত্যেবকারো মদন্তেষাং বিধিক্রাদ্যীনাং প্রপত্ত্যা তম্পান্তরণং নেত্যাহ; শ্রুতিশ্বেমাহ,—"হ্মেব বিদিঘা"
ইত্যাছা, মৃচুকৃন্দং প্রতি দেবাশ্চ,—"বরং বৃণীম্ব ভদ্রং তে ঋতে কৈবলামছ্ব নঃ।
এক এবেশ্বরক্তক্ত্ব ভগবান্ বিষ্ণুরবায়ঃ॥" ইতি; ঘন্টাকর্গং প্রতি শিবশ্চ,—
"ম্ক্রিপ্রদাতা সর্বেষাং বিষ্ণুরের ন সংশন্ধঃ" ইতি॥ ১৪॥

বঙ্গান্তবাদ—প্রশ্ন—ত্রিগুণাত্মিকা অর্থাৎ সত্ব, রজ ও তমোগুণাত্মিকা সেই
মায়ার নিতাত্ম-হেতু; সেই মায়াজনিত মোহের বিশেষরূপে নিবৃত্তি করা অর্থাৎ
সম্লে উৎপাটন করা খুবই তুঃসাধ্য বা কষ্টসাধ্য যদি বলা হয়, তহত্তরে বলা
হইতেছে—'দৈবীতি'। সর্বেশ্বর, তর্কের অতীত, অতিশয় বিচিত্র ও অনস্ত
বিশ্ব-প্রষ্টা আমার এই মায়া দৈবী—অর্থাৎ অলোকিকী ও অতিশয় অভ্
ত
শক্তি-সম্পন্না। ইহাই অর্থ, কারণ—সেইরূপ বিশ্বস্থাইর উপকরণ বলিয়া।
শ্রুতিও এই প্রকার বলিয়াছেন—"মায়া কিন্তু প্রকৃতিকে জানিবে কিন্তু
মহেশ্বরকে (শ্রীকৃষ্ণকে) মায়িরূপে জানিবে" ইত্যাদি। গুণময়ী—সত্তাদি-

ধর্ম পরিত্যাগ করিয়া একমাত্র আমার শরণাগত হও' এই ভগবদ্ধক্তির মর্মান্ত্সারে সকল প্রকার ধর্ম পরিহার করতঃ অনন্তমনে সর্কাত্মা-দ্বারা স্বাত্মভূততত্ত্ব আমাকেই যিনি প্রপত্তিপূর্বক ভন্তনা করেন, তিনি সর্বভূত-চিত্তবিমোহিনী এই মায়াকে অতিক্রম করেন অর্থাৎ সংসার-বন্ধন হইতে মৃক্ত হন।"

শ্রীমধুস্থদন সরস্বতীপাদের টীকার মর্শ্বেও পাই,—"তমেব বিদিত্বাতি-মৃত্যুমেতি' অর্থাৎ তাঁহাকেই জানিয়া মৃক্তি লাভ করেন। এই শ্রুতি-বাক্য উদ্ধার করিয়া তিনিও লিখিয়াছেন, — যাঁহারা আমাকেই ( শ্রীকৃষ্ণকেই ) এক-মাত্র শরণ্য-বিচারে সর্বান্তঃকরণে সর্বতোভাবে আত্মসমর্পণ পূর্বক ভজনা করেন, তাঁহার। মায়া জয় করিতে সমর্থ হন। ঈদৃশ অনস্তদৌন্দর্য্যের সারসর্ব্বস্থ, যাবতীয় কলাসমূহের-নিলয়স্বরূপ, নবোদ্ভিন্ননলিনীলাঞ্ছিত-শোভাশালী চরণ-কমলদম্পন্ন, অনবরত বংশীবাদন-নিরত, বৃন্দাবন-লীলা-विनामी, शावर्कनधात्री, शाभान, मिल्भान-कःमानि इष्टे नमनकात्री, नवीन-জলধর-শোভাদর্বস্থ, পরমানন্দঘনময়, শ্রীভগবান্ বাস্থদেবকে নিরম্ভর চিম্তা করিতে করিতে যিনি জীবন যাপন করেন, তিনিই ভগবৎ-প্রেমরূপ মহানন্দ-সাগরে নিমগ্ন চিত্ত। তাদৃশ সাধুকে মায়ার গুণবিকারে কখনই অভিভূত করিতে পারে না। কোপন-স্থভাব তপোধনের সমুথ হইতে পতিতা বার-বিলাসিনী যেরপ সভয়ে স্থদূরে প্রস্থান করে, তব্রপ মায়াও আমার বিলাস-বিনোদ-কুশল ভক্তগণের, মায়া-উন্মূলনের সামর্থ্য আছে জানিয়া শক্ষমানা হইয়া সেই ভক্তের সমুখ হইতে অপস্ত হয়। অতএব যাঁহার মায়া অতিক্রমের অভিলাষ আছে, তিনি ঈদৃশ আমাকেই একান্ত অসুরাগের সহিত সতত চিন্তাপরায়ণ হউন, ইহাই শ্রীভগবানের অভিপ্রায়।"

শ্রীমন্তাগবতেও ব্রহ্মার স্তবে পাওয়া যায়,—

"ন যস্ত ক চাতিতিতত্তি মায়াং জনো মুছতি বেদ নার্থম্" (৮।৫।৩০)

যে মায়া-দ্বারা লোক মোহিত হয়, এবং আত্মস্বরূপ জানিতে পারে না, যাহার সেই মায়া কেহই অতিক্রম করিতে সমর্থ হয় না।

"ঈশরশু ভগবতো বিফোর্বশবর্ত্তিগা মায়য়া জীবলোকোহয়ং" (ভাঃ ৫।১৪।১) শ্লোকের দীকায় শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,—"শ্রীশুকদেব স্পষ্টই বলিয়াছেন,— সেই এই প্রসিদ্ধ জীবলোক অর্থাৎ জীবসমূহ সংসারাট্বী লাভ করে; অগ্ন পর্যান্ত শ্রীহরির অভিন্ন শ্রীগুরুচরণারবিন্দে মধুকরের ন্থায় যাহারা গুরু-ভজন করে না; তাহাদের অন্তর্কুল পদবী প্রাপ্তি হয় না। কলে শ্রীগুরুচরণাশ্রয়-বিনা সংসারাটবীতেই ভ্রমণ করে। এন্থলে যদি পূর্ব্বপক্ষ হয় যে, জীবের সংসার ধ্বন মায়াক্বত তথন জীব সেই মায়া-দেবীতেই প্রপন্ন হউক, তিনি প্রসন্না হইয়া তাহাকে সংসার হইতে মৃক্তি দান করিবেন, হরিগুরুচরণ-প্রপত্তির প্রয়োজনীয়তা কি? তত্ত্বে বলিতেছেন,—"মায়া বিষ্ণুর বশব্তিণী। অতএব সংসার-মোচনে তাহার স্বতন্ত্বতা নাই।"

শ্রীমন্তাগবতে অন্তত্তও পাওয়া যায়,—

"সমান্ত্রিতা যে পদপল্লবপ্লবং মহৎপদং পুণ্যয়েশাম্রারেঃ। ভবাদ্ধির্বৎসপদং পরং পদং পদং পদং যদিপদাং ন তেষাম্॥" (১০।১৪।৫৮) অর্থাৎ যে সকল বাক্তি পবিত্র কীর্ত্তিবিশিষ্ট শ্রীক্লফের শিবব্রন্ধাদি-মহৎদিগের আশ্রয়ভূত পাদপদ্দত্বা তরণি আশ্রয় করিয়াছেন; তাঁহাদের নিকট এই ভবসমুদ্র গোম্পদতুলা হইয়া থাকে, তাঁহাদের প্রাপ্য স্থান পরমপদ বৈকুণ্ঠ, বিপদের আশ্রয়ভূত স্থান নহে।

গীতার এই শ্লোকের টীকায় শ্রীধরস্বামিপাদও লিথিয়াছেন, "যদিও মায়াকে উত্তীর্ণ হওয়া অতীব হৃদর, ইহা প্রসিদ্ধ, তথাপি যাঁহারা আমাতেই প্রপন্ন হন, অর্থাৎ অব্যভিচারিণী, অন্যা, ভক্তিযোগে ভজন করেন, তাঁহারা এই মায়া হৃস্তরা হইলেও উত্তীর্ণ হন এবং তারপর আমাকে জানিতে পারেন।"

শ্রীল চক্রবর্তিপাদ বলিয়াছেন,—

"মায়া পরমেশরের বহিরঙ্গাশক্তি ত্রতিক্রমা, পাশপক্ষে ছেদন করিতে কেহই সমর্থ নহে কিন্তু আমার বাক্যে বিশ্বাস কর এই বলিয়া নিজ বক্ষ স্পর্শ করিয়া বলিতেছেন,—'মাং' আমার এই শ্রামস্থলরাকারকেই।"

শ্রীচৈতগুভাগবতেও পাওয়া যায়,

'যে করয়ে বন্দী, ছাড়য় সেই সে'

শ্রীচৈতত্তচরিতামতে পাই,—

"কৃষ্ণ-বহিম্মুখতা-দোষ মায়া হৈতে হয়। কুফোনমুখী-ভক্তি হৈতে মায়া-মুক্তি হয়॥" (মধ্য ২৪।১৩১) স্থতরাং শ্রীক্লফ-ভক্তি ব্যতীত মায়া জয়ের দ্বিতীয় পন্থা নাই। "নানাঃ পন্থা অয়নায় বিশ্বতে"—ইহা শ্রুতিও বলিয়াছেন। অতএব ইহা স্বয়ং ভগবান্ এবং শ্রুতি, স্মৃতি সকলেরই একমত ॥ ১৪॥

## ন মাং প্রস্কৃতিনো মূঢ়াঃ প্রপায়ন্তে নরাধমাঃ। মায়য়াপহ্বতজ্ঞানা আস্তরং ভাবমাশ্রিতাঃ॥ ১৫॥

অস্থয়— তৃষ্ণ তিনঃ ( তৃষ্ণিয়াশীল অথবা কৃতী বা শাস্ত্রজ্ঞ হইয়াও তৃষ্ট অথবা তৃত্যাগাণীল জনগণ ) মৃতাঃ ( বিবেকশ্রু ব্যক্তিগণ ) নরাধমাঃ ( নরাধমগণ ) মায়য়া অপহতজ্ঞানাঃ ( মায়ার-দারা বিল্পু-জ্ঞানবিশিষ্ট জনগণ ) আহ্বং ভাবমান্তিতাঃ ( অহ্বভাবযুক্ত ব্যক্তিগণ ) মাং ( আমাকে ) ন প্রপ্রত্তে ( আশ্রু করে না )। ॥ ১৫॥

অনুবাদ— হৃদ্ধতিসম্পন্ন ব্যক্তিগণ— মৃঢ়, নরাধম, মায়ার দ্বারা অপহতজ্ঞান এবং অস্থ্য-ভাবাপন্ন; তাহারা আমাকে আশ্রয় করে না, অধাং আমার শরণাগত হয় না॥ ১৫॥

শীভক্তিবিনাদ— হৃদ্ধতি বাজিগণ আমার ভগবংশ্বরপের প্রতি প্রপত্তি শ্বীকার করে না। তাহারা— 'মৃঢ়', 'নরাধম', 'মায়া-ছারা অপহতজ্ঞান' ও 'আম্বরভাবাশ্রিত'-ভেদে চারিপ্রকার। নিতাস্ত বিষয়াবিষ্ট, কশ্বজ্জ্মতি বাজিগণই 'মৃঢ়'; ইহারা চৈতন্তবস্তু বুঝিতে না পারিয়া জড়বিজ্ঞানাদির সমৃদ্ধিতে ক্রতস্কর। 'নরাধম'-শন্দে মানবগণের হৃদ্গত-উচ্চভাব-রহিত নিরীশ্বর নৈতিক ও কল্লিত ঈশ্বরবাদী পণ্ডিতাভিমানী ও জড়কার্যাবিৎ পুক্ষগণকে বুঝিতে হইবে। তাহারাই 'মায়া ছারা অপহতজ্ঞান' পুক্ষ,— যাহারা চিদ্বস্তু শীকার করিয়াও কেবলাহৈতবাদ, শূন্তবাদ, প্রকৃতিবাদ প্রভৃতি মায়াভ্রম-ছারা ছৃষ্ট মত আশ্রয় করিয়া গুদ্ধভক্তিতবের নিত্যন্ব শীকার করে না। তাহারাই 'আম্বরভাবাশ্রিত'—যাহারা দম্ভাহশ্বর, স্বার্থ ও ইন্দ্রিরপরতন্ত্ব হইয়া জগতের স্থ্যে মত্র থাকে এবং ভক্ত সাধুদিগকে হীন বলিয়া জানে। সংক্ষেপ-বাকা এই যে, যাহারা স্ব্র-সময়েই সাধুস্করপ স্কৃতিশূন্ত, তাহারাই 'ছৃদ্ধত'॥ ১৫॥

শ্রীবলদেব—নত্ম চেত্রামের প্রপন্ন। বিম্চান্তে, তহি পণ্ডিতা অপি কেচিৎ কিমিতি ঝাং ন প্রপদ্যন্তে? তত্রাহ, ন মামিতি। চ্টান্চ তে কৃতিন: শাস্তার্থ- কুশলাশ্চেতি হৃদ্ধতিনঃ কুপণ্ডিতান্তে মাং ন প্রপণ্ডতা শতিশ্চিবমাহ,—
"অবিভায়ামন্তরে বর্তমানাঃ স্বরং ধীরাঃ পণ্ডিতমন্তমানাঃ দংল্রমামাণাঃ পরিষত্তি
মূচা অকেনৈব নীয়মানা যথানাঃ" ইতি। তে চতুর্বিধাঃ ;—একে সায়য় মৃচাঃ
কর্মজড়া ইন্রাদিবন্নামপি বিষ্ণুং কর্মাঙ্গং জীববং কর্মাধীনং বা মন্তমানাঃ ;
মপরে মায়য়া নরাধমা বিপ্রাদিকুলজন্মনা নরোত্তমতাং প্রাপাাপাসংকাবাার্থাসক্ত্যা পামরতাভাজঃ ; ষত্তকং,—''ন্নং দৈবেন নিহতা যে চাচ্যুতকথাস্থাম্।'
হিলা শ্রন্তাসন্দাথাঃ পুরীষমিব বিড্ভুজঃ ॥" ইতি ; অন্তে মায়য়াপহতজ্ঞানাঃ
সাংখাদেয়ঃ, তে হি সার্বজ্ঞসান্ধির্মাস্ক্রস্ত্রত্বম্ভিদ্বাদিধর্মোঃ শ্রুতিসহত্রপ্রসিদ্ধাপি মামীশ্রমপলপন্তঃ প্রকৃতিমেন সর্বজ্ঞীং মোক্ষদাত্তীং চ কয়য়ন্তি,
তত্র তাদৃশকুটিলকুর্জিশতামান্তাবয়ন্তী মায়েব হেতুঃ ; কেচিত্র মায়য়েবাস্থরং
ভাবমান্ত্রিতা নির্বিশেষচিন্নাত্রবাদিনঃ,— অস্করা যথা নিথিলানন্দকরং মদিগ্রহং
শরৈর্বিধান্তি তথাদৃশ্রত্বাদিনহতুভিন্তে নিত্যুক্তিভাল্বতয়া শ্রুতিপ্রদিদ্ধাপি
তং খণ্ডয়ন্তীতি তত্রাপি তাদৃশবুদ্ধাৎপাদনী মায়েব হেতুরিতি ॥ ১৫ ॥

বঙ্গান্তবাদ-প্রশ্ন-যদি বল তোমাতে যাহারা প্রপন্ন অর্থাৎ তোমার শরণাপর হয়, তাহারা মায়ার হস্ত হইতে বিমৃক্ত হয়, তাহা হইলে কোন কোন পণ্ডিত ব্যক্তি তোমার শরণাপন্ন হয় না কেন ? এই সম্পর্কে বলা হইতেছে— 'ন মামিতি,' যাহারা হুষ্ট অথচ কতী অর্থাং শাস্তের অর্থ সম্পর্কে কুশল্— নিপুণ এইরপ হন্ধতিগণ—কুপণ্ডিতগণ, তাহারা আমাতে প্রপন্ন হয় না। শ্রতিও এই বকম বলিয়াছেন,—''যাহারা অবিছার মধ্যে বর্তমান থাকিয়া নিজদিগকে अग्नः भीत ( वृक्षिमान ) मर्त्रा পण्डिलक्षा मान करत जवः श्रूनः श्रूनः नानाविध কুতক, কুযুক্তি ও অহংভাবাপন বাকোর দারাই সক্ষদা পরিতৃষ্ট থাকে এই জাতীয় মূর্খগণ অন্ধের স্বারা নীয়মান অন্ধ যেমন কোন পথ দেখিতে বা স্থির করিতে না পারিয়া, অবশেষে বিপদাপন হয়, তেমন এই জাতীয় মূর্থ— পণ্ডিতাভিমানী ব্যক্তিরাও বিপদাপর ২য়"। ইতি। এই জাতীয় তৃষ্ঠতি-সম্পন্ন লোক চারিপ্রকার, (তন্মধো প্রথম) কেহ কেহ মায়ার দারা মূঢ় অর্থাৎ কর্মজড়—কর্মাসক্ত হইয়া ইন্দ্রাদি দেবতার সায় বিষ্ণু আমাকেও কশান্ত-স্থরপ অথবা জীবের ক্রায় কর্মের অধীন মনে করিয়া থাকে। (দিতীয়) আবার অপর কেহ কেহ মায়ার ছারা নরাধ্য হইয়াও বান্ধণাদিকুলে নরশ্রেষ্ঠরূপে জন্মগ্রহণ করিয়াও অসৎ-কাব্যার্থে আসক্তিপূর্ণ ইইয়া নিতান্ত

পামরতার ভাজন হয়। এই সম্পর্কে যাহা বলা হইয়াছে—"নিশ্চিতরপেই বলা খার—তর্দুষ্টের দারা নিহত ( অভিভূত ) হইয়া যাহারা অচ্যুত ভগবান শ্রীক্ষের অমৃতম্বরূপ বাকা ও লীলাগাথাদি পরিত্যাগ করিয়া অসৎগাথাদি (অসং ও আপাতরমা বিষয়াদি) শ্রবণে আসক্ত হয়, তাহারা (ফলতঃ) বিষ্ঠাভোজী শৃকরের মত বিষ্ঠাই ভোজন করিয়া থাকে।" ইতি। (তৃতীয়) অবার অন্ত কেহ কেহ মায়ার দ্বারা অপহত জ্ঞান হইয়া সাংখ্যাদি-শাস্ত্রপাঠী হয়। তাহারা কিন্তু সহত্র সহত্র-শ্রুতিপ্রতিপাত্র প্রসিদ্ধ সর্ব্বজ্ঞব, সর্বৈশ্ব্যাময়ত্ব, সর্বস্ত্র ও ম্ক্রিদাত্রাদি-ধর্মবিশিষ্ট আমাকে অনীশর ( সাধারণমানব )-রূপে (কতক ও কুযুক্তিপূর্ণ) বাকাজালের দারা প্রচার করিয়া অপলাপ করতঃ প্রকৃতিকেই সর্বস্রম্ভ ও মোক্ষদাত্রগুণ-সম্পন্ন ঈশ্বরূপে কল্পনা করে এবং এই হ'লে তাদৃশ কুটিল, কুযুক্তিপূর্ণ শতশত বাকা উদ্ভাবন, মায়ার ছারাই ইইয়া থাকে। (চতুর্থ) আবার কিন্তু কেহ কেহ মায়ার দ্বারাই আস্থরিকভাবকে অবলম্বন করিয়া নিবিশেষ চিং-মাত্রবাদী হইয়া থাকে। অস্থরগণ যেমন নিখিলানন্দকর আমার বিগ্রহকে বাণের দারা বিদ্ধ করে তথা (নিরর্থক) দৃশতাদি-হেতুপ্রভৃতির দারা (কুযুক্তিরদারা) তাহারা শ্রুতিপ্রদিদ্ধ নিতাচৈত্যা অক-স্বরূপ আমাকে ( শ্রীকৃষ্ণকে ) খণ্ডন করিয়া থাকে। এখানেও মায়াই একমাত্র কারণ হইয়া তাদৃশ বুদ্ধি উৎপাদন করে॥ ১৫॥

তামুভূষণ— যদি এরপ পূর্ন্নপক হয় যে, হে রুঞ্। তোমাতে শরণাগত বাক্তি মৃক্ত হয়, তাহা হইলে কোন কোন পণ্ডিত বাক্তি কেন তোমাতে প্রপন্ন হয় না? তত্ত্তবে শ্রীভগবান্ বলিতেছেন, তাহারা তৃষ্কত অর্থাৎ কুপণ্ডিত। বাহারা প্রকৃত পণ্ডিত অর্থাৎ 'পণ্ডা'-অর্থে বেদোজ্জ্বলা বৃদ্ধি যাঁহাদের, তাঁহারা চিরদিন কায়মনোবাক্যে আমার ভজনপরায়ণ কিন্তু যাহারা কেবল পণ্ডিতাভিমানী তাহারাই আমার ভজন করে না। ইহাদিগকে হৃষ্কৃত অর্থাৎ তৃষ্ট অথচ শাস্ত্রার্থ-বিষয়ে কিছু কুশলতা লাভ করিয়াছে স্কৃতরাং কুপণ্ডিত বলা যায়। তৃষ্ট + কৃতি অর্থে পণ্ডিত অর্থাৎ তৃষ্ট পণ্ডিত বা কুপণ্ডিত বলিয়াই পরিচিত তাহারাই হরিভজনে বিম্থ। এই তৃষ্কৃতি-সম্পন্ন ব্যক্তিগণ চারি প্রকার।

১য়—য়ৄঢ় স্বরাং কর্মজড় অর্থাৎ প্রতুল্য কর্মপরায়ণ। ঈদৃশ মৃঢ়েরা

প্রীবিষ্ণু আমাকেও ইন্দ্রাদি দেবতার স্থায় কর্মাঙ্গরূপে এবং জীবের নায় কর্মাধীন বলিয়া মনে করিয়া থাকে।

২য়—নরাধম—বিপ্রাদিকুলে জন্মগ্রহণ করিয়া নরোক্তমতা প্রাপ্ত হইয়াও অসৎ-কাব্য ও অসৎ-অর্থে আসক্ত হইয়া পামরতাভাগী হয়। যেমন কথিত হইয়াছে,—"দৈব কর্ত্বক প্রতারিত হইয়া হরিকথারূপ স্থা পরিত্যাগ পূর্বাক বিষ্ঠাভোজী শূকর যেরূপ ক্ষীর খণ্ড পরিত্যাগ করিয়া পুরীষ ভোজন করে, তাহারাও সেই ক্ষেত্রে অসৎ-কথা প্রবণ করে।" (ভাঃ ৩০২।১২)

নরাধন সম্বন্ধে শ্রীল চক্রবর্তিপাদ বলিয়াছেন যে, যাহারা কিছু কাল ভক্তিমান্ থাকিয়া নরত্ব প্রাপ্ত হইয়াও অন্তে ফল-প্রাপ্তিতে সাধনের উপযোগ নাই মনে করিয়া স্বেচ্ছায় ভক্তিত্যাগী; নিজ কর্তৃক ভক্তিত্যাগ লক্ষণই তাহাদিগের অধমত্ব।

ত্র—মায়ার দ্বারা অপহতজ্ঞান-সম্পন্ন ব্যক্তিগণ অর্থাৎ সাংখ্যাদি মত-প্রবর্তকগণ। ইহারা অসংখ্য শ্রুতি-দ্বারা আমার সর্বজ্ঞর, সর্ববর্ষাপরত্ব, সর্বব্রস্থ্র, মৃক্তিদাতৃত্ব ইত্যাদি-ধর্ম প্রসিদ্ধ ও প্রতিপাদিত হইলেও প্রবাক্তি সাংখ্যাদি-মতাবলদিগণ আমার ঈশ্বরত্বের অপলাপকরতঃ প্রকৃতিকেই সর্বক্রপ্রিক বা ও মাক্ষদাত্রী বলিয়া কল্পনা করে। মায়ার প্রভাবেই তাহারা তাদৃশ শত শত কুটিল কুযুক্তি উদ্ভাবনা করিয়া থাকে। শ্রীল চক্রবর্তিপাদ বলেন—''শাস্থাদি অধ্যয়ন ও অধ্যাপনাদি করিয়াও তাহারা মায়া-দ্বারা অপহতজ্ঞান; বৈকুপ্তে বিরাজিত শ্রীনারায়ণ-মৃত্তিই সার্ব্বকালিকী ভক্তির উপযোগিনী, কিন্তু রাম, ক্ষণাদি-মৃত্তি মহস্তমাত্র স্থতরাং সেইসকল মূর্ত্তি ভক্তির অযোগ্য। যাহা পরে শ্রীভগবান্ বলিবেন—(গীঃ ১।১১) 'মাহুধী-তহুধারী আমাকে মৃচ্গণ অবজ্ঞা করে।' তাহারা নিশ্চয়ই আমাতে প্রপন্ন হইতে গিয়াও আমাতে প্রপন্ন নহে।''

৪র্থ—আহর-ভাবাপ্রিত—ইহারা মায়ার প্রভাবে চিন্মাত্র-ক্রন্ধ দ্বীকার করে; জরাসন্ধাদি অহ্বরগণ যেমন নিথিল আনন্দকর আমার বিগ্রহকে শরন্ধারা বিদ্ধ করে, দেই প্রকার ইহারা নিতা চৈতন্তাত্মক আমারস্বরূপ শ্রুতিপ্রসিদ্ধ হইলেও দৃশ্যত্মাদিহেতুমূলে উহা খণ্ডন করে। এস্থলে মায়াই উহাদের তাদৃশ-বৃদ্ধি উৎপাদনের হেতু।

1134

কুপণ্ডিত সম্বন্ধে এখানে কঠ উপনিষদেরও একটি শ্লোক উদ্ধৃত হইয়াছে।
তাহার অর্থ এই যে,—যেমন অন্ধের দ্বারা পরিচালিত অন্ধান নানাদিকে
ভ্রমণ করিতে থাকিলেও স্বীয় অতীক্ষিত-স্থান লাভ করিতে পারে না, তদ্রেপ
অবিছা-মধ্যে বর্তুমান মন্তুয়াণ আপনাদিগকে ধীমান্ বলিয়া পরিচয় প্রদান
করে এবং পণ্ডিত মনে করিয়া থাকে, কিন্তু সেই কুটিল গতি মূচগণ কামভোগে মোহিত হইয়া স্বর্গনরকাদি পর্যাটন করিয়া থাকে, অথচ অতীষ্ট স্থান
দেখিতে পায় না। (কঠ—১)২।৫)

#### শ্রীমধুস্থদন সরস্বতীপাদের টীকার মর্মেও পাই,—

"ফানবের চিরদঞ্চিত ছরিত রাশিই তাহাদের তাদৃশ স্থ-সোভাগা-লাভের একমাত্র অন্তরার। যাহারা ছুক্তিকারী অর্থাৎ পাপ-প্রায়ণ, পাপের সহিত যাহাদের নিতাসপদ্ধ, মহুন্তু মধ্যে তাহারা নিতান্ত অধম। তাহারা ইহকালে সাধুগণের নিকট নিন্দিত ও পরকালে অশেষ অনর্থ-ভাক্তন হয়। কোন্টী হিজনক এবং কোন্টী অনর্থ-সাধক, ইহা নির্ণয় করিতে অক্ষমতারূপ মৃঢ়তাই তাহাদের তাদৃশ ছুর্গতির হেতু। পূর্ব্বোক্ত মায়ার ছারা তাহাদের বিবেকসামর্থ্য এরূপ আচ্ছন্ন ও বিলুপ্ত যে, পদে পদে নিজেদের অধ্যপতন ও স্ব্বনাশ দেখিয়াও তাহারা সাবধান হইতে পারে না। অথবা আপনাদের কার্যোর অবৈধতা দেখিতে পাইলেও মায়াপাশ বিচ্ছিন্ন করিতে সমর্থ হয় না। তাহারা মিথাাছরক্তি, হিংসা, দ্বেষ প্রভৃতি আস্থরিক ভাবের অধীন হইয়া আমার ভজনা করে না।"

অতএব দেখা যাইতেছে যে, পশুতুলা মৃচ কর্মিগণ, ভক্তিতাাগী নরাধমগণ, শ্রীরাম, শ্রীক্রমণদি-ভগবদ্বিগ্রহগণের অবজ্ঞাকারী অপহৃত-জ্ঞানিগণ ও অস্তব-ভাবাপর মায়াবাদিগণ—এই চতুর্বিধ তৃষ্কৃতিপরায়ণ ব্যক্তিগণই শ্রীক্রফের শরণাগত হইতে পারে না ॥ ১৫॥

## চতুর্বিধা ভজন্তে মাং জনাঃ ম্বকৃতিনোহর্জুন। আর্ত্তো জিজ্ঞান্তরর্থার্থী জ্ঞানী চ ভরতর্বভ॥ ১৬॥

ভাষা — ভরতর্বভ! আর্ডঃ (রোগ-শক্র-ভয়াভিভূত) জিজ্ঞাস্থঃ (আর্থ্য-জ্ঞানাথী) অর্থার্থী (ঐহিক ও পারব্রিক ভোগকামী) জ্ঞানী চ (এবং তত্বজ্ঞ জ্ঞানী) [এতে—এই] চতুর্বিধাঃ স্ক্রুতিনঃ (বৈধজীবনাস্থিত চারিপ্রকার স্ক্রুতি-শীল) জনাঃ (জন সমূহ) মাং (আমাকে) ভজস্তে (ভজনা করে) ॥ ১৬॥

অনুবাদ—হে ভরতর্বভ! আর্ড, জিজান্ব, অর্থার্থী এবং জ্ঞানী, এই চারি-প্রকার স্বকৃতিশীল ব্যক্তি আমাকে ভজনা করেন ॥ ১৬॥

এভিক্তিবিনোদ—'আর্ড', 'জিজাহু', 'অর্থার্থী' ও 'জানী'—এই চারি-প্রকার ব্যক্তি যথন মৎপ্রসাদে বা মন্তক্তপ্রসাদে আতি, জিজ্ঞাসা, অর্থার্থ ও জ্ঞানরপ ( চতুর্বিধ ) দোষশৃত্য হইয়া স্কৃতিমন্ত হয়, তথন এই চারিপ্রকার স্থ্রকৃতিমন্ত পুরুষ আমাকে ভজন করে। গুষ্কৃতি-ব্যক্তিদিগের পক্ষে আমার ভজন প্রায়ই হুর্ঘট; যেহেতু তাহাদের ক্রমোন্নতি-প্রথা নাই। তন্মধ্যে কদাচিং কাহারও আকস্মিকী-প্রথার দারা মন্তর্জন লাভ হইয়াছে। বৈধ-জীবনাবস্থিত স্কৃতি-ব্যক্তিদিগের মধ্যে চারিপ্রকার লোক আমাকে ভজন করিতে যোগ্য হয়। যাহারা—কাম্যকর্মপরায়ণ, তাহারা প্রাপ্তক্লেশ-দার। সম্ভপ্র হইয়া আমাকে মনে করে; ইহারাই 'আর্ড'; তৃষ্কৃতি বাক্তি আর্ত হইয়া আমাকে কথনও কথনও মনে করে। পূর্বোক্ত মৃঢ় নৈতিকগণ তত্তজিজ্ঞাসাক্রমে যখন ঈশরের প্রয়োজনীয়তা বোধ করে, তথন 'জিজ্ঞাহ্র'-রূপে ক্রমশঃ আমাকে শারণ করে। পূর্ব্বোক্ত নরাধমগণ নীতিগত ঈশবে সহট না হইয়া যথন নীতির অধীশবকে জানিতে পারে, তথন তাহারা বৈধভক্ত হইয়া 'অর্থার্থি'-রূপে আমাকে শ্বরণ করে। যথন ব্রহ্ম-পরমাত্ম-জ্ঞানকে অদম্পূর্ণ জানিয়া জীব আমার শুদ্ধ ভগবজ্ঞানকে আশ্রয় করে, তথন মায়াদারা আচ্ছন্তলন সেই পুরুষের মায়াচ্ছাদন দূর হইলে ভগবৎস্বরূপের নিত্যদাস বলিয়া আমার প্রপত্তি স্বীকার করে। ফলতঃ, আর্তদিগের কামরূপ ক্ষায়, জিজ্ঞা হাদিগের সামাত্ত-নৈতিক জ্ঞানাবদ্ধতারপ ক্যায়, অর্থার্থী দিগের সামাত্ত পারলোকিক স্বর্গাদিপ্রাপ্তির আশারূপ ক্ষায় এবং জ্ঞানীদিগের ব্রহ্মলয় ও ভগবক্ততে অনিতাত্ব-বৃদ্ধিরূপক্ষায় দূর হইলে ঐ চারিপ্রকার জীব ভক্তাধিকারী

911/1101

হইতে পারে। যে-কাল পর্যান্ত ক্ষায় থাকে, সে-কাল পর্যান্ত এসকল বাক্তির ভক্তি—কর্ম বা জ্ঞান প্রধানীভূতা; আর ক্ষায় দূর হইলে, কেবলা, অকিঞ্চনা বা উত্তমা ভক্তি লাভ করে॥ ১৬॥

শ্রীবলদেব—তর্হি বাং কে প্রপ্রতন্তে? তত্রাহ,—চতুরিবা ইতি। স্ফুল্ডিনঃ স্থপণ্ডিতাঃ স্বর্গাপ্রমোচিতকর্মণা মদেকান্তিভাবেন চ সম্পন্না জনা মাং ভজন্তে। তে চ চতুর্বিধাঃ:—তত্রার্তঃ শত্রুকেশাতাপদ্গ্রস্তম্বিনাশেচ্ছু-র্গজেন্রাদিঃ, জিজ্ঞাম্বর্ধিবিক্তাত্মস্বরূপজ্ঞানেচ্ছুঃ শৌনকাদিঃ, অর্থাধী রাজ্ঞাদি-সম্পদিজ্বর্জ বাদিঃ, জ্ঞানী শেষত্বেন স্বাত্মানং শেষিত্বেন পরাত্মানঞ্চ মাং জ্ঞাতবান্ শুকাদিঃ। এমার্তাদয়ঃ সকামাঃ, জ্ঞানী তু নিজামঃ। আর্ত্তার্থিনাঃ পরত্র জিজ্ঞাম্তা-সম্পত্রে তয়োরন্তরালে জিজ্ঞাসোক্রপত্যাসঃ॥ ১৬॥

বঙ্গান্ধবাদ—তাহা হইলে কাহারা তোমার শরণাগত হয় ? এই সম্পর্কে বলা হইতেছে—'চতুর্বিধা ইতি'। স্থ্যুকতিশালী—স্থপণ্ডিত স্ব স্থ বর্ণাপ্রমোচিত-কর্মের দারা, আমার প্রতি ঐকান্তিক ভক্তিসম্পন্ন লোকেরাই আমাকে ভন্তনা করেন। এই জাতীয় লোকগণকে চারভাগে বিভক্ত করা হয়—(তন্মধ্যে ১ম) আর্জ, পীড়িত বা উপক্রত ব্যক্তি অর্থাৎ শক্রপ্রদন্ত ক্রেশাদিরদারা বিপদগ্রস্ত হইয়া সেই বিপদের বিনাশের ইচ্ছুক গজেন্দাদি। (২য়) জিজ্ঞাস্থ অর্থাৎ শুদ্ধ আত্মস্বরূপ-জ্ঞানেচ্ছু শৌনকাদি। (৩য়) অর্থার্থী অর্থাৎ রাজ্যাদি সম্পৎপ্রার্থী প্রবাদি। (৪র্থ) জ্ঞানী অর্থাৎ শেষ রূপে স্বীয় আত্মাকে ও শেষিক—প্রধানরূপে প্রমাত্মস্বরূপ আমাকেই জ্ঞানিয়া থাকেন, যথা—শুকাদি। ইহাদের মধ্যে আর্গ্ড, জিজ্ঞাস্থ ও অর্থার্থী ব্যক্তিগণ সকামী হইয়া থাকেন, জ্ঞানী কিন্তু নিদ্ধামী। আর্গ্ড ও অর্থার্থী ব্যক্তির পরকালের অর্থাৎ উত্তরবর্ত্তিফললাভের প্রত্যাশা জিজ্ঞাস্থতা-সম্পত্তির জন্ম। এই তুইটির অন্তর্গলে জিজ্ঞাস্থ ব্যক্তির উপন্যাদ করা হইয়াছে॥ ১৬॥

অনুভূষণ—চারিপ্রকার তৃত্বতিসম্পন্ন ব্যক্তি শ্রীভগবানে প্রপত্তি স্বীকার করিতে পারে না নলিয়া, এক্ষণে যে চারিপ্রকার স্থক্তিশালী ব্যক্তি শ্রীভগবানে প্রপত্তি লাভ করেন, তাঁহাদের কথা বলিতেছেন।

পূর্দ্ধাকে কুপণ্ডিতগণের সংজ্ঞা নিরূপণ পূর্দ্ধক বর্ত্তমানে স্থপণ্ডিত কাঁহারা ? তাহাই নিরূপণ করিতেছেন। পূর্ব্ধোক্ত চ্ছ্বুতিপরায়ণ কুপণ্ডিতগণের 13७ व्यामक गर्ग गाँचा

পক্ষে হরিভজনের ক্রমপন্থা-লাভ সম্ভব হয় না কিন্তু স্থপণ্ডিতগণের পক্ষে তাহা সম্ভব, ইহাই বলিতেছেন।

যাহারা স্ব-স্ব-বর্ণাপ্রমোচিত কর্মান্মপ্রানের দারা শ্রীভগবানে ঐকান্তিক ভাব-সম্পন্ন হইয়া তাঁহাকে ভজনা করেন, তাঁহারা স্থপণ্ডিত। ইহারা চারিভাগে বিভক্ত।

শ্রীবিষ্ণুপুরাণে পাওয়া যায়,—

"বর্ণাশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান্। বিষ্ণুরারাধ্যতে পন্থা নাগ্যত্তোষকারণম্॥"

শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীরায় রামানন্দ-সংবাদেও পাওয়া যায়,—

প্রভু কহে,—"পড় শ্লোক সাধোর নিণয়।" রায় কহে,—"স্বধর্মাচরণে বিষ্ণুভক্তি হয়॥" মধা ৮।৫৭

চারিপ্রকার স্থক্তপুরুষ যথা,—

১ম—আর্ত্ত—শত্রুকর্তৃক ক্লেশাদি-আপদ্গ্রস্ত ও তদিনাশেচ্ছু জরাসন্ধ-কতৃক কারারুদ্ধ রাজন্মবর্গ, গ্রাহগ্রস্ত গজেন্দ্রাদি।

২য়—জিজ্ঞাস্থ—আত্মস্বরূপ-জ্ঞানেচ্ছু—শৌনকাদি।

৩য়—অর্থার্থী—রাজ্যাদি সম্পদিচ্ছ্—ধ্রুবাদি।

প্রথ—জ্ঞানী—শেষরপে স্বীয় আত্মা এবং শেষিত্ররপে পরমাত্মা শ্রীভগবান্কে

যিনি জানেন, যেমন—'শুকাদি'।

এই সকল আর্তাদি চারিপ্রকার স্কৃতি-সম্পন্ন বক্তিগণের মধ্যে আর্ত, জিজ্ঞাস্থ ও অর্থার্থী তিনপ্রকার সকাম-গৃহস্থ আর জ্ঞানী নির্দাম-সন্ন্যাসী।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকাতেও পাওয়া যায়,—

"এই চারিপ্রকার বাক্তি প্রধানীভূতা-ভক্তির অধিকারী বলিয়া নির্মাণত।

এ দকলের মধ্যে প্রথম তিনপ্রকার বাক্তিতে কর্মমিশ্রা-ভক্তি। শেষ চতুর্থ
বাক্তিতে জ্ঞানমিশ্রা, 'দর্মদারাণি সংয্যা' এই পরবর্তী বাকো যোগমিশ্রাও
বলিবেন। কর্মজ্ঞানাদি অমিশ্রা যে কেবলাভক্তি তাহা কিন্তু সপ্তম অধ্যায়ের
প্রথমেই "ম্যাাসক্তমনাঃ" শ্লোকের দারা কথিত হইয়াছে। পুনরায় অন্তমাধ্যায়ে
'অনক্সচেতাঃ সতত্ম্' (৮।১৪) শ্লোক, নবমাধ্যায়ে 'মহাত্মনস্থ মাং পাথ' (৯।১৩)
এবং 'অনক্সান্তিম্বয়্রো মাম্'—৯।২২ শ্লোক-দারা নির্মাণত হইবে। শ্রীভগবান্

প্রধানীভূতা ও কেবলা—এই তুইপ্রকার ভক্তির কথাই মধ্যবন্তী এই ছয় অধ্যায়ে অর্থাৎ দ্বিতীয় ষট্কে বলিয়াছেন। কিন্তু যাহা তৃতীয়া গুণীভূতা-ভক্তি কর্মী, জ্ঞানী এবং যোগীতে কর্মাদিফলসিদ্ধির জন্ম দৃষ্ট হয়, তাহাতে ভক্তির প্রাধান্তের মভাব বলিয়া ভক্তি বলিয়া ব্যপদেশ হয় নাই, কিন্তু দেই দেই কেত্রে কর্মাদিরই প্রাধান্ত। 'প্রাধান্তের দ্বারা ব্যপদেশ হয়',—এই ন্তায়ে কর্মত্ব, জ্ঞানত্ব ও যোগতের বাপদেশ, কর্মবান্, জ্ঞানবান্ ও যোগবানের কর্মিত্ব, জ্ঞানিত্ব ও যোগিতের বাপদেশ হইরাছে কিন্তু ভক্তত্বের বাপদেশ নাই ৷ সক্ষাম কর্মের कल अर्ग, निकाम कर्त्यत कल ज्ञानरांग अतः ज्ञान ७ राहातत्र कल निर्वाण মোক্ষ। মনত্তর হুইপ্রকার ভক্তির ফল কণিত হুইতেছে; তাহার মধ্যে প্রধানীভূতা ভক্তিতে আর্তাদি তিনপ্রকার ব্যক্তিতে যে কর্মমিশ্রা, তাহারা তিনজন সকাম ভক্ত, তত্তংকামপ্রাপ্তি তাহাদের ফল। বিষয়ের সদক্ষাহেতু তদন্তে সংগ্রা-প্রধান সলোকামোক্ষপ্রাপ্তি কিন্তু কর্মফল 'স্বগভোগের পর পতনের তায় পতন নহে; যেমন কণিত ২ইবে—'যান্তি মদ্যাজিনোইপি মাম' ( নাব ে )। চতুৰ্গ তাহা হইতে উৎকৃষ্টা জানমিশ্রা-ভক্তিতে ফল— শাস্তরতি সনকাদির গ্রায়। ভক্ত ও ভগবানের অধিক কারুণাবশে তাহা হইতেও উৎক্ষ্ট প্রেমোৎকর্ম যাহ। শ্রীশুকাদিতে দেখা যায়। যদি কর্মমিশ্রা ভক্তি নিদামা হয়, তাং। হইলে তাংার ফল জানমিশ্রা ভক্তি। কচিং স্বভাববশে বা দাসাদি ভক্ত-সঙ্গ হইতে বাসনাবশে জ্ঞানকর্মাদিমিশ্র-ভক্তিমানেরও দাস্তাদি প্রেমা হয়, কিন্তু উহা এখার্যা প্রধানই। জ্ঞানকর্মাদি-অমিশ্রা, শুদ্ধা, অনুসা, অকিঞ্না উন্নাদি প্রাায়ভুক্ত, বহুপ্রভেদ্যুক্ত ভক্তির দাস্ত্রস্থ্যাদি প্রেম পার্মদ্বই ফল—ইহা শ্রমদ্রাগবতের টাকায় বহুস্থলে প্রতিপাদিত হইয়াছে। এই টীকায়ও প্রদঙ্গবশে সাধা-ভক্তির বিবেক সংক্ষেপে मर्भिज इड्याहि।"

শ্রীভক্তিরসামতিসিন্ধতেও পাই,—

"তত্র গাঁতা দিয়ক্তানাং চতুর্ণামধিকারিণাম্।
মধ্যে যশ্মিন্ ভগবতঃ রূপা স্থাক্তংপ্রিয়স্থ বা॥

সংগাঁণ তত্তবারঃ স্থাচ্ছদ্দভক্তাধিকারবান্।

যথেভঃ শৌনকাদিশ্চ গ্রন্থঃ স চ চতুঃসনঃ॥ (১।২।২০-২১)
এম্বলে শ্রীদ্বীব গোম্বামিপাদের টীকার মর্মেও পাওয়া যায়,—

المال المال

"আর্ব বাক্তি স্বীয় পীড়ার উপশমের নিমিত্ত ভগবানের স্মরণ করে, কিন্তু যদি তাহার জন্মান্তরীয় ভক্তিবাসনাহেতু সংসঙ্গাদি স্থকতি থাকে, তবে সেই বাক্তির হরিভজনে প্রবৃত্তি হয়। যেমন গজেন্দ্র কুন্তীর-দংশনে পীড়িত হইয়া শ্রীহরিকে স্মরণ করতঃ স্থকতি ফলে শ্রীভগবানের অহ্নগ্রহভাজন হইয়া শুদ্দ ভক্তির মধিকারী হইয়াছিলেন। এইরূপ শৌনকাদি ঋষি তত্ত্বজিজ্ঞাস্থ হইয়া ভগবদ্যজনে প্রবৃত্ত হইয়াছেন এবং ধ্রুব অর্থার্থী হইয়াও দেবর্ষি নারদের রূপায় হরিভক্ত হইয়াছেন।"

শীচৈত্যচবিতামূতেও পাওয়া যায়,—

"আর্ত্ত, অর্থার্থী—হুই সকাম-ভিতরে গণি। জিজ্ঞাস্থ, জ্ঞানী,—হুই মোক্ষকামী মানি॥ এই চারি স্থকতি হয় মহাভাগ্যবান্ তত্তৎকামাদি ছাড়ি' হয় শুদ্ধ ভক্তিমান্॥ সাধুসঙ্গ-কূপা কিন্দা কুফের কুপায়।

কামাদি 'হুংসঙ্গ' ছাড়ি' শুদ্ধভক্তি পায় ॥'' ( মধ্য ২৪।৯০-৯২ ) শ্রীমন্ত্রাগবতেও পাওয়া যায়,—

> "সৎসঙ্গান্মক্তত্বংসঙ্গে। হাতৃং নোৎসহেত বুধঃ। কীর্ত্তামানং যশো যশু সকদাকর্ণা রোচনম্॥" (১।১০।১১)

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এই শ্লোকের মর্থে লিখিয়াছেন,—

"সংসক্ষক্রমে তৃঃসঙ্গ পরিত্যাগপূর্দাক পণ্ডিত-ব্যক্তি থাঁহার কীর্ত্তামান ক্ষতিকর যশ একবার শুনিয়া কথনও পরিত্যাগ করিতে পারে না।"

শ্রীমন্তাগবতে শ্রীধ্রবের স্থবেও পাওয়া যায়,—

"বদত্তমা বয়্নয়েদমচষ্ট.....কতবিদা কথমার্ত্রন্ধো॥" (৪।৯।৮) "নূনং বিমৃষ্ট-মতয়স্তব মায়য়া তে" (৪।৯।৯)

শীল চক্রবর্ত্তিপাদ তাঁহার টীকায় লিখিয়াছেন,—

"কৃতবিদা'—তোমার কৃত উপকার জানিয়া তোমার পাদমূল কি প্রকারে
—বিশ্বত হইবেন ? কীদৃশ ? অপবর্গ অর্থাৎ মৃক্তির যোগ্য জিজাস্কভক্তের
শরণ এই প্রকার। তোমার নিকট হইতে জ্ঞান লাভ করিয়াও তোমাকে

वानकारग्राका

ভজন না করিয়া কৃতন্বই হয়। হে আর্ডভক্তস্থ বন্ধো! এই রকমই জ্ঞানি-ভক্ত, জিজ্ঞাস্থ ভক্ত এবং আর্ডভক্ত যাহাদের কথা শ্রীগীতোপনিষদে উক্ত সেই তিনপ্রকার ভক্তের কথা ব্যাখ্যাত হইল।"

পরবরী শ্লোকের টীকায়ও লিখিয়াছেন,—

"আমার মত চতুর্থ অর্থাখী ভক্ত যে, সে অণি নিরুপ্ট-মৃচ, তাহারা নিশ্চিতই বঞ্চিত বৃদ্ধি। কাহারা? যাহারা জন্ম ও মৃত্যু চুইয়ের মোক্ষদাতা তোমাকে তুচ্ছ ফল-লাভের জন্ম আরাধনা করে, অতএব তাহারা কল্পতর তোমাকে অর্চনা করে, অথচ মৃত্যু-তুলা দেহের দ্বারা উপভোগা স্থুখ ইচ্ছা করে, কিন্তু ইচ্ছাযোগা তাহা নহে; যে বিষয়-সম্বন্ধজনিত স্থুখ নরকে বা শ্করাদি যোনিতেও পাওয়া যায়॥ ১৬॥

## তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্মতে। প্রিয়ো হি জ্ঞানিনোইত্যর্থমহং স চ মম প্রিয়ঃ॥ ১৭॥

আধ্য়—তেষাং (তাহাদের মধো) নিত্যযুক্তঃ (নিতামদগতচিত্ত) একভক্তিঃ (একমাত্র মদম্বক্ত) জ্ঞানী (তত্ববিং) বিশিয়তে (শ্রেষ্ঠ) হি (যেহেতু) অহং (আমি) জ্ঞানিনঃ (জ্ঞানীর) অতার্থং প্রিয়ঃ (অতিশয় প্রিয়) সঃ চ (তিনিও) মম প্রিয়ঃ (আমার প্রিয়)॥১৭॥

অমুবাদ—তাঁহাদের মধ্যে নিতা মদাতচিত্ত একান্ত মদন্তরক্ত তত্ত্বিং জ্ঞানী বাক্তি শ্রেষ্ঠ, যেহেতু আমি তত্ত্বজ্ঞানীবাক্তির অতিশয় প্রিয় এবং তিনিও আমার প্রিয়॥ ১৭॥

শীভজিবিনোদ—ক্ষায়শূল আর্ত, জিজাস্থ, অর্থাথী ও জানী মংপর হইয়া 'ভক্ত' হয়; কিন্তু তন্মধাে জানী বাক্তি জান-ক্ষায় পরিতাাগপ্রক শুদ্ধান লাভ করত ভক্তিথাগযুক্ত হইয়া অক্যাল তিনপ্রকার ভক্তগণ অপেক্ষা শ্রেষ্ঠতা লাভ করেন। ইহার তাৎপথা এই যে, স্বভাবতঃ জ্ঞানাভাাদ-দারা চৈতলস্বরূপ জীবের স্বরূপ-লাভ যত বিশুদ্ধ হয়, ক্দ্মীদিগের কন্ম ক্ষায়শূল হইলেও স্বস্বরূপাবস্থিতি তত বিশুদ্ধ হয় না। ভক্তসঙ্গক্রমে সকলেরই চরমে স্বরূপাবস্থিতি-লাভ হইয়া পড়ে। সাধনদশায় উক্ত চারিপ্রকার অধিকারীর মধ্যে একভক্তিবিশিষ্ট জ্ঞানী-ভক্তই আমার বিশুদ্ধ দাস এবং আমিও তাহার অত্যন্ত প্রিয়; শুকাদির ভগবজ্ঞানক্ষ্তিই ইহার উদাহরণ। শুদ্ধজানলক্ষ

ভক্তগণের সাধনকালীন ভগবৎকৈ স্বর্ধ্য—বিশুদ্ধ চিন্ময়, জড়গন্ধ তাহাতে প্রবেশ করিতে পারে না॥ ১৭॥

ত্রীবলদেব—চতুর্ জ্ঞানিনঃ শ্রৈষ্ঠ্যমাহ,—তেষামিতি। জ্ঞানী বিশিগ্যতে শ্রেষ্ঠো ভবতি, যদুসৌ নিতাযুক্ত একভক্তিশ্চ। আর্ত্তিবিনাশাদিকামনা-বিরহান্নিতাং ময়া যোগবান্। মার্তাদেশু যাবৎ কামিতপ্রাপ্তি মদ্যোগঃ একস্মির্যযোব জ্ঞানিনো ভক্তিরার্তাদেশু স্বকামিতে তৎপ্রদাত্ত্বেন ময়ি চাতো জ্ঞানী ততঃ শ্রেষ্ঠঃ। অতৃপান্নাহ,—প্রিয়ো হীতি। জ্ঞানিনো হহমতার্থং প্রিয়ঃ প্রেমাস্পদম্; স হি মৎপ্রিয়তা-স্বধানিক্ত্নিমগ্রো নাল্যং কিঞ্চিদহুসন্ধতে তত্ম মংপ্রিয়তাপরিমিতেতি বোধ্য়িত্বমতার্থশিকঃ,—সর্বজ্ঞোহনস্তশক্তিশ্চাহং যাং বক্ত্বং ন শক্রোমীতার্থঃ। স চ জ্ঞানী 'যে যথা মাম্' ইত্যাদিল্যায়েন তথৈব মম প্রিয়ঃ—মমাপি তৎপ্রিয়তা তদ্বদপরিমিত্তেতার্থ॥ ১৭॥

বঙ্গাসুবাদ—পূর্ব্বোক্ত চারিপ্রকার ভক্তের মধ্যে জ্ঞানীভক্তের শ্রেষ্ঠত্বের কথা বলা হইতেছে—'তেষামিতি'। জ্ঞানী সর্বতোভাবে শ্রেষ্ঠ। কারণ— এই জাতীয় ভক্ত নিতা মদ্গতচিত্তবৃত্তিযুক্ত ও এক ভক্তিপরায়ণ। আতি-বিনাশাদি কামনারহিত বলিয়া নিতা আমার প্রতি ভক্তিযোগযুক্ত। আর্ত্ত প্রভৃতি ভক্ত কিন্তু যতদিন পর্যান্ত অভিপ্রেত ফল না পায়, ততদিন পর্যান্ত আমার প্রতি ভক্তিপরারণ হয় এবং একমাত্র আমাতেই জানীর ভক্তি; আর আর্তাদি কিন্তু নিজ নিজ অভিপ্রায় মত প্রার্থিত বস্তু আমার নিকটে প্রার্থনা করিয়া যখন উহা লাভ করে তখন সেইসব কামনার ফলদাতা বলিয়া আমার প্রতি অত্যাসক্তযুক্ত হয়; অতএব জ্ঞানী ভক্ত তাহা হইতে শ্রেষ্ঠ। অতৃপ্ত ইইয়া বলিতেছেন—'প্রিয়োহীতি'। জ্ঞানীদের নিকটেই আমি সকল সময়ে অতান্ত প্রিয় অর্থাৎ প্রেমাম্পদ, দেই জ্ঞানীই আমার প্রিয়তা-(ভক্তিরূপ) রূপ-স্থাসমূদ্রে সর্বাদা নিমজ্জিত থাকে; অন্ত কিছুরই ( আমা ভিন্ন ) অনুসন্ধান করে না। সেই জ্ঞানী ভক্তের আমার প্রতি প্রিয়তা ( অতিশয় আদক্তি ) অপরিমিত ও অদীম, ইহাই বুঝাইবার জন্ম এখানে 'অত্যর্থ' শব্দ। সর্বজ্ঞ এবং অনন্ত-শক্তিসম্পন্ন আমি যাহা বলিতে সক্ষম নহি, সেই জানী "যাহারা যেই রূপে আমাকে" ইত্যাদি ক্রায়ের দ্বারা দেইরকমই আমার প্রিয়—( তথু তাহার নহে ) আমারও তংপ্রিয়তা অর্থাং সেই ভক্তের প্রতি প্রিয়তা অপরিদীম অর্থাং অপরিমিত ॥ ১৭ ॥

অনুভূষণ— শ্রীভগবান্ পূর্বেব বিনিয়াছেন, চারিপ্রকার হৃষ্ণতি-সম্পন্ন বাজি তাঁহাকে ভজনা করে না। আর চারিপ্রকার স্কৃতিশালী বাজি তাঁহার ভজন পরায়ণ হন। এক্ষণে বলিতেছেন, আর্ভ, জিজ্ঞান্ত, অর্থাধী ও জ্ঞানী—এই চারিপ্রকার ভজি-শ্রধিকারীর মধ্যে জ্ঞানীই শ্রেষ্ঠ। কারণ তাঁহারা 'নিতাযুক্ত'—শ্রীধর স্বামী বলেন, 'সর্কদা ভগবিন্নিষ্ঠ'। শ্রীল চক্রবিশিদে বলেন, —"'নিতা আমাতে যুক্ত ষে দে', জ্ঞানাভ্যাদে বশীকৃতিচিত্ত বলিয়া মনের একাগ্রচিত্ততা, আর্ত্তাদি তিনপ্রকার এবস্থৃত নহে, যদি কেহ বলেন, সকল জ্ঞানীই জ্ঞানের বার্থতার ভয়ে তোমাকে ভজন করেন, তহত্তরে বলিতেছেন—'এক ভক্তিঃ' একা, মৃথ্যা, প্রধানীভূতা ভক্তিই। অল্প জ্ঞানীদিগের ল্যার জ্ঞানকে প্রধান করেন নাই। অথবা একা ভক্তিই অর্থাং দেখানেই আদক্তিমান্ বলিয়া; তবে যে এখানে জ্ঞানী বলা হইয়াছে, উহা কেবল নামমাত্র জ্ঞানী। এইপ্রকার জ্ঞানীর শ্যামন্থন্দরাকার আমি অতান্ত প্রিয়। সাধন ও সাধাদশায় কথনই আমাকে পরিহার করিতে পারে না। স্কৃত্রাং 'যে যথা মাং প্রপত্তে' এই ল্যায়ান্থদারে দেই জ্ঞানী আমারও অতান্ত প্রিয়'।

অনেকে এই শ্লোকে জ্ঞানীকে ভগবান্ সর্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়াছেন বলিয়া মনে করেন। কিন্তু এম্বলে যে জ্ঞানীর কথা বলা হইয়াছে, তাঁহার বৈশিষ্টা চারিপ্রকার। (১) নিতাযুক্ত (২) এক ভক্তিমান্ (৩) খ্যামস্বন্দরাকার শ্রীভগবান্ তাঁহার অত্যন্ত প্রিয় (৪) তিনিও শ্রীভগবানের অত্যন্ত প্রিয়।

সাধারণতঃ 'জ্ঞানী' বলিতে নির্ফিশেষ ব্রহ্মসায়জাপ্রার্থীকে ব্ঝাইয়া পাকে। তাঁহারা কিন্তু সাধ্য-সাধন দশায় নিতা অর্থাৎ সর্ফানা যুক্ত অর্থাৎ নিষ্ঠায়ক নহেন, নৃক্তির পূর্ব্ব পর্যান্ত তাহারা ভক্তিযোগ স্বীকার করিলেও, নৃক্তিতে ধ্বন ব্রহ্মে লয় হইবেন, তথন তাঁহাদের আর ভগবরিষ্ঠা কি প্রকারে থাকিবে? আর এস্থলে যিনি 'জ্ঞানী' তিনি কিন্তু এক-ভক্তিমান্ থাকেন। সাধনে ও সিন্ধিতে এক-ভক্তিমান্। কোন অবস্থায়ই 'ভক্তি' ত্যাগ করেন না। ভক্ত মৃক্তিতেও পার্যান্ত করিয়া ভক্তিই করিয়া থাকেন।

এই শ্লোকে উক্ত জ্ঞানী তক্তের আতিবিনাশাদির কামনা না থাকায় নিত্য শ্রীতগবানের দহিত যুক্ত থাকেন। আর আর্তাদি নিজের কামিত বস্ত যতক্ষণ না পায়, ততক্ষণ পর্যান্ত ভগবানের দহিত যুক্ত থাকেন। অভিলাণিত বিষয় পাইলেই ভগবানকে আর প্রয়োজন বোধ করেন না। এই জ্ঞানী ভক্ত কিন্তু আর্তাদি হইতে বিশেষ যে, একমাত্র আমাতেই ভক্তি যুক্ত থাকেন, কোন অবস্থায়ই আমাকে পরিহার করেন না। তাহার আরও কারণ যে, আমি এবিষধ জ্ঞানীর অত্যন্ত প্রিয় অর্থাৎ প্রেমের আম্পদ। এইরপ জ্ঞানী আমার প্রিয়তারপ-স্থাসিরুতে সর্বাদা নিমগ্ন থাকেন বলিয়া আমি ছাড়া অন্স কিছুর অনুসন্ধান করেন না। স্থতরাং এইরপ জ্ঞানীর ভগবৎ-প্রিয়তা অপরিমিত। আবার প্রীভগবান্ও এইরপ জ্ঞানী ভক্তকে অত্যন্ত ভালবাদেন, ভক্তের প্রতি ভগবানের ভালবাদাও অপরিমিত। প্রীভগবানের বাক্যে আরও পাওয়া যায়,— "সাধবো হাদয়ং মহাং সাধ্নাং হাদয়ং হহম্। মদন্তত্তে ন জ্ঞানন্তি নাহং তেভ্যোমনাগপি"। ভাঃ না৪।৬৮ অর্থাং সাধুগণ আমার হাদয় এবং আমিও সাধুগণের হাদয়। তাঁহারা আমি ছাড়া আর কিছুই জ্ঞানেন না। আমিও তাঁহাদিগকে ছাড়া আর কিছুই জ্ঞানি না।

যে জ্ঞানী ভক্ত অনন্যমনে দেই শ্যামস্থলবের ভজনা করেন, যিনি এহিক নমস্ত ঐশ্বর্যা অকিঞ্চিংকর জানিয়া নিরন্তর সেই প্রেমসিন্ধুর প্রেমায়তপানে বিভোর থাকেন; ত্রী, পূত্র, স্থজন সকলই যাহার নিকট নিতান্ত নগণা। যাহার ভক্তি শতমুখে প্রবাহিত হইয়া নিরন্তর সেই ব্রজবিহারী শ্যামস্থলবের প্রীচরণ-সরোজে রত থাকে; স্বর্গাদি বা মৃক্তি-স্থথ কিছুই যিনি চান না, সেই নবীন জলদ-শ্যাম শ্রীকৃষ্ণই যাহার একমাত্র প্রেমের আম্পদ, তাদৃশ জ্ঞানী ভক্ত যে অত্যন্ত শ্রেষ্ঠ এবং শ্রীভগবানের প্রিয় হইবেন, ইহাতে আর সন্দেহ কি ?॥ ১৭॥

# উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী হাত্মেব মে মতম্। আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবান্মন্তমাং গতিম্॥ ১৮॥

অস্থ্য—এতে দর্ব্বে এব (ইহারা দকলেই) উদারা: (মহং) জ্ঞানী তু (কিন্তু জ্ঞানী) আত্মা এব (আত্মন্ত্ররূপ) মে মতম্ (ইহাই আমার মত) হি (যেহেতু) দঃ (তিনি) যুক্তাত্মা (মদগতিচিত্ত) অন্তর্নাং গতিং (দর্ব্বোৎকৃষ্ট গতিস্বরূপ) মামেব (আমাকেই) আস্থিতঃ (আশ্রম করিয়া থাকেন)॥ ১৮॥

অসুবাদ—ইহারা সকলেই মহং, কিন্তু জ্ঞানী ব্যক্তি আমার আত্মস্করপ— ইহাই আমার অভিমত, যেহেতু তিনি মলাতচিত্ত হইয়া সর্ব্বোত্তমা গতিস্বরূপ আমাকেই আশ্রয় করিয়া অবস্থান করেন॥ ১৮॥

শ্রীভক্তিবিনোদ—'কেবলা ভক্তি' স্বীকার করত পর্ব্বোক্ত চাবিপ্রকার

অধিকারী দকলেই পরম-উদার হন। কিন্তু জ্ঞানী-ভক্তের আত্মনিষ্ঠতা অর্থাৎ চৈত্রসনিষ্ঠতা অধিকতর প্রবল থাকায় তিনি চৈত্রগুগতিরূপ দর্বোত্তম গতি আমাতে অবস্থিত হন। তিনি আমার অত্যন্ত প্রিয় অর্থাৎ তিনি আমাকে অত্যন্ত বশীভূত করেন॥ ১৮॥

শ্রীবলদেব—নম্বার্তাদয়স্তব প্রিয়া ন ভবন্তি, মৈবমতার্থমিতি বিশেষণাদিতাহে,—উদারা ইতি। দর্ম এবৈতে আর্তাদয় উদারা বদান্তাঃ,—"উদারো দাতৃ-মহতোঃ" ইত্যমরঃ। যে মাং ভজন্তো ময়া দিংদিতং কিঞ্চিৎ স্বাভীইং মত্যো গৃহন্তি, তে ভক্তবাৎদলাং মহং প্রযক্তন্তো মম বহুপ্রদাঃ প্রিয়া এবেতি ভাবঃ। জ্ঞানী তু মমান্ত্রৈবৈতি মতম্; হি যন্ত্রাৎ দ জ্ঞানী যুক্তাত্রা মদর্পিত্রনা মন্তোহন্তৎ কিঞ্চিদপানিচ্ছন্নতিপ্রিয়েণ ময়া বিনা লবমপি স্বাতুমদমর্থো মামেব দর্কোত্তমাং গতিং প্রাপামান্ত্রিতো নিশ্চিতবান্, অতন্তেন তাদুশেন বিনা লবমপি স্বাতুমদমর্থন্ত মমান্ত্রৈব দঃ। ন চ জ্ঞানিজীবন্ত হরিঃ স্বেনাভেদ্নাহেতি বাচাম্,—জ্ঞানিভজন্তাদিদের্ভজতাং চাতুর্বিধ্যাদিদের্গোক্ষে ভেদবাক্যব্যাকোপাচ্চ; তম্বাদতিপ্রিয়ন্ত্রাদেব তত্রাত্মেত্যুক্তির্যমান্ত্রা ভদ্রদেন ইতিবং। আব্রৈব মন এব মত্মিত্যপরে॥ ১৮॥

বঙ্গানুবাদ—প্রশ্ন,— আর্তাদি ভক্তগণ তাহা হইলে তোমার প্রিয় হয় না, এই কথা বলা দঙ্গত নহে, কারণ 'অতার্থ' এই বিশেষণ আছে বলিয়া, ইহাই বলা ইইতেছে—'উদারা ইতি'। আর্তাদি দকলেই অতিশয় বদান্য—''উদার শব্দের অর্থ দাতৃ ও মহং'' ইহা অসরকোষে বলা আছে। যাহারা আমাকে ভজনা করিতে করিতে আমাকর্ত্ক প্রদন্ত তাহাদের কিঞ্চিং অভীপ্ত বস্তু আমা হইতেই গ্রহণ করে, তাহারা আমাকে ভক্তবাংদলাগুণ প্রদান করিতে করিতে বহু প্রদাতা বহু প্রকারে প্রিয়ই হয়।—ইহাই ভাবার্থ। জ্ঞানী (ভক্ত) কিন্তু আমার আত্মস্বরূপ অর্থাং আত্মাই হয়, ইহা আমার মত (দিদ্ধান্ত)। যেই হেতু দেই জ্ঞানী যুক্তাত্মা—আমার প্রতি মন ও প্রাণ দর্ব্বদা অর্পণ করিয়া থাকেন। আমি ভিন্ন ও আমার প্রদন্ধতা ভিন্ন অন্য কোন বস্তু বা কাম্য কলকে ভোগ করিতে ইচ্ছা করেন না। কেবল—অতিশয় প্রিয় আমি ব্যতিরেকে বিন্দুকালমাত্রও প্রাকিতে অক্ষম বা অসমথ। আমাকেই দর্ব্বোক্তম গতিরূপে পাইয়া অর্থাং আমার (শ্রীকৃষ্ণের) প্রতি তদ্গতপ্রাণ হইয়া নিশ্চিতভাবে অবস্থান করেন। অতএব সেইরূপ জ্ঞানী ভক্তের তাদৃশ আমার তৃষ্টি, কৃষ্ণপ্রীতি ভিন্ন বিন্দুমাত্র

সময়ও অতিবাহিত করিতে অক্ষম বলিয়া সেই জ্ঞানী ভক্ত আমার আত্মাই হইয়া থাকে। শ্রীহরি নিজের সহিত জ্ঞানী গীবের অভেদ বলেন—ইহা বলা সঙ্গত নহে। কারণ—জ্ঞানীর ভজনাদির অসিদ্ধিতা আসে, ভজনশীল ব্যক্তিগণের মধ্যে চাতুর্বিধ্যের সিদ্ধি হয় না এবং মোক্ষে ভেদম্লক বাক্যের প্রতিও দোষারোপ হয়। অতএব অতিশয় প্রিয়ত্ব হেতুতেই—"সেই কৃষ্ণভক্ত আমার আত্মা" এই কথা বলা হইয়াছে (ব্যাকরণের) "আমার আত্মা ভদ্রদেন" ইহার মত। আত্মাই মন এই মত অপরের॥ ১৮॥

অনুভূষণ—পূর্ব লোকে শ্রভগবান্ জ্ঞানী ভক্তকে তাঁহার প্রিয় বলায়, কেহ যদি পূর্ব্বপক্ষ করেন যে, তাহা হইলে, আর্জ, অর্থার্থী ও জিজ্ঞাস্থ এই তিন প্রকার ভক্ত কি শ্রভগবানের প্রিয় নহে? তহন্তরে শ্রভগবান্ বলিতেছেন, জ্ঞানী ভক্ত আমার অত্যন্ত প্রিয় বলিয়াছি, কাজেই অপর তিন প্রকার ভক্তও যে আমার প্রিয় নহে, এ বিচার করা সঙ্গত হয় না। কারণ পূর্ব্ব জন্মার্জিত স্কৃতি ব্যতীত আর্ত্তাদি কেহই আমার ভন্তন করিতে পারে না। মির্দিথ জীবসমূহ কামনার বশবন্তী হইয়া অন্তা দেবতার আরাধনা করিয়া থাকে, যাহা পরে এই অধ্যায়ে পাওয়া যাইবে—"কামৈন্তৈস্তৈহন্তজ্ঞানাঃ প্রণতন্তেহন্তদেবতাঃ" (৭।২০)। তাহাদের অপেক্ষা যে-আর্তাদি সকাম হইয়াও আমার আরাধনা করে, অন্তা দেবতার আরাধনা করে না, তাহারা অতিশয় স্কৃতিশালী ও ভাগ্যবান্। যেমন শ্রীমদ্ভাগবতে পাই,—''অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ। তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্", (২০০১০)।

এই লোকের টীকায় খ্রীল বিশ্বনাথ লিথিয়াছেন,—'উদারধীঃ' স্থবুদ্ধিঃ, কাম-রহিত বা কাম-সহিত ভক্তের ভগবদ্বিষয়ত্বই স্থবুদ্ধির চিহ্ন, তদভাবই মন্দ বুদ্ধির চিহ্ন'।

শীচৈত্যচরিতামৃতেও পাওয়া যায়,—

"উদার মহতী থাঁর সর্বোত্তমা বৃদ্ধি। নানা কামে ভঙ্গে, তব্ পায় ভক্তিসিদ্ধি॥ ভক্তি-প্রভাব—সেই কাম ছাড়াঞা।

কৃষ্ণদে ভক্তি করায় গুণে আকর্ষিয়া॥ (মধ্য ২৭।১৯০, ১৯২) শ্রীভগবান্ ভক্তবংসল ও কৃতজ্ঞশিরোমণি। ভক্ত অক্রুর বলিয়াছেন,— "ভজপ্রিয়াদৃত্যিবং স্থকাঃ কৃতজ্ঞাং" ভাঃ ১০।৪৮।২৬। শ্রীবিশ্বনাথ বলেন, 'কৃতজ্ঞ'—ভজ বিশ্বত হইয়াও যদি কদাচিং তোমার কিছুও ভজন করে, তুমি তাহা জান,—এই অর্থ। ভজ নারদও বলিয়াছেন—'ন ভজতি নিজ্জভাবর্গতন্তঃ কথমমুম্দিফজেং পুমান্ কৃতজ্ঞঃ' ভাঃ ৪।০১।২২ অর্থাৎ এইরপ ভজবংসল ভগবানকে কৃতজ্ঞ পুরুষ কিরপে ঈষদ্ভাবে পরিত্যাগ করিতে পারেন ? স্তরাং যাহার। ভগবদ্ভদন করেন, সানন্দত্প্ত-ভগবান্ তাহাদিগকেও বহুদান করিয়াও নিজে কিছুই দিতে পারিলাম না, বরং তাহারাই আমাকে বহুদান করিল'—বলেন।

শীচৈতত্ত্বিতামতে আরও পাওয়া যায়,—

''ম্ক্তি-ভুক্তি-শিদ্ধিকামী 'স্ববৃদ্ধি' যদি হয়। গাঢ়-ভক্তিযোগে তবে ক্বফেরে ভদম ॥'' ( মধ্য ২২।৩৫ )

সকাম ভক্তের প্রতিও রক্ষের অহৈতুকী দয়ার পরিচয় পাওয়া যায়,—

"অগ্রকামী যদি করে ক্ষের ভজন।
না মাগিলেই ক্ষ তারে দেন স্ব-চরণ॥
ক্ষ কহে,—আমা ভজে, মাগে বিষয়-স্থ্য,
অমৃত ছাড়ি', বিষ মাগে,—এই বড় মূর্থ।
আমি—বিজ্ঞ, এই ম্থে 'বিষয়' কেনে দিব ?
স্ব-চরণামৃত দিয়া 'বিষয়' ভুলাইব॥ (মধ্য ২২।৩৭-৩৯)

সকাম উপাদকও অনেকে ক্লফ-ক্লণায় নিদ্ধামতা লাভ ও গুদ্ধভক্তি-কামনা লাভ করিয়া থাকে। এ বিষয়ে খ্রীচৈতগুচরিতামৃতেই পাওয়া যায়,—

> "কাম লাগি' রক্ষ ভজে পায় রুষ্ণ-রদে। কাম ছাড়ি' 'দাস' হৈতে হয় অভিলাবে ॥'' ( মধ্য ২২।৪১ )

যেমন শ্ৰীমন্তাগৰতেও পাই,—

"পত্যং দিশতার্থিতমর্থিতো নৃণাং নৈবার্থদো যুং পুনর্থিতা যত:।
স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতামিচ্ছাপিধানং নিজপাদপল্পবম্।
(৫।১৯।২৬)

অর্থাৎ কৃষ্ণ প্রার্থিত হইলেও মহয়দিগের প্রার্থনা পূর্ব করেন সতা; কিন্তু যে অর্থ হইতে পুন: পুন: প্রার্থনার উদয় হয়, সেই অর্থ দেন না। অক্সকাম শ্রীকৃষ্ণ-পাদপদ্ম ভজন করেন, তাঁহাদিগকে তিনি স্বয়ংই অন্ত কামনা-শাস্তি-কারী সেই নিজ-পাদপল্লব দিয়া থাকেন।

এন্থলে দেখা যায় যে, সকাম ভক্তও তাঁহার প্রিয় কিন্তু জানী ভক্ত জানাভাাস-বশীক্বত-চিত্ত বলিয়া নিদ্ধাম স্থতরাং আমি ছাড়া তাঁহার অন্ত কামনা থাকে না এবং আমি ছাড়া তাঁহার প্রিয়ান্তর কিছু নাই; আমিই তাঁহার একমাত্র প্রিয় এবং প্রার্থিত স্থতরাং তাদৃশ ভক্ত যে আমার নিরতিশয় প্রীতির পাত্র হইবেন, তাহাতে সন্দেহ কি? এইরপ ভাব প্রকাশ করিয়া এক্ষণে সেই নিদ্ধাম ভদ্ধনশীল জ্ঞানী ভক্তকে অতান্ত প্রিয়ন্তের পরিচয় 'আত্মা' বলিতেছেন। যেমন সংসারে কোন ব্যক্তিকে তাহার অতান্ত প্রিয় ব্যক্তি বলিয়া থাকে, যে 'অমৃক আমার আত্মা'—তক্রপ।

এন্থলে যে জ্ঞানী ভক্তকে শীভগবান্ 'আত্মা' বলিয়া পরিচয় দিলেন, ইনিও কিন্তু জ্ঞানমিশ্রা প্রধানীভূতা-ভক্তি-আশ্রয়কারী-ভক্ত। প্র্রেই বলা হইয়াছে যে, ইনি নামে মাত্র জ্ঞানী। আরও বলা হইয়াছে, ভক্তি তুই প্রকার,—প্রধানীভূতা ও কেবলা। এই তুই প্রকার ভক্তির মধ্যে যেখানে কর্ম-জ্ঞানাদির মিশ্রণ থাকিলেও ভক্তিরই একমাত্র প্রাধান্ত থাকে, তাহাকে প্রধানীভূতা ভক্তি বলা হয়। আর কেবলা ভক্তি সম্বন্ধে শ্রীল রূপগোত্মামিপাদ শ্রীভক্তিরসামৃতসিন্ধতে বলিয়াছেন,—

"অক্সাভিলাধিতাশৃক্তং জ্ঞানকর্মাগ্যনার্তম্। আমুকুল্যেন রুফারুশীলনং ভক্তিরুত্তমা॥" শ্রীচৈতক্সচরিতামুতেও পাওয়া যায়,— "অক্স বাঞ্চা, অক্স পূজা, ছাড়ি জ্ঞান, কর্ম।

আমুকুলো সর্বেন্দ্রিয়ে কৃষ্ণামুশীলন ॥ এই শুদ্ধা ভক্তি, ইহা হৈতে প্রেমা হয়।

পঞ্চরাত্রে, ভাগবতে এই লক্ষণ কয় ॥ ( মধা ১৯১১৬৮-১৬৯ )

এতদ্বাতীত 'গুণীভূতা ভক্তি' নামে সাধারণভাবে একপ্রকার ভক্তিও প্রচলিত আছে। উহাকে গুদ্ধভক্তাণ ভক্তির মধ্যে গণনা করেন না। যোগেরই প্রভূত্ব লক্ষিত হয় এবং ভক্তি কেবল কর্ম-জ্ঞান-যোগের ফল স্বর্গ ও নির্বাণ-মোক্ষাদি লাভের সাধনে সাহায্যকারীরূপে পরিচর্যা। করে, সেই কর্ম্মের নামই 'কর্ম', জ্ঞানের নামই 'জ্ঞান' এবং যোগের নামই 'যোগ,' ঐ কর্ম, জ্ঞান বা যোগকে তত্তৎকল-লাভে যে 'ভক্তি' সাহায্য করে মাত্র, তাহাকে 'ভক্তি' নাম দেওয়া যায় না।

আর্ত্ত, জিজ্ঞাস্থ ও অর্থাপী এই তিন প্রকার সকাম ভক্তই কর্মমিশ্রা ভক্তি যাজন করিতে করিতে বিপদ্ মৃক্ত হন। ক্রমশঃ জ্ঞানপ্রাপ্ত ও ঐশ্বর্যাভাব প্রাপ্ত হন, পরে ভক্তিমহিমায় শ্রীনারায়ণ-লোক বৈকুঠে বিরাজিত স্থাদি এবং ঐশ্বর্যা প্রধান শ্রীনারায়ণের সহিত এক লোক লাভ অর্থাৎ সালোক্য মৃক্তিলাভ পূর্বক বৈকুঠে নারায়ণের সেবক হন। কিন্তু গুণাভূতা ভক্তির আশ্রেরে সাধারণ কর্মী পুণ্য কর্মের ফল স্বর্গভোগের পর 'ক্ষীণে পুণ্যে মর্ত্তালোকং বিশন্তি' (গাঃ ১০২১) ক্লোক পরে পাওয়া যাইবে, এই ন্যায়ায়্লমারে সংসারে পতিত হন। এখানে আরও একটা কথা মনে রাখা দরকার যে, কন্মী যদি গুণাভূতা ভক্তিটুক্ত আশ্রেম না করেন, তাহা হইলে কিন্তু কর্মের ফলও লাভ করিতে পারেন না, এই জন্য সর্বান্ত বহিন্মুগ-কর্মের নিন্দা শুনা যায়।

চতুর্থ জ্ঞানী, কর্মমিশ্রা ভক্তি ইইতে উৎকৃষ্টা জ্ঞানমিশ্রা ভক্তির ফলে সনকাদির ক্যায় ভগবানে শান্তরতি লাভ করেন। "শান্ত ভক্ত—নবযোগেন্দ্র, সনকাদি আর"—( চৈঃ চঃ ১০।১৮০)

কিন্তু এই অবস্থায় ধদি ভগবানের প্রেমিক ভক্তের সঙ্গ হয়, তবে তাঁহাদের করুণায় শাস্তভক্ত শ্রীশুকাদির ন্যায় প্রেমবান্ হন।

যেমন শ্রীচৈতনাচরিতামতে পাওয়া যায়,—

"ব্যাস-ক্রপায় শুকদেবের লীলাদি-স্মরণ।
কুফগুণাক্রন্ট হ্ঞা করেন ভজন॥" (মধ্য ২৪।১১১)
"নবযোগীশ্বর জন্ম হৈতে সাধক জ্ঞানী।
বিধি-শিব-নারদ-ম্থে কৃফগুণ শুনি'॥
শুণাক্রন্ট হ্ঞা করে কুফের ভজন।
একাদশ-স্বন্ধে তাঁর ভক্তি-বিবরণ॥ (মধ্য ২৪।১১৩-১১৪)

ভগবন্তক্তের সঙ্গ-প্রভাবে ভক্তিলাভ হয়, যেমন পাওয়া যায়,—
'ভক্তিস্ত ভগবদ্ধক্তদঙ্গেন পরিজায়তে।'' ( বৃহন্নারদীয় পুরাণ )

স্থতরাং কর্মমিশ্রা বা জ্ঞানমিশ্রা-ভক্তিযাজনকারী ব্যক্তির ভাগ্যফলে যদি দাশ্যরদের ভক্তের দঙ্গ হয়, তাহা হইলে তাঁহার। দাদাপ্রেম লাভ করেন কিন্তু উহা এখার্য প্রধান।

কেবলা ভক্তির ফল—কেবলা ভক্তি,—অনন্যা, অকিঞ্চনা ও উত্তমাদি-শব্দে অভিহিত হয়। ইহা স্বতন্ত্রা, নিরপেক্ষা এবং শ্রীক্ষণাকর্ষিণী। স্বতরাং প্রধানীভূতা ভক্তির সঙ্গে তুলনীয় নহে। কেবল ভক্তিমান্ ভক্ত মাধুর্গ্যময় ভগবান্ শ্রীকৃষ্ণচরণে দাস-স্থ্যাদি রতিলাভ করিয়া তাঁহার নিতা পার্বদর্ব প্রাপ্ত হন।

শ্রীভগবান্ বর্ত্তমান শ্লোকে প্রধানীভূতা ভক্তি-আশ্রয়কারী ভক্তকেই 'আত্মা' বলিয়াছেন, স্বতরাং কেবলা ভক্তিমান্ ভক্ত কিন্তু তাঁহার আত্মা হইতেও অধিক। যেমন শ্রীমন্তাগবতে পাওয়া যায়,—

"ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ। ন চ সঙ্কর্যণোন শ্রীনৈবাত্মা চ যথা ভবান্॥ (১১।১৪।১৫)

এই শ্লোকের টীকায় শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিপাদ বলেন,—"ব্রহ্মা, শঙ্কর, দংকর্ষণ ও লক্ষ্মীদেবী আমার ভক্ত হইলেও তাঁহাদিগেতে ভক্তত্বাংশ অপেক্ষা পুত্রবাদি অংশ অধিক বর্তমান। কিন্তু নন্দ-যশোদাদি মহাপ্রেমযুক্ত শেজন্ত পিতৃত্বাদি অংশ অপেক্ষা ভক্তত্বলক্ষণাংশ অধিক। অতএব ভক্তত্বাংশই ক্ষেণ্ডর অতি প্রিয়বের পরিচয়। (অর্থাৎ যে ভক্তে অনন্যা ভক্তি যতবেশী, সে ভক্ত ক্ষেত্র তত প্রিয় এবং সেই ভক্তের ভক্তিতে কৃষ্ণ তাহার বর্শী হৃত ) অথবা তাদৃশ ভক্তগণের মধ্যে (হে উদ্ধব!) তুমি আমার যেরূপ প্রিয়, তাহা আমার মুথেই শ্রবণ কর—সর্ব্ব ভক্তমধ্যে উদ্ধব শ্রেষ্ঠ। তাহা অপেক্ষা গোপী সকল শ্রেষ্ঠ; কেননা, "আসামহো চরণরেণ্-জুষামহং স্থাম্" (ভাঃ ১০া৪ ৭।৬১) শ্লোকে উদ্ধব তাঁহাদিগের চরণধূলি প্রার্থনা করিয়াছেন।"

শ্রীল চক্রবর্ত্তিপাদ পুনরায় 'আত্মাবানোহপারীরমং' শ্লোকের টীকায় বলেন,—''যদিও হে উদ্ধব! তুমি আমার থেরূপ প্রিয়তম ব্রহ্মাদি আমার তাদৃশ প্রিয়তম নহে। এবং আমার ভক্ত সাধূগণ বাতীত আমি নিজ শ্বরপগত আনন্দ অভিলাষ করি না'—ভগবানের এই উক্তি হইতে নিজ আত্মা হইতেও ভক্তগণের আনন্দপ্রদত্ব অধিক জানা যায়। কিন্তু এই গোপীগণ সক্ষভক্ত-শিরোমণি বলিয়া আত্মারাম ভগবানেরও অধিক আনন্দদাতা বলিয়া তাঁহাদের সহিত রমণ জানিতে হইবে।"

অত এব ব্রন্ধগোপীগণই কৃষ্ণের আত্মা হইতে অধিক। 'যে যথা মাং প্রপদ্যন্তে' শ্লোকের দারা স্বয়ং ভগবান্ নিজ ভন্তনকারীর ভজন-ঋণ শোধ দিয়া থাকেন জানাইয়াছেন। কিন্তু সেই গোপীগণের ভন্তনে ঋণী হইয়া বলিয়াছেন—'ন পারয়েহহং' (ভাঃ ১০।৩২।২২)।

ইতিভন্ত রিভামতেও পাভয়া যায়,—

"কৃষ্ণের প্রতিজ্ঞা দৃঢ় সর্বাকালে আছে।
যে যৈছে ভজে, কৃষ্ণ তারে ভজে তৈছে ॥
এই 'প্রেমে'র অন্থরূপে না পারে ভজিতে।
অতএব 'ঋণী' হয়, কহে ভাগবতে ॥" ( মধ্য ৮।১০-১১ )

ভাতেত অচরিভামতে ইংগও পাওয়া যায়,—

"কৃষ্ণের সমতা হৈতে বড় ভক্ত পদ।
আত্মা হইতে কৃষ্ণের ভক্ত হয় প্রেমাম্পদ॥
আত্মা হইতে কৃষ্ণ ভক্তে বড় করি মানে।
ইহাতে বছত শাস্ত্র-বচন প্রমাণে॥ (আদি ৬১১৮-১১)

এপ্রনে জ্ঞানীকে প্রীভগবান্ যে 'আত্মা' বলিয়াছেন, তাহার কারণ সেই জ্ঞানী যুক্তাত্মা অথাৎ মদাপতমনা, আমার নিকট অন্ত কিছুই আকাজ্জা করেন না, অতিপ্রিয় আমাকে ছাড়া ক্ষণকালও থাকিতে পারেন না। আমাকেই সক্ষোত্তমা গতিরপে প্রাপ্ত হইয়া অবস্থান করেন অর্থাৎ নিশ্চয় করেন। অতএব আমিও তাদৃশ ভক্ত বাতিরেকে ক্ষণকাল থাকিতে পারি না কারণ সে আমার আত্মা। অবশ্য এস্থলে বুবিতে হইবে না যে, প্রীহরি তাঁহার সহিত জ্ঞানী জীবের অভেদত্ব বলিয়াছেন।

ভাগা যদি বলা হয়, তাথা থইলে জ্ঞানীর ভজন অধিদ্ধ হয়, এবং ভজন-কারার চাতৃনিধার অধিদ্ধি, মোক্ষেও ভেদ আছে, এই সকল বাকো দোষারোপ वाऽ वायहगवण्गाणा

হয়। সেই হেতৃ অতিশয় প্রিয়বহেতৃই সেম্বলে 'আআ' এই উক্তি; যেমন 'আমার আত্মা ভদ্রসেন' বলা হয়। আবার অপর কেহ কেহ বলেন, আত্মা অর্থাৎ মনই ॥ ১৮॥

#### বছুনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপাততে। বাস্থদেবঃ সর্বমিতি স মহাত্মা স্বত্নর্ভঃ ॥ ১৯॥

তার্য্য—বহুনাং জন্মনাম্ অস্তে (বহু জন্মের পর ) সর্বম্ বাস্থদেবঃ ( সকল বাস্থদেবময় ) ইতি জ্ঞানবান্ (এই জ্ঞানসম্পন্ন ব্যক্তি ) মাম্ ( আমাকে ) প্রপদ্মতে (আশ্রয় করেন ) সঃ (সেরপ ) মহাত্মা, সুত্রভিঃ (নিতান্ত ত্রভি) ॥ ১৯॥

অসুবাদ—বছজনের পর সর্বত্র বাহ্ণদেবদশী জ্ঞানবান্ বাজি আমাতেই প্রপত্রি লাভ করেন, সেইরূপ মহাত্মা নিতাস্থ হর্ম ভ ॥ ১৯॥

শ্রীভিজিবিনোদ—জীবদকল অনেক জন্ম দাধন করিতে করিতে জ্ঞান লাভ করে অর্থাৎ চৈতক্তনির্দ্ধ হয়। চৈতক্তনির্দ্ধ হইবার প্রথমে তাহারা জড়তাাগকালীন কিয়ৎপরিমাণ অবৈত-ভাব অবলদন করে; তথন জড়ীয়বিশেষের প্রতি ঘৃণাপ্রযুক্ত বিশেষ-ধর্মের প্রতি উদাদীন হয়। চৈতক্ত-ধর্মে একটু অবস্থিত হইলেই, চৈতক্তের যে বিশুদ্ধ বিশেষ-ধর্ম, তাহা জানিতে পারিয়া তাহাতে তাহারা অম্বক্ত হয় এবং অম্বক্ত হইয়া পরমটৈতক্তরপ আমাতে প্রপত্তি বীকার করে; তথন তাহারা এই মনে করে যে, 'এই জড়জগং স্বতন্ত্র নয়, চৈতক্ত-বম্বর একটি হেয় প্রতিফলন-মাত্র, ইহাতেও বাহ্নদেব-দদম্ম আছে; অতএব দমন্তই বাহ্নদেবময়।' এইরূপ বাহাদের ভগবংপ্রপত্তি, তাহারা—মহাত্রা ও স্বত্র্ব ভা ১৯॥

ত্রীবলদেব—নয়ার্ভাদীনামন্তে কা নিষ্ঠেতি চেত্রাহ,—বহুনামিতি।
আর্তাদিন্তিবিধাে মন্তক্ষ: কৃতমন্তক্তিমহিয়া বহুনি জনাাহাত্রমান্ বিবয়ানন্দানহাভূয়
তেয়্ বিহুক্ষোহন্তে জন্মনি মংস্করপজ্ঞসংপ্রসঙ্গাং জ্ঞানবান্ প্রাপ্তমংস্করপজ্ঞান: সন্ মাং প্রপত্ততে, ততাে বিন্দতীতার্থ:। জ্ঞানাকারমাহ,—বাহ্রদেবাতি। বহুদেবস্থতঃ কৃষ্ণ এব সর্কং,—কৃষ্ণায়ত্তম্বরপদ্বিতিপ্রতিকং
সর্কং বন্ধিতার্থ:। যদি যদধীনস্করপদ্বিতিকং তত্তদাত্মকং বাপদিশ্যতে;
যথা প্রাণাধীনস্করপশ্বিতিকরাং প্রাণক্ষণং বাগাদিবাপদিষ্টং ছান্দোগ্যে,—
"ন বৈ বাচাে ন চক্ষংবি ন শােত্রাণি ন মনাংসীত্যাচক্ষতে প্রাণ ইত্যেবাচক্ষতে

প্রাণো হেবৈতানি সর্বাণি ভবন্তি" ইতি তত্রাহুঃ,—সর্বাং বস্তু বাহ্নদেবেন ব্যাপামতঃ সর্বাং বাহ্নদেব ইতার্থঃ। "সর্বাং সমাপ্রোষি ততোহদি সর্বাম্" ইতি পার্থো বক্ষাতীতি। স হি নিখিলস্পৃহানিবৃত্তিপূর্বাকং মৎস্পৃহো মদাত্মাত্যাদারমনা মরিবেদিতাত্মা জ্ঞানিকোটিষপি স্কুল ভঃ। এষ জ্ঞানবান্ 'প্রিয়ো হি জ্ঞানিনোহতার্থম্' ইত্যাত্মক্তলক্ষণো বোধাঃ॥ ১৯॥

বঙ্গান্তবাদ—প্রশ্ন—আর্তাদির অন্তে—শেষ পরিণামে কিরূপ নিষ্ঠা (গতি) হয় ? ইহা যদি বলা হয়, তত্ত্তরে বলা হইতেছে — 'বহুনামিতি', আর্জাদি তিন-প্রকার আমার ভক্ত, আমার উপর কৃত ভক্তিমহিমার ফলে আমার বাক্য-শ্রবণাদিরপ ক্রিয়া পাকে, তাহার ফলে বহুজন্ম উত্তম বিষয় ভোগস্থ অহভব করিয়া পরিশেষে দেই ভোগবাসনাদি স্থে বিতৃষ্ণ হইয়া থাকে, তারপর শেষজন্ম আমার স্বরূপাদি-বিষয়ে পরমজ্ঞানী, সং অর্থাৎ কৃষ্ণভক্তের সংসর্গে জ্ঞানবান্ অর্থাৎ আমার প্রকৃত স্বরূপের জ্ঞানী হইয়া আমাতে প্রপন্ন হয়; তারপরই আমাকে প্রাপ্ত হইয়া থাকে, ইহাই অর্থ। জ্ঞানের আকার বলা হইতেছে—'বাস্থদেবেতি', বস্থদেবের পুত্র কৃষ্ণই দর্ব্ব, এই ক্ষের আয়ত্ত সমন্তবস্তর স্বরূপ, স্থিতি ও কার্যা; যাহা যাহার অধীন স্বরূপ ও স্থিতিমান্ তৎ সম্দায়ই তদাত্মকরপে বাপদেশ (বলা) হইয়া থাকে, যেমন— প্রাণের অধীন স্বরূপ ও স্থিতিশীলতাহেতু বাক্যাদিকে প্রাণরূপ বাপদেশ (বলা) হইয়াছে। ছান্দোগো—"বাকাগুলি নহে, চক্তুলি নহে, শ্রোত্রগুলি নহে, মনগুলিও নহে ইহা বলা হয়, (অর্থাৎ বাকা-চক্ষ্-শ্রোত্র ও মনের কোন স্বাধীন कर्ज्य नारे ) প্রাণই সকলের কর্তা-প্রাণই ইহারা সকলে হইয়াছে অর্থাৎ ইহারা সকলে প্রাণেরই অধীন হয়।" এই সম্পর্কে বলা আছে—সমস্ত বস্ত বাস্থদেবের ছারা বাাপা বলিয়া সমস্ত বস্তুই বাস্থদেব" ইহাই অর্থ, "সকলকে তুমি প্রাপ্ত হও অতএব তুমিই দকল" ইহা পার্থ অর্জ্ন বলিবেন। তিনি নিশ্চিতরপে নিথিলস্পৃহা নিবৃত্তিপূর্বক আমার প্রতি স্পৃহাসম্পন্ন হইয়া, মদ্গত আত্মা হইয়া ও অভিশয় উদারমনা হইয়া আমাকে আত্মনিবেদন করিলে কোটি কোটি জানীর মধ্যেও সেইরূপ কৃষ্ণভক্তিপরায়ণ জানী অতিশয় ত্ল'ভ। এই জ্ঞানবান্ ভক্ত নিশ্চয় প্রিয়; "জ্ঞানী হইতেও অতিশয় প্রিয়" ইত্যাদি পূৰ্বোক্তলক্ষণগুলি জানিবে॥ ১৯॥

অনুভূষণ—এক্ষণে কেহ যদি পূর্বপক্ষ করেন যে, আর্তাদি ত্রিবিধ ভক্তের

গতি কি হয়? তত্ত্তরে বলিতেছেন যে, আর্ত্তাদি ত্রিবিধ দকাম ভক্তও আমার ভক্তি-মহিমার ফলে বহু বহু জন্ম উত্তম বিষয়ানল অন্তবানন্তর তাহাতে বিতৃষ্ণ হইয়া অস্তে কোন জন্মে মংস্বরপক্ত সংসঙ্গ-হেতু জ্ঞানবান্ অর্থাৎ মংস্বরপ-জ্ঞান প্রাপ্ত হইয়া আমাতে প্রপত্তি লাভ করেন। সেই জ্ঞানের আকার বলিতেছেন—'বস্থদেবস্ত শ্রীক্ষণ্ট দর্বা'; যেহেতু দর্ববিশ্বর স্বরূপ, স্থিতি ও প্রবৃত্তি শ্রীক্ষণ্টের আয়ন্ত্র অর্থাৎ অধীন। যেমন প্রাণের অধীন সমস্ত ইন্দ্রিয় বলিয়া, বাগাদি-ইন্দ্রিয়কেও প্রাণরূপ বলা হয়। ছান্দোগ্যে পাওয়া যায়, (৫।১।১৫) বাকা নহে, চক্ষু নহে, কর্ণ নহে সবই প্রাণ। এইরপ বাস্থদেব সব ব্যাপিয়া অবস্থান করেন বলিয়া দব বাস্থদেব বলা হয়।

স্থতরাং সমস্ত স্পৃহা নিবৃত্তিপূর্বক একমাত্র আমাকেই স্পৃহা, আমাকেই আত্মজান পূর্বক আমাতেই আত্মনিবেদন করেন, এইরপ উদারমনা ব্যক্তি কোটি জ্ঞানীর মধ্যেও স্থল্ল ভ। এইরপ জ্ঞানবান্ প্রিয়ো, জ্ঞানী হইতেও অতিশয় প্রিয়, ইহা উক্তলক্ষণেই বুঝা যায়।

শ্রীকৃষ্ণ বন্ধদেবের পুত্র বলিয়া বান্ধদেব নামে খ্যাত। এ-সম্বন্ধে সনংকুমার বলেন,—"বাস: সর্বানিবাসক বিশ্বানি ষস্তা লোমস্থ। তস্তা দেব: পরং ব্রহ্ম বান্ধদেব ইতীরীত: ॥" অর্থাৎ যিনি সকলের নিবাস ভূমি, যাঁহার লোমকুপে সমগ্র বিশ্ব, তাঁহার যিনি দেবতা সেই পরব্রহ্ম বান্ধদেব নামে খ্যাত। আরও—"বান্ধদেবেতি তন্নাম বেদেষ্ চতুষু চ। পুরাণেষিতিহাসেষু শাস্তাদিষ্ চ দৃশ্যতে॥" অর্থাৎ তাঁহার বান্ধদেব এই নাম চারি বেদ ও পুরাণ-ইতিহাসাদি-শাস্ত্রে দেখিতে পাওয়া যায়।

বিষ্ণুপুরাণেও পাওয়া যায়,—

"মর্কারাদৌ সমস্তঞ্চ বসভাত্রেতি বৈ যতঃ। ততঃ স বাস্থদেবেতি বিছাদ্রিঃ পরিপঠাতে॥"

অর্থাৎ এই জগতের সকল স্থানে ও নকল পদার্থে বাস করেন। এই জন্য বিদ্যানগণের দ্বারা তিনি বাস্থদেব নামে কথিত হন।

পদ্মপুরাণেও পাওয়া যায়,—

"ইন্দীবর-দল্ভামঃ পদ্মপত্রায়তেক্ষণঃ। চতুভুজঃ স্থন্দরাঙ্গো দিব্যাভরণভূষিতঃ॥ শ্রীবংসকৌপ্তভোরস্কোবনমালাবিভূষিত:।
বহুদেবস্থ জাতোহসৌ বাহুদেব: সনাতন:॥"

'বাহুদেব' নামের আরম্ভ একটি অর্থ পাওয়া যায়,—

"বসতি সর্ব্বত্র ইতি বাহু: দিবাতি ইতি দেব:।"

"বাসমৃতি সর্ব্বান্ আত্মকৃষ্ণি মধ্যে ইতি বাহু:।"
শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

"বস্বতো জানতামত্র কৃষ্ণং স্থান্ন, চরিষ্ণু চ। ভগবদ্রপমথিলং নাগ্রদ্বস্থিহ কিঞ্চন ॥" (১০।১৪।৫৬)

অর্থাৎ বপ্ততঃ যাঁহারা ক্লফতত্ব অবগত আছেন, তাহাদের মতে স্থাবর-জঙ্গমাত্মক এই নিথিল বন্ধাণ্ড ক্লফের রূপ অর্থাৎ ক্লফেই সর্বাবণকারণ ( কার্যা ও কারণ অভিন্ন ) অতএব ক্লফ ব্যতীত অন্ত কোন স্বতম্ব বস্তু নাই।

এই শ্লোকের টীকায় শ্রীল সনাতন গোস্বামী প্রভূ বলেন,—
"রূপমধিদানং সক্ষত্রৈব ভগবানয়ং নিবসতীতি পরিক্রতীতর্থঃ"।
পরে গীতায় শ্রিঅর্জ্নও বলিবেন,—

'সকাং সমাপ্নোষি ততোহিদি সকা:' ( গী: ১১।৪০ ) অথাৎ তুমি সমস্ত জগতে ব্যাপ্ত অতএব তুমিই সকা,॥ ১৯॥

> কামৈত্তৈহৈ ভজানাঃ প্রপাতন্তেহগুদেবভাঃ। ভং ভং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়ভাঃ স্বয়া॥ ২০॥

ভাষয়—তৈ: তৈ: কামৈ: (আর্ত্তিবিনাশাদিবিষয়ক সেই সেই কামনাধারা) হাতজ্ঞানা: (নষ্টবৃদ্ধি ব্যক্তিসমূহ) তং তং নিয়মং (সেই সেই নিয়ম) আস্থায় (আশ্রয়পূর্বক) স্বয়া-প্রকৃত্যা-নিয়তা: (স্ব-স্বভাববনীভূত হইয়া) অন্ত-দেবতা: (অন্ত-দেবতাদিগকে) প্রপদ্যন্তে (ভদ্দন করিয়া থাকে)॥২০॥

অসুবাদ—সেই সেই কামনাঘারা হতজ্ঞান ব্যক্তিসকল সেই সেই দেব-আরাধনোপযোগী নিয়ম অবলম্বন প্রাক স্বপ্রকৃতি-অহুযায়ী অন্ত দেবতাসমূহকে ভজন করিয়া থাকে॥ ২০॥ ভীতজিবিনাদ—আর্তাদি ব্যক্তিগণ ক্ষামশৃত্য হইয়া আমার ভক্তি আচরণ করে। ষে-কাল পর্যান্ত তাহাদের কামরূপ ক্ষাম বিগত না হয়, সে-কাল পর্যান্ত তাহারা মভাবত: বহিন্দুখি। কামী হইয়াও ধাহারা আমার মরূপকে আশ্রাম করে, তাহারা বহিন্দুখিতাকে আশ্রাম দেয় না; আমি অতি মার্লকালের মধ্যে তাহাদের কামকে দ্ব করি। কিন্তু যাহারা আমা-হইতে বহিন্দুখি এবং কাম-ঘারা হুতজ্ঞান হইয়া শীত্র ক্ষুদ্রফললাভের জ্বা সেই-সেই-কাম্যফল-দাতা দেবতাদিগের উপাসনা করে, তাহারা বিশুদ্ধসন্তর্মপ আমাকে ভালবাদে না; যেহেতু তাহাদের স্বন্দ্ব তামসিকী ও রাজসিকী প্রকৃতির ঘারা চালিত হইয়া তাহারা সেই সেই ক্ষুদ্র নিয়ম পালন ক্রত তদক্রপ দেবতাসকলের উপাসনা করে॥ ২০॥

শ্রীবলদেব—তদিখং কামনয়াপি মাং ভজজো মন্তজিমহিয়া তে বিম্চাস্তে ইত্যুক্তম্। যে তু শীদ্রস্থকামা দেবতাস্তরভক্তাস্তে সংসরস্তোবেতাাহ,—কামৈ-বিত্যাদিভিক্তর্ভি:। তৈস্তৈরাজিবিনাশাদিবিষয়কৈ: কামেন্তজ্ঞানা: যথা-দিত্যাদয়: শীদ্রমের রোগবিনাশাদিকরাস্তথা ন বিষ্কৃরিতি নপ্তবিদ্ন ইতার্থ:। তং তমসাধারণং স্বয়া প্রকৃত্যা বাসনয়৷ নিয়তা নিমন্ত্রিভাস্তেষাং প্রকৃতিরেব তাদৃশী ষা মংপ্রপত্তো বৈম্থাং করোতাতি ভাব: । ২০ ॥

বজানুবাদ—অতএব এই প্রকারে কামনা সহকারেও যদি আমাকে ভজনা করে, তাহা হইলে আমার ভক্তিমহিমার দারা অর্থাৎ রক্ষভক্তি মহিমার দারা তাহার। মৃক হয়, ইহা বলা হইয়াছে; কিন্ধ যাহার। খ্বই তাড়াতাড়ি স্থের প্রত্যাশী হইয়া আমা ভিন্ন অন্ত দেবতার প্রতি অহ্বরক্ত ও ভক্তিসম্পন্ন হয়, তাহারা সংসার-দশা প্রাপ্ত হয়ই। অর্থাৎ পুন: পুন: সংসারে যাতায়াত করে—ইহাই বলা হইতেছে—"কামেরিত্যাদিভি: চতুর্ভি:"। দেই সেই (তাৎকালিক বা সাময়িক) হঃগবিনাশবিষয়ক কামনার দারা হাতজ্ঞান, স্থ্যাদি শীদ্রই যেমন রোগ বিনাশ করেন, বিফু, (প্রহিরি, প্রীকৃষ্ণ) কিন্তু সেই রকম নহেন, এই প্রকার নই-বৃদ্ধিসম্পন্ন ব্যক্তিগণ, ইহাই অর্থ। সেই সেই অসাধারণ স্বীয় প্রকৃতি-স্থলত বাসনার দারা চালিত হয় ধাহারা তাহাদের প্রকৃতিই তাদ্দী— থেই প্রকৃতি আমার (ক্রফের) প্রপত্তিতে বৈম্থা আনর্ম করিয়া থাকে ॥ ২০॥

অনুভূষণ—আর্তাদি ত্রিবিধ ভক্ত অপেকা জানী ভক্ত—'নিতাযুক্ত' ও

'এক ভক্তি' দারা বিশিষ্টতা লাভ করতঃ শ্রেষ্ঠ ; ইহা পূর্ব্বেই প্রতিপাদিত হইয়াছে, তৎসত্ত্বেও শ্রীভগবান্ আর্ত্তাদি সকাম ভক্তগণকেও উদার বলিয়া উল্লেখ করিয়াছেন। সাধারণতঃ কামনার দারা হৃতজ্ঞান-সম্পন্ন বাক্তিগণ মনে করে যে, জ্বল্য দেবতার উপাসনায় যেমন শীঘ্র ফল লাভ হয়, বিষ্ণুর উপাসনায় সেরপ হয় না, এইরপ নষ্ট-বৃদ্ধিবিশিষ্ট ব্যক্তিগণ তাহাদের প্রকৃতিগত বাসনার দারা চালিত হইয়াই শ্রীহরি-ভজ্জনে বিম্থতা লাভ করিয়া থাকে। সেরপ-স্থলে যাহারা কামনা-পরতম্ব হইয়াও তৎসিদ্ধির জন্য জন্য দেবতার উপাসনা না করিয়া, শ্রীভগবানের শ্রীচরণেই শরণ গ্রহণ করেন, তাহারা বিশেষ ভাগাবান্ ও বৃদ্ধিমান্; সেইজন্য শ্রীভগবান্ও তাহাদিগকে 'উদার' বলিয়াছেন।

যাহারা কামনা সিদ্ধির জন্য দেবতাস্তরের উপাসক, তাহারা কিন্তু সংসাবদশাই প্রাপ্ত হয় অর্থাৎ পুনঃ পুনঃ জন্ম-মরণমালা পরিধান পূর্বক ত্রিতাপ-জ্বালা
ভোগ করিয়া থাকে, আর সকাম শ্রীকৃষ্ণ-ভক্ত কিন্তু কৃষ্ণ-কৃপায় ক্রমশঃ কাম্যবিষয়ে নিষ্প্ত হইয়া শ্রীকৃষ্ণের ঐকাস্তিক-ভজন লাভ করিতে পারেন। এ
বিষয়ে শ্রীমন্তাগবতের "অকামঃ সর্ব্বকামো বা" (২০০১০) এবং "সত্যং
দিশতার্থিতম্" (৫০১৯১৬) শ্লোকদ্বয় আলোচনা করিলে পাওয়া যাইবে।
এবং শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্য ২২০৫-৪২ শ্লোকণ্ড আলোচা। গীতার
এই অধ্যায়ের ১৮ শ্লোকের অনুভূষণণ্ড দ্রন্থবা।

এতদ্বতীত শ্রীমন্তাগবতের "সমশীলা ভন্ধন্তি বৈ" (১।২।২৬) এবং "ব্রহ্মবর্চচ-সকামস্ত যজেত ব্রহ্মণঃ পতিম্" (২।৩।২-৯) শ্লোক আলোচনা করিলে কে কিরপ কামনা-দারা চালিত হইয়া কোন্ কোন্ দেবতার আরাধনা করে, তাহা পাওয়া যাইবে।

আরও পাওয়া যাইবে,—

"স চাপি ভগবন্ধাৎ কামমূচঃ পরাল্ব্যুথঃ" (ভাঃ ৩।৩২।২) এবং উপাসত ইন্দ্রম্খ্যান্ দেবাদীন্ ন যথৈব মাম্" (ভাঃ ১১।২১।৩২) ইত্যাদি শ্লোকও এতৎ প্রসঙ্গে আলোচ্য ॥ ২০ ॥

## যো যো যাং যাং তকুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চিতুমিচ্ছতি। তম্ম তম্মাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্॥ ২১॥

তাৰয়—য: য: ভক্তঃ (যে যে ভক্ত ) যাং যাং তন্নং (যে যে দেবম্তি) প্ৰদান (প্ৰদান সহকারে) অচিত্ন্ (পূজা করিতে) ইচ্ছতি (ইচ্ছা করে) তম্ম তম্ম (তাহার তাহার) তামেব (তাহাতেই) অচলাং প্রদাং (দৃঢ় প্রদা) অহম (অন্তর্গামীরূপে আমি) বিদ্ধামি (বিধান করিয়া থাকি)॥২১॥

অনুবাদ—যে যে ভক্ত মদ্বিভূতিরপা যে যে দেবতাম্ত্তিকে অর্চনা করিতে ইচ্ছা করে, অন্তর্যামীরূপে আমি সেই সেই ভক্তের, তাহাতেই অচলা শ্রদ্ধা বিধান করিয়া থাকি॥ ২১॥

ত্রীভক্তিবিনোদ—অন্তর্য্যামিস্বরূপ আমি, যাহার যে স্পৃহণীয়া দেবমৃত্তি, তাঁহাতে তাহার শ্রদ্ধান্ত্যায়ী অচলা শ্রদ্ধা বিধান করিয়া থাকি ॥ ২১॥

শ্রীবলদেব—সর্বান্তর্যামী মহাবিভূতিঃ সর্বহিতেচ্ছুরহমেব তত্তদেবতাস্থ শ্রদামুৎপাত্য তাঃ পুজয়িরা তত্তদন্তরপাণি ফলানি প্রযক্ষামি, ন তু তাসাং তত্র শক্তিরস্তীত্যাশয়বানাহ,—য় ইতি দ্বাভ্যাম্। যো য় আর্ত্তাদিভক্তো য়ং য়ামাদিত্যাদিরপাং মত্রসং শ্রদ্ধয়ার্চিতুং বাঞ্চি, তস্ত তস্ত তামেব তত্তদেবতাবিষয়ামেব, ন তু মদ্বয়াম্, অচলাং স্থিরাম্। বিদধামাৎপাদয়ামাহমেব, ন তু সা সা দেবতা; শ্রতিশ্চ তত্তদেবতানাং মত্তর্বমাহ,—"য় আদিতো তিষ্ঠত্যাদিত্যাদস্তরো য়মাদিতো ন বেদ ম্প্রাদিত্যঃ শরীরম্" ইত্যাভা ॥ ২১॥

বঙ্গানুবাদ—সকলের অন্তর্যামী, মহাবিভৃতিসম্পন্ন ও সকলের হিতাকাজ্রী হইয়া আমিই পূর্ব্বোক্ত আদিতা প্রভৃতি দেবতার প্রতি শ্রদ্ধা উৎপাদন করিয়া তাহাদের পূজাদি সম্পন্ন করাইয়া সেই সেই অন্তর্মপ ফলগুলি প্রদান করিয়া থাকি, কিন্তু ঐ সকল দেবতার সেই সেই ফলপ্রদানের শক্তি নাই, এই আশয়বান্ হইয়া বলিতেছেন—'য ইতি দ্বাভ্যাম্'। যে যে আর্জাদি- ভক্ত যেই যেই আদিতাাদিরপ আমার তন্তকে শ্রদ্ধার সহিত অর্চনা করিবার ইচ্ছা করিয়া থাকে, তাহার তাহার সেই সেই দেবতা সম্বন্ধীয় তাহাই, আমার বিষয়ক নহে; অচলা—স্থিরা, সেই বৃদ্ধি আমিই বিধান করি, সেই সেই দেবতা নহে। শ্রুতিও আছে যে, সেই সেই দেবতারা আমারই দেহ—"যিনি আদিত্যে অবস্থান করেন ও আদিত্যের ভিতর, আদিত্য যাঁহাকে জানে না, আদিত্য যাঁহার শরীর" ইত্যাদি॥ ২১॥

অসুভূষণ—কেহ কেহ মনে করেন যে, যে কোন দেবতার পূজা করিলেই খ্রিভগবানের পূজা করা হয়, অথবা দেবগণই খ্রীভগবানে ভক্তি উৎপাদন করিয়া দিতে পারেন, কিন্তু এন্থলে খ্রীভগবান্ স্পষ্টই বলিতেছেন যে, দেবপূজক যে দেবতত্ব খ্রদ্ধাপূর্বক পূজা করিতে ইচ্ছা করেন, শ্রীক্রম্ব অন্তর্যামী-স্বরূপে তাহার খ্রদ্ধান্তর প্রতি খ্রদ্ধা বিধান করিয়া পাকেন কিন্তু নিজ প্রতি বহিমুখি তাহাকে নিজ বিষয়ক খ্রদ্ধা প্রদান করেন না: আর দেবগণ যথন নিজ-পূজকগণের নিজেদের প্রতি খ্রদ্ধাই উৎপাদন করিতে অসমর্থ, তথন তাহারা খ্রীভগবানের প্রতি শ্রদ্ধা বা ভক্তি উৎপাদন করিবেন, তাহা ত' অসম্ভবই।

দেবগণ যে শ্রীভগবানের 'তরু' সে বিষয়ে শ্রুতিতে পাওয়া য়ায়, 'য় আদিত্যে তির্ছন্' (বৃহদারণ্যক ৩।৭।৯)।

এ-বিষয়ে শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

'বাহবো লোকপালানাং' (১।১১।২৭); "ইন্দ্রাদয়ো বাহবং" (২।১।২৯); "দেবা নারায়ণাঙ্গলাঃ" (২।৫।১৫) "স ঈশ্বরো মে কুরুতাং মনোরথম্"; প্রভৃতি • শ্লোকও এতৎ প্রসঙ্গে আলোচ্য ॥ ২১॥

## স তয়া শ্রেদ্ধয়া যুক্তস্তারাধনমীহতে। সভতে চ ভতঃ কামান্ ময়ৈব বিহিতান্ হি তান্॥ ২২॥

অন্বয়—স: (সেই ব্যক্তি) তয়া শ্রন্ধয়া যুক্তঃ (সেই শ্রন্ধাযুক্ত) [সন্—
হইয়া] তস্তাঃ (তাঁহার) আরাধনম্ ঈহতে (আরাধনার প্রয়াস করিয়া পাকেন)
চ (এবং) ময়া এব (অন্তর্যামীরূপে আমার দ্বারাই) বিহিতান্ তান্ কামান্
(বিহিত সেই কাম্যবিষয়সমূহ) ততঃ (তাঁহা হইতে) হি লভতে ( অবশ্য লাভ
করেন) ॥ ২২ ॥

অনুবাদ—সেই ব্যক্তি শ্রদ্ধাযুক্ত হইয়া সেই দেবমূর্ত্তির আরাধনা করেন এবং অন্তর্যামী আমাকর্ত্ক বিহিত সেই কামাবিষয়সমূহকে তাঁহা হইতে অবশ্য লাভ করিয়া থাকেন॥ ২২॥

শ্রীভক্তিবিনোদ—তিনি শ্রদ্ধাপূর্মক দেই দেবতার আরাধনা করত সেই দেবতা হইতে মদিহিত কামসকল প্রাপ্ত হন ॥ ২২ ॥

শ্রীবলদেব—'স তয়েতি'। ঈহতে করোতি, ততো মত্তমূত্ত-তত্তদেবতা-রাধনাৎ। কামান্ কলানি তত্ত তত্তোক্তানি। ময়ৈবেতি বিহিতান্ বচিতান; —যত্তপি তশু তশ্যারাধকশু তথা জ্ঞানং নান্তি, তথাপি মত্তম্বিবয়েয়ং শ্রেকেত্যমুদ্ধায়াহং ফলান্তর্পয়ামীতি ভাবঃ॥ ২২॥

বঙ্গান্ধবাদ—'স তয়েতি'। ইহতে অর্থাৎ করে। সেই হেতু—আমার দেহ-স্বরূপ তত্তৎদেবতার আরাধনাবশতঃ। কামগুলি অর্থাৎ ফলগুলি, সেথানে সেথানে যাহা বলা হইয়াছে, আমাকর্জকই বিহিত অর্থাৎ রচিতগুলি। যদিও সেই সেই আরাধনাকারীর সেই সেই জ্ঞান নাই তথাপি আমার তম্বিয়ক এই শ্রদ্ধা, ইহা অনুসন্ধান করিয়া আমি ফলগুলি অর্পন (প্রদান) করিয়া থাকি॥ ২২॥

অসুভূষণ—কেহ আবার মনে করেন যে, দেবতাগণের আরাধনার বারা কাম্য-বিষয় লাভ হইয়া থাকে, কিন্তু এই শ্লোকের মর্ম্মে পাওয়া যায় যে, শ্রীভগবানের তম্বন্ধপ সেই সেই দেবতার আরাধনাবশতঃ কাম্য-ফলগুলি শ্রীভগবৎ-কত্ব কিবিত হইয়াই লাভ হইয়া থাকে, কিন্তু দেবপৃক্ষকগণের যদিও সে-জ্ঞান নাই, অর্থাৎ তাহারা জানে না যে, শ্রীভগবান্ অন্তর্য্যামীরূপে এই ফল বিধান করিতেছেন; তথাপি শ্রীভগবান্ তাঁহার তমুবিষয়ক এই শ্রদ্ধা বিচারপূর্ব্বক ফলগুলি সমর্পণ করিয়া থাকেন। এন্থলে দেখা যায় যে, দেবগণ যেমন নিজ পৃজকগণকে নিজেদের প্রতি শ্রদ্ধা বিধান করিতে পারেন না, দেইরূপ অন্তর্যামী শ্রীভগবানের বিধান-ব্যতিরেকে কাম্যা-ফলগুলিও প্রদান করিতে জসমর্থ॥ ২২ ॥

## অন্তবত্ত ফলং তেষাং তম্ভবভ্যল্পমেধসাম্। দেবান্ দেবযজো যান্তি মন্তক্তা যান্তি মামপি॥ ২৩॥

অন্তর—তু (কিন্তু) তেষাম্ অল্লমেধসাম্ (সেই হীনবৃদ্ধিগণের) তৎ ফলম্ (সেই ফল) অন্তবৎ (নশ্ব) দেবযজঃ (দেবপূজকগণ) দেবান্ (দেবতাসমূহকে) যান্তি (প্রাপ্ত হন) মন্তক্তা অপি (আর আমার ভক্তগণ) মাম্ (আমাকে) যান্তি (প্রাপ্ত হন)॥ ২৩॥

অনুবাদ — কিন্তু অল্লবুদ্ধিজনগণের সেই ফল নশ্বর। দেবপূজকণণ দেবতা-গণকে প্রাপ্ত হন আর আমার ভক্তগণ আমাকেই প্রাপ্ত হন॥ ২৩॥

শ্রীভক্তিবিনোদ—অন্নবৃদ্ধি দেবতাস্তর-ভক্তগণের আরাধনার ফল—নশ্বর মর্থাৎ অনিতা; যেহেতু দেব্যাজিগণ সেই সেই অনিতা দেবতাকে লাভ করিয়া অবশেষে অন্ত লাভ করে; কিন্তু আমার ভক্তগণ সকাম হইলেও নিতা-ফলস্বরূপ আমাকেই লাভ করে॥ ২৩॥

শ্রীবলদেব—নতু দেবাশ্চেং অন্তনবন্তর্হি দেবভক্তানাং অন্তলানাং চ সমানং ফলং স্থাদিতি চেত্তব্রাহ,—অন্তবদিতি। তেষামন্নমেধসামাদিতাাদিমাত্রবৃদ্ধাা, ন তু মত্তর্বুদ্ধাারাধয়তাং তত্তৎফলমন্নমন্তবিদ্ধানা চ ভবতি; মত্তহ্বুদ্ধাারাধয়তাং তু ফলমনন্তমবিনাশি চেতি ভাবং। ষম্মাদাদিতাাদিদেব্যাজিনস্তান্ মেজাান্ মিতভোগান্ মিতায়ুষো যান্তীতি, মন্তলান্ত মামেব নিতাাপরিমিতস্বরূপগুণবিভূতিমদারাধনফলমনন্তমবিনাশি চেতি মহদন্তরমিত্যর্থং॥ ২৩॥

বন্ধানুবাদ—প্রশ্ন,—দেবতাগণ যদি তোমারই ( শ্রীক্লফেরই ) দেই হয়, তাহা হইলে দেই দেই দেবভক্তও তোমার ভক্ত অর্থাৎ ক্লফভক্তগণের ফল সমানই হইবে। ইহা যদি বলা হয় তহত্তরে বলা হইতেছে—'অন্তবদিতি'। দেই অল্লমেধা (ক্ষ্মু বৃদ্ধি) সম্পন্ন লোকদের আদিত্যাদিমাত্র (সামান্ন) বৃদ্ধি-হেতু; কিন্ত দেই দেই আদিত্যাদি দেবতা—আমারই তয়, এই বৃদ্ধিতে যদি আদিত্যাদি দেবতা—ভক্ত হইয়া আরাধনা করেন তাহা হইলে দেই দেই ফল অল্ল হইলেও অন্তবং—বিনাশশীল হয় না। (মোটের উপর) আমার তয়, এই বৃদ্ধিতে যাঁহারা আরাধনা করেন, তাহাদের কিন্তু ফল অনন্ত, অসীম ও অবিনাশশীল হয়।—ইহাই ভাবার্থ। যেই হেতু আদিত্যাদি দেবযাজিগণ সেই দেই স্বকীয় পৃজাের নিকট পরিমিত ভাগশালী, পরিমিত আয়ুম্প্রের হইয়াই দেই দেই লোকেই চলিয়া যান। ইতি। আমার ভক্তেরা কিন্তু আমাকেই প্রাপ্ত হন নিত্য, অপরিমিতম্বরূপ-গুণ ও বিভৃতিমান্ আমার আরাধনা তৎপর হইয়া যেই ফললাভ করিবে, তাহা অবিনাশী ও অনন্তকাল-স্থামী হইবে। অতএব—দেবারাধনা ও ক্রফারাধনার মধ্যে অনেক পার্থক্য—ইহাই প্রকৃত অর্থ॥২৩॥

তারত্বশা—এস্থলে যদি কেই পূর্ব্বপক্ষ করেন যে, দেবতারা যখন শ্বভিগবানের তত্ব তখন দেবভক্তগণের ও ভগবদ্ভক্তগণের আরাধনার ফল সমানই হইবে, তত্ত্তরে বলিতেছেন যে, যেহেতু দেবোপাসকগণ আদিত্যাদি-মাত্র বৃদ্ধিতে করেন না স্বতরাং তাঁহাদের উপাসনার ফল অল্ল অর্থাৎ অস্তবৎ <u>बा</u>त्रक्षश्रवप्रशाला

বিনাশী হইবেই। আর শ্রীভগবানের তন্ত্-বৃদ্ধিতে উপাদনা করিলে তাঁহার ফল অনস্ত ও অবিনাশী হইয়াই থাকে। যেহেতু আদিত্যাদিদেবথাজী ব্যক্তিগণের অ স্ব পূজাগণের লোকে পরিমিত ভোগ ও আয়ু লাভ হইয়া পাকে আর শ্রীভগবানের ভক্তগণের কিন্ত প্রাপ্তি তাঁহাকেই অর্থাৎ নিতা, অপরিমিত স্বর্মপগুণ-বিভৃতিমং শ্রীভগবানই; স্থতরাং তাঁহাদের আরাধনার ফল অনস্ত ও অবিনাশী। এইরূপ মহৎ-ব্যবধান হইয়া থাকে।

এস্থলে ইহাও বিচার্য্য যে, কেহ যদি কামনাযুক্ত হইয়া শ্রীভগবানের নিকট প্রপত্তি স্বীকার না করিয়া, অন্ত দেবগণকেই শীঘ্র ফলদাতা ভাবিয়া তাঁহাদিগের নিকট প্রপন্ন হন, তাহা হইলে তাঁহারা যেমন পূর্ব্যবর্ণিত 'হতজ্ঞানাঃ' অর্থাৎ নষ্টবৃদ্ধি-বিশেষ; দেইপ্রকার দেবপূজকগণ নশ্বর ফল লাভ করেন বলিয়া তাঁহাদিগকে এই শ্লোকে 'অল্লবৃদ্ধি-বিশিষ্ট' বলা হইয়াছে।

প্রীন চক্রবর্তিপাদের টীকার মর্ম্মে পাওরা যায়, "সেই দকল দেবতান্তর ভক্তগণের তত্তৎ দেবতার আরাধনাজনিত কলকে নশ্বর কর; কিন্তু স্বভক্তগণের আরাধনাফলকে অনশ্বর কর, ইহা পরমেশ্বর তোমার পক্ষে অস্তায়, তত্ত্তরে—ইহা অস্তায় নহে বলিতেছেন—'দেবান্' ইত্যাদি। দেব-পৃত্ধকগণ দেবতাকে প্রাপ্ত হয়। মংপৃত্ধকগণ আমাকে প্রাপ্ত হয়। ইহার অর্থ—যাহারা যাহার পৃত্ধক তাহারা তাহাকে পায়—এই স্তায়ই। সেন্থলে যদি দেবগণই নশ্বর তবে তাহাদের ভক্তগণ কিরপে অনশ্বর হয় ? আর কেনই বা তাহাদের ভজন ফল নষ্ট হইবে না ? এইজ্লাই সেই দেবভক্তগণকে অল্পমেধা বলা হইয়াছে, কিন্তু প্রভাগবান্ নিত্য—ভাঁহার ভক্তগণও নিত্য, তাঁহার ভক্তি, ভক্তিফল—সকলই নিত্য॥ ২৩॥

#### অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যুত্তে মামবুদ্ধয়ঃ। পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্ ॥ ২৪॥

ভাষয়—মম (আমার) অবায়ম্ (অবায়) অন্তর্মম্ (সর্কোত্তম) পরং (সর্ক্রেষ্ঠি) ভাবম্ (মায়াতীত পরপ-জন্ম-লীলাদি) অজ্ঞানন্তঃ (না জানিয়া) অবুদ্ধাঃ (হীনবৃদ্ধি ব্যক্তিগণ) অবাক্রং (প্রপঞ্চাতীত) মাম্ (আমাকে) ব্যক্তিম্ আপরং (মায়িক মহুয়াদির নায় জন্মপ্রাপ্ত) মন্তত্তে (মনেকরে)। ২৪।

অনুবাদ—নির্কোধ ব্যক্তিগণ আমার মর্কোত্তম, মর্কশ্রেষ্ঠ. অবায়, অপ্রাকৃত

9158

স্বরূপ ও জন্ম-লীলাদি অবগত না হইয়া, প্রপঞ্চাতীত আমাকে প্রাকৃত মহয়াদি-শ্বীর প্রাপ্ত বলিয়া মনে করে॥ ২৪॥

শীভজিবিনোদ—যাহারা নির্বিশেষ-বৃদ্ধিকে শ্রেষ্ঠ মনে করিয়া এরপ দিদ্ধান্ত করে যে, আমি অব্যক্ত নির্বিশেষস্বরূপ, কার্য্যবশতঃ ব্যক্তি লাভ করি, অর্থাৎ ব্যক্ত হই, তাহারা যতই বেদান্তাদি শাস্ত্র-আলোচনা করুক, তথাপি নির্বোধ, যেহেতু তাহারা আমার সর্ব্বোত্তম অব্যয় সর্ব্বশ্রেষ্ঠ নিত্যবিশেষ-সম্পন্ন স্বরূপকে অবগত হয় নাই॥ ২৪॥

শীবলদেব—অথ কা বার্জা মদক্তদেবযাজিনামল্লমেধনাম্পনিষন্নিষ্ণাভানামপি মছজিবিজানাং মন্তব্ধীন স্থাদিত্যাশ্য়েনাহ,—অবাজমিতি। অবুদ্ধয়ো মন্তব্যাথাত্মাবৃদ্ধিশৃত্যা জনা অবাজং স্বপ্রকাশাত্মবিগ্রহ্বাদিন্দ্রিয়াবিষয়ং মাং ব্যক্তিমাপন্নং তদ্বিষয়ং মন্তব্ধে দেবকাাং বন্ধদেবাং দল্লোংকুষ্টেন কর্মণা সঞ্জাতমিতবরাজপুত্রত্বাং মাং বদন্তি; যতন্তে মদভিজ্ঞসংপ্রস্কাভাবান্মম ভাবং পরমব্যয়মন্তব্তমমজানন্তঃ,—"ভাবঃ সন্তা স্বভাবাভিপ্রায়টেপ্তাত্মজন্মন্ত ক্রিয়ালীলাপদার্থেষ্ বিভৃতিবৃধজন্তম্ ইতি মেদিনীকারঃ; মছজিহীনান্তে মম স্বর্গগুণজন্মলীলাদিলক্ষণভাবং মায়াদিতঃ পরমতোহবায়ং নিত্যমন্তব্যং সর্বোত্তমং ন, কিন্তব্যনায়িকমনিতাং দাধারণঞ্চ গৃহুন্ত ইত্যর্থঃ। স্বরূপং হরেবিজ্ঞানানন্দৈকরসং,—"বিজ্ঞানমানদ্বং ব্রন্ধ" ইত্যাদেঃ। দার্বজ্ঞাদিগুণগণস্তস্থ স্বরূপান্নবন্ধী,—''অনস্তকল্যাণগুণাত্মকোহসৌ" ইত্যাদেঃ। অভিব্যক্তিমাত্রং জন্ম,—"অজোহপি সন্" ইত্যাদেঃ, পরন্ত অব্যক্তব্যৈব জঙ্গংম্থ প্রসাদেনবাভিব্যক্তিশীলং,—"ন শক্যঃ স ত্বয়া দ্রষ্টুমন্মাতির্বা বৃহম্পতে। যস্ত্য প্রসাদং কুকতে স বৈ তং দ্রষ্টুমূর্যতি॥" ইত্যাদেঃ॥ ২৪॥

বঙ্গানুবাদ—অনন্তর আমা ভিন্ন অন্ত দেবযাজী ব্যক্তিগণ অন্নমেধাসম্পন্ন, এ আর কি কথা? আমার ভক্তিরহিত উপনিষদ্-নিষ্ণাত ব্যক্তিগণেরও আমার তত্ত্জান হয় না। এই আশয় সহকারে বলিতেছেন 'অব্যক্তমিতি'। অন্নবৃদ্ধি-সম্পন্ন ব্যক্তিগণ অর্থাৎ যাহারা আমার ভক্তিহীন বলিয়া উপনিষদ্-জ্ঞানসম্পন্ন হইয়াও আমার যথার্থ-তত্ত্বুদ্ধিশ্ন্ত তাহারা—অব্যক্ত অর্থাৎ স্বপ্রকাশ, আত্ম-বিগ্রহত্তে ইন্দ্রিয়াদির অগোচরীভূত বিষয়ক আমাকে ব্যক্তিত্ব-আপন্ন-বিষয়ভূত বিলিয়াই মনে করে। দেবকীতে বস্থদেব হইতে উৎকৃষ্ট সংকর্মবর্শে জাত, অন্ত

রাজপুত্রতুলাই আমাকে বলিয়া থাকে। কারণ তাহারা আমার প্রতি অমুরক্ত মদ্ভক্ত মদ্ভিজ্ঞ সংসঙ্গের অভাবে আমার ভাব অর্থাৎ প্রকৃতস্বরূপ প্রম, অব্যয় ও সর্ব্বোত্তম ইহা না জানিয়াই (ঐ রকম ইন্দ্রিয়গোচর রাজতনম্ব বলিয়া মনে করে) —"স্বা, স্বভাব, অভিপ্রায়, চেষ্টা ও আত্ম, জন্ম, ক্রিয়া-লীলা, বিভূতি, পণ্ডিত ও প্রাণী অর্থে ভাব শব্দ আছে" ইহা মেদিনীকার স্বীকার করিয়া থাকেন। আমার প্রতি ভক্তিশূন্য তাহারা আমার স্বরূপ, গুণ, জন্ম ও লীলাদিরূপ যে ভাব, তাহা মায়াদি হইতে অতীত অতএব অব্যয়, নিতা, অন্তব্য অর্থাৎ দর্বোত্তম নহে কিন্তু অন্তের ন্যায় মায়িক, অনিত্য ও দর্মদাধারণভাবেই গ্রহণ করুক, ইহাই অর্থ। শীহরির প্রকৃতস্বরূপ—বিজ্ঞানানন্দ ও এক রদাত্মক—"বিজ্ঞান ও আনন্দময় ব্রহ্ম" ইত্যাদি হইতে বুঝা যায়। দার্কজ্ঞাদিগুণসমূহ তাঁহার (ক্লেজ্র) সরপাত্রনী—"অনন্তকল্যাণকর গুণাত্মক উনি" ইত্যাদি হইতে। জন্ম-শব্দের অর্থ—অভিব্যক্তিমাত্র,—"নিতা হইয়াও" ইত্যাদি হইতে। কিন্তু তাহা হইলেও ভক্তগণের নিকট প্রসাদের (প্রসন্নতার) দ্বারাই অভিব্যক্তিশীল।" হে বৃহস্পতে! তোমাকর্ত্ক তাঁহাকে দেখা কখনও সম্ভব নহে, এমন কি আমাদের দ্বারাও নহে, ভগবান্ শ্রীকৃষ্ণ যাঁর প্রতি প্রসন্ন হন, তিনিই তাঁহাকে দেখিতে পান ॥ ইত্যাদি ॥ ২৪॥

তার কুর্বণ—শ্রীরক্ষ ভিন্ন অন্ত দেবতার আরাধকণণ অন্পমেধা বিশিষ্ট ইহা আর কি আশ্চর্যোর কথা ? এতদপেক্ষা পরমাশ্চর্যোর বিষয় এই যে, যাহারা শ্রীরুক্ষের প্রতি ভক্তিশূন্য হইয়া বেদ-বেদান্ত-উপনিষদাদি-শাস্ত্র আলোচনাম্থে নিক্ষাত হইয়াও শ্রীভগবানের তত্ত্জান লাভ করে না। তাহারা এমন নির্কোধ যে, শ্রীভগবানের শ্রীবিগ্রহ স্বপ্রকাশ বলিয়া অন্যের ইন্দ্রিয়-গোচরীভূত নহেন; দেই শ্রীবিগ্রহকে ব্যক্তিত্ব আপন্ন হইয়াছে অর্থাৎ নিরাকার হইতে কার্য্যার্থে সাকার মন্ত্র্যাদিরূপ প্রাপ্ত হইয়াছেন, মনে করে। উৎকৃষ্ট সৎকর্ষ্মের ফলে যেমন কেহ রাজপুত্র হইয়া জন্মগ্রহণ করে, সেইরূপ শ্রীরুক্ষপ্ত বস্থদের হইতে দেবকীতে রাজপুত্ররূপে জন্মগ্রহণ করিয়াছেন, এইরূপ মনে করার কারণ তাহাদের ভাগ্যে কৃষ্ণতত্ত্ববিৎ সাধুসঙ্গ লাভ হয় নাই। ফলস্বরূপে শ্রীকৃষ্ণের পরম, অব্যয় ও অন্তর্ম অর্থাৎ যাহা অপেক্ষা উত্তম আর নাই এইরূপ স্বরূপ জানিতে পারে নাই। কারণ—শ্রীভগবানের এবং তদীয় ভক্তগণের কুপা ব্যতীত শ্রীভগবত্ত জানা যায় না। বিষ্ণুপ্রাণে

পাওয়া যায়, "যরো দেবা ন মূনয়ো ন চাহং ন চ শৃহরঃ। জানন্তি পরমেশস্ত ভিছিফোঃ পরং পদং॥ (১।৯।৫০) "দেই পরমেশ বিষ্ণুর পরমপদ অর্থাৎ পরম-ব্রহ্মকে দেবতারা জানেন না, মূনিগণ জানেন না, আমিও জানি না এবং শহরও জানেন না। স্কৃতরাং মহুয়গণ আর কি জানিবেন ?"

শ্রীমন্তাগবতে ব্রহ্মার বাক্যে পাওয়া যায়,—

"অথাপি তে দেব পদাস্ক্ষমপ্রসাদলেশাস্থগৃহীত এব হি। জানাতি তত্ত্বং ভগবন্মহিমো ন চানা একোহপি চিরং বিচিন্ধন্"। (ভা:—১০।১৪।২৯)

শ্রীচৈতন্যচরিতামৃতেও পাওয়া যায়,—

"ঈশ্বরের রূপালেশ হয় ত' যাঁহারে। সেই ত' ঈশ্বর-তত্ত্ব জানিবারে পারে॥" ( মধ্য ৬।৮৩ )

শ্রীরপ গোস্বামী প্রভু তাঁহার ভাগবতামৃত-গ্রন্থে ভগবানের স্বরূপ-গুণ-জন্ম-কর্ম লীলাদি আতম্ভ শ্ন্য বলিয়া 'নিতাও' প্রতিপাদ্ন করিয়াছেন।

শ্রীধরস্বামিপাদও তাঁহার টীকায় লিখিয়াছেন,—

"জগতের পালনার্থ লীলাক্রমে আমি নানাবিধ বিশুদ্ধ সত্ত প্রকট করিয়া থাকি।"

স্থতরাং ভগবদ্যাক্তহীন ব্যক্তিগণ শ্রীভগবানের স্থরপ, গুণ, জন্ম-লীলাদিলক্ষণযুক্তভাবকে মায়াতীত পরম অব্যয়, নিত্য, সর্কোত্তম না জানিয়া অন্যবং
মায়িক, অনিত্য সাধারণ মনে করে। অনেকে আবার শ্রীকৃষ্ণকে অসাধারণ
শক্তিসম্পন্ন মানব মনে করিয়া, অতিমানব, মহামানব প্রভৃতি সংজ্ঞায় সংজ্ঞিত
করিয়া ঘোরতর অপরাধ সঞ্চয় করে। ইহা গীতায়, "অবজানন্তি মাং মৃঢ়া"
লোকে (১০১১) পরে পাওয়া যাইবে।

বুহদারণাক শুতিতেও পাওয়া যায়,—

'বিজ্ঞানমানন্দং ব্রহ্ম' (তানাংচ) স্থতরাং শ্রীহরির স্বরূপ যে, বিজ্ঞানময়, এবং আনন্দরসময় ইহা স্পষ্ট জানা যায়, তারপর সর্বজ্ঞাদি গুণগণ তাঁহার স্বরূপাহ্যবন্ধী যেহেতু পাওয়া যায়,—

'অनस्क कला। विश्ववाश्वरकां श्रामी'

603

অতএব শ্রীহরির জন্ম অভিব্যক্তিমাত্র। ইহা গীতার ৪র্থ অধ্যায়ে 'অজোহপি সমব্যয়াত্মা' (৪।৬) শ্লোকে পাওয়া গিয়াছে। এই শ্লোকের 'অমভূষণ' শ্রুষ্টবা।

একথাও স্মরণ রাখিতে হইবে যে, শ্রীক্লফের এই প্রকার অভিবাক্তিরূপ জন্ম তাঁহার ভজনশীল ভক্তের প্রতি রূপা করিয়াই হইয়া থাকে। কারণ শাস্ত্রে পাওয়া যায়,—

আমরা বা তোমরা তাঁহাকে দর্শন করিতে অসমর্থ, যাঁহাকে তিনি রুপ। করিবেন, তিনিই তাঁহাকে দর্শন করিতে যোগ্য হইয়া থাকেন।

যেমন মুণ্ডক শ্রুতিতেও পাওয়া যায়,—

"নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বহুনাশ্রুতেন। যমেবৈষ বুণুতে তেন লভ্যস্তবৈষ্ঠ আত্মা বিবুণুতে তহুং স্বাম্॥" ( ৩।২।৩ )॥ ২৪॥

নাহং প্রকাশঃ সর্বস্থ যোগযায়াসমার্তঃ। মূঢ়োহয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্॥ ২৫॥

ভাষয়— অহং (আমি) যোগমায়াদমাবৃতঃ (যোগমায়াবদাবা আচ্ছন)
দর্বস্থ প্রকাশঃ ন (দকলের গোচরীভূত নহি) অয়ং (এই) মৃঢ়ঃ লোকঃ
(অজ্ঞান মহুখজগৎ) অজম্ (জন্মরহিত) অবায়ম্ (নিতা) মাম্ (আমাকে)
ন অভিজানাতি (দর্বতোভাবে জানিতে পারে না)॥ ২৫॥

তালুবাদ—আমি যোগমায়া-সমাবৃত বলিয়া সকলের সমক্ষে প্রকট নহি, এইজন্য মৃঢ় এই মানব-জগৎ আমার অজ ও নিতাম্বরপ্রেক পরিজ্ঞাত হইতে পারে না॥ ২৫॥

জীভজিবিনোদ— আমি অব্যক্ত ছিলাম, সম্প্রতি এই সচিদানন্দম্বরূপ আমহন্দররূপে ব্যক্তি লাভ করিয়াছি (অর্থাৎ ব্যক্ত হইয়াছি)' এরূপ মনে করিবে না; যেহেতু, আমার, শ্রামহন্দর-ম্বরূপ—নিতা; ইহা চিজ্জগতের স্থাস্বরূপ, স্বয়ং ভাসমান (উদ্রাদিত) হইয়াও যোগমায়ারূপ ছায়া-দ্বারা সাধারণের চক্ত্ হইতে গুপ্ত থাকে। এই কারণে মৃঢ়লোকের। অব্যয়-ম্বরূপ আমাকে জানিতে পারে না॥ ২৫॥

ভামন্তগ্ৰদ্গাতা

ত্রীবলদেব—নত্ন ভক্তা ইবাভক্তাশ্চ ত্বাং প্রত্যক্ষীকুর্বস্থি প্রসাদাদেব ভঙ্গংস্বভিব্যক্তিরিতি কথম্ ? তত্রাহ,—নাহমিতি। ভক্তানামেবাহং নিত্য-বিজ্ঞানস্থমনোহনন্তকল্যাণগুণকর্মা প্রকাশোহভিব্যক্তো, ন তু সর্বেষামভক্তানামিপি। যদহং যোগমায়য়া সমাবৃতো মিদমুখব্যামোহকত্বযোগযুক্তয়া মায়য়া সমাচ্ছন্নপরিসর ইত্যর্থঃ , যত্তকং—"মায়াজবনিকাচ্ছন্নমহিমে ব্রহ্মণে নমঃ" ইতি। মায়াম্ঢোহয়ং লোকোহতিমান্ত্রইদেবতপ্রভাবং বিধিকজাদিবন্দিতমিপি মাং নাভিজ্ঞানাতি। কীদৃশম্ ?—অজং—জন্মশৃত্তং,—যতোহব্যয়মপ্রচ্যুতস্বরূপ-সামর্থ্যসার্বজ্ঞাদিকমিত্যর্থঃ॥ ২৫॥

বঙ্গান্ধবাদ--প্রশ্ন—ভক্তগণের মত অভক্তরাও তোমার অন্থ্রহেই, তোমাকে প্রত্যক্ষীভূত করিয়া থাকে, অতএব তোমার ভক্তগণের কাছে তোমার অভিব্যক্তি, ইহা কি প্রকারে হইয়া থাকে? এই সম্পর্কে বলা হইতেছে—'নাহমিতি'। কৃষ্ণভক্তগণের নিকটেই আমি, নিত্য বিজ্ঞানস্থ্যনন্থরূপ ও অনস্ত কল্যাণগুল-কর্মা হইয়া প্রকাশিত অর্থাৎ অভিব্যক্ত হইয়া থাকি। কিন্তু অভক্ত সকল অর্থাৎ কৃষ্ণভক্তি-শৃত্যদিগের নিকটে প্রকাশিত হই না। যেহেতৃ আমি যোগমায়ার দ্বারা সমান্বত অর্থাৎ আমার প্রতি বিম্থ-ব্যামোহকত্বরূপ যোগযুক্ত মায়ার দ্বারা আমি সমাচ্ছন্ন পরিসর। অর্থাৎ কৃষ্ণভক্তিবিহীনদের নিকটে আমি সর্কাদা যোগমায়ার দ্বারা অপ্রকাশিত থাকি জানিবে। ইহাই প্রকৃত অর্থ। যাহা বলা হইয়াছে—"মায়ারূপ-পদ্দার দ্বারা আচ্ছন্ন পরব্রহ্মকে নমস্কার" ইতি। মায়ার দ্বারা মৃচ এই জগতের লোক, আমি মাহুষের অতীত অর্থাৎ অমাহুষিক দৈবশক্তিসম্পন্ন, ব্রহ্মা ও কৃদ্রাদির দ্বারা বন্দিত হইলেও আমাকে সর্কতোভাবে জানিতে পারে না,—কিরূপ? অজ—"জন্ম রহিত" যেহেতু আমি অব্যয়, আমার স্বরূপের চ্যুতি নাই, অর্থাৎ আমি অচ্যুত-স্বরূপ ও অচ্যুত-সামর্থ্যশালী, এবং সর্ক্সজ্জ্বাদি-সম্পন্ন। ২৫॥

অমুভূষণ—এন্থলে যদি পূর্ব্বপক্ষ হয় যে, ভক্ত ও অভক্ত সকলেই যদি তোমার অমুগ্রহ লাভ করতঃ তোমাকে প্রত্যক্ষ করিতে পারে, তাহা হইলে ভদ্ধনীল ভক্তের নিকট তোমার অভিব্যক্তি হয়, এই কথার সার্থকতা কি? তত্ত্তরে বলিতেছেন যে, আমার ভক্তদের নিকটই আমি আমাকে নিত্য বিজ্ঞান-স্থখন-মূর্ত্তিতে এবং অনস্ত কল্যাণগুণ-কর্মশালীরূপে প্রকাশ অর্থাৎ অভিব্যক্ত করিয়া থাকি, অভক্তদিগের নিকট কিন্তু করি না। কারণ আমি

नार्ष

দর্বদা যোগমায়ার দ্বারা সমাবৃত থাকি। অর্থাৎ আমাতে বিমৃথ ব্যক্তিগণের বিমোহনকারী মায়ার দ্বারা যুক্ত সমাচ্ছন্ন বলিয়া।

যাহা কথিত আছে,—

"মায়া-যবনিকার অন্তরালে অবস্থিত পরব্রহ্মকে নমস্কার।"

এন্থলে বিচার্যা এই যে, মায়া তুই প্রকার—যোগমায়া ও মহামায়া।
যোগমায়ার আশ্রয়ে শ্রভগবান্ তাঁহার যাবতীয় লীলা প্রকাশ করিয়া থাকেন।
সেই যোগমায়ার রূপা না হইলে, শ্রভগবানের কোন সেবা বা লীলাদি-দর্শন
কাহারও ভাগ্যে ঘটে না।

আর মহামায়া জীব-বিমোহিনী। উহা বহিমুখ জীবকে সংসারে মোহিত করিয়া নানাবিধ কর্মফল ভোগ করায়।

শ্রীভগবান্ যোগমায়ার দ্বারা নিজ ভক্তগণকে মোহিত করিয়া, স্বচরণে আকৃষ্ট রাথিয়া লীলা-বিলাস করিয়া থাকেন এবং সেই যোগমায়ার ছায়ারূপিণী মহামায়াকে দিয়া বহিমুখ জীবগণকে পরিচালনা করিয়া থাকেন।

মেঘ যেমন স্থাকে ঢাকিতে পারে না, কিন্তু পৃথিবীস্থ লোকের চক্ষ্কে ঢাকিয়া স্থা-দর্শনে বঞ্চিত করে, সেইরূপ মহামায়া কিন্তু শ্রীভগবানকে আবরণ করিতে পারে না। জীবের জ্ঞানকেই আচ্ছন্ন করিয়া ভগবদ্-দর্শনে বঞ্চিত করিয়া থাকে। জীব যদি কোন ভাগাক্রমে সাধুসঙ্গ-লন্ধ ভক্তি-দ্বারা ভজন করিতে করিতে কৃষ্ণ-কৃপা লাভ করেন, তাহা হইলে, "কৃষ্ণ ভারে দেন চিৎ-শক্তি বল, মায়া আকর্ষণ ছাড়ে হইয়া তুর্বল।"

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মে পাওয়া যায়,—

'স্থা যেরপ স্থমেরু শৈলের আবরণ বশতঃ সর্বদা লোকের দৃষ্টিগোচর হন না, কিন্তু কদাচিৎই, সেইরূপ আমিও যোগমায়া কর্তৃক সমাবৃত।'

সেইজ্ঞা সকলে তাঁহাকে দেখিতে পায় না এবং শ্রীক্লফের নিতা চিন্ময় লীলাদির পারতমা বুঝিতে না পারিয়া অপ্রাক্ত কল্যাণ গুণ-সমূদ্র শ্রীক্লফকে পরিত্যাগ করিয়া তদাশ্রিত নির্ফিশেষ ব্রহ্মস্বরূপকেই সর্বশ্রেষ্ঠ মনে করিয়া তাঁহার উপাসনা পূর্ব্বক নির্ফিশেষ গতি লাভ করতঃ বৃদ্ধিহীনতার পরিচয় প্রদান করেন।

এতৎ প্রদঙ্গে শ্রীমন্তাগবতের নিম্নলিথিত শ্লোকগুলি আলোচা। "তং বিলোক্য বিনিজ্ঞাস্তম্" (১০।৫১।১)

111/1101

আরও পাওয়া যায়,—

'মায়াযবনিকাচ্ছনমাত্মানম্' (ভাঃ ১০।৮৪।২৩) ॥ ২৫॥

# বেদাহং সমতীতানি বর্তমানানি চার্জ্জুন। ভবিস্থানি চ ভুতানি মাস্ত বেদ ন কশ্চন॥ ২৬॥

অন্তর্য — অর্জুন ! অহং (আমি) সমতীতানি (অতীত) বর্তমানানি (বর্তমান)
তবিশ্বানি চ (এবং ভবিশ্বং) ভূতানি চ (স্থাবর জন্মাদি-ভূতসমূহকে)
বেদ (জানি) তু (কিন্তু) কশ্চন (কেহই) মাং (আমাকে) ন বেদ
(জানে না) ॥ ২৬॥

অনুবাদ—হে অর্জুন! আমি ভূত, বর্তমান ও ভবিয়াৎ স্থাবর-জঙ্গমাদি ভূতসমূহকে জানি, কিন্তু কেহই আমাকে জানে না॥ ২৬॥

শ্রীভক্তিবিনাদ—নিতা সিচিদানন্দ-সরপ আমি, সমস্ত অতীত বিষয় ও বর্ত্তমান সমাচার এবং যাহা কিছু পরে হইবে, সম্দায় অবগত আছি। হে অর্জুন! ব্রহ্ম ও পর্মাত্ম-রূপ আমার প্রকাশদ্যকে অবগত হইয়াও মায়াবদ্ধ লোকসকল আমার নিতা মধ্যমাকার ভামস্থন্দর-রূপকে 'নিতা' বলিয়া জানে না॥ ২৬॥

শ্রীবলদেব—নমু মায়াবৃতত্বাত্তব জীববদজ্ঞতাপত্তিরিতি চেত্তত্তাহ,— বেদাহমিতি। ন হি মদধীনয়া মত্তেজদাভিভ্তয়া দ্রতো জবনিকয়ৈব মাং দেবমানয়া মায়য়া মম কাচিদ্বিকৃতিরিতার্থ:। মাস্ত বেদেতি মজ্জানী কোটিম্পি স্বত্র্লভ ইতার্থ:॥ ২৬॥

বঙ্গান্ধবাদ—প্রশ্ন,—তুমি যদি মায়ার দ্বারাই আর্ত অর্থাৎ সমাচ্ছন্ন,
তাহা হইলে সাধারণ জীবের ন্যায় তোমারও অজ্ঞতা আপত্তির সন্তাবনা হয়—
ইহা যদি বলা হয়, তহত্তরে বলা হইতেছে—'বেদাহমিতি'। মায়া আমার অধীন (আমি মায়ার অধীন নহি), সেই মায়া আমার তেজের দ্বারা অভিভূতা এবং দ্র থেকে যবনিকার (পর্দার) দ্বারা সেই মায়া আমাকে সেবা করে, হতরাং মায়ার দ্বারা আমার কোন বিকৃতি উপস্থিত হয় না,
ইহাই অর্থ। আমাকে জানে—এই আমার জ্ঞানসম্পন্ন লোক, কোটির মধ্যেও হুতুর্লভ॥ ২৬॥

অনুভূষণ—এম্বলে একটি পূর্বা পক্ষ হইতে পারে যে, যদি প্রভগবান্

মায়ার ঘারা আবৃত অর্থাৎ সমাচ্ছন হন, তাহা হইলে জীবের ন্থায় তাঁহারও অজ্ঞতার কথা আদে, তত্ত্তরে বলিতেছেন—আমার তেজের দ্বারা অভিভূত মদধীনা মায়া দূর হইতেই যবনিকা অর্থাৎ পর্দার মত আমার সেবা-পরায়ণা, সেই মায়ার ঘারা আমার কোন বিকৃতি ঘটিতে পারে না। মায়া যে তাঁহার জ্ঞান আবরণ করিতে পারে না তাহার প্রমাণ স্বরূপে তিনি বলিলেন যে, তিনি ভূত, ভবিশ্বৎ ও বর্তমান সকলই জানেন কিন্তু তাঁহাকে কেহই জানিতে পারে না। এমন কি, মহারুদ্রাদি মহাসর্বজ্ঞও তাঁহাকে সম্পূর্ণরূপে জানিতে পারেন না, কারণ তাঁহার জ্ঞান যোগমায়ার ঘারা আবৃত থাকে।

শীরুষ্ণের আশ্রিততত্ত্ব মায়া দিবিধা, অন্তরঙ্গা—যোগমায়া এবং বহিরঙ্গা—মহামায়া। যোগমায়ার ছায়াম্বরূপা বহিরঙ্গা মায়ার দ্বারা, সাধারণ লোকের চক্ষ্ বা জ্ঞান আরত থাকে বলিয়া তাহারা শ্রীকৃষ্ণের এই মধামাকার শ্রাম-ম্বন্দর রূপকে নিতা বলিয়া অবগত হইতে পারে না। এমন কি, শ্রীকৃষ্ণাশ্রিত বন্ধা ও পরমাত্মম্বরূপ প্রকাশদ্বয়কে অবগত হইয়াও চিৎ-শক্তি যোগমায়ার আশ্রেয় বা কুপা বাতীত, শ্রীকৃষ্ণ-তত্ত্ব বা তাঁহার লীলাদি দর্শনে আদৌ সমর্থ হয় না।

শ্রীকৃষ্ণ ভূত, ভবিশ্বৎ ও বর্জমান এবং যাবতীয় স্থাবর ও জন্মের বিষয় অবগত আছেন, কারণ ভগবদাশ্রিতা মায়া জৈবজ্ঞান আবরণ করিতে সমর্থা হইলেও, নিজের আশ্রয়তত্ত শ্রীভগবানকে কখনই মোহিত করিতে পারে না॥

শ্রীচৈততাচরিতামূতে পাওয়া যায়,—

"'মায়াধীশ' 'মায়াবশ',—ঈশ্বরে জীবে ভেদ।'' (মধ্য ৬।১৬২)
এন্থলে মৃগুক উপনিধদের "ষা স্থপর্ণা সমূজা সথায়া'' (৩।১।১-২) শ্লোক
আলোচনা করিলেও পাওয়া যায়,—"তয়োরতঃ পিপ্ললং স্বাদ্বন্তানশ্লয়ত্যোহভিচাকশীতি'' এবং পরে "জুষ্টং' যদা পশ্বতাত্যমীশমশ্রু''। এন্থলে ঈশবের
স্বভাবে মায়ার অধীশ্বরতাই প্রতিপন্ন হয়, মায়াবশ্বতা নয়॥২৬॥

ইচ্ছাদ্বেষসমূখেন দল্বমোহেন ভারত। সর্ব্বভূতানি সম্মোহং সর্গে যান্তি পরন্তপ॥ ২৭॥

অব্বয়-পরন্তপ! ভারত! সর্গে (স্ষ্টিকালে) সর্রভূতানি (সকল

<u>बायदग्रयग्रावा</u>

প্রাণী ) ইচ্ছাদ্বেষসমূখেন ( বাসনা ও দ্বেষ জনিত ) দ্বন্দোহেন ( স্থ, ছঃখ-দ্বন্দোহে ) সম্মোহং যান্তি ( সমাক্ মোহ প্রাপ্ত হয় ) ॥ ২৭ ॥

অসুবাদ—হে পরস্তপ! হে ভারত স্বর্জন। স্থি আরম্ভকালে যাবতীয় জীব ইচ্ছা ও দ্বেষজনিত স্থ-তুঃথাদি-দন্দবিষয়ে সমাক্ মোহপ্রাপ্ত হইয়া থাকে ॥২ ৭॥

শ্রীভক্তিবিনোদ—ইহার হেতু এই যে, জীব যথন শুদ্ধ থাকে, তথনই চিদিক্রিয়্বারা আমার এই নিত্য-স্বরূপ দেখিতে পায়; কিন্দু দে যথন বদ্ধ হইয়া স্প্রিমধ্যে বর্ত্তমান হয়, তথন অবিহ্যা-বশতঃ ইচ্ছা-ছেষ-জনিত ছন্দ্রমোহদ্বারা সম্মোহিত হইয়া পড়ে; তথন আর তাহার বিদ্বৎ-প্রতীতি থাকে না।
আমি স্বীয় চিচ্ছক্তি-বলে প্রপঞ্চে আমার নিত্য-স্বরূপকে উদয় করাইয়াছি
এবং বদ্ধজীবগণের জড়চক্ষ্র বিষয়ীভূত হইয়াছি; তথাপি মায়া-দ্বারা আচ্ছন্ন
হইয়া উহারা অবিদ্বৎ-প্রতীতি প্রাপ্ত হইয়া আমার স্বরূপকে 'জনিতা' মনে
করিতেছে,—ইহা তাহাদের ত্র্ভাগাই বলিতে হইবে॥ ২৭॥

শ্রীবলদেব—বজ্জানী কৃতঃ স্বর্গভন্তবাহ,—ইচ্ছেতি। দর্গে সোৎপত্তি-কালে এব দর্বভ্তানি দম্মাহং যাস্তি। কেনেতাাহ,—দম্মোহেনেতি। মানাপমানয়োঃ স্বথহঃথয়োঃ স্ত্রীপুরুষয়োদ্ব দৈর্ঘো। মোহঃ দৎকৃতোহহং স্বথী স্থামসৎকৃতস্ত হংথী মমেয়ং পত্নী মমায়ং পতিরিত্যেবমভিনিবেশলক্ষণ-স্তেনেতার্থঃ। কীদৃশেনেতাাহ,—ইচ্ছেতি। পূর্বজন্মনি যত্র যত্র যাবিচ্ছা-দেঘাবভূতাং তাভাাং সংস্থাবাত্মনা স্থিতাভাাং সমৃত্তিষ্ঠিতি পরজন্মনি তত্র তত্রোৎ-পদ্মত ইতার্থঃ। ইচ্ছা বাগঃ; এবং সর্বেষাং ভূতানাং সংমৃত্থানাজ্জানী স্বর্গভঃ॥২৭॥

বঙ্গান্ধবাদ—প্রশ্ন,—ভোমার প্রকৃত জ্ঞানসম্পন্ন ব্যক্তি কেন এত স্কর্লভ ? এই সম্পর্কে বলা হইতেছে—'ইচ্ছেভি'। দর্গে অর্থাৎ নিজের উৎপত্তির সময়েই সমস্ত প্রাণী মোহগ্রস্ত হইয়া থাকে। কাহার দ্বারা—এই সম্পর্কে বলা হইতেছে—'দ্বন্ধমোহেনেভি'। মান ও অপমানের, স্থুখ ও ছংখের, স্থ্রী ও পুরুষের দ্বন্দের দ্বারা যে মোহ, সৎকৃত হইলে আমি স্থ্যী হই অথবা অসৎকৃত হইলে আমি ছংখী হই। আমার এই পত্নী, আমার এই পতি, এইরূপ অভিনিবেশ লক্ষণপূর্ণ—তাহার দ্বারা। কিরূপের দ্বারা—ইহাই বলা হইতেছে—'ইচ্ছেভি'। প্র্রজ্বের ধেখানে যেখানে যেই যেই ইচ্ছা ও দ্বেষ ছিল, সেই ইচ্ছা ও দ্বেষর দ্বারা মন সংস্কার প্রাপ্ত হইয়া অবস্থান করে,

শ্রমন্ত্রগবদগাতা

664

পুন: পরজন্ম সেই সেই ইচ্ছা-দ্বেষভাবাপন হইয়া জন্মগ্রহণ করিয়া থাকে। ইচ্ছা—সংসারের প্রতি অনুরাগ, এইরূপেই সমস্ত প্রাণিগণ সংমৃঢ় বলিয়া আমার প্রতি জ্ঞান-সম্পন্ন ব্যক্তি অতিশয় তুর্লভ॥ ২৭॥

অনুভূষণ—জড়জগতে উৎপত্তির কাল হইতেই অর্থাৎ জগৎ সৃষ্টির আরম্ভ হইতেই সকল জীব অবিভার দারা মোহ প্রাপ্ত হয়। ভোগাভিলাষরপ ইচ্ছা এবং তৎপ্রতিকৃলে দ্বেব হইতে উৎপন্ন দ্বন্দমোহ অর্থাৎ মান, অপমান, শীত, উষ্ণ, স্বথ, তৃঃথ-বিষয়ক মোহ, এবং দেহাত্মবৃদ্ধিবিশিষ্ট হইয়া আমি-আমার অভিনিবেশ-লক্ষণরূপ মোহ, পূর্ব্ব পূর্ব্ব জন্মের সংস্কার বশতঃ অভিভূত হইয়াই জীব লাভ করে এবং মৃচতা প্রাপ্ত হয়, দে কারণ মদ্-বিষয়ে জ্ঞানী অত্যন্ত স্কর্লভ হইয়া পড়ে। এইরূপ ইচ্ছা, দ্বেষ-জনিত দ্বন্দ-মোহের প্রাবল্যে মানব স্ত্রী-পূর্ত্তাদি-বিষয়ব্যাপারে অত্যাসক্ত হইয়া থাকে, তক্ষ্ম্য সে ভগবদ্ধক্তির অধিকারী হয় না।

শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

9156

"যদৃচ্ছয়া মৎকথাদো জাতশ্রদ্ধ যঃ পুমান্।

ন নির্বিধাে নাতিদক্তো ভক্তিযোগহস্তা সিদ্ধিদ: ॥" ( ১১।২০।৮ )

অর্থাৎ প্রীকৃষ্ণ উদ্ধবকে বলিয়াছেন, যে পুরুষ ভাগাক্রমে মদীয় কথায় আদর যুক্ত হইয়াছেন, এবং যাঁহার বিষয়ে বৈরাগা বা অত্যাসক্তি নাই, তাদৃশ পুরুষের পক্ষে ভক্তিযোগ সিদ্ধিপ্রদ হইয়া থাকে॥ ২৭॥

## যেষাস্ত্রত্বগতং পাপং জনানাং পুণ্যকর্মণাম্। তে স্বন্ধমোহনিমু ক্রা ভজত্তে মাং দৃঢ়ব্রতাঃ॥ ২৮॥

ভাষয়—তু (কিন্তু) যেষাম্ (ষে সকল) পুণ্যকর্মণাম্ জনানাং (পুণা কর্মকারী,জনগণের) পাপম্ অন্তগতং (নাশপ্রাপ্ত) তে (তাঁহারা) দ্দ্রতামাহনির্ম্মুক্তাঃ (স্থ-ছংখাদির মোহ পরিত্যাগ করিয়া) দৃঢ়ব্রতাঃ (দৃঢ়ব্রত হইয়া) মাং (আমাকে) ভজ্জি (ভজ্জন করেন)॥ ২৮॥

অসুবাদ — কিন্তু যে সকল পুণ্যাহ্মপ্রানকারী জনগণের পাপ ক্ষপ্রপ্রাপ্ত হইয়াছে, তাঁহারা স্থ-ছ:থাদির মোহ পরিশৃন্ত হইয়া অবিচলিত চিত্তে আমাকে ভজন করিয়া থাকেন। ২৮॥

**শ্রিভক্তিবিনাদ**—আমার এই নিত্য-স্বরূপে বিষৎপ্রতীতি লাভ করিবার

লোমন্ত সাবদাসাতা

অধিকার যেরপে হয়, তাহা প্রবণ কর। পাপাবিষ্ট অন্থরসভাব ব্যক্তিগণের বিষৎপ্রতীতি হয় না। য়হারা ধর্মসমত জীবন স্থীকার করত প্রভূত পূণাকর্ম-দ্বারা জীবন হইতে পাপকে একেবারে অন্ত করিয়াছেন, তাঁহাদেরই আদৌ কর্মযোগ-স্বীকার, পরে জ্ঞান ও অবশেষে ধ্যানযোগ-দ্বারা সমাধিক্রমে আমার চিৎ-তত্ত্ব উপলব্ধ হয়। তাঁহারা মহৎসেবারপ পূণাজনিত বিদ্ধ-প্রতীতি-ক্রমে আমার নিত্য-স্বরূপকে দেখিতে পান। বিল্ঞা-দ্বারা যে প্রতীতি হয়, তাহাই 'বিদ্বংপ্রতীতি'। তাঁহারাই ক্রমশঃ দ্বৈতাদ্বৈতরপ দ্বন্ধ হইতে মৃক্ত ও দূরতে হইয়া, অচিস্তা-ভেদাভেদজ্ঞানসম্পন্ন হইয়া আমাকে ভঙ্কন করেন॥ ২৮॥

শ্রীবলদেব—নম্ন কেষাঞিং বছজি: প্রতীয়তে দা ন স্থাং দর্রভূতানি দর্গে দংমোহং যাস্তীত্যুক্তেরিতি চেন্তব্রাহ,—যেষাং প্রাণিনাং যাদৃচ্ছিক-মহত্তমদৃষ্টিপাতাং পাপমস্তগতং নাশং প্রাপ্তমভূৎ,—"বিফোর্ভূতানি ভূতানাং পাবনায় চরন্ধি হি" ইতি স্মৃতে:। কীদৃশানামিত্যাহ, পুণোতি। পুণাং মনোজ্ঞং কর্ম মহত্তমবীক্ষণরূপং ষেষাং,—"পুণাং তু চার্ক্ষণি" ইত্যমর:। তে দৃঢ়বতা মহৎপ্রদক্ষপ্রাপ্তনিষ্ঠা ছন্দমোহেন নিম্ব্রুণ মন্তব্বন্ধাঃ দন্তো মাং ভল্পে । ২৮ ।

বঙ্গান্তবাদ—প্রশ্ন,—কাহারও কাহারও তোমার প্রতি ভক্তি প্রতীত হয়, কিন্তু তাহা হইবে না, কারণ স্বষ্টি সময়ে দকলেই মায়ার দ্বারা আছেয় হয়, এইরপ বলা হইয়ছে—এই প্রশ্নের উত্তরে বলা হইতেছে, য়ই দকল প্রাণীর মদ্ছাক্রমে মহত্তম ভক্তের দৃষ্টিপাতহেতু অন্তর্গত সঞ্চিত পাপ নাশ হয়—"বিষ্ণুর জনগণ অর্থাৎ বৈষ্ণবেরা ভ্তগণের পরিত্রাণের জন্ত তাহাদের মধ্যে বিচরণ করেন।" এইরপ শ্বতি আছে। কিরপ লোকের—ইহাই বলা হইতেছে—'পুণোতি'। পুণা অর্থাৎ মনোজ্ঞ কর্ম—মহত্তম বীক্ষণরূপ যাহাদের; "পুণাশন্দ চারু অর্থেও আছে"। ইহা অমরকোষ। তাহারা আমার প্রতি দৃত্রত অর্থাৎ অতিশয় আমজি-পরায়ণ হইয়া মহৎপ্রদক্ষ অর্থাৎ আমার মহান্ ভক্তের রূপার দ্বারা নিষ্ঠা প্রাপ্ত হইলে, দ্বন্দ্ব ও মোহের দ্বারা মৃক্ত হইয়া আমার তত্ত্ব জানিয়া আমাকেই ভঙ্কনা করে॥ ২৮॥

ভাষুভূবণ—জীব অনাদিকাল হইতে কৃষ্ণ-বহিশ্ব্থ হইয়া সংসাবে মোহ প্রাপ্ত হইয়াছে। তাহাদের কি প্রকারে পুনরায় তোমাতে ভক্তি লাভ হইবে? অথবা মোহগ্রস্ত বলিয়া তাহাদের আর ভক্তি হইবে না? তত্ত্তরে প্রভিগবান্ বলিতেছেন যে, যদৃচ্ছাক্রমে অর্থাৎ জন্ম-জন্মান্তরীয় ভাগাফলে যদি কাহারও প্রতি কোন মহত্তম সাধু ব্যক্তির দৃষ্টিপাত হয়, তাহা হইলে সেই সাধু-গুরুর রূপায় জন্ম-জন্মান্ত্রিত পাপরাশি নাশপ্রাপ্ত হয় এবং ছন্মাহ নির্মৃক্ত হইয়া, আমাতে দৃত্রত অর্থাৎ মহৎ-প্রদক্ষকলে প্রাপ্ত-নিষ্ঠাসহকারে আমাকে ভজনা করিতে পারে। অন্ত কোন উপায়ে হয় না।

যেমন শ্রীমন্তাগবতেও পাই,—

"যং ন যোগৈন সাংখোন দানত্রততপোধ্বরৈ:। ব্যাখ্যা-স্বাধ্যায় সন্ন্যাসৈঃ প্রাপুয়াদ্ যত্রবানপি॥" (১১।১২।৮)

অর্থাং বাঁহাকে যোগ, দাংখা, দান, ব্রত, তপস্থা, যজ্ঞানুষ্ঠান, শাগ্রালোচনা এবং সন্ন্যাস-দারা যত্ত্বশীল ব্যক্তিও প্রাপ্ত হন না।

এই জন্মই শ্রীভগবান্ অহৈতুকী করুণা-প্রকাশে তদীয় পার্যদ ভক্তগণকে জীবোদ্ধারের জন্ম জগতে প্রেরণ করেন এবং তাঁহারা সর্বত্ত বিচরণ করিয়া পাকেন।

যেমন শ্রীমন্তাগবতে শ্রীবিদেহরাজ নিমি বলিয়াছেন,—

"মন্তে ভগবতঃ দাক্ষাৎ পার্ষদান্ বো মধুদ্বিষঃ।

বিষ্ণোভূ তানি লোকনাং পাবনায় চরন্তি হি॥" (১১।২।২৮)

শ্রীমন্তাগবতে শ্রীনন্দ মহারাঙ্গের বাক্যেও পাওয়া যায়,—

"মহদ্বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাম্। নিঃশ্বেয়দায় ভগবন্ কল্পতে নান্তথা কচিং॥" (১০।৮।৪)

শ্রীচৈত্যচরিতামৃতেও পাওয়া যায়,—

"মহাস্ত-শ্বভাব এই তারিতে পামর।

নিজ-কার্যা নাহি তব্ যান্ তার ঘর ॥" ( মধ্য ৮।০৯ ) ॥ ২৮ ॥

জরামরণমোক্ষায় মামাজিভ্য যতন্তি যে।

তে ব্রহ্ম তদ্বিত্বঃ কুৎস্কমধ্যাত্মং কর্ম চাখিলম্॥ ২৯ ॥

অব্যা—জবামরণযোক্ষার (জরা ও মরণ-নিবারণার্থ) মাম্ (আমাকে)
আশ্রিত্য (আশ্রয় করিয়া) যে (থাহারা) যতন্তি ( যত্ত্ব করেন) তে

(তাঁহারা) তৎ (প্রসিদ্ধ) ব্রহ্ম (সেই ব্রহ্মকে) কৃৎস্বম্ (সপরিকর) অধ্যাত্মং (ভদ্ধ জীবস্বরূপকে) অথিলম্ কর্ম চ (এবং সমৃদয় কর্মস্বরূপকে) বিহঃ (জানেন)॥ ২৯॥

অসুবাদ—জরা ও মরণ নাশের নিমিত্ত আমাকে আশ্রম করিয়া, যাঁহারা যত্ন করেন তাঁহারা সেই পরব্রহ্মকে, শুদ্ধ-জীবাত্মস্বরূপকে এবং সংসার-বন্ধনরূপ সমৃদয় কর্মকে অবগত হন॥ ২০॥

শ্রীভক্তিবিনাদ—জড় শরীরেরই জরা-মরণ ঘটিয়া থাকে; কিন্তু জীবের যে নিতা চিদ্দেহ, তাহাতে জরা-মরণ নাই। সেই চিদ্দেহ লাভপূর্বক আমার নিতাদাশুরূপ নিতাধর্ম-লাভকেই 'মোক্ষ' বলা যায়। যোগমিশ্রাভক্তিছারা যাহারা জরা-মরণ-মোক্ষ অন্তুসন্ধান করেন, সেই যুক্তচিত্ত পুরুষগণ ব্রশ্বতব্ব, অধ্যাত্মতব্ব ও অথিলকর্মতব্ব অবগত হন॥ ২৯॥

শ্রীবলদেব—তদেবমার্ভাদয়: সকামা মন্তক্তাঃ কামানমূভ্য়ান্তে মাং প্রপন্থ বিন্দন্তি মদক্তদেবভক্তান্ত সংসরস্তীত্যুক্তম্। অথ তেভ্যোহপোহপি সকামো মন্তক্তোহন্তীত্যুচ্যতে,—জরেতি। যে জরামরণাভ্যাং বিমোক্ষায় তন্মাত্রকামাঃ দন্তো মামাপ্রিত্য মদর্চ্চাং সেবিত্বা যতন্তে—তংপ্রণামাদি কুর্বন্তি, তে তংপ্রসিদ্ধং ব্রহ্ম কংল্লং সপরিকরং বিত্রবধাাল্রং চাথিলং কর্ম চ বিত্র:। ব্রহ্মাদিশকানামধিভ্তাদিশকানাঞ্চার্থাঃ পরন্মিন্নধ্যায়ে ভগবতের ব্যাখ্যাস্থন্তে। মদর্চান্দেবয়া বিজ্ঞেয়ং বিজ্ঞায় মৃক্তিং লভন্তে, ন তু মন্বপ্রতাকরীং মংপ্রিয়তামিত্যর্থ:। ম্বতিশৈচবমাহ,—"সক্তদ্বদঙ্গপ্রতিমান্তরাহিতা মনোময়ীং ভাগবতীং দদৌ গতিম্" ইত্যালা॥ ২৯॥

বঙ্গান্দবাদ—অতএব এই বকম আর্তাদি সকাম মদ্ভক্তগণ কামনার বশবন্ত্রী হইয়াও আমার প্রতি ভক্তি-পরায়ণ হইয়া কাম্য বিষয়গুলি উপভোগ করিয়া অন্তে (পরিণামে) আমাকেই আশ্রয় করিয়া প্রাপ্ত হয়। আমা ভিন্ন অন্ত দেবতা-ভক্তগণ কিন্ত সংসারে হংখাদি ভোগের জন্য প্রবেশ করে, ইহা বলা হইয়াছে। অনস্তর তাহাদের চেয়েও অন্ত সকাম আমার ভক্ত আছে, ইহা বলা হইতেছে 'জরেতি'। যাহারা সংসারের জরা ও মরণ হইছে বিশেষরূপে মৃক্তির জন্য তন্মাত্রকামী হইয়া আমাকে আশ্রয়পূর্বক আমার প্রতিমার সেবা করতঃ চেষ্টা করেন—অর্থাৎ তাহার প্রণামাদি করিয়া থাকেন; তাঁহারা দেই প্রশিদ্ধ বন্ধকে সপরিকর জানিতে পারেন এবং অধ্যাত্মতত্ব

ও অথিল কর্মণ্ড জানিয়া থাকেন। ব্রন্ধাদি শব্দসমূহের ও অধিভূতাদি শব্দসমূহের অর্থগুলি পরের অধ্যায়ে ভগবান্ শ্রীকৃষ্ণই ব্যাখ্যা করিতেছেন। আমার অর্চার দেবার দ্বারা নিজ্য়ে আমাকে জানিয়া মুক্তি লাভ করিয়াথাকেন, কিন্তু আমার বশ্যতাকারী প্রিয়তা নহে। স্মৃতিও এই প্রকার বলিয়াছেন— (হে অঙ্ক, একবার যেই মনোময়ী প্রতিমা অন্তরে স্থান পাইয়াছে, তাঁহাকে এতাদৃশী ভাগবতী গতি দান করেন,) ইত্যাদির দ্বারা॥ ২৯॥

অসুভূষণ—শ্রীভগবান্ পূর্দে বলিয়াছেন,—আর্ত্তাদি দকাম ভক্তব্র আমাকে ভঙ্গনা করিয়া প্রথমতঃ কামা-বিষয় লাভ করিলেও, উপভোগাস্তে তাহাতে বৈরাগ্যবান্ ংইয়া আমাতে ঐকাস্তিকী ভক্তি লাভ করিয়া কুতার্থ হন কিন্তু যে দকল দকামব্যক্তি অন্য দেবতার উপাদনা করে, তাহারা কিন্তু সংসারেই পতিত হইয়া থাকে।

বর্ত্তমানে শ্রীভগবান্ শন্য অর্থাৎ চতুর্থ মোক্ষকামীকেও এক প্রকার সকাম 'ভক্ত' বলিয়া নির্দেশ করিতেছেন। যাঁহারা দেহের জরা ও মৃত্যুকে অতিক্রমপূর্বক মোক্ষ লাভের জন্য তন্মাত্রকামী হইয়া, আমার অর্চার সেবায় যত্ন করেন বা প্রণামাদি করিয়া থাকেন, তাঁহারা দেই প্রদিদ্ধ ব্রহ্মকে সপরিকরে জানিতে পারেন। অর্থাৎ ব্রহ্ম, অধ্যাত্ম ও অথিল কর্ম্ম-বিষয়ে পরিজ্ঞাত হন। আমার অর্চার সেবা করিয়া বিজ্ঞেয় তত্তকে জানিয়া মোক্ষ লাভ করিলেও কিন্তু আমার বশ্যতাকারী আমার প্রিয়তা লাভ করিতে পারেন না।

শ্বতিতেওএ-বিষয়ে পাওয়া যায় যে, মনোময়ী প্রতিমা অন্তরে একবার আহিত হইলেই ভাগবতী গতি দিয়া থাকেন।

এই স্লোকের ব্রন্ধাদি-শব্দ এবং পশ্চান্বন্তী স্লোকের অধিভূতাদি শব্দের অর্থ পরবন্তী অধ্যায়ে শ্রীভগবানই ব্যাখ্যা করিবেন॥ ২৯॥

# সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞঞ্চ যে বিদ্যঃ। প্রয়াণকালেহপি চ মাং তে বিদ্রযুক্তিচেতসঃ॥ ৩০॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্রাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীম্মপর্কাণ শ্রীভগবদ্গীতাস্পনিবৎস্থ বন্ধবিভারাং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জ্ন-সংবাদে 'বিজ্ঞান-যোগো' নাম সপ্তমোহধ্যায়ঃ ॥ অন্তর্ম — যে চ ( এবং খাহারা ) সাধিভূতাধিদৈবং ( অধিভূত ও অধিদৈব সহিত ) সাধিযজ্ঞং চ ( এবং অধিযজ্ঞের সহিত ) মাং ( আমাকে ) বিদ্বঃ ( জানেন ) তে ( তাঁহারা ) যুক্তচেতদঃ ( আমাতে আদক্তচিত্ত ) প্রয়াণকালে অপি (মরণকালেও ) মাং ( আমাকে ) বিদ্বঃ ( জানেন ) ॥ ৩০ ॥

ইতি শ্রীমহাভারতে শতশাহস্রাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীমপর্মনি শ্রীভগবদগীতাম্ব-উপনিষৎম্ব বন্ধবিছায়াং যোগশাম্বে শ্রীকৃষ্ণার্জ্ব-সংবাদে 'জ্ঞান-বিজ্ঞান-যোগো' নাম সপ্তমোহধ্যায়স্থায়য়ঃ সমাপ্তঃ ॥

অনুবাদ—যে সকল বাক্তি আমাকে অধিভৃত, অধিদৈব ও অধিযক্তের দহিত দ্বানেন, তাঁহারা আমাতে আদক্তচিত্ত, অন্তকালেও আমাকে দ্বানেন, অর্থাৎ বিশ্বত হন না॥ ৩০॥

ইতি শ্রীবাাস-রচিত শ্রীমহাভারতে শতসাহশ্রী সংহিতায় ভীমপর্কে শ্রীভগবদগীতা-উপনিষদে বন্ধবিভায় যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জ্ন-সংবাদে 'জ্ঞান-বিজ্ঞান-যোগ' নামক সপ্তম অধ্যায়ের অহবাদ সমাপ্ত॥

শ্রীভজিবিলোদ—গাহারা অধিভূত-তত্ত্ব, অধিদৈব-তত্ত্ব ও অধিযক্ত-তত্ত্ব পরিজ্ঞাত আছেন, তাঁহারা মরণকালেও আমাকে জানিতে পারেন অর্থাৎ অর্চিরাদি-মার্গে আমার অংশ পরমাত্মার সালোকা লাভ করেন। ৩০।

শীভজিবিনোদ—শ্রদা-জনিত ভাক্তিযোগ এইপ্রকারে হয়,—জীব সাধুসঙ্গ-ক্রমে জানিতে পারেন যে, 'কৃষ্ণই এক পর্য-তর্ব'; তাঁহার চিচ্ছজি-ক্রমে তাঁহার পুরুষোত্ত্য-লীলা, জীবশক্তি-ক্রমে নিথিল-জীবের উদয় ও মায়া-শক্তিক্রমে বহিন্ম্খ-জীবের জড়বন্ধন; আমি বহিন্ম্খতা-ক্রমে জড়ে বন্ধ হইয়াছি; এখন কেবলা-ভক্তির সাধন-দ্বারা ক্রন্থের প্রসাদ লাভ করাই আমার প্রয়োজন; 'আর্ত্তি', 'জিজ্ঞানা', 'অর্থার্থিতা', 'ব্রদ্মজ্ঞান ও পর্মাত্ম-জ্ঞান' এবং 'জরা-মরণ-মোক্ষাভিলাবের সহিত্ত ঈশ্বরোপাসনা' ও 'তদ্বারা অচিরাদি-মার্গে পর্মাত্মধাম-লাভ' অর্থাৎ 'সাষ্টি', সালোক্য, সামীপ্য, সাত্মপ্য

ও সাযুজ্যাদি ফল-লাভ—আমার পক্ষে নিতান্ত অকিঞ্চিৎকর; আমি এই সমস্ত পরিত্যাগ করত প্রীক্তফের নিত্যদাশুরূপ স্ব-শ্বরূপ ও স্বভাব লাভ করিবার জন্য প্রবণকীর্ত্তনাদি শুদ্ধভক্তি অবলম্বন করিলে আমার সর্বার্থনিদ্ধি হইবে।' এইরূপ দৃঢ় বিশ্বাদের নাম 'প্রদ্ধা'; এই শ্রদ্ধা-জনিত ভক্তিযোগই সর্বশাস্তের মূল তাৎপর্য্য,—ইহাই এই অধ্যায়ের তাৎপর্য্য।

ইতি—সপ্তম-অধ্যায়ে শ্রীভক্তিবিনোদ ঠাকুরের 'ভাষা-ভাষ্য' সমাপ্ত।। ৩০॥

শ্রীবলদেব—ন চ তৎসেবয়া প্রাপ্তং তজ্জানং কদাচিদপি ভাংশতেত্যাহ,
—সাধীতি। অধিভূতেনাধিদৈবেনাধিযজ্জেন চ সহিতং মাং যে বিহুঃ সংপ্রসঙ্গাজ্জানন্তি, তে প্রয়াণকালে মৃত্যুসময়েহপি মাং বিহুর্ন তু তদন্তবদ্বাগ্রাঃ সন্তো মাং বিশ্বরম্ভীতার্থঃ॥ ৩০॥

মাং বিহন্তবতো ভক্তা মন্মায়ামূত্তরন্তি তে। তে পুনঃ পঞ্চধেত্যেষ সপ্তমশু বিনির্ণয়ঃ॥

### ইতি শ্রীমন্তগবদ্গীভোপনিযন্তায়ে সপ্তমোহধ্যায়ঃ॥

বন্ধান্ধবাদ—সেই দেবার দ্বারা প্রাপ্ত (লক্ক) সেই জ্ঞান কথনও দ্রপ্ত বা নপ্ত হয় না—ইহাই বলা হইতেছে—'সাধীতি'। অধিভূতের, অধিদৈবের ও অধিযজ্ঞের সহিত আমাকে ঘাঁহারা জানেন অর্থাৎ সংসক্ষ-হইতে জানেন, তাঁহারা প্রয়াণকালে অর্থাৎ মৃত্যুসময়েও আমাকে জানেন কিন্তু অন্তান্ত লোকের মত উদ্বিগ্ন হইগ্না আমাকে বিশ্বত হনু না॥ ৩০॥

ষে সকল ভক্ত তত্ততো আমাকে ( শ্রীকৃঞ্চকে ) জানেন, তাঁহারাই আমার মায়াকে অতিক্রম করিতে পারেন। তাদৃশ ভক্ত পাঁচ প্রকার। ইহা সপ্তমাধ্যায়ে বিশেষভাবে নির্ণয় করা হইয়াছে।

## ইতি—সপ্তম অধ্যায়ের শ্রীমন্তগবদ্গীভোপনিষদ্ভাষ্টের বঙ্গান্সবাদ সমাপ্ত।

অনুভূষণ— গাঁহারা পূর্কোক্তরূপ ব্রন্ধবিং, অধ্যাত্মবিং এবং কর্মবিং তাঁহারা কথনও যোগভ্রষ্ট হন না। কারণ সাধুসঙ্গ-প্রভাবে অধিভূত, অধিদৈব ও অধিযজ্ঞের সহিত আমাকে জানেন বলিয়া, তাঁহারা মন্তক্তিপ্রভাবে অন্তিম-কালেও মদেকনিষ্ঠ থাকেন। অন্ত লোক যেমন মৃত্যুকালে অপরিহার্য্য যাতনায় প্রপীড়িত হইয়া অথবা ইন্দ্রিয়ের অক্ষমতা-হেতু আমাকে বিশ্বত হইয়া থাকে, এই যোগমিশ্রা-ভক্তি-সম্পন্ন যোগী কিন্তু তাদৃশ সময়েও, আমার রূপায় আমাকে বিশ্বত হন না । ৩০॥

ইতি—শ্রীমন্তগবদগীতার সপ্তম অধ্যায়ের 'অমুভূষণ'-নামী টীকা সমাপ্তা।

मखेम व्यशास ममाख।

### जर्ष्टिया 2था यः

### অৰ্জুন উবাচ,—

## কিন্তদ্বক্ষ কিমধ্যাত্মং কিং কর্ম পুরুষোত্তম। অধিভূতঞ্চ কিং প্রোক্তমধিদৈবং কিমুচ্যতে॥ ১॥

অন্বয়— অর্জুন উবাচ, —পুরুষোত্তম! তৎ ব্রহ্ম কি ? (সেই ব্রহ্ম কি ?)

অধ্যাত্মম্ কিম্ (অধ্যাত্ম কি ?) কর্ম কিম্ ? (কর্ম কি ?) অধিভূতম্ চ কিং
প্রোক্তম্ ? (এবং অধিভূত কাহাকে বলে ?) অধিদৈবং কিম্ উচ্যতে ?

(অধিদৈব কাহাকে বলে ?) ॥ ১ ॥

অনুবাদ—অৰ্জ্ন বলিলেন,—হে পুৰুষোত্তম! সেই ব্ৰহ্ম কি ? অধ্যাত্ম কি ? কৰ্ম কি ? অধিভূত এবং অধিদৈবই বা কি ? ॥ ১॥

শ্রীভজিবিনোদ—অর্জুন কহিলেন,—হে পুরুষোত্তম! ব্রহ্ম, অধ্যাত্ম, কর্ম, অধিভূত ও অধিদৈব কাহাকে বলে ?॥ ১॥

**ত্রীবলদেব**—উক্তান্ পৃষ্টঃ ক্রমাদ্যাখ্যদ্রন্ধাদীন্ হরিরষ্টমে। যোগমিশ্রাঞ্চ শুদ্ধাঞ্চ ভক্তিমার্গদ্যং তথা॥

পৃথ্বাধ্যায়ান্তে মৃম্কুণাং জ্যেতয়োদিষ্টান্ বন্ধাদীন্ সপ্তার্থান্ বিবাদ্ধ্য ক্র্নাণ্ড পৃচ্ছতি,—কিং তদ্বদ্ধেতি—কিং পরমাত্মচিতত্তং বা, কিং জীবাত্মচৈতত্তং বা তদ্বদ্ধেত্যথি:। কিমধ্যাত্মমিতি—আত্মানং দেহমধিকত্যেতি নিকজে:, শ্রোত্রাদীন্দ্রিয়বৃন্দং বা ক্ষভ্তর্ন্দং বা তদিতি। কিং কর্মেতি—লৌকিকং বৈদিকং বা তদিতি। আবয়োস্তোল্যাৎ কিমিতি মাং পৃচ্ছসীতি শঙ্কাং নিবর্ত্তনিকং বা তদিতি। আবয়োস্তোল্যাৎ কিমিতি মাং পৃচ্ছসীতি শঙ্কাং নিবর্ত্তনিকং সম্বোধনং—হে প্রুষোত্তমেতি,—পরেশহাত্তব সর্ব্বং স্থবিদিতং, ন তু মমেতি ভাব:। অধিভূতঞ্চ কিমিতি—ভূতাত্যধিকত্যেতি নিকজের্ঘটাদিকার্যাং বা স্থান্থরীরং বা তদিতি। অধিদৈকং কিমিতি—দেবতাবিষয়কমম্ব্যানং বা সমষ্টিবিরাট্ বা তদিতি॥ ১॥

বঙ্গাসুবাদ—শ্রীহরি জিজাসিত হইয়া অন্তমাধ্যায়ে ক্রমে ক্রমে উক্ত

व्याबढ गयन गाजा

বন্ধাদির বিষয় বলিতেছেন এবং যোগমিশ্রা ও ভদ্ধা-ভেদে হুই প্রকার ভক্তি-মার্গের কথাও বলিতেছেন,—

পূর্বাধ্যায়ের অস্তে মৃমুক্দিগের জ্যেবিষয়রূপে উদ্দিষ্ট বন্ধ প্রভৃতি সপ্ত বিষয়ের প্রকৃত অর্থ বিশেষরূপে জানিবার জন্ম অর্জুন জিজ্ঞাসা করিতেছেন—'কিং তদ্রন্ধেতি' পর্মাত্মচৈত্য কি ব্রন্ধ? অথবা জীবাত্মচৈতন্ত ব্ৰহ্ম ? 'কিমধ্যাত্মমিতি'। অধ্যাত্ম কি ? আত্মা অৰ্থাৎ দেহকে অধিকার করিয়া এই বৃংপত্তিহেতু শোতাদি-ইন্দ্রিয় সমূহ অথবা স্ক্ষভূতবৃন্দ ? তাহা; 'কিং কর্ম্মেডি'—লৌকিক অথবা বৈদিক তাহা। আমরা উভয়ই সমতুল্য স্থতরাং কেন আমাকে জিজ্ঞাসা করিতেছ; এই আশকা নিবারণ করিবার জন্ম সম্বোধন—'হে পুরুষোত্তমেতি', পরমেশ্বর বলিয়া তোমার পক্ষে সমস্তই বিশেষরপে জানা সম্ভব কিন্ত আমার পক্ষে উহা সম্ভব নহে, ইহাই প্রকৃত অর্থ। অধিভূত কি ?—ভূত অর্থাৎ প্রাণিগণকে অধিকার করিয়া এই বাংপত্তিহেতু—ঘটাদি কার্য্য অথবা সুল শরীর ? তাহা। 'অধিদৈব কিমিতি'— তাহা কি দেবতাবিষয়ক অনুধ্যান ? অথবা সমষ্টি বিরাট্ ? তাহা ॥১॥

অনুভূষণ-পূর্ব অধ্যায়ান্তে শ্রীভগবান্ মৃমুক্ ব্যক্তিগণের জেয়রূপে যে ব্রহ্মাদি সপ্ত বিষয়ের কথা বলিয়াছেন, তদ্বিষয়ে জিজ্ঞাস্থ হইয়া, অর্জুন প্রশ্ন করিতেছেন যে দেই বন্ধ কি ? তাহা কি পরমাত্মহৈতন্ত ? অথবা জীবাত্ম-চৈততা ? এতত্বভয়ের কাহাকে লক্ষ্য করিয়াছ ? তুমি বে 'অধ্যাত্ম' শব্দ ব্যবহার করিলে, তাহা দারা কি শ্রোত্রাদি ইন্দ্রিয়বৃন্দ অথবা স্ক্রভূতবৃন্দ-এতহভয়েব মধ্যে কি লক্ষিত হইয়াছে ? তাহা বল। আর তোমার কথিত কর্মশন্ধ-ছারা বৈদিক কর্ম বা লৌকিক কর্ম এতহুভয়ের মধ্যে কোনটি স্থচিত হইয়াছে? বল। 'অধিভূত' শব্দে ঘটাদি কার্যা বা খুল শরীর—এতহভয়ের মধ্যে কাহাকে লক্ষা করিয়াছ ? তাহা বল। আর তুমি অধিদৈব-শব্দ দ্বারা দেবতা-বিষয়ক অহুধ্যান বা সমষ্টি বিরাট্ ?—এতত্তয়ের মধ্যে কোনটিকে লক্ষ্য করিয়াছ ? তাহা বল। যদি বল, আমরা উভয় সমতুলা স্থতরাং এ বিষয়ে জিজ্ঞাসার কি কারণ আছে? এই আশক্ষা পরিহারার্থ অর্জুন পুরুষোত্তম-শব্দে ভর্গবান্কে সম্বোধন করিলেন। হে পুরুষোত্তম। তুমি পরেশ, এজস্ত তোমার পক্ষে সকলই স্থবিদিত কিন্তু আমার পক্ষে তাহা সম্ভব নহে। অতএব আমার নিকট সকল তত্ত্ব ব্যাখ্যা কর॥ ১॥

## অধিযক্তঃ কথং কোহত্ত দেহেহস্মিন্ মধুসূদন। প্রয়াণকালে চ কথং ক্তেয়োহসি নিয়তাদ্বভিঃ॥ ২॥

আৰয়—মধুসদন! অত্র দেহে (এই দেহে ) অধিযক্তঃ কঃ? ( যজ্ঞাধিষ্ঠাতা কে?) অস্মিন্ (এই দেহে ) কথং (কি প্রকারে ) [ স্থিতঃ—অবস্থিত আছেন?] চ (এবং ) প্রয়াণকালে (মৃত্যু-সময়ে ) নিয়তাত্মতিঃ (সংযতচিত্ত পুক্ষগণ কর্ত্ব ) কথং (কি উপায়ে ) জ্ঞেয়ঃ অসি? (জ্ঞাত হও ) । ২ ॥

অসুবাদ — হে মধ্মদন! এই দেহে অধিযক্ত কে ? এবং এই দেহমধ্যে কিরপে অবস্থিত আছেন ? এবং মৃত্যুকালে সংযতি চত্ত পুরুষগণ তোমাকে কি উপায়ে জানিতে পারেন ?॥ ২॥

শ্রীভক্তিবিনাদ—এই দেহে অধিযক্ত কে এবং কিরপে অবস্থান করে ?— অর্থাৎ এই ছয়টি শব্দের প্রকৃত অর্থ কি ? এবং নিয়তাত্ম পুরুষেরা তোমাকে কিরপে প্রয়াণকালে জানিতে পারেন ? এই সমস্ত স্পষ্ট করিয়া বল ॥ ২ ॥

শ্রীবলদেব—অধিযজ্ঞ: ক ইতি—যজ্জমধিগত ইন্দ্রাদিব। বিষ্ণুর্বা দ ইতি;
কথমিতি—তস্থাধিযজ্ঞভাব: কথমিতার্থ:। এতং দর্বাং মংদলেহনিবারণং
তবেষৎকরমিতি বোধয়িতৃং দরোধনং—হে মধুস্থদনেতি—প্রয়াণেতি—তদা
দর্বেন্দ্রিয়বাগ্রতয়া চিত্রদমাধানাসম্ভবাদিতি ভাব: ॥ ২ ॥

বঙ্গান্ধবাদ—'অধিযজ্ঞঃ ক ইতি', অধিযজ্ঞ কে ? যজ্ঞকে বিশেষরূপে প্রাপ্ত ইন্দ্রাদি অথবা বিষ্ণু, ইহাই। 'ক্থমিতি'—তাহার অধিযজ্ঞভাব কিরূপ ?—ইহাই অর্থ। এই সকল আমার সন্দেহ নিবারণ তোমার পক্ষে অতিশয় সহজ। ইহাই বুঝাইবার জন্ম সংগ্রহন—'হে মধুস্বদনেতি', 'প্রয়াণেতি'—তথন সমস্ত ইন্দ্রিরগুলির বাপ্রতাহেতু চিত্তের সমাধান সম্ভব নহে, ইহাই ভাবার্থ॥ ২॥

অসুভূষণ—পূর্ব অধ্যায়ের ত্রিংশশ্লোকে প্রীভগবান্ বলিয়াছেন যে, আমাকে যাঁহারা দাধিযজ্জরপে জানেন, তাহারাই আমার তত্ত্ব জানেন, তজ্জ্বর এক্ষণে প্রশ্ন করিতেছেন যে, সেই অধিযক্ত কে? বিষ্ণু না ইন্দ্রাদি দেবতা? তাহার অধিযক্ত ভাব কি প্রকার? এন্থলে অর্জুন সপ্তম অধ্যায়-শেষে ভগবদ্-বর্ণিত ব্রহ্ম, অধ্যাত্ম, কর্মা, অধিভূত, অধিদৈব ও অধিযক্ত—এ ছয়টি বিষয়ের তত্ত্ব জানিতে চাহিতেছেন। এবং অধিযক্ত কে? এবং দেহের মধ্যে কি প্রকারে অবস্থান করেন? প্রয়াণ কালে বা তাহাকে কি প্রকারে জানিতে পারা যায় ইত্যাদি আমার সকল সন্দেহ নির্দ্ন করা তোমার

পক্ষে অত্যন্ত সহজ, ইহা বুঝাইবার জন্ত 'মধুস্দন' শব্দে সদোধন করিলেন। অর্জ্জন রূপালু হইয়া আজ আমাদের ন্যায় অজ্ঞ জীব-সাধারণকে জ্ঞান দান করিবার জন্যই শ্রীভগবানের নিকট নিগৃড় তত্ত্ব-বিষয় জিজ্ঞাসা করিতেছেন। অর্জ্জন আরও একটি প্রশ্ন করিলেন যে, মৃত্যুকালে লোকের সমস্ত ইন্দ্রিয় ব্যগ্র থাকে, তথন চিত্তের সমাধান কি প্রকারেই বা সম্ভব ? হে মধুস্দন! তুমি জীবের প্রতি করুণাবশতঃ দৈত্যাদি বধ করিয়া জগতকে উপদ্রব শ্ন্য করিয়া থাক, আজ আমার হৃদয়ে যে সকল সন্দেহ-রূপ উপদ্রব উত্ত হইয়াছে, তাহা নিরসনপূর্বকে প্রকৃত তত্ত্বের উপদেশ প্রদান করিতে তুমিই সমর্থ ॥ ২ ॥

#### শ্রীভগবানুবাচ,—

## অক্ষরং পরমং ব্রহ্ম স্বভাবোহধ্যান্মমূচ্যতে। ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ কর্মসংক্রিতঃ॥ ৩॥

তাষয়—শ্রীভগবান্ উবাচ,—পরমং অক্ষরং (পরম অক্ষর বস্তু) ব্রহ্ম, স্বভাবং (জীব) অধ্যাত্মম্ উচাতে (অধ্যাত্ম বলিয়া কথিত হয়) ভূতভাবোদ্তব-করং (ভূতদম্হের দেহাদি উৎপত্তি ও বৃদ্ধিকর) বিদর্গঃ (জীবের সংদার) কর্মসংজ্ঞিতঃ (কর্মনামে অভিহিত)॥ ৩॥

অনুবাদ—শ্রীভগবান্ কহিলেন—নিত্য—বিনাশরহিত পরমতত্তই ব্রহ্ম, অধ্যাত্ম-শব্দে শুদ্ধ জীব এবং ভূতগণের উংপত্তি ও বৃদ্ধিকর সংসারই কর্মনামে অভিহিত॥ ৩॥

ত্রীভক্তিবিনাদ—ভগবান্ কহিলেন,—অক্ষর-তত্ত্ব অর্থাং নিত্য বিনাশ-রহিত এবং অবস্থান্তরশৃত্য তত্ত্বই ব্রহ্ম, পরব্রহ্ম ন'ন। পরব্রহ্ম-শব্দ-দারা কেবল নিত্যবিশেষযুক্ত ভগবংস্বরূপ আমাকেই বুঝিতে হইবে। অধ্যাত্মশব্দ-দারা চিদ্বস্তুর নিত্য স্বভাব বা 'বিশেষ'কে বুঝিতে হইবে না। সেই বিশেষ-দারা জড়সম্বন্ধশৃত্য শুদ্ধজীবকে লক্ষ্য করিবে। কর্ম হইতেই ভূতগণের দারা জীবের স্থলদেহ-নির্মাণরূপ সংসার জন্মে, তজ্জন্তই কর্মকে 'ভূতোদ্ভবকর বিদর্গ' বলিয়া জানিবে॥ ৩॥

ত্রীবলদেব—এবং পৃষ্টো ভগবান্ ক্রমেণ সপ্তানাম্তরমাহ,—অক্রমিতি।
ন ক্রতীতি নিরুক্তেরক্রং যং প্রমং দেহাদিবিবিক্তং জীবাত্মচৈত্ত্যং ত্রম্যা

ব্রেক্সেচ্যতে। তত্তাক্ষরশব্দ বৃশ্ব বৃশ্বস্বঞ্চ,—"অব্যক্তমক্ষরে লীয়তেইক্ষরং তমিদ লীয়তে তম একীভবতি পরিশান্নিতি" "বিজ্ঞানং বন্ধ চেম্বেদ" ইতি চ শ্রুতে:। স্বভাব ইতি—স্বস্থ জীবাত্মনঃ সম্বন্ধী যো ভাবো ভূতস্ক্ষতদাসনা-লক্ষণপদার্থঃ। পঞ্চারিবিভায়াং পঠিতস্তদাত্মনি সংবধামানত্বানায়াধ্যাত্মম্চাতে। ভূতেতি,—তেষাং স্ক্রাণাং ভূতানাং স্থূলৈস্তৈঃ সংপ্তানাং ভাবে মহুয়াদি-লক্ষণস্তত্ত্ত্বকরন্তত্ৎপাদকো যো বিদর্গঃ দ কর্মদংজ্ঞিতঃ; —জ্যোতিষ্টোমাদি-কর্মণা স্বর্গমাপাত তিমান্ দেবদেহেন তৎকর্মোপভুজ্যভাওসংক্রাস্তন্বতশেষ-বদ্তোগোর্বরিতো যঃ কর্মশেষো ভুবি মহুয়াদি-দেহলাভায় বিস্প্তস্তময় কর্মোচ্যতে। ছান্দোগ্যে,—ত্যপর্জন্মপৃথিবীপুরুষযোধিংস্থ পঞ্চমগ্নিষ্ শ্রদাসোমর্ষ্টাররেতাংসি ক্রমাৎ পঞ্চাহতয়ঃ পঠান্তে। তত্রায়মর্থঃ,—বৈদিকো জीव ইহলোকেश्यमानि नधानीनि अन्नमा जूर्शि । তা नधानिमयाः পঞ্চীকৃতত্বাৎ পঞ্চভূতরূপা আপঃ শ্রন্ধয়া হুতত্বাৎ শ্রন্ধাখ্যাহুতিত্বরূপেণ তিম্মন্ জীবে দংবদ্ধান্তিষ্ঠন্তি,—অথ তন্মিন্ মৃতে তদিন্দ্রিয়াধিষ্ঠাতারো দেবাস্তঃ ছালোকাগ্নৌ জুহ্বতি। তদ্বন্তং জীবং দিবং নয়ন্তীতার্থঃ। হতান্তাঃ সোমরাজাখ্য-দিবাদেহতয়া পরিণমন্তে; তেন দেহেন স তত্র কর্মফলানি ভূঙ্কে। তদ্যোগাবসানে শ্বয়ো জীববান্ দেহৈ স্তিদেবেঃ পর্জনাগ্রো হতে। বৃষ্টিভ্বতি। বৃষ্টিভ্তাস্তাঃ সঙ্গীবাঃ পৃথিবাগ্নো তৈহঁতা বীহাগনভাবং লভস্তে। অন্নভূতাঃ সদ্ধীবাস্তাঃ পুরুষাগ্নে হতা বেতোভাবং ভদ্ধন্ত। বেতোভূতাঃ সজীবাস্তা যোষিদগ্নৌ তৈহঁতা গভাত্মনা স্থিতা মহয়ভাবং প্রয়াস্ত্রীতি তদ্ভাব-হেতুরসুশয়শব্দবাচাঃ কর্মশেষঃ কর্মেতি। এবমেবোক্তং স্ত্রকৃতা,—"তদন্তরপ্রতি-পত्छों" ইত্যাদিভিঃ॥ ७॥

বঙ্গানুবাদ—এইভাবে ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্বন কর্তৃ কি জিজ্ঞাসিত হইয়া ক্রমে ক্রমে সাতটির (প্রশ্নের) উত্তর দিতেছেন—'অক্সর্মিতি'। ক্ষরিত (ক্রম) হয় না এই ব্রুৎপত্তি হেতু—অক্ষর যাহা পরম, অর্থাৎ দেহাদি-বিবিক্ত জীবাত্ম- চৈতন্ম তাহাকেই আমি ব্রহ্মরূপে অভিহিত করিয়াছি। তাহারই অক্ষর-শক্ষর ও ব্রহ্ম-শক্ষর—"অব্যক্ত (প্রধান) অক্ষরে লয় হয়, অক্ষর তম্মেগণ্ডণে লয় হয়, তম একত্ম লাভ করে পরব্রহ্মে; এই বিজ্ঞান (বিশেষ জ্ঞান) ব্রহ্ম যদি জ্ঞান করে" ইতি শ্রুতি-হেতু। 'স্বভাব ইতি'—জীবাত্মার সম্বন্ধে যে ভাব অর্থাৎ ভূতস্ক্ম, তদ্বাস্না-স্কর্মপ ভাহা ভাব—পদার্থ। পঞ্চান্মি বিল্ঞাতে

পঠিত, তদাত্মায় সমাক্রপে বন্ধ হয় বলিয়া তাহাকে অধ্যাত্ম বলা হইয়াছে। 'ভূতেতি' সেই সেই স্ক্র ভূত সকলের (সমষ্টির) সেই সেই স্থল ভূতগুলির সহিত সংপৃক্ত (সংযুক্ত) হইয়া তাহাদের যে মহয়াদি লক্ষণ, উৎপত্তিজনক বা তত্ত্ৎপাদক যে বিসর্গ তাহাই কর্ম-সংক্রিত। জ্যোতিষ্টোমাদি কর্মের দ্বারা স্বর্গ লাভ করিয়া জীব সেথানে দেবদেহ ধারণের দ্বারা সেই সকল কর্মের উপভোগ্য (যজ্ঞ) ভাও-সংক্রান্ত ঘৃতের শেষাংশের ন্যায় ভোগের দ্বারা উর্করিত যে কর্মশেষ (তাহাই) পৃথিবীতে মহয়াদি দেহ লাভের জন্ম পরিত্যক্ত হইয়াছে, তাহাকেই আমা কর্তৃক কর্ম্ম বলা হইয়াছে। ছান্দোগ্যে—স্বর্গ-মেঘ-পৃথিবী-পুরুষ ও নারীরূপ পাঁচটি অগ্নিতে শ্রন্ধা-সোম-বৃষ্টি-অন্ন ও শুক্ররূপে ক্রমে পঞ্চ আত্তি পঠিত হয়।

সেথানে এই অর্থ—বৈদিক ক্রিয়াপরায়ণ জীব ইহলোকে জলময় দিধি প্রভৃতি শ্রদার সহিত হোম করিয়া থাকেন। সেই সকল দধ্যাদিময়ী ( হোমীয়-দ্রব্যাদি) পঞ্চ আহুতি পঞ্চীকৃত করা হইয়াছে বলিয়া পঞ্চভুতশ্বরূপ জল শ্রদার সহিত আহুতি দেওয়া হয় বলিয়া শ্রদা সংজ্ঞক আহুতিরূপেই সেই সেই জীবে সংবদ্ধ হইয়া থাকে। তারপর সেই জীবের মৃত্যু হইলে তাহার ইন্দ্রিয়াধিষ্ঠাতৃ দেবগণ সেই জলকে ( শ্রদ্ধাকে ) স্বর্গলোকস্থিত অগ্নিতে আহুতি প্রদান করিয়া থাকে, অর্থাৎ এতাদৃশ জীবকেই স্বর্গে প্রেরণ করেন। আহত সেইগুলি সোমরাজ নামে খ্যাত দিব্যদেহরূপে পরিণত হয়। সেই দেহের দারাই দে সেখানে কর্মফলগুলি ভোগ করিয়া থাকে। সেই ভোগের অবসান হইলে জলময় চৈত্যবিশিষ্ট জীব সেই সেই দেবদেহে দেবগণ কত্ পর্জন্তাগ্নিতে হত হইয়া বৃষ্টিরূপে পরিণত হয়। জীবগণের সহিত বৃষ্টি জলময় তাহারা পৃথিবীরূপ অগ্নিতে তাহাদের দারা আহত হইয়া ব্রীহি প্রভৃতি খাল ভাব প্রাপ্ত হয়, পরে অন্নরূপে পরিণত সেই বৃষ্টিজল পুরুষের বীর্যারূপে পরিণত হয়। রেতভূত অর্থাৎ বীর্যারূপে পরিণত সেইগুলি জীবের সহিত স্ত্রীরূপ অগ্নিতে তাহাদের দারা আছত হইয়া গর্ভেতে অবস্থান করিয়া মহয়ুরূপে পরিণত হয়। নেই ভাবের হেতু অনুশয় শব্দবাচ্য কর্মশেষ। ইহাই বেদান্ত স্ত্রকার বলিয়াছেন,—"তদস্তর প্রতিপত্তো" ইত্যাদির দারা॥ ৩॥

অনুভূষণ—শ্রীভগবান্ অর্জুন কর্ত্ব এই প্রকারে জিজ্ঞাসিত হইয়া ক্রমান্বয়ে সাতটি প্রশ্নের উত্তর দিতেছেন।

ব্রহ্ম—যাহা করিত অর্থাৎ চ্যুত হয় না, তাহাই অক্ষর। যাহা পরম,

দেহাদি-বিবিক্ত অর্থাৎ স্বতম জীবাত্মচৈতক্ত, তাহাই ব্রহ্ম-শব্দে কথিত হইয়াছে। জীবেরই অক্ষর শব্দম্ব ও ব্রহ্মশব্দম্ব। অব্যক্ত অক্ষরে লয় প্রাপ্ত হয় বলিয়া অক্ষর। তমে লয় হয় অর্থাৎ একীভূত হয়, পরব্রহ্মতে ইহা, 'বিজ্ঞান ব্রহ্ম' এই শ্রুতি অনুসারে। 'তৈত্তিরীয়োপনিষ্ণ'—(৩)৫।১) 'বিজ্ঞানং ব্রহ্মেতি' ব্যক্ষনাৎ।

এই শ্লোকের শ্রীধরস্বামিপাদের টীকার মর্মে পাই,—

"যাহা বিনষ্ট হয় না বা চলে না, তাহা 'অক্ষর'। যদি পূর্ব্বাপক্ষ হয়, জীবও অক্ষর; সেন্থলে বলিতেছেন,—যাহা পরম অক্ষর জগতের মূল কারণ তাহাই বন্ধ। এবিষয়ে তিনি শ্রুতি প্রমাণ দিয়াছেন—"হে গার্গি, ব্রাহ্মণগণ ইহাকেই অক্ষর বলেন।" (বুহদারণাক আচাচ)

(২) **অধ্যাত্ম**—স্বভাব অর্থাং জীবাত্মা-সম্বন্ধীয় যে ভাব। ভূতক্ষ সেই বাসনালক্ষণ পদার্থকে বুঝায়। পঞাগ্নি বিভায় পঠিত সেই আত্মাতে সমাক্ বধামান্ বলিয়া উহাকে 'অধ্যাত্ম' বলা হয়।

শ্রীধরস্বামিপাদ বলেন,—

"ব্রহ্মের নিজেরই অংশরূপে জীবভাবে অবস্থানকে স্বভাব বলে। সেই জীবই আত্মা অর্থাৎ দেহকে অধিকার পূর্বক ভোক্তারূপে বর্তমান থাকেন বলিয়া অধ্যাত্ম শব্দে কথিত হয়।"

শ্ৰীল চক্ৰবন্তিপাদ বলেন,—

"সভাব—সম-আত্মাসমূহের দেহাধ্যাসবশতঃ ভাবনা করায় অর্থাং সৃষ্টি করে বলিয়া স্বভাব অর্থাৎ জীব। অথবা 'স্বং' অর্থে নিজেকে ভাবনা করায় অর্থাৎ পরমাত্মাকে পাওয়ায়। স্বভাব অর্থে শুদ্ধ জীব অধ্যাত্ম বলিয়া কথিত।"

(৩) কর্মা—হাম ভূতগণের সেই মেই স্থলরপের সহিত সংযুক্ত গুণের মহায়াদি লক্ষণ ভাব, তাহা উদ্ভব করে অথাৎ তহৎপাদক যে বিসর্গ তাহাই কর্ম-সংজ্ঞায় সংজ্ঞিত। জ্যোতিষ্টোমাদি কর্মের দারা স্বর্গ লাভানস্তর তথায় দেবদেহে সেই কর্মফল উপভোগ করিয়া, কর্ম শেষে যে পৃথিবীতে মহায়াদি দেহ লাভার্থ বিস্কৃষ্টি, তাহাই কর্ম বলিয়া কথিত। এতৎপ্রসঙ্গে ছান্দোগ্য উপনিষদে বণিত আছে যে,—হা ( স্বর্গ ), পর্জ্জ্ঞ্জ ( মেঘ ), পৃথিবী, পুরুষ ও যোধিৎ—শাস্ত্রকারেরা এই পঞ্চ প্রকার অগ্নির উল্লেখ করিয়াছেন। এই পঞ্চাগ্নিতে পঞ্চ প্রকার আহুতির উল্লেখ আছে। শ্রেদ্ধা, সোম, বৃষ্টি, অন্ন ও

বেত এই পঞ্চ প্রকার আছতি। এই অগ্নি ও আছতির জ্ঞানকে উপনিষদ পঞ্চায়ি-বিছা বলেন। জীব ইহলোকে জলময় দধ্যাদির দ্বারা শ্রদ্ধাসহকারে হোম করে, তাহাতে জল শ্রদ্ধাছতিরূপে দেই জীবে সংবদ্ধ হয়। তাহার মরণান্তে ইন্দ্রিয়াধিষ্ঠান্ত্রী দেবগণ দেই শ্রদ্ধা-নামক আছতির ত্মা নামক অগ্নিতে হোম করেন। তাহাতে সে সোমরূপ দিবাদেহে পরিণত হয়। সেই দেহ ধারণ পূর্বক সেই জীব সেখানে নিজ কর্মকল উপভোগ করে, এবং ভোগাবসানে সেই জলময় দেহ পর্জ্জ্ঞাগ্নিতে আছত হইলে বৃষ্টি হয়। সেই বৃষ্টিরূপ আছতি পৃথিবীরূপ অগ্নিতে পতিত হইলে ব্রীহি প্রভৃতি অন্ধর্মণে পরিণত হয়। সেই বরত যোষদিগ্নিতে অর্পিত হইলে ক্রমশঃ মহুয়োর উদ্ভব হইয়া থাকে। জীবের এইরূপ রূপান্তর ও জন্মান্তর-লাভের সমন্দ্রে অনুস্থাই হেতু। জীব স্বকীয় কর্মকলে মরণান্তে লোকান্তর প্রাপ্ত হইয়া তথায় কর্মকল ভোগ করে। তল্লোকে ভোগাবসানে যে কর্ম অবশেষ থাকে, তাহাকে অনুশ্য বলে। অনুশ্য কর্মশেষ বাচক। ইহার দ্বারা জীবের রূপান্তর ও জন্মান্তর ঘটিয়া থাকে।

অন্য শ্রুতিতে এরপত্ত পাত্রা যায়,—

"প্রথমে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে ধ্ম, ধ্ম হইতে অভ্র, অভ হইতে মেঘ এবং মেঘ হইয়া বর্ষণ করে। বৃষ্টি হইতে গ্রীহাদি ও তাহা হইতে অল্ল, অল্ল হইতে রেভ হয় এবং দেই রেভ হইতে পুরুষ হয়।"

এসম্বন্ধে বন্ধাস্ত্তেও পাওয়া যায়,—

"তদনন্তরপ্রতিপত্তো সংপরিষক্তঃ প্রশ্ননিরপণাভ্যাম্" (তয় অধ্যায় ১ম পাদ ১ম প্র )। পূর্ব্বোক্ত স্ত্রের শ্রীবলদেবের ভায়ের মর্মেও পাওয়া য়ায়,—
"এই সংসারে—অগ্নি পাচটি;—র্বর্গ, মেঘ, পৃথী, পুরুষ ও স্ত্রী। শ্রুনা, সোম, রৃষ্টি, অন্ন ও বীর্ঘ এই পাচটি ঐ অগ্নির আহতি। দেবতারা উহার হোতা।
ভূতপুত্ম পরির্ত জীবের স্বর্গ-প্রাপ্তির স্বর্গণ-কৃত প্রক্রেপকেই হোম কহা
যায়। য়ত জীবের ইন্দ্রিয়সমূহ দেবতা বলিয়া কথিত। তাঁহারা স্বরপুরাগ্নিতে
শ্রন্ধাকে আছতি দেন। দেই শ্রেনাই স্বর্গ-ভোগোপযোগা সোমরাজাখ্য দিব্য
শরীররূপে পরিণত হয়। ভোগাবসানে ঐ শরীর আবার পর্জ্ন্তানলে হত
হইয়া বর্ষারূপ পরিগ্রহ করিয়া থাকে। পুনরায় উহাই পৃথিবীরূপ অনপে

ছত হইয়া 'অন্নাকারে' পরিণত হয়। পুনরায় সেই অন্ন পুরুষানলে বীর্ঘারূপ পরিগ্রহ করে। নারীরূপ বহিতে সেই রেত পুরুষাকার প্রাপ্ত হয়। পঞ্চম বহিতে এইরূপে হুত জলের পুরুষযোনি ধারণ ঘটে। এন্থানে জীব, যে জলের সহিত স্বর্গে গমন করে, সেই জলই পূর্ব্ব কথিত রীতি-অনুসারে নারীগর্ভে প্রবেশ করিয়া পুরুষযোনি ধারণ করে। এইরূপ প্রতীতি নিবন্ধন যে স্ক্রমভূতের সহিত জীবের গতি হয়, তাহা সিদ্ধ হইল।"

শ্রীধরস্বামিপাদের টীকার মর্মেও পাই,—

"জরায়ুজ প্রভৃতি ভূতগণের ভাব—অবস্থান, উৎপত্তি; উদ্ভব—উৎকৃষ্ট-রূপে উৎপত্তি, "আদিতা হইতে বৃষ্টি জন্মে" ইত্যাদি ক্রমে বৃদ্ধি। যাহা এই উভয়কে সম্পন্ন করে, সেই দেবতার উদ্দেশ্যে দ্রাদানরূপ যজ্ঞই কর্মশব্দ বাচা। ইহা সমস্ত কর্মের উপলক্ষণ।"

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্ম্মে পাই,—

"ভূতভাবোদ্ভবকর:' ভূতগণের দ্বারাই ভাব সমূহের—মন্থ্যাদি-দেহসমূহের উদ্ভব করে। সেই বিদর্গ—জীবের সংসার কর্ম্মজন্ত, 'কর্মসংজ্ঞঃ'—কর্ম-শন্দে জীবের সংসার কথিত হয়"॥ ৩॥

### অধিভূতং ক্ষরো ভাবঃ পুরুষশ্চাধিদৈবতম্। অধিযজ্ঞোহহমেবাত্র দেহে দেহভূতাং বর॥ ৪॥

ত্বাব্ব — দেহভূতাং বর! (দেহধারিগণের মধ্যে শ্রেষ্ঠ!) ক্ষরঃ ভাবঃ (নশ্বর পদার্থ) অধিভূতং (অধিভূত) পুরুষঃ চ (এবং বিরাট্ পুরুষ) অধিদৈবতম্ (দেবতাগণের অধিপতি) অত্র দেহে (এই দেহে) অহম্ এব (আমিই) অধিযক্তঃ (অন্তর্যামীরূপে যজ্ঞাদি কর্ম-প্রবর্ত্তক)॥ ৪॥

তাসুবাদ—হে সর্ব্যাণিশ্রেষ্ঠ ! নশ্বর পদার্থ সমূহই অধিভূত, বিরাট্ পুরুষই দেবগণের অধিপতি অধিদৈব, এই দেহে অবস্থিত আমিই অধিষক্ত, অর্থা । অন্তর্য্যামীরূপে যজ্ঞাদি কর্ম-প্রবর্তক ॥ ৪ ॥

শ্রীভক্তিবিনোদ—নশ্বর পদার্থজনক ভাবকে ক্ষর-ভাব বা 'অধিভূত' বলা যায়। 'অধিদৈব' শব্দে স্থ্যাদি-দৈবত-সমষ্টি বিরাটরূপ পুরুষকে বৃঝিবে অর্থাৎ ইন্দ্রিয়জ্ঞানাধিষ্ঠিত পুরুষকে জানিবে। দেহীদিগের দেহান্তর্গত অন্তর্থ্যামী পুরুষরূপ আমিই 'অধিযক্ত'॥ ৪॥

🔊 🔊 বলদেব—অধীতি। ক্ষরঃ প্রতিক্ষণপরিণামী ভাবঃ স্থুলো দেহঃ দ

ময়াধিভ্তমিত্যচাতে,—ভ্তং প্রাণিনমধিকতা ভবতীতি বৃৎপত্তে:। পুরুষ:
সমষ্টিবিরাট্ স ময়াধিদৈবমিত্যচাতে,—অধিকতা বর্ত্তমানাত্যাদিতাাদীনি
দৈবতাত্যত্রেতি বৃৎপত্তে:। অত্র দেহেংধিযজ্ঞো,—য়জ্ঞমধিকতা বর্ত্তত ইতি
বৃৎপত্তেত্তংপ্রবর্ত্তকভংফলপ্রদশ্চাহমেব। প্রত্যাথ্যেয়ানি তৃ য়য়মেবোহানি।
এবকারেণ স্বন্ধান্তত্ত ভেদো নিরাক্ত:। অনেন 'কথম' ইত্যত্তাপ্যন্তরম্ভাং—
প্রাদেশমাত্রবপ্ত্বনান্তানিয়ময়য়হং য়জ্ঞাদিপ্রবর্ত্তক ইত্যর্থ:। তথা চ মদর্চাসেবনাদেতান্ ব্রদ্ধাদীন্ স্থার্থান্ স্বর্পতোহপ্রমেণ বিন্দতীতি; তত্র ব্রদ্ধাধিষ্ক্রো
প্রাণ্যত্রাধ্যাত্মাদীনি তু হেয়তয়েতি॥ ৪॥

বঙ্গান্তবাদ—'অধীতি'। ক্ষর—প্রতি ক্ষণে ক্ষণে পরিণামশীল, ভাব—স্থুলরপ দেহ, তাহাকেই আমাকর্ত্ব অধিভূত বলিয়া উক্ত হইয়াছে; ভূত অর্থাৎ প্রাণীকে অধিকার করিয়া হয় এই বাংপত্তিহেতু। পুরুষ অর্থাৎ সমষ্টি বিরাট্ তাহাকেই আমাকর্ত্ব অধিদৈব সংজ্ঞায় বলা হইয়াছে—যাহাতে আদিত্যাদি দেবতাগুলিকে অধিকার করিয়া বর্ত্তমান—ইহাই এখানে বাংপত্তি; এই দেহে অধিযক্ত আমি,—স্থেহেতু যজ্ঞকে অধিকার করিয়া থাকি, এই বাংপত্তিহেতু তৎ-প্রবর্ত্তক এবং সেই ফল-প্রদাতা। প্রভ্যাখ্যেয়গুলি কিন্তু নিজেই ব্রিয়া লইবে। 'এব'কারের দ্বারা নিজ হইতে তাহার ভেদ নিরাকরণ করা হইয়াছে। ইহার দ্বারা "কথম্—কিরপে" এই কথারও উত্তর বলা হইল। প্রাদেশমাত্র দেহবিশিষ্ট বলিয়া আমি জীবের অস্তরে সকল নিয়মিত করিতে করিতে যজ্ঞাদির প্রবর্ত্তক হই, তথাচ—আমার অর্চার সেবার দ্বারা এই ব্রহ্মাদি সপ্ত অর্থকে স্বরূপতঃ অনায়াদে পাওয়া যায়। সেথানে বন্ধ ও অধিষক্ত এই ছইটি প্রাণ্যরূপে অধ্যাত্মাদি কিন্তু হেয়রপেই পরিগণিত হয়॥ ৪॥

অসুভূষণ—একণে অর্জ্নকৃত আরও তিনটি প্রশ্নের উত্তর দিতেছেন।

- (৪) **অধিভূত**—প্রতিক্ষণ পরিণামী স্থলদেহসমূহ প্রাণিগণকে অধিকার করিয়া বর্ত্তমান থাকে, এই জন্ম ঘটপটাদি নখর পদার্থ সমূহকে আমি 'অধিভূত' বলিয়াছি।
- (৫) **অধিদৈব**—সমষ্টি শ্বরূপ বিরাট্ পুরুষ আদিত্যাদি দেবগণকে অধিকার করিয়া বর্জমান থাকেন, এই জন্ম সেই পুরুষকে আমি 'অধিদৈবত' শব্দে অভিহিত করিয়াছি।
  - (७) व्यथियक कीरवत এই দেহে 'व्यथियक' व्यक्षामीक्रा विकानि-

वाब ७ गर्ग गांचा

কর্মপ্রবর্ত্তক ও তৎফলপ্রদাতারূপে আমিই অবস্থিত থাকি। এই অন্তর্ধামী-পুরুষ শ্রীকৃষ্ণের স্বাংশ-তত্ত।

শ্বেতাশ্বতর শ্রুতিতে পাওয়া যায়,—

"দ্বা স্থপর্ণা সমৃদ্ধা সথায়া

সমানং বৃক্ষং পরিষম্বদ্ধাতে।

তয়োরল পিপ্ললং সাঘত্য-

নখনত্যোহভিচাকশীতি॥"

মর্থাং সর্বাদা সংযুক্ত স্থাভাবাপর হুইটি পক্ষী একদেহরপ বৃক্ষকে আশ্র করিয়া বাদ করিতেছেন। তাঁহাদের মধ্যে একজন অর্থাৎ জীব নানাবিধ স্থাদযুক্ত স্থত্থেরপ কর্মফল ভোগ করিয়া থাকে; অন্তজন অর্থাৎ অন্তর্ধামী পরমেশ্বর ভোগ না করিয়া সাক্ষিশ্বরূপ দর্শন করেন।

শ্রীমন্তাগবতে শ্রীশুকবাক্যে পাই,—

"কেচিৎ স্বদেহাস্তর্জ্ব দ্যাবকাশে—প্রাদেশযাত্রং পুরুষবদন্তম্।" অর্থাংকোন কোন যোগীপুরুষ স্ব স্ব দেহের অভ্যন্তরন্থ হৃদরগহররে-বিরাজিত প্রাদেশযাত্র পুরুষকে (স্মরন্তি) স্মরণ করে। প্রাদেশযাত্র শব্দে শ্রীধরস্বামী,— 'ওর্জ্জনী ও অনুষ্ঠের বিস্তার' বলিয়াছেন। শ্রীজীবপাদ—'ব্যাষ্টি অন্তর্ধামী', শ্রীল চক্রবর্তী ঠাকুর—'তাবন্মাত্রপ্রদেশে অচিন্ত্যশক্তির দ্বারা পঞ্চদশবর্ষীয় পুরুষাকার প্রমাণ—কিশোর ব্য়দে অবস্থিত' বলিয়াছেন।

কঠোপনিষদে আছে—"অন্ত্র্ছমাত্রঃ পুরুষো মধ্য আত্মনি তির্ছতি"—
(২।১।১২) অর্থাৎ অন্ত্র্ছমাত্র পরিমাণ পরমাত্মা প্রতি জীব-হৃদয়ে অবস্থিত আছেন।
(গীঃ ১৮।৬১) এবং "ভগবানেক এবৈষ সর্ব্ধক্ষেত্রেষবস্থিতঃ", (ভাঃ ৩।৭।৬)
এবং "নানাজনেষবহিতঃ স্থহনন্তরাত্মা" (ভাঃ ৩।৯।১২) 'এব' কারের দারা
নিজ হইতে অন্তর্যামীর ভেদ নিরাক্ত হইল; এবং ইহা দারা অধিযক্ত কে?
এবং কি প্রকারে? এই উভয় প্রকার প্রশ্লেরই উত্তর দেওয়া হইয়াছে। প্রাদেশমাত্র বপু-বিশিষ্ট আমি অন্তর নিয়মনপ্র্কিক যজ্ঞাদি কর্মের প্রবর্ত্তক। জীভগবানের
অর্চার আরাধনার ফলে ব্রহ্মাদি সপ্ত বিষয় অনায়াসেই স্বরপতঃ জানিতে পারা
বায়। সেহলে ব্রহ্ম, অধিযজ্ঞাদির প্রাপ্তিতে অধ্যাত্মাদি হেয় বলিয়াই
পরিগণিত হয়।

'দেহভূতাং বর!' এই সম্বোধনে শীকৃষ্ণ অর্জুনকে সাক্ষাৎ নিজ নিতা

সথা বলিয়া সর্বাপেকা শ্রেষ্ঠই প্রতিপাদন করিতেছেন। অর্থাৎ অর্জুন অন্য দেহধারী জীবের ন্যায় নহেন, ইহাই বুঝাইতেছেন॥ ৪॥

#### অন্তকালে চ মামেব স্মরন্ মুক্ত্রা কলেবরম্। যঃ প্রয়াতি স মন্তাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ॥ ৫॥

ভাষায়—অন্তকালে চ ( অন্তকালেও ) মামেব ( আমাকেই ) স্মরন্ ( চিন্তা করিতে করিতে ) কলেবরম্ ( শরীরকে ) মৃক্ত্বা ( ত্যাগ করিয়া ) যঃ ( যিনি ) প্রয়াতি (প্রকৃষ্টরূপে যান ) সঃ ( তিনি ) মদ্ভাবং ( আমারই ভাব ) যাতি (প্রাপ্ত হন ) অত্র ( ইহাতে ) সংশয়ঃ ( সন্দেহ ) নাস্তি ( নাই ) ॥ ৫ ॥

তাগ করিয়া প্রস্থান করেন, তিনি আমার ভাবই প্রাপ্ত হন, ইহাতে কোনই সংশয় নাই ॥ ৫॥

প্রতিতাগি করেন, তিনি মন্তাবই লাভ করেন, অর্থাৎ তত্বজ্ঞান লাভপ্র্বক মরণ-কালেও থাহার ভগবৎস্থৃতি উদিত হয়, তিনি পরকালে ভগবন্তাবই প্রাপ্ত হন,—ইহাতে সংশয় নাই॥ ৫॥

ত্রীবলদেব—প্রয়াণকালে কথং জ্বেয়োহনীত্যস্তোত্তরমাহ,—অস্তেতি।
অত্র শ্বরণাত্মকেন জ্ঞানেন জ্বেয়ো ভবন্মদ্রাবোপলম্ভনঞ্চ তৎফলং প্রয়ন্থানীত্যুক্তম্। তত্র মদ্ভাবং মৎস্বভাবমিত্যর্থা। ষ্থাহ্মপহতপাপাত্মাদিগুণাষ্টকবিশিষ্টস্বভাবস্তাদৃশা স মৎস্বর্তা ভবতীতি॥ ৫॥

বঙ্গাসুবাদ—প্রয়াণকালে (মৃত্যু সময়ে) তোমাকে কিরপে জানিতে পারা যায় ?—এই কথার উত্তরে বলা হইতেছে—'অন্তেতি'। এথানে স্মরণাত্মক জ্ঞানের দ্বারা আমি জ্ঞেয় হইয়া আমার ভাবের অন্থভবরূপ ফল প্রদান করিয়া থাকি। ইহাই সেই কথার উত্তর। এথানে আমার ভাব শব্দের অর্থ আমার স্বভাব। যেমন আমি অপগত-পাপাদি অন্তত্ত্ব-বিশিষ্ট স্বভাবশালী হই, আমার স্মর্ভাও অর্থাৎ আমাকে স্মরণ করে বলিয়া তাদৃশ হয়॥ ৫॥

অনুভূষণ—বর্তমানে শ্রীভগবান্ অর্জুনের সপ্তম প্রশ্নের উত্তর দিতেছেন।
মানব মদীয় শ্বরণাত্মক জ্ঞানের দারাই আমার ভাব অর্থাৎ তত্ত পরিজ্ঞাত
হইয়া থাকে, এবং আমিও তাঁহাদিগকে মদীয় শ্বরণাত্মরপ ফল প্রদান করিয়া

वानकारग्याण

থাকি। এন্থলে 'মদ্ভাব' শব্দে আমার স্বভাবই লক্ষিত। আমি যেমন অপহতপাপাবাদি অপ্তঞ্জন-বিশিষ্ট— অন্তকালে আমার চিন্তাপরায়ণ ভক্তও আমার স্থায় তাদৃশ স্বভাব প্রাপ্ত হয় ও সর্বাদা আমার স্মরণকারী হয়।

শ্রুতিতে পাওয়া যায়,—

"আত্মাহপহতপাপা বিজরো বিমৃত্যুর্বিশোকঃ বিজিম্বংসোহপিপাসঃ সত্যকামঃ সত্যুসকল্পঃ সোহদেষ্ট্রয়ঃ।"

অর্থাৎ যিনি মায়ার অবিগাদি পাপর্তিসম্বন্ধ-শৃত্য, জরাধর্মরহিত, অথাং নিতা ন্তন, মৃত্যুশ্তা, শোকাতীত, প্রাকৃত কুধাতৃষ্ণারহিত, অপ্রাকৃত ও নির্দোষকামনাযুক্ত, যাঁহার সম্বল্পমাত্র সিদ্ধ হইয়া থাকে, সেই আত্মাকে অহুসন্ধান করা কর্ত্বা।

শ্রীমন্তাগবতে ভীমের উক্তিতে পাওয়া যায়,—

"ভক্ত্যাবেশ্য মনো যশ্মিন্ বাচা যন্নামকীর্ত্যন্। ত্যজন্ কলেবরং যোগী মৃচ্যতে কামকশ্বভিঃ॥" (১।১।২৩)

অর্থাৎ শ্রীক্নফে-ভক্তিসমাহিত-অন্তঃকরণ ভক্তগণ ভক্তিভরে মনোনিবেশ পূর্বক বাক্য দারা তাঁহার নামকীর্ত্তন করিতে করিতে দেহত্যাগের সঙ্গে সঙ্গে কর্ম বন্ধন হইতে মুক্ত হন।

এ সম্বন্ধে শ্রীমদ্ভাগবতে ব্রহ্মার বাক্যেও পাই,—"নামানি ষেহস্থবিগমে বিবশা গৃণস্তি।" (তানা১৫)

শ্রীউদ্ধবন্ত বলিয়াছেন,— (ভাঃ ১০।৪৬।৩২)

"যশ্মিন্ জনঃ প্রাণবিয়োগকালে ক্ষণং সমাবেশ্য মনোহবিশুদ্ধং। নিহ্বতা কর্মাশয়মাশু যাতি পরাং গতিং ব্রহ্মময়োহর্কবর্ণঃ"॥ ৫॥

যং যং বাপি শ্মরন্ ভাবং ত্যজত্যক্তে কলেবরন্। ভং ভমেবৈতি কৌন্তেয় সদা ভদ্ভাবভাবিতঃ॥ ৬॥

ভাষয়—কৌন্তেয়! যং যং অপি বা ভাবং (যে যে বিষয়) শারন্ (চিন্তা করিতে করিতে) অন্তে (অন্তিমকালে) [য:—ষিনি] কলেবরং তাজতি (শরীর ত্যাগ করেন) সদা (সর্বাদা) তদ্ভাবভাবিতঃ (তদহচিন্তনে তন্ময়ীভূত) [স:—তিনি] তং তং এব (সেই সেই ভাবক্রেই) এতি (প্রাপ্ত হন) ॥ ৬॥

অনুবাদ – হে কোন্তেম! যিনি যে যে বিষয় চিন্তা করিতে করিতে

অন্তিমকালে শরীর ত্যাগ করেন, তিনি দেই দেই ভাবই প্রাপ্ত হন, কারণ সর্বাদা দেই ভাবনা-দারা তাঁহার চিত্ত তন্ময়ীভূত হইয়া থাকে ॥ ৬ ॥

শ্রীভক্তিবিলোদ—অন্তে যিনি যে ভাব শারণ করত কলেবর পরিত্যাগ করেন, তিনি সেই ভাবভাবিত তত্ত্বকেই লাভ করেন॥ ৬॥

ত্রীবলদেব—ন চ মংশ্বর্তিব মস্তাবং যাতীতি নিয়মঃ, কিম্বন্তশ্বর্তাপাক্তাবং যাতীত্যাহ,—যং যমিতি। ভাবং পদার্থম্; তং তমেব ভাবদেহতাগোত্তব-स्यरेविक, — यथा जवरा प्रशास्त्र मृगः हिख्यन् मृगाश्वृः। अस्यम्बिक পূর্কেশৃতবিষয়েব ভবতীতাাহ,—সদেতি। তদ্বাবভাবিতস্তৎশৃতিবাসিত-চিত্তঃ ॥ ৬ ॥

বজামুবাদ—ভধু আমার শর্তাই (শরণকারীই) যে আমার ভাব প্রাপ্ত হইবে, এইরপ কোন নিয়ম নাই কিন্তু অন্ত শার্তাও-অন্ত শার্বণ করিলেও অগ্ররপেও (ভাবে) পরিণত হয়। ইহাই বলা হইতেছে—'যং যমিতি'। ভাব শব্দের স্মর্থ পদার্থ। সেই সেই ভাববিশিষ্ট দেহত্যাগের পরই লাভ করিয়া থাকে। যেমন—( জড় ) ভরত দেহাস্তে ( মরণকালে ) মৃগকে চিস্তা করিতে করিতে পরজন্মে মুগরপেই জন্মগ্রহণ করিয়াছিলেন। অন্তিমকালের স্মৃতিও পূর্বাস্থৃতি-ধারার অমুযায়ী হয়—'দদেতি'। সেই ভাবের দ্বারা ভাবিত ও তাহার শ্বতির সংস্থাবে সংস্কৃত-চিত্ত॥ ৬॥

অনুভূষণ — বর্ত্তমান শ্লোকে শ্রীভগবান্ বলিতেছেন যে, মরণকালে আমার শারণকারী যে ভধু আমার ভাব প্রাপ্ত হয়, তাহা নহে; যে ব্যক্তি যে বিষয়ের স্মরণ করিবে, তাহার সেই ভাবই লাভ হইবে। কারণ "মরণে যা মতিঃ সা গতিঃ"। দেইজন্ত মৃত্যুকালে যাহাতে আমাদের অন্ত বিষয়ের স্মরণ না হইয়া, শ্রীভগবানেরই শ্রবণ হয়, তজ্জন্ম যত্ন করা একাস্ত কর্তব্য। এ সম্বন্ধে শ্রীভগবান্ একটি উপায়ও বলিতেছেন যে, যিনি সর্বাদা যে ভাবে বিভাগিত থাকেন, ভাহার চিত্ত সেই ভাবনার দ্বারা তন্ময়ীভূত হইয়া থাকে। অন্তিমকালে পূর্বাভ্যন্ত শ্বতি-বিষয়ই শ্বরণ হয়। স্ক্তরাং যিনি দর্বদা 'তদ্ভাবভাবিত' অর্থাৎ নিখিল অবস্থায় ভগবং-মারণ আশ্রয় করিয়া, অতা বিষয়ে আদক্ত না रहेग्रारे कीवन धावन करवन, ठाँराव भक्करे ज्ञानात जनवरमावराव महावना থাকে।

ভীমভাগবতে পাওয়া যায়,—

"মৃতমন্থ নমৃতজন্মান্থশ্বতিবিতরবন্মৃগশরীরমবাপ" (৫।৮।২৭)

শ্রীল ভরত মহারাজ রাজ্যাদি পরিত্যাগ করিয়া ভগবস্তজন করিতে গিয়াও, দেহত্যাগকালে মৃগ চিন্তা করিয়া মৃগ দেহ লাভ করিয়াছিলেন। ইহা আমাদের লোকশিক্ষার নিমিত্তই, কারণ তাঁহার প্রারন্ধ কর্মবশতঃ এই দেহ লাভ ঘটে নাই, পরস্ত স্বভক্তি-উৎকণ্ঠা-বর্দ্ধন নিমিত্তই ভগবদ্-কর্ভ্ক প্রারন্ধ-তুল্যরূপে ব্যবস্থাপিত হইয়াছিল। মৃগ দেহ লাভ করিলেও, তিনি জাতিম্মরতা প্রাপ্ত হত্তরায় মৃগদঙ্গ না করিয়া ঋষির আশ্রমে ভগবৎকথা-শ্রবণ-ম্থেই জীবন যাপন করিয়াছিলেন। অবশ্র তাঁহার এই দৃষ্টান্ত হইতে কর্মকল-বাধ্য আমরা সতর্ক হইব সত্যা, কিন্তু তাঁহাকে তদ্ধপ মনে করিব না।

স্থীচিন্তার দ্বারা প্রঞ্নের স্থীত্ব প্রাপ্তির বিষয়ও শ্রীমন্তাগবতে পাওয়া যায়,—( ভাঃ ৪।২৮।২৭-২৮ )

ভধু ইহাই নহে, আমরা যেরপ কর্ম অভ্যাদ করিব, দেইরপই আমাদের অন্তিম শ্বতি বা জ্মান্তর ঘটিবে। এ সম্বন্ধ শ্রীমন্তাগবতে পাই,—যথা কর্মগুণং ভবঃ। (৪।২৯।২৯)

স্তরাং সর্বাদা আমাদের জীবনকে হরি-দেবাময় কার্য্যে রত রাখিয়া হরি-শ্বতি প্রবলা করিতে পারিলেই, অন্তঃকালে আমাদের কল্যাণ হইবে, ইহাতে কোন সন্দেহ নাই॥ ৬॥

## তস্মাৎ সর্কেষু কালেষু মামনুস্মর যুধ্য চ। ময্যপিতমনোবুদ্ধির্মামেবৈয়স্থসংশয়ঃ॥ ৭॥

ত্বাং (তদ্বেতু) সর্কোর্ কালের্ (সকল কালে) মাম্ অনুসর (আমাকে চিস্তা কর) যুধ্য চ (এবং যুদ্ধ কর) ময়ি (আমাতে) অপিত-মনোবৃদ্ধি: (মন ও বৃদ্ধি সমর্পিত করিলে) মাম্ এব (আমাকেই) অসংশয়: (নিঃসন্দেহে) এয়সি (পাইবে)॥ १॥

অসুবাদ—দেই হেতু সর্বদা আমাকে চিন্তা কর এবং যুদ্ধ কর, তাহা হইলে আমাতে মনবৃদ্ধি সমর্ণিত হইয়া আমাকেই নি:সংশয়রূপে পাইবে॥ १॥ শ্রীভক্তিবিনাদ—অতএব তুমি সর্বাকালেই আমার পরবন্ধভাবকে স্মরণপূর্বক তোমার স্বভাববিহিত যুদ্ধকার্য্য কর, তাহা হইলে আমাতে তোমার
সন্ধ্রাত্মক মন ও ব্যবসায়াত্মিকা বুদ্ধি অর্পিত হইবে এবং তুমি আমাকেই
লাভ করিবে ॥ ৭ ॥

শ্রীবলদেব—যশাৎ পূর্বাশ্বতিরেবান্তিমশ্বতিহেতৃস্তশাৎ বং সর্বেষ্ কালেষ্ প্রতিক্ষণং মামন্থ্যর যুধ্যস্ব চ লোকসংগ্রহায় যুদ্ধাদীনি স্বোচিতানি কর্মাণি কুরু। এবং ম্যার্পিত্যনোবুদ্ধিস্বং মামেবৈয়িসি, ন স্বয়দিত্যক্র সন্দেহস্তে মাভূৎ॥ ৭॥

বঙ্গানুবাদ—যেই হেতু পূর্ব শ্বৃতিই অন্তিমকালের শ্বৃতির হেতু সেই হেতু তুমি সর্বান্ধণে, সকল সময়ে আমাকেই অন্তশ্বরণ কর এবং যুদ্ধ কর অর্থাৎ লোকরক্ষার জন্ম যুদ্ধ প্রভৃতি স্বধর্মোচিত কর্মগুলি কর। এইভাবে যদি আমার প্রতি মন ও বুদ্ধি সমর্পণ করিতে পার তাহা হইলে তুমি আমাকেই লাভ করিবে, অন্থ কাহাকেও নহে। এখানে তোমার সন্দেহের লেশমাত্রও না হউক॥ ৭॥

অনুভূষণ—যথন দেখা যায় যে, পূর্ব পূর্বে শ্বৃতিই অন্তিম শ্বৃতি আনয়ন করে এবং অন্তিম শ্বৃতি-অন্তর্নপই দেহান্তর লাভ হয়, তথন সর্বাদা তদ্ভাব-ভাবিত অর্থাৎ ভগবচ্চিন্তাপরায়ণ হইতে পারিলেই অন্তিমকালে শ্রীভগবানের শ্বৃতি লাভের সম্ভাবনা। স্কৃতরাং শ্রীভগবান্ উপদেশ দিলেন, সর্বাদা আমার শ্বরণ কর আর লোকসংগ্রহের নিমিত্ত স্বধর্মোচিত যুদ্ধাদি কর্ম কর, এই প্রকারে আমাতে মন এবং বৃদ্ধি সমর্পণ করিতে পারিলে নিশ্চয়ই আমাকে পাইবে; ইহাতে সন্দেহ নাই॥ ৭॥

# অভ্যাসযোগযুক্তেন চেতসা নাম্মগামিনা। পরমং পুরুষং দিব্যং যাতি পার্থানুচন্তয়ন্॥ ৮॥

তাশ্বয়—পার্থ! অভ্যাসযোগযুক্তন (অভ্যাস-যোগযুক্ত) নান্তগামিনা (অনন্তগামী) চেতদা (চিত্তের দ্বারা) দিব্যং পরমং পুরুষং (দিব্য পরম পুরুষকে) অনুচিন্তয়ন্ (চিন্তা করিতে করিতে) [তমেব—তাঁহাকেই] যাতি (প্রাপ্ত হয়)॥৮॥

অনুবাদ—হে পার্থ! অভ্যাদরপ-যোগসহকারে বিষয়ান্তর হইতে

প্রত্যাহত চিত্তের দারা, একমাত্র দিবা পরম পুরুষকে চিন্তা করিতে করিতে তাঁহাকেই প্রাপ্ত হওয়া যায় ॥ ৮ ॥

প্রতিক্তিবিনোদ—অভ্যাসযোগযুক্ত অনন্তগামি-চিত্তের দ্বারা পরমপুরুষের চিন্তা করিতে করিতে পরমপুরুষকে লাভ করিবে; অর্থাৎ ক্ষরতহাদিতে
আর পুনরাবৃত্ত হইবে না ॥ ৮॥

শ্রীবলদেব—সার্ক্ষদিকী শ্বতিরেবান্তিমশৃতিকরীতোরং দ্রুরতি,—শ্রভা-দেতি। অভ্যাসঃ শ্বরণাবৃত্তিরেব যোগস্তদ্যুক্তেনাতএবানঅগামিনা, ততোহত্তরা-চলতা তদেকাগ্রেণ চেতসা দিবাং পুরুষং পরমং সঞ্জীকং নারায়ণং বাস্থদেবমন্ত্র-চিন্তর্যন্ত্রেব কীটভৃত্তভায়েন তত্ত্বলাঃ সন্যাতি লভতে॥ ৮॥

বঙ্গানুবাদ—সর্ব্বকালীন শ্বৃতিই অন্তিমকালের শ্বৃতির কারণ হইয়া থাকে এই কথাই থব দৃঢ়ভাবে বলা হইতেছে—'অভ্যাসেতি'। অভ্যাস অর্থাং শরণের আবৃত্তিই যোগ, এইরপ যোগযুক্ত হইয়া অতএব অনন্তগামী (অনন্ত চিন্তাশীল) হইয়া থাকিতে হইবে। তারপর অন্তর্ক অবিচলিত—অচঞ্চল সেই একাগ্রতা-সম্পন্ন চিত্তের দ্বারা দিব্য পরম পুরুষ অর্থাং লক্ষ্মীসহ নারায়ণ বাস্থানেব শ্রীকৃষ্ণকে নিরস্তর চিন্তা করিতে করিতে তাহাকে কটি ও ভ্রমর-ন্তামের মত (অর্থাৎ দামান্ত কটিবিশেষ যেমন ক্রমে ভ্রমর হয়) সারপা মৃক্তিসহ লাভ করিবে॥ ৮॥

অসুভূষণ—সর্বাদা যে বিষয়ের শারণ করা যায়, অন্তিম কালে তাহারই শারণ হয়, এই কথা দৃঢ়ভাবে বুঝাইতেছেন। অভ্যাসযোগের ঘারা ইহার সাধন করিতে হয়, অর্থাৎ অভ্যাস অর্থে শ্রীভগবদ্ শারণের পুনঃ পুনঃ আরুত্তিই যোগ, সেই যোগযুক্ত চিত্তের দ্বারা চিত্তকে বিষয়ান্তরে গমন বিষয়ে নিরোধ করিয়া, চিত্তকে একাগ্র ও অবিচলিত করিতে পারিলে, দিবা পরম পুরুষ, শ্রী অর্থাৎ লক্ষ্মীসহ নারায়ণকে চিন্তা করিতে করিতে, তাঁহাকেই পাওয়া যায়,

'অভ্যাদেনাত্মনো যোগী ধারয়েদচলং মনঃ' (১১।২০।১৮)

অর্থাৎ অভ্যাদের দ্বারা যোগী পুরুষ মনকে নিশ্চলভাবে ধারণ করিবেন।
এই প্রদঙ্গে তৎপরবর্ত্তী শ্লোকগুলিও আলোচ্য। "এষ বৈ পরমো যোগো
মনসঃ সংগ্রহঃ শ্বতঃ।" এই অভ্যাসযোগের উপদেশ শ্রীভগবান্ গীতার দ্বাদশ
অধ্যায়ে নবম শ্লোকেও দিবেন॥৮॥

কবিং পুরাণমন্থশাসিতারমণোরণীয়াং সমন্থশ্মরেদ্ ষঃ। সর্ববস্ত ধাতারমচিন্ত্যরূপমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ ॥ ৯॥

প্রয়াণকালে মনসাচলেন ভক্ত্যা যুক্তো যোগবলেন চৈব। ক্রবোর্দ্মধ্যে প্রাণমাবেশ্য সম্যক্ স তং পরং পুরুষমুধৈতি দিব্যম্॥ ১০॥

আয়য় কবিং (সর্বজ্ঞ) পুরাণম্ (অনাদি) অয়শাসিতারম্ (নিয়স্তা)
অণোঃ অণীয়াংসম্ (সুল্ম হইতেও স্প্রতর) সর্বস্ত ধাতারম্ (সকলের বিধাতা)
অচিন্তারপম্ (চিন্তাতীত রূপ) আদিতাবর্ণং (স্থোর স্থায় স্বপ্রকাশ)
তমসঃ পরস্তাৎ (মায়াতীত স্বরূপ) প্রমাণকালে (মৃত্যুসময়ে) অচলেন
মনসা (নিশ্চল মনের হারা) ভক্তাা যুক্তঃ (ভক্তিযোগ সহকারে) যোগবলেন
চ এব (যোগ প্রভাবেই) ক্রবোঃ মধ্যে (আজ্ঞাচক্রে) প্রাণম্ (প্রাণবায়ুকে) সমাক্ আবেশ্য (সমাক্ প্রকারে স্থাপন পূর্বক) য়ঃ (য়িনি)
অন্তশ্মরেৎ (চিন্তা করেন) সঃ (তিনি) তং দিবাং (সেই দিবা) পরং
পুরুষম্ (পরম পুরুষকে) উপৈতি (প্রাপ্ত হন)॥ ১-১০॥

তাসুবাদ—সর্বজ্ঞ, সনাতন, অথিল নিয়ন্তা, স্ক্র হইতেও স্ক্রতর, সকলের বিধাতা, অচিন্তারূপ; স্র্যোর স্থায় স্বপ্রকাশ ও প্রকৃতির অতীত পুরুষকে, ষিনি মরণকালে একাগ্র-চিত্তে, ভক্তি-সহকারে, যোগবলে, ভ্রন্থয়ের মধ্যে আজ্ঞাচক্রে, প্রাণবায়কে সমাক্ স্থাপন প্র্কিক চিন্তা করেন, তিনি সেই দিবা পরমপুরুষকে প্রাপ্ত হন ॥ ১-১০॥

**এতি জিবিনোদ**—পরম পুরুষের ধ্যান বলিতেছি, শ্রবণ কর। তিনি

আদিত্যবং স্বরপ-প্রকাশক-বর্ণবিশিষ্ট ও জড়া-প্রকৃতির অতীত-তত্ত্ব।
মরণকালে অচলমনা হইরা ভক্তিসহকারে পূর্ব্বযোগাভ্যাসবশতঃ যিনি ভ্রন্থরমধ্যে প্রাণকে স্থিত করেন, তিনি সেই দিব্য পুরুষকে প্রাপ্ত হন। মরণক্রেশছারা যাহাতে চিত্তবিক্ষেপ না হয়, তাহার (প্রতিষেধক) উপায়-স্বরূপ এই
যোগ উপদিষ্ট হইল । ১-১০॥

ত্রীবলদেব—যোগাদৃতে চেতদোহনগুগামিতা হুরুরেভি যোগমিশ্রাং ङिकार, -- कविभिजाि निष्ठिः । किरः नर्केष्ठम् ; शूरां गमाि म् ; অমুশাসিতারং রঘুনাথাদিরপেণ হিতোপদেষ্টারম্; অণোরণীয়াংসং তেন চাণুমপি জীবমন্তঃ প্রবিশতীতি সিদ্ধম্; আহ চৈবং শ্রতিঃ,—"অন্তঃপ্রবিষ্টঃ শান্তা জনানাম্" ইতি। অণীয়দোহপি তম্ম ব্যাপ্তিমাহ, — দৰ্বস্থেতি। কুৎসম্ম জগতো ধাতারং ধারকম্। নমু কথমেবং সংগচ্ছতে তত্রাহ,—অচিন্তারূপম-বিতকাস্বরূপং, "একমেব ব্রহ্ম পুরুষবিধত্বেন মধ্যমপরিমাণমণোরণীয়াংসম্" ইত্যক্তে:, "পরমাণ্পরিমাণং সর্বস্থ ধাতারম্" ইত্যক্তে:, "পরং মহাপরিমাণং" চেতি; নাত্র যুক্তেরবকাশ:। স্বপ্রকাশতামাহ,—আদিত্যেতি সুর্ঘাবৎ স্বপর-প্রকাশমিতার্থঃ। মায়াগন্ধাম্পর্শমাহ, তমস ইতি, তমসো মায়ায়াঃ পরস্তাৎ স্থিত:—মান্নিমণি মান্নাতীতমিতার্থ:। এতাদৃশং পুরুষং মোহকুক্ষণং শ্ববেং, স তং পরং পুরুষমূপৈতি ইতি পরেণাশ্বয়ঃ। যো জনো ভক্তা। পরমাত্ম-প্রেম্ণা যোগবলেন সমাধিজনিতসংস্বারনিচয়েন চ যুক্তঃ প্রয়াণকালে মরণ-সময়েহচলেনৈকাগ্রেণ মনসা তং পুরুষমনুস্মরেং। যোগপ্রকারমাহ,— ক্রবোরিতি। ক্রবোর্যধ্যে আজাচক্রে প্রাণমাবেশ্য সংস্থাপ্য সমাক্ সাবধানঃ সন্ স তং পুরুষমুপৈতি॥ ৯-১০॥

বদাসুবাদ—যোগভিন্ন চিত্তের অনন্যগামিত। অর্থাৎ এক বিষয়ে নিবিষ্ট করা অতিশয় তৃদ্ধর বিধায় এক্ষণে যোগমিশ্রা ভক্তির বিষয় বলা হইতেছে— 'কবিমিত্যাদিভিঃ পঞ্চভিঃ'। কবি—সর্ব্বজ্ঞ, পুরাণ—অনাদি, অনুশাসিতা—রঘুনাথাদিরূপে হিতোপদেষ্টা; অণু হইতেও আমাকে ক্ষুদ্র জানিবে। তাহার যারা স্ত্রীব অণুপরিমাণমাত্র হইলেও তাহার অন্তরে পরমেশ্বর প্রবেশ করিতে পারেন, ইহাই সিদ্ধ হইল। শুভিও এই রকম বলিয়াছেন—"অন্তরে প্রবিষ্ট হইয়া জনগণের শাস্তা অর্থাৎ শাস্মিতা—শাসনকর্তা" ইতি। অণু হইলেও তাহার ব্যাপ্তি অর্থাৎ ব্যাপ্তকৃত্ব হয় তাহাই বলা হইতেছে—'সর্ব্বস্তেতি'।

সমগ্র জগতের ধাতা অর্থাৎ ধারক। প্রশ্ন-কিরূপে এই রকম সম্ভব হয়? এই সম্পর্কে বলা হইতেছে—অচিন্তারূপ—অবিতর্কাস্বরূপ অর্থাৎ অবাঙ্মনস-গোচর, "একই ব্রহ্ম পুরুষবিধায় মধ্যমপরিমাণ ও অণু হইতেও অণীয়ান্ অর্থাৎ ক্ষুত্র" এই উক্তিহেতু; "পরমাণুপরিমাণ (ব্রহ্মই) সকলের ধারণ-কর্তা" এই উক্তি হইতে। "পর—মহাপরিমাণস্বরূপ ইহাও" এখানে যুক্তির কোন অবকাশ নাই। স্বপ্রকাশতার বিষয় বলা হইতেছে—'আদিত্যেতি', সুর্য্যের ন্যায় নিজের ও পরের প্রকাশক, ইহাই অর্থ। মায়াগন্ধের অস্পর্শের বিষয় বলা হইতেছে— 'তমদ ইতি', তমের অর্থাৎ মায়ার পরপারে স্থিত। মায়িক ও মায়ার অতীত —ইহাই অর্থ। এতাদৃশ পুরুষকে যিনি সকল সময়ে স্মরণ করেন তিনি সেই পরম পুরুষকে লাভ করিয়া থাকেন; ইহা পরের বাক্যের সহিত অন্বয় (সম্পর্ক)। যে ব্যক্তি পর্মাত্ম-প্রেমন্বরূপ ভক্তি ও যোগবলের দ্বারা এবং সমাধিজনিত শংস্কার সমূহের দারা যুক্ত হইয়া প্রয়াণকালে অর্থাৎ মৃত্যুসময়ে অচঞ্চল— একাগ্রতাসম্পন্ন মনের দ্বারা দেই পুরুষকে অনুস্মরণ করিবে। যোগের প্রকারের বিষয় বলা হইতেছে—'ক্রবোরিতি'। ক্রযুগলের মধ্যে অর্থাৎ আজাচত্রে প্রাণকে সংস্থাপন করিয়া সমাক্রপে সাবধানতা অবলম্বন করিয়াই তিনি সেই পরম পুরুষকে লাভ করিয়া থাকেন॥ ১-১০॥

অনুভূষণ—যোগাভাাস-বাতীত চিত্তের অন্য-বিষয়ে ধাবিত হওয়ার স্থভাবকে জয় করা হৃদ্ধর। সেই জন্য এক্ষণে পাঁচটি শ্লোকে যোগমিশ্রা ভক্তির উপদেশ দিতেছেন। চিত্ত হইতে ভগবান্ ছাড়া অন্য বিষয়-চিস্তা দ্রীভূত করিতে না পারিলে, ভগবদ্-শ্বরণের সাততা লাভ ঘটে না, তজ্জন্য সর্বাত্তে পরম পুরুষের ধ্যানের শিক্ষা দিতেছেন।

ভক্তিহীন যোগ যেমন বৃথা; তেমনি ধ্যেয়-মৃত্তির স্বরূপ শ্রীনারায়ণ হওয়া আবশ্যক, তাহা না হইলে, ধ্যানও বৃথা।

ধ্যেয়-মৃত্তির স্বরূপ বর্ণন পূর্বক যোগের প্রকারও শিক্ষা দিতেছেন। এ-সম্বন্ধে শ্রীমন্তাগবতে শ্রীশুকদেবের বাক্যেও পাওয়া যায়,—

"স্থিরং স্থঞাসনমাস্থিতো যতির্ঘদা জিহাস্থরিমমঙ্গ লোকম্।

·····নিভিন্ত, মূর্দ্ধন্ বিস্তজেৎ পরং গতঃ"॥ ( ২।২।১৫-২১ )॥ ৯-১০ ॥

যদক্ষরং বেদবিদো বদন্তি বিশন্তি যদ্যতয়ো বীতরাগাঃ। যদিচ্ছন্তো ত্রন্দার্চর্য্যং চরন্তি ভত্তে পদং সংগ্রহেণ প্রবক্ষ্যে ॥১১॥ <u>बाबखगपग्गाचा</u>

তাষ্ম্য—বেদবিদঃ (বেদজ্ঞগণ) যৎ (যাঁহাকে) অক্ষরং (অবিনাশী) বদস্তি (বলেন) বীতরাগাঃ (বাসনাশৃত্য) যতয়ঃ (সন্নাদিগণ) যৎ (যাঁহাতে) বিশন্তি (প্রবেশ করেন), যৎ (যাঁহাকে) ইচ্ছন্তঃ (অভিলাষ করিয়া) ব্রন্ধচর্যা) চরন্তি (আচরণ করেন) তৎ পদং (সেই প্রাপাবস্তু) তে (তোমাকে) সংগ্রহণ (সংক্ষেপে) প্রবক্ষো (বলিতেছি) ॥ ১১॥

অনুবাদ—বেদজ্ঞ পণ্ডিতগণ ঘাঁহাকে অক্ষর বলিয়া বলেন, বীতরাগ সন্মাদিগণ ঘাঁহাতে প্রবিষ্ট হন, ঘাঁহাকে পাইতে ইচ্ছা করিয়া ব্রহ্মচারিগণ ব্রহ্মচর্যা অনুষ্ঠান করেন, সেই প্রাপ্য-বস্তব কথা সংক্ষেপে ভোমাকে বলিতেছি॥ ১১॥

ত্রীভক্তিবিনোদ—বেদবিং পণ্ডিতেরা যাঁহাকে 'অক্ষর' বলিয়া উক্তি করেন, বীতরাগ যতি-সকল যাঁহাতে প্রবিষ্ট হন, যাঁহাকে লাভ করিবার ইচ্ছায় ব্রহ্মচারিসকল ব্রহ্মচর্যা পালন করেন, তোমাকে সেই প্রাপাবস্থ উপায়সহকারে বলিতেছি॥ ১১॥

ত্রীবলদেব—নত্র ক্রবোর্মধ্যে প্রাণমাবেক্যৈতারতা যোগো নাবগমাতে, তন্মান্তস্থ প্রকারং তত্র জ্পাং প্রাপাং ক্রহীতাপেক্ষায়ামাহ,—যদক্ষরমিতি ত্রিভিঃ । একমেব ব্রহ্ম—দ্বিরূপং, বাচকং বাচাঞ্চেতি স্থিতম্। তত্র বেদবিদো যদ্বক্ষ অক্ষরমোমিতি বাচকং বদন্তি, বীতরাগা বিনষ্টাবিদ্যা যতয়ো যদ্বক্ষ তদ্বাচাভূতং বিজ্ঞানৈকরদং বিশন্তি প্রাপ্রুবন্তি। তত্ত্যরূপং ব্রহ্ম জ্ঞাতুমিচ্ছন্তো নৈষ্ঠিক। গুরুকুলবাসাদিলক্ষণং ব্রহ্মচর্যাং চরন্তি। তৎপদং প্রাপাং সংগ্রহেণোপায়েন সহ প্রবক্ষো প্রকর্মেণামি,—ষ্থানায়াদেন সং তদ্বিদ্যাং প্রাপ্রাঃ। ধ্যাক্ গৃহতে তত্ত্মনেন ইতি নিক্তেঃ, সংগ্রহ উপায়ঃ॥ ১১॥

বঙ্গান্ধবাদ—প্রশ্ন—জ্রুগলের মধ্যে প্রাণকে সমাক্রপে স্থাপন করিয়া—
ইহার দ্বারা অর্থাৎ ইহাকে তো যোগ বলিয়া বুঝা যাইতেছে না। অতএব
তাহার প্রকার, সেই সম্পর্কে জপের বিষয় এবং তাহার দ্বারা প্রাপা-বিষয়ের
কথাওবল, এই প্রসঙ্গে বলা হইতেছে—'যদক্ষরমিতি ত্রিভিঃ'। একই ব্রহ্ম—বাচা
ও বাচক ভেদে তুই প্রকারে অবস্থান করিয়া থাকেন। সেখানে বেদবিদ্গণ
যেই ব্রহ্মকে অক্ষর ও ওঁকার স্বরূপ বাচক বলিয়া অভিহিত করিয়া থাকেন।
বীতরাগী—অবিভা-বহিত যতিগণ যেই ব্রহ্মকে জানেন তাহাকে বাচাস্বরূপ
বিজ্ঞানৈকরমপূর্ণ বলিয়াই প্রাপ্ত হন। এই উভয় প্রকার ব্রহ্মকে জানিবার

ना जुला ने वाला

জন্ম ইচ্ছুক নৈষ্ঠিকগণ গুরুকুলে বাসাদিরপ ব্রদ্মচর্য্য অবলম্বন করিয়া থাকে। সেই প্রাপ্য ব্রদ্মপদকে সংক্ষেপ উপায়ের দ্বারা কিভাবে পাওয়া যায়, তাহা বিশেষভাবে বলিব। যাহাতে অনায়াসেই তুমি সেই ব্রদ্মকে লাভ কর। 'সমাক্রপে গ্রহণ করা যায় (ব্রদ্মতত্ত্ব) ইহার দ্বারা' এই নিক্ষক্তি হইতে; সংগ্রহ শব্দের অর্থ উপায়॥ ১১॥

অনুভূষণ—পূর্বাঞ্চাকে জর মধ্যে প্রাণকে আবিষ্ট করিয়া, এইমাত্র উজির দারা যোগ অবগত হওয়া যায় না, সেকারণ সেই যোগের প্রকার কি? জপ্য কি? ধ্যেয় কি? প্রাপাই বা কি? এ বিষয়ে জানিতে ইচ্ছুক হইলে, শ্রীভগবান্ অর্জ্জনকে তিনটি শ্লোকে তাহা বলিতেছেন। এক ব্রহ্ম বাচ্য ও বাচক ভেদে ঘুইরপে অবস্থিত। তন্মধ্যে ওঁকার অক্ষর ব্রহ্ম—বাচক এবং বিজ্ঞানৈকরস ব্রহ্ম—বাচা। এই উভয়রপ জানিবার জন্মই ব্রহ্মচারিগণ গুরুকুলে বাসাদি করিয়া থাকেন।

এই শ্লোকের অন্তর্মপ শ্লোক কঠ উপনিষ্দেও পাওয়া যায়,—

"সর্বে বেদা যৎ পদমামনন্তি তপাংসি সর্বানি চ যদ্বদন্তি। যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যঞ্চরন্তি

তত্তে পদং সংগ্রহেন ব্রবীমি, ওমিত্যেতং ॥ (১।২।১৫)

অর্থাৎ যম নচিকেতা দারা জিজ্ঞাসিত হইয়া ব্রহ্মস্বরূপ বলিবার উপক্রমে সেই ব্রহ্মের মহিমা বর্ণন পূর্বক বলিতেছেন,—হে নচিকেত। দমগ্র বেদ যাঁহার স্বরূপ মৃথ্যরূপে কীর্ডন করিয়াছেন ও যাঁহার প্রীতির উদ্দেশ্যে তপস্থা ও অগ্নিষ্টোমাদি যজ্ঞ-কর্ম অন্নর্গিত হইরা থাকে, এবং যাঁহাকে পাইবার জন্ম ব্রন্ধচারিগণ বেদাধ্যয়ন ও উর্দ্ধরেতঃ হইবার ব্রত আচরণ করিয়া থাকেন, আমি সেই ব্রহ্মস্বরূপ সংক্ষেপে বর্ণন করিছেছি, ও কারকেই ব্রহ্মস্বরূপ বলিয়া জানিও।

বৃহদারণাক শ্রুতিতেও পাওয়া যায়,—

এতন্ত বা অক্ষরন্ত প্রশাসনে গার্গি স্থ্যাশ্চন্দ্রমসৌ বিধৃতে তিষ্ঠতঃ ইত্যাদি (৩৮।৯) অর্থাৎ হে গার্গি ! এই অক্ষরেরই শাসন প্রভাবে স্থ্য ও চন্দ্র ধৃতরূপে অবস্থিত রহিয়াছেন, ইত্যাদি । এই সকল শ্রুতিবাক্য আলোচনা করিলে জানা যায় যে, দেই অক্ষর অর্থাৎ ওঁকারই বেদার্থক্ত বাক্তিগণ কর্তৃক ব্রহ্মরপে পরিকীন্তিত হইয়াছে। কেবল যে বেদবিৎ পণ্ডিতগণই অক্ষরের মহিমা কীর্ত্তন করিয়াছেন, তাহা নহে, বিষয়-বিরাগী যতিগণও সমাগ্দর্শন ও স্বরূপ-জ্ঞানসহকারে, তাহাতেই প্রবেশ করিয়া থাকেন। জ্ঞানের দ্বারা যাঁহাদের অবিলাকধার মই হইয়াছে, তাদৃশ মহাপুরুষেরা বিজ্ঞানকরসম্বরূপ ব্রহ্মর থাকেন। নির্দাপরায়ণ ব্রহ্মারিগণ যাবজ্জীবন গুরুকুলে বাসাদিরূপ কঠোর তপস্থার মন্ত্র্দান করিয়া থাকেন। অতঃপর প্রক্তিগবান্ বলিলেন যে আমি তোমাকে সেই অক্ষরাথা-পদের বিষয় প্রকৃষ্টরূপে সংক্ষেপে বলিব॥ ১১॥

সর্বদারাণি সংযম্য মলো ছদি নিরুধ্য চ।

মূর্দ্ধ ্যাধায়াত্মনঃ প্রাণমান্দিতো যোগধারণাম্ ॥ ১২ ॥

ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুষ্মরন্।

যঃ প্রয়াতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্ ॥ ১৩ ॥

ভাষয়—সর্বদারানি (সকল ইন্দ্রিয়দার) সংযায় (প্রত্যাহার করিয়া) মনঃ
(মনকে) হাদি (হাদ্রে) নিরুধা চ (এবং নিরোধ করিয়া) মৃদ্ধি (জাদ্বরের মধ্যে) প্রাণম্ (প্রাণকে) আধায় (স্থাপন করিয়া) আত্মনঃ (আত্মবিষয়ক) যোগধারণাম্ (যোগ হৈথা) আস্থিতঃ (আশ্রয় পূর্বক) ওঁ ইতি (ওঁ এই) একাক্ষরং ব্রহ্ম (একাক্ষর ব্রহ্ম) ব্যাহ্বন্ (উচ্চারণ করিতে করিতে) মাং (আমাকে) অনুস্মরন্ (চিন্তা করিতে করিতে) দেহং তাজন্ (দেহতাাগ পূর্বক) যঃ (মিনি) প্রয়াতি (প্রয়াণ লাভ করেন) সঃ (তিনি) পরমাং গতিম্ (শ্রেষ্ঠা গতি) যাতি (প্রাপ্ত হন)॥ ১২-১৩॥

তাকুবাদ — সকল ইন্দ্রিয়দার সংযমপ্র্বক মনকে হদয়ে নিরোধ করিয়া, জাদমের মধ্যে প্রাণ বায়ুকে স্থাপন করত, আত্মবিষয়ক সমাধিরপ যোগস্থৈয়ি-সংকারে ও একাক্ষর এই ব্রহ্মবাচক শব্দ উচ্চারণ করিতে করিতে এবং আমাকে ধাান করিতে করিতে দেহত্যাগ পূর্বক, যিনি প্রমাণ লাভ করেন, তিনি পরমা গতি প্রাপ্ত হন ॥ ১২-১৩॥

ত্রীভজিবিলোদ—যোগধারণা-ক্রমে বিষয়ে অনাদজি-ছারা দমস্ত ইক্রিয়-ছার সংযম করিয়া, হৃদয়ে বিষয়বিরাগ-ছারা মনকে নিরোধপ্র্বাক এবং প্রাণকে মৃদ্ধি অর্থাৎ জ্বন্ধন মধ্যে সন্নিবেশ করত 'ওঁ' এই বেদমূল অক্ষরটিকে উচ্চারণ করিতে করিতে যিনি দেহত্যাগ করেন; তিনি মৎসালোক্যাদিরপা পরম-গতি লাভ করেন॥ ১২-১৩॥

শ্রীবলদেব—যোগপ্রকারমাহ,—সর্বেতি। সর্বাণি বহিন্তানিদারাণি শোরাদীনি সংযম্য শব্দাদিভাো বিষয়েভাঃ প্রত্যাহতা দোষদর্শনাভাদেন তিন্নিবৈস্তন্তান্ গৃহন্ শ্রোরাদিসংযমেহপি মনঃ প্রচরেদিতাত আহ,—হিদি স্থিতে ময়ি অন্তর্জাননারং মনো নিরুধা নিবেশ্য মনসাপি তান্ স্মরন্। অথ ক্রিয়ানারং প্রাণঞ্চ মূর্যাধায়াদে হৎপদ্মে বশীকৃত্য তন্মাদ্র্রগতয়া স্বয়য়া শুরুপদিষ্টবত্মনা ভূমিজয়ক্রমেণ ক্রবোর্মধ্যে তত্পরি ব্রহ্মরজে চ সংস্থাপ্য আত্মনো মম যোগধারণামাপাদশিথং মন্তাবনমাস্থিতঃ কুর্বন্। ওমিতি বাচকং ব্রহ্ম, তত্র ব্যাহরন্ অন্তর্কচারয়ন্; তৎ স্তৌতি,—একাক্ষরমিতি। একং প্রধানঞ্চ তদক্ষরমবিনাশি চেতি তথা তন্ধাচাং মাং পরমাত্মানমন্ত্র্মরন্ ধ্যায়ন্ যো দেহং তাজন্ প্রয়াতি, স পরমাং গতিং মৎসলোকতাং যাতি॥ ১২-১৩॥

বঙ্গাসুবাদ—যোগের প্রকার বলা হইতেছে—'সর্বেতি', সকল বাহজান-দ্বারম্বরূপ শ্রোতাদিকে সংযত (বশীভূত) করিয়া অর্থাৎ ইন্দ্রিয়গুলিকে শবাদি বিষয় হইতে প্রত্যাহত (প্রত্যাহার) করিয়া (উহাদের) দোষদর্শনের অভ্যাদের দারা তদিম্থীভূত দেই ইন্দ্রিয়দারা তাহাদিগকে গ্রহণ করিতে করিতে শ্রোত্রাদি সংযমেও মনকে প্রসার করিবে, এই হেতু বলা হইতেছে— আমি হদয়ে অবস্থান করিলে অর্থাৎ আমাকে ভক্তির দারা ভক্তগণ যদি হাদয়ের মধ্যে আবদ্ধ করিতে পারেন তথন অন্তর্জানের দারস্বরূপ মনকে নিরুদ্ধ করিয়া সেই মনের দ্বারাই সেই বিষয়গুলিকে স্মরণ করিতে করিতে। তারপর ক্রিয়ার দ্বার প্রাণকেও মস্তকে রাখিয়া প্রথমে হংপদ্মে বশীভূত করিয়া তাহা হইতে উর্দ্ধগত স্বয়ুমা নাড়ীর দারা গুরুপদিষ্ট-পথে ভূমিজয়ক্রমে ভ্রম্পলের মধ্যে এবং ততুপরি ব্রহ্মরন্ত্রেও সংস্থাপন করিয়া প্রমাত্মা-স্বরূপ আমার যোগধারণাকে পা হইতে শিখা পর্যান্ত আমার ভাবনায় স্থিত হইয়া অবস্থান করতঃ। ওঁইহা বাচক বন্ধ। দেখানে ব্যাহরন্—অন্তরে উচ্চারণ করিতে করিতে, তাহাই স্বতিমুখে বলা হইতেছে- 'একাক্ষরমিতি'। এক অর্থাৎ প্রধান এবং তাহা অক্ষর অর্থাৎ অবিনাশি ইহাকে সেই তদ্বাচ্য আমাকে অর্থাৎ পরমাত্মাকে অমুশ্বরণ—ধ্যান করিতে করিতে যিনি দেহত্যাগ

করিয়া থাকেন, তিনি সেই পরমা গতি অর্থাৎ আমার নিজলোকাদিতে গমন করেন॥ ১২-১৩॥

অনুভূষণ—শ্রীভগবান্ পূর্বাশ্লোকে 'ব্রন্ধ-পদ' বিবৃত করিবার জন্য যে প্রতিজ্ঞা করিয়াছেন, তাহার নির্দ্দেশ এবং তাহা লাভের উপায় স্বরূপে তুইটি শ্লোক বলিতেছেন। বাহ্যজ্ঞানের দ্বারভূত যাবতীয় শ্লোতাদি-ইন্দ্রিয় সমূহকে শবাদি-বিষয় হইতে প্রত্যাহার পূর্বক, বিষয়গুলি অশেষ অনর্থের মূল ইত্যাকার দোষ-দর্শনের অভ্যাস ফলে, ইন্দ্রিয়-সমূহের বিষয়বিম্থতা मन्भाषिত रहेल, खाञाषि हेलिय भक्षापि-विषय् श्रेश् विव्र रहेरव किन्न শোতাদি সংযত হইলেও মন বিষয়-ব্যাপারে বিচরণ করিবেই; এই জন্ম বলিতেছেন যে, আমাকে হৃদয়ের মধ্যে অবস্থিত জানিতে পারিলে, অন্তর্জান-দাবস্বরূপ মনকে নিরোধ পূর্বক অর্থাৎ আমাতে নিবিষ্ট করিয়া মনের দারাও সেই সকল স্মরণ করিতে করিতে অস্তরও বিষয়-চিন্তা বিমুখ হইবে। এইরূপে বাহ্ ও অন্তরের দারসমূহ নিরোধ পূর্ব্বক ক্রিয়াদারস্বরূপ প্রাণকে শ্রীগুরুর উপদেশ-পথে ভূমিজয় প্রণালীক্রমে জ্বষের মধ্যে এবং তত্পরিভাগে বন্ধরস্ক্রে স্থাপন পূর্ব্বক আমার যোগধারণাকে আপাদ-মস্তক আমার ভাবনায় অবস্থিত করিতে করিতে ওঙ্কার এই একাক্ষর ব্রন্ধের বাচক প্রম মন্ত্র অন্তরে উচ্চারণ বা জপ করিতে করিতে, দেই একাক্ষর বাচ্যভূত অর্থাৎ প্রতিপাগ্য পরমাত্মাকে অফুক্ষণ স্মরণ বা ধ্যানকরত যিনি দেহ ত্যাগ করেন, তিনি পরমা গতি অর্থাৎ সালোক্য-গতি লাভ করিয়া থাকেন।

ওঁকার—"অভ্যদেমনসা শুদ্ধং ত্রিবৃদ্ ব্রহ্মাক্ষরং পরম্" (ভাঃ—২।১।১৭) অর্থাৎ অকার, উকার, মকার এই তিন অক্ষর গ্রথিত শুদ্ধ ব্রহ্মাক্ষর প্রণব মনে মনে অভ্যাস বা আর্ত্তি করিবেন।

শ্রীমহাপ্রভুর বাক্যেও পাই,—

"প্রণব' যে মহাবাক্য ঈশ্বরের মূর্ত্তি। প্রণব হইতে সর্ববেদ, জগতে উৎপত্তি॥" ( চৈঃ চঃ মধ্য ৬।১৭৪ ) "প্রণব দে মহাবাক্য বেদের নিদান। ঈশ্বর স্বরূপ প্রণব—সর্ববিশ্বধাম॥" (চৈঃ চঃ আদি ৭।১২৮ )

खँ वा अनवहे व्यक्ति निर्मान-यक्तभ महावाका, अिं विषिक मखद वाषि

व्यानकगर्यम् गावा

ও অন্তে প্রণব নিহিত। 'প্রণব'—ঈশ্বর স্বরূপ, "অকারেণোচ্যতে কৃষ্ণঃ
সর্বলোকৈক নায়কঃ। উকারেণোচ্যতে রাধা মকারো জীববাচকঃ॥"

( ভক্তি সন্দর্ভে ) শ্রুতো—"ব্রহ্মণো নেদিষ্টং নাম যম্মাত্চার্যামাণ এব সংসারভয়াতারয়তি তমাত্চাতে তার ইতি।"

( ভগবৎ সন্দর্ভে )—"অবতারাস্তরবং প্রমেশ্বরশ্রৈব বর্ণরপেণাবতা-বোহয়মিতি তম্মাৎ নামনামিনোরভেদ এব।"

(মাণ্ড্রা)—"ওঁকার এবেদং সর্বাং ওমিতোতদক্ষরমিদং সর্বাম্।" 'সর্বাণাপিনমোন্ধারং মন্বা ধীরো ন শোচতি'। "ওঁকারো বিদিতো যেন স ম্নির্নেতরো জনঃ॥ ১২-১৩॥

অনশ্যচেতাঃ সততং যো মাং শ্মরতি নিত্যশঃ। তম্মাহং স্থলভঃ পার্থ নিত্যযুক্তম্ম যোগিনঃ॥ ১৪॥

অন্তর্ম—পার্থ! অনগ্রচেতাঃ (অগ্ন ভাবনাশৃষ্ঠ) যঃ (যিনি) মাং (আমাকে) সততং (নিরস্তর) নিতাশঃ (প্রতিদিন) শ্বরতি (শ্বরণ করেন) তশু নিতাযুক্তশু (সেই নিতাযুক্ত) যোগিনঃ (যোগীর পক্ষে) অহং (আমি) স্থলভঃ (স্থলভা) ॥ ১৪॥

অনুবাদ—হে পার্থ! অনগ্রচিত্ত হইয়া যিনি আমাকে সতত প্রতিদিন ধ্যান করেন সেই ভক্তিযোগবান যোগীর পক্ষে আমি স্থলভ ॥ ১৪ ॥

শ্রীভক্তিবিনাদ—আর্ত, জিজ্ঞাস্থ, অর্থার্থী ও জ্ঞানীর সম্বন্ধে বিচারারম্ভ হইতে জরামরণ-মোক্ষ-পর্যান্ত তোমার নিকট কর্ম-জ্ঞান-মিশ্রা অর্থাৎ কর্ম-জ্ঞান-প্রধানীভূতা ভক্তির স্বরূপব্যাখ্যা করিয়াছি এবং 'কবিং পুরাণং' ইত্যাদি শ্লোক হইতে এ পর্যান্ত যোগমিশ্রা অর্থাৎ যোগপ্রধানীভূতা ভক্তির স্বরূপ ব্যাখ্যা করিয়াছি। মধ্যো-মধ্যে কেবলা-ভক্তি অন্থভব করাইবার জন্ম কিছু বিছু ইন্ধিত প্রদান করিয়াছি। এক্ষণে কেবলা-ভক্তির স্বরূপ বলি, শ্রবণ করে। থাহারা অনন্যচিত্ত, হইয়া কেবল আমাকেই স্মরণ করেন, সেই নিত্যযুক্ত ভক্ত-যোগীদিগের সম্বন্ধে আমি স্থলত; অর্থাৎ প্রধানীভূতা ভক্তিতে আমি ফুলভ,—ইহা জানিবে॥ ১৪॥

ত্রীবলদেব—এবং মোক্ষমাত্রকাজ্ঞিলাং যোগমিশ্রাং ভক্তিমুপদিশ্র স্বজ্ঞানিনাং স্বমেবাকাজ্ঞতামেকভক্তিরিত্যক্তাং শুদ্ধাং ভক্তিং উপদিশতি,— অনক্তেতি। যো জনোহনগুচেতাঃ ন মক্তোহন্তশ্মিন্ কর্মযোগাদিকে সাধনে ষর্গমোক্ষাদিকে সাধ্যে বা চেতো যক্ত স মদেকাভিলাষবান্ সততং সর্বাদা দেশকালাদিবিশুদ্ধিনরপেক্ষেণ নিতাশঃ প্রত্যহং মাং যশোদাস্তনন্ধরং নৃদিংহ-রঘুনাথাদিরপেণ বহুধাবিভূ তং সর্বেশ্বরমতিমাত্রপ্রিয়ং শ্বরত্যর্চনজপাদিষক্ষদ্ধতে, তক্তাহং তৎপ্রীতিজ্ঞঃ স্থলতঃ স্থেন লভাঃ কর্মাকৃষ্ঠানযোগাভ্যাসাদিকঃখনন্দর্পরিভাবাৎ। তক্তেতি—"দম্মনামান্তে ষষ্ঠী", "ন লোকাব্যয়" ইত্যাদিনা কর্ত্তবি তক্তাঃ প্রতিষেধাৎ। তাদৃশস্ত তক্ত বিয়োগমসহিষ্ণুরহমেন তমাত্মানং দর্শয়ামি তৎসাধনপরিপাকং তৎপ্রতিকুলনিরাদঞ্চ কূর্বন্। শ্রুতিশ্বৈমাহ;—"মমেবৈষ বৃগুতে তেন লভ্যস্তক্তিম আত্মা বিবৃগুতে তন্ং স্বান্" ইতি; স্বয়ঞ্চ বক্ষাতি,—"দদামি বৃদ্ধিযোগং তং যেন মান্প্যান্তি তে" ইত্যাদিনা। কীদৃশস্তেত্যাহ,—নিত্যেতি সর্বাদা মদ্যোগং বাস্থতঃ,—"আশংসায়াং ভূতবচ্চ" ইতি সূত্রাদাশংদিতে যোগে ভবিশ্বতাপি ক্রপ্রতায়ঃ; যোগিনো মন্দ্যক্ষবতঃ॥ ১৪॥

বজাসুবাদ—এই প্রকারে মোক্ষমাত্র আকাজ্ঞাশীলবাক্তিগণের যোগমিলা जिक् विषय উপদেশ निया निज्ञानम्भन वाकिनिश्व अथीः आमारक है আকাজ্ঞাশীলজনগণের একা-ভক্তিরূপ কথা যাহা বলিয়াছেন, সেই ওদা-ভক্তির বিষয় উপদেশ দিভেছেন—'অনগ্রেতি'। যে ব্যক্তি অন্যাচেতা অর্থাৎ আমি ভিন্ন অন্ত কোনরূপ কর্ম ও যোগাদি সাধনে অথবা স্বর্গ মোক্ষাদি माधाविषय हिन्त माहात नाहे, महे आभात প্রতি একাভিলাবশালী ব্যক্তি সর্বদা দেশকালাদির বিশুদ্ধিতার অপেক্ষা না করিয়া, নিতা নিতা-প্রতাহই यत्नामाञ्चलभाषी व्यामारक ( श्रीकृक्षरक ) नृमिः इ-द्रयूनांशामिक्ररल वर्षे श्रवाद আবিভূতি দর্কেশ্বর, নিরস্তর অত্যধিক প্রিয়রূপে শ্বরণ করেন অর্থাং আমার অর্চন ও জপাদিতে অনুসন্ধান করেন, আমি তাহার প্রীতিবিষয় জানি ও স্থলত অর্থাৎ তাহার নিকটে আমি অতিশয় স্থাই লভা হই অর্থাৎ তিনি আমাকে অনায়াদে পরম হথেই পাইয়া থাকেন। কারণ—( কাম্য ) কর্মাহ্নষ্ঠান ও যোগাভ্যাদাদিরপ-ছঃথ সম্পর্কের অভাবহেতু। 'তম্মেতি'—''এথানে তদ্ শব্দের সমন্ধ দামাত্যে ষণ্টা।'' যেহেতু "লোকাব্যয়" ইতাদির দারা কর্তাতে তাহার প্রতিষেধ আছে। এতাদৃশ ভক্তের সহিত বিচ্ছেদ সহ্ করিতে অক্ষম আমিই তাহাকে আমাকে দর্শন করাইয়া থাকি এবং তাহার সাধনের পরিপাক অর্থাৎ দৃঢ়তা আনমন করি এবং তাহার

প্রতিকৃল বিষয়গুলিকেও নিরাশ করিয়া থাকি। শ্রুভিও এই প্রকার বলিয়াছেন—"যাহাকেই ইনি বরণ করেন তাহার দ্বারাই ইনি লভ্য হন, তাহারই নিকট এই আত্মা স্বীয় তন্ত ব্যক্ত করেন।" ইহা নিজেও বলিবেন "দান করিয়া থাকি সেই বুদ্ধিযোগ, যাহার দ্বারা তাহারা আমাকে প্রাপ্ত হন" ইত্যাদির দ্বারা। কিরূপ ব্যক্তির? তাহাই বলা হইতেছে—'নিত্যেতি'। সর্বাদা আমার সহিত যোগ অর্থাৎ মিলনের বাঞ্ছাশীল ব্যক্তির—''আশংসায়াং, ভূতবচ্চ" এই স্ব্রান্থদারে আশংসিতে যোগে ভবিশ্বৎকালেও ক্ত প্রত্যয়। আমার দাশু ও স্থ্যাদি সম্বদ্ধযুক্ত যোগীর॥ ১৪॥

অনুভূষণ—মোক্ষমাত্রকামী ব্যক্তিগণের জন্ম যোগমিশ্রা ভক্তির উপদেশ প্রদানান্তর তাঁহাকেই একমাত্র আকাজ্জাকারী স্বজ্ঞানীদিগের একভক্তির কথা যাহা পূর্বেক কথিত হইয়াছে, সেই শুদ্ধা ভক্তির উপদেশ বর্তমান শ্লোকে বলিতেছেন। পূর্বের আর্ত্তাদি ভক্তগণের কর্মমিশ্রা ভক্তির কথা বলিয়া 'কবিং পুরাণম' ইত্যাদি শ্লোকে যোগমিশ্রা ভক্তির কথাও বর্ণন করিয়াছেন। এক্ষণে শ্রীভগবান সর্বশ্রেষ্ঠা নিগুণা, কেবলা, অনক্যা বা শুদ্ধা ভক্তির বিষয় বর্ণন করিতে গিয়া প্রথমেই শুদ্ধা ভক্তির স্বরূপ বলিতেছেন। যিনি মন্তির, স্বৰ্গমোক্ষাদি প্ৰাপক কৰ্মযোগাদি কোন সাধনেই চিত্তবিশিষ্ট না হইয়া, আমাকেই একমাত্র অভিলাষ করেন, তিনিই মদেকনিষ্ঠ পুরুষ, দেশকালাদির বিশুদ্ধির অপেক্ষা না করিয়া সর্বাদা-প্রতিনিয়ত যশোদাস্তন্তপায়ী আমাকে নুসিংহ-রঘুনাথাদিরপে বহু প্রকারে আবিভূতি, সর্কেশ্বর ও অতিশয় প্রিয়জ্ঞানে স্মরণ করেন অর্থাৎ অর্জন জপাদিতে প্রণালীক্রমে অমুসন্ধান করিয়া থাকেন, আমি তাঁহার মৎবিষয়ে প্রীতি জানিয়া তাহার নিকট স্থলভ অর্থাৎ স্থথেই লভ্য হইয়া থাকি। কর্মান্মষ্ঠান বা যোগাভ্যাসাদিরপ কোন ক্লেশ স্বীকার তাঁহাকে করিতে হয় না। কর্মমিশ্রা বা যোগমিশ্রা-রূপ প্রধানীভূতা ভক্তিতে কিন্তু তিনি হুল্ল'ভই, ইহাও ব্যাতিরেকভাবে জানাইলেন।

শীরুষ্ণ আরও বলিলেন যে তিনি তাদৃশ অন্য বা শুদ্ধভক্তের ক্ষণকাল বিয়োগ অর্থাৎ বিরহ সহ্ করিতে না পারিয়া, স্বয়ংই তাঁহার সাধনের পরিপক্কতা বিধান পূর্বক সাধনের প্রতিক্লতা দূরীভূত করিয়া, তাঁহাকে দর্শন দিয়া থাকেন।

এ-বিষয়ে মঞ্চক ও কঠ শ্রুতিতে পাওয়া যায়.—

"নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বহুনা শ্রুতেন। যমেবৈষ বৃণুতে তেন লভ্য-স্তব্যৈষ আত্মা বিবৃণুতে তহুং স্বাম্॥" (কঠ ২।২৩, মুগুক ৩।২।৩)

অর্থাৎ এই আত্মা ব্যাখ্যান দ্বারা দৃষ্ট হন না ও স্বকীয় প্রজ্ঞাবলে লভ্য নহেন, বহু বহু শ্রবণ-দ্বারাও উপলব্ধ হন না, কিন্তু তিনি নিজগুণে, যাঁহার প্রতি প্রসন্ন হন, তিনিই তাঁহাকে লাভ করিতে পারেন। আত্মা তাঁহার নিকটেই স্বকীয় তন্তু প্রকাশ করিয়া থাকেন।

স্থতরাং শুদ্ধভক্তের প্রীতির বশীভূত হইয়াই তাঁহাকে স্বয়ং দর্শন দিয়া থাকেন।

গীতায় পরেও শ্রীকৃষ্ণ বলিবেন, 'দদামি বুদ্ধিযোগং' (১০।১০) অর্থাৎ আমি সতত্যুক্ত প্রীতিপূর্বক ভজনকারীদিগকে সেই প্রকার বুদ্ধিযোগ প্রদান করিয়া থাকি, যাহাতে তাঁহারা আমাকে প্রাপ্ত হন।

যাঁহারা সর্বাদা আমার সহিত দাশুসখ্যাদি সম্বন্ধ-যুক্ত হইবার বাঞ্চা করেন, তাঁহাদিগকেই আমি আমাকে পাওয়াই এবং অন্তরঙ্গ নিত্য সেবাধিকার প্রদান করিয়া থাকি।

এই অনন্য ভক্তি সম্বন্ধে শ্রীমদ্ভাগবতেও পাই,—

'ভক্ত্যাহমেকয়া গ্রাহঃ' (১১।১৪।২১) অর্থাৎ অনন্য ভক্তির দ্বারাই আমি লভ্য।

"কেবলেন হি ভাবেন···মামীয়ুরঞ্জনা" (১১।১২।৮) অর্থাৎ কেবল ভাবের দারাই আমাকে শীঘ্র প্রাপ্ত হইয়াছিল।

শ্রীপ্রহলাদের বাক্যেও পাই,—

প্রীয়তেহমলয়া ভক্ত্যা হরিরন্যদ্বিড়ম্বন্ম্ (ভাঃ—ঀাঀা৫২)

"ন সাধয়তি মাং যোগো…যথা ভক্তির্মমোজ্জিতা" (ভাঃ—১১।১৪।২০) অর্থাৎ প্রবলা ভক্তি আমাকে যেরূপভাবে বশ করিতে পারে, যোগাদি সেরূপ নহে।

"যং ন যোগেন... যত্নবানপি", (ভাঃ ১১।১২।৯) অর্থাৎ যোগাদির দ্বারা যত্নবান্ হইলেও আমাকে পায় না। গীঃ ৮।২২ শ্লোকও দ্রপ্তবা।

শ্রীচৈততাচবিতামৃতেও পাওয়া ষায়,—

"ত্রছে শাস্ত্র কহে—কর্ম-জান-যোগ-তাজি'।
'ভক্তো' কৃষ্ণ বশ হয়, ভক্তো তাঁরে ভজি'॥" ( মধা ২০।১৩৬ )
"জান-কর্ম-যোগ-ধর্মে নহে কৃষ্ণ বশ।
কৃষ্ণবশ-হেতু এক—কৃষ্ণ-প্রেমর্বেশ ॥" ( চৈঃ চঃ আঃ ১৭ পঃ ) ॥ ১৪॥
মামুপেত্য পুনর্জন্ম ত্রংখালয়মশাশত্র্য।
নাপ্র বন্তি মহাদ্মানঃ সংসিদ্ধিং পর্মাং গতাঃ॥ ১৫॥

অবয়—মহাত্মানঃ (মহাত্মাগণ) মামুপেতা (আমাকে পাইয়া) পুনঃ (পুনরায়) তৃংথালয়ম্ (কেশাশ্রয়) অশাশ্রতম্ জন্ম (অনিতা-জন্ম) ন আপুরন্তি (প্রাপ্ত হন না) [তে—তাঁহারা] পরমাম্ সিদিং (শ্রেদা সিদিং) গতাঃ (প্রাপ্ত হইয়াছেন) ॥ ১৫॥

অনুবাদ—মহাত্মাগণ আমাকে প্রাপ্ত হইয়া পুনরায় তৃঃথের আশ্রম্মরূপ অনিতা-জন্ম লাভ করেন না, কারণ তাঁহারা পর্ম শিদ্ধি প্রাপ্ত হইয়াছেন ॥১৫॥

প্রীভক্তিবিনোদ—মহাত্মা ভক্তযোগিদকল আমাকে লাভ করত অনিতা ও তৃংখালয়রূপ পুনর্জন্ম প্রাপ্ত হন না; যেহেতু তাঁহারা পরম সংসিদ্ধি লাভ করেন। অনক্তচিত্ততাই কেবলা-ভক্তির লক্ষণ। যোগ-জ্ঞানাদির ভরদা পরিত্যাগপ্র্বক আমাকে ধিনি অনক্তরূপে আশ্রয় করেন, তিনি কেবলা-ভক্তির অনুষ্ঠান করেন॥ ১৫॥

শ্রীবলদেব—তাং লব্ধবতঃ কিং ফলং স্থাদিতাপেক্ষায়ামাহ—মামিতি।
মাম্কলক্ষণমূপেতা প্রাপা পুনঃ প্রপঞ্চে জন্ম নাপ্রবন্ধি নাবর্ত্ত ইতার্থঃ।
কীদৃশং জন্মেতাাহ,—হঃথালয়ং গর্ভবাসাদিবছক্রেশপূর্ণম্; অশাশ্বতমনিতাং
দৃষ্টনষ্টপ্রায়ম্,—"শাশ্বতম্ব প্রবো নিতাঃ" ইতামবঃ। যতম্বে পরমাং সর্বোৎক্রষ্টাং
সংসিদ্ধিং গতিং মামেব গতা লব্ধবন্ধঃ; —'অব্যক্তোহক্ষর ইত্যুক্তমাছঃ পরমাং
গতিম্' ইতি বক্ষাতি। কীদৃশান্তে মহান্মানোহত্যুদারমনসং বিজ্ঞানানন্দনিধিং
ভক্তপ্রসাদাভিম্থং ভক্তায়ন্ত্রসর্বাধ্বং মাং বিনাক্তং সাষ্ট্রগাদিকমগণয়ন্তো
মদেকজীবাতবা ভবস্তাতন্তে মামেব সংসিদ্ধিং গতাঃ। অন্তানক্তেসোহস্ত
বৈক্ষিনঃ শ্বনিষ্ঠেভাঃ ক্ষতক্তেভাঃ শ্রৈষ্ঠ্যমূচ্যতে॥ ১৫॥

বজামুবাদ-সেই 'একা' ভক্তি লাভকারী ব্যক্তির কিরূপ ফললাভ

হইবে। এই প্রয়োজনে বলা হইতেছে—'মামিতি'। পূর্ব্বোক্ত লক্ষণযুক্ত আমাকে লাভ করিয়া পুনরায় প্রপঞ্চে জন্মলাভ করে না অর্থাৎ সংসারে আসিতে হয় না; ইহাই অর্থ। কিরপ জন্ম—তাহাই বলা হইতেছে—ছঃখালয় অর্থাৎ গর্ভবাসাদি বহু ক্লেগপূর্ণ। অশাশ্বত—অনিত্য—দৃষ্টনষ্টপ্রায়—"শাশ্বত (শব্দ) গুব, নিত্য"—ইহা অমরকোষ। যেই হেতু তাঁহারা পরম অর্থাৎ সর্ব্বোৎকৃষ্ট সংসিদ্ধি ও গতিশ্বরূপ আমাকেই (শ্রীকৃষ্ণকেই) লাভ করিয়াছেন। "যাহাকে অব্যক্ত অক্ষর ইহা বলা হইয়াছে, তাহাকেই পরমা-গতি বলা হয়"—ইহা পরে বলিবেন। কিরপ সেই সকল মহাত্মাগণ ? অতিশয় উদারমনা হইয়া বিজ্ঞান ও আনন্দের আকরভূত এবং ভক্তের প্রতি প্রসন্নতাভিম্থী, ভক্তাধীনসর্ব্বশ্বআমাকে ছাড়িয়া, আমি ভিন্ন অহা সাষ্ট্রগাদিম্ক্তিকে গ্রাহ্থ না করিয়া, কেবল মদেক জীবন হইয়া থাকেন। অভএব তাঁহারা আমাকেই লাভ করেন অর্থাৎ সম্যক্রপে সিদ্ধিলাভ করেন। এখানে অনহাচিত্তসম্পন্ন এই নিজবিষয়ে ঐকান্তিক প্রেমযুক্ত ভক্তের স্বনিষ্ঠ ভক্তগণ হইতে শ্রেষ্ঠন্ব বলা হইল॥ ১৫॥

অনুভূষণ—শ্রীভগবানকে প্রাপ্ত হইলে নেই ভগবদ-প্রাপ্ত ব্যক্তির কি হয়? এইরূপ প্রশ্নের অপেক্ষায় শ্রীভগবান্ বলিতেছেন যে, পূর্ব্বোক্ত লক্ষণযুক্ত আমাকে প্রাপ্ত হইয়া তাঁহাদের আর গর্ভবাসাদি বহু ছঃখপূর্ণ এই অনিত্য সংসারে জন্ম লাভ করিতে হয় না। যেহেতু তাঁহারা সর্ব্বোৎকৃষ্টা সংসিদ্ধিরূপা গতিস্বরূপ আমাকেই লাভ করিয়া থাকেন।

শীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্ম্মে পাই,—

"ভগবদ্-প্রাপ্ত ব্যক্তিগণ অনিত্য জন্ম প্রাপ্ত হন না কিন্তু স্থপূর্ণ নিত্যভূত আমার জন্মের তুল্য জন্ম পান। যে সময়ে বস্থদেব গৃহে আমার স্থপূর্ণ, নিত্যভূত অপ্রাকৃত জন্ম হয়, আমার নিত্যসঙ্গী আমার ভক্তগণেরও সেই সময়েই জন্ম হইয়া থাকে, অন্য সময়ে হ্য না।"

ভগবদ্-প্রাপ্ত ভক্তগণের মহিমা বর্ণন-প্রদক্ষে বলিতেছেন যে, তাঁহারা মহাত্মা অর্থাৎ অতিশয় উদারমনা, বিজ্ঞান ও আনন্দের আকর, ভক্তের প্রতি অমুগ্রহ-বিতরণে উন্মুখ, ভক্তের দ্বারা আয়ত্ত-সর্বস্থ আমাকে ব্যতীত অন্ত সাষ্ট্র্যাদি মৃক্তিকে গ্রাহ্ম করেন না, আমাকেই একমাত্র জীবাতু করিয়া থাকেন। অতএব সংদিদ্ধিরপা আমাকেই প্রাপ্ত হন। এন্থলে শ্রীল চক্রবর্তিপাদ

1911/1101

বলেন,—"অনন্তচেতা কিন্তু পরমা-সংসিদ্ধি অর্থাৎ আমার লীলা-পরিকরতা প্রাপ্ত হন।"

অন্যচিত্ত ঐকান্তিক ভক্তগণ স্বনিষ্ঠ অস্তান্য ভক্তগণ হইতে সর্বশ্রেষ্ঠ বলিয়া প্রতিপাদিত হয়।

বৈষ্ণবের জন্মবন্ধন বা কর্ম্মবন্ধন থাকে না; এবিষয়ে পাওয়া যায়,—
''ন কর্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিহুতে।
বিষ্ণুরন্থচরত্বং হি মোক্ষমাহর্মনীষিণঃ॥"

( হঃ ভঃ বিঃ ১০।১১৩ ধৃত পাদ্মোত্তর বাক্য )

অর্থাৎ বৈষ্ণবগণের জন্ম ও কর্মবন্ধন নাই, তাঁহারা বিষ্ণুর অন্তচর বলিয়া পণ্ডিতগণ তাঁহাদিগকে মুক্তিভাজন বলেন।

শীতৈতগুভাগবতেও পাওয়া যায়,—

"অতএব বৈষ্ণবের জন্ম-মৃত্যু নাই। সঙ্গে আইসেন, সঙ্গে যায়েন তথাই॥ ধর্মা, কর্মা, জন্ম বৈষ্ণবের কভু নহে। পদ্ম-পুরাণেতে ইহা ব্যক্তি করি' কহে॥"

( टेठः छाः यः १।४।३१७-३१४ )॥ ३६॥

# আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোহর্জুন। মামুপেত্য তু কোন্তেয় পুনর্জন্ম ন বিছতে॥ ১৬॥

আরম—অর্জুন! আব্রন্ধভুবনাৎ লোকাঃ (ব্রন্ধলোক হইতে যাবতীয় লোক) পুনরাবর্ত্তিনঃ (পুনরাবর্ত্তনশীল) তু (কিন্তু) কোস্তেয়! মাম্ উপেত্য (আমাকে পাইয়া) পুনঃ জন্ম ন বিভতে (পুনরাবর্ত্তন হয় না) ॥ ১৬॥

তামুবাদ—হে অর্জন! ব্রন্ধলোক হইতে যাবতীয় লোক বা লোকবাদীর পুনরাবর্ত্তন অর্থাৎ পুনর্জন হয়, কিন্তু হে কোন্তেয়! আমাকে প্রাপ্ত হইলে আর পুনর্জন হয় না॥ ১৬॥

শ্রীভক্তিবিনোদ—ব্রন্দলোক অর্থাৎ সত্যালোক হইতে ( আরম্ভ করিয়া )
সমস্ত লোকই অনিতা; সেই-সেই-লোক-গত জীবের পুনর্জনা সম্ভব।
কিন্তু কেবলা-ভক্তির বিষয়রূপ আমাকে যিনি আশ্রয় করেন, তাঁহার আর
পুনর্জনা হয় না। কর্মযোগী, অষ্টাঙ্গযোগী ও সনিষ্ঠ ভক্তগণ সম্বন্ধে যে

পুনর্জন্ম না হওয়ার কথা উক্ত হইয়াছে, তাহার তাৎপর্য্য এই যে, ভক্তিই এ-সকল প্রক্রিয়ার চরম ফল বা সংসিদ্ধি। তাঁহারা ক্রমশঃ কেবলা-ভক্তি লাভ করত পুনর্জন্ম হইতে উদ্ধৃত হন॥ ১৬॥

শীবলদেব—মিদ্যুখাস্ত কর্মবিশেষৈঃ স্বর্গাদিলোকান্ প্রাপ্তা অপি তেভাঃ পতন্তীত্যাহ,—আব্রহ্মতি। অভিবিধাবাকারঃ, ব্রহ্ম ভুবনং ব্যাপ্যেত্যর্থঃ। ব্রহ্মলোকেন সহ সর্বে স্বর্গাদয়ো লোকাস্তত্ত্বর্তিনো জীবাস্তত্তংকর্মক্ষয়ে দতি পুনরাবর্তিনো ভূমৌ পুনর্জন্ম লভন্তে। মানুপেতোতি পুনঃ কথনং দূঢ়ীকরণার্থম্। অব্রেদং বোধ্যং,—পঞ্চাগ্নিবিভয়া মহাহবমরণাদিনা যে ব্রহ্মলোকং গতাস্তেষাং ভোগাস্তে পাতঃ স্থাৎ; যে তু সনিষ্ঠাঃ পরেশভল্তাঃ স্বর্গাদিলোকান্ ক্রমেণাম্ভবস্তত্ত্বে গতাস্তেষাং তু ন তত্মাৎ পাতঃ, কিন্তু তল্লোকবিনাশে তৎপতিনা সহ পরেশলোকপ্রাপ্তিরেব;—"ব্রহ্মণা সহ তে সর্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্থাস্তে ক্রতাত্মানঃ প্রবিশন্তি পরং পদম্॥" ইতি শ্বরণাদিতি॥ ১৬॥

বজানুবাদ—কিন্তু সামার প্রতি বিম্থ অর্থাৎ ভগবান্ শ্রীক্ষের প্রতি বিদ্থীভূত ব্যক্তিরা বিশেষ বিশেষ কর্মসমূহের দারা স্বর্গাদিলোক প্রাপ্ত হইলেও (পুণাক্ষয় হইলে) স্বর্গাদি হইতে পতিত হইয়া পুনঃ সংসারে জন্মগ্রহণ করে; -ইহাই বলা হইতেছে - 'আব্রন্ধেতি'। অভিবিধি অর্থে আকার ( अस )। जम-जूरनरक राािश्या। जमलारकत महिल स्र्गाि ममन् লোকসমূহ এবং তদন্তর্বতী জীবগণ (কর্মক্ষয়ে) পুণ্যক্ষয়ের পর পুনঃ আবর্ত্তিত হয় অর্থাৎ পৃথিবীতে পুনরায় জন্মগ্রহণ করিয়া থাকে। আমাকে লাভ করিয়া পুনরায়—ইহাতে পুনরায় বলার বিশেষ অর্থ, (পুনঃ জন্ম যে হয় না) তাহাকে দৃঢ়ভাবে বলিবার জন্ম। এখানে ইহা বিবেচ্য। পঞ্চাগ্নি-বিন্তার দারা ও মহান্ আহবে—বুদ্ধে মরণাদির দ্বারা যাঁহারা ব্রহ্মলোকে গমন করিয়া থাকেন, সেই ত্রন্ধলোকের ভোগের অবদান হইলে তাঁহাদের পুনরায় পতন হয় অাৎ সংসারে জন্মগ্রহণ করিতে হয়। যাঁহারা কিন্তু সনিষ্ঠ পরেশ-ভক্ত স্বর্গাদি লোকসমূহ ক্রমে ক্রমে ভোগ করত দেখানে আছেন, ভাঁহারা কিন্তু ভাহা হইতে পতিত হন না। কিন্তু সেই লোকের (পুণ্যাজিতধামের) বিনাশ হইলে (ভোগ শেষ হইয়া গেলে) সেই লোকের অধিপতি সহ পরেশলোক অর্থাৎ পরম শ্রেষ্ঠ লোকই প্রাপ্ত হয়। কথিত আছে—ব্রহ্মার দহিত তাঁহারা

সকলে প্রলয়কাল উপস্থিত হুইলে, তাহার পরে ক্লতারা অর্থাং ব্রহ্মভাব-প্রাপ্ত ভক্তগণ পর্মাত্মার পরম পদে প্রবেশ করেন ॥ ১৬॥

অসুভূষণ—কৃষ্ণ-বিম্থ জীবগণ কিন্তু কর্মা বিশেষের দারা স্বর্গাদি লোক প্রাপ্ত হইলেও তাহা হইতে পুণাক্ষয়ে পতিত হয়। যেমন গীতায় পাওয়া যাইবে,—"ক্ষীণে পুণো মর্তনোকং বিশন্তি" (৯।২১)। শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—"তাবং দ মোদতে স্বর্গে যাবং পুণাং দমাপাতে।" (১১।১০।৬) স্কৃতরাং ব্রহ্মলোক পর্যান্ত যাবতীয় স্বর্গাদি-ভোগলোক পুনরাবর্তনশীল, যেমন শ্রীমন্তাগবতে পাওয়া যায়,—"তদা লোকা লয়ং যান্তি" (৩।৩২।৪)। শুরু মে লোকসমূহ অনিতা বলিয়া লয় প্রাপ্ত হয়, তাহা নহে পরস্ত পুণাক্ষলে যাহারা সেই লোক সমূহ লাভ করে, তাহারাও পুণাক্ষয়ে পুনরাবর্তন করে অর্থাং পৃথিবীতে পুনরায় জন্মগ্রহণ করে। কিন্তু যাঁহারা শ্রহ্মাভক্তি আশ্রয় করতঃ শ্রীকৃষ্ণ-ভঙ্গন করেন, তাহাদের আর পুনর্জন্ম লাভ করিতে হয় না; যেহেতু তাঁহারা শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়া তাঁহার লীলা-পরিকরত্ব লাভ করিয়া থাকেন।

পঞ্চাগ্নি-বিদ্যা-দাধনরত ব্যক্তিগণও ব্রহ্মলোক প্রাপ্ত হইয়া তথাকার ভোগান্তে অধঃপতিত হয়। কিন্তু দনিষ্ঠ ভগবদ্-ভক্তগণ স্বর্গাদি লোক ক্রমশঃ অমুভব করিলেও, তথা হইতে তাঁহাদের পতন হয় না। দেই লোক বিনাশ হইলে, দেই লোকপালের সহিত পরেশ-লোক অর্থাৎ ভগবদ্-ধাম প্রাপ্তিই হয়।

এ বিষয়ে একটি শাস্ত্র প্রমাণ পাওয়া যায়,—যাহা শ্রীধর স্বামিপাদও উদ্ধার করিয়াছেন,—

"ব্রহ্মণাসহ এবিশন্তি পরংপদমিত শ্বরাণাদিতি" অর্থাং তাঁহারা সকলে প্রতি স্টিকাল উপস্থিত হইলে, উৎপত্তিলাভ করিয়া থাকে এবং ব্রহ্মার পরমায়্র অবসান ঘটিলে ব্রহ্মভাব প্রাপ্ত হইয়া শ্রেষ্ঠ স্থানে প্রবেশ করেন। পরের অন্তে অর্থাং ব্রহ্মার পরমায় শেষ হইলে, যাঁহারা কৃতাত্মা অর্থাং যাঁহাদের মন ব্রহ্মভাব প্রাপ্ত হইয়াছে, তাঁহারাই। কর্ম দ্বারা যাহারা ব্রহ্মলোক প্রাপ্ত হয়, তাহাদের কিন্তু মোক্ষ লাভ হয় না, ইহাই বুঝিতে হইবে।

শ্রীমন্তাগবতে পাওয়া যায়,—

"ন কহিচিন্নৎপরাঃ শান্তরূপে ন নক্ষান্তি নো মে অনিমিষো লেঢ়ি হেতিঃ",

वानकार्यं गाना वर्ष

(৩।২৫।৩৮) অর্থাৎ মদীয় বৈকুপ্তে মৎপরায়ণ ভক্তগণের কথনও ভোগ্যবস্থ নষ্ট হইবার আশকা নাই, কারণ আমার অনিমেষ কালচক্রও তাহাদিগকে গ্রাস করিতে সমর্থ হয় না।

গীতায়ও পরে পাওয়া যাইবে,—

"যং প্রাপ্য ন নিবর্তন্তে তদ্ধাম পরমং মম" (৮।২১) অর্থাৎ যাঁহাকে লাভ করিলে আর নিবৃত্ত হইতে হয় না, সেই আমার পরম ধাম।

সত্যলোক অবধি সমস্ত লোক পরিবর্তনশীল বলিয়া ভদ্ধামবাসী পুনরাবর্তন লাভ করে॥ ১৬॥

# সহস্রযুগপর্য্যন্তমহর্যদ্ ব্রহ্মণো বিষ্ণঃ। রাত্রিং যুগসহস্রান্তাং তেইহোরাত্রবিদো জনাঃ॥ ১৭॥

ভাষয়—সহস্র্পপর্যান্তম্ (সহস্র যুগান্তব্যাপী) ব্রহ্মণঃ (ব্রহ্মার) যং অহ (যে দিন) যুগসহস্রান্তাং (সহস্র চতুর্গ পর্যান্ত) রাত্রিং (একরাত্রি) বিহঃ (যাহারা জানেন) তে জনাঃ (সেই সকল ব্যক্তি) অহোরাত্রবিদঃ (দিবারাত্রির তত্ত্ববিৎ)॥ ১৭॥

অসুবাদ—সহস্রচত্যু গব্যাপী ব্রন্ধার একদিন, সহস্রচত্যু গব্যাপী এক রাত্রি, ইহা যাহারা জানেন, তাঁহারা অহোরাত্র তত্তবেতা॥ ১৭॥

শ্রীভক্তিবিনোদ—মহয়মানের চতু:সহস্র যুগ—ব্রহ্মার একদিন, এবং চতু:সহস্র যুগ—তাঁহার এক রাত্রি। ঐ প্রকার একশত-বংসর-পর্যান্ত জীবিত থাকিয়া ব্রহ্মার পতন হয়। যে ব্রহ্মা ভগবৎপরায়ণ হন, তাঁহার মৃক্তি হয়। ব্রহ্মারই যথন এইরূপ গতি, তথন তল্লোকগত সন্মানীদিগের অভয়ত্ব কোথায় ? ॥ ১৭ ॥

শীবলদেব—স্থাদিয়া সভ্যান্তা: সর্বে লোকা: কালপরিচ্ছির্মাদ্ বিনশ্ভন্তীতি ভাবেনাহ,—সহস্রেতি। যদ্ যে ব্রহ্মণশত্ত্ম্থ্যশাহর্দিনং নূমাণেন সহস্রব্র্পর্যান্তং বিহু:,—"চত্ত্র্গসহস্রন্ত ব্রহ্মণো দিনম্চাতে" ইতি স্বতে:। সহস্রং
চত্ত্র্গানি পর্যান্তোহবদানং যক্ত তৎ, তক্ত রাত্রিঞ্চ চত্ত্র্গসহস্রান্তাং বিহন্তএব
যোগিনো জনা অহোরাত্রবিদো ভবন্তি; ন মত্যে চন্ত্রাকগতিবিদো মহর্লোকাদিস্থিতানাম্পলক্ষণমেতং। অয়মর্থ:,—নৃণাং বর্ষং দেবানামহোরাত্রং তাদুশৈরহোবাত্রেঃ পক্ষমাদাদিগণনয়া স্বাদশভিবর্ষসহস্ত্র্গং চত্ত্র্গানাং সহস্ত্র

ব্রন্ধণো দিনং রাত্রিশ্চ তাবত্যের তাদৃশৈশ্চাহোরাত্রৈঃ পক্ষাদিগণনয়া বর্ষশতং তদ্য পরমায়্রিতি; তদস্তে তল্লোকস্থ তদ্বতিনাঞ্চ বিনাশাদাবৃত্তিঃ সিদ্ধেতি ॥ ১৭॥

বঙ্গান্ধবাদ—স্বর্গাদিধাম হইতে সত্যলোক পর্যান্ত সমস্ত লোকই (পুণাধামই) কালের দ্বারা পরিচ্ছিন্ন বলিয়া বিনাশপ্রাপ্ত হইবেই, এই ভাবেই বলা হইতেছে—'সহস্রেতি', "যাহাকে যাহারা চতুদ্ব্ধ ব্রহ্মার দিন অর্থাৎ মহয়মাণের দ্বারা সহস্রয়গ পর্যান্ত জানেন"—"সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই চারি যুগ সহস্রবার হইলে তবে ব্রহ্মার একদিন বলা হয়।"—এই স্থৃতি হইতে; সহস্র চারি যুগ পর্যান্ত অবসান যাহার তাহা, ব্রহ্মার রাত্রিও চতুর্ব্গ সহস্রান্ত বলিয়া জানেন, এই জাতীয় যোগিজনই (ব্রহ্মার) দিন-রাত্রি সম্পর্কে জ্ঞানবান্ হইয়া থাকেন, অন্ত কেহ তাহা জানিতে পারে না। চন্দ্র ও স্বর্যোর গতি-জ্ঞানসম্পন্ন মহলোকাদিতে অবস্থিত লোকদিগের কথাও এইরূপে জ্ঞাতব্য। ইহার এই অর্থ—মহন্তাদের এক বর্ষ দেবতাদিগের পক্ষে দিন ও রাত্রিমাত্র, তাদৃশ দিবা-রাত্রির দ্বারা ও পক্ষমাসাদি গণনার দ্বারা দ্বাদশ্বর্ধ-সহস্রের দ্বারা চতুর্ব্গ, এই চতুর্ব্গ সহস্রবার পূর্ণ হইলে ব্রহ্মার এক দিন এবং তদ্রূপ তাহার রাত্রি হইয়া থাকে, এইরূপে ও এই প্রকার গণনার দ্বারা ও তাদৃশ অহোরাত্রি দ্বারা ও পক্ষাদিগণনার দ্বারা শতবর্ষ ব্রহ্মার পরমায়। তাহার অন্তে সেই লোকের ও তদ্বিলোকের বিনাশ হয় বলিয়া আবৃত্তি সিদ্ধ হইল॥ ১৭॥

তারু স্বণ — স্বর্গাদি হইতে আরম্ভ করিয়া মহঃ, জন, তপঃ ও সত্য লোক পর্যন্ত সকলই কালের দারা পরিচ্ছিন্ন বলিয়া বিনাশ প্রাপ্ত হয়। এন্থলে কেহ যদি বলেন যে, শ্রীমদ্রাগবতে পাওয়া যায়, "অমৃতং ক্ষেমমভয়ং ত্রিম্দ্রের্বাহধায়ি মৃদ্ধস্থ" (২০৯০ ) এবং অন্যত্তও পাওয়া যায়, "তপস্থিনো দানশীলা বীতরাগা-স্তিতিক্ষবঃ। তৈলোক্যস্থোপরিস্থানং লভন্তে শোক-বর্জিতম্ ॥" অর্থাৎ তপস্থানিরত, দানশীল, বীতরাগ এবং তিতিক্ষাসম্পন্ন ব্যক্তিগণ ত্রিলোকের উপরিস্থিত শোকবিরহিত স্থান লাভ করেন। ইত্যাদি বাক্যের দারা অনেকের ধারণা ত্রিলোকের উদ্বিষ্থিত শোকবিরহিত স্থান লাভ করেন। ইত্যাদি বাক্যের দারা অনেকের ধারণা ত্রিলোকের উদ্ধি মহলে কাদির শ্রেষ্ঠত্ব ও অভয়ত্ব আছে। তত্ত্বের দেখ যায়,—পূর্ব্ব শ্লোকে শ্রীভগবান্ বলিয়াছেন যে, সত্যলোক পর্যন্ত সকলই বিনাশ-শীল, তাহা হইলে সত্যলোকপতি ব্রন্ধারও যথন বিনাশ আছে, তথন তল্লোকবাদীদিগের বিনাশের কথা আর কি বলা যাইবে?

বর্তুমান শ্লোকে শ্রীভগবান্ স্পষ্ট করিয়া ব্রহ্মার লোকের স্থিতিকাল

জানাইতেছেন। মানব পরিমিত দহস্র চতুর্গে ব্রহ্মার একদিন এবং তদ্রপ তাঁহার এক রাত্রি। এই প্রকার শতবংদর পরমায়ু শেষে ব্রহ্মার পতন ঘটে। যে ব্যক্তি ব্রহ্মার এই দিবারাত্রির বিষয় অবগত আছেন, তিনিই প্রকৃত অহোরাব্রক্ত। অন্য যাঁহারা জ্যোতীষ শাস্ত্র আলোচনা পূর্বক চন্দ্রস্থোর গতি নির্ণয় বা দিবারাত্রির পরিমাণ নির্ণয় করিয়া থাকেন, তাঁহারা কিন্তু প্রকৃত অহোরাত্রবিদ্নহেন।

মনুষ্যের একবর্ষে দেবতাদিগের এক অহোরাত্র হয়, তাদৃশ দেবতাগণের অহোরাত্রির সহিত পক্ষমাসাদি গণনাদারা দাদশ সহস্র বৎসরে চারিযুগ হয়। এতাদৃশ চারিযুগ সহস্রে ব্রহ্মার একদিন এবং সেই সমপরিমাণ কালে এক রাত্রি। এইরপ অহোরাত্রকত পক্ষমাসাদি গণনার দারা একশত বর্ষ ব্রহ্মার পরমায়। তাহার পর সেই লোক ও সেই লোকবাসীদিগের বিনাশ হেতু আবৃত্তি সিদ্ধ হয়। স্ক্তরাং ঐ সকল ধামাদির দীর্ঘকাল স্থায়িত্বকেই সাধারণতঃ অক্ষয় ইত্যাদি শব্দে অভিহিত করে, বস্ততঃ ক্ষয়িষ্ণু।

কেহ যদি পূর্ব্বপক্ষ করেন যে, ব্রহ্মার সহিত মোক্ষলাভের কথা শাস্ত্রে উল্লিখিত আছে যথা,—"ব্রহ্মণা সহ তে সর্ব্বে…ক্যুতাত্মানঃ প্রবিশস্তি পরং পদম্"— তাহাও ব্রহ্মার পরমায়ু অবসানে ব্রহ্মভাব প্রাপ্ত হইলে অর্থাৎ পরম পদে ভক্তিলাভ করিলে, সেই সকল কৃতাত্মাই পরম স্থানে প্রবেশ করেন, এমন কি, ব্রহ্মা পর্যন্ত ভগবৎ-পরায়ণ হইলে মৃক্তিলাভ করিয়া থাকেন॥ ১৭॥

### অব্যক্তাদ্ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রভবন্ত্যহরাগমে। রাজ্যাগমে প্রলীয়ন্তে ভব্তবাব্যক্তসংজ্ঞকে॥ ১৮॥

অন্বয়—অহরাগমে (দিবা উপস্থিত হইলে) অব্যক্তাৎ (অব্যক্ত হইতে)
সর্বাঃ (সকল) ব্যক্তয়ঃ (ভূতসকল) প্রভবন্তি (প্রকাশিত হয়) রাত্রাাগমে
(রাত্রিকাল উপস্থিত হইলে) তত্র (সেই) অব্যক্তসংজ্ঞকে এব (অব্যক্ত
নামক কারণস্বরূপেই) প্রলীয়ন্তে (প্রলীন হয়)॥ ১৮॥

অনুবাদ—ব্রন্ধার দিবাকাল উপস্থিত হইলে, অব্যক্ত কারণস্বরূপ হইতে যাবতীয় চরাচর শরীরবিষয়াদি ভোগভূমিদমূহ প্রকাশ লাভ করে এবং রাত্রিকাল উপস্থিত হইলে, দেই অব্যক্তনামক কারণস্বরূপে দম্দয় লয় প্রাপ্ত লোপজ্যবিশ্বয়াতা আইন

প্রীভজিবিনোদ—এই ত্রিলোকমধ্যস্থিত দেব-তির্যাক্-মানবাদির তদপেকা অধিকতর অনিত্যম্ব ; যেহেতু ব্রন্ধার রাত্রি-অবসানে অব্যক্ত হইতে সমস্ত ব্যক্ত হয় ; প্নরায় রাত্রি-আগমে সেই অব্যক্তে সমস্তই লয় হয়। এম্বলে অব্যক্ত-শব্দে 'প্রধান'কে বুঝায় না ; কেবল ব্রন্ধার নিজ্ঞাবস্থাকে বুঝায়॥ ১৮॥

শীবলদেব—যে তু তশাদর্কাচীনান্তিলোকীবর্তিনস্তেষাং ব্রহ্মণো দিনে পাতঃ স্থাদিত্যাহ,—অব্যক্তাদিতি। অহরাগমে ব্রহ্মণো জাগরণসময়ে অব্যক্তাৎ স্বাপাবস্থাৎ তশাৎ সর্কাঃ শরীরেন্দ্রিয়ভোগ্যভোগস্থানরূপা ব্যক্তয়ঃ প্রভবদ্ধাং-পছস্তে। রাজ্রাগমে তস্থা স্বাপসময়ে তত্ত্বৈব ব্রহ্মণ্যব্যক্তসংজ্ঞকে স্থাপাবস্থে কারণে তাঃ প্রলীয়স্তে তিরোভবন্তি। অত্রাব্যক্ত-শব্দেন প্রধানং নাভিধেয়ং,— দৈনন্দিনস্থিপ্রলয়য়োকপক্রমাৎ, তদা বিয়দাদীনাং স্থিতত্বাক্ত; কিন্তু স্থাপাবস্থো ব্রহ্মৈব তস্থার্থেঃ॥ ১৮॥

বলাসুবাদ—যে সকল লোক কিন্তু তাহা হইতে অর্বাচীন অধম হইয়া জিলোকের মধ্যে আছে, তাহাদের ব্রন্ধার (পূর্ব্বোক্ত নির্দিষ্ট) দিবসেই পতন হইয়া থাকে, ইহাই এথানে বলা হইতেছে—'অব্যক্তাদিতি'। দিনের সময়ে অর্থাৎ ব্রন্ধার জাগরণকালে সেই অব্যক্ত হইতে অর্থাৎ নিদ্রাবস্থা হইতে শরীর, ইন্দ্রিয়, ভোগা ও ভোগস্থানরূপ সকল বস্তুই উৎপন্ন হইয়া থাকে, (ব্রন্ধার) রাজ্রি উপস্থিত হইলে তাহার নিদ্রাকালে সেই অব্যক্ত সংজ্ঞক ব্রন্ধেতেই অর্থাৎ কারণরূপ নিদ্রাবস্থাতে সেইসব প্রলীন হয় অর্থাৎ তিরোহিত হয়। এথানে অব্যক্ত শব্দের হারা প্রধানকে (প্রকৃতিকে) বুঝাইতেছে না, দৈনন্দিন সৃষ্টি ও প্রলয়ের উপক্রমহেতু, তথন বিষয়াদির অর্থাৎ আকাশাদির অস্তিত্ব থাকে ব্লিয়া, কিন্তু নিদ্রাবস্থা-সম্পন্ন ব্রন্ধাই তাহার অর্থ॥ ১৮॥

অমুভূষণ—ব্রহ্মলোকের দীর্ণকাল স্থায়িত্বের কথা বলিয়া এক্ষণে তদপেক্ষা নিরুষ্ট ত্রিলোকের অধিক অনিভাত্মের কথা বলিতেছেন।

ব্রন্ধার নিদ্রাবস্থারূপ অব্যক্ত কারণ হইতে দিবাগমে অর্থাৎ ব্রন্ধার জাগরণ কালের সঙ্গেই স্থাবর-জঙ্গমাত্মক যাবতীয় প্রজা প্রাত্ত্ত হয়। ব্রন্ধার নিদ্রাবস্থারূপ অব্যক্ত হইতে তাহার জাগরণকালে শরীর, বিষয়াদি ভোগভূমিস্বরূপ বস্তু সমূহ অভিব্যক্ত হয়। আবার ব্রন্ধার রাত্রি আগত হইলে,

*শ্রামন্তগবদগাতা* 

অর্থাৎ শয়নকালে, সেই অব্যক্তরূপ কারণে যাবতীয় বস্তু লীন হইয়া থাকে। প্রজাপতি ব্রহ্মার এইরূপ দৈনন্দিন প্রলয় সহকারে বিশ্বের যাবতীয় ভূত স্মৃহের যাতায়াত চলে॥ ১৮॥

### ভূতগ্রামঃ স এবায়ং ভূত্বা ভূত্বা প্রলীয়তে। রাজ্যাগমেহবশঃ পার্থ প্রভবত্যহরাগমে॥ ১৯॥

আহম—পার্থ! অয়ম্ এব ( এই ) সঃ ভূতগ্রামঃ ( দেই ভূতসমূহ ) ভূত্বা ভূত্বা ( বার বার উৎপন্ন হইয়া ) রাজ্রাগমে ( রাজিকালে ) প্রলীয়তে ( লয় প্রাপ্ত হয় ) [ পুনঃ—পুনরায় ] অহরাগমে ( দিবাকালে ) অবশঃ ( নিয়মাধীন হইয়া ) প্রভবতি ( প্রাত্ত্তি হয় )॥ ১৯॥

অসুবাদ—হে পার্থ! এই সেই ভূতসমূহ বার বার উৎপন্ন হইয়া রাত্রিকালে লয় প্রাপ্ত হয়, পুনরায় দিবাকাল উপস্থিত হইলে নিয়মাধীন হইয়া প্রাত্ত্ত হয়॥ ১৯॥

শ্রীভক্তিবিনোদ—চরাচর-প্রাণিসকল ব্রন্ধার দিবাগমে পুনঃ পুনঃ উৎপন্ন হইয়া রাত্রি-আগমে লয় প্রাপ্ত হয় ( এবং দিবাগমে কর্মাদিপরতন্ত্র হইয়া পুনরায় উৎপন্ন হয় ) ॥ ১৯॥

প্রিকদেব—যে প্রনীনাস্তে পুনর্ন ভবিষ্যন্তীতি ক্রতহান্তাক্তাভ্যাগমশন্ধা স্থান্তাং নিরস্থনাহ,—ভূতেতি। ভূতগ্রামঃ স্থিরচরপ্রাণিসম্হোহবশঃ কর্মাধীনঃ সন্তথা চেদৃশজন্মসূত্যপ্রবাহসন্থলে প্রপঞ্চেইন্মিন্ বিবেকিনাং বৈরাগ্যং যুক্ত-মিত্যক্তম্॥ ১৯॥

বঙ্গান্তবাদ—যাহার। প্রলীন হইয়া থাকে তাহারা যদি পুনরায় সংসারে না আদে, তবে ক্রতকার্য্যের হানি ও অক্রতকার্য্যের অভ্যাগমের আশকা হইবে। অতএব তাহার নিরাস করিবার অভিপ্রায়ে বলা হইতেছে—'ভূতেতি'। ভূতপ্রাম—স্থাবর জন্তমাত্মক-প্রাণিসমূহ অবশ অর্থাৎ কর্মের অধীন হইয়া থাকে; এবং এভাদৃশ জন্মমৃত্যু-প্রবাহসন্থল এই মায়াময় সংসারে বিবেকীদের বৈরাগ্য-ভাব যুক্তিযুক্তই—ইহা বলা হইল॥ ১০॥

অনুভূষণ—পূর্ব শ্লোকে কথিত হইয়াছে যে ব্রন্ধার দিবাগমে ভূতসমূহের কৃষ্টি এবং রাজ্রাগমে প্রনয় হইয়া থাকে। যাহারা প্রনীন হয় তাহারা পুনরায় উৎপন্ন হইবে না, এই কারণে কৃষ্টির দ্বারা অক্ত বস্তুর আগম এবং

প্রান্থর দ্বারা ক্লত বস্তুর নাশ হয় বিবেচনায় তুইটি দোষের কল্পনা হইতে পারে। যাহা কথন কত হয় নাই, তাদৃশ বস্তুর স্প্তিতে 'অক্লত অভ্যাগম' এবং যাহা কত হইয়াছে, তাদৃশ বস্তুর বিনাশ 'ক্লতনাশ'। এই তুই দোষের কল্পনার নিরসনের জন্ম শ্রীভগবান্ বলিতেছেন যে, ভূতসমূহ কর্মাধীন হইয়া পুনঃ পুনঃ স্প্তি ও প্রলয়-প্রবাহে চলিতেছে। যাহারা স্প্তি হইতেছে, তাহাদেরই লয় হইতেছে, পুনরায় কল্পারম্ভে তাহাদের উৎপত্তি এবং কল্পান্থে তাহাদের লয় হইতেছে, স্থতরাং ইহাতে ন্তন স্প্তি বা ন্তন নাশ কাহারও হইতেছে না। অতএব অক্লত বস্তুর আগম বা ক্লত বস্তুর নাশক্রপ দোষ কল্পনা সঙ্গত নহে।

তবে ইহা হইতে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, এই সংসার ভূতগণের পক্ষে অশেষ ক্লেশের আকর। বদ্ধাবস্থায় জীবের জন্ম ও মৃত্যু সহচররূপে দৃষ্ট, জীবসমূহ কর্মফলে আবদ্ধ হইয়া সংসারে পুনঃ পুনঃ জন্ম-মরণ-মালা পরিধান পূর্বক দারুণ তুর্দ্দশা ভোগ করিতেছে, ইহা উপলব্ধির বিষয় হইলে, সংসারে বৈরাগা লাভ বুদ্ধিমান বিবেকী ব্যক্তির পক্ষে একান্ত কর্ত্ব্য।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

"জনম-মরণ-মালা,

যে সংসারে আছে ভরা,

তাহে—বল কিবা আছে স্থখ ?"

গীতায়ও পাওয়া যাইবে,—

"জন্মমৃত্যুজরাবাাধিত্ঃখদোষাত্রদর্শনম্॥" (১৩-৮)॥১৯।

### পরস্তন্মাত্ত্ব ভাবোহস্থোহব্যক্তাৎ সনাতনঃ। যঃ স সর্ব্বেষু ভূতেষু নশ্যৎস্থ ন বিনশ্যতি॥ ২০॥

অন্বয়—তু (কিন্তু) তশাৎ অবাক্তাং (পূর্ব্বোক্ত অব্যক্ত হইতে) পরঃ অন্ত: (অন্ত শ্রেষ্ঠ) সনাতনঃ (অনাদি) অব্যক্তঃ যঃ ভাবঃ (অব্যক্ত যে ভাব) সঃ (তাহা) সর্বভূতেষু নশ্রুৎস্থ (যাবতীয় ভূতপদার্থের নাশেও) ন বিনশ্যতি (বিনাশ প্রাপ্ত হন না)॥ ২০॥

অসুবাদ—কিন্তু পূর্বোক্ত অব্যক্তভাব হইতে স্বতন্ত্র শ্রেষ্ঠ, সনাতন যে অব্যক্ত ভাব, তাহা যাবতীয় ভৌতিক পদার্থের নাশেও বিনষ্ট হয় না॥ ২০॥

**बि।ङिङितिताम**— एक व्याक जात शहेरा वर्ग या मनाजन व्याक

वार्व

ভাব আছে, তাহা শ্রেষ্ঠ ও নিতা; সর্বভূতের নাশ হইলেও শেই তব নষ্ট হয় না॥ २०॥

ত্রীকলদেব—তদেবং কশ্বতন্ত্রাণাং জন্মবিনাশদর্শনেন 'আব্রন্ধভুবনাং' ইত্যেতদ্বির্তম্। অথ মান্পেতাৈতদ্বির্ণাতি,—পরস্তশাদিতি। তশাদ্জনরপাদবাক্তাদ্রন্ধণা হিরণাগভাদলাে যাে ভাবং পদার্থং পরং শ্রেষ্ঠস্ততােহতান্ত-বিলক্ষণস্তাপাশ্র ইত্যর্থং। অতিবৈলক্ষণামাহ,—অবাক্ত ইতি, আত্মবিগ্রহ্মাৎ প্রতাক্ ইতার্থং; প্রসাদিতস্ত প্রত্যক্ষোহিপি ভবতীত্যক্তং প্রাক্। সনাতনাহনাদিঃ; স খলু হিরণাগর্ভপর্যান্তেষ্ সর্কেষ্ ভূতেষ্ নশ্রুম্ম ন বিনশ্রতি॥ ২০॥

বঙ্গান্ধবাদ—অতএব এই জাতীয় কর্মাধীন জীবসমূহের জন্ম ও বিনাশ দর্শনের দ্বারা "ব্রহ্মলোক হইতে ভুবন পর্যান্ত" ইহা বর্ণনা করা হইয়াছে। অনস্তর আমাকে লাভ করিয়া—ইহাই বিবৃত করা হইতেছে—'পরস্তম্মাদিতি'। সেই হেতৃ উক্ত অব্যক্তস্বরূপ ব্রহ্মা—হিরণাগর্ভ হইতে ভিন্ন অন্ত যে ভাব—পদার্থ, পরম অর্থাৎ শ্রেষ্ঠ পদার্থ, তাহা হইতে অতাস্ত বিলক্ষণ তাহার উপাশু; ইহাই অর্থ। অতিশয় বৈলক্ষণোর বিষয় বলা হইতেছে—'অব্যক্ত ইতি'—আত্মবিগ্রহত্ম হেতু প্রত্যক্, ইহাই অর্থ। কিন্তু প্রমাদিত হইলে সেই আত্মা প্রত্যক্ষীভূতও হন, ইহা পূর্ব্বে বলা হইয়াছে। সনাতন—অনাদি। তিনি কিন্তু নিশ্চিতরূপেই (অনাদি কারণ) সমস্ত সাধারণ পাঞ্চভৌতিক প্রাণী হইতে আরম্ভ করিয়া হিরণাগর্ভ পর্যান্ত পর্যান্ত সমস্ত নম্ভ হইলেও, সনাতন ও অনাদি বলিয়া বিন্তু হন না॥ ২০॥

তাসুত্বণ — কর্মাধীন জীবের জন্ম-মৃত্যু দর্শনের দারা সত্য লোক হইতে ভ্বনের যাবতীয় লোকের পুনরাবর্তনের বিষয় কথিত হইয়াছে। একমাত্র তাঁহাকে অর্থাৎ শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইলে, তাহার আর অনিত্য জনাদি লাভ করিতে হয় না, ইহাও বিবৃত হইয়াছে। এন্থলে সেই পরতন্ত্বের নির্দেশ করিতে গিয়া বলিতেছেন যে, এই বিশ্বের কারণভূত অব্যক্তস্বরূপ হিরণাগর্ভ অপেক্ষাও শ্রেষ্ঠ এবং তদ্বাতিরিক্ত ও বিলক্ষণ এক উপাস্থ তত্ব আছেন। তাঁহার অতিশয় বিলক্ষণতার কথা বলিতে গিয়া বলিলেন, আত্মবিগ্রহবান, প্রসন্ন হইলে প্রত্যক্ষীভূতও হন, তিনি সনাতন বস্তু। হিরণাগর্ভ হইতে আরম্ভ করিয়া ভূতসমূহ বিনষ্ট হইলেও তিনি বিনষ্ট হন না॥ ২০॥

व्यानक रापग्रा ।

# অন্যক্তোহক্ষর ইত্যুক্তস্তমান্তঃ পরমাং গতিম। যং প্রাপ্য ন নিবর্তত্তে তদ্ধাম পরমং মম॥ ২১॥

তার বলে ) তং (তাঁহাকে ) পরমাং গতিং (শ্রেষ্ঠা গতি ) আছ: (বলিয়া থাকে ) যং (যাঁহাকে ) প্রাপা (পাইলে ) ন নিবর্তন্তে (সংসারে পুনর্জন্ম হয় না ) তং (তাহা ) নম (আমার ) পরমং ধাম (শ্রেষ্ঠ ধাম ) ॥ ২১॥

অনুবাদ— সেই অব্যক্তত্ত্বকেই অক্ষর বলে ও তাঁহাকে প্রমা গতি বলিয়া থাকে, যাঁহাকে প্রাপ্ত হইলে জীবকে আর সংসারে প্রত্যাবর্ত্তন করিতে হয় না, তাহাই আমার প্রমধাম বা নিতাম্বরূপ ॥ ২১॥

শ্রীভক্তিবিনাদ—সেই অব্যক্তকে 'অক্ষর' বলে; তাহাই ভূতসকলের পর্মা গতি। সেই অব্যক্তকেই আমার ধাম বলিয়া জানিবে,—যাহা প্রাপ্ত হইয়া জীব আব প্রতিনিবৃত্ত হয় না॥ ২১॥

শ্রীবলদেব—যে ভাবো ময়েহাব্যক্ত ইত্যক্ষর ইতি চোচাতে, তং বেদান্তাঃ পরমাং গতিমাহঃ,—"পুরুষার পরং কিঞ্ছিৎ সা কান্তা পরমা গতিঃ" ইত্যাদৌ। যং ভাবং প্রাপোপেতা জনাঃ পুনন নিবর্তত্তে জন্ম নাপুবন্তি, স ভাবোহহমেবে-তাহি,—তদিতি। তন্মমৈব ধাম স্বরূপং পরমং শ্রীমৎ,—ষ্ঠায়ং চৈতন্তমাত্মনঃ স্বরূপমিতিবদ্বগস্থবা।॥ ২১॥

বঙ্গান্ধবাদ—যে পদার্থকে আমি এখানে অব্যক্ত ও অক্ষর বলিতেছি তাহাকে (সেই ভাবকে) বৈদান্তিকেরা পরমা গতি বলিয়াই বলিয়া থাকেন। কথিত আছে—"পুরুষ হইতে শ্রেষ্ঠ কিছুই নাই, সেইটি পরাকাষ্ঠা অর্থাৎ পরমগতি" ইত্যাদিতে, সেই ভাবকে লাভ করিয়া মহয়গণ পুনরায় নির্ভ্ত হন না অর্থাৎ পুনরায় সংসারে জন্ম লাভ করেন না। সেই ভাব আমিই অর্থাৎ পরং ভগবান শ্রীকৃষ্ণই। ইহা বলা হইতেছে—'তদিতি', সেই আমারই ধাম অর্থাৎ স্বরূপ পরম উৎকৃত্ত ও শ্রীমান্। এই যে যদ্ধা বিভক্তি—চৈতন্ত আত্মার সরূপ ইহার নায় জানিবে (অর্থাৎ অভেদে ষদ্ধা) রাহর মন্তরের উত্তির মত্ত। ২১॥

ভাষাকেই বৈদান্তিকগণ প্রমা গতি বলিয়া থাকেন। যেমন শাস্ত্রে পাওয়া যায়,

609

—দেই পুরুষ হইতে শ্রেষ্ঠ কিছুই নাই, দেই তত্ত্বই পরমা গতি। যেমন গীতায়
শ্রীভগবান্ বলিয়াছেন, 'মন্ত পরতরং নাস্তি কিঞ্চিদন্তি, ধনঞ্জয়'; (৭।৭)।
দেই পরম তত্ত্বকে প্রাপ্ত হইলে, তাঁহাকে আর পুনর্জন্ম লাভ করিতে হয় না,
গীতা (৮।১৬)। দেই পরম তত্ত্ব শ্রীকৃষ্ণই। তিনিই পরম ও সক্রৈশ্র্যাপূর্ণ।
নারায়ণ উপনিষদেও পাওয়া যায়,—

"একে! নারায়ণ আসীর বন্ধা ন শঙ্করঃ"॥ ২১॥

## পুরুষঃ স পরঃ পার্থ ভক্ত্যা লভ্যত্ত্বনগ্রয়া। যন্তান্তঃস্থানি ভূতানি যেন সর্ব্বনিদং ভত্ত্ব ॥ ২২ ॥

প্রবাদ্য প্রাণি ভূতানি (ভূতসমূহ ) মস্ত (মাঁহার) অন্তঃস্থানি (মধ্যাবস্থিত) যেন (মাঁহার দ্বারা) ইদম্ সর্কাম্ (এই সমগ্র জগৎ) ততম্ (ব্যাপ্ত) সং (সেই) পরং পুরুষং (পরম পুরুষ) তু (কিন্তু) অনক্তরা ভক্ত্যা (অনক্তা ভক্তির দ্বারা) লভ্যঃ (প্রাণ্য)॥ ২২॥

অনুবাদ—হে পার্থ! ভূতসমূহ যাহার মধ্যে অবস্থিত, যদ্ধারা এই সমগ্র জগৎ পরিব্যাপ্ত, সেই পরমপুরুষ আমি কিন্তু, একমাত্র অনন্যা-ভক্তির দ্বারাই প্রাপ্য॥ ২২॥

জীভক্তিবিনোদ—সেই অব্যক্ত-অবস্থায়স্থিত প্রমপুরুষই অনগ্রভক্তি-লভ্য। হে পার্থ! সেই পুরুষের অন্তঃস্থ হইয়াই ভূতসকল বর্ত্তমান এবং সেই পুরুষস্বরূপ আমিই অন্তর্য্যামিরূপে সর্ব্বিত্র প্রবিষ্ট ॥ ২২ ॥

ত্রীবলদেব—তৎপ্রাপ্তে ভক্তেঃ স্পায়ত্বমাহ,—পুরুষঃ দ ইতি। দ মলকণঃ পুরুষোহনয়ায়া তদেকান্তয়া 'অনয়চেতাঃ দততম্' ইতি পূর্ব্বোদিতয়া ভক্তাব লভ্যো লক্ষ্ণ শক্যো—যোগভক্তা। তু হঃশক্যা ভৎপ্রাপ্তিরিতার্থঃ। তল্লকণমাহ,—যভেতি। দর্বমিদং জগৎ যেন ততং ব্যাপ্তম্; শ্রুতি-কৈবমাহ,—"একো বদী দর্বাগঃ কৃষ্ণ ঈভ্য একোহিপি দন্ বহুধা যোহ-বভাতি বৃক্ষ ইব স্তর্কো দিবি ভিষ্ঠত্যেকস্তেনেদং পূর্ণং পুরুষেণ দর্বাম্" ইত্যালা॥ ২২॥

বঙ্গান্ধবাদ—তাঁহার প্রাপ্তি-বিষয়ে ভক্তি স্থ-উপায়; ইহার বিষয় বলা হইতেছে—'পুরুষঃ স ইতি'। সেই আমার লক্ষণবিশিষ্ট পুরুষ—অনন্তমনা হইয়া অর্থাৎ ভগবান্ শ্রীকৃষ্ণগত প্রাণ হইয়া "অনন্তচেতা সতত" এই পূর্ব্বোক্ত ভক্তির

দারাই লভ্য—লাভ করিতে সক্ষম।—"যোগমিশ্রা ভক্তির দারা কিন্তু তাঁহার প্রাপ্তি তৃঃসাধ্যা" ইহাই প্রকৃত অর্থ। তাঁহার লক্ষণের কথা বলা হইতেছে—'যস্তেতি'। এই সমস্ত জগৎ যাঁহার দারা তত—বিস্তৃত ও ব্যাপ্ত। শ্রুতিও এই রকম বলিয়াছেন—"কৃষ্ণ এক অর্থাৎ একমাত্র বলী অর্থাৎ সকলের বলীকারক। তিনি সর্ব্বগামী, এবং সকলের পূজ্য, তিনি এক হইয়াও বছরূপেই আবিভূতি হন। বুক্ষের মত স্তব্ধ হইয়া আকাশে অবস্থান করেন, তিনি এক এবং তাঁহার দারা এই জগৎ পূর্ণ, সেই পুরুষের দারাই সমস্ত পূর্ণ হইয়া থাকে" ইত্যাদির দারা॥ ২২॥

অনুভূষণ—পূর্বে বর্ণিত পরতর লাভের একমাত্র স্বষ্ট্ উপায় ভক্তি। তাই প্রিক্ষ বলিতেছেন যে, তল্লকণ পুরুষ একমাত্র অনুভা ভক্তির দারা লভ্য। পূর্বের "অনুভাচতাঃ সততম্" (গীঃ ৮।১৪) লোকে প্রীভগবান্ জানাইয়াছেন যে, সতত অনুভাচিত্ত ভক্তের পক্ষে তিনি স্থলভ যোগাদি-মিশ্রা ভক্তি আশ্রয়নকারীর পক্ষে কিন্তু তাঁহার প্রাপ্তি ছল্লভই। এক্ষণে নিজ লক্ষণ বলিতেছেন, যাঁহার দারা সমগ্র জগৎ পরিব্যাপ্ত। যেমন গোপালতাপনী শ্রুতিতেও পাওয়া যায়,—পরব্রদ্ধ শ্রীকৃষ্ণ সর্ব্ববশ্য়িতা, সর্বব্যাপক, সকলের বন্দনীয়, তিনি অদ্বিতীয় হইয়াও বহু প্রকাশ ও বিলাস মূর্ত্তি প্রকটিত করিয়া থাকেন।

এ বিষয়ে গীতা ৮।১০ শ্লোকের 'অমুভূষণ' দ্রপ্টবা ॥ ২২ ॥

#### যত্র কালে স্বনাবৃত্তিমাবৃত্তিঞ্চৈব যোগিনঃ। প্রয়াতা যান্তি তং কালং বক্ষ্যামি ভরতর্যত ॥ ২৩॥

তাষ্বয়—ভরতর্বভ! যত্রকালে (যে কালে বা মার্গে) প্রয়াতাঃ যোগিনঃ (গমনশীল যোগিগণ) তু (নিশ্চয়) অনাবৃত্তিম্ আবৃত্তিম্ চ এব (অনাবৃত্তি ও আবৃত্তি উভয়কেই) যান্তি (লাভ করেন) তং কালং (সেই কাল বা মার্গের বিষয়) বক্ষ্যামি (বলিব)॥ ২৩॥

তাসুবাদ—হে ভরতর্বভ! যোগিগণ যে কালে দেহত্যাগ পূর্ব্বক যে মার্গে গমন করিলে সংসারে পুনরাগমন ও অপুনরাগমন লাভ করিয়া থাকেন, সেই (কালাভিমানী দেবতা-পালিত) মার্গের বিষয় বলিতেছি॥ ২৩॥

শ্রীভজিবিনোদ—আমার অনগভক্তগণ অক্লেশেই আমাকে লাভ করেন, কিন্তু যাঁহারা আমাতে অনগভক্তি লাভ করেন নাই এবং কর্মজ্ঞানাদির ভরসা व्यानक गर्ने गान्।

করেন, তাঁহাদের পক্ষে মৎপ্রাপ্তি অনেক-কন্টমিশ্রিতা; তাঁহাদের গমনকাল ও মার্গ—দেশকাল-দ্বারা পরিচ্ছেছ। তাহার বিবরণ অর্থাৎ যে-কালে মৃত্যু হইলে জ্ঞানি-যোগীদিগের অনাবৃত্তি হয় এবং যে-কালে মৃত্যু হইলে (জ্ঞানহীনগণের) পুনরাবৃত্তি হয়, তাহা বলিতেছি, শ্রবণ কর॥ ২৩॥

শ্রীবলদেব—স্বভক্তানামনাবৃত্তিঃ স্ববিম্থানাং ত্বাবৃত্তিকক্তা; সা সা চ কেন পথা গতানাং ভবেদিত্যপেক্ষায়ামাহ,—যত্ত্রেতি। যোগিনো ভক্তাঃ কাম্যকর্মিণক। অত্র 'কালশব্দেন' কালাভিমানিনী দেবতোক্তা; অগ্নিধ্যয়োঃ কালত্বাভাবাৎ 'কাল' শব্দেনোক্তিস্ত ভূয়সা মহদাদিশব্দানাং রাত্র্যাদিশ্দানাঞ্চ কালবাচিত্বাৎ তথাচার্চিরাদিভিধ্মাদিভিক্চ দেবৈঃ পালিতঃ পন্থাঃ 'কাল'শব্দেনোক্তো বোধ্যঃ॥ ২৩॥

বঙ্গান্ধবাদ—স্বভক্ত অর্থাৎ কৃষ্ণভক্তদিগের সংসারে অনাবৃত্তি এবং কৃষ্ণভক্তিবিম্থদিগের সংসারে পুনরাবৃত্তি অর্থাৎ পুনর্জন্মের কথা বলা হইয়াছে—দেই দেই
আবৃত্তি ও অনাবৃত্তি কোন্ কোন্ পথাবলম্বিগণের হইবে—এই অভিপ্রায়ের
প্রত্যুক্তরে বলা হইতেছে—'যত্তেতি'। যোগিগণ—ভক্তগণ, এবং কাম্যকর্মিবৃন্দ। এথানে "কাল' শন্দের দ্বারা কালাভিমানিনী দেবতাকেই বলা
হইয়াছে। কারণ অগ্নি ও ধুমের কালত্বের অভাব কাল শন্দের দ্বারা
উক্তি কিন্তু মহদাদি শন্দের ও রাত্র্যাদি শন্দের কালবাচিত্ব হেতু তথাচ অর্চি
আদি প্রভৃতি ও ধুমাদি দেবতার দ্বারা পালিত পন্থাকে 'কাল শন্দের'
দ্বারাই বহুলভাবে বলা হইয়াছে, জানিবে॥ ২৩॥

অসুভূষণ—শ্রীভগবানের অন্য ভক্তগণের অনায়াসেই 'তদ্ধাম' লাভ হয়, এবং সেই ধাম লাভ করিলে আর সংসারে পুনরাগমন করিতে হয় না (গীঃ ৮।২১)। কিন্তু ভগবদ্বিম্থ ব্যক্তিগণের সংসারে যাতায়াত করিতেই হয়। ভগবদ্ধকাণ নিগুণা ভক্তির আশ্রয়ে নিগুণিত্ব প্রাপ্ত হন, তজ্জন্য তাঁহাদের গমন মার্গ ও কাল নিগুণই। কর্মী, জ্ঞানী, যোগিগণের ন্যায় তাঁহাদিগকে অর্চিরাদি মার্গের বা উত্তরায়ণ কালের অপেক্ষা করিতে হয় না। যে কালেই তাঁহারা অপ্রকট-লীলা প্রকাশ করুন না কেন, তাহাই নিগুণ, এবং স্বয়ং শ্রীভগবানই তাঁহাদিগকে স্বীয় ধামে লইয়া যাইবার ব্যবস্থা করেন।

যে কালে যোগিগণের মৃত্যু হইলে অনাবৃত্তি হয়, এবং যে কালে মৃত্যু হইলে পুনরাবৃত্তি হয়, তাহা পরবর্তী ছইটি শ্লোকে বলিবেন। আবৃত্তি ও অনাবৃত্তি কোন্ কোন্ পথাবলম্বিগণের হয়, তজ্জন্ত বলিতেছেন যে, যোগিগণের অর্থাৎ ভক্তগণের অনাবৃত্তি এবং কাম্য-কর্মিগণের আবৃত্তি হইয়া থাকে। এস্থলে 'কাল' শব্দে কালাভিমানিনী দেবতাকে বুঝাইতেছে। অর্চিরাদি বা ধ্যাদি-অভিমানী দেবগণের পালিত পম্বাই 'কাল' শব্দের দ্বারা ব্বিতে হইবে॥ ২৩॥

#### অগ্নিজে গাভিরহঃ শুক্লঃ ষথাসা উত্তরায়ণয্। ভত্র প্রয়াভা গচ্ছন্তি ব্রহ্ম ব্রহ্মবিদো জনাঃ॥ ২৪॥

তারম — অগ্নি: জ্যোতিঃ অহং (শুভদিন) শুক্নং (শুকুপক্ষঃ) ধ্যাসা উত্তরায়ণম্ (ছ্য়মাসরূপ উত্তরায়ণ কাল) তত্র (সেই সময়ে) প্রয়াতাঃ (দেহ-ত্যাগকারী) ব্রন্ধবিদঃ জনাঃ (ব্রন্ধবিৎ লোকসমূহ) ব্রন্ধ গছ্জি (ব্রন্ধকে প্রাপ্ত হন)॥ ২৪॥

অমুবাদ—অগ্নি, জোতি, শুভদিন, শুরুপক্ষ, ধ্যাসরূপ উত্তরায়ণ কালে এই সকল কালাভিমানিনী দেবতার মার্গে, যে সকল ব্রহ্মবিৎ ব্যক্তি প্রয়াণ লাভ করেন, তাঁহারা ব্রহ্মকে প্রাপ্ত হন॥ ২৪॥

প্রীক্তবিনাদ—বন্ধবিং পুরুষণণ অগ্নি, জ্যোতিঃ, শুভদিন ও উত্তরায়ণ-কালে দেহ তাাগ করিলে বন্ধ লাভ করেন। 'অগ্নি' ও 'জ্যোতিঃ' শন্ধ-দারা অর্চিরভিমানিনী দেবতা, 'অহঃ' শন্ধে অহরভিমানিনী দেবতা, 'ভঙ্গ' শন্ধে পক্ষাভিমানিনী দেবতাকে বুঝিতে হইবে অর্থাং তত্তদ্বস্ত ও কাল-প্রাপ্ত মনঃ প্রভৃতি ইন্দ্রিয়ের প্রসন্নতাই যোগীর বন্ধলাভের কারণ হয়। এইরূপ সময়ে মৃত্যু লাভ করিলে যোগীদিগের পুনরাবৃত্তি হয় না॥ ২৪॥

শ্রীবলদেব — তত্রানাবৃত্তিপথমাহ, — অগ্নিরিতি। অগ্নিজ্যোতিঃ-শন্ধাত্যাং শ্রুত্যুক্তোহজিরভিমানী দেব উপলক্ষাতে; অহরিতি দিবসাভিমানী; ত্তর ইতি শুরুপক্ষাভিমানী; ধগাসা উত্তরায়ণমিতি; ধগাসাত্মকোত্তরায়ণাভিমানী। এতচ্চাত্যেষাং সম্বংসরাদীনাং শ্রুত্যুক্তানামুপলক্ষণম্। ছান্দোগ্যাঃ পঠন্তি— "অথ যত্ত চৈবান্মিন্ শবাং কুর্বন্তি যদি চ নার্ক্তিয়মেবাভিসংভবস্তার্কিষোহত্তরহ আপূর্যামাণপক্ষমাপূর্যামাণপক্ষাতান্ যত্ত্তি মাসাংস্তামাদেভাঃ সম্বংসরং সম্বংসরাদাদিত্যমাদিত্যাচ্চন্দ্রমনং চন্দ্রমসো বৈত্যুতং তৎ পুরুষোহমানবঃ দ এতান্ বন্ধ গময়ত্যেষ দেবপথো বন্ধপথ এতেন প্রতিপ্তমান ইমং
মানব্যাবর্ত্তং নাবর্ত্তক্তে" ইতি। অস্তার্থঃ,—অন্মির্কিন্থবন্ধোপাসকগণে মৃতে

वानवाग्राजा

সতি যদি পুত্রশিয়াদয়ঃ শব্যং শবসম্বন্ধি কর্ম্ম দাহাদি কুর্বন্তি, যদি চন কুর্বন্তি, উভয়থাপাক্ষতোপান্তিফলান্তে ততুপাদকা অর্চিরাদিভির্দেবৈস্তম্পান্তং প্রয়ান্তীতি।
ক্ষুটমন্তং। অত্র সম্বংসরাদিতায়োর্মধ্যে বায়ুলোকো নিবেশ্যঃ; বিত্যুতঃ পরত্র ক্রমান্বর্গনক্রপ্রজাপতয়ো বোধ্যাঃ, শ্রুতান্তরাদিত্যাকরে বিস্তরঃ। অমানবো নিত্যপার্ষদঃ পরেশস্ত হরেঃ পুরুষঃ। এতেইচিরাদয়ো দেবা ইত্যাহ স্ত্রকারঃ—
"আতিবাহিকান্তলিক্ষাৎ" ইতি। তথার্চিরাদিভির্ভগবিয়দেশইম্বর্ণদশভির্দেবঃ সেব্যমানেন পথা ভগবন্তং তদ্ভকাঃ প্রয়ান্তি ততঃ পুনর্নাবর্তন্ত ইতি। এবমূক্তং নির্দেহিভঃ—"অর্চির্দিনসিতপক্ষৈরিহোত্তরায়ণশরন্মক্রদ্রবিভিঃ। বিধুবিত্যদ্বর্ণক্রফাহিণিশ্চাগাৎ পদং হরেম্কিঃ" ইতি॥ ২৪॥

বঞ্চানুবাদ—তন্মধ্যে অনাবৃত্তি-পথের বিষয় বলা হইতেছে—'অগ্নিবিতি'। অগ্নি ও জ্যোতিঃ শব্দের দারা শ্রুত্যক্ত (বেদোক্ত ) অর্চিঃ অভিমানী দেবতাকে উপলক্ষিত করা হইতেছে। অহঃ—ইহা দিবদের অভিমানী (দেবতা)। শুক্ল— ইহা শুরুপক্ষাভিমানী (দেবতা)। বন্মাদ-উত্তরায়ণ—ইহা ষট্মাদাত্মক উত্তরায়ণা-ভিমানী দেবতা। ইহা অন্ত সম্বংসর প্রভৃতি বেদোক্ত (দেবতাসমূহের) উপলক্ষণ, ছান্দোগ্য-ধ্যেতৃগণ পাঠ করেন "অনন্তর যাহা এতে এই ( সংসারেই ) শব্য (শবদেহের ) সংস্কার করেন এবং যদি নাও করেন তথাপি ঐ জ্ঞানী অর্চিতে গমন করেন, অচিরে অহরহ আপূর্যামানপক্ষ ও আপূর্যামানপক্ষাত ষড়্দও ইতি মাসদমূহকে, দেই মাসসমূহ হইতে সম্বংসর, সম্বংসর হইতে আদিতা, আদিতা रहेए ठक्तमा, ठक्तमा रहेए विदार ७ उरमजा दीय ममस, तमहे भूक्ष जमानव অর্থাৎ অতিমানব। সেই এই জ্ঞানীদিগকে ব্রহ্ম পাওয়াইয়া দেয়, ইহাই দেব-পথ ও ব্ৰহ্মপথ। এই পথের দারা যুক্ত হইলে এই মানবদেহকে আবর্তন ভোগ করিতে হয় না" ইতি। ইহার অর্থ—এই অক্ষিপ্তিত ব্রহ্মোপাসক গণের মৃত্যু হইলে যদি পুত্র ও শিশ্বাদি শব্য (শবসম্বন্ধি মৃতদেহসম্পর্কীয় )-কর্ম অর্থাৎ দাহাদি করে, অথবা যদি না করে, এই উভয় প্রকারেই অক্ষতোপা-স্তিফলে তাহারা অর্থাৎ তত্পাদকেরা অর্চিঃ আদি প্রভৃতি দেবতার দ্বারা সেই উপাস্ত দেবতার নিকট গনন করে। ইতি, অন্ত সব সহজবোধ্য। এখানে সম্বংসর ও আদিতা এই তুইএর মধ্যে বায়ুলোককে অন্তর্গত করিবে। বিত্বাতের পরত্র (পর বলিতে) ক্রমে ক্রমে বরুণ, ইন্দ্র ও প্রজাপতি প্রভৃতি বুঝিবে। অন্য শ্রুতি হইতে ইহা অবগত হওয়া যায় আকরে ইহা বিস্তৃত

আছে। এই অমানব পুক্ষ ভগবানের নিত্য পার্যদ অর্থাৎ পরমেশ্ব হরির পুক্ষ। এই অর্চি প্রভৃতি দেবগণ। ইহা বলিয়াছেন স্ত্রকার—"অতিবাহিক দেহগুলি তাহার লিঙ্গহেতু" ইতি। সেই অর্চিঃ আদি দাদশটি দেবগণ ভগবানের আদেশে থাকিয়া অর্থাৎ জ্ঞাপক এবং সেই দেবতার দারা সেব্যমান পথের দারা ভগবানকে তাঁহার ভক্তগণ লাভ করিয়া থাকেন। তাহা হইতে পুনঃ আবৃত্ত হয় না অর্থাৎ পুনরায় জন্মগ্রহণ করিতে হয় না ইতি, এই রকমই বলিয়াছেন নির্ণেত্গণ—অর্চিঃ, দিন, সিত (শুক্ল) পক্ষ সমূহের দারা উত্তরায়ণ শরৎ-বায়ু-স্ব্যা (প্রভৃতির) দারা চন্দ্র-বিত্যাৎ-বরুণ-ইন্দ্র ব্রন্ধার দারা মুক্ত-পুকুষ হরির পাদপদ্ম লাভ করেন। ইতি॥ ২৪॥

তানুভূষণ—বর্ত্তমানে তুইটি শ্লোকে মৃত যোগিগণের দেবযান মার্গে গমন করিলে আর সংসারে পুনরাগমন করিতে হয় না এবং পিত্যান মার্গে গমন-কারী ব্যক্তিগণ পুনরায় সংসারে আগমন করিয়া থাকে, তাহাই বলিতেছেন।

পূর্বাশ্লোকে দেবযান পন্থার বিষয় বর্ণিত হইয়াছে, উহাকে অর্চিরাদি মার্গও বলে। অর্চিঃ শব্দের অর্থ তেজঃ। তেজেরই নামান্তর অগ্নি। সেইজন্য দেবযানমার্গগামী পুরুষের পক্ষে প্রথম সোপানরূপে এথানে অগ্নি বলিয়াছেন। অগ্নি, জ্যোতিঃ শব্দের দ্বারা শ্রুতি কথিত অর্চিঃ অভিমানী দেবতাকে উপলক্ষিত করা হইয়াছে। তদ্ধপ অহঃ, শুরু, ষ্মাসা প্রভৃতিও তত্তদভিমানী দেবতা, এতদ্বারা ইহাই বুঝা যাইতেছে যে, ব্রন্ধনিষ্ঠ যোগীপুরুষ প্রথমে অগ্নি, তৎপরে জ্যোতিঃ, দিবস, শুরুপক্ষ ও উত্তরায়ণের ষ্মাস প্রভৃতি স্থানের দেবতার দ্বারা নীত হইয়া ব্রন্ধ লাভ করেন।

এ-বিষয়ে ছান্দোগা উপনিষদে পাত্যা যায়,—

তদ্য ইত্থং বিতুর্যে চেমেহরণো শ্রদ্ধাতপ ইত্যুপাদতে...দেবযানঃ পন্থা। (৫।১০।১-২)

অর্থাৎ যাঁহারা অরণ্যে বাস করিয়া শ্রদ্ধা ও তপোরপ উপাসনা করেন এবং এইরপ জানেন, তাঁহারা মৃত্যুর পর অর্চিতে গমন করেন। অচিচ হইতে দিনে, দিন হইতে শুক্রপক্ষে, শুক্রপক্ষ হইতে উত্তরায়ণের ছয় মাসে, মাস সমূহ হইতে সংবৎসরে, সংবৎসর হইতে আদিত্যে, আদিতা হইতে চন্দ্রমাতে, চন্দ্রমা হইতে বিহাতে গমন করেন, সেই স্থানে এক অমানব পুরুষ তাঁহাকে বন্দ্র লাভ করার। ইহাই দেব্যানপ্থ দেব্যানপ্থেই ব্রহ্ম লাভ হয়।

আরও ছান্দোগ্যের চতুর্থ অধ্যায় পঞ্চদশ খণ্ড পঞ্চম প্রপাঠকেও এ-বিষয়ে পাওয়া যায়।

ব্রেক্ষোপাসকগণের মৃত্যু হইলে পুত্র শিষ্যাদি যদি শব-সম্বন্ধীয়-দাহাদি কর্ম করেন বা যদি না করেন, উভয়াবস্থাতেই অর্চিরাদিভেদে উপাশুকে লাভ করিয়া থাকেন।

অমানব—পরমেশ্বর শ্রীহরির নিতাপার্যদ পুরুষ। এই সকল অর্চিরাদি দেবতা সম্বন্ধে ব্রহ্মস্থ্রকার বলিতেছেন,—"আতিবাহিকাস্তল্লিঙ্গাৎ", (বেদাস্তদর্শন চতুর্থ অধ্যায় ৩য় পাদ ৪র্থ স্থ্র) তাৎপর্য্য অতিবাহ-কার্য্যে (এই বহন কার্য্যে) পুরুষোত্তম শ্রীভগবান্ অর্চিরাদি দেবগণকে নিযুক্ত করিয়াছেন। সেই সকল কার্য্যে তাঁহাদের প্রতিপত্তি হইতেছে না। কারণ 'তল্লিঙ্গাৎ' অর্থাৎ আতিবাহিক শব্দে গমনকারীদিগের (যে সকল উপাদক ভগবৎ-সন্নিধানে যাইতেছেন) 'গময়িতৃত্ব' অর্থাৎ বাহকত্ব বুঝায়। তাঁহারা অর্থাৎ দেই আতিবাহিক দেবগণ ব্রহ্মলোক গমনশীলদিগকে বিত্যুৎ-লোক পর্য্যন্ত লইয়া যান। তৎপরে অমানব পুরুষ আদিয়া দেই যাত্রীদিগকে লইয়া ব্রহ্মলোকে গমন করেন। এই শ্রুতি অনুসারে অর্চিরাদির গময়িতৃত্ব ও তৎসাহচর্য্য বুঝিতে হইবে। ভগবান্ কর্ত্বক নির্দিন্ত দাদশ দেবতার দ্বারা সেব্যমান পথে ভগবস্তক্তগণ ভগবানকে লাভ করেন। সে স্থান হইতে আর পুনরাবর্ত্তন হয়া।

নির্ণেতৃগণ কর্ত্বও এইরূপই শ্রীহরিপদ-লাভে মৃক্ত হওয়ার কথা উক্ত হইয়াছে॥ ২৪॥

#### ধূমো রাত্রিস্তথা কৃষ্ণঃ ষগ্মাসা দক্ষিণায়নম্। ভত্র চান্দ্রমসং জ্যোতির্যোগী প্রাপ্য নিবর্ত্ততে॥ ২৫॥

অব্যর—ধ্যঃ (ধ্মদেবতা) রাত্রিঃ (রাত্রি-দেবতা) রুষ্ণঃ (রুষ্ণপক্ষ-দেবতা) ধ্যাসাঃ দক্ষিণায়নম্ (ছয়-মাসরপ দক্ষিণায়নের দেবতা) তত্র (সেই কালে বা মার্গে) [প্রয়াতঃ—গমনশীল] যোগী (কর্মযোগী) চাদ্রমসং জ্যোতিঃ (চন্দ্রমার জ্যোতিস্বরূপ স্বর্গ) প্রাপ্য (পাইয়া) নিবর্ত্ততে (পুনরাবর্ত্তন করে)॥২৫॥

তাসুবাদ—ধ্ম, রাত্রি, রুঞ্চপক্ষ, ছয়মাসরূপ দক্ষিণায়ন কালে তত্বপলক্ষিত দেবতার মার্গে গমনশীল কর্মযোগিগণ চন্দ্র-জ্যোতিস্বরূপ স্বর্গলোক লাভ করিয়া উপভোগান্তে সংসারে পুনরাবর্তন করে॥ ২৫॥

ত্রীভক্তিবিনোদ—ইষ্টাপ্র্তাদি-কর্ম্মে কর্মযোগিসকল ধ্ম, রাত্রি, কৃঞ্পক্ষ, দক্ষিণায়নরূপ ছয়মাদ ও চক্রজ্যোতি অর্থাৎ তত্তদভিমানিনী দেবতা বা ইন্দ্রিয়ক্রিয়া-দ্বারা পুনরাবৃত্তিমার্গ প্রাপ্ত হন ॥ ২৫॥

শ্রীবলদেব—অথাবৃত্তিপথমাহ,—ধ্মা রাত্রিরিতি। তত্রাপি পূর্ববং ধ্মরাত্রি-কৃষ্ণপক্ষবগাদাত্মকদক্ষিণায়নানামভিমানিনা দেবা লক্ষ্যাঃ; দম্বংদর-পিতৃলোকাকাশচন্দ্রমদাং শ্রুতৃক্তানাম্পলক্ষণমেতং। ছান্দোগ্যাঃ পঠস্তি,— "অথ য ইমে গ্রামে ইষ্টাপূর্তং দন্তমিত্যুপাদতে তে ধ্মমভিদন্থবস্তি। ধ্মাদ্রাত্রিং রাত্রেরপরপক্ষমপরপক্ষ্যাত্যান্ ষড়্দক্ষিণেতি মাদাংস্তানেতেভাঃ দংবংদরমভি-প্রাপ্নুবন্তি, মাদেভাঃ পিতৃলোকঃ পিতৃলোকাদাকাশমাকাশাচ্চন্দ্রমদমেষ দামরাজা তন্দেবানামন্ধ তং দেবা ভক্ষরন্তি তন্মিন্ যাবংদংপাতম্বিত্বাহৈওত-মেবাধ্বানং পুনর্নিবর্ত্তক্তে" ইতি। তথা চ ধ্মাদিভিঃ পরেশনিদেশক্রের্ভিভির্দেবিঃ পালিতেন পথা কাম্যকর্ম্মিণশচন্দ্রলোকং প্রাপ্য ভোগক্ষয়ে দতি তন্মাৎ পুনর্নিবর্ত্তক্ত ইতি॥ ২৫॥

বঙ্গান্ধবাদ—অনস্তর আবৃত্তির পথের কথা বলা হইতেছে—'ধুমো রাত্রিরিতি'। দেখানেও পূর্বের ন্থায় ধুম-রাত্রি-কৃষ্ণপক্ষ ষড়্মাসাত্মক দক্ষিণায়ণ দিগের অভিমানী দেবতাকে লক্ষ্য করা হইয়াছে। ইহা দ্বারা শ্রুত্যুক্ত সম্বংসর-পিতৃ-লোক-আকাশ-চন্দ্রমাদিগেরও উপলক্ষণ। ইহা, ছাল্দোগ্য-ধ্যেতৃগণ পাঠ করেন—"অনস্তর যাহারা গ্রামে ইষ্টাপূর্ত ও দানকে ব্রহ্মরূপে উপাসনা করে, তাহারা ধ্মরূপে উৎপাদিত হয়, ধূম হইতে রাত্রি, রাত্রি হইতে কৃষ্ণপক্ষ, কৃষ্ণপক্ষাদি ছয় মাসাত্মকদক্ষিণায়ণ তথা হইতে সংবংসররপ দেবতাকে প্রাপ্ত হয়। মাসগুলি হইতে পিতৃলোক, পিতৃলোক হইতে আকাশ, আকাশ হইতে চন্দ্রমা, এই চন্দ্রমাই সোমরাজা; তাহাই দেবতার অন্ন, তাহাকে দেবতারা ভক্ষণ করিয়া থাকে। সেখানে যতদিন পর্যান্ত থাকিবার কথা তাবংকাল সমাক্রপে বাস করিয়া এই পথ অবলম্বনপূর্বক পুনঃ নিবৃত্ত হয়।" ইতি। সেইরূপে ঈশ্বরের আজ্ঞাধীন ধুমাদি আটটি দেবতা দ্বারা পালিত ও সংরক্ষিত পথের যোগে

वानकार्ग्याठा

কংম্যকশিবৃন্দ চদ্রলোক প্রাপ্ত হইয়া ভোগের ক্ষয় হইলে তাহা হইতে পুনরায় নিবৃত্ত হয়॥ ২৫॥

অনুস্থান—বর্তমান শ্লোকে আবৃত্তির কথা অর্থাং সংসারে কাঁহারা পুনরাবর্ত্তন করেন, তাঁহাদের বিষয় বলিতেছেন। পূর্ব্ববং ধূম, রাত্রি, রুঞ্পক্ষ, ছয়মাসরপ দক্ষিণায়ণ-অভিমানী দেবগণের উপলক্ষিত পথে অর্থাং পিতৃযান-মার্গে যাঁহারা প্রয়াণ করেন, তাঁহারা চক্রলোকে গমন করেন, তথায় তাঁহাদের ইষ্টাপূর্ত্তাদি কর্ম-জনিত স্বর্গাদি ফল ভোগ করিয়া পুনরায় সংসারে প্রত্যাগত হন।

এ-বিষয়ে ছান্দোগ্য উপনিষদে পাওয়া যার,—

অথ য ইমে গ্রাম ইষ্টাপূর্ত্তে.....পুনর্নিবর্ত্তন্তে॥ (৫।১০।৩-৫)

যাঁহারা গ্রামে ইপ্ত অর্থাৎ অগ্নিহোত্রাদি যাগ, পূর্ত্ত অর্থাৎ কুপ, পুন্ধবিশী প্রভৃতি প্রতিষ্ঠা এবং সংপাত্রে সাধ্যমত দানরূপ কর্মাম্প্র্টান দারা উপাসনা করেন, তাঁহারা উৎক্রান্তির পর প্রথমতঃ ধুমাভিমানী দেবতাকে প্রাপ্ত হন। তদনস্তর রাত্রি দেবতা, রুষ্ণপক্ষ দেবতা, দক্ষিণায়ণ দেবতা পিতৃলোক ও আকাশ দেবতা ও চন্দ্রলোক প্রাপ্ত হন। তথায় তাঁহারা কর্মক্ষয় পর্যান্ত অবস্থান করিয়া পুনরায় নির্ভ্ত হন।

এম্বলেও পরমেশ্বর কত্বি আদিষ্ট ধুমাদি অষ্ট দেবতার দ্বারা পালিত পথে কাম্যকর্মিগণ চন্দ্রলোক প্রাপ্ত হইয়া ভোগ ক্ষয় হইলে তথা হইতে পুনরায় সংসারে নিপতিত হন।

এখানে শ্রুতি-কথিত উপদেশের মর্মার্থ অবধারণ করিলে দেখা যায়, যাঁহারা শ্রুদ্ধা ও তপস্থা সহকারে উপাসনা করেন, তাঁহাদের ব্রহ্ম লাভ হয়, আর যাঁহারা সমাজে সাধারণ জনহিতকর কার্য্য করিয়া কর্মমার্গে উপাসনা করেন, তাঁহাদের স্বর্গাদিতে কর্মাত্মরপ ফল ভোগ করিবার পর পুনরায় কিন্তু সংসার-দশাই লাভ হইয়া থাকে। স্কুতরাং সন্ম্যাসিগণের পক্ষে এইরূপ কার্য্য কতথানি মঙ্গলদায়ক তাহা বিচার্য্য।

শ্রীধরস্বামিপাদের টীকার মর্ম্মে পাই,—

ক্রমম্জির বিষয় বর্ণনাস্তে সভােম্জির সম্বন্ধে বলিয়াছেন—"ঘাঁহারা সম্যক্ দর্শনে নিষ্ঠা লাভ করিয়াছেন, এইরূপ সভােম্জির অধিকারী মানবগণের 4119111/11191

কোন ও দিকে প্রয়াণ নাই। কারণ এই বিষয়ে শ্রুতি প্রমাণ পাওয়া যায়,—
"প্রাণ-সমূহ তাহা হইতে উৎক্রান্ত হন না।"

"অতএব এইরপে নিবৃত্তি মার্গের কর্ম-সহিত উপাসনার দ্বারা ক্রম-মৃত্তি, কাম্যকর্মদ্বারা স্বর্গভোগের পর পুনরায় আবর্তন। নিষিদ্ধ কর্ম-দ্বারা নরক ভোগের পর পুনর্জন্ম। আর ক্ষ্ম কর্মকারী প্রাণিগণের, এখানেই পুনঃ পুনঃ জন্ম হইয়া থাকে। ইহাই দ্রপ্তব্য।"

ছান্দোগ্য উপ্নিষদের পঞ্চম অধ্যায়ের দশম থণ্ডে আরও পাওয়া যায়,—
"যাঁহারা পুণ্য কর্ম করিয়াছিলেন, তাঁহারা এই জগতে ব্রাহ্মণ, ক্ষর্মোদি জন্ম
লাভ করেন; আর যাহারা পাপ কর্ম-করিয়াছিল, তাহারা কুক্র, শ্করাদি
জন্ম লাভ করে। যাহারা এতত্ভয়ের কোন পথেই গমন করে না, তাহারা
নিত্য আবর্তনশীল ক্ষুদ্র প্রাণিরূপে জন্মগ্রহণ করে।"॥২৫॥

### শুক্রকৃষ্ণে গভী ছেতে জগতঃ শাশ্বতে মতে। একয়া যাত্যনাবৃত্তিমন্ত্যয়াবর্ত্ততে পুনঃ॥ ২৬॥

তার্য — শুকুরুফে (শুকু ও রুফ) এতে গতীহি (এই গতিদ্যই) জগতঃ (জগতের) শাশ্বতে মতে (অনাদি বলিয়া সমত) একয়া (একটির দ্বারা) অনাবৃত্তিং (মোক্ষ) যাতি (প্রাপ্ত হয়) অন্তয়া (অন্তটির দ্বারা) পুঙঃ (পুনরায়) আবর্ত্তে (প্রত্যাবর্ত্তন করে)॥ ২৬॥

তার্বাদ—শুরু ও কৃষ্ণ—জগতের এই ছুইটি গতিই অনাদি বলিয়া সমতা। একটির দারা শুরু অর্থাৎ অর্চিরাদি মার্গে মোক্ষ লাভ হয়, অন্যটির দারা—কৃষ্ণ অর্থাৎ ধুমাদিমার্গে সংসারে পুনর্জন্ম হয়॥ ২৬॥

শ্রীভক্তিবিনোদ—জগতের 'শুক্ল' ও 'কুষ্ণ' এই তুইটি দনাতন গতি অর্থাৎ মার্গ ; শুকুমার্গে গতি-ছারা অনাবৃত্তি এবং কুষ্ণমার্গে গতি-ছারা আবৃত্তি ঘটিরা থাকে ॥ ২৬॥

ত্রীবলদেব—উক্তো পন্থানাবুপসংহরতি,—গুক্লেতি। অর্চিরাদিগতিঃ শুক্লা প্রকাশম্মত্বাৎ ধূমাদিকা গতিঃ কৃষ্ণা প্রকাশশৃত্যত্বাং। গতিঃ পন্থাঃ, এতে গতী জ্ঞানকর্মাধিকারিণো জগতঃ শাশ্বতে অনাদী সমতে তস্থানাদিত্বাং। স্ফুটমত্যংশী ২৬॥

বঙ্গানুবাদ—পূর্বের উক্ত তৃইটি পথের উপসংহারপূর্বক বলা হইতেছে—

'শুক্লেতি', অর্চিরাদিগতির নাম শুক্লা, কারণ প্রকাশময় কিন্তু ধূমাদি গতি কৃষ্ণা কারণ প্রকাশশূলা। গতি শব্দের অর্থ পথ। এই ছই শুক্লকৃষ্ণগতি, যথাক্রমে জগতের জ্ঞান ও কর্মের অধিকারীর নিত্য—অনাদি সম্মত। কারণ তাহার অনাদিত্ব হেতু, অন্য সমস্ত সহজ বোধ্য॥ ২৬॥

অনুভূষণ—পূর্ব্বাক্ত দেবযান ও পিতৃযান উভয়পথের উপসংহার পূর্ব্বক বলিতেছেন। দেবযান অর্থাৎ অর্চিরাদি মার্গ শুক্ত অর্থাৎ প্রকাশময় বলিয়া জ্ঞানময়। পিতৃযান অর্থাৎ ধূমাদি মার্গ প্রকাশ শৃত্য বলিয়া তমোময়। এই উভয় গতি অনাদি কাল হইতে জগতে জ্ঞান ও কর্মাধিকারী ব্যক্তিগণের সম্মত। দেবযানে জ্ঞানাধিকারী ক্রমপন্থায় মোক্ষ লাভ করেন, আর ইষ্টাপূর্ত্ত-কর্মান্থগ্ঠানকারী ব্যক্তি পিতৃযানে কর্মান্থরূপ স্থতোগের পর পুনরায় সংসারে প্রত্যাবর্ত্তন করে॥ ২৬॥

#### নৈতে স্বতী পার্থ জানন্ যোগী মুছতি কশ্চন। তম্মাৎ সর্বেষু কালেষু যোগযুক্তো ভবার্জ্জুন॥ ২৭॥

তার্য্য-পার্থ! এতে হতী (এই উভয় মার্গ) জানন্ (জানিলে) কশ্চন যোগী (কোন যোগী) ন মুহ্যতি (মোহ প্রাপ্ত হন না) তত্মাৎ (সেই হেতু) অর্জুন! সর্বেষু কালেষু (সকল কালে) যোগযুক্তঃ ভব (যোগপরায়ণ হও) ॥২৭॥

অসুবাদ—হে পার্থ! এই উভয় গতি অবগত হইলে কোন যোগী মোহ-প্রাপ্ত হন না, স্থতরাং হে অর্জুন! সর্বাদা সমাহিত চিত্ত হও॥ ২৭॥

প্রীভক্তিবিনোদ—এই হই মার্গের তাত্ত্বিক পার্থক্য অবগত হইয়া তত্ত্ত্বের অতীত যে ভক্তিযোগমার্গ, তাহা অবলম্বন পূর্বেক ভক্তিযোগ-যুক্ত ব্যক্তি কোন কালে মোহ প্রাপ্ত হন না, অর্থাৎ উভয়-মার্গকে ক্লেশকর জানিয়া অনগ্য-ভক্তিযোগ অবলম্বন করেন। হে অর্জ্বন, তুমি সেই যোগ অবলম্বন কর॥ ২৭॥

শ্রীবলদেব—এতয়োঃ পথোর্বোধো বিবেকহেতুর্ভবতীতি তং স্তোতি,— নৈত ইতি। স্তী পন্থানো জানন্ অর্চিরাদিমে ক্লায় ধ্মাদিঃ সংসারায়েতি স্মরন্ কশ্চিদপি যোগী মন্তক্তো ন মৃহতি। ধ্মাদিপ্রাপকং কর্ম কর্তব্যথেন ন নিশ্চিনোতীত্যর্থঃ। যোগযুক্তঃ সমাধিনিষ্ঠো ভবাপুনরাবৃত্তয়ে॥ ২৭॥

বঙ্গানুবাদ—এই ত্ইটি শুক্ল ও কৃষ্ণপথের বোধ অর্থাৎ জ্ঞান, বিবেক লাভের কারণ হইয়া থাকে; এই হেতু তাহার প্রশংসা করা হইতেছে—'নৈড

ইতি'। সতী অর্থাৎ শুক্ল ও কৃষ্ণরপে তুইটি পথকে জানিলে অর্থাৎ অর্চিরাদি মোক্ষের পথ; ধুমাদি সংসারে আবৃত্তির পথ ইহা স্মরণ করিতে করিতে কোনও মদ্ভক্তযোগী মৃগ্ধ হন না। যেহেতু ধুমাদি প্রাপককর্ম কর্ভব্যত্তরপে নিশ্চয় করেন না। ইহাই অর্থ। অতএব তুমি যোগযুক্ত অর্থাৎ সমাধিনিষ্ঠ হও কারণ তাহাতে পুনরাবৃত্তি হয় না॥ ২৭॥

অনুভূষণ—এই ছই পথের জ্ঞান লাভ করিতে পারিলে বিবেক উদয় হয়।
তখন দেবযানে মোক্ষ এবং পিত্যানে সংসার-গতি লাভ হয় স্মরণ পূর্বক
আমার কোনও ভক্ত মোহ প্রাপ্ত হন না। ধূমাদি-প্রাপক কর্মকে কখনও
কর্তব্যরূপে নিশ্চয় করেন না। বিবেকী ব্যক্তি যোগযুক্ত হইয়া সমাধিনিষ্ঠ
হন এবং সংসারে পুনরাবর্তন করেন না।

এস্থলে উভয় মার্গই ক্লেশকর জানিয়া তত্ত্তয়ের অতীত শুদ্ধা ভক্তিযোগ-মার্গকে সর্বশ্রেষ্ঠ ও স্থ্যসাধ্য বিচারকরতঃ, তাহা আশ্রম পূর্বক ভক্তিযোগে সমাহিত হওয়াই কর্তব্য।

শুদ্ধভক্তের গতি সম্বন্ধে পাওয়া যায়,—

"নয়ামি পরমং স্থানমর্চিরাদিগতিং বিনা। গরুড়স্ক্রমারোপ্য যথেচ্ছমনিবারিতঃ ॥" ( বরাহ পুরাণ )

অর্থাৎ অর্জিরাদিগতি বাতীতই অনগ্র ভক্তগণকে গরুড়স্বন্ধে আরোহণ করাইয়া যথেচ্ছ ও অবাধে পরমস্থানে উপনীত করি।

এ সম্বন্ধে বেদান্তে "বিশেষং চ দর্শন্নতি" (৪।৩।১৬) স্তব্রে পাওয়া যে,
"ব্রন্ধবিদ্গণের আতিবাহিক দেবতাগণের দ্বারা যে ব্রন্ধ প্রাপ্তির উল্লেখ আছে,
তাহা সামান্ত। যাঁহারা কেবল নিরপেক্ষ পরম আর্ত্ত ভক্ত তাঁহাদিগের কিন্তু
ভগবৎ-প্রাপ্তির বিলম্ব সহ্য করিতে না পারিয়া ভগবান্ স্বয়ং তাঁহাদিগকে
প্রাপ্য ধামে উপনীত করেন। ইহা বিশেষ ব্যবস্থা" (গোবিন্দ ভাষ্য)।

'এতদ্বিজ্ঞাঃ' ইত্যাদি শ্রুতিতেও প্রদর্শিত হইয়াছে। শ্রীগীতার দ্বাদশ অধ্যায়ের ষষ্ঠ ও সপ্তম শ্লোকেও ইহা পাওয়া যাইবে। এতৎ প্রসঙ্গে বেদাস্তের "অনার্তিঃ শব্দাৎ" স্ত্রও আলোচা। ইহা লক্ষিতব্য যে, শ্রীভগবান্ অর্জ্নকে লক্ষ্য করিয়া আমাদিগকে সর্বাকালে সেই অনন্য ভক্তিযোগ অবলম্বনের নিমিত্র উপদেশ দিতেছেন॥ ২৭॥

व्यायखगरणगाजा

বেদেষু যজ্ঞেষু তপঃস্থ চৈব দানেষু যৎ পুণ্যফলং প্রদিষ্টম্। অত্যেতি তৎ সর্ব্বমিদং বিদিত্বা যোগী পরং স্থানমুপৈতি চাত্তম্॥ ২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্বাণি শ্রীমন্তগবদগীতাস্পনিষৎস্থ ব্রহ্মবিছায়াং যোগশান্তে শ্রীকৃষ্ণাব্র্জ্ন-সংবাদে 'তারকব্রহ্ম-যোগো' নাম অষ্টমোহধ্যায়ঃ॥

ত্বর্ম — বেদেষ্ (বেদসমূহে ) যজেষ্ (যজ্ঞসমূহে ) তপঃস্থ (তপসমূহে )
দানেষ্চ এব (এবং দানসমূহেও ) যং (যে ) পুণ্যফলং (পুণ্যফল ) প্রাদিষ্টম্
(উপদিষ্ট ) ইদং (ইহা ) বিদিম্বা (জানিয়া ) যোগী তৎ সর্ব্যম্ (সেই সকল )
অত্যেতি (অতিক্রম করেন ) চ (এবং ) আছ্মম্ (আদি ) পরং স্থানং
(অপ্রাক্বত নিত্য স্থান ) উপেতি (লাভ করেন ) ॥ ২৮ ॥

ইতি শ্রীমহাভরতে শতদাহস্রাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীম্মপর্কাণি শ্রীমন্তগবদ্গীতাস্থ-উপনিষৎস্থ ব্রহ্মবিছায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষণার্জ্বনসংবাদে 'তারকব্রন্ধ-যোগো' নামান্তমোহধ্যায়স্তান্বয়ঃ সমাপ্তঃ॥

অসুবাদ—বেদপাঠ, যজ্ঞামুষ্ঠান, তপস্থা এবং দানকর্মাদিতেও যে সকল পুণাফল শাস্ত্রে উপদিষ্ট হইয়াছে, মৎকথিত এই তত্ত্ব অবগত হইলে, ভক্তিযোগী সে সকল অতিক্রম করিয়া অনাদি ও অপ্রাক্বত স্থানকে প্রাপ্ত হন ॥ ২৮॥

ইতি শ্রীব্যাসরচিত শ্রীমহাভারতে শতসাহস্রী সংহিতায় ভীম্মপর্কে শ্রীমন্তগবদ্গীতা-উপনিষদে ব্রহ্মবিভায় যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্ন-সংবাদে 'তারক-ব্রহ্মযোগ' নামক অন্তম অধ্যায়ের অন্তবাদ সমাপ্ত॥

প্রীভজিবিনোদ—ভজিষোগ অবলম্বন করিলে তুমি কোন-ফলেই বঞ্চিত হইবে না; বেদপাঠ, যজ্ঞামুষ্ঠান, তপস্থা, দান ইত্যাদি যতপ্রকার জ্ঞান ও কর্ম আছে, সে সম্দায়ের যে ফল, তাহা তুমি ভজিযোগ-ছারা অতিক্রম করিয়া অনাদি ও পরম অপ্রাকৃত-স্থানকে প্রাপ্ত হও॥ ২৮॥

ত্রীভক্তিবিনোদ—অন্তর্ভাদা-সহকারে সাধুসঙ্গের সহিত আমার ভজন করিতে করিতে যথন অনর্থ শেষ হয়, তথন সেই শ্রদ্ধা 'নিষ্ঠা' রূপে পরিণত হয়। শ্রদার পূর্বেই পাপ সকল তিরোহিত হয়, কিন্তু তর্জড়তা ও উপাশ্তসদমে চিন্তামল থাকে; সাধুমঙ্গে ভজন করিতে করিতে তাহা দ্রীভূত হইয়া
যায়। জ্ঞানমিশ্রভাব, যোগমিশ্রভাব ও ভুক্তি-মৃক্তি-দৃষিতভাব,—এই
সমস্তই ভজনতত্ত্বের অনর্থ। এই সকল অনর্থ হইতে ভজন যত পরিশুদ্ধ হয়,
ভক্তিবৃত্তি ততই 'কেবলা' হইয়া বিশুদ্ধ-তত্ত্ব ভগবান্কে আশ্রয় করে;—ইহাই
অন্তম-অধ্যায়ের তাৎপর্যা।

ইতি—অন্তম-অধ্যায়ে প্রভক্তিবিনোদ ঠাকুরের 'ভাষা-ভাষ্য' সমাপ্ত॥

শ্রীবলদেব—সপ্তমান্তমাধাায়দ্বয়-জ্ঞানপ্রকারমাহ,—বেদেষিতি। বেদের্
ব্লচর্ঘা-গুরু-শুশ্রমণাদিবিধিনা সমাগধীতের্ যজের্ সর্বাঙ্গোপসংহারেণ সমাগন্তস্থিতের্; তপংস্থ শাস্ত্রোক্তেন বিধিনা সমাক্ চরিতের্; দানের্ দেশকালপাত্রপরীক্ষয়া শ্রুদ্বাচ সমাগ্দতের্ যং পুণাফলং স্বর্গরাজ্যাদিলক্ষণং প্রাদিন্তম্ ।
তং সর্বাং অত্যেতাতিকামতি। কিং ক্রেত্যাহ,—ইদমিতি। ইদমধ্যায়দ্বয়েক্তিং ভগবতো মম মন্তক্রেশ্চ মাহান্ত্রাং সংপ্রসঙ্গেন বিদিন্তা তদ্বেদনস্থাতিবিক্তং তৎ সর্বাং তৃণায় মন্তত ইতার্থঃ। ততো যোগী মন্তক্রিমান্ ভূরাল্যমনাদিপরমমায়িকং মৎস্থানম্পৈতি॥ ২৮॥

কৃষ্ণংশঃ পুরুষো যোগভক্তাা লভ্যোহর্চিরাদিভি:। কৃষ্ণস্থনগুভক্তৈয়বেতাষ্ট্রমশ্র বিনির্ণয়:॥

### ইতি—শ্রীমন্তগবদ্গীতোপনিষদ্ভাষ্যেইপ্টমোইপ্যায়ঃ।

বঙ্গানুবাদ—দপ্তম ও অন্তম অধ্যায়ন্তবের জ্ঞানের প্রকার (ভেদ) বলা হইতেছে—'বেদেবিতি'। ব্রস্কর্চর্যা ও গুক-শুশ্রুষাদি বিধির দ্বারা দমগ্র বেদশাস্থ সমাক্রপে অধীত হইলে এবং দমস্ত অঙ্গান্তহিলের দ্বারা যক্তগুলির অন্তর্গান হইলে, শাস্ত্রোক্তবিধির দ্বারা সমাক্রপে তপস্থাদি অন্তর্গিত হইলে, দেশকাল ও পাত্রভেদে এবং বিশেষ পরীক্ষার দ্বারা ও শ্রুদ্ধার দহিত দানাদিকার্যা অন্তর্গিত হইলে যেই পুণাফল অর্থাৎ স্বর্গাদিরপ ফল আমাকর্ত্ক উক্ত হইয়াছে, দেইগুলি দমস্তই অভিক্রম করা যায়। 'কিং ক্রম্বেতাহি,'—কি করিয়া ? এই দম্পর্কে বলা হইতেছে—'ইদমিতি'। এই দপ্তম ও অন্তম অধ্যায় তুইটির দ্বারা উক্ত ভগবান্ আমার ও আমার ভক্তের মাহাত্মা সংপ্রদঙ্গের দ্বারা (মন্তক্ত সংস্বেদ্বারা) জানিয়া তাহার অন্তন্তরপ স্ব্থাতিরিক্ত অন্ত দমস্তকে

তৃণের স্থায় মনে করেন,—ইহাই অর্থ। তারপর যোগী আমার প্রতি ভক্তিমান্ হইয়া আন্ত ও অনাদি পরমশ্রেষ্ঠ অমায়িক আমার স্থানে উপস্থিত হইয়া থাকেন ॥ ২৮॥

যোগমিশ্রা ভক্তির দারা অর্চিরাদি পথে ক্লেফের অংশবিশেষরূপ পুরুষ লভা আর স্বয়ং কৃষ্ণ কিন্তু অনন্য ভক্তির দারাই লভা হয়। ইহা অষ্ট্রম অধ্যায়ে বিশেষভাবে নির্ণয় করা হইয়াছে।

#### ইতি—অপ্তমাধ্যায়ের শ্রীমন্তগবদ্গীতোপনিষদ্ভাষ্যের বঙ্গামুবাদ সমাপ্ত।

তারুভূষণ—সপ্তম ও অন্তম অধ্যায় তুইটিতে যে শ্রীভগবান্ ও তদীয় ভক্তের মাহাত্মা কথিত হইয়াছে, তাহা সাধুসঙ্গে অবগত হইয়া অনশ্য ভক্তি আশ্রয় করিতে পারিলে, তদ্বাতীত সকলই তৃণের শ্রায় মনে হয়। আমার অনশ্রভক্তি-আশ্রয়কারী যোগী ঐ সকল অনায়াসে অতিক্রম করিয়া অনাদি, পরম ও নিতা অপ্রাকৃত আমার স্থান অর্থাৎ ধাম লাভ করিয়া থাকেন।

বন্ধচর্যা ও গুরু-শুশ্রধাদি দ্বারা সমাক্ বেদাধ্যয়নের ফল, সর্বাঙ্গ উপসংহারের সহিত যজ্ঞাদি সমাক্ অমুষ্ঠানের ফল, শাস্ত্রোক্ত বিধি অমুসারে তপস্থা আচরণের ফল, এবং দেশ, কাল ও পাত্র পরীক্ষা করিয়া শ্রদ্ধার সহিত সমাক্ দান করিলে যে পুণ্যাদি ফলে স্বর্গাদিরাজ্য লাভ হয়, তং-সম্দয় এক অনন্য ভক্তির আশ্রেয়ে যে স্থুথ অমুভব হয়, তাহার তুলনায় শুদ্ধ ভক্তের পক্ষে ঐ সকল কর্মজনিত পুণ্যাদি ফল নিতান্ত তুক্ত বলিয়া পরিগণিত হয়।

শুদ্ধভক্তি-আশ্রমকারী ভক্তের ঐ সকল ফল আমুধঙ্গিকভাবেই লভ্য হইয়া থাকে, এ বিষয়ে শ্রীমদ্ভাগবতে পাওয়া যায়,—

> "যৎ কর্মভির্যংতপদা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ।... দর্বাং মন্তক্তিযোগেন মন্তক্তো লভতেহঞ্জদা॥" (১১।২০।৩২-৩৩)

অর্থাৎ কর্ম, তপস্থা, জ্ঞান, বৈরাগ্য প্রভৃতি সাধনের দ্বারা যাহা কিছু লাভ হয়, আমার ভক্ত ভক্তিযোগ দ্বারা অনায়াসেই সেই ফল লাভ করিয়া থাকেন।

শ্রীমন্মহাভারতে মোক্ষ ধন্মীয় বাক্যেও পাওয়া যায়,—

"যা বৈ সাধনসম্পত্তি পুরুষার্থ-চতুষ্টয়ে। তয়া বিনা তদাপ্লোতি নরো নারায়ণাশ্রয়ঃ॥" गुजराग् गाँचा । जार्क

অর্থাৎ পুরুষার্থ চতুষ্টয়ের যাহা সাধন সম্পত্তি, নারায়ণাশ্রিত হইলে মানব দেই সাধন বাতীতও সেই পুরুষার্থ প্রাপ্ত হইতে পারেন।

শীল চক্রবর্ত্তিপাদের চীকার মধ্যে পাওয়া যায়,—

"কেবলা ভক্তির দারাই সকল মঙ্গল লাভ হয়, কিন্তু ভক্তি ব্যতীত কিছুই পাওয়া যায় না; অতএব অন্ধয়-বাতিরেকভাবে ভক্তিই সকল শ্রেমঃসাধন-রূপে স্থিরীকৃত হইল।"

শ্রীনারদপঞ্চরাত্রেও পাওয়া যায়,—

"হরিভক্তিমহাদেব্যাঃ সর্বন মৃক্ত্যাদিসিদ্ধয়ঃ। ভূক্তয়শ্চাভূতাস্তস্থাশ্চেটিকাবদমূব্রতাঃ॥"

অন্য ভক্তিমানের নিকট অনাকাজ্জিত স্বয়ং ব্রহ্মবিদ্যা ও অনিমাদি অষ্টদিদ্দিসমূহ মূর্ত্তি ধারণে সমাগত হয়।

স্বাং ভগবান্ শ্রীকৃষ্ণ স্বপ্রিয়তম ভক্ত উদ্ধবের নিকট—"আমার ভক্ত আমাতে ভক্তিযোগ দ্বারা অনায়াদেই সম্দয় প্রাপ্ত হইয়া থাকে"—এই স্কুপ্ত কথা প্রকাশ করিয়া ভক্তিই একমাত্র শ্রেয়ঃসাধন জানাইয়াছেন।

ব্যতিরেক ভাবেও জানা যায়,—

"কো বার্থ আংপ্রোহভজতাং স্বধর্মতঃ" (ভাঃ ১।৫।১৭), "তেষামদৌ ক্লেশল এব শিশুতে নাকাদ্ যথা সুলতুষাবঘাতিনাম্" (ভাঃ ১০।১৪।৪) ইত্যাদি॥ ২৮॥

ইতি—শ্রীমন্তগবদ্গীতার অপ্তমাধ্যায়ের 'অসুভূষণ'-নাম্মী টীকা সমাপ্তা॥ অপ্তম অধ্যায় সমাপ্ত।

#### न व स्या ३४ गा श

#### শ্রীভগবানুবাচ,—

# ইদন্ত তে গুহুত্মং প্রবক্ষ্যাম্যনসূয়বে। জ্ঞানং বিজ্ঞানসহিতং যজ্জাত্বা মোক্ষ্যসেহশুভাৎ ॥১॥

তাষ্য — শ্রীভগবান্ উবাচ, —ইদম্ ( এই ) শুহুতমং ( গোপ্যতম ) বিজ্ঞানসহিতং জ্ঞানং তু ( বিজ্ঞানযুক্ত কেবল-শুদ্ধভক্তি-লক্ষণযুক্ত জ্ঞান ) অনস্থাবে
( অস্থাবহিত ) তে ( তোমাকে ) প্রবক্ষ্যামি ( কহিতেছি ) যং ( যাহা )
জ্ঞাত্বা ( অবগত হইলে ) অশুভাং ( অশুভ হইতে ) মোক্ষ্যদে ( মুক্ত
হইবে ) ॥ ১ ॥

অসুবাদ—শ্রীভগবান্ বলিলেন—এই সর্বাপেক্ষা গোপনীয় বিজ্ঞানসহিত কেবল-শুদ্ধভক্তি-লক্ষণযুক্ত জ্ঞান মংসরতারহিত তোমাকে বলিতেছি, যাহা অবগত হইলে সংসাররূপ অণ্ডভ হইতে মুক্তি লাভ করিবে॥ ১॥

প্রীভজিবিনাদ—হে অর্জন! তুমি অস্যা-বহিত পুরুষ, অতএব তোমাকে পরমবিজ্ঞানযুক্ত সর্বাপেক্ষা গুহুতম জ্ঞান উপদেশ করিতেছি, তুমি তাহা সংগ্রহ করিয়া সমস্ত অমঙ্গল হইতে মুক্তি লাভ কর। দ্বিতীয় ও তৃতীয়-অধ্যায়ে যে আধ্যাত্মিক-জ্ঞানের কথা বলিয়াছি, তাহা 'গুহু'; সপ্তম ও অন্তম-অধ্যায়ে যে ভগবত্তবক্তান বলিয়াছি, তাহা ভক্তিজনক বলিয়া 'গুহুতর'; কিন্তু এখন যে-জ্ঞানের কথা বলিতেছি, তাহা কেবলা-ভক্তিলক্ষণ, অতএব 'গুহুতম'; ইহা-দ্বারা গুণরূপ অভভ হইতে মুক্তিলাভ করত তৃমি গুণাতীত হইবে ॥ ১॥

**শ্রীবলদেব**—ভক্ত্রাদ্দীপ্তিকরং স্বস্ত পার্থমেশ্ব্যামভূতম্। স্বভক্তেশ্চ মহোৎকর্ষং নবমে হরিরুচিবান্॥

বিজ্ঞানানন্দ্রনাথসংখ্যেয়কল্যাণগুণরত্বালয়: সর্ব্বেখরে। হহং গুদ্ধভক্তি-স্থলত ইতি সপ্তমাদিত্যামতিধায়েদানীং ভক্তেরুদ্দীপকং নিজেম্ব্যাং তন্তাঃ প্রভাবং চাতিধান্তমাদে তাং স্তৌতি,—ইদমিতি ত্রিভি:। ইদং জ্ঞানং মংকীর্ত্তনাদিলক্ষণভক্তিরূপম্,—পরত্র 'ধর্মস্তান্ত' ইত্যুক্তে: কীর্ত্তনাদে- শ্চিচ্ছক্তিবৃত্তিবাৎ, 'জায়তেহনেন ইতি নিক্জেশ্চ; তৎ কিল গুহুতম্ম্। দিতীয়াদাবুপদিষ্টং দেহাদিবিবিজ্ঞাব্যজ্ঞানং গুহুং, সপ্তমাদাবুপদিষ্টং মদৈশ্ব্যাজ্ঞানং গুহুতবং, নবমাদাবুপদেশ্যং তু কেবলভক্তিলক্ষণমিদং জ্ঞানং গুহু-তমমিতার্থং। তচ্চ বিজ্ঞানসহিতং মদমুভবাবসানং তে বক্ষ্যামি। কীদৃশা-য়েত্যাহ,—অনস্থ্যব ইতি। মদ্গুণেষ্ দোষাবোপ-বহিতায় হুর্গমশু স্ববহস্তাহ্বকম্পয়োপদেষ্টবি ময়ি নিজেশ্ব্যপ্রখ্যাপনেনাত্মানং প্রশংস্কাতি দোষ-দৃষ্টিশ্র্যায়েতার্থং। তেনাল্যোহপোতদনস্থং প্রতি ক্রয়াদিতি দশিতম্। যজ্জাত্মা ত্মশুভাৎ সংসারান্মোক্ষণে॥ ১॥

বঙ্গান্সবাদ—নবম অধ্যায়ে স্বীয় ভক্তির মহোৎকর্ষ এবং ভক্তির উদ্দীপ্তিকর (ভক্তিপ্রদ) নিজের অভূত পরমেশ্বরতার বিষয় শ্রীহরি বলিয়াছেন।

বিজ্ঞানানন্দঘনস্থরপ, অসংখ্য কল্যাণগুণরত্বসমূহের আধার এবং সর্কেশ্ব আমি শুদ্ধভক্তির দারা স্থলভ; ইহা সপ্তম ও অন্তম অধ্যায় তুইটির দারা বলিয়া এখন ভক্তির উদ্দীপক নিজের ঐশ্বর্যা এবং সেই ভক্তির প্রভাব বলিতে ইচ্ছুক হইয়া সর্বাত্রে তাহাই প্রশংসাপ্র্বক বলিতেছেন—'ইদমিতি ত্রিভিঃ'। এই জ্ঞান—অর্থাৎ আমার কীর্ত্তনাদিলক্ষণ ভক্তিরূপ—কেননা পরে—"এই ধর্মের" এই-উক্তি আছে এবং কীর্ত্তনাদির চিৎশক্তিবৃত্তিত্ব বিধায় এবং "জানিতে পারা যায় ইহার দ্বারা" এই নিক্তি হেতু। তাহা গুহতম ইহা প্রসিদ্ধ। দ্বিতীয়াধ্যায়াদিতে উপদিষ্ট — দেহাদি ভিন্ন আত্মজ্ঞান গুহা। সপ্তমাধ্যায়াদিতে উপদিষ্ট আমার এশ্বর্যাদি জ্ঞান গুহুতর; কিন্তু নবমাধ্যায়াদিতে উপদেশ কেবলা ভক্তি-লক্ষণ এই জ্ঞান কিন্তু গুহৃতম, ইহাই প্রকৃত অর্থ। তাহা আবার বিজ্ঞানসহিত—যাহা অবদানে আমার প্রতাক্ষ জন্মাইয়া দেয়, ইহাই তোমাকে বলিব। কিরূপ তোমাকে? এই সম্পর্কে বলা হইতেছে—'অনস্য়ব ইতি'। যে আমার গুণাদিতে দোষারোপ করে না অর্থাৎ দয়া করিয়া তোমাকে হর্কোধ আমার রহস্ত উপদেশ করিতেছি, দেই আমার উপর নিজের এশ্বর্যা প্রথাপন স্বারা নিজের প্রশংসা করিতেছ, এইরূপ দোষদৃষ্টিরহিত তোমাকে বলিব। ইহার দ্বারা প্রতিপাদিত হইল যে, অন্ত কোনও উপদেষ্টা যেন ইহা অস্যারহিত ব্যক্তিকেই উপদেশ করে। যাহা জানিয়া তুমি অশুভ সংসার হইতে মুক্তি লাভ করিবে॥ ১॥

অনুভ্রত্বণ—বিজ্ঞান্যনন্দ্রনম্বরূপ, অশেষ কল্যণগুণরত্ত্বের আলয়, সর্কেশ্বর

শ্রীরুফ শুদ্ধভক্তির দারা স্থলভ; ইহা সপ্তম ও অস্তম অধ্যায়ে বর্ণন পূর্বেক বর্তমানে ভক্তির উদ্দীপক নিজ ঐশ্বর্যের কথা ও তাহার প্রভাব বলিবার অভিপ্রায়ে সর্ব্ব প্রথমে তাহারই প্রশংসা করিতেছেন। এই 'জ্ঞান' শব্দে কীর্তনাদি লক্ষণ ভক্তিকেই বুঝাইতেছেন। পরে 'এই ধর্ম্মের' এই উক্তির দারা কীর্ত্তনাদি চিচ্ছক্তির বৃত্তি বলিয়া উহাই জ্ঞান; কারণ যদ্ধারা জানা যায়, তাহাকেই জ্ঞান বলে। শ্রীমন্তাগবতে পাওয়া যায়, "ভক্তাাহমেকয়া গ্রাহ্ণং" (১১।১৪।২১)।

অর্থাৎ আমি একমাত্র ভক্তি শ্বারাই লভা। তাহা কিন্তু গুহাতম।
দ্বিতীয়াদি অধ্যায়ে উপদিষ্ট-আত্মজান গুহা; সপ্তমাদি অধ্যায়ে উপদিষ্ট ঐশ্বর্যা জ্ঞান গুহাতর; এবং নবমাদিতে উপদেশ্য কেবলা ভক্তিলক্ষণরূপ এই জ্ঞান কিন্তু গুহাতমই। এই জ্ঞান আবার বিজ্ঞান সহিত অর্থাৎ আমার অন্তব পর্যান্ত প্রাপ্তি হয়। তাহা তোমাকে বলিব।

এবিষয়ে শ্রীমন্তাগবতে শ্রীভগবান্ ব্রন্ধাকে বলিয়াছেন,—

"জ্ঞানং মে পরমগুহুং মে যদ্বিজ্ঞানসমন্বিতম্।

সরহস্তং তদঙ্গঞ্চ গৃহাণ গদিতং ময়া॥" (২।১।৩০)

শ্ৰীভগবান্ উদ্ধবকেও বলিয়াছেন,—

"অথৈতৎ পরমং গুহুং শৃণ্বতো যহ্নন্দন। হুগোপ্যমপি বক্ষ্যামি ত্বং মে ভূত্যঃ স্কুৎস্থা"॥ (ভাঃ ১১।১১।৪৯)

শ্রীশোনকাদি ঋষিগণও শ্রীল স্থত গোস্বামীকে বলিয়াছেন,—
"ক্রয়ুঃ শ্রিক্ষস্থ শিশ্বস্থা গুরবো গুহুমপুতে।" (ভাঃ ১।১।৮)

অথাৎ স্নিগ্ধ স্বভাব প্রীতিশীল শিয়ের নিকটই শ্রীগুরুবর্গ অতিশয় নিগৃঢ় রহস্মও ব্যক্ত করেন।

কিরপ লোককে এই উপদেশ দেওয়া হয়, এই নিমিন্ত শ্রীভগবান্
বলিতেছেন যে, আমার গুণাদিতে দোষারোপ যিনি করেন না অর্থাৎ হুর্গম
নিজরহস্থ সমূহ অন্তকম্পাবশতঃ আমি স্বয়ং উপদেশ করিতে গিয়া নিজের
নিশ্বর্যা প্রখ্যাপণদারা নিজেকে প্রশংসা করিতেছি, এই বলিয়া আমার প্রতি
দোষারোপ করেন না, সেই অস্থয়ারহিত ব্যক্তিকেই আমি উপদেশ দিয়া
থাকি; এবং অন্থ উপদেষ্টারও এই আদর্শ অন্থয়বণ করা উচিত।

শ্বেতাশ্বতর উপনিষদেও এ বিষয়ে উপদেশ আছে,—

"বেদান্তে পরমং গুহুং পুরাকল্পে প্রচোদিতম্। নাপ্রশান্তায় দাতব্যং নাপুত্রায়াশিয়ায় বা পুনঃ॥ যশু দেবে পরাভক্তিঃ যথা দেবে তথা গুরো। তস্তৈতে কথিতা হুর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥" (৬।২২-২৩) এস্থলে গীতার অষ্টাদশ অধ্যায়ে ৬৪-৬৮ শ্লোক দ্রন্টবা॥ ১॥

## রাজবিতা রাজগুহাং পবিত্রমিদমুত্তমন্। প্রভ্যক্ষাবগমং ধর্ম্ম্যং কর্তুমব্যয়ম্॥ ২॥

অন্ধ্য়—ইদম্ (ইহা) রাজবিতা (বিতার শ্রেষ্ঠ) রাজগুহং (গোপা-বিষয়ের শ্রেষ্ঠ) উত্তমম্ পবিত্রম্ (নিরতিশয় পবিত্র) প্রতাক্ষাবগমং (প্রতাক্ষ-ফলপ্রাদ) ধর্মাং (ধর্মা সঙ্গত) কর্ত্র্ম্ (করিতে) স্বস্থং (স্বথকর) অবায়ম্ (অক্ষয় ফলপ্রাদ)॥ ২॥

তার্বাদ—এই জ্ঞান দর্ববিভাশেষ্ঠ, গুহুবিবয়ের মধ্যে শ্রেষ্ঠ, অতীব পবিত্র, সাক্ষাৎ অন্তত্ত স্বরূপ, দর্ববর্ষ-সাধক, স্থেসাধ্য এবং অক্ষয় অর্থাৎ নিগুণ-ফলপ্রদ॥ ২॥

ত্রীভক্তিবিনাদ—এই জ্ঞানকে রাজবিহা, সমস্ত-গুহুত্ব অপেকা গুহু, অত্যন্ত পাবিত্রাসাধক, আত্মপ্রতাক্ষান্ত্রবন্ধন সমস্ত ধর্মসাধক, নিগুণ এবং স্থুখসাধ্য বলিয়া জানিবে॥ ২॥

ত্রীবলদেব—রাজবিতোতি। বিতানাং শাণ্ডিল্যবৈশ্বানরদহরাদিশবপূর্ববাণাং রাজা রাজবিতা; গুহানাং জীবাত্মযাথাত্ম্যাদিরহন্ত্রানাং রাজা রাজগুহামিদং ভক্তিরপং জ্ঞানম্ ;—"রাজদন্তাদিরাতপদর্জ্জনন্ত পরনিপাতঃ।" তথাত্বং প্রতিপাদয়িত্বং বিশিনষ্টি,—উত্তমং পবিত্রং লিঙ্গদেহপর্যান্তদর্বপাপপ্রশামনাৎ ; যত্রকং পাদ্মে,—"অপ্রারন্ধকলং পাপং কৃটং বীজং ফলোন্থ্রম্। ক্রমেণেব প্রলীয়ন্তে বিষ্ণুভক্তিরভাত্মনাম্॥" ইতি,—ক্রমোহত্র পর্ণশতকবেধবদ্বোধ্যঃ। প্রত্যক্ষাবগ্যম্—অবগমাতঃ ইত্যবগমো বিষয়ঃ, দ যন্মিন্ প্রত্যক্ষেহন্তি,—প্রবাদিকেহভাত্মমানে তন্মিংন্তিদিবয়ঃ প্রক্ষোত্রমোহহুমাবির্ভবামি; এবমাহ স্ক্রেরার,—"প্রকাশক কর্মণ্ডাসাৎ" ইতি। ধর্মাং ধর্মাদনপেতং গুরুভক্ষবাদিধর্মেনিতাং প্রমাণন্ধ; শ্লুতিক,—"আচার্যবান্ প্রমোণ বেদ" ইত্যান্থা।

কর্ত্বং স্থাং প্রথমধান্য,—শ্রোজাদিব্যাপারমাজত্বাং তুলদীপাত্তাত্ব্ চুলুকমাজোপ-করণভাচ্চ। অব্যয়মবিনাশি,—মোক্ষেথপি তন্তান্ত্বত্তঃ। এবং বক্ষাতি,—'ভক্তাা মামভিজানাতি' ইত্যাদিনা; কর্মযোগাদিকং তু নেদৃশমতোহন্ত রাজবিত্বাত্বম্, তত্তাহুং,—রাজ্ঞাং বিত্যা, রাজ্ঞাং গুহুমিতি রাজ্ঞামিবোদারচেত্সাং কারুণিকানামিব দিবমপি তুচ্ছীকুর্বতামিয়ং বিত্যা, ন তু শীদ্রং পুরাদিলিপায়া দেবানভার্চতাং দীনচেত্সাং কর্মিণাম্; রাজ্ঞানো হি মহারম্ভাদিসম্পদ্পানিহ্, বানাঃ স্বমন্ত্রং যথাতিয়্বানিহ্,য়তে তথাত্যাং বিত্যামনিহ্,বানা মন্তক্তা এতামতি-যুত্বানিহ্ন বীর্নিতি; সমানমত্ত্ব ॥ ২ ॥

বঙ্গান্ধবাদ—'রাজবিতেতি'। শাণ্ডিল্য, বৈশ্বানর, দহরাদিশন্ধপূর্ণ বিভাসমূহের রাজা—শ্রেষ্ঠ, 'রাজবিত্তা'। জীরাত্মার যথার্থতন্তবহস্তস্চক গুঞ্চিণের রাজা—'রাজগুঞ্' ইহা ভক্তিরূপ জ্ঞান।—"রাজদন্তাদিত্বাত্মসারে পাণিনির মতে উপসর্জনীভূতপদ প্রেনিপাতঃ" (এই পাণিনিস্ত্রাত্মসারে পাণিনির মতে উপসর্জনীভূতপদ প্রে বেদ কিন্তু 'রাজদন্তাদিয়ু পরম্' এই স্ত্রান্থসারে—বিত্যা ও গুঞ্চ শন্দ পরেই ব্যবহৃত হইয়াছে)। তাহারই প্রকৃত স্বরূপ প্রতিপাদন করিতে ইচ্ছুক হইয়া বিশ্লেষণ করা হইতেছে—উত্তম পরিত্র, লিঙ্গ-দেহ পর্যান্ত সমন্ত পাপের প্রশান হৈতু। যাহা পদ্মপুরাণে বলা হইয়াছে —"ফলোমুথ, অপ্রারন্ধদল, কূট, বীজতুল্য পাপ ক্রমে ক্রমে বিশ্লু-ভক্তিতে রত ব্যক্তিদিগের লয় হইয়া যায়" ইতি। ক্রম শন্দের অর্থ এখানে একত্রে শতপত্রভেদের ক্রায় জানিবে। প্রত্যক্ষাবগম—যাহা অবগম (জানা) করা যায়, এই হেতু অবগম শন্দের অর্থ বিষয়। দে যে প্রত্যক্ষে আছে—শ্রবণাদির অভ্যাসরত দেই ব্যক্তিতে তিষয়ক পুরুষোত্তম আমি আবিভূতি হই। এই প্রকারই স্ত্রকার বিলিয়াছেন—"প্রকাশ শুধু কর্ম্যের অভ্যাস হইতেই হয়।"—ইহা।

ধর্ম্ম্য হইতে অনপেত (অভ্রন্ত )। গুরুগুশ্রাদিধর্ম্মের দ্বারা নিত্য পুয়মাণ। শ্রুতিও—"আচার্য্যবান্ পুরুষই জানেন", ইত্যাদির দ্বারা। ইহার অমুষ্ঠানে উত্তমস্থ্য অর্থাৎ স্থথসাধ্য। শ্রোত্রাদি ব্যাপারমাত্র সাধ্য এবং পাত্রে তুলসী পত্র, জল গণ্ডুষ, মাত্রোপকরণস্বহেতু। অব্যয়—অবিনাশী, যেহেতু মোক্ষেও তাহার অমুর্ত্তি হয়, এই হেতু। এই রকম বলা হইবে—"ভক্তির দ্বারা আমাকে বিশেষরূপে জানে।" ইত্যাদির দ্বারা। কর্ম্যোগাদি কিন্তু এই রকম নহে, এই জন্মুই ইহার নাম রাজবিছা। সেই সম্পর্কে বলা হইতেছে—

রাজাদের বিতা, রাজাদের গুহ্, ইহা রাজাদের মত উদার-চিত্তসম্পন্ন এবং কারুণিকদিগের ন্যায় স্বর্গকেও তুল্লুজ্ঞানকারী লোকের মত এই বিতা। কিন্তু অতি সত্তর পুরাদির লিপাহেতু দেবতাদিগের বিশেষরূপে অর্চ্চনানিরত দীন-চিত্তসম্পন্ন কশ্মীদিগের ন্যায় নহে। রাজারা মহারত্মাদি সম্পদের উপর আসজি বা লোভ না রাথিয়া নিজের মন্ত্র অর্থাৎ মন্ত্রণাকে অতিশন্ন যত্ত্বের সহিত গোপন করিয়া থাকেন, তেমন আমার ভক্তগণ অন্ত বিতার প্রতি আসজি সম্পন্ন না হইয়া অতিশন্ন যত্বের সহিত এই বিতা যেন গোপন করে, অন্ত সমস্ত সমানই আছে॥ ২॥

তার ভূষণ—শাণ্ডিলা বিভা, বৈশ্বানর বিভা, দহর বিভা প্রভৃতি যাবতীয় বিভার রাজা—এই শুদ্ধা ভক্তি। জীবাত্মার যথার্থতত্ত্ববিষয়ক যাবতীয় গুহ রহস্তের রাজা—এই ভক্তিরপ জ্ঞান।

ইহা উত্তম পবিত্রতাকারক, কারণ ইহাতে লিঙ্গ দেহ প্যান্ত সর্বা পাপ বিনাশ করে, কেবল দৈহিক পাপ-নাশক মাত্র নহে।

পদ্পুরাণে পাওয়া যায়,—

বিষ্ণু ভক্তিতে রত অর্থাৎ আসক্ত মহাত্মাগণের প্রারন্ধ, অপ্রারন্ধ, কূট, বীজহরূপ যাবতীয় পাপ ক্রমশঃ নিঃশেষ প্রাপ্ত হয়।

শ্রীমদ্বাগবতে শ্রীশুক-বাক্যে পাই,—

"কেচিৎ কেবলয়া ভক্তাা বাস্থদেবপরায়ণাঃ। অঘং ধুন্বন্তি কাৎ স্থোন নীহারমিব ভাস্করঃ॥" (ভাঃ ৬।১।১৫)

অর্থাৎ কেবল বাস্থদেব-পরায়ণ ভক্তগণ কেবলা ভক্তির দারা স্র্যোদয়ে হিমরাশির দ্রীভূত হওয়ার ন্যায়, সমগ্র পাপকে সমূলে ধ্বংস করিয়া থাকেন।

কেবলা ভক্তির দ্বারা যে আতান্তিক পাপ নাশের কথা পাওয়া যায়, উহাও আনুষঙ্গিক ফলস্বরূপেই ঘটিয়া থাকে। তপসাদির দ্বারা কিন্তু তন্দ্রপ হয় না। যেমন শ্রীমদ্রাগবতে আছে,—"ন তথা হাঘবান্ রাজন্ পূরেত তপ-মাদিভিঃ" (ভাঃ ৬।১।১৬)।

শ্রীভক্তিরসামতদির্তে যে শুদা ভক্তির ছয়টি বৈশিষ্ট্য বর্ণিত হইয়াছে, তমধ্যে সর্ব্বাগ্রে 'ক্লেশল্লী' বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। উহাতে পাপ, পাপবীজ ও অবিভানাশের কথাই পাওয়া যায়। এবিষয়ে শ্রীমন্তাগবতে নিম্নলিখিত শ্লোক দ্রষ্টবা।

"খাদোহপি সত্যঃ সবনায় কল্পাতে" ( ৩।৩৩।৬ )

"কর্মাশয়ং গ্রথিতমুদ্গ্রথয়ন্তি সন্তঃ" ( ৪।২২।৩৯ )
তৈস্তাত্ত্বানি......তদপীশান্তিয় সেবয়া ( ৬।২।১৭ )

শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন, 'ভক্তিরূপ জ্ঞান 'অং' পদার্থ-জ্ঞান হইতেও পবিত্রতাকারক।

স্তরাং আত্মারাম পুরুষগণকেও আত্মারামত্ব ত্যাগ করাইয়া রুষ্ণ-সেবারামত্বে আকর্ষণ করে। যেমন আছে, "আত্মারামান্চ মৃনয়ো" (ভাঃ ১।৭।১০)। প্রান্ত্যকাবগম স্বরূপ—প্রত্যক্ষ অবগত হওয়া যায়, এইরূপ বিষয়। "প্রবণাদি অভ্যাস-পরায়ণ ব্যক্তির সেবোন্মুথ ইন্দ্রিয়-সমীপে পুরুষোত্তম শ্রীভগবান্ আবিভূতি হন।"

শ্রীল চক্রবর্ত্তিপাদ তদীয় টীকায় শ্রীমন্তাগবতের—

"ভক্তিঃ পরেশান্তভবো বিরক্তিরগুত্র চৈষ ত্রিক এককালঃ। প্রপদ্মমানস্থ যথাশ্বতঃ স্থাস্তম্ভিঃ পুষ্টিঃ ক্ষুদপায়োহন্ম্মাসম্॥" (১১।২।৪২)

শ্লোক উদ্ধার পূর্বাক দেখাইয়াছেন যে, "ভোজনকারী ব্যক্তির প্রতিগ্রাদেই যেরপ তৃষ্টি, পুষ্টি ও ক্ষ্ণানিবৃত্তিরপ কার্যাত্রয় সাধিত হয়, শরণাগত পুরুষের ভজনকালে সাধন দশাতেই সাধনের সঙ্গে সঙ্গে ভক্তি, পরেশাম্বভব ও বিরক্তি একসঙ্গেই অম্বভব হইয়া থাকে। ভক্তি ব্যতীত অহা কোন সাধনে সাধকাবস্থায় এইরপ প্রত্যক্ষ ফলাম্বভবের সম্ভাবনা নাই।"

গীঃ ১৮শ অধ্যায়ে "ভক্ত্যা মামভিজানাতি" শ্লোকও এপ্টব্য।

এবিষয়ে ব্ৰহ্মস্ত্তেও পাওয়া যায়,—

"প্রকাশণ কর্মগ্যভ্যাসাদিতি" (৩।২।২৫)

এই স্ত্তের শ্রীবলদেবকৃত গোবিন্দভায়ের মর্মে পাই,—

শ্রীভগবানের ধ্যান-নির্দ্মিত অর্চনাদি ক্রিয়ার অভ্যাদ হইতে তাঁহার প্রকাশ হইয়া থাকে।

ধর্ম্ম্য—ইহা গুরুজশ্রাদি ধর্মের দারা নিয়ত পৃয়মাণ। শ্রুতিও বলেন, 'আচার্যাবান্ ব্যক্তি সেই পুরুষকে জানেন।'

শ্রীল চক্রবর্তিপাদ বলেন,—সর্বধর্মের অকরণেও সর্বধর্ম দিন্ধ হয়, এ-সহন্ধে তিনি শ্রীমন্তাগবতের নারদের কথিত—"যথা তরোম্লনিষেচনেন তৃপান্তি তংস্কলভূজোপশাখাঃ। প্রাণোপহারাচ্চ যথেক্রিয়াণীং তথৈব সর্বার্হণ-মচ্যতেজ্যা॥"

অর্থাৎ বৃক্ষের মূলে জল সেচন করিলে যেমন তার স্কল্ধ, শাথা প্রভৃতি হৃপ্ত হয়, প্রাণে আহার দিলে যেমন সমস্ত ইন্দ্রিয় তৃপ্তি লাভ করে, সেইরূপ অচ্যুত অর্থাৎ বিষ্ণুর পূজার দারা দকলের পূজা হইয়া থাকে।

গীতাতেও পাওয়া ঘাইবে,—

"দর্বধর্মান্ পরিতাজা মামেকং শরণং ব্রজ"।

শ্ৰীমন্তাগবতেও পাওয়া যায়,—

"मर्काः मप्रक्रियारगन मप्रका नज्उश्मा।" ( ১১।२०।७७ )

অন্যত্র

"मः मिष्किई तिर्णायणम्" ( ১।२।১७ )

সুখসাধ্য—কেবলা ভক্তিযাজনে কর্ম-জ্ঞান-যোগাদি অমুষ্ঠানের স্থায় কোন ক্লেশ স্বীকার করিতে হয় না। ইহা শ্রোক্রাদি ব্যাপার্যাত্রেই অর্থাৎ শ্রুবণাদির দ্বারাই দিদ্ধ হয়। ইহাতে এক গণ্ডুষ জল, তুলদী পত্র ও একটি ক্ষুদ্র পাত্র মাত্র উপকরণ প্রয়োজন।

শীপ্রফাদের উক্তিতেও পাই,—

"ন ছচ্যতং প্রীণয়তো বহুবায়াদে।" ॥ ( ভাঃ ৭।৬।১৯ )

এই শ্লোকের টীকায় শ্রীল চক্রবন্তিপাদ বলেন,—

"কুটুন্দ-প্রীণয়নে যে প্রকার ক্লেশ, শ্রীহরির প্রীতি-সাধনে তজ্ঞপ ক্লেশ স্বীকার করিতে হয় না, তিনি সর্বাহ্বদয়ে অন্তর্গামীরূপে বর্তমান থাকায় অন্বেষণেরও কোন ক্লেশ নাই। সর্বাতঃ সর্বাপ্রকারে, এমন কি, মানসিক উপচারের দারা, সেবার সম্বামাত্রের দারা, শ্রবণকীর্তনাদি একটিমাত্র ভক্তান্ধ যান্ধনের দারা, তাহার প্রীতি সাধিত হয় বলিয়া তরিমিত্ত শ্রমাভাব।"

শীমদাগবতে আরও পা ওয়া যায়,—

"তং স্থারাধাম্জ্ভিরননাশরণৈন্ ভিঃ" (ভাঃ ৩।১৯।৩৬)
অর্থাৎ যিনি অনন্তশরণ সরলচিত্ত নরমাত্রেরই স্থারাধ্য।

শ্রীচৈতন্মচরিতামতেও পাই,—

"কৃষ্ণকৈ তুলসীজল দেয় যেই জন। তার ঋণ শোধিতে কৃষ্ণ করেন চিস্তন॥ জল-তুলসীর সম কিছু ঘরে নাহি ধন। তবে আত্মা বেচি' করে ঋণের শোধন॥" (আদি ৩।১০৪-১০৬)

গোতমীয় তন্ত্ৰবাক্যে পাওয়া যায়,—

"তুলসীদলমাত্রেণ জলস্থ চুলকেন বা। বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো ভক্তবৎসলঃ॥"

অব্যয়—ইহা মোকেও অবিনাশী। অর্থাৎ কর্মজ্ঞানাদির ন্যায় নশ্বর নহে। পরস্ক মৃক্তির পর ইহা স্বষ্ঠুভাবে অনুষ্ঠিত হয় বলিয়া ইহা অব্যয় ও নির্প্তণ।

গীতায় ১৮শ অধ্যায়ের ৫৫ শ্লোকে পরে ইহা পাওয়া যাইবে। কর্মযোগাদি দ্বারা এরপ ফললাভের সম্ভাবনা নাই। এই জন্মই ইহার রাজবিভাগ কথিত হইয়াছে। সেইজন্ম ইহাকে 'রাজবিদ্যা' এবং 'রাজগুহা' বলা
হয়। রাজাদিগের তাায় উদারচিত্তের, কারুণিক ব্যক্তিগণের তাায় স্বর্গকেও
তুচ্ছকারী ব্যক্তিগণের এই বিতা, কিন্তু শীঘ্র ফলকামী, পুত্রাদি কামনায় দেবতার
জ্বর্চনাকারী দীনচিত্ত কর্মীদিগের এই বিতালাভ হয় না। রাজাগণ মহারত্নাদি
সম্পদকেও ত্যাগ করিয়া যেমন স্ব-মন্ত্রণাকে অতিশয় যত্নের সহিত গুপু রাথেন,
সেই প্রকার আমার ভক্তগণ পূর্কোক্ত অন্ত বিত্যা ত্যাগ করিয়া, এই ভক্তিরূপ
বিত্যাকে যত্নের সহিত গোপনে ধারণ করিয়া থাকেন॥ ২॥

## অপ্রাদ্ধানাঃ পুরুষা ধর্মজ্যান্ত পরন্তপ। অপ্রাপ্য মাং নিবর্ত্তন্তে মৃত্যুসংসারবন্ধ নি॥ ৩॥

তাৰ্য স্বরন্থ । অস্ত ধর্মস্ত ( এই ধর্মের ) অপ্রদ্ধানাঃ পুরুষাঃ ( অপ্রদ্ধানা পুরুষগণ ) মাম্ ( আমাকে ) অপ্রাপ্য ( না পাইয়া ) মৃত্যুসংসার-বর্ম নি ( মৃত্যুক্ত সংসার পথে ) নিবর্জন্তে (প্রত্যাগমন করে )॥ ৩॥

অনুবাদ—হে পরস্তপ! এই ধর্ম্মের অনুষ্ঠানে শ্রদ্ধাশৃক্ত পুরুষগণ আমাকে প্রাপ্ত না হইয়া মৃত্যুপূর্ণসংসার-মার্গে পরিভ্রমণ করে॥ ৩॥ প্রীভজিবিনোদ—শ্রদ্ধাই এই জ্ঞানের মৃল, যেহেতু এই জ্ঞানের স্বরূপ যে সহজ বিশুদ্ধরতি, তাহা সর্বাগ্রে বদ্ধজীবের হৃদয়ে শ্রদ্ধা-রূপে উদিত হয়। হে পরস্কপ! যে-সকল জীবের শ্রদ্ধা উদিত হয় নাই, তাহারা এই পরমধর্মরূপ ভগবদ্রতিপ্রস্থ জ্ঞানকে লাভ করিতে অসমর্থ হইয়া আমা হইতে নিবৃত্ত হয় এবং ত্বস্ত সংসারবত্বে পতিত থাকে॥ ৩॥

শ্রীবলদেব—নরেবং স্থকরে ধর্মে স্থিতে ন কোহপি সংসরেদিতি চেত্তত্রাহ,—
অশ্রেদধানা ইতি। ধর্মস্রেতি কর্মণি ষষ্ঠা। ইমং মন্তজিলক্ষণং ধর্মং
শ্রুত্যাদিপ্রসিদ্ধপ্রভাবমপ্যশ্রদ্ধানা দৃঢ়বিশ্বাদেন তমগৃহুন্তঃ স্ততিমাত্রমেবৈতদিতি যে মন্তন্তে, তে মৎপ্রাপ্তয়ে সাধনান্তরাণ্যন্তিষ্ঠন্তোহপি ভক্ত্যবহেলনামামপ্রাপ্য মৃত্যুত্তে সংসারবর্ম্ব নিতরাং বর্তন্তে॥ ৩॥

বঙ্গান্ত্বাদ—প্রশ্ন—এই জাতীয় সহজসাধ্য ধর্ম অর্থাৎ ক্রফভক্তিতে অবস্থিত হইলে কেহই সংসারে জন্মগ্রহণ করিবে না—ইহা যদি বলা হয়, সেই সম্পর্কে বলা হইতেছে—'অশ্রদ্ধানা ইতি'। ধর্মস্ত ইহা কর্মতে ষষ্ঠা। ভাহার অর্থ—ধর্মকে যাহারা অশ্রদ্ধা করে, এই আমার প্রতি প্রগাঢ় ভক্তিস্বরূপ ধর্ম, যাহা বেদোক্ত প্রসিদ্ধপ্রভাব হইলেও তাহাতে কোন রক্ম শ্রদ্ধা প্রদর্শন করে না অর্থাৎ দৃঢ় বিশ্বাসের সহিত তাহাকে অর্থাৎ আমার ভক্তি ধর্মকে গ্রহণ না করিয়া, ইহা প্রশংসাবাদমাত্র ইহা যাহারা মনে করে, তাহারা আমাকে পাইবার জন্ত অন্যান্ত সাধনাদির অন্তর্গান করিলেও ভক্তির প্রতি অবহেলা করায় আমাকে না পাইয়া মৃত্যুপূর্ণ সংসার-পথে সর্বনা অবস্থান করে। ৩॥

তাসুভূষণ—শ্রীভগবান্ পূর্বিশ্লোকে ভক্তিকেই পরমফলপ্রদ ও অনায়াসলভ্য বলিয়া জানাইয়াছেন। স্থতরাং অনেকের মনে হইতে পারে যে, এরপ
স্থাসাধ্য উপায় থাকিতে, মানব কেন সংসারে নিপতিত হইয়া অশেষ রেশ
ভোগ করে? কারণ এতাদৃশ সর্বোৎকৃত্ত সহজসাধ্য উপায় অন্য মনে ও
অবিচলিতভাবে আশ্রয় করিলে, তাহাকে আর সংসারে নিপতিত হইতে
হয় না। এই আশক্ষার উত্তরে শ্রীভগবান্ এই শ্লোকে বলিতেছেন যে, যাহারা
ভক্তির এতাদৃশী মহিমা শ্রবণ করিয়াও এবং এই ভক্তিধর্ম বেদাদি সর্বাশাস্ত্রপ্রতিপাদিত ও প্রভাবসম্পন্ন জানিয়াও, ইহাতে অশ্রজাবান্ হইয়া অর্থাৎ দৃঢ়
বিশ্বাসের সহিত গ্রহণ না করিয়া, ইহাকে অতিস্থতিমাত্র মনে করে, এবং মৎ-

000

প্রাপ্তির জন্য অন্য সাধন অবলম্বন করতঃ মদীয় ভক্তি-ধর্মকে অবহেলা করার ফলে, আমাকে না পাইয়া, অশেষ যন্ত্রণাযুক্ত মৃত্যুপূর্ণ সংসার মার্গে নিরন্তর পরিভ্রমণ করিতে থাকে।

শ্রদাই ভক্তির মূলবীজ, এবং ভক্তির দারাই ভক্তবংসল শ্রীভগবান্ লভ্য হন। শ্রীচৈতন্মচরিতামুতেও পাওয়া যায়,—

''শ্রদ্ধাবান্ জন হয় ভক্তি অধিকারী। 'উত্তম', 'মধ্যম', 'কনিষ্ঠ'—শ্রদ্ধা-অহুদারী''॥ ( মধ্য ২২।৬৪ ) শ্রিদ্ধাতেও শ্রীমহাপ্রভু বলিয়াছেন,—

''ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব। গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা বীজ॥'' (মধ্য ১০।১৫১)

এই ভক্তিলতা বীজই শ্রদ্ধা, উহার আশ্রমে জীব শ্রীক্রঞ্চরণপ্রাপ্ত হইয়া প্রেমফল লাভ করিয়া থাকে। যে সকল ভাগ্যহীন ব্যক্তি সর্বপ্রশাস্ত-প্রতিপাদিত ভক্তিমার্গ অনাদর পূর্বক অন্ত উপায়ে শ্রীভগবান্কে পাইবার যত্ন করে, ভাহাদিগের সম্বন্ধে শ্রীমন্তাগবত বলেন,—"যং ন যোগেন…প্রাপ্নুমাৎ যত্নবানপি" (১১।১২।৮) অর্থাৎ ভক্তি ব্যতীত ইতর পন্থায় যত্নবান্ হইলেও যাহাকে পাওয়া যায় না।

শ্রুতির স্তবেও পাই,—'য ইহ যতন্তি…উপায়থিদঃ ব্যদনশতান্বিতাঃ" (ভাঃ ১০৮৭।৩৩) এই শ্লোকের শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্ম্মে পাই,— "যাহারা গুরুচরণ পরিচর্য্যা (যাহা ভক্তিপথের প্রধান আশ্রুয়) পরিত্যাগ করিয়া অন্য যোগাদি মার্গে মন দমন করিতে চায়, তাহারা স্ব স্থ উপায়-থির হইয়া বহু বিপদ সঙ্কুলান্বিতভাবে সংসার সিন্ধুতে অবস্থান করে।"

এতৎ বিষয়ে গীতার ৩।৩১, ৪।৪০, এবং ১২।২০ শ্লোক সমূহ আলোচ্য ॥ ৩॥

ময়া ততমিদং সর্বাং জগদব্যক্তমূর্ত্তিনা। মংস্থানি সর্বাভূতানি ন চাহং তেম্বস্থিতঃ॥ ৪॥

তাশ্বয়—ইদম্ দর্বাং জগৎ ( এই দমগ্র জগৎ ) অব্যক্তমূর্ত্তিনা ময়া (অতীন্দ্রিয় মূর্ত্তি আমাকর্ত্বক ) ততম্ ( ব্যাপ্ত ) দর্বভূতানি ( ভূতদমূহ ) মৎস্থানি ( আমাতে স্থিত ) অহম্ চ ( আমি কিন্তু ) তেমু ( তৎদমূহে ) ন অবস্থিতঃ ( অবস্থিত নহি ) ॥ ৪ ॥

অনুবাদ—এই সমগ্র জগৎ অতীক্রিয়ম্তি আমাকর্ত্ক ব্যাপ্ত, সম্দয় ভূত আমাতে অবস্থিত, কিন্তু আমি তৎসমূহে অবস্থিত নহি॥ ৪॥

শীভাজিবিলোদ—অব্যক্তমূর্ত্তি অর্থাৎ অতীন্ত্রিয়মূর্ত্তিম্বরূপ আমি এই শমন্ত-জগতে ব্যাপ্ত আছি; চৈতন্তম্বরূপ আমাতেই সমন্ত ভূত অবস্থিত। ঘটাদিতে মৃত্তিকা যেরূপ অবস্থিত থাকে, আমি সেরূপ অবস্থিত নই অর্থাৎ জগৎ যে আমার পরিণাম বা বিবর্ত্ত, তাহা নয়; আমি—পূর্ণবিভূ-চৈতন্ত্র-ম্বরূপ, আমার শক্তি-প্রভাবে এই জগৎ উৎপন্ন হইয়াছে; আমার শক্তিই ভাহাতে কার্য্য করেন। কিন্তু আমি পূর্ণ-চৈতন্তম্বরূপ একটি পৃথক্ তব্ব ॥ ৪ ॥

শ্রীবলদেব—অথ স্বভক্তা দীপকমন্ত্ত- স্বৈশ্বর্যামাহ,—ময়েতি। অব্যক্তা ইব্রিয়াপ্রাহ্যা মৃত্তিঃ স্বরূপং যন্ত তেন সন্না দর্বামিদং জগততং ধর্ত্বং নিয়ন্তং চ ব্যাপ্তম্। অতএব দর্বাণি চরাচরাণি ভূতানি ব্যাপকে ধারকে নিয়ামকে চ মন্ত্রি ছিতানি ভবস্তীতি তেষাং শ্বিতির্যাদ্ধীনা; তেমু দর্বেষ্ ভূতেষহং ন চাবস্থিতো মম স্থিতিস্তদধীনা নেত্যর্থঃ। ইহ নিথিলজগদন্তর্যামিণা স্বাংশেনান্তঃ প্রবিশ্ব নিয়ন্ত্রামি দধামি চেত্যুক্তম্; আহ চৈবং শ্রুতিঃ,—
"যং পৃথিব্যাং তিষ্ঠন্" ইত্যাদিনা; ইহাপি বক্ষ্যতি,—'বিষ্টভ্যাহমিদং
কুৎস্মম্' ইত্যাদি॥ ৪॥

বঙ্গান্ধবাদ—অনন্তর স্বীয় ভক্তির উদ্দীপক স্বীয় অভুত ঐশর্যোর বিষয় বলা হইতেছে—'ময়েতি'। অব্যক্ত—ইন্দ্রিয়াতীত মূর্ত্তি বা স্বরূপ যাঁহার দেই সামি এই সমস্ত বিস্তৃত জগংকে ধারণ করিতে এবং নিয়ন্ত্রণ করিতে পরিবাাপ্ত আছি। অভএব সমস্ত চর ও অচর জীবগণ ব্যাপক, ধারক ও নিয়ামক আমাতেই স্বস্থিত থাকে; এই হেতু তাহাদের স্থিতি আমারই অধীন। সেই সকল ভূতে আমি কিন্তু অবস্থিত নহি, আমার স্থিতি তাহাদের অধীন নহে, ইংই অর্থ। এথানে নিখিল জগতের অন্তর্যামী আমার স্বীয় অংশের দ্বারা তাহাদের অভ্যন্তরে প্রবেশ করিয়া ধারণ করিয়া থাকি; ইহাই বলা হইয়াছে। শুতিও এই প্রকার বলিয়াছেন—"যিনি পৃথিবীতে থাকিয়া পৃথিবীর আন্তর" ইত্যাদির দ্বারা, এথানেও বলা হইবে—'আমি সকলকে ধারণ করিয়া এই কৃৎস্ব জগৎকে" ইত্যাদি॥ ৪॥

অনুভূষণ—শ্রীভগবান্ বর্ত্তমানে স্বভক্তি-উদীপক নিজ অন্ত ঐশর্যোর কথা কয়েকটি লোকে বলিতেছেন,—এই সমগ্র জগৎ ধারণ ও নিয়ন্ত্রণ-নিমিত্ত অব্যক্তমূর্ত্তি আমা-কর্তৃক ব্যাপ্ত এবং চরাচর সর্বভূত বা প্রাণী আমার অধীনেই অবস্থিত। আমি স্বাংশতত্ত্বের দারা নিথিল অন্তর্য্যামীরূপে সকলের অভ্যন্তরে প্রবেশ করিয়া অবস্থিত আছি। এ বিষয়ে গীতা ১০।৪২ শ্লোক দ্রপ্তব্য ।

শ্রুতিতেও পাওয়া যায়,—'তৎস্ট্বা তদেবান্থপ্রাবিশৎ।' ( তৈত্তিরীয় ২।৬।২ ) আরও—''যতো বা ইমানি ভূতানি জায়ন্তে।" (ঐ—৩।১)

বৃহদারণ্যকেও পাওয়া যায়,—

যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো...আত্মান্তর্য্যাম্যমৃতঃ। (৩।৭।৩) শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্ম্মে পাওয়া যায়,—

"অতএব 'মৎস্থানি'—কারণভূত পূর্ণ চৈতন্তস্বরূপ আমাতে স্থিত 'সর্বাণি ভূতানি'—চরাচর জীব সমূহ অবস্থিত। এইরূপ হইলেও আমি অসঙ্গ বলিয়া স্বকার্য্য ঘটাদিতে মৃত্তিকা যেরূপ অবস্থিত থাকে, আমি সেরূপ অবস্থিত নহি।"

এ বিষয়ে শ্রীমন্তাগবতের—"য়ং পঞ্চভূতরচিতে…বন্দে পরং প্রকৃতিপুরুষয়োঃ পুমাংসম্।"—৩৩১।১৪ শ্লোক এবং "তত্মান্ন সন্ত্যমী"—১০৮৫।১৪ শ্লোক আলোচ্য।

ৰীচৈতত্তচিবতামতেও পাওয়া যায়,—

''ব্রহ্ম হইতে জন্মে বিশ্ব, ব্রহ্মেতে জীবয়। সেই ব্রহ্মে পুনরপি হয়ে যায় লয়'। (মধ্য ৬।১৪৩)॥ ৪॥

ন চ মৎস্থানি ভূডানি পশ্য মে যোগবৈশ্বরম্। ভূতভূম চ ভূতস্থো মমান্মা ভূতভাবনঃ॥ ৫॥

ভাষর—ভূতানি চ (ভূত সমূহও) ন মংস্থানি (আমাতে স্থিত নহে) মে (আমার) ঐশবম্ যোগম্ (অসাধারণ যোগৈশ্ব্যা) পশ্য (দর্শন কর) মম (আমার) আত্মা (স্বরূপ) ভূতভূৎ (ভূতগণের ধারক) ভূতভাবনঃ চ (এবং ভূতগণের পালক) ন ভূতস্থঃ (পরস্ত ভূতগণে অবস্থিত নহে)॥ ৫॥

অনুবাদ — ভৃতসমূহও আমাতে অবস্থিত নহে, আমার অঘটন-ঘটন চাতুর্য্যময় অসাধারণ যোগৈশ্বর্য্য দর্শন কর, আমার আত্মা ভৃতগণের ধারক এবং ভৃতগণের পালক হইলেও ভৃতগণে স্থিত নহে॥ ৫॥

ত্রীভক্তিবিলোদ—যেহেতু আমি বলিলাম যে, আমাতেই সর্ব্বভূত অবস্থিত, তাহাতে এরপ বুঝিবে না যে, আমার শুদ্ধস্বরূপে ভূতসকল অবস্থিত;

যেহেতু, আমার যে মায়াশক্তি-প্রভাব, তাহাতে সমস্তই অবস্থিত আছে। তোমরা জীববৃদ্ধি-দ্বারা ইহার সামঞ্জ করিতে পারিবে না, অতএব ইহাকে আমার ঐশ্বর-যোগ জ্ঞান করিয়া, আমার শক্তি-কার্যাকে আমার কার্যাবোধে আমাকে ভূতভূৎ, ভূতস্থ ও ভূতভাবন জানিয়া এই স্থির করিবে যে, আমাতে দেহ-দেহীর ভেদ না থাকায় আমি—সর্বস্থ হইয়াও নিতান্ত অসঙ্গ ॥ ৫॥

শ্রীবলদেব—নয়তিগুরুং ভারং বহতস্তে মহান্ থেদঃ স্থাদিতি চেন্তরাহ,—
ন চেতি। ঘটাদাবুদকাদীনীব ভারভ্তানি সংস্থানি চ ভ্তানি ময়ি ন সন্থি।
তর্হি মৎস্থানি সর্বভ্তানীত্যুক্তির্বিরুদ্ধেতেতি চেন্তরাহ,—পশ্রেতি। মে ঐশরং
মদসাধারণং যোগং পশ্র জানীহি;—"যুজ্যতেহনেন ছর্ঘটেষু কার্যোষু" ইতি
নিরুক্তের্যোগোহবিচিন্ত্যশক্তিবপুঃ সত্যসঙ্কল্পতা-লক্ষণো ধর্মস্তমিত্যর্থঃ। এতদেব বিক্ষুটয়তি,—ভৃতভূদিতি; ভৃতভূৎ ভূতানাং ধারকঃ পালকণ্চাহং
ভূতস্থো ভূতসংপ্ক্রো নৈব ভবামি; যতো মমাত্মা মন এব ভূতভাবনঃ
সত্যসঙ্কল্পতা-লক্ষণেনৈশ্বরেণ যোগেনৈবাহং ভূতানাং ধারণং পালনঞ্চ করোমি,
ন তু স্বমূর্ত্তিব্যাপারেণেত্যর্থঃ। শ্রুতিশ্চৈবমাহ,—"এতশু বা অক্ষরশ্র প্রশাদনে
গার্গি স্বর্যাচন্দ্রমসৌ বিশ্বতৌ তির্গত এতশ্র বা অক্ষরশ্র প্রশাদনে গার্গি
ভাবাপ্থিব্যৌ বিশ্বতে তির্গতঃ" ইত্যাদিনা। যভ্যপি স্বরূপান্ন মনো ভিন্তং,
তথাপি সন্তা সতীত্যাদিবিদ্বিশেষাদ্বান্তবং ভেদকার্য্যমাদার্ট্যেব তথোক্রং
বোধ্যম্॥ ৫॥

বঙ্গান্ধবাদ—প্রশ্ন—অতিশয় গুরুভার বহনশীল তোমার পক্ষে মহৎথেদ (কন্ত ) হইবে—ইহা যদি বলা হয়, তত্ত্তরে বলা হইতেছে—'নচেতি'। ঘটাদিতে জলের মত. আমাকর্তৃক ব্যাপ্ত প্রাণিগণের (ভারবহনে কোন কন্ত হয় না, অর্থাৎ) ভার আমাতে থাকে না। তাহা হইলে 'সমন্ত প্রাণী আমাতেই অবস্থান করে' এই উক্তির ব্যাঘাত হয়—ইহা যদি বল, তত্ত্তরে বলা হইতেছে—'পগ্রেতি,' আমার ঐশ্বর্যা অর্থাৎ আমার অসাধারণ যোগ দেখ অর্থাৎ জানিও। যোগশন্দের ব্যুৎপত্তি—''ইহার দ্বারা হুর্ঘট (হঃসাধ্য) কার্য্যেতেও মন সংযোজিত হইয়া থাকে'', এই নিরুক্তির দ্বারা যোগ শন্দের অর্থ—অচিন্তনীয়শক্তিশ্বরূপ এবং সত্যসন্ত্রন্তাদিলক্ষণ ধর্ম। ইহাই বিশেষরূপে বলা হইতেছে—'ভূতভূদিতি,' ভূতভূৎ—প্রাণীদিগের ধারক এবং পালক আমি কিন্তু প্রাণিগণের মধ্যে অবন্থিত নহি। তাহাদের সহিত সংযুক্ত (মিলিত) হই না

( অতএব ভারও আমার বহন করিতে হয় না )। যেই হেতু আমার আত্মা—
মনই ভৃতভাবন অর্থাৎ সত্যসঙ্কল্পতালক্ষণ ঐশ্বরিক যোগের দ্বারাই আমি
প্রাণীদিগকে ধারণ এবং পালন করিয়া থাকি; কিন্তু স্বীয় মূর্ত্তির দ্বারা নহে।
ইহাই অর্থ। শ্রুতিও এইরূপ বলিয়াছেন—"হে গার্গি। এই অক্ষরের (নিত্য ও
অপরিণামশীল ভগবানের ) প্রশাসনেই ( আজ্ঞার ) স্থ্য ও চন্দ্র বিশেষরূপে
ধৃত হইয়াই অবস্থান করিতেছে অথবা (এবং) এই অক্ষরেরই প্রশাসনে হে গার্গি।
অন্তরীক্ষ ও পৃথিবী ধৃত হইয়াই অবস্থান করিতেছে" ইত্যাদির দ্বারা। যদিও
আমার স্বরূপ হইতে আমার মন ভিন্ন নহে তথাপি সত্তা সতী ইত্যাদির ন্যায়
বিশেষভাবে বাস্তবভেদকার্ঘ্যকে গ্রহণ করিয়াই এইরূপ বলা হইয়াছে,
জানিবে॥ ৫॥

অকুভূমণ—যদি কেহ পূর্বপক্ষকরতঃ বলেন যে, শ্রীভগবানের এবম্বিধভাবে সর্ববভ্তগণকে ধারণ করিতে হইলে, অতিশয় গুরুতর ভারবহনজনিত রেশ পাইতে হইবে। তত্ত্বরে শ্রীভগবান্ বলিতেছেন যে, তাঁহার সংসর্গবিশিষ্ট প্রাণিগণ, ঘটে জলধারণের ন্যায় অবস্থিত নহে, কারণ তিনি অসঙ্গ। এ বিষয়ে যদি কেহ বলেন যে "মৎস্থানি সর্ববভ্তানি"—এই ভগবছক্তির কি প্রকারে সমাধান হইবে? তত্ত্বরে শ্রীভগবান্ বলিতেছেন যে, তাহা হইলে, আমার অসাধারণ যোগ-ঐশ্বর্যের বিষয় জান। আমি অবিচিন্তা শক্তিশালী এবং সত্যসঙ্কর ধর্মবিশিষ্ট—স্বতরাং তদ্বারাই তুর্ঘট কার্য্যসমূহ সম্পাদিত হইয়া থাকে। ইহা স্পষ্টভাবে বুঝাইতে গিয়া বলিতেছেন যে, আমি ভূতগণের ধারক ও পালক হইয়াও ভূতগণের সহিত সংপূক্ত অর্থাৎ যুক্ত বা মিলিত নহি। যেহেতু আমার আত্মা অর্থাৎ মনই সত্যসঙ্করতালক্ষণরূপ যোগের দ্বারা ভূতগণের ধারণ ও পালন করিয়া থাকে। নিজ স্বমূর্ত্তিতে অর্থাৎ স্থ-স্বরূপে করিতে হয় না। আমার মন যাহা সঙ্কর করে, তাহাই সিদ্ধ হইয়া থাকে, ইহাতে আমার রেশের লেশ মাত্র নাই।

বৃহদারণ্যক শ্রুতিতে পাওয়া যায়,—যে শ্রীভগবানের প্রশাসনেই চক্র ও স্থ্য ধৃত হইয়া অবস্থান করে এবং স্বর্গ ও পৃথিবী ধৃত হইয়া অবস্থান করে ইত্যাদি— ( ৩৮। ২ )।

যদিও শ্রীভগবানের স্বরূপ ও মন ভিন্ন নহে তথাপি সতা সতী ইত্যাদির স্থায় বাস্তবভেদকার্যাকে গ্রহণ কবিয়াই এইরূপ বল হইয়াছে জানিবে। শ্রীল চক্রবর্তিপাদ এম্বলে চীকায় বলিয়াছেন যে, "মম—ভগবান্ আমাতে দেহদেহি-বিভাগ না থাকায়, 'রাহুর শির'—এখানে যেমন অভেদে ষ্ট্রী, সেইরূপ ষ্ট্রীর প্রয়োগ হইয়াছে।"

"দেহদেহি-বিভাগশ্চ নেশ্বরে বিহুতে কচিৎ",

শ্রীভগবানের এই অদ্ভূত ঐশর্যোর কথা শ্রীমন্তাগবতেও পা ৪য়া যায়,—
"এতদীশনমীশস্ত প্রকৃতিস্থাহিপি তদ্পুণৈ: ন যুজাতে।" (১।১১।৩৮) অর্থাই
ইহাই ঈশরের ঈশিতা যে তিনি প্রকৃতিতে অধিষ্ঠিত হইয়াও প্রাকৃতিক গুণের
দারা লিপ্ত হন না। এইরূপ অঘটন-ঘটনাই তাঁহার ঐশরিক যোগ। ইহা
কিন্তু মানব চিন্তার অতীত। তিনি ভূতগণের ধারক ও পালক হইলেও
তাঁহার স্বরূপ ভূতস্থ নহেন অর্থাই ভূতগণের ন্যায় অহন্ধারের আশ্রয়ে তিনি
সংশ্লিষ্ট নহেন—ইহাও তাঁহার ঐশ্রিক শক্তি।

এ বিষয়ে শ্রীচৈতক্যচরিতামতেও পাই,—

"আমি ত' জগতে বিসি, জগং আমাতে। না আমি জগতে বিসি, না আমা জগতে॥ অচিস্তা ঐশ্বৰ্যা এই জানিহ আমার। এই ত গীতার অর্থ-কৈল পরচার॥ (আদি ৫৮৯-৯০)॥ ৫॥

## যথাকাশস্থিতো নিত্যং বায়ুঃ সর্ব্বত্রগো মহান্। তথা সর্বাণি ভূতানি মৎস্থানীভ্যুপধারয়॥ ৬॥

তাষ্য়—যথা (যেরপ) বায়ঃ সর্বত্রগঃ ( সর্ব্রব্যাপী ) মহান্ ( অপবিদীম )
[অপি—হইলেও ] নিতাং ( নিরম্ভর ) আকাশস্থিতঃ ( আকাশে অবস্থিত )
তথা ( সেইরপ ) সর্বাণি ভূতানি ( যাবতীয় ভূতসমূহ ) মংস্থানি ( আমাতে
অবস্থিত ) ইতি ( ইহা ) উপধারয় ( অবধারণ কর ) ॥ ৬ ॥

অনুবাদ— যেরপ বায়ু সর্বব্যাপী ও অপরিসীম হইলেও নিরম্ভর আকাশে অবস্থিত থাকে, ( কিন্তু তাহাতে আকাশের সঙ্গ হয় না ), সেইরপ যাবতীয় ভূতগণ আমাতে অবস্থান করে, ( তথাপি আমি তাহাতে অবস্থিত নহি ), ইহা অবগত হও॥ ৬॥

শ্রীভক্তিবিনোদ—এইরপ সম্বন্ধের জড়ীয় উদাহরণ সম্ভোষকর নয়; অতএব এই তত্ত্ব-সম্বন্ধে বন্ধ-জীবের ধারণা হয় না। কিন্তু কোন কোন অংশে একটি व्यावकार्यम् गावा

উদাহরণ দেওয়া যায়, তাহা বলিতেছি; বিচারপ্র্বক তুমি তাহার সমাক্ ধারণা না করিতে পারিলেও উপধারণা করিতে পারিবে। আকাশ—একটি সর্বব্যাপী বস্তু, তাহাতে বায়ু অর্থাৎ পরমান্ধাদির যে চালনা, তাহা সর্বত্র গতিবিশিষ্ট; তথাপি আকাশ সকলের আধার হইয়াও সর্বাদা নিঃসঙ্গ। তদ্রপ আমার শক্তিতেই সর্বভৃতের উদয় ও গতি হইয়াও আকাশস্থানীয় আমি—সর্বাদা নিঃসঙ্গ॥ ৬॥

শ্রীবলদেব—চরাচরাণাং দর্বেষাং ভূতানাং মৎসংকল্পায়ত্তা স্থিতি-বৃত্তিক্তেত্তাত্র দৃষ্টান্তমাহ,—যথেতি। যথা নিরালম্বে মহত্যাকাশে নিরালম্বে মহান্ বায়ুং স্থিতঃ সর্বত্র গচ্ছতি; তস্ত তস্ত চ নিরালম্বত্যা স্থিতির্মৎসঙ্কল্পাদেব প্রবৃত্তিক্তেত্তান্তর্যামিব্রাহ্মণাৎ,—"যন্তীযাবাতঃ পবতে" ইতি-শ্রুতান্তরাচ্চোপধারয়েতি। তথা সর্বাণি স্থিরচরাণি ভূতানি মৎস্থানি তৈরসংস্প্রে ময়ি স্থিতানি মহার সঙ্কল্পাত্রেণ ধ্রতানি নিয়মিতানি চেত্যুপধার্ম; অন্তথা আকাশাদীনি বিশ্রংশেরম্বিতি॥ ৬॥

বঙ্গান্ধবাদ—চরাচর সমস্ত প্রাণিবর্গের আমারই সংকল্পায়তাবস্থিতি ও বৃত্তি; এই সম্পর্কে দৃষ্টান্ত বলা হইতেছে—'যথেতি'। যেমন অবলম্বন (আধার) বিহীন মহৎ আকাশে নিরালম্ব মহৎ বায়ু থাকিয়াই সর্বত্র গমন করে (তেমন)—সেই আকাশের ও বায়ুর নিরালম্বতাপূর্বক অবস্থিতি ও কার্য্য আমার সংকল্প হইতেই।—ইহা অন্তর্য্যামী ব্রাহ্মণ হইতেই শ্রুত হইতেছে; যেই হেতু ('ভিয়া') (যাহার ভয়ে বা আকেশে) বায়ু প্রবাহিত হয়, এই জাতীয় অন্য শ্রুতি হইতেও জানিবে। সেই রকম স্থির ও চর সমস্ত ভূতই আমাতে অবস্থিত আছে, তাহাদের ধারা অসংস্কৃত্ত আমাতেই থাকে। আমিই সংকল্পের ধারাই (ইচ্ছা ধারাই) ধারণ করিয়া পরিচালনা করি; ইহা জানিবে। যদি ইহা না করিতাম—তবে (নিরালম্ব আকাশ ও বায়ু) এই হইয়া যাইত। ইতি॥ ৬ ॥

অসুস্থান—চরাচর দর্ব ভূতগণের ভগবদিছার অধীনেই যে স্থিতি ও বৃত্তি সাধিত হয়, তাহাই দৃষ্টাস্তের দারা বুঝাইতেছেন। অবলমনশৃত্ত মহৎ আকাশে মহাবায় যেমন অবস্থিত হইয়া দর্বত্ত গমন করিতেছে, এতহ্ভয়ের স্থিতি ও প্রবৃত্তি অন্তর্যামী ভগবানের দক্ষামুদারেই হইয়া থাকে।

এতদ্বিষয়ে তৈত্তিরীয় উপনিষদ ২। এবং কঠোপনিষদ ৬৩ ক্রপ্তরা। পরবন্ধের ভয়ে বায়ু প্রবাহিত হয়, তাঁহার ভয়ে স্থ্য উদিত হয়, তাঁহারই ভয়ে অগ্নি, চন্দ্র ও মৃত্যু ধাবিত হইয়া থাকে। এতদারা ইহাই প্রতিপন্ন হয় যে, ইহারা সকলে শ্রীভগবানের সংকল্লাধীন, ইহাতে কোন সন্দেহ নাই।

এ বিষয়ে শ্রীরামাত্মলাচার্যা বেদবিদ্ মহাজন বাকা উদ্ধার করিতেছেন যে,
— "মেঘোদয়, সম্জের স্থিরতা, চল্রের হ্রাসবৃদ্ধি, বায়ুরক্ষূরণ ( ঝটিকাদি ),
বিদ্বাং প্রকাশ এবং স্থাের দিন-রাত্রি-জননী গতি, এই সম্দয়ই বিষ্ণুর অনহা
সাধারণ অতিশয় আশ্চর্যাজনক মায়ার বিচিত্রতা-প্রতিপাদক।"

স্তরাং স্থির-চর সমগ্র ভূতসমূহ আমাতে অবস্থিত ইইয়াও আমার দারা অসংস্টভাবে মৎকত্ ক সঙ্গলমাত্রেই ধৃত এবং নিয়মিত; ইহা বিচার পূর্বাক নিশ্চয় কর। তাহা না হইলে, আকাশাদি ভ্রত হইয়া যাইত।

এ বিষয়ে শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্ম্মে পাই,—"আকাশ জড় থাকিয়া অসঙ্গ এবং চেতনের অসঙ্গত্ব জগদধিষ্ঠানের অধিষ্ঠাতৃত্ব জন্ম ইহা পরমেশ্বর বিনা অন্তব্য অসন্তব, ইহা দারাই অতর্ক্যত্ব সিদ্ধ, সেক্ষেত্রেও আকাশের দৃষ্টান্ত লোক সমূহের বৃদ্ধি সহজে প্রবেশ করিবে বলিয়াই জানিতে হইবে॥ ৬॥

## সর্বভূতানি কোন্তেয় প্রকৃতিং যান্তি মামিকাম্। কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদো বিস্ঞাম্যহম্॥ ৭॥

তাব্য — কোন্তেয় ! কল্লক্ষয়ে (প্রলয়কালে) সর্বাণি ভূতানি (যাবতীয় ভূত ) মামিকাম্ প্রকৃতিং (মদীয়া প্রকৃতিতে) যান্তি (লীন হয়) পুনঃ (পুনরায়) কল্লাদৌ (স্ষ্টিকালে), তানি (সেই সকলকে) অহং (আমি) বিস্জামি (বিশেষভাবে স্জন করি)॥ १॥

অনুবাদ — হে কোন্তেয় ! প্রলয়কালে ভূতসমূহ মদীয়া প্রকৃতি মায়াতে লীন হয়, পুনরায় স্প্রকালে তাহাদিগকে আমি বিশেষভাবে স্থান করি॥ १॥

প্রীভক্তিবিনোদ—হে কোস্তেয়! কল্প-সমাপ্তি হইলে সমস্ত ভূত আমারই প্রকৃতিতে প্রবেশ করে, এবং পুনরায় কল্লারস্তে প্রকৃতি-দ্বারা আমি তাহাদিগকে সৃষ্টি করি॥ १॥

শ্রীবলদেব—সদংকরাদেব ভূতানাং স্থিতিকক্তা। অথ তথাদেব তেষাং দর্গপ্রনাবাহ,—সর্বেতি। হে কোন্তেয়, করক্ষয়ে চতুম্থাবদানকালে সর্বাণি ভূতানি মৎসঙ্করাদেব মামিকাং প্রকৃতিং যান্তি। প্রকৃতিশক্তিকে ময়ি বিলীয়তে করাদে প্রস্তান্তহমেব 'বহ স্থাম্' ইতি দহরমাত্রেণ বৈবিধান হজামি॥ ৭॥

वान इंगरग् गा इं।

বঙ্গান্ধবাদ—ভগবানের নিজের সংকল্প হইতেই প্রাণীদিগের অবস্থিতির কথা বলা হইয়াছে। অনস্তর সেই সঙ্কল্প হইতেই তাহাদের সৃষ্টি ও প্রলয় হয়—ইহা বলা হইতেছে—'সর্ব্বেতি'। হে কোস্তেয়! কল্পক্ষয়ে অর্থাৎ চতুম্থের অবসানকালে সমস্ত প্রাণীই আমার সংকল্প হইতেই মৎ সম্বন্ধীয়া প্রকৃতি প্রাপ্ত হয়। প্রকৃতিশক্তি-স্বরূপবিশিষ্ট আমাতে লয় হয়, কল্পের আদিতে পুনঃ সেইগুলি আমিই 'বহু হইব' এই সংকল্পমাত্রেই বিবিধরূপে স্কল্প করি॥ ৭॥

অনুভূষণ—শ্রীভগবানের স্বীয় সঙ্গল্লামুদারে ভূতগণের স্থিতির বিষয় বলিয়া এক্ষণে তাঁহার সঙ্গলামুদারে যে সৃষ্টি ও প্রলয় হইয়া থাকে তাহাই বলিতেছেন। কল্পম্যে ব্রহ্মার দ্বিপরার্দ্ধপরিমিত পরমায়ু অতীত হইলে যে প্রাকৃতিক প্রলয় ঘটে, তাহাতে শ্রীভগবানের সঙ্গলামুদারেই তাঁহার বহিরঙ্গশক্তি-প্রকৃতিতেই ভূতগণ প্রবেশ করিয়া থাকে এবং পুনরায় কল্পারন্তে শ্রীভগবানই স্বীয় ইচ্ছামুদারে বিবিধ প্রকারে স্কলন করিয়া থাকেন। এ বিষয়ে শ্রুতিতেও পাওয়া যায়,—'আমি বহু হইব'।

শ্রীমন্তাগবতে পাওয়া যায়,—

''দ্বিপরার্দ্ধে ত্বতিক্রান্তে ব্রহ্মণঃ পরমেষ্টিনঃ।

এষ প্রাক্বতিকো রাজন্ প্রলয়ো যত্র লীয়তে।" (১২।৪।৫-৬)॥ १॥

প্রকৃতিং স্বামবস্থত্য বিস্ফলামি পুনঃ পুনঃ। ভূতগ্রামমিমং কৃৎস্কমবশং প্রকৃতের্বশাৎ॥ ৮॥

অন্ধয়—স্বাম্ প্রকৃতিং (স্বীয় প্রকৃতিতে) অবষ্টভ্য (অধিষ্ঠান করিয়া) প্রকৃতিবর্গাৎ (প্রকৃতির স্বভাব বশতঃ) অবশং (কর্মপরতন্ত্র) ইমং (এই) কংস্ম্ (সমগ্র) ভূতগ্রামম্ (ভূতসকলকে) [অহং—আমি] পুনঃ পুনঃ (বার বার) বিস্ফামি (স্থিষ্টি করিয়া থাকি)॥৮॥

অনুবাদ—স্বীয় প্রকৃতিতে অধিষ্ঠিত হইয়া প্রাচীন কর্মনিমিত্ত প্রকৃতির বশহেতু কর্মপরতন্ত্র এই সমগ্র ভূতসমূহকে আমি পুনঃ পুনঃ স্ঞান করি॥৮॥

শ্রীভক্তিবিনোদ—এই ভূতজগৎ—আমারই প্রকৃতির অধীন। উহারা প্রকৃতির বশে অবশ হইয়া ইচ্ছাময় আমা-কর্তৃক পুনঃ পুনঃ স্বষ্ট হয়; আমি আমার প্রকৃতি-দারা তাহাদিগকে স্বষ্ট করি॥৮॥

ত্রীবলদেব —প্রকৃতিমিতি। স্বামাত্রীয়াং ত্রিগুণাং প্রকৃতিমবস্টভ্যাধিষ্ঠায়

चानजगर्गाजा

শক্ষমাত্রেণ মহদাগাত্মনা পরিণতে ময়োমং চতুর্বিধং ভূতগ্রামং বিস্কামি
প্নংপুনং কালে কালে। কীদৃশমিত্যাহ,—প্রক্তেঃ প্রাচীনকর্মবাসনায়া বশাং
প্রভাবাদবশং পরতন্ত্রং তথা চাচিস্তাশক্তেরসঙ্গস্তাবস্থ মম সন্ধ্রমাত্রেণ তত্তং
ক্বেতোন তৎসংসর্গান্ধো, ন চ কোহপি খেদলেশ ইতি॥৮॥

বঙ্গাসুবাদ—'প্রকৃতিমিতি', স্বীয়-আগ্রসম্পর্কীয়-দত্ত বজঃ ও তমোগুণাত্মিকা বিগুণা প্রকৃতিতে অধিষ্ঠান করিয়া সংকল্পমাত্রেই মহদাদি স্বরূপে পরিণত করিয়া এই জরাযুদ্ধ, অগুদ্ধ, স্বেদজ ও উদ্ভিজরপ চতুর্বিধ প্রাণীসমূহ পুনঃ পুনঃ ও যথাকালে ফলন করি। কীদৃশ ? তাহাই বলা হইতেছে—প্রকৃতির অথাং প্রাচীন কর্ম বাসনার বশেই অর্থাৎ প্রভাবেই অরশ অর্থাৎ পরাধীন, অতএব শিদ্ধান্ত এই, অচিন্তা শক্তিসম্পন্ন অসঙ্গ-স্বভাব আমি সংকল্পমাত্রেই তাহা করিয়া থাকি বলিয়া তাহার সহিত (প্রকৃতির সহিত) আমার কোন সংসর্গ-গদ্ধের লেশমাত্রও নাই। অতএব তাহাতে আমার কোনও থেদ-লেশ নাই॥৮॥

অমুভূষণ— শ্রীভগবান্ স্বীয় প্রকৃতিতে অধিষ্ঠিত হইয়া ঈক্ষণ-প্রভাবে প্রকৃতিব দাবা ভূতসমূহ পুন: পুন: কৃষ্টি করিয়া থাকেন। প্রলয়কালে যে জরায়ুজ, অগুজ, স্বেদজ ও উদ্ভিজ্জরণ চতুর্বিধ প্রাণীসমূহ প্রকৃতিতে লীন হইয়াছিল, সেই কর্মাদি-পরবশ অস্বতন্ত্র-ভাবাপন সকলকে পুন: পুন: ক্ষনকরেন। প্রাচীন কর্ম-বাসনাযুক্ত প্রকৃতির প্রভাবেই এই কৃষ্টি কার্যা হইয়া থাকে। শ্রীভগবান্ অচিস্তা শক্তিসম্পন্ন ও অসঙ্গ স্বভাব বিশিষ্ট। তাহার সঙ্গনাত্রই কৃষ্টি-কার্যা নির্বাহিত হয়। স্বতরাং সেজন্য তাহার সংস্কাগদ্ধ বা কোনপ্রকার থেদের লেশ থাকিতে পারে না।

খেতাশতর শ্রুতিতেও পাত্যা যায়,—

''অজামেকাং লোহিতভক্কঞাং

বহবীঃ প্রজাঃ স্ক্রামানাং সরপাঃ।" (৪।৫)

শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

"স এষ প্রকৃতিং স্ক্রাং দৈবীং গুণম্মীং বিভূ:। যদৃচ্ছব্যৈবোপগতামভাপত্ত লীল্যা॥ ( ৩।২৬।১ )॥৮॥

ন চ মাং তানি কর্মাণি নিবগ্নন্তি ধনঞ্জয়। উদাসীনবদাসীনমসক্তং তেম্বু কর্মস্থ॥ ১॥ সন্ধর—ধনঞ্জয় ! তেয়ু কর্মস্থ (সেই কর্ম সকলে) অসক্তং (অনাসক্ত) চ
(ও) উদাসীনবং আসীনং (উদাসীনের ন্যায় অবস্থিত) সাম্ (আমাকে) তানি
কর্মাণি (সেই কর্ম সমূহ) ন নিবঃস্থি (বদ্ধ করিতে পারে না॥ ১॥

অনুবাদ—হে ধনঞ্জয়। সেই স্ট্রাদি-কার্য্যে অনাসক্ত ও উদাসীনের স্থায় অবস্থিত আমাকে, সেই সকল কর্ম বন্ধন করিতে পারে না॥ २॥

শীভক্তিবিনাদ—কিন্ত, হে ধনপ্রয়! সেই সকল কর্ম আমাকে আবদ্ধ করিতে পারে না; আমি সেই সকল কর্মে অনাসক্ত ও উদাসীনবং থাকি। আমি বান্তব উদাসীন নই, চিদানন্দে সর্ম্বদা আসক্ত। সেই চিদানন্দের পুষ্টিকারিণী আমার মারা ও তটন্থা-শক্তিই এই ভূতগ্রাম স্বৃষ্টি করিয়া থাকে। আমার স্বরূপ তদ্বারা বিচালিত হয় না; ইহারা মায়ার বশীভূত হইয়া যাহা যাহা করে, তদ্বারা আমার শুদ্ধ-চিদানন্দ-বিলাসের পুষ্টিই হয়। জড়ীয়-ব্যাপার-সন্বন্ধে আমার উদাসীত্য-ভাব সহজেই পরিলক্ষিত হয়॥ ৯॥

শ্রীবলদেব—নন্থ বিষমাণি স্থিপালনলক্ষণানি কর্মাণি বৈষম্যাদিনা স্বাং
বর্গীয়ুরিতি চেত্তত্রাহ,—ন চেতি। তানি বিষমস্ট্যাদীনি কর্মাণি ন ময়ি
বৈষম্যাদি প্রসঞ্জয়ন্তি। তত্র হেতুগর্ভবিশেষণম্—উদাদীনবদিতি। জীবানাং
দেবমানবতির্য্যাদিভাবে তত্তদভূাদয়তারতম্যে চ তেষাং পূর্ব্বাজ্জিতানি
কর্মাণ্যেব কারণানি; অহং তেষ্ বিষমের্ কর্মসৌদাদীত্যেন স্থিতোহদক্ত ইতি
ন ময়ি বৈষম্যাদি-দোষগন্ধঃ। এবমাহ স্ত্রকারঃ,—''বৈষম্যনৈম্ব্ণা ন''
ইত্যাদিনা। উদাদীনত্বে কর্তৃত্বং ন সিন্ধ্যেদত উক্তম্,—উদাদীনবদিতি॥ ১॥

বঙ্গান্ধবাদ—প্রশ্ন—সৃষ্টি ও পালনরপ কার্যাের মধ্যে পরস্পর বৈষম্য অর্থাৎ বিরাধে থাকায়, এই বৈষমাাদিভাবহেতু তাহারা তোমাকেও বন্ধন করিবে। ইহা যদি বলা হয়—তত্ত্তরে বলা হইতেছে—'ন চেতি'। সেই সকল বিষমসৃষ্টি প্রভৃতি কর্মগুলি আমার উপর বৈষম্যাদির আপত্তি জন্মাইতে পারে না। এই সম্পর্কে হেতুগর্ভ বিশেষণের কথা বলা হইতেছে—'উদাসীন-বিদিতি'। দেবতা, মানব ও তির্যাগাদিভেদে জীবসমূহের উৎপত্তিতে তত্তৎ অভ্যাদয়ের তারতম্যে তাহাদের জন্মজন্মাজিত কর্মগুলিই কারণ বলিয়া জানিবে। আমি কিন্তু সেই সব পরস্পর বিষমকর্মেতে অতিশয় উদাসীয়ভাবেই অবস্থান করিয়া থাকি। অতএব আমি তাতে অসক্ত বলিয়া আমাতে বৈষম্যাদিদদেরের লেশমাত্রও নাই। এই প্রকারই বলিয়াছেন স্ত্রকার—আমার

2170

"বৈষমা ও নৈমু ণা নাই" (পরমাত্মস্বরূপ আমি বৈষমা ও নৈ স্থিণো সংস্ট নহি), ইত্যাদির দারা। যদি বল উদাসীনত্বে কর্তৃত্ব সিদ্ধ হইল কিরপে? তহ্তবে বলা হইয়াছে—'উদাসীনবদিতি'—উদাসীনের মত॥ ৯॥

অনুভূষণ—নানাবিধ বৈষ্মাযুক্ত সৃষ্টি ও পালন-লক্ষণ কর্মের দারা শ্রীভগবানের জীববৎ বন্ধন হয় না। কারণ পূর্বেও বলা হইয়াছে, শ্রীভগবান্ অচিষ্টাশক্তি-সম্পন্ন ও অসঙ্গ-স্বভাববিশিষ্ট। এক্ষণে পুনরায় বলিতেছেন যে, তিনি এই সকল কার্যা অনাসক্তের ক্যায় করিয়া থাকেন। দেব, মানব, তির্ঘাগাদি-ভাবে যে ভূতগণের অভাুদয়ের তারতমা ঘটে, তাহা তাহাদের পূর্বজনাজিত কর্ম-ফলেই হইয়া থাকে। এইসকল বৈষমাযুক্ত কর্মে তিনি উদাসীন হইয়াই অনাসক্তভাবে অবস্থান করেন। সেইজন্ম তাঁহার ইহাতে বৈষম্যের গন্ধও থাকিতে পারে না। এ বিষয়ে ব্রহ্মসূত্রেও পাওয়া যায়,—'ভগবানের বৈষমা ও নৈঘু ना नाहे" (२।२।१)। কেহ यिन वलन, छेमाभी त्मात पाता कड़्च সিদ্ধ হয় না, সেইজন্য বলিয়াছেন, উদাশীনের ন্যায়। শ্রীল চক্রবর্তিপাদ বলেন যে, ''অন্য উদাসীন যেমন বিবদমান অর্থাং পরস্পর বিরুদ্ধ তুঃখ-শোকাদি দারা সংস্ষ্ট হয় না, আমিও সেইরপ।"

শ্রীমদ্রাগবতেও পাই,—

"স এব বিশ্বং স্ত্জতি, স এবাবতি, হন্তি চ। তথাপি স্নহন্ধারো নাজাতে গুণ-কশ্মভিঃ॥" (৪।১১।২৫)

শ্রীচৈতগ্রচরিতামৃতেও পাই,—

"প্রকৃতি সহিতে তাঁর উভয় সম্বন্ধ। তথাপি প্রকৃতি-সহ নাহি স্পর্শ গন্ধ॥" ( আদি ৫।৮৬ )॥ २॥ ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্। হেতু নানেন কোন্তেয় জগদিপরিবর্ত্ততে॥ ১০॥

অন্বয়—কৌত্তেয়! ময়া অধ্যক্ষেণ (আমার অধ্যক্ষতায়) প্রকৃতিঃ সচরাচরম্ (চরাচর সহিত বিশ্বকে) স্মতে (উৎপাদন করে) অনেন হেতুনা (এই কারণে ) জগৎ বিপরিবর্ত্ততে ( পুনঃ পুনঃ পরিবত্তিত হয় )॥ ১०॥

- : অগ্নার অগ্নাক্ষরেপ নিমিত্র প্রভাবে মায়া চরাচর

সহিত এই বিশ্বকে উৎপাদন করে এবং আমার এই অধ্যক্ষতা-হেতু জগৎ পুনঃ পুনঃ উৎপন্ন ও লম্প্রাপ্ত হয়॥ ১০॥

শ্রিভক্তিবিনোদ—প্রকৃতি—আমারই শক্তি; আমার আশ্রয়েই আমার শক্তি কার্য্য করেন। আমার চিদ্বিলাস-সম্বন্ধিনী ইচ্ছা হইতে প্রকৃতিকে যে কটাক্ষ করি, তাহাতেই সর্ব্যকার্য্যে আমার অধ্যক্ষতা আছে; সেই কটাক্ষ-দ্বারা চালিত হইয়া এই চরাচর জগৎ প্রকৃতিই প্রসব করেন। এতরিবন্ধন এই জগৎ পুনঃ পুনঃ প্রাত্ত্তি হয়॥ ১০॥

শ্রীবলদেব—তৎ প্রতিপাদয়তি,—ময়েতি। সত্যসম্বান প্রকৃত্যধাক্ষেণ ময়া সর্বেশ্বরেণ জীবপূর্ববর্ণশাস্থাণতয়া বীক্ষিতা প্রকৃতিঃ সচরাচরং জগৎ স্থাতে জনয়তি বিষমগুণা সতী,—অনেন জীবপূর্ববর্ণশাস্থাণেন মন্বীক্ষণেন হতুনা তজ্জগদিপরিবর্ত্ততে পুনঃ পুনকন্তবতি। হে কৌস্তেয়! শ্রুতি-শৈচবমাহ,—"বিকারজননীমজ্ঞামন্তর্রপামজাং ধ্রুবাম্। ধ্যায়তেহধ্যাসিতা তেন তল্যতে প্রেরিতা পুনঃ। স্থাতে পুক্ষার্থক তেনৈবাধিষ্ঠিতা জগৎ ॥" ইতি সন্নিধিমাত্রেণাধিষ্ঠাত্তরাৎ কর্তৃত্বম্দাসীনক ন বিক্ষম্। "যথা সন্নিধিমাত্রেণ গন্ধঃ ক্ষোভায় জায়তে" ইত্যাদি শ্রুবণাক্ষৈতদেবং মদধিষ্ঠাত্মাত্রং থলু প্রকৃতেরপেক্ষাম্। মদ্বিনা কিমপি কর্ত্ত্বং ন সা প্রভবেৎ,—ন হুসতি রাজ্ঞঃ সিংহাসনাধিষ্ঠাত্ত্বে তদমাত্যাঃ কার্য্যে প্রভবঃ ॥ ১০ ॥

বঙ্গানুবাদ—তাহাই প্রতিপন্ন করা হইতেছে—'ময়েতি'। সত্যসন্ধন্ন ও জড়া প্রকৃতির অধ্যক্ষ অর্থাৎ পরিচালক সর্বেশ্বর আমাকর্ত্ক জীবের পূর্ব্ব (জন্মার্জিত) কর্মান্থবন্ধহেতু বীক্ষিতা প্রকৃতি এই সচরাচর বিশ্ববন্ধাওকে স্কন করিয়া থাকে, বিষমগুণা হইয়া। এই জীবের পূর্ব্বপূর্ব কর্মান্থসারী আমার বীক্ষণের হেতু সেই জগতের বিপরিবর্ত্তন হয় অর্থাৎ পূনঃ পুনঃ জগতের উদ্ভব হইয়া থাকে। হে কোস্তেয়! শুতিও এই রকম বলিয়াছেন—"(বিকৃত) জগতের জননী (কারণ) অজ্ঞা, অন্ত প্রকারা ও নিত্যা ও ধ্বনতা। প্রকৃতিকে ধ্যানকারী ব্রন্ধ কর্ত্বক অধ্যাসিতা হইয়া (স্কৃত্তির উপযোগী সম্পর্ক হইলে,) এবং তাঁহার দ্বারাই প্রেরিত হইয়া প্রকৃতি পূনঃ পুনঃ জগৎকে বিস্তৃত (স্কৃত্তি) করে এবং পুক্ষার্থন্ত সাধন করে, এইরূপেতেই প্রকৃতি ও জগতের আমি অধিষ্ঠাতা।" এই সরিধিয়াত্রে আমার অধিষ্ঠাত্ত্বনিবন্ধন কর্ত্ব্ব, অথচ উদাসীন্যন্ত বিরুদ্ধ হইল না, "যেমন সরিধিমাত্রেই গন্ধ ক্ষোভের কারণ হইয়া

থাকে" ইত্যাদি বাক্য স্মরণহেতু। এইরপ আমার অধিষ্ঠাতৃত্বমাত্র প্রকৃতির অপেক্ষণীয়। কারণ আমি ভিন্ন (সেই জড়া) প্রকৃতি কোন কিছুই করিতে সক্ষম হয় না—লোকিক দৃষ্টান্তও এই, রাজা সিংহাদনে অধিষ্ঠিত না থাকিলে তাঁহার অমাত্যগণ কোন কার্যোর কর্তা হইতে পারে না ॥ ২০॥

অনুভূষণ—শ্রীভগবান্ উদাসীন হইয়া কি প্রকারে জগং সৃষ্টি করেন, তাহাই বর্তমান শ্লোকে প্রতিপাদন করিতেছেন। তিনি সতাসহল, প্রকৃতির অধিষ্ঠাতা বা চালক, সর্কেশ্বর, গুণাধীশ ও মায়ার অধীশ্বর। স্থাদি-কার্যো জড়া প্রকৃতির অধিষ্ঠাতা ও নিমিত্ত-কারণ, তাঁহার কটাক্ষের দারা চালিত হইয়াই প্রকৃতি এই চরাচর জগং পুনঃ পুনঃ প্রস্কৃত করিয়া থাকে। প্রকৃতি তাঁহার অধ্যক্ষতায় স্ক্রন-শক্তি লাভ করে নতুবা জড়া-রূপা প্রকৃতি স্ক্রন করিতে পারে না।

শ্বেতাশ্বতর শ্রুতিতেও পাই,—

"একো দেবং সর্বভৃতেষু গৃঢ়ং সর্ববাপী সর্বভৃতান্তরাত্মা। কর্মাধাক্ষঃ সর্বভৃতাধিবাসং সাক্ষী চেতা কেবলো নিগুলিক।" (৬)১১) ঐ শ্রুতিতে আরও পাওয়া যায়,—

"অস্মানায়ী সজতে বিশ্বমেতং তিমিংশ্চান্তো মায়য়া সন্নিক্ষঃ। মায়াস্ত প্রকৃতিং বিভানায়িনস্ক মহেশরম্ তস্তাবয়বভূতিস্ত ব্যাপ্তং

मर्किमिनः जन ॥" ( ४।२-५० )

পরমেশবের অধিষ্ঠান বাতীত প্রকৃতি কৃষ্টি-ক্রিয়া সম্পাদন করিতে পারে না। পরমেশবের অধিষ্ঠান-মাত্রই কৃষ্টি-বিষয়ে প্রকৃতির অপেক্ষা। ভগবানের সান্নিধা-মাত্রেই তাঁহার অধিষ্ঠাতৃত্ব দিদ্দ হয়। স্বতরাং কৃষ্টি-বিষয়ে প্রীভগবানের কতুর্বিও উদাদীনতা উভয়ই যুক্তিযুক্ত।

দৃষ্টান্তস্থলে বলা যাইতে পারে যে, সিংহাদনের অধিষ্ঠাতৃত্বে রাজা বর্তমান না থাকিলে, তাঁহার অমাতাবর্গ যেমন কার্যা সম্পাদনে অক্ষম, সেইরূপ শ্রীভগবানের সান্নিধা না থাকিলে, তাঁহার প্রকৃতি স্বকীয় কার্যাসাধনে অসমর্থা।

শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,—"যেরপ অম্বরীষাদির ন্যায় কোনও ভূপতির প্রকৃতিই রাজাক্বতা নির্কাহ করিয়া থাকে, এম্বলে উদাসীন ভূপতির সন্তামাত্র ইতি। যেরপ তাঁহার রাজসিংহাদনে সন্তামাত্র বিনা প্রকৃতি বা প্রজাবৃন্দ কিছুই করিতে সমর্থ হয় না, সেইরূপই আমার অধিষ্ঠানলক্ষণ অধ্যক্ষত্ব বিনা জড়া প্রকৃতিও কিছুই করিতে সমর্থ নহে—এই ভাব।"

শ্রীচৈতশ্রচরিতামতে পাই,—

9127

"মহৎস্রপ্তা পুরুষ, তিঁহো জগৎকারণ।
আগ্য-অবতার করে মায়ার দর্শন॥
জগৎকারণ নহে, প্রকৃতি জড়রূপা।
শক্তি সঞ্চারিয়া তারে রুষ্ণ করে রুপা॥
রুষ্ণাক্ত্যে প্রকৃতি হয় গৌণ কারণ।
অগ্নিশক্ত্যে লোহ যৈছে করয়ে জারণ॥
এতএব রুষ্ণ মূল-জগৎকারণ।
প্রকৃতি—কারণ, যৈছে অজাগলস্তন॥" (আদি লেভে, ৫৯-৬১)

শ্ৰীমন্তাগৰতেও পাত্যা যায়,—

"নিমিত্তমাত্রং তত্রাদীরিগুণিঃ পুরুষর্যভঃ।" (৪।১১।১৭) ঐতরেয়োপনিষদ্ বলেন,—

"স ঐক্ত লোকান্ হ স্জা।" (১।১।১)

নিরীশ্বর সাংখ্যবাদিগণ পঙ্গু ও অন্ধ এবং অয়স্কান্ত ও লৌহ ত্যায়ের দারা যে স্ষ্টিতত্ত্বের মীমাংসা করেন, তাহা যুক্তিযুক্ত নহে। "পুরুষাশ্মবদিতি চেত্রথাপি" (ব্রঃ স্থঃ ২।২।৭) দুস্টব্য ॥ ১০॥

> অবজানন্তি মাং মূঢ়া মান্দ্রীং তনুমাশ্রিতম্। পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্॥ ১১॥

অষয়—ভূতমহেশ্বরম্ (ভূতসম্হের পরমেশ্বর ) মম (আমার ) পরং ভাবং (প্রকৃষ্টতত্ত্ব) অজানন্তঃ (অপরিজ্ঞাত হইয়া) মূঢ়াঃ (মূর্থগণ) মামুষীং তন্তম্ ( মনুষ্য-শরীর ) আশ্রিতং (গৃহীত ) মাং (আমাকে ) অবজানন্তি (অবজ্ঞা করে) ॥১১॥

তার্বাদ — দর্বভূতের মহেশ্বর আমার পরমতত্ত্ব অবগত হইতে না পারিয়া মূর্যগণ আমাকে মন্ময়শরীরধারী বলিয়া অবজ্ঞা করে অর্থাৎ প্রাকৃত মনে করে॥ ১১॥

**জীভক্তিবিনোদ**—আমি যাহা যাহা বলিলাম, তাহা হইতে তুমি ইহাই স্থির

করিবে যে, আমার স্বরূপ—সচিদানন্দময় এবং আমার শক্তি আমার অনুগ্রহে সমস্ত কার্য্য করে; কিন্তু আমি—সমস্ত-কার্য্য হইতে স্বতম্ত্র। এই জড়জগতে আমি যে লক্ষিত হইতেছি, সেও কেবল আমার অন্তাহ ও স্বীয় শক্তিপ্রভাব। আমি—জড়বিধি-সকলের অতীত তত্ত্ব, তজ্জগুই আমি চৈতগুস্বরূপ হইয়াও স্বস্ত্রপে প্রপঞ্মধ্যে প্রকাশিত হই। মানবগণ যে অণুত্ব, বৃহত্ত ও অব্যক্তত্ব প্রভৃতি অসীমভাবের বিশেষ আদর করে, দে তাহাদের মায়াবদ্ধ-বৃদ্ধির কার্যামাত্র। আমার পরমভাব তাহা নয়; আমার পরমভাব এই য়ে, আমি নিতান্ত অলোকিক মধামাকার-স্বরূপ হইয়াও, আমার শক্তি-দারা আমি যুগপৎ সর্বব্যাপী ও পরমাণু অপেকা ক্ষুত্র। আমার এই স্বরূপ-প্রকাশ কেবল অচিন্তাশক্তিক্রমেই ঘটে। মৃঢ়লোকেরা আমার এই সচিচ্চানন্দ-মৃদ্তিকে মানবতক্ত মনে করিয়া এই স্থির করে যে, আমি প্রপঞ্চবিধির বাধা হইয় উপাধিক শরীর গ্রহণ করিয়াছি এবং এই স্বরূপেই যে আমি সমস্ত-ভূতের মহেশ্বর, তাহা তাহারা বুঝিতে পারে না; অতএব অবিদ্বং-প্রতীতি দ্বার আমাকে একটি কুদুভাব অর্পণ করে। যাঁহাদের বিদ্বৎ-প্রতীতি উদিত হইয়াছে তাঁহারা আমার এই স্বরূপকে 'নিতা সচ্চিদানন্দ-তত্ব' বলিয়া বুঝিতে भारत्व ॥ ১১ ॥

ত্রীবলদেব—নবীদৃশমহিমানং বাং কিমিতি কেচিয়াদ্রিত্তে ? তত্রাহ,—
অবজানন্তীতি। ভূতমহেশ্বং নিথিলজগদেকস্থামিনং সত্যসঙ্কাং দর্বজ্ঞ
মহাকাকণিকক্ষ মাং ম্টাস্তেহবজানন্তি। অত্র প্রকারং দর্শরন্ বিশিনষ্টি,—
মান্থনীমিতি মান্তবসনিবেশিনীং মান্তবচেষ্টাবহুলাং তন্তং শ্রীমৃত্তিমাশ্রিতং তাদাত্র
সম্বেন নিতাং প্রাপ্তং মামিতবরাজকুমারতুলাঃ কশ্চিত্রপুণো মন্তব্যোহরমির্দি
সম্বেন নিতাং প্রাপ্তং মামিতবরাজকুমারতুলাঃ কশ্চিত্রপুণো মন্তব্যোহরমির্দি
বুদ্ধাবমন্তব্য ইতার্থং। মান্থনী তন্তং থলু পাঞ্চভৌতিকোর, ন চ ভগবতন্তব্যাদ
— "সচিদানন্দর্বায় কৃষ্ণায়" ইতি "তমেকং গোবিল্কং সচিদানন্দবিগ্রহ

তারংকাণাং, তথাত্বে তদবজাত্পাং মোন্টান্ধ্যযোগাদ্ ব্রন্ধাদিবন্দান্ধাযোগাস
এবং বুদ্ধিস্তেষাং কুতো যয়া তে মৃটা ভণান্তে ? তত্রাহ,—পরমিতি পরমসাধার
ভাবং স্বভাবমজানন্তঃ মান্তবান্ধতেন্তস্য জ্ঞানানন্দাত্মন্ত-মর্কেশ্র-মোক্ষদর্যা
ভাবং স্বভাবমজানন্তঃ মান্তবান্ধতেন্তস্য জ্ঞানানন্দাত্মন্তব্যান্তিজ্ঞানাদিত্যর্থং। এবঞ্চ সতি ভন্তমাশ্রিতমিত্যুক্তিবিশেষবিভা
স্বভাবানভিজ্ঞানাদিত্যর্থং। এবঞ্চ সতি ভন্তমাশ্রিতমিত্যুক্তিবিশেষবিভা
তেদকার্যামাদার বোধাা। যতু বস্থদেবস্থনোত্ব রিকাধিপতেঃ স্তিকাগ্র

বঙ্গানুবাদ—প্রশ্ন,—এতাদশ মহিমাদশের তোমাকে কেন কেহ কেহ
সমাদর করে না ? এই প্রশ্নের উত্তরে বলা হইতেছে—'অবজানস্তীতি'। ভ্তমহেশ্বর—পাঞ্ভৌতিক চরাচর সকল জগতের এক অবীশ্বর, (প্রভু, নিয়ামক)
সভাসঙ্গরান্, সর্পজ্ঞ ও মহাকাকণিক আমাকে সেই সমস্ত ম্থেরা অবজা
করিয়া থাকে। এই সম্পর্কে কারণ কি ? তাহাই বিশদভাবে বলা হইতেছে—
'মান্থীমিতি'। আমি মান্থবের আকৃতি সংযুক্ত—মান্থবের চেট্টাবহুল
তন্ম অর্থাৎ শ্রীমৃত্তি সমাশ্রেয়ী অর্থাৎ তাদায়া-সগদ্ধে নিত্যপ্রাপ্ত আমাকে
মনে করে—এই ব্যক্তি অন্ত কোন রাজকুমারতুলা বিশেষ পুণাশালী মন্থুন্তরূপ
জন্মিয়াছে। এই জ্ঞান করিয়া অবজ্ঞা করিয়া থাকে; মন্থুদ্দেহ—পাঞ্চভৌতিকই।
ভগবানের দেহ কিন্তু এই রকম পাঞ্চভৌতিক নহে। "সচ্চিদানন্দরূপ কৃষ্ণকে"
(নমন্ধার বা অর্পন করি); ইহা, "সেই এক সচ্চিদানন্দরিগ্রহ গোবিন্দকে"
এইরূপ উল্লেখ শুনা যায়। সেই রকম হইলে অর্থাৎ মান্থু বৃদ্ধিতে আমাকে
অবজ্ঞা করিলে—সেই অবজ্ঞাকারিগণের ম্থাতা হেতু ও কৃষ্ণের ভগবত্ত্বরূরণের
প্রতি অন্ধ্যহেতু, ব্রন্ধাদির অবন্দনীয়তাপত্তিহেতু এই প্রকার বৃদ্ধি তাহাদের

হইয়া থাকে; কি কারণে হইয়া থাকে,—যেই বুদ্ধির জন্ম তাহারা ম্থ'রূপে পরিগণিত হয়। এই সম্পর্কে বলা হইতেছে—'পরমিতি'।

( আমার অর্থাৎ শ্রীক্বফের ) পরম—অসাধারণ ভাব—স্বভাব না জানিয়াই মহুষ্যাক্বতিসম্পন্ন শ্রীকৃষ্ণের জ্ঞানানন্দস্বরূপত্ব, সর্কেশ্বরত্ব ও মোক্ষদাতৃত্বাদি স্বভাবের জ্ঞান না থাকায়, ইহাই প্রকৃত অর্থ। এই প্রকার হইলে, মানুষী তন্থ-আশ্রিত —এই উক্তি হইল কেন? তাহার উত্তর—বিশেষরূপ প্রতিভাত স্বরূপ ভেদ-কার্য্যকে গ্রহণ করিয়াই জানিবে। কিন্তু বস্থদেবের পুত্র দারকাধিপতির স্তিকাগৃহে আবিভূতি স্বরূপই তাহার স্বকীয়, চতুভূজ্ব-হেতু: তারপর ব্রজে যাইবার সময় স্বরূপ কিন্তু দ্বিভুজত্ব-হেতু মানুষ। অতএব শ্রীভাগবতে বলা হইয়াছে—"তিনি প্রাকৃত সাধারণ শিশু ২ইলেন"। এইরপ যাহারা বলে, তাহা নিরবধান। "মার্ষী তন্তকে আথ্রিত (প্রীক্বম্ক)" এই রকম উক্তিহেতু। "সেই চতুভু জরপের দ্বারাই" এইরূপ অর্জুনের প্রার্থনাত্মারে চতুভুজ মেই ক্ষের প্রতি "দেখিয়া এই মনুয়ারপকে" ইত্যাদি অর্জুনের বাক্য হইতেও। অতএব মানুষের আকৃতি ও চেপ্তার मिदिरिश्विक्ट मिटे कृष्णारहत मञ्चाच हेरा तला रहेल—"यथान नताकृि পরবন্ধ কৃষ্ণ অবতীর্ণ"—ইহা বিষ্ণুপুরাণেও; "গৃঢ় (গোপনীয়) পরবন্ধ মনুয়-চিহ্যুক্ত"—ইহা শ্রীমদ্তাগবতেও আছে। (ভগবান্ শ্রীক্ষের) মনুগচেষ্টার প্রাচুর্যাহেতু সেই চেষ্টারই প্রকৃত ভগবত্তব। যেমন রাজা মনুয়া হইয়াও দেবতার তায় এবং সিংহের তায় চেষ্টাসম্পন্ন হওয়ায় সেই রূপ মাতুষকে নরদেব ও নরসিংহ বলা হয়। অতএব তিনি দিভুজ ও চতুভুজ (এই সংজ্ঞায় সংজ্ঞিত হন) মন্মভাবের উক্ত হেতুদয় হইতে। বাহ—ভুজের মহিমায় তাঁহার (দেই ক্ষের) পরেশত হয় না। যেইহেতু কার্তবীর্ঘাদিতে বাভিচার হয়। অথাৎ সহশ্র বাহু কার্ত্তবীর্ষা, তাহাকে তো বিভু বলা হয় না। তবে পরেশত্ব কি নিবয়ন ? উত্তর—বিভুচৈত্তাম-নিবন্ধন ও জগতের জনাদি-হেতুম্বই পরেশস্ব ( অর্থাৎ পরমেশরর )। তাহা দ্বিভুদ্ধবিশিষ্ট সেই শীক্ষেও আছেই। তাং। ভনা যায়। দ্বিভুক্ত কার্যা সাদি নহে।—"দৎপদ্ম নয়ন মেঘাভ, বৈত্যতাপর, षिचूष, भोनम्पांभतिभूर्व वनगानी देवद्रक" এই कांत्रत्व जीक्राक्षद जनानि-সিদ্ধত্ব শ্রবণহেতু; 'প্রাক্ত শিশু,' এথানে প্রকৃতিদারা অর্থাৎ স্বরূপের দারাই বাক্ত শিশু ইহাই অর্থ। অতএব বৈদ্যামণিতে নানাবিধরণের ন্যায় সেই

শ্রীক্ষণ দিভুজবাদি যুগপৎ সিদ্ধ হয়ই। অতএব যথাকটি উপাসনার যোগ্য (চতুভূজি বা দিভুজরূপে)। এই হেতু শান্তোদিতত্ব ও নিত্যোদিতত্ব কল্পনা অত্যন্তভাবে নিরাকরণ করা হইল॥ ১১॥

অসুভূষণ— শ্রীকৃষ্ণ সর্বভ্তের মহেশ্বর, নিথিল জগতের একমাত্র স্বামী, সতাসংকল্প, সর্বজ্ঞ এবং মহাকারুণিক, তথাপি মৃঢ় লোকেরা তাঁহাকে অবজ্ঞা করে। শ্রীকৃষ্ণ মানবের গ্রায় দেহ-সন্নিবিষ্ট এবং মানবোচিত বহুল ক্রিয়া-সম্পাদক হইলেও, তাঁহার শ্রীমৃত্তি তাদাত্মা-সম্প্রে নিতা প্রাপ্ত। কিন্তু তথাপি অজ্ঞ নরাধমেরা তাঁহাকে ইতর রাজকুমার তুলা জনৈক প্রভাবশালী মহুস্থমাত্র মনে করিয়া অবজ্ঞা করে। মহুস্থমাত্রই পাঞ্চতিতিক শরীরধারী; কিন্তু শ্রীভগবানের দেহ কথনই সেরুপ নহে। শ্রুতিও শ্রীকৃষ্ণকে সচ্চিদানন্দ বিগ্রহ বলিয়া নিদ্দেশ করিয়াছেন। "সচ্চিদানন্দায় কৃষ্ণায়" এবং "তমেকং গোবিন্দং সচ্চিদানন্দ বিগ্রহম্," ইত্যাদি। কিন্তু যিনি ব্রহ্মাদি দেবগণেরও ক্রেন্সনীয়, থাহার মহিমার অন্ত নাই, মৃচ্তাহেতু অন্ধ্যোগবশতঃ তুরাত্মারা তাহাকে জানিতে না পারিয়া অবজ্ঞা করিয়া থাকে। তাহারা তাহার অসাধারণ পরমভাব হৃদয়ঙ্গম করিতে না পারিয়া, সেই মানবাকারধারী পরমেশ্বরের জ্ঞানানন্দত্ব, সর্বেশ্বরত্ব, মোক্ষ-দাতৃত্ব ইত্যাদি স্বভাব বৃক্তিতে অক্ষম।

এরপ হইলে 'তন্তমাশ্রিতম্' এই উক্তি, বিশেষরপে প্রতিভাত ভেদ্কায়কে গ্রহণ করিয়াই বুঝিতে হইবে। কিন্তু বস্থদেব-পুত্র, দারকাধিপতির স্থতিকাগৃহে আবিভূতি স্বরূপই চতুভূজিত্ব হেতু তাহার স্বকায়; তারপর দিভূজ মন্তগারপেই ব্রজে গমন করিলেন। অতএব উক্ত হইয়াছে 'প্রাকৃত শিশু হইলেন' ইহা যাহারা বলে, তাহা অবধানের বিষয় নহে। 'মান্থধী তন্থ আশ্রয় করিয়া' এই উক্তি হইতে; সেই চতুভূজিরপেই,—ইহা অর্জ্জনের প্রার্থনান্ত্রমারে সেই চতুভূজির প্রতিই 'এই মান্ত্রম্বরূপ দর্শন করিয়া' ইত্যাদি অর্জ্জনের বাক্য হইতে জানা যায়। অতএব মন্ত্রগুদেহ সন্নিবেশিত্বই তাহার তন্ত্র অর্থাং মন্ত্রগুত্বই উক্ত হইয়াছে। যেমন শ্রীরিফুপুরাণে পাওয়া যায়, 'রুক্ষাথা নরাকৃতি পরবন্ধ যেথানে অবতীর্ণ' এবং শ্রীভাগবতেও পাওয়া যায়,—"পরব্রুদ্ধ মন্ত্রয়ালিক"। স্বতরাং মন্ত্র্যাচেন্ত্রা-প্রচূর তাই তাহার তত্ত্ব। কোন রাজা মন্ত্রয়া হইয়াও দেবতার ন্যায়, সিংহের ন্যায় চেষ্টা-বিশিষ্ট

হইলে, তাহাকে দেবতা বা সিংহ বলিয়া নিদ্দেশ করা হয়, য়তরাং দিভ্জ বা চতুভু জ তিনি ময়য়ভাবে উক্ত হেতৃদ্য় হয়তে নিদ্দেশের বিষয়। কেবলমাত্র ভূজ-মহিমায় পরেশত নহে, কারণ কার্ত্রবীর্যাদির বছ ভূজ থাকিলেও তাহারা পরেশতত্ব নহে। বিভুচৈতভার ও জগতের জন্মাদি হেতৃত্রই পরমেশ্বরত্ব। তাহা দিভুজ হইয়াও তাঁহাতে আছেই, ইহা শুনা য়য়য়য় দিভুজয়কে 'আদি' বলা চলে না, কারণ শতিতেও 'পুওরীকলোচন, মেঘাভ, নিছাতাপর, দিভুজয়, মৌনয়ৢদাধারী, বনমালী ঈশ্বরকে, ইহা নিদ্দেশ করিয়াছেন। তাঁহার অনাদি-সিদ্দর শতি-সম্মত, 'প্রাক্ত শিশু'—ইহা এয়লে প্রকৃতির দারা অগাং স্করপের দারাই বাক্ত, ইহাই অর্থ। য়য়য়ম বৈদ্গামণিতে নানারূপ, সেইপ্রকার তাঁহাতে (শ্রিক্ষে) দিভুজয়াদি রূপদমূহ মুগ্পং সিদ্ধই। কচি অন্স্বারী উপাশ্ত। শান্তোদিতত্ব-নিত্যোদিতত্বের কল্পনা দ্বীকরণ করা হইল।

অনেকের ধারণা শ্রীক্ষের দেহ জীবনং প্রাক্ত ও নশর। কেহ আনার এরপ মনে করেন যে, শ্রীক্ষের দেহ নশর হইলেও দেহী বস্তুটি প্রমেশর, কিছ কুর্মপুরাণ বলেন,—

"দেহদেহিবিভাগত নেশবে নিগতে কচিং।"

শ্রীভাগবতে শ্রীভকবাকোও পাওয়া যায়,—

"नाकः जन्म मधन्त्रः।"

শ্রিক্ষের এই মাক্ষী তক্তেই চতুর্জর এবং সুগণং পরম মাধ্রামরী বিভুজ মৃতি প্রদর্শন করিয়াছিলেন। শ্রীক্ষের এই মাক্ষী তক্ত প্রাক্ত নতে পরস্থ নিতা অপ্রাক্ত সচিদানন্দমর প্রবন্ধরপ, তাহা স্ক্রশান্তেই প্রতিপাদিত হইয়াছে।

শ্রতি বলেন,—"ওঁ দক্ষিদানন্দার কৃষ্ণার," "তমেকং গোবিন্দং দক্ষিদানন্দ বিগ্রহম্" "দ্বিভুদ্ধং মৌনমূদাত্যং বনমালিন্মীশ্রম্" ॥

ব্ৰহ্ম সংহিতা বলেন,—

"ঈশ্বঃ পরমঃ সজিদানক বিগ্রহঃ।

অনাদিরাদির্গোবিকঃ সর্বাকারণকারণম্॥"

"অপশ্যং গোপামনিপত্যমানমা" ঋথেদ-( ১।২২।১৬৬।৩১ )

"তত্ত্বগায়স্ত বৃষ্ণঃ পরমং পদ্যবভাতি ভূরি"—১।৫৪।৬ শাক্।

শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

"গৃঢ়ং পরং ব্রহ্ম মহয়লিক্সম্" (ভাঃ ৭।১০।৪৮)

''সাক্ষাদ্ গুঢ়ং পরং বন্ধ মন্ত্যালিকম্"—( ভাংগা>৫।৭৫)

"যত্রাবতীর্ণো ভগবান্ পরমাত্মা নরাকৃতিঃ"—(ভাঃ না২তা২০)

"যদয়ং নৃলিকঃ গৃঢ়ঃ পুরাণপুরুষো বনচিত্রমালাঃ"—(ভাঃ ১০।৪৪।১৩)

"দেহাত্মপাধেরনিরূপিতহাদভবো ন সাক্ষার ভিদাত্মনঃ স্থাং।"

( जाः ३०।८४।२२ )

অর্থাৎ ভক্ত অক্র প্রভিগবান্কে বলিলেন—আপনার দেহাদি উপাধি নিরূপিত নহে, একারণ আপনার জন্ম তথা দেহ-দেহীর ভেদ থাকিতে পারে না। এই স্নোকের টীকায় প্রীল চক্রবর্ত্তিপাদ বলেন—"অতএব আপনার দেহাদির উপাধিত্ব-অভাব হেতু জীবের ন্যায় আপনার সাক্ষাৎ পৈতৃক-ধাতৃসক্ষীয় জন্মাদি হয় না, কিন্তু আবিভাবাত্মক জন্ম হইয়া থাকে।"

"গৃইচ্মর্যো পরেইবারে"—ভাঃ ১১।৫।৪৯ "বপুষা যেন ভগবান্…সর্কলোকমলাপহম্"—ভাঃ ১১।৬।৪।

শ্ৰীকৃষ্টেততা মহাপ্ৰভু কাশীবাদী জনৈক বিপ্ৰকে ব্লিয়াছেন—

"'কৃষ্ণনাম' 'কৃষ্ণস্বরূপ'—তৃই ত সমান।
'নাম', 'বিগ্রহ', 'স্বরূপ'—তিন একরূপ।
তিনে 'ভেদ' নাহি,—তিন চিদানন্দরূপ।
দেহ-দেহীর নাম-নামীর কৃষ্ণে নাহি 'ভেদ'।
জীবের ধর্ম-নাম-দেহ-স্বরূপে 'বিভেদ'। ( চৈঃ চঃ মধ্য ২৭ )"

শ্রীমহাপ্রভু দার্কভৌম ভট্টাচার্ঘ্যকে বলিয়াছেন,—

"ঈশবের শ্রীবিগ্রহ সচিচদানন্দ-আকার। সে বিগ্রহে কহ সত্ত্তণের বিকার॥" ( চৈঃ চঃ মধ্য ৬।১৬৬ )

শ্রমহাপ্রভূ প্রকাশানন্দ সরস্বতীকে বলিয়াছেন,—
"'ব্রহ্ম'-শব্দে মৃথ্য অর্থে কছে 'ভগবান্'।

हिरेष्ट्रशा-পरिপूर्ण, অन्ध-ममान ॥ उाँशाद विভৃতি, ष्ट्र-मन हिष्ट्रकाद । 908

চিদ্বিভৃতি আচ্ছাদিয়া কহে 'নিরাকার'॥
চিদানন্দ—দেহ ভার, স্থান, পরিবার।
ভারে কহে প্রাকৃত-সত্ত্বের বিকার॥" ( চৈঃ চঃ আদি ৭।১১১-১১৩)
"প্রাকৃত করিয়া মানে বিষ্ণু-কলেবর।
বিষ্ণুনিন্দা আর নাহি ইহার উপর॥" ( চৈঃ চঃ আদি ৭।১১৫ )
"চিদানন্দ কৃষ্ণবিগ্রহে 'মায়িক' করি' মানি।
এই বড় 'পাপ'—সত্য চৈতন্তের বাণী॥" ( চৈঃ চঃ মধ্য ২৫।৩৫ )
শ্রীকৃষ্ণের মান্থবীতন্ত্রর পরম ভাব সম্বন্ধে শ্রীচৈতন্তচরিতামৃতে পাই,—
"কৃষ্ণের যতেক খেলা, সর্ব্বোত্তম নরলীলা,

নরবপু তাঁহার স্বরূপ।

গোপবেশ, বেণুকর, নবকিশোর, নটবর, নরলীলার হয় অনুরূপ ॥" ( মধ্য ২১।১০১ )

"শ্রীকৃষ্ণের গোকুল-লীলা, বাস্থানে নম্বাদি পরবাোম-লীলা, কারণার্পবশায়ী প্রভৃতি পুরুষাবতার-লীলা, মংস্থ-কৃষাদি নৈমিত্তিক অবতার-লীলা, ব্রহ্ম-শিবাদি ও গুণাবতার-লীলা, পৃথুবাাসাদি আবেশাবতার-লীলা, সবিশেষ পরমাত্মাদিলীলা, নির্কিশেষ ব্রহ্ম প্রভৃতি অনন্ত ক্রীড়াময় ভগবানের থেলাসমূহের মধ্যে, তারতম্য-বিচারে কৃষ্ণের নরলীলাই সর্ক্রপ্রেষ্ঠ। কৃষ্ণের স্বর্গে—নরলীলার সদৃশ, কিন্তু হেয়, মর্তা, অনিতা, অনুপাদেয়, সসীম, অবচ্ছিন্ন বা পরিচ্ছিন্ন প্রভৃতি প্রাকৃত বিশেষণ-মল বিশিষ্ট নহে।—( শ্রীল প্রভূপাদের অনুভাষা)।

বিভিন্ন শাস্ত্র হইতে প্রতিপাদিত ও ব্রহ্মা, শিবাদির বন্দ্য শ্রীক্তৃষ্ণের সচিদানন্দ মামুখীতমুকে যাহারা অবজ্ঞা করে, তাহারা, মৃঢ় তো বটেই, অধিকন্তু অত্যন্ত ছুভাগা ও অপরাধী, তাহারা কর্মজ্ঞানাদি কোন পথেই স্কললাভ করিতে পারে না। ইহা পরবর্তী শ্লোকে পাওয়া যাইবে। এইরূপ ভগবদবজ্ঞার ফলে তাহাদের কি গতি হয় ? এ-সহদ্ধে গীঃ ১৬।১৯-২০ শ্লোকও দুষ্টবা।

কর্মজড়মার্তগণ ও নির্কিশেষ-বিচারপরায়ণ মায়াবাদিগণ অপ্রাক্তত ভগবত্তফকে প্রাকৃত বৃদ্ধিতে অবজ্ঞা করিয়া থাকেন আর প্রাকৃত সহজিয়াগণও যোগমায়া-প্রকটিত অপ্রাকৃত কৃঞ্জীলাকে তাহাদের নশ্বর ভোগান্তর্গত মনে করিয়া, অপ্রাকৃতত্বে প্রাকৃতত্বের আবর্জনা নিক্ষেপকরতঃ চিনায় ভগবত্তহর

অবজ্ঞাই করিয়া থাকেন; আর যাহারা শ্রীবলদেবতত্ত্ব শ্রীনিত্যানন্দ প্রভূর ও মহাবিষ্ণুর অবতার শ্রীঅধৈতে প্রভূর সচ্চিদানন্দময় বপুতে প্রাকৃত বুদ্ধি করিয়া জড়ীয় শৌক্র-বিচার আরোপ করে, তাহারাও অত্যন্ত অপরাধী॥ ১১॥

## মোঘাশা মোঘকর্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ। রাক্ষসীমাস্থরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ॥ ১২॥

তাষ্য়—[তে—তাহারা] মোঘাশা (বিফল-আশাসম্পন্ন) মোঘকর্মাণঃ (নিক্ষলকর্মা) মোঘজানাঃ (বৃথা-জ্ঞানী) বিচেত্রসঃ (বিক্ষিপ্ত-চিত্ত হইয়া) মোহিনীং (মোহকরী) রাক্ষণীম্ (তামসী) আহ্বরীম্ চ (এবং রাজ্ঞা) প্রকৃতিং এব (প্রকৃতিকেই) প্রতাঃ (আপ্রত) [ভবন্তি—হয়]॥ ১২॥

অনুবাদ—তাহারা বিকল আশা-সম্পন্ন, নিদ্দল-কর্মা, বৃথাজ্ঞানী ও বিক্ষিপ্ত-চিত্ত হইয়া বুদ্ধিমোহকরী তামসী ও রাজদী প্রকৃতিকেই আশ্রয় করে॥ ১২॥

প্রীভজিবিনোদ— যদি বল, অবিদংপ্রতীতি কি-জন্য উদিত হয়, তবে গুন। মৃঢ়লোকেরা রাক্ষমী ও আফুরী-প্রকৃতিতে মোহিত হওয়ায়, তাহাদের আশা, কর্ম ও জ্ঞান নির্থক হয় এবং লোকপ্রাপ্তির আশা-দারা তাহাদের চিত্ত কর্মে বিক্ষিপ্ত হয়। তুচ্ছফলদ কর্ম অনুষ্ঠান করত তাহারা আর বিশুদ্ধ-জ্ঞান লাভ করিতে পারে না; যদি কথনও জ্ঞানের অনুসন্ধান করে, তবে অভেদবাদরূপ তৃষ্ট-জ্ঞান-দারা তাহাদের বিল্ঞা-লোপ হয়। তথন তাহারা মনে করে যে, 'আমার এই মৃত্তি—মায়াময়ী, এবং আমি—ঈশর, ব্রহ্ম অপেক্ষা হীনতত্ত্ব!! আমার উপাসনা-দারা চিত্ত গুদ্ধ হইলে নিগুণব্রদ্ধ-লাভ হইবে।' ফল এই হয় যে, অবশেষে রাক্ষম ও আফুর স্বভাব-দারা তাহাদের দৈবী-প্রকৃতি লুপ্তা হইয়া পড়ে॥ ১২॥

শীবলদেব—নর পাঞ্চাতিক-মার্যতন্ত্রার্থপুণাঃ পুরুতেরাঃ কোহপায়মিতি ভাবেন দ্বামবল্লানতাং কা গতিঃ স্থান্তত্রাহ,—মোঘেতি। যদি তে
ঈশব-ভক্তা অপি স্বাস্থদাপি মোঘাশা নিক্ষলমোক্ষবাঞ্ছাঃ স্থাঃ; যদি তেইগ্রিহোত্রাদিকর্মনিষ্ঠান্তদা মোঘকর্মাণঃ পরিশ্রমরূপাগ্নিহোত্রাদিকাঃ স্থাঃ; যদি
তে জ্ঞানায় বেদান্তাদিশাস্থপরিশীলিনন্তদা মোঘজ্ঞানা নিক্ষলতদ্বোধাঃ স্থাঃ।
এবং কুতঃ ? যতন্তে বিচেত্রসঃ নিত্যসিদ্ধমন্ত্র্যসন্নিবেশি-সাক্ষাং-পরব্রহ্মমদব্জ্ঞান
জনিত্রপাপপ্রতিবদ্ধবিবেক্জ্ঞানা ইত্যর্থঃ। অতএবমূক্তং বৃহদ্ধেক্ষবে,—"যো

বেত্তি ভৌতিকং দেহং রুফস্ত প্রমান্ত্রনঃ। স স্ক্রমান্তহিকার্যাঃ শ্রোতস্মার্ত-বিধানতঃ। মৃথং তস্তাবলোক্যাপি সচেলং স্থানমাচরেং" ইতি। তর্হি তে কিং কলং লভতে? তত্তাহ,—রাক্ষমীং হিংসাদিপ্রচুরাং তামসীং আস্বরীং কামগর্কাদিপ্রচুরাং রাক্ষমীং মোহিনীং বিবেকবিলোপিনীং প্রকৃতিং স্বভাবং শ্রিতা নরকে নিবাসার্হান্তিষ্ঠন্তি ॥ ১২ ॥

বঙ্গানুবাদ—প্রশ্ন—পাকভোতিক মন্ত্রগাতন্ত্রমূক উগ্রপুণাশাল, প্রচুর তেজঃ-সম্পন্ন কেহ ইনি হইবেন—এই ভাবের দারা তোমাকে অবজ্ঞাকারীর কি প্রকার গতি হইবে ? সেই সম্পর্কে বলা হইতেছে—'মোঘেতি'। যদি তাহারা ঈশ্বরের ভক্তও হয়, তাহা হইলেও মোঘাশাসম্পন্ন অগাং নিক্ষল মোক্ষবাঞ্চাযুক্তই হইবে। যদি তাহারা অগ্নিহোত্রাদি কর্মে নিষ্ঠাসম্পন্ন হয়, তাহা হইলে মোঘকর্মা অর্থাৎ তাহাদের অগ্নিহোত্রাদি কর্ম পরিশ্রমরূপে পরিণত হয়। যদি তাহারা জ্ঞানের জন্ম বেদান্তাদি শাস্ত্রের অন্তশীলন (চর্চ্চা) করে, তাহা হইলে মোঘজ্ঞান-সম্পন্ন অর্থাৎ নিফল বেদান্ত-বোধ সম্পন্নই হইয়া থাকে। এই প্রকার কেন হয়? যেহেতু তাহারা বিচেতা অর্থাৎ নিতা-দিদ্ধ-মন্তয়া-মৃতি ও চেষ্টাসপার আমাকে সাক্ষাং পরব্রহারপে না জানার কারণেই অবজ্ঞা-জনিত পাপে প্রতিবন্ধ-বিবেকজ্ঞানসম্পন্ন হইয়া থাকে। ইহাই প্রকৃত অর্থ। অতএব বলা হইয়াছে—বুহৎ বৈষ্ণব শাল্বে—"যে-ব্যক্তি প্রমাত্মা ভগবান্ প্রক্রিক্সের দেহ, পাঞ্জোতিক মনে করে, তাহাকে বৈদিক ও স্মার্ত্ত—সকল কর্ম হইতে বহিষ্কৃত করিবে। তাহার মৃথ দেখিলে (পাপক্ষালনার্থ) সচেল (বস্থ দহ ) স্নান করিবে; ইহা। তাহা হইলে তাহারা কি ফল লাভ করে? তাহাই বলা হইতেছে—রাক্ষনী—হিংদাদিময়ী রাক্ষনী ও তামদী—অর্থাৎ অাস্থ্রী যাহা অস্থ্র-ভাবপ্রচুরা অর্থাৎ কামগর্কাদিপ্রচুরা, বিবেক-লোপকারিণী মোহিনী প্রকৃতিকে—স্বভাবকে আশ্রয় করিয়া নরকে নিবাদের যোগ্য বলিয়া বিবেচিত হইয়া থাকে ॥ ১২ ॥

অনুভূষণ—যাহারা শ্রীভগবানের সিচ্চিদানন্দ কলেবরকে পাঞ্চৌতিক দেহযুক্ত উগ্র পুণাবান্, মহাতেজন্বী কোন মান্ন্য বিশেষ মনে করিয়া অবজ্ঞা করে, তাহাদের কি গতি হয়? এই প্রশ্নের উত্তরে বলিতেছেন,—যদি তাহারা ঈশ্ব-ভক্ত হয়, তাহাহইলে চরমে তাহাদের মোক্ষ-বাঞ্চা নিক্ষল হইয়া থাকে, অর্থাৎ সালোক্যাদিরপ কোন ফল লাভ করিতে পারে না। যদি তাহারা পণ্ডশ্রমেই প্যাবদিত হয়; কারণ তাদৃশ জনগণের অন্তর্গত কর্ম কথনই প্রামিত হয়; কারণ তাদৃশ জনগণের অন্তর্গত কর্ম কথনই প্রামিত প্রদান করিতে পারে না। আর যদি তাহারা জ্ঞান লাভের নিমিত্ত বেদান্তাদি শাল্পের অন্তর্শালন পরায়ণ হয়, তাহা হইলেও তাহাদের সেই শাল্পজ্ঞান নিক্ষল হইয়া থাকে, কারণ তদ্বারা তাহারা কথনই মোক্ষ-লাভেন্যমর্থ হয় না। যদি বলা যায়, এরপ হয় কেন? তত্ত্তরে বলিতেছেন,—এই নিতাদির মন্থ্যরূপদন্নিবিপ্ত আমাকে সাক্ষাৎ পরব্রম্ম জানিতে না পারিয়া আমার অবজ্ঞা জনিত-পাপে, তাহাদের বিবেক ও জ্ঞান প্রতিবদ্ধ হওয়ায়, তাহারা বিক্ষিপ্ত-চিত্ত হইয়াছে। রুইছেম্বর শাল্পে কথিত আছে যে, "পরমাত্মা শাল্পকের দেহকে যে ভৌতিক বলিয়া মনে করে, সে শ্রুতি ও শ্বুতির বিধানামুদারে যাবতীয় কর্ম্মের অধিকার হইতে বহিদ্ধৃত হয়, তাহার ম্থ দেখিলেও তৎক্ষণাৎ পরিধেয় বস্ত্রসহ স্থান করিবে।" এক্ষণে যদি জিজ্ঞাস্ত হয় যে, এবদিধ বাক্তি কি ফল প্রাপ্ত হয়? তত্ত্তরে বলিতেছেন যে, তাহারা হিংশাদিবহুল-তাম্যী, কামগর্ঝাদি-বহুল-রাক্ষ্মী এবং বিবেক-বিলোপ-কারিণী প্রকৃতিকে আশ্রয় করিয়া নরকবাস-যোগাভাবে কাল যাপন করে।

ইহা দ্বারা ইহাই প্রতিপন্ন হয় যে, যাহারা পরব্রহ্ম শ্রীক্ষেরে সচিচদানন্দ-বিগ্রহ দ্বিভূজ মুরলীধর শ্রামস্থানর মৃতিকে প্রেরাক্তরূপে প্রাকৃত মহয়-মাত্র মনে করে, তাহাদের যাগ, যজ্ঞ, ধন্ম, কর্ম্ম, শাস্তচর্চা, সতুপদেশ, এমন কি, ঈশ্বরের উপাসনা সকলই বৃথা, তাদৃশ ভগবজ্জান-শৃত্য ব্যক্তিগণ হিংসাপরায়ণ রাক্ষ্যের লায় এবং কুরকন্মা অস্থরের লায় প্রকৃতি প্রাপ্ত হয়। সেই প্রকৃতি তাহাদের বিবেক-বৃদ্ধি লোপকরতঃ দেহকেই আত্মা বলিয়া ভ্রম করায় এবং নরকবাসের যোগা-কর্মে লিপ্ত করাইয়া থাকে॥ ১২॥

## মহাত্মানস্ত মাং পার্থ দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ। ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ন্॥ ১৩॥

তার্য়—পার্থ! মহাত্মানঃ (মহাত্মারা) তু (কিন্তু) দৈবীং প্রকৃতিং (দৈব প্রকৃতিকে) আপ্রিতাঃ (আপ্রয়প্র্বেক) অনন্তমনসঃ (অনন্তচিত্ত) [সন্তঃ— হইয়া] মাং (আমাকে) ভূতাদিম (ভূতগণের কারণ) অব্যয়ম্ (অব্যয়)

ि। । — जिल्ला करिया शर्मकर ) ॥ १७ ॥

তার্বাদ—হে পার্ণ! মহাত্মারা কিন্তু, দৈব-প্রকৃতিকে আশ্রয়পূর্বক অনক্তিত হইয়া আমাকেই ভূতগণের আদি ও.অবিনশ্বর জানিয়া ভজন করিয়া থাকেন॥ ১৩॥

প্রীভক্তিবিনাদ—হে পার্গ! যাহারা বিছংপ্রতীতি লাভ করেন, তাঁহারাই মহাত্মা; তাঁহারা দৈবী প্রকৃতি আশ্রয় করত অন্যমনা হইয়া অগাং তুচ্ছকলদ কর্ম ও আত্মবিনাশা অভেদবাদরপ শুক্তজানের প্রতি আত্মা না করিয়া দকল-ভূতের আদি ও অবায় আমার এই ক্রফস্বরূপকেই চরমত্ত্ব বলিয়া ভজন করেন। ১০॥

শ্রীনলদেব—তর্হি কে ত্বামান্তিয়ন্তে ? তত্রাহ,—মহাত্মান ইতি। যে
নরাক্তি-পরব্রসমত্ত্ববিৎসংপ্রদক্ষেন তাদৃশমরিষ্ঠয়া বিস্তার্ণাগাধমনদাে মদীয়েঽপি
সহস্পীয়াত্মাকারেঽরুচয়ন্তে মন্তয়া অপি দৈবাং প্রকৃতিমাশ্রিতাঃ সন্তো
নরাকৃতিং মাং ভ্তাদিবিধিকন্তাদি-সর্কারণমন্যয়ং নিতাঞ্চ জ্ঞাত্মা
নিশ্চিতা ভদ্বতি দেবতে, অন্যমনদাে নরাকার এব ময়ি নিথাত্চিতাঃ ॥ ১৩ ॥

বঙ্গানুবাদ—তাহা ইইলে কাঁহারা তোমাকে আদর করিয়া থাকেন ? এই সম্পর্কে বলা ইইতেছে,—'মহায়ান ইতি'। যাহারা নরাক্তি পরমব্রদ্ধ আমার তত্ত্বিৎ সংসদের দ্বারা আমার প্রতি তাদৃশ একনিষ্ঠভাবে ভক্তি পরায়ণ হুইয়া বিস্তারিত অগাধমনা হন, ও সহস্রশার্গাদি মদীয় আকারেও অভিকৃতিসম্পন্ন হন না, এই জাতীয় মান্তবেরাই দৈবী প্রকৃতিকে আশ্রম করিয়া নরাক্ষতি আমাকে প্রাণিগণের আদি, ব্রদা-কদ্রাদি সকলের কারণস্বরূপ অব্যয় এবং নিভা বলিয়া জানিয়া অর্থাৎ নিশ্চয় করিয়া অন্য মনে আমার ভঙ্গনা করেন; আমারই (প্রকৃত্তের) সেবা করিয়া থাকেন। অন্যমনা হুইয়া নরাকার আমাতেই নিবিইচিত্ত ব্যক্তিগণ॥ ১৩॥

তার ভূষণ—তাহা হইলে কাঁহারা শ্রিক্ষের এই দক্তিদানন্দ-স্বরূপের আদর করেন, এই প্রশ্নের উত্তরে শ্রিভগবান্ বলিতেছেন—যাঁহারা নরাক্ষতি পরব্রন্ধনপর আমার-তত্ত্বিং-সাধুদদের দ্বারা আমার প্রতি তাদৃশ নিষ্ঠাহেতু বিস্তীর্ণ ও অগাধমনা হইয়াছেন, তাঁহারা সহস্র-শীর্ষাদি আকার মদীয় হইলেও তাহাতে ক্রি সম্পন্ন হন না, তাদৃশ মহাত্মারা মন্ত্র হইলেও দৈবী প্রকৃতি আশ্রয় পূর্বকি নরাকৃতি আমাকে ভূতগণের আদি, ব্রন্ধা ক্রাদি সকলের কারণ, অবায় ও

নিতা নিশ্চয় করিয়া; অনগ্র মনে অর্থাৎ অনগ্র ভক্তিসহকারে নরাকার আমাতেই নিথাতচিত্ত অর্থাৎ গ্রথিতচিত্ত হইয়া ভজনা করেন।

শ্রীল চক্রবর্ত্তিপাদ তাঁহার টীকায় লিখিয়াছেন যে, "যাঁহারা মহাত্মা অর্থাৎ যাদৃচ্ছিক আমার ভক্তের রূপায় মহাত্মত প্রাপ্ত হন, তাঁহারা কিন্তু মান্ত্র্য হইলেও দেবগণের স্বভাব প্রাপ্ত হইয়া আমার মন্ত্র্যাকারেরই ভজনা করিয়া থাকেন। "অনস্তমনা অর্থাৎ জ্ঞান, কর্ম, অন্ত কামনাদিতে যাঁহাদের মননাই, তাঁহারা।" 'মহাত্মা' দম্বদ্ধে গাঁঃ ৭।১০ শ্লোকও দ্বপ্তব্য।

শ্রীপদ্মপুরাণেও পাওয়া যায়,—

"বিষ্ণুভক্তঃ স্মৃতো দৈব আস্থ্রন্তদ্বিপর্যায়ঃ।"

এ-বিষয়ে গীঃ ১৬।৬ শ্লোকও জন্তব্য।

শ্রীমন্তাগবতে কপিলদেবের বাক্যেও পাওয়া যায়,—

"ভজন্তানক্তমা ভক্তা তান্ মৃত্যোরতিপারয়ে॥ ( ৩।২৫।৪० )

আরও পাওয়া যায়,—

"এতাবানেব লোকেংশ্মিন্ পুংসাং নিঃশ্রেম্বােদয়ঃ। তীব্রেণ ভক্তিযোগেন মনো মযার্ণিতং স্থিরম্॥" (ভাঃ ৩।২৫।৪৪) এই শ্লোকে শ্রীভগবান্ মহাত্মা কে ?—তাহা নির্ণয় করিয়াছেন॥ ১৩॥

> সভতং কীর্ত্তয়ন্তো শাং যভন্তশ্চ দৃঢ়ব্রভাঃ। নমস্মন্তশ্চ শাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে ॥ ১৪॥

অন্থয়—[ তে—তাঁহারা ] সততং ( সর্কাদা ) মাং ( আমাকে ) কীর্ত্তয়ন্তঃ ( কীর্ত্তন করিতে করিতে ) দূরতাঃ চ ( এবং দূদূরত ) [ সন্তঃ—হইয়া ] যতন্তঃ ( যত্ন করিতে করিতে ) ভক্ত্যা ( ভক্তি-সহকারে ) নমস্মন্তঃ চ ( প্রণাম করিতে করিতে ) নিত্যযুক্তাঃ ( নিত্যযুক্তভাবে ) মাম্ ( আমাকে ) উপাসতে ( উপাসনা করেন ) ॥ ১৪ ॥

তাসুবাদ—তাঁহারা সতত আমার কীর্ত্তন করিতে করিতে এবং দৃত্রত হইয়া যত্ন করিতে করিতে ও ভক্তিসংকারে প্রণাম করিতে করিতে,। নিতাযুক্ত-ভাবে আমাকে ভজন করেন ॥ ১৪॥ প্রীভিজিবিনাদ—সেই বিদৎ-প্রতীতি-যুক্ত মহাত্মা ভক্তসকল সর্বাদা আমার নাম, রূপ, গুণ ও লীলার কীর্ত্তন করেন অর্থাৎ প্রবণকীর্ত্তনাদি নববিধা ভক্তি আচরণ করেন। আমার এই দক্তিদানন্দ-স্বরূপের নিতাদান্ত্য-লাভের জন্ম তাঁহারা সমস্ত শারীরিক, মানসিক, সামাজিক ও আধ্যাত্মিক-ক্রিয়াতে দৃঢ়বত হইয়া অর্থাৎ 'একাদশী', 'জন্মান্টমী' ইত্যাদি-ব্রতে দৃঢ়সঙ্কর হইয়া আমার অহুশীলন করেন। সাংসারিক-কর্ম্মে চিত্ত যাহাতে বিক্ষিপ্ত না হয়, এইজন্ম সংসার-নির্বাহ-কালে ভক্তিযোগ-দ্বারা আমার শরণাপত্তি স্বীকার করেন॥ ১৪॥

শ্রীবলদেব—ভক্তিপ্রকার্মাহ,—সতত্মিতি দ্বরেন। সততং সর্বাদা দেশকালাদি-বিশুদ্ধিনরপেক্ষেণ মাং কীর্ত্তরন্ধ স্থা-মধুরাণি মম কল্যাণগুণ-কর্মাম্বন্ধীনি গোবিন্দ-গোবর্দ্ধনোদ্ধরণাদীনি নামাম্মাচৈক্রন্ডার্য়স্তো মামুপাসতে, নমস্তন্ত্বণ মদর্চনা-নিকেতনের্ গ্রা ধ্লিপঙ্কাক্তের্ ভ্তলের্ দণ্ডবং প্রণিপতস্তো ভক্ত্যা প্রীতিভবেণ। কীর্ত্তরম্ভো মামুপাসত ইতি মংকীর্ত্তনাদিকমেব মহুপাসনমিতি বাক্যার্থঃ। অতো মামিতি ন পৌনরুক্তার্ম। 'চ'-শব্দো-হমুক্তানাং শ্রবণার্চনবন্দনাদীনাং সম্চায়কঃ। যতন্তঃ সমানাশয়ৈঃ সাধুভিঃ সার্দ্ধং মংস্করপগুণাদিযাথাত্মানির্ণয়ায় যতমানাঃ; দ্চ্বতাঃ দ্চান্তম্বলিতা-ক্রেকাদশীজন্মান্টম্পপোষণাদীনি ব্রতানি যেষাং তে; নিত্যযুক্তাঃ ভাবিনং মন্নিত্যসংযোগং বাঞ্জঃ "আশংদায়াং ভ্তবচ্চ" ইতি স্ব্রাহর্তমানেহপি ভূত-কালিক-'ক্ত' প্রত্যয়ঃ॥ ১৪॥

বঙ্গান্ধবাদ—ভক্তির প্রকারের বিষয় বলা হইতেছে—'সততমিতাাদি' তুইটি শ্লোকে। সতত—সর্বদা দেশকালাদির বিশুদ্ধিকে অপেক্ষা না করিয়া আমাকে (ও আমার গুণাবলীকে) কীর্ত্তন করিতে করিতে স্বধা-মধুররূপ আমার কলাগকর গুণ-কর্ম প্রভৃতি অর্থাৎ গোবিন্দ, গোবর্দ্ধন-ধারণ-উদ্ধরণাদি নামগুলি উচ্চঃম্বরে উচ্চারণ করিয়া আমাকে উপাসনা করে এবং যথায় আমার অর্চনা হয় সেই মন্দিরে যাইয়া ধূলি ও কর্দ্দমলিপ্ত ভূতলে ভক্তি-ভরে দণ্ডবৎ প্রণিপাত করিতে করিতে এবং আমার নামাদি কার্ত্তন করিয়া আমার উপাসনা করে। ইহাই অর্থাৎ আমার কীর্ত্তনাদিই আমার উপাসনা—এই বাক্যের অর্থ। এই হেতু 'মাম্' পদটির পুনরুক্তি হইল না। এখানে "চ" শব্দ অন্তক্ত শ্রবণ-অর্চ্চনা ও বন্দনাদি শব্দের সম্চায়ক। যত্ত্বশীল—সমান অভিপ্রায় ও বাসনা-সম্পন্ন সাধুগণের সহিত আমার স্বরূপ ও গুণাদি

যথার্থভাবে নির্ণয়ের জন্ম চেষ্টারত ব্যক্তিগণ। দৃঢ়ব্রত—দৃঢ়ভাবে অর্থাৎ অস্থালিতরূপে একাদনী ব্রত (উপবাস) ও জন্মাষ্ট্রমী ব্রত (উপবাসাদি), ব্রতগুলি
বাঁহাদের তাঁহারা। নিত্যযুক্ত—আমারই সহিত ভাবী নিত্য সংযোগঅভিপ্রায়নীল ব্যক্তিগণ। "আশংসায়াং ভূতবচ্চ" এই স্ব্র অনুসারে বর্ত্তমানকালেও অতীতকালীয় 'ক্ত' প্রত্যয়॥ ১৪॥

অনুভূষণ—পূর্বে শ্লোকে শ্রীভগবান্ মহাত্মা কাঁহারা ? তাহা বর্ণন পূর্বেক একণে তাঁহারা কি করেন? তাহাই বলিতেছেন। যাঁহারা অন্য ভক্তি-সহকারে শ্রীভগবানের ভজনা করেন, তাঁহারাই মহাত্মা; আর সেই মহাত্মাদিগের ভজন প্রকার বর্ণন করিতে গিয়া বলিতেছেন যে, তাঁহারা সতত আমার নাম, রূপ, গুণ ও লীলাদি কীর্ত্তন করিয়া থাকেন। সতত শব্দে সর্ব্বদা অর্থাৎ দেশকালাদির বিশুদ্ধির অপেক্ষা না করিয়া স্থামধুর, কল্যাণ-গুণ-কর্মান্তবন্ধী গোবিন্দ, গোবর্দ্ধনারী ইত্যাদি আমার নাম সমূহ উচ্চৈঃস্বরে উচ্চারণ করিতে করিতে আমার উপাদনা করিয়া থাকেন। আমার অর্চনা-নিকেতনাদিতে গমন পূর্বক তত্রতা ধূলি-পঙ্কাদি-প্রালিপ্ত ভূতলে ভক্তিভরে অর্থাৎ প্রীতির সহিত সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণিপাত করেন। আমার কীর্ত্তনাদিই আমার উপাদনা। এম্বলে কীর্ত্তনাদি বলিতে, শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, বন্দনাদি সম্দায় ভক্তাঙ্গকেই বুঝায়। সমান বাসনাযুক্ত সাধুগণের সহিত একত্রিত হইয়া তাঁহারা আমার স্বরূপ, গুণাদির যথার্থ-তত্ত্ব নিরূপণে যতুশাল থাকেন। তাঁহারা একাদশী, জন্মাষ্ট্রমী প্রভৃতি ব্রতসমূহ অম্বলিতভাবে দৃঢ়তার সহিত পালন করিয়া থাকেন। আমার সহিত এবম্বিধ ভক্তিমূলে নিত্য-সংযোগই তাঁহাদের একান্ত বাস্থনীয়।

শ্রীমদ্ভাগবতে পাই,—

"এতাবানেব লোকেথিমান্ পুংসাং ধর্মঃ পরঃ স্মৃতঃ। ভক্তিযোগো ভগবতি তন্নামগ্রহণাদিভিঃ॥ ( ৬।৩।২২ )

এই কীর্ত্তনরূপা ভক্তিতে দেশ, কাল বা পাত্রাদির শুদ্ধির অপেক্ষা নাই।
"ন দেশ নিয়মো রাজন্ ন কালনিয়মস্তথা বিহুতে নাত্র সন্দেহো বিফোর্নামাম্বকীর্তনে।" (বৈষ্ণব-চিন্তামণি বাক্য) স্ক্রপুরাণে পাওয়া যায়,—"চক্রায়ুধস্থ নামানি সদা সর্বাত্র কীর্তমেং।" আরও পাওয়া যায়—'ন দেশকালাবস্থাত্ম- ভদ্মাদিকমপেক্ষ্যতে।' শ্রীমহাপ্রভু বলিয়াছেন—"কীর্ত্তনীয়ঃ সদা হরি:।" (শিক্ষান্তক)

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মে পাই,—

"যেরপ দীন গৃহস্থেরা কুটুম্ব-পালনের জন্ম ধনীদিগের দারে ধনের নিমিন্ত যত্ন করিয়া থাকে; তদ্রপ আমার ভক্তগণ কীর্ত্তনাদি-ভক্তি লাভের জন্ম সাধুগণের সভায় যত্ন করিয়া থাকেন এবং ভক্তি লাভ করিয়াও তাঁহারা অধীয়মাণ শাস্ত্র-সমূহের পাঠের ন্থায় পুনঃ পুনঃ তাহার অভ্যাস করিয়া থাকেন। এতবার নামগ্রহণ, এতবার প্রণতি এবং এই প্রকার পরিচর্য্যা অবশ্য করণীয় ইত্যাকার দৃঢ় ব্রত বা নিয়ম যাঁহাদের তাঁহারা।"

নববিধা-ভক্তি নম্বন্ধে শ্রীমন্তাগবতে শ্রীপ্রহ্লাদের বাক্যে পাওয়া যায়,— "শ্রবণং কীর্ত্তনং বিফোঃ শ্রবণং……সখ্যমাত্মনিবেদনম্ ॥" ( ৭।৫।২৩ )

শ্রীল অম্বরীষ মহারাজ সর্বেন্সিয়ে কৃষ্ণামূশীলন করিতেন। এ-বিষয়ে শ্রীমন্তাগবতে পাই,—"স্ বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ…যথোত্তমঃশ্লোকজনাশ্রমা রতিঃ॥" (ভাঃ ১।৪।১৮-২০)

শ্রীচৈতগ্রচরিতামতে পাওয়া যায়,—

'এক' অঙ্ক সাধে, কেহ সাধে 'বহু' অঙ্ক।
'নিষ্ঠা' হইতে উপজয় প্রেমের তরঙ্ক॥
'এক' অঙ্কে সিদ্ধি পাইল বহু ভক্তগণ।

অম্বরীষাদি ভক্তের 'বহু' অঙ্গ-দাধন ॥" ( মধ্য ২২।১২৯-১৩০ )

মহাভাগবতের নামকীর্ত্তন সম্বন্ধে শ্রীমন্তাগবতের "এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা জাতাহুরাগো ক্রতচিত্ত উচ্চৈঃ।"—( ১১।২।৩৮ ) শ্লোক আলোচ্য।

কিরপ সাধুর সঙ্গে শ্রীভাগবতার্থ আস্বাদন করা যাইবে, সে-বিষয়ে শ্রীভক্তিরসায়তসিন্ধতে পাওয়া যায়,—

"সজাতীয়াশয়ে স্নিধে সাধো সঙ্গ: স্বতো বরে।"॥ ১৪॥

জ্ঞানযজ্ঞেন চাপ্যস্থে যজ্জে মামুপাসতে। একত্ত্বন পৃথক্ত্বেন বহুধা বিশ্বভোমুখম্॥ ১৫॥

আত্তম অপি চ ( অন্ত কেহ কেহ ) জ্ঞানযজ্ঞেন ( জ্ঞানযজ্ঞের দ্বারা )
যজন্তঃ ( যজন করিতে করিতে ) একত্বেন ( অভেদভাবে ) পৃথক্ত্বেন ( পৃথক্ -

व्याचल गर्ने गाला

ভাবে ) বহুধা ( নানাদেবরূপে ) বিশ্বতোম্থম্ ( সর্কাত্মক্ ) মাম্ ( আমাকে ) উপাসতে ( উপাসনা করেন ) ॥ ১৫॥

অনুবাদ—অন্ত কেহ কেহ জ্ঞানযজ্ঞের দ্বারা যজন করিতে করিতে, কেহ অভেদভাবে, কেহ পৃথক্ভাবে, কেহ নানাদেবতারূপে, কেহ বা সর্বাত্মক্ভাবে আমাকে উপাসনা করেন ॥ ১৫॥

শ্রীভজিবিনোদ—হে অর্জুন! অনগ্য-ভক্তদকল যে আর্থাদি-ভক্তগণ অপেক্ষা শ্রেষ্ঠ ও 'মহাত্ম'-পদবাচ্য ; তাহা আমি তোমাকে অনেক প্রকারে দেখাইলাম। সম্প্রতি অক্তন্তপূর্ব অথচ তাহাদের অপেক্ষা নান আর তিনপ্রকার ভক্ত আছে, তাহাদের কথা বলিতেছি। সেই তিনপ্রকার ভক্তকে পণ্ডিতগণ (১) 'অহংগ্রহোপাদক', (২) 'প্রতীকোপাদক' এবং (৩) 'বিশ্বরপোপাদক' বলিয়া থাকেন। উক্ত তিনপ্রকার নান-ভক্তদিগের মধ্যে (১) 'অহংগ্রহোপাদক' প্রধান ; তিনি আপনাকে ভগবান্ বলিয়া অভিমান-দহকারে উপাদনা করেন। ইহাই পরমেশ্বর-যজনরূপ একপ্রকার যজ্ঞ ; এই অভেদ-জ্ঞানরূপ যজ্ঞ যজনপূর্ব্বক অহংগ্রহোপাদকগণ আমার উপাদনা করেন। (২) প্রতীকোপাদকগণ তাহাদের অপেক্ষা নান ; তাঁহারা ভগবান্-হইতে আপনাদিগকে পৃথক্ জানিয়া স্থ্য ও ইন্দ্রাদিকে ভগবিদ্ভূতি বলিয়া উপাদনা করেন। (৩) তাঁহাদের অপেক্ষা মন্দর্দ্বি ব্যক্তিগণ 'বিশ্বরূপ' বলিয়া ভগবানকে উপাদনা করেন। এই প্রকার জ্ঞানযজ্ঞের ব্রিবিধতা লক্ষিত হয়॥ ১৫॥

শ্রীবলদেব—এবং কেবলম্বরপনিষ্ঠান্ কীর্ত্তনাদিশুদ্ধভক্তিপ্রধানামহাত্মশন্ধিতানভিধায় গুণীভূত-তংকীর্ত্তনাদিজ্ঞানপ্রধানান্ ভক্তানাহ,—জ্ঞানেতি।
পূর্ব্বতোহন্তে কেচন ভক্তাঃ পূর্ব্বোক্তেন কীর্ত্তনাদিজ্ঞান্যজ্ঞেন চ যদ্ধন্তো
মাম্পাদতে। তত্র প্রকারমাহ,—বহুধা বহুপ্রকারেণ পৃথক্তেন প্রপঞ্চাকারেণ
প্রধানমহদাভাত্মনা বিশ্বতোম্থমিক্রাদিদৈবতাত্মনা চাবস্থিতং মামেক্রেনোপাসতে। অয়মত্র নিম্বর্ধঃ,—স্ম্বাচিদচিচ্ছক্তিমান্ সত্যাস্কল্লঃ, রুফো "বহু স্থাম্" ইতি
স্বীয়েন সন্ধল্লন স্থুলচিদচিচ্ছক্তিমানেক এব ব্রহ্মাদিস্কান্থবিচিত্রদ্রগজ্ঞপতয়াবতিষ্ঠত ইতান্ত্রসন্ধিনা তাদৃশস্থ মম কীর্ত্তনাদিনা চ মাম্পাসত ইতি॥ ১৫॥

বঙ্গানুবাদ—এই প্রকারে আমার প্রতি অর্থাৎ আমার স্বরূপের প্রতি কেবল-স্বরূপনিষ্ঠ, কীর্ত্তনাদি শুদ্ধভক্তি-প্রধান, মহাত্মা-শব্দের দারা শব্দিত, —এই জাতীয় প্রধান-ভক্তদের কথা বলিয়া গুণাভূত আমার কীর্ত্তনাদি জ্ঞান-

প্রধান ভক্তদের কথা বলা হইতেছে—'জ্ঞানেতি'। পূর্ব্ব হইতে ভিন্ন অক্ত কোন ভক্তগণ পূর্ব্বোক্ত কীর্ত্তনাদিরপ জ্ঞানযজ্ঞের দ্বারা ভজনা করিয়া আমাকে উপাসনা করিয়া থাকে। সেই উপাসনার প্রকারের কথা বলা হইতেছে— বছধা—বছ প্রকায়ে, পৃথক্ পৃথক্ রূপে ও প্রপঞ্চাকারে—প্রধান-মহদাদি-রূপে, বিশ্বতোম্থ অর্থাৎ ইন্দ্রাদিদেবতারপে অবস্থিত আমাকে এক আত্মরূপেই উপাদনা করিয়া থাকেন। ইহার অর্থ আরও দহজ করিয়া বলা হইতেছে— স্তম চিৎ ও অচিৎ শক্তিমান্, সত্যসংকল্প শ্রীকৃষ্ণ 'আমি বহু হইব'—এইরপ ষীয় সঙ্গলেই স্থুলচিং ও অচিং শক্তিমান্ এক তত্ত্বন্ধাদি স্তম্ব পর্যান্ত বিচিত্র জগদ্রপেই অবস্থান করিতেছেন—এই অহুসন্ধিৎসার দ্বারা (জানিবার ইচ্ছার দ্বারা) এবং তাদৃশ আমার কীর্ত্তনাদির দ্বারাই আমাকে উপাসনা कदन-रेश। ३६॥

অনুভূষণ—শ্রভগবানের স্বরপনিষ্ঠ কেবল ভক্তিমান্, গুদ্ধভক্তি-প্রধান ভক্তগণকে 'মহাত্মা' শব্দে অভিহিত করিয়া তদপেক্ষা নিরুষ্ট গুণীভূতা ভক্তিমান্ জ্ঞান-প্রধান ভক্তগণের কথা বলিতেছেন। গুণীভূতা ভক্তি হইতে প্রধানীভূতা ভক্তি শ্রেষ্ঠা, তদপেক্ষাও কেবলা বা অন্তা ভক্তি সর্বশ্রেষ্ঠা; ইহা অন্তত্র 'অতুভূষণে' বিস্তারিতভাবে বলা হইয়াছে বলিয়া এথানে আর বিস্তার করা श्रेन ना।

এই অধ্যায়ে এবং পূর্ব অধ্যায়ে অনগ্র ভক্তকেই 'মহাত্মা' শব্দ-বাচ্য ও আর্তাদি সকল ভক্তাপেক্ষা শ্রেষ্ঠ বলা হইয়াছে। এক্ষণে ভদ্বাতীত অন্য এক শ্রেণীর কথা বলিতেছেন। ইহারা গুণীভূতারপ নিরুষ্ট ভক্তি অবলম্বনে কীর্তনাদি জ্ঞান-যজ্ঞের দারা আমার উপাদনা করেন। প্রপঞ্চাকারে, পৃথক্-রূপে, প্রধান-মহদাদিরপ, বিশ্বতোম্থ আমি, ইন্দ্রাদি দেবস্বরূপে অবস্থিত হইলেও, তাঁহারা আমাকে একঅভাবেই উপাদনা করিয়া থাকেন। সৃন্ধ, চিদচিৎ শক্তিসম্পন্ন সত্যসকল শ্রীকৃষ্ণ 'আমি বিবিধ বিভক্ত নামরূপ খুল চিদচিৎ শরীর গ্রহণ করিব' এইরূপ সঙ্গল্প করিবামাত্র সেই স্ক্রেরূপ একই দেব মহুষ্য-স্থাববাদি ব্রহ্মান্তস্তম্ব পর্যান্ত অনন্ত বিচিত্রতাময় জগদ্রূপে অবস্থিত হইয়া থাকেন। এই অমুসন্ধানের দারা তাদৃশ আমার কীর্ত্তনাদি মুথে আমাকে উপাসনা করিয়া

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মে পাই,—

"প্রীল মধুস্থান সরস্বতী পাদের বাখ্যান্নযায়ী পূর্ব হইতে ন্যুন বা নিকন্ট যে তিন প্রকার ভক্ত অর্থাৎ 'অহংগ্রহোপাসক', 'প্রতীকোপাসক', এবং 'বিশ্বরূপোপাসক'—তাহাদিগকে দেখাইতেছেন। অন্যে—অপরে অর্থাৎ মহাত্মা নহে—পূর্ব্বোক্ত সাধনান্নপ্রানে অসমর্থ এই অর্থ, জ্ঞানযজ্ঞের দারা—হে ঐশ্বর্যাসম্পন্ন দেব পূরুষ! 'তুমি বা আমি হই', 'আমি বা তুমি হও' ইত্যাদি শ্রুতিকথিত অহংগ্রহোপাসনা-জ্ঞান সেই পরমেশ্বর যজনরূপ যজ্ঞ, তদ্বারা 'চ'কার 'এব' অর্থে 'অপি'-শন্দ সাধনান্তর ত্যাগার্থ, "একত্মরূপে" অর্থাৎ উপাস্থা ও উপাসকের অভেদ চিন্তার্মপে, তাহা হইতেও ন্যুন অন্যে—অপরে 'পৃথক্রূপে' ভেদচিন্তনরূপে "আদিত্যই বন্ধ এই আদেশ"—ইত্যাদি শ্রুতি-কথিত প্রতীকোপাসনারূপ জ্ঞান-যজ্ঞ দ্বারা। তাহা অপেক্ষা মন্দবৃদ্ধি ব্যক্তিগণ 'বহুপ্রকারে' 'বিশ্বতোমুখ' বিশ্বরূপ সর্ব্বাত্মা আমাকে উপাস্না করে।"

শীমন্তাগৰতেও পাওয়া যায়,—

"একঃ পৃথঙ্ নামভিরাহতো মৃদা গৃহাতি পূর্ণঃ স্বয়মাশিষাং প্রভুঃ।" (৫।১৯।২৫) অর্থাৎ সর্ব্বাঙ্গী ভগবান্ শ্রীহরি পৃথক্ পৃথক্ অঙ্গস্বরূপ ইন্দ্রাদিনামে আহত হইয়াও সেই সকল দ্রব্য হর্ষ-সহকারে গ্রহণ করেন। তিনি সকল পুরুষার্থ প্রদানে সমর্থ ও স্বয়ং পরিপূর্ণ হইয়াও তাহা উপেক্ষা করেন না।

কৃষ্ণেতে সমতাবৃদ্ধি করিলে তাঁহার মাধুর্য্য আস্বাদন হয় না। অধিকভ অপরাধী হইতে হয়; কুঞ্চের সমতা হইতে ভক্তপদ বড় অর্থাৎ শ্রেষ্ঠ, এ-বিষয়ে শ্রীচৈতক্যচরিতমৃতে পাওয়া যায়,—

> ''ক্নফের সমতা হৈতে বড় ভক্তপদ। আত্মা হৈতে ক্নফের ভক্ত হয় প্রেমাস্পদ॥ আত্মা হইতে ক্লফ্ন ভক্তে বড় করি মানে। ইহাতে বহুতর শাস্ত্র-বচন-প্রমাণে॥'' (আদি ৬।৯৮-৯৯)

শ্রীমন্তাগবতে 'ন তথা মে প্রিয়তম:' শ্লোক (১১।১৪।১৪) এবং "দাধবঃ হদয়ং মহং" (১।৪।৬৮) শ্লোক আলোচ্য।

স্বাঃ শ্রীকৃষ্ণ নিজ মাধুর্ঘা আসাদনের নিমিত্ত নিজেই ভক্তভাব অঙ্গীকার পূর্ব্বক শ্রীগোরস্থন্দররূপে অবতার্ণ হইয়াছিলেন। এবিষয়ে শ্রীচৈতগুচরিতামৃতে পাওয়া যায়,—

"কৃষ্ণসাম্যো নহে তাঁর মাধুর্যাাস্বাদন। ভক্ত-ভাবে করে তাঁর মাধুর্যা চর্বাণ॥ শাস্ত্রের সিদ্ধান্ত এই,—বিজ্ঞের অন্নভব। মূঢ়লোক নাহি জানে, ভাবের বৈভব॥" (আদি ৬।১০১-১০২)

শ্রীল প্রভূপাদের অন্নভাষ্যে পাই,—

"সারপাদি মৃক্তিতে অথবা বিষ্ণৃত্ত্বে কৃষ্ণসামাভাবহেতু কৃষ্ণদাশু-মাধুর্যা তাদৃশ আস্বাদিত হয় না। ভক্তভাবে কৃষ্ণসহ সমন্ব (ভোক্ত্ব) না থাকায় চর্ক্যা-বস্তুর রসাস্বাদনের আয় কৃষ্ণ-মধুরিমা সমাক্ উপলব্ধ হয়। সাধারণ লোকে মৃচতাবশতঃ প্রভুত্বলোভে দাশুভাবের পরাকাষ্ঠা অন্নভব করিতে স্বভাবতঃই অক্ষম। বিশেষ অভিজ্ঞ বাক্তি এবং শাস্তে প্রগাঢ়রূপে প্রবিষ্ট ব্যক্তিই এই স্ক্র বিষয় বৃঝিতে পারেন।"॥১৫॥

অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহমহমৌষধম্।
মল্লোহহমহমেবাজ্যমহমগ্রিরহং হুতম্॥ ১৬॥
পিতাহমস্য জগতো মাতা গাতা পিতামহঃ।
বেছং পবিত্রমোক্ষার ঋক্ সাম যজুরের চ॥ ১৭॥
গতির্ভর্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং স্বস্তুৎ।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিগানং বীজমব্যয়ম্॥ ১৮॥
তপাম্যহমহং বর্ষং নিগ্রাম্যুৎস্জামি চ।
অমৃত্রপৈব মৃত্যুক্চ সদসচ্চাহমর্জুন।। ১৯॥

তারয়—অর্জ্ন! অহং (আমি) ক্রতঃ (শ্রোত-অগ্নিষ্টোমাদি যজ্ঞ) অহং (আমি) যজ্ঞঃ (শার্জ-বৈশ্বদেবাদি যজ্ঞ) অহং (আমি) স্বধা (পিতৃলোকার্থ শ্রাদাদি) অহং (আমি) উধধম্ (উষধ) অহং (আমি) মন্তঃ (মন্ত্র) অহম্ এব আজাং (আমিই মৃত) অহম্ অগ্নি (আমি অগ্নি) অহং হুতং (আমি হোম) অহম্ (আমি) অহু জগতঃ (এই জগতের) পিতা (জনক) মাতা (জননী) ধাতা (বিধাতা) পিতামহঃ (পিতামহ) বেছং (জ্ঞাতবা)

পবিত্রম্ (শোধক) ওয়ারঃ (ওঁকার.) ঋক্, সাম, যজুঃ এব চ (ঋক্, সাম এবং যজুর্বেদও) গতিঃ (কর্মফল) ভর্তা (পতি) প্রভুঃ (নিয়ন্তা) সাক্ষী (শুভা-শুভ দ্রন্তা) নিবাসঃ (আম্পদ) শরণং (বিপদ্র্রাতা) স্বহুং (হিতকারী) প্রভবঃ (শ্রন্তা) প্রলয়ঃ (সংহারকর্তা) স্থানং (আধার) নিধানং (লয়স্থান) বীজম্ (কারণ) অবায়ম্ (অবিনাশী) অহং (আমি) তপামি (তাপ প্রদান করি) অহং (আমি) বর্ষং (বৃষ্টি) উৎস্ক্রামি (নিক্ষেপ করি) নিগ্রামি চ (এবং আকর্ষণ করি) অহং এব অমৃত্রম্ (আমিই মোক্ষ) মৃত্যুঃ চ (এবং মৃত্যু) সং অসং চ (স্থল এবং স্ক্র্ম) ॥ ১৬-১৯ ॥

তামুবাদ—হে অজ্ন! আমি অগ্নিষ্টোমাদি শ্রোত এবং বৈশ্বদেবাদি শ্রার্ড যজ, আমি প্রান্ধীয় অন্ন, আমি ঔষধ, আমি মন্ত্র, আমি ঘৃত, আমি অগ্নি, আমি হোম, আমি এই জগতের পিতা, মাতা, ধাতা ও পিতামহ, আমি জ্রেন্বস্ত্র, আমি শোধক, আমি ওঁকার, এবং আমিই ঋক, সাম, যজুর্রেদ, আমি সকলের কর্ম্মফলরূপ গতি; ভর্তা, প্রভু, সাক্ষা, নিবাস, শরণ, স্কৃহং, স্প্তি-স্থিতি-লম্মক্রিয়া, আমি আধার এবং অবায় বীজ, আমিই তাপ প্রদান করি, বারি বর্ষণ করি এবং উহা আক্র্যণ করি, আমি অমৃত, আমি মৃত্যা, আমিই স্থূল-স্ক্র যাবতীয় বস্তু ॥ ১৬-১৯ ॥

শ্রীভক্তিবিনোদ—আমিই অগ্নিষ্টোমাদি শ্রোত ও বৈশ্বদেবাদি সার্ত্বযঞ্জ, আমিই স্বধা, আমিই ঔষধ, আমিই মন্ত্র, আমিই স্বত্ত, আমিই অগ্নি, আমিই ওই জগতের পিতা, মাতা, ধাতা ও পিতামহ, আমিই পবিত্র ওঁকার, আমিই ঋক্, দাম ও যজুং, আমিই সকলের গতি, ভর্ত্তা, প্রভু, দাক্ষী, নিবাস, শরণ, স্কর্ম, উৎপত্তি-নাশ-স্থিতি এবং অবায় বীজ, নিদাঘকালে আমিই তাপ ও প্রাবৃট্কালে আমিই বৃষ্টি, আমিই জল বধন করি ও জল আকর্ষণ করি, আমিই অমৃত, আমিই মৃত্যু, এবং ধে অর্জুন! আমিই সদসং। এইরূপ ধ্যান করত বিশ্বরূপ-রূপে আমার উপনেনা হয়॥ ১৬-১৯॥

ত্রীবলদেব — অহমেব জগদ্রপতয়াবস্থিত ইত্যেতং প্রদর্শয়তি, — অহমিতি চতুর্ভিঃ। ক্রতুর্জ্যোতিষ্টোমাদিঃ শ্রোতো, যজ্ঞো বৈশ্বদেবাদিঃ স্মার্তঃ, স্বধা পিত্রর্থে প্রাদ্ধাদিঃ, ঔষধং ভেষজমৌষধিপ্রভবমন্নং বা, মন্ত্রো 'যাজ্যাপুরো মু' বাক্যাদির্যেনোদিশ্র হবির্দেবেভাো দীয়তে, আজ্ঞাং ঘৃতহোমাদিসাধনম,

অগ্নিছোমাদিকারণমাহবনীয়াদিঃ, ভতং হোমো হবিঃপ্রক্ষেপঃ; এতং সর্বাত্মনাহমেবাস্থিতঃ। পিতাহমিতি। অস্ত স্থিরচরস্থ জগতস্তত্ত তত্র পিতৃত্বেন মাতৃত্বেন পিতামহত্বেন চাহমেব স্থিতঃ, ধাতা ধারকত্বেন পোষক-ত্বেন চ তত্র তিতা বাজাদিশ্চাংমেব, — চিদ্চিচ্ছক্তিমতস্তদস্থাামিণো মত্তেষামনতিরেকাৎ; বেভং জ্ঞেয়ং বস্তু, পবিত্রং শুদ্ধিকরং গঙ্গাদিবারি; জ্পেরে ব্রহ্মণি জ্ঞানহেতুরোকারঃ সর্ববেদবীজভূতঃ, ঋগাদিস্তিবিধো বেদ\*চ-শব্দাদথর্ক চ গ্রাহ্ম্—তেষ্ নিগতাক্ষর: পাদা ঋক্, দৈব গাতিবিশিষ্টা দাম,— শামপদং তু গীতিমাত্রশৈব বাচকমিতাক্তং, গীতিশ্যামমিতাক্ষরং যজুঃ; এত জিবিধং কর্মোপযোগিমন্ত্রজাতমহমেবেতার্থ:। গতিঃ সাধ্যসাধনভূতা 'গমাতে ইয়মনয়া চ' ইতি নিককে:, ভর্তা পতি:, প্রভুর্নিয়ন্তা, সাক্ষী শুভাশুভদ্রা, নিবাসঃ ভোগস্থানং—'নিবসত্যত্ৰ'ইতি নিকক্তেঃ, শরণং প্রপন্নাতিহ্রং—'নার্য্যতে তৃ:থমিমিন্'ইতি নিককে:, স্বলিমিত্তহিতকং, প্রভবাদয়ঃ স্বর্গপ্রলয়স্থিতয়ঃ ক্রিয়া, निधिर्गशामिन्विविधः, वौषः कावणस्वाग्रस्विनामि, ত্রীহাদিবদিনাশি। তপামীতি। হুর্য্য-রপেণাহমেব নিদাঘে জগতপামি, প্রাবৃষি বর্ষং জলং বিস্ঞামি মেঘ-রূপেন, কদাচিদবগ্রহরপেণ বর্ষং নিগৃহামি আকর্ষামি, অমৃতং মোক্ষঃ, মৃত্যুঃ সংসারঃ, সং স্থুলম্, অসং স্ক্রম্; এতৎ সর্বমহমেব তথ। চৈবং বছবিধনামরপাবস্থ-নিখিলজগদ্রপত্যা স্থিত এক এব শক্তিমান্ বাহ্নদেব ইত্যেকতাহুসন্ধিনা জ্ঞানযজেন চৈকে ধজন্তো মাম্পাসতে ॥ ১৬-১৯॥

বঙ্গান্ধবাদ—আমিই জগৎরূপে অবস্থান করিতেছি, ইহাই প্রদর্শন করা হইতেছে—অহমিত্যাদি চারিটি শ্লোক দ্বারা। ক্রতু—শ্রুতি-শাস্থ্যাক্ত জ্যোতিষ্টোমাদি আমি, (শ্বতিশাস্থ্যাক্ত) বৈশ্বদেবাদি যজ্ঞও আমি, পিত্রাদি উদ্দেশ্যে স্বধা ময়ে যেই সব প্রবাদি দেওয়া হয়, সেই স্বধাও আমি, ঔষধ—তেম্বজ্ব অথবা ঔষধিপ্রভব অমও আমি, মন্ত্র—'যাজ্যাপুরো মু' বাক্য দ্বারা যাহার উদ্দেশ্যে হবি দেবতাগণকে দেওয়া হয়, সেই মন্ত্রও আমি। আজ্য—হোমাদিসাধন ঘুতাদিও আমি, অগ্নি—আহবনীয় প্রভৃতি হোমাদি কারণ অগ্নিও আমি, হুত—হবিঃ প্রক্ষেপ হোমও আমি, আমিই সর্কাত্মরূপে এই সকলেই অবস্থান করি। 'পিতাহমিতি'। এই স্থির ও চর অর্থাৎ স্থাবর-জঙ্গমাত্মক সমস্ত জগতের সেই সেই ক্ষেত্রে পিতা, মাতা ও পিতামহরূপে আমিই অবস্থান করিতেছি। ধাতা অর্থাৎ ধারকত্ব (রক্ষা) ও পোষকত্ব (পালন)-রূপে সেই

সেই স্থলে রাজাদি হইয়া আমিই অবস্থান করিতেছি। যেহেতু চিং ও অচিং শক্তিমান্ সেই অন্তর্যামী আমার সহিত তাহাদের অনতিরেক অর্থাৎ কোন পার্থক্য নাই। বেছ-জ্ঞেয় বস্তু। পবিত্র-পরমণ্ডদ্ধিকর গঙ্গাদিনদীর জলও আমি। জ্ঞেয় ব্রন্ধের জ্ঞানকারণ সমস্ত বেদের বীজম্বরূপ ওক্ষার জামিই, ঋক্-যজু: ও সাম এই তিনপ্রকার বেদও আমি, চকারের দ্বারা অথর্ব বেদকেও গ্রহণ করা হইবে, সেই অথর্ক বেদও আমি। সেই বেদসকলের মধ্যে নিয়ত অক্ষরপাদ ঋক্বেদ, দেই ঋক্বেদই গীতিবিশিষ্ট হইলে সামবেদ,— সামবেদ গীতিমাত্রেরই বাচক ইহা অন্ত কেহ বলেন। গীতিশুন্ত অমিতাক্ষর যজু:। এই তিনপ্রকার কর্মোপযোগী মন্ত্রসমূহ আমিই। গতি—সাধা-সাধনভূতা অর্থাৎ যাহা সাধনীয় বস্তুর সাধন। 'গমন করা হয় ইহা ইহার দারা' এই নিকজি হেতু। ভর্তা-পতি। প্রভ্-নিয়ন্তা। সাক্ষী-শুভাশুভদ্রষ্টা, নিবাস—ভোগস্থান—"নিবাস করা হয় এখানে" এই নিক্তক্তি হেতু। শরণ— আশ্রয়, প্রপন্নের (শরণাগতের) বিপদ্নাশকারী। 'শীর্ঘাতে ( নাশ করা হয়) ত্ব:খং ( ত্ব:খকে ) অম্মন্ ( ইহাতে )' এই নিক্তিক হেতু। স্বহং-নিমিত্ত (কারণবশতঃ) হিতকারী, প্রভবাদি—সৃষ্টি-প্রলয় ও স্থিতিরূপ ক্রিয়া, নিধান— निधि—मराभन्ना पि-नविध, वौ জ—कात्र १ चवात्र ७ चित्र निष्ठ बौरि প্রভৃতির ( ধারাদির রায় ) তুলা বিনাশনাল নহে। 'তপামীতি'। সুর্যারপেই আমি গ্রীমকালে জগংকে উত্তাপিত করিয়া থাকি। প্রাবৃট্—বর্ষাকালে বর্ষ অর্থাৎ জল বিশেষরূপে নিক্ষেপ করি মেঘরূপে। কথনও অবগ্রহরূপেই ( বৃষ্টি-প্রতিবন্ধকরণেই) আমি বর্ষণকে আকর্ষণ করিয়া থাকি। অমৃত—মোক্ষ, মৃত্যু—সংসার, সৎ—স্থুল, অসৎ—স্থা, এই সমস্ত আমিই। অতএব এইরূপে বহু প্রকার নাম ও রূপাবস্থা-সম্পন্ন হইয়া এবং নিখিল জগদ্রপতারূপে অবস্থিত এক আমিই পরম শক্তিমান্ বাস্থদেব শ্রীকৃষ্ণ। এইরূপ আমার একতাত্মন্ধান-রূপ জান-যজ্ঞের দারা কেহ কেহ আমার যজনাদি করিয়া আমাকেই উপাসনা करत्। ४७-४२।

তাসুভূষণ—শ্রীভগবান্ তদীয় বিশ্বরূপের উপাসক ও এক র-রূপের উপাসকগণের মঙ্গলের নিমিন্ত নিজ বিশ্বরূপত্বের কথা চারিটি শ্লোকে বিস্তৃত-রূপে বলিতেছেন। তদীয় শক্তির পরিণতিতেই এই সমগ্র জ্বাং বা যাবতীয় 2/20

বস্তু প্রকাশিত। তদীয় শক্তির কার্য্য তাঁহারই—এই বিচারে তাহা হইতে সব বা তিনি সব বলা যাইতে পারে।

শ্রীচৈতগ্রভাগবতেও পাই,—

"সত্য করিলেন প্রভু আপনার গীতা। আমি পিতা, পিতামহ, আমি ধাতা, মাতা॥" (মধ্য ১৮।২০৫) শ্রীমদ্যাগবতের—"প্রযাহ্মতো মৃত্যুম্তামৃতঞ্চ" (ভাঃ ১০।১।৭) শ্লোকও আলোচ্য।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকায় পাই,—

"ব্যষ্টিসমষ্টিসর্বজগত্ৎপাদনাৎ—পিতা, জগতোহস্ত স্বকুক্ষিমধ্য এব ধারণাৎ— —মাতা, জগতোহস্ত সংপোষণাৎ—ধাতা, জগৎস্রষ্টুঃ ব্রন্ধণোহপি জনকত্বাৎ— পিতামহঃ॥" ১৬-১৯॥

> ত্রৈবিজ্ঞা মাং সোমপাঃ পূতপাপা যক্তৈরিষ্ট্রা স্বর্গতিং প্রার্থয়ন্তে। তে পুণ্যমাসাজ স্থরেন্দ্রলোক-মগ্রন্থি দিব্যান্ দিবি দেবভোগান্॥ ২০॥

ত্রবিলা ( ত্রিবেদ- সমত কর্মপরায়ণগণ ) যক্তঃ ( যজ্ঞসমূহ দ্বারা )
মাম্ ( আমাকে ) ইট্রা ( পূজা করিয়া ) সোমপাঃ ( যজ্ঞশেষ সোমপানকারিগণ ) পূতপাপাঃ ( নিজ্পাপ ) [ সন্তঃ—হইয়া ] স্বর্গতিং ( স্বর্গ-গমন )
প্রার্থয়ন্তে (প্রার্থনা করে ) তে ( তাহারা ) পুণাম্ ( পুণাফলরূপ ) স্থরেজ্রলোকম্ ( দেবরাজ-লোক ) আমাল ( পাইয়া ) দিবি ( স্বর্গে ) দিব্যান্ ( দিব্য )
দেবভোগান্ ( দেবভোগ্য সকল ) অমন্তি ( ভোগ করে ) ॥ ২০ ॥

তালুবাদ—বেদত্রয়োক্ত কর্মপরায়ণগণ বিবিধ ষজ্ঞান্মন্তান দ্বারা আমাকে পূজা করিয়া, যজ্ঞাবশিষ্ট সোমরদ পান পূর্বক নিস্পাপ হইয়া স্বর্গ-গমন প্রার্থনা করে, তাহারা পুণ্যফল-স্বরূপ ইন্দ্রলোক প্রাপ্ত হইয়া স্বর্গপুরে দিবা দেবভোগ্য ভোগদমূহ উপভোগ করে॥ ২০॥

শীভজিবিনাদ—এবমিধ ত্রিবিধ-উপাদনায় যদি ভক্তিগন্ধ থাকে, তাহা হইলে আমাকে 'পরমেশ্বর' বলিয়া উপাদনা করত জীব ক্রমশঃ তত্তংক্ষায় পরিত্যাগপূর্বক আমার শুদ্ধভক্তিলাভরপ মোক্ষ প্রাপ্ত হন। (১) অহং গ্রহোপাসনায় যে উপাসকের নিজের প্রতি ভগবদ্ধি, তাহা ভক্তির আলোচনা-ক্রমে শুদ্ধভক্তিরপে পরিণত হইয়া পড়ে। (২) প্রতীকোপাসনায় যে অন্ত-দেবতাদিতে ভগবদ্ধি, তাহা ত্রালোচনা ও সাধুসকক্রমে সচিদানক্রমরপ আমাতেই পর্যাবদিত হইয়া পড়ে। (৩) বিশ্বরপোপাসনাতে যে অনিশ্চিত পরমান্মজ্ঞান, তাহা স্বরপাবিভাব-ক্রমে সচিদানক্রমরপ মধ্যমাকার আমাতেই ঘনীভূত হয়। কিন্তু ঐ ত্রিবিধ উপাসনায় যাহাদের ভগবদ্বৈত্যতালক্ষণ কর্মজ্ঞানাগ্রহতা থাকে, তাহাদের পক্ষে নিতা-মঙ্গলম্বরপা ভক্তির লাভ ঘটে না। অভেদবাদী সাধকেরা ক্রমশঃ ভগবদ্বৈত্য-বশতঃ মারাবাদরপ ক্তর্কজালে পতিত হয়। প্রতীকোপাসকগণ ঋক্-সাম-যজ্কেদোল্লিথিত কর্মতন্ত্রে আবদ্ধ হইয়া উক্ত বেদব্রয়ের কর্ম্মোপদেশিনী বিছাত্রিয়ী অধ্যয়ন করত সোমপান-দ্বারা ধৌতপাপ হয়; ক্রমে যজ্ঞসকল-দ্বারা আমার উপাদনা করত স্বর্গলাভ প্রার্থনা করে। তাহারা পুণ্যলভ্য দেবলোকে দিব্য দেবভোগসকল প্রাপ্ত হয়॥ ২০॥

ত্রীবলদেব—এবং স্বভক্তানাং বৃত্তিমভিগায় তেষামেব বিশেষং বোধিয়তুং স্ববিম্থানাং বৃত্তিমাহ,—ত্রৈবিছেতি দ্বাভ্যাম্। তিসণাং বিছ্যানাং সমাহারদ্রিবিছাং, তদ্যেগীয়তে বিদন্তি চ তে ব্রৈবিছাঃ,—"তদধীতে তদ্বেদ" ইতি স্বাদণ,—ঝগ্রজুঃদামোক্তকর্মপরা ইতার্থঃ। ত্রমীবিহিতৈর্জ্যোতিষ্টোমাদিভির্তির্জ্যামিষ্ট্যা—ইন্দ্রাদয়ো মন্মেব রূপাণ্যবিদ্বস্থোহিপ বস্তুভত্তজ্ঞপেণাবস্থিতং মামেবারাধ্যেতার্থঃ। দোমপা যজ্ঞশেষং দোমং পিবতঃ, পূত্পাপা বিনষ্ট-স্বর্গাদিপ্রাপ্রিবরাধিকলম্বাঃ দত্যে যে স্বর্গতিং প্রার্থয়তে, তে পুণ্যমিত্যাদি বিস্টার্থঃ। মন্মেব দত্তমিতি শেষঃ॥২০॥

বঙ্গাসুবাদ—এই প্রকারে স্বীয় ভক্তদের বৃত্তির বিষয় বলিয়া তাহাদের বিশেষত্ব বৃষ্ণাইবার জন্ম স্ববিম্থ অর্থাৎ কৃষ্ণবিম্থীদের বৃত্তির বিষয় বলা হইতেছে—'ত্রেবেছেতি'। তুইটি শ্লোক দ্বারা। তিনটি বিছার সমাহার ত্রিবিছা, তাহা যাহারা অধ্যয়ন করে বা জ্ঞানে তাহারা ত্রৈবিছা। "তদ্ধীতে তদ্বেদ" এই স্ব্রোন্থারে অণ্। ঋক্, যজুং ও সামবেদোক্ত কর্মপ্রায়ণ—ইহাই অর্থ। ত্রুয়ী বিহিতের দ্বারা অর্থাৎ সাম-ঋক্ ও যজুর্কেদ দ্বারা বিহিত জ্যোতিষ্টোমাদি যজ্জের দ্বারা ইন্দ্রাদি আমারই রূপ না জ্ঞানিয়াও বস্তুতঃ সেই সেই রূপে অবস্থিত আমাকে আরাধনা করিয়া—ইহাই অর্থ। সোমপা—যজ্ঞ-শেষ—সোমরস পান

করিতে করিতে প্তপাপ—স্বর্গাদি-প্রাপ্তিবিরোধিস্চক পাপ হইতে মৃক্ত হইয়া যাহারা স্বর্গে গতি প্রার্থনা করে, তাহারা। পুণ্য ইত্যাদি, সহজ অর্থ। আমা কর্তৃকই দত্ত—ইহা ধরিয়া লইবে॥ ২০॥

অনুভূষণ—সভক্তগণের বৃত্তি এইপ্রকারে বর্ণন পূর্বক তাহাদের বিশেষত্ব বৃদ্ধাইবার জন্ম স্ববিম্থগণের বৃত্তি বলিতেছেন। যাহারা ঋক্, সাম ও যজুর্বেদ-বিহিত কর্মকাণ্ডীয় বিভায় আদক্ত হইয়া আপাত মনোরম, শ্রুবদে রমণীয় কিন্তু পরিণামে বিষময়, মধ্পুষ্পিত বাক্যসকলে মৃষ্ধ হইয়া কাম্য-কর্ম-ফলাকাজ্ফা ও স্বগন্থথ প্রার্থনা করতঃ কর্মকাণ্ড আশ্রয় করে (গীঃ ২।৪২-৪৩) এবং ইন্দ্রাদি দেবতাকে স্বতন্ত্রবৃদ্ধিতে অর্থাৎ মন্বিভূতি না জানিয়া যজ্ঞের দ্বারা বস্ততঃ তদ্রপে অবস্থিত আমাকে যজন করে এবং যজ্ঞ-শেষ দোমরস পান পূর্বক বিগত পাপ ও পুণ্যবান্ হইয়া স্বর্গে দিবাভোগসমূহ মৎ কর্তৃকই ব্যবস্থাপিত হইয়া প্রাপ্ত হয় এবং ভোগ করে, ভাহারা মন্বিম্থতাবশতঃ আমাকে পরমেশ্বর জানিতেও পারে না বা মৃক্তিলাভও করিতে পারে না । তাহাদের পরিণাম কি ? তাহা পরবর্তী শ্লোকে পাওয়া যাইবে।

এবিষয়ে শ্রীমন্তাগৰতেও পাওয়া যায়,—

"ইষ্ট্রেই দেবতা যজ্জৈর্গত্বা রংস্থামহে দিবি। তম্পান্ত ইহ ভূয়ান্ম মহাশালা মহাকুলাঃ॥ এবং পুষ্পিতিয়া বাচা ব্যাক্ষিপ্তমনসাং নৃণাম্। মানিনাঞ্চাতিলুকানাং মদ্বার্তাপি ন রোচতে॥" (১১।২১।৩৩-৩৪)

অর্থাৎ আমরা ইহলোকে যজ্ঞের দ্বারা দেবতাগণের আরাধনা পূর্বক স্বর্গলোক প্রাপ্ত হইয়া তথায় বিহার করিব এবং তদস্তে পুনরায় পৃথিবীতে মহাকুলোদ্ভব মহাগৃহস্থ হইব—এই প্রকার পুষ্প-সদৃশ রমণীয় বেদবাকোর দ্বারা বিশ্বিস্থ চিত্ত অতিলুক্ক অতিমানী ব্যক্তিগণের আমার কথাপ্রসঙ্গও কৃচিকর হয় না॥ ২০॥

তে তং ভুক্ত্বা স্বৰ্গলোকং বিশালং ক্ষীণে পুণ্যে মৰ্ত্তালোকং বিশস্তি। এবং ত্ৰয়ীধৰ্মমন্তপ্ৰপদ্মা গভাগতং কামকামা লভন্তে॥ ২১॥

তাষ্ম—তে (তাহারা) তং বিশালং (সেই বিশাল) স্বর্গলোকং (স্বর্গ লোক) ভুক্ত্বা (উপভোগ করিয়া) পুণ্যে ক্ষীণে (পুণ্যক্ষয়ে) মর্ত্তালোকং -11/0/1/1/11/01

(মর্ত্তাভূমিতে) বিশন্তি (আগমন করে) এবং (এইরপে) ত্রয়ীধর্ম্ম (বেদ-বিহিত কর্ম) অম্প্রপন্নাঃ (অম্পরণকারী) কামকামাঃ (কামকামিগণ) গতাগতং (পুনঃ পুনঃ জন্মমৃত্যু) লভন্তে (লাভ করে)॥ ২১॥

তার্বাদ—তাহারা সেই বিপুল স্বর্গস্থ উপভোগ করিয়া পুণ্যক্ষয়ে মর্ত্ত্য-লোকে জন্মগ্রহণ করিয়া থাকে। এইরূপে বেদত্রয়োক্তধর্মের অন্সরণকারী কামকামিগণ পুনঃ পুনঃ সংসারে জন্মমৃত্যু লাভ করিয়া থাকে॥ ২১॥

শ্রীভক্তিবিনোদ—পরে সেই প্রভৃত-স্থজনক স্বর্গভোগ করিয়া পুণাক্ষয় হইলে পুনরায় মর্ত্তালোকে আগমন করে। কামকামী ব্যক্তিগণ বেদত্রয়ীর অনুগত হইয়া পুনঃ পুনঃ গতায়াত করিতে থাকে ॥ ২১॥

শ্রীবলদেব—ততক্ষ তে তমিতি। তে স্বর্গপ্রার্থকাঃ প্রার্থিতং তং স্বর্গলোকং ভুক্রা তংপ্রাপকে পুণাে ক্ষীণে সতি মর্ত্তালোকং বিশক্তি পঞ্চারিবিদ্যাক্তরীত্যা ভুবি বান্ধণাদিজনানি লভন্তে; পুনরপ্যেবমেব ব্রাীবিহিতং ধর্মমন্ততিষ্ঠতঃ কামকামাঃ স্বর্গভাগেচ্ছবাে গতাগতং লভন্তে সংস্বন্তীত্যর্থঃ ॥ ২১॥

বঙ্গান্ধবাদ—তারপর 'তে তমিতি'; স্বর্গপ্রার্থী দেই ব্যক্তিগণ দেই স্বর্গপ্রাদককে ভোগ করিয়া অবশেষে দেই স্বর্গপ্রাপক পুণ্যের ক্ষয় হইলে, মর্তালোকে পুনঃ প্রবেশ করে অর্থাৎ সংসারে আসিয়া জন্মগ্রহণ করিয়া থাকে। পঞ্চান্নিবিছোক্ত রীতি অনুসারে পৃথিবীতে ব্রাহ্মণাদি জন্মগুলি লাভ করিয়া থাকে। পুনরায় এই রকমই ত্র্যীবিহিত (বেদব্রয় নিরূপিত) কর্মকে অনুষ্ঠান করিতে করিতে কামকাম অর্থাৎ স্বর্গভোগেচ্ছাসম্পন্নগণ গতায়াত লাভ করে অর্থাৎ পুনঃপুনঃ সংসারে আসিয়া জন্মগ্রহণ করিয়া থাকে॥ ২১॥

তার ভূষণ — পূর্দিলোকে বর্ণিত ভগবিষয়থ কামকামী ব্যক্তিগণ স্বর্গীয় স্থ-ভোগান্তে পূণাক্ষয়ে মর্ত্তালোকে আগমন করে। এবং পূনঃ পুনঃ জন্ম-কর্ম-ফলপ্রদ গতি লাভ করিয়া থাকে।

এ-সহম্বে শ্রীমন্তাগবতে পাই,—

"স চাপি ভগবদ্বশাং কামমূচঃপরা ধুমুখঃ।

যজতে ক্রত্ভির্দেবান্ পিতৃংশ্চ শ্রদ্ধয়ান্বিতঃ॥" ( ভাতহাহ )

অর্থাৎ সেই ব্যক্তি ভগবদারাধনারপ আত্মধর্ম হইতে বিমৃথ ও কামমৃচ্তা-বশতঃ কর্মমার্গে শ্রদ্ধাযুক্ত হইয়া বিবিধযজ্ঞের দ্বারা প্রাক্তত দেবতা ও পিতৃপুরুষের যজন করিয়া থাকে। व्यानस्मित्राजा शहर

আরও পাওয়া যায়,—

"কর্মবলীমবলম্বা তত আপদঃ কথঞিররকাদ্বিম্ক্তঃ পুনরপোবং। সংসারাধ্বনি বর্তমানো নরলোকসার্থম্পযাতি, এবম্পরি গতোহপি॥ (ভাঃ—৫।১৪।৪১)

অর্থাৎ এই প্রকারে প্রাণিগণ কর্মবল্লীকে আশ্রয়পূর্বক স্বর্গলোক লাভ করে এবং নরকরপ আপদ হইতে কথঞিৎ বিমৃক্ত হয় বটে, কিন্তু পুণাক্ষয় হইলে তাহাদিগকেও পুনরায় মর্ত্যলোকে প্রবেশ করিতে হয়।

আরও পাওয়া যায়,—

"তাবং স মোদতে স্বর্গে যাবং পুণাং সমাপ্যতে। ক্ষীণপুণাঃ পতত্যব্বাগনিচ্ছন্ কালচালিতঃ ॥" (ভাঃ ১১।১০।২৬)

অর্থাৎ যেকাল পর্যান্ত ভোগের দারা পুণ্য সমাপ্তি না হয়, সেকাল পর্যান্ত পুরুষ স্বর্গ-গত স্থভোগ করে; অনস্তর পুণ্যক্ষয় হইলে অনিচ্ছাসত্তেও কালদারা চালিত হইয়া অধঃপতিত হয়।

মৃগুকশ্রতিও বলেন—"প্রবা হেতে অদূঢ়া যজ্জরপা অষ্টাদশোক্তমবরং ষেষ্
কর্ম। এতছ্রেয়ো যেহভিনন্দন্তি মূঢ়া জরামৃত্যুং তে পুনরেবাপি যন্তি॥"

"অবিভায়ামন্তরে বর্ত্তমানাঃ স্বয়ং ধীরাঃ পণ্ডিতন্মন্তমানাঃ। জঙ্ঘন্তমানাঃ পরিষন্তি মূঢ়া অন্ধেনৈব নীয়মানা ষ্থান্ধাঃ॥" (১।২।৭-৮)

শ্রীচৈতক্তরিতামৃতেও পাই,—

"কৃষ্ণ ভুলি সেই জীব—অনাদি বহিন্দুখ। অতএব মায়া তারে দেয় সংসার-তৃঃখ। কভু স্বর্গে উঠায়, কভু নরকে ডুবায়। দণ্ডাজনে রাজা যেন নদীতে চুবায়।" (মধ্য ২০।১১৭-১১৮)

বৈদিক কর্মকাণ্ডের ফল আপাত মনোহর হইলেও অচিরস্থায়িত্ব-হেতু তাহা নিন্দনীয় ও অগ্রহণীয়—ইহাই প্রতিপন্ন হইল। ঐকাস্তিক ভক্তিজনিত যে মোক্ষ, তাহা চিরস্থায়ী ও পরমফলপ্রদ—তাহাও স্থচিত হইল॥ ২১॥

> অন্তাশ্চিত্তয়তো মাং যে জনাঃ পযুৰ্বপাসতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্॥ ২২॥

তার্য — অনগাঃ যে জনাঃ (অনগভাবে ভজনশীল যে জনগণ) মাং চিন্তয়ন্তঃ (আমাকে চিন্তা করিতে করিতে ) পর্যুপাসতে (বিশেষরূপে উপাসনা করেন) অহং (আমি) তেষাম্ (সেই সকল) নিত্যাভিযুক্তানাম্ (নিত্য মদেকনিষ্ঠ-গণের) যোগক্ষেমং (অপ্রাপ্ত-প্রাপ্তি ও প্রাপ্ত-সংরক্ষণ-ভার) বহামি (বহন করি)॥ ২২॥

তাসুবাদ—অন্ত দেবোপাদনারহিত যে ব্যক্তিগণ আমাকে নিরন্তর স্মরণ পূর্বক পরিপূর্ণরূপে আরাধনা করেন, আমি সেই সকল নিত্য মদেকনিষ্ঠ জনগণের অপ্রাপ্ত-বস্তব প্রাপ্তি এবং প্রাপ্ত-বস্তব সংরক্ষণ-ভার স্বেচ্ছায় বহন করি॥ ২২॥

ত্রীভক্তিবিনোদ—তুমি এরপ মনে করিবে না যে, সকাম ত্রৈবিছের ( ত্রয়ীর ) উপাদকদকল সুথ লাভ করে এবং আমার ভক্তদকল ক্লেশ পা'ন। আমার ভক্তসকল অন্যারপে আমাকেই চিন্তা করেন; তাঁহারা দেহ্যাতার জন্ম ভক্তিযোগের অবিরুদ্ধ সমস্ত-বিষয়ই স্বীকার করেন, অতএব তাঁহারা নিত্য-অভিযুক্ত; তাঁহারা নিকাম হইয়া সমস্তই আমাকে অর্পণ করেন। আমিই তাঁহাদের সমস্ত-অর্থ প্রদান এবং পালনকার্যা করিয়া থাকি। ইহার তাৎপর্যা এই যে, ভক্তিযোগবিহিত বিষয়-সমূহ স্বীকার করিলেও ভক্তগণের সমস্ত বিষয়ভোগ অনায়াদে হয়; তাহাতে বহিদৃষ্টিতে সকাম প্রতীকো-পাসকগণ হইতে আমার ভক্তদিগের কিছুমাত্র ভেদ নাই, মনে হয়। অতএব ভক্তদিগের কামনা থাকিলেও আমি তাঁহাদের যোগ ও ক্ষেম বহন করি; আমার ভক্তদিগের বিশেষ লাভ এই যে, তাঁহারা আমার প্রদাদে সমস্ত-বিষয় যথাযোগ্য ভোগ করিয়া অবশেষে নিত্যানন্দ লাভ করেন। কিন্তু প্রতীকো-পাসকেরা ইন্দ্রিয়-স্থ ভোগকরত পুনরায় কর্মক্ষেত্রে উপস্থিত হয়; তাহাদের নিতা স্থথ নাই। আমি সমস্ত-বিষয়ে উদাসীন হইয়াও ভক্তবাৎসল্য-বশতঃ ভক্তগণের কিছুমাত্র অপরাধ লই না, যেহেতু তাঁহারা আমার নিকট কিছু প্রার্থনা করেন না; আমি স্বয়ং তাঁহাদের অভাব-মোচন সম্পাদন করি॥ ২২॥

ত্রীবলদেব—অথ স্বভক্তানাং বিশেষং নিরূপয়তি,—অন্যা ইতি। যে জনা অন্যা মদেকপ্রয়োজনা মাং চিন্তয়ন্তো ধ্যায়ন্তঃ পরিতঃ কল্যাণগুণরত্নাপ্রয়াত্র তিয়া বিচিত্রাভুতলীলাপীযুষাশ্রয়তয়া দিব্যবিভূত্যাশ্রয়তয়া চোপাসতে ভজন্তি, তেষাং নিতাং সর্কদৈব ম্যাভিযুক্তানাং বিশ্বতদেহ্যাত্রাণামহমেব যোগক্ষেম-

মনাভাহরণং তৎসংরক্ষণঞ্চ বহামি। অত্র করোমীতাস্কুলা বহামীতাক্তিন্তু তৎপোষণভারে ময়ৈর বাঢ়বাো গৃহস্বস্তের কুটুমপোষণভার ইতি বানক্তি। এবমাহ স্থ্রকারঃ,—"স্বামিনঃ ফলশতেরিতাাত্রেয়ঃ" ইতি। অত্রাহঃ,— তেষাং নিতাং ময়া সার্দ্ধমভিযোগং বাঞ্ছতাং যোগং মৎপ্রাপ্তিলক্ষণং ক্ষেমঞ্চ মত্রোহপুনরাবৃত্তিলক্ষণমহমের বহামি; তেষাং মৎপ্রাপণভারে। ময়ের, ন স্বিচিরাদের্দেরগণস্থেতি। এবমেরাভিধাস্তাতি দ্বাদশে,—'যে তু সন্ধাণি কদ্মাণি' ইত্যাদিদ্বয়েন। স্থ্রকারোহপোরমাহ,—"বিশেষঞ্চ দর্শয়তি" ইতি॥ ২২॥

বঙ্গানুবাদ—অনন্তর স্বীয় ভক্তদিগের বিশেষত্ব সম্পর্কে নিরূপণ করা হইতেছে—'অনকা ইতি'। যে সমস্ত লোক অনক্ত অর্থাৎ আমিই একমাত্র যাঁহাদের প্রয়োজন-লক্ষা, তাদৃশ বাক্তিগণ আমাকে চিন্তা অথাং এইভাবে ধ্যান করেন যে আমি সর্বতোভাবে কল্যাণগুণরত্বাশ্রয়, বিচিত্র অদ্ভুত লীলারপ অমৃতের নিধি, দিবাবিভূতির আধার, এইভাবে উপাদনা অর্থাৎ ভজনা করিয়া থাকেন। নিতা অর্থাৎ সকল সময়েই আমাতে অভিযুক্ত: দেহ্যাত্রাও যাঁহারা বিশ্বত হন, তাহাদের আমিই যোগক্ষেম—অলাদি আহরণ ও তাঁহাদের সর্বতোভাবে রক্ষার ভার বহন করিয়া থাকি। এথানে 'করি' ইহা না বলিয়া 'বহন করি'—এই উক্তি দারা বুঝাইতেছে যে, গৃহস্থের পোষ্যবর্গের পোষণ-ভারের ন্যায় তাঁহাদের পোষণ-ভার আমাকেই বহিতে হয় —এই অর্থ। গৃহস্থেরই কুটুম্ব-পোষণের ভাররূপ বাক্ত করা হইতেছে। এই রকমই বলিয়াছেন স্ত্রকার—"স্বামীর ফলশ্রুতির ইহা আত্রেয়।" ইতি। এথানে বলা হইয়াছে--নিতাই আমার সহিত সম্বাভিপ্রায়ী তাঁহাদের যোগ অর্থাৎ আমার প্রাপ্তিরূপ এবং ক্ষেম—যাহাতে আমা হইতে অপুনরাবৃত্তি অথাং ভ্রষ্ট না হয়, সেই ভাব—আমিই বহন করিয়া থাকি। তাঁহাদের আমাকে পাইবার ভার আমারই। অচিরোদি দেবগণের কিন্তু নহে। এই রকমই দ্বাদশে বলা হইবে। "যাঁহারা সমস্ত কর্মগুলি" ইত্যাদি দ্বয়ের দ্বারা। স্ত্রকারও এইরূপ বলিয়াছেন—"বিশেষকে দেখাইতেছি" ॥ ২২ ॥

অনুভূষণ—বর্ত্তমান শ্লোকে পুনরায় অনন্য ভক্তগণের বৈশিষ্টা নিরূপণ করিতেছেন। যাঁহারা আমার অনন্য ভক্ত, তাঁহারা কেবলমাত্র আমাকেই একমাত্র প্রয়োজন-জ্ঞানে মদেকচিন্তাপরায়ণ হইয়া অর্থাৎ আমা বাতীত অন্য কাম্য বা ভজনীয় অপর কোন দেবতার আশ্রেয় না লইয়া, কল্যাণগুণরত্ব- আশ্রয়, বিচিত্র ও অন্তুতলীলামৃত-আশ্রয়, দিব্য বিভৃতি-আশ্রয় যুক্ত একমাত্র আমাকেই নিতা অভিযুক্ত হইয়া মদেকনিষ্ঠভাবে ভন্ধনা করেন, দেই সকল নিতা অভিযুক্ত ব্যক্তিগণের দেহযাত্রাদি-নির্মাহের কথাও শ্ররণ থাকে না। স্বতরাং যোগক্ষেমরূপ অরাদি আহরণ ও সংরক্ষণ আমিই বহন করি। এস্থলে 'করোমি' অর্থাৎ 'করি' একথা না বলিয়া 'বহামি' অর্থাৎ 'বহন করি' এই কথার তাৎপর্য্য,—দেই সকল অন্য ভক্তগণের পোষণভার কিন্তু আমারই বহন করা কর্ত্ব্য। যেমন গৃহস্বের কুটুন্ধ-পোষণভার বহন করা কর্ত্ব্য।

এন্থলে 'যোগক্ষেম' শব্দের অর্থে শ্রীধর স্বামীপাদ বলেন,—
"যোগ'—ধনাদি-লাভ ও 'ক্ষেম' তাহার রক্ষা বা মোক্ষা, তাঁহারা প্রার্থনা না করিলেও আমিই বহন করি অর্থাৎ পাওয়াই।"

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ বলেন,—"যোগ' অর্থাং ধ্যানাদি লাভ এবং 'ক্ষেম' অর্থে তাহাদের পালন, তাহারা অপেক্ষা না করিলেও আমি বহন করি।"

গৃহস্থের কুটুন্ধ-পোষণভারের ন্যায় ভক্ত-পোষণভার আমারই বহন করা উচিত। গৃহস্থ যেমন অকাতরে কুটুন্ধ-পোষণের ভার বহন করে, আমিও আমার অনন্য ভক্তগণের অনাদি-আহরণ ও পরিপালন নির্বাহ করিয়া থাকি। কেহ যদি পূর্ব্বপক্ষ করে যে, পরমারাধ্য নিজ অভীষ্টদেবের উপর স্বকীয় প্রতিপালনাদির ভারার্পণ করায়, সেই ভক্তগণের প্রেমশ্র্যতা প্রকাশিত হইতেছে, তত্ত্তরে বক্তব্য এই যে, ভক্তগণ তাঁহার উপর ভারার্পণ করেন না। তিনি ভক্তবাৎসল্যপ্তণে স্বেচ্ছায় তাহা গ্রহণ করেন। শ্রীল চক্রবর্ত্তিপাদের টাকার মর্ম্মে পাই,—''ভক্তগণের পালনভার শ্রীভগবান্ স্বেচ্ছায় গ্রহণ করিয়া থাকেন এবং বিশ্বের স্বষ্ট্যাদি-কর্তা ভগবানের পক্ষে উহা সন্ধন্ত-মাত্রে সম্পাদিত হয় বলিয়া ইহা তাঁহার পক্ষে কোন ভার নহে। অথবা পুরুষ যেমন স্বীয় ভেগগা কান্তার প্রতিপালন ভার বহনে নিরতিশয় স্ক্থ লাভ করিয়া থাকে, দেইরূপ ভক্তজনে আসক্ত ভগবানের স্বীয় ভক্তগণের যোগক্ষেমবহন অতিশয় স্ক্থপ্রদই হইয়া থাকে।"

এ-সহন্ধে বেদান্তের তৃতীয় অধ্যায়ের চতুর্থপাদের ৪৪ সংখ্যায় ধৃত "স্বামিনঃ কল্পতে বিভাগেরেয়"—সতে শ্রীল বলদেবের ভাষ্যের মর্মে পাই,—"নিরপেক্ষ

ভক্ত নিজের প্রয়ত্বে অথবা ঈশবের প্রয়ত্বে শ্বীয় দেহ-যাত্রা নির্কাহ করিয়া থাকেন? ভগবান্ কোন প্রয়ত্ব গ্রহণ করেন, ভক্তগণের এরপ ইচ্ছা নহে, স্বতরাং তাঁহারা স্ব-প্রয়ত্বেই দেহ-যাত্রা নির্কাহ করিয়া থাকেন, এইরূপ প্রথমের উত্তরে বর্ত্তমান স্বত্র বলিতেছেন—"ভগবান্ স্বয়ংই ভর্তা" ইত্যাদি তৈত্তিরীয় উপনিষদের ফলশ্রুতি দর্শন করিয়া আত্রেয় মৃনি এই মত প্রকাশ করিয়াছেন যে, দর্বেশ্বর হইতেই ভক্তগণের দেহ-যাত্রা নির্কাহ হয়, এ-বিষয়ে গীতার—"অনক্যাশ্চিন্তয়ন্তো" শ্লোক পাওয়া যায়। মৎস্ত, কৃর্মা ও বিহঙ্গণ, দর্শন, চিন্তন ও স্পর্শদারা আপন আপন সন্তানদিগকে যেরূপ পালন করিয়া থাকে, সেই প্রকার আমিও।"

সেই অনন্য ভক্তগণের মংপ্রাপণভার আমারই; অচিরাদি দেবগণের নহে। এই সম্বন্ধে গীঃ-১২।৬-৭ শ্লোক দ্রষ্টবা ও বেদান্ত চতুর্য অধ্যায়, তৃতীয় পাদ, ১৬ সংখ্যায় ধৃত—"বিশেষং চ দশয়তি" স্বত্র আলোচ্য। ঐ স্বত্রের শ্রীল বলদেব-ভাষ্যের মর্ম্মে পাই,—"যাহারা নিরপেক্ষ পরম-আর্ত্ত (ভক্ত) তাঁহাদিগের ভগবং-প্রাপ্তির বিলম্ব সহু করিতে না পারিয়া ভগবান্ স্বয়ং তাঁহাদিগকে প্রাপা ধামে উপনীত করেন, ইহা বিশেষ ব্যবস্থা। বরাহ পুরাণেও পাওয়া যায়,—"ন্য়ামি পরমং স্থানমর্চ্চিরাদিগতিং বিনা। গরুড়স্কন্ধারোপ্য যথেচ্ছেমনিবারিত ইতি॥" অর্থাৎ অচ্চিরাদি গতি ব্যতীতও (নিরপেক্ষ ভক্তগণকে) গরুড়-স্বন্ধে আরোহণ করাইয়া যথেচ্ছ ও অবাধে পরমন্থানে উপনীত করি।"

শ্রীভগবান্ স্বয়ংই অনক্ত ভক্তগণের 'যোগক্ষেম' বহন করেন অর্থাৎ কাহাকেও দিয়া বহন করান না। ইহাতে তাঁহার কোন ভার বোধ নাই, পরস্ক ভক্তবাৎসলাহেতু ইহা তাঁহার অত্যন্ত স্থুখদ; যেহেতু অনক্ত ভক্তগণ তাঁহার সর্ব্বাপেক্ষা প্রিয়। নিদ্ধাম ভক্তগণের ভগবানকে দিয়া ঐ প্রকার বহন-কার্য্য করাইবার কোন প্রকার অভিলাষ না থাকায়, তাঁহাদের ইহাতে কোন প্রকার অপরাধ নাই, ভগবদ্বত ভক্তি-অন্তর্কুল বিষয়-স্বীকারকে বাহ্য-দৃষ্টিতে ভোগ-অঙ্গীকাররপ দেখা গেলেও, উহা ত্রয়ী-বিত্যার উপাসকগণের স্থায় কর্ম-প্রাপ্য নহে বা ভক্তিরপ নিত্য মঙ্গল-লাভের পরিপদ্ধী নহে।

শ্রীচৈতগ্যভাগবতে শ্রীমহাপ্রভুর বাক্যেও পাই,—

"যে যে জন চিন্তে' মোরে অন্য হইয়া। তা'রে ভিক্ষা দেও মুঞি মাথায় বহিয়া॥ यारे भारत हिल्छ', नारि यांग्र, कारता बारत। আপনে আসিয়া সর্বাসিদ্ধি মিলে তা'রে॥ ধর্ম, অর্থ, কাম, মোক্ষ—আপনে আইসে। তথাপিহ না চায় না লয় মোর দাসে॥ মোর স্থদর্শন-চক্রে রাথে মোর দাস। মহাপ্রলয়েও যা'র নাহিক বিনাশ॥ যে মোহার দাদেরেও করয়ে স্মরণ। তাহারেও করেঁ। মুঞি পোষণ পালন॥ সেবকের দাসে সে মোহার প্রিয় বড়। অনায়াসে সে-ই সে মোহারে পায় দৃ ॥ কোন চিন্তা মোর সেবকের ভক্ষ্য করি'। মুঞি যা'র পোষ্টা আছোঁ সবার উপরি॥ স্থথে শ্রীনিবাস, তুমি বসি' থাক ঘরে। আপনি আসিবে সব তোমার তুয়ারে॥" ( অন্ত্য ৫।৫৭-৬৪ )

অন্তত্ত্ত পাত্রা যায়,—

"ভোজনাচ্ছাদনে চিন্তাং ব্যর্থাং কুর্বন্তি বৈশ্বাঃ। যোহসৌ বিশ্বস্তরো দেবঃ কথং ভক্তানুপেক্ষতে॥"॥ ২২॥

যেহপ্যশ্রদেবভাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ। তেহপি মামেব কোন্তেয় যজন্ত্যবিধিপূর্বকম্॥ ২৩॥

তাহায়—হে কোন্তেয় ! যে ( যে সকল ) অন্তাদেবতা ভক্তাঃ অপি ( অন্তাদেবতা ভক্তাঃ অন্তাদেবতা ভক্তাঃ অপি ( অন্তাদেবতা ভক্তাঃ অন্তাদেবতা ভক্তাঃ অপি ( অন্তাদেবতা ভক্তাঃ অন্তাদেবতা ভক্তাঃ অন্তাদেবতা ভক্তাঃ অন্তাদেবতা ভক্তাঃ অনু ( অন্তাদেবতা ভক্তাঃ অনু ( অনু দেবতা ভক্তাঃ অনু দেবতা ভক্তাঃ অনু দেবতা ভক্তাঃ অনু ( অনু দেবতা ভক্তাঃ অনু দেবতা ভক্তাঃ

অনুবাদ—হে কোন্তেয় ! যে সকল অন্তদেবভক্তও শ্রদ্ধাসহকারে উপাসনা করে, তাহারাও আমাকেই উপাসনা করিয়া থাকে কিন্তু মৎপ্রাপক বিধি-রহিত ভাবে॥ ২৩॥

শীভজিবিনোদ—বস্ততঃ সচিদানন্দ-স্বরূপ আমিই একমাত্র প্রমেশ্বর;
আমা-হইতে স্বতম্ব অন্ত-দেবতা নাই। আমি—স্ব-স্বরূপে সর্ব্বদা অপ্রাকৃত
সচিদানন্দ প্রপঞ্চাতীত তত্ত্ব। স্থ্যাদি দেবতাকে অনেকে উপাদনা করেন;
প্রপঞ্চ-মধ্যে মায়ার গুণ-দারা প্রতিভাত আমার রূপগুলিকেই প্রপঞ্চবদ্ধ
মন্মুখ্যণ অন্তান্ত দেবতা বলিয়া উপাদনা করে। বিচার করিয়া দেখিলে, ঐ
মায়িক-রূপ দেবগণ—আমারই 'গৌণাবতার'; তাহাদের তত্ত্ব প্রামার স্বরূপতত্ত্ব অবগত হইয়া খাঁহারা আমার 'গুণাবতার' বলিয়া দেই-দেই দেবতাকে
ভঙ্গন করেন, তাঁহাদের ভঙ্গনই বৈধ অর্থাৎ উন্নতিদোপানসম্মত। কিন্তু
খাঁহারা ঐ দেবতা-সকলকে 'নিতা' জ্ঞান করিয়া উপাদনা করেন, তাঁহারা
অবিধিপ্র্ক্বিক যজন করেন; এতন্নিবন্ধন তাঁহাদের নিত্য-ফল-লাভ হয় না॥ ২৩॥

শীবলদেব—নিষ্ট্রনাদিযাজিনোইপি বস্তুতস্তুদ্যাজিন এব তেষাং কুতো গতাগতমিতি চেত্ততাই, — যেইপীতি। যে জনা অন্তদেবতাভক্তাই কেবলেবিদ্রাদিষু ভক্তিমন্তঃ শ্রন্ধয়া এত এব ফলপ্রদা ইতি দৃঢ়বিশ্বাদেনোপেতাঃ সন্তো
যজন্তে যজৈস্তানর্চ্চয়ন্তি, তেইপি মামেব যজন্তি ইতি সত্যমেতৎ; কিন্তবিধিপূর্ব্বিকং তে যজন্তি—যেন বিধিনা গতাগতনিবর্ত্তকা মৎপ্রাপ্তিঃ স্যাৎ তং
বিধিং বিনৈব। অতস্তত্তে লভন্তে॥ ২৩॥

বঙ্গান্ধবাদ—প্রশ্ন—ইন্দ্রাদিদেবতাকে যাহারা ভজনা করে, তাহারাও বাস্তবিকপক্ষে তোমাকেই ভজনা করিয়া থাকে। তাহাদের কেন গতাগত ? (বার বার সংসারে জন্মগ্রহণ করিতে হয় ? )—ইহার উত্তরে বলা হইতেছে—'যেহপীতি'। যে সমস্ত ব্যক্তি অন্তদেবতার ভক্ত; কেবল ইন্দ্রাদি দেবতাতেই ভক্তিমান্ হয় এবং (মনে করে) শ্রদ্ধার সহিত (আরাধনা করিলে) ইহারাই অভিপ্রেত কলপ্রদ হইবে,—এই দৃঢ় বিশ্বাদের দ্বারা যুক্ত হইরা যজ্ঞের দ্বারা তাহাদিগকে অর্চনা করে, তাহারাও আমাকেই ভজন করে, ইহা সত্য বটে কিন্তু তাহারা অবিধিপূর্ব্বক যজনাদি করিয়া থাকে, যেহেতু যেই বিধির দ্বারা গতাগত নিবৃত্তি হইবে এবং আমার প্রাপ্তি হইবে, দেই বিধি বাদ দিয়াই ভজনা করে। অতএব তাহাই তাহারা লাভ করে॥ ২৩॥

তারুত্বণ—যদি কেই পূর্বপক্ষ করেন যে, হে ভগবন্! তুমি গীতা (৯০১-১৯) শ্লোকে তোমার বিশ্বরূপের কথা বর্ণন করিয়াছ এবং গীঃ—৯০০ শ্লোকে 'বিশ্বতোম্থম্' উক্তির দ্বারা বিশ্বরূপোপাসকও তোমার উপাসনা করে—ইহাও বলিয়াছ আর বস্ততঃ তুমি বাতীত যথন স্বতন্ত অন্ত দেবতা নাই, তথন ইন্দ্রাদির হাজনকারী বস্ততঃ তোমারই যাজনকারী, স্বতরাং তাহাদের কেন 'গতাগত' অর্থাৎ মুক্তি না ইইয়া পুনঃ পুনঃ জন্মমরণমালা পরিধান করিতে হয় 
তত্ত্তরে শ্রীভগবান্ বর্তমান শ্লোকে বলিতেছেন যে, অন্ত দেবতার ভক্ত, কেবল তাহাদিগকেই ভক্তি করিতে চায় অর্থাৎ তাহাদিগের পূজার দ্বারাই শীঘ্র স্ব-স্ব-কামনা পূর্ণ হইবে এইরূপ বিশ্বাস মহকারে অন্ত দেবতার যজন করে। যদি জিজ্ঞাসা হয়, কাহারা এইরূপ বিশ্বাসযুক্ত 
তাহাদের পরিচয় গীঃ—৭০০ ও ৪০০ শ্লোকে পাওয়া যাইবে। এবং এ-বিশ্বয়ে শ্রীমন্তাগরতেও পাই,—

"ব্ৰজ্ঞ মঃপ্ৰকৃত্য়ঃ সমশীলা ভজন্তি বৈ।

পিতৃভূত-প্রজেশাদীন্ শ্রিইয়েশ্র্যা-প্রজেপাবঃ"॥ (ভাঃ—)।২।২৭)

"বহুবর্চ্চদকামস্তান কামকামো যজেং দোমং অকামঃ পুরুষং পরম্।" (২০০২-৯), "রজঃসত্বতমোনিষ্ঠা রজঃসত্বতমোজ্যঃ। উপাদত ইন্দ্র্যান্ দেবাদীন্ ন যথৈব মাম্।" (১১।২১।৩২) অর্থাং দেই সত্ত্ব, রজঃ ও তমোনিষ্ঠ ব্যক্তিগণ সত্ত্ব, রজঃ ও তমোনিষ্ঠ ইন্দ্র প্রভৃতি দেবতাগণের আরাধনা করে, পরত্র আমার উপাদনা করে না। "যদিও ইন্দ্রাদি দেবগণ আমার অংশ বলিয়া, দেই উপাদনা আমারই উপাদনা, কিন্তু আমা হইতে ভিন্ন জ্ঞানে তাহাদের উপাদনা করায়, তাদৃশ উপাদনায় আমার যথায়থ উপাদনা হয় না।"—(শ্রাধর)।

ত্ররূপ অন্ন দেবভক্ত অন্ন দেবতার যজনে আমারই যজন করিয়া পাকে বটে, যেহেতু আমিই একমাত্র সর্কায়জের ভোক্তা বা সকলের পতি, ইংগ পরবন্তী লোকে পাওয়া ঘাইবে। যদিও দেবগণ ভগবত্তর বা 'বিভূতিদরূপ'; যেমন ব্রন্ধা বলিয়াছেন,—"দেবা নারায়ণা দল্জাঃ"—ভাঃ হালাসক, শতিও বলেন,—"ম আদিতো তিষ্ঠতাাদিলাদন্তরো যমাদিতোা ন বেদ যম্মাদিতাঃ শরীর-মিত্যালাঃ।" শ্রীভাগবতে মহারাজ পরীক্ষিতের উক্তিতেও পাই,—"ম্মিন্ হরিভগবানিজামান ইজ্ঞাত্মমূর্ত্তির্যজ্ঞাং শং তনোতি" (ভাঃ—১।১৭৩৪)। এই শ্লোকের টীকায় শ্লিল চক্রবর্ত্তিপাদ লিথিয়াছেন,—"ইজ্ঞাগণের অর্থাং

ইন্দ্রাদিদেবগণের আত্মমৃত্তি অর্থাৎ অন্তর্যামীরপ; তাঁহারা আত্মমৃত্তিমমৃহ বাঁহার," তথাপি দেবভক্তগণ দেবগণকে শ্রীক্রফের আশ্রিত কিন্বর না জানিয়া, তাঁহাদিগকে পৃথক্ পৃথক্ স্বতন্ত্র ঈশ্বর-জ্ঞানে পূজা করেন বলিয়া, তাঁহাদের পূজায় যথাবৎ শ্রীক্রফের পূজা হয় না; সেই জন্মই তাঁহারা ক্রফোপাসনার নিতাফল না পাইয়া অনিতা দেবোপাসনার অনিতা ফলই প্রাপ্ত হন। যদিও ঐ প্রকার দেবগণের প্রতি শ্রদ্ধা এবং শ্রদ্ধার ফল ভগবানই বিধান করিয়া থাকেন, তথাপি দেবভক্ত তাহা জানেন না। ইহা গীঃ (৭।২১-২৩) শ্লোকে পাওয়া যায়। এই নিমিত্তই বর্তমান শ্লোকে শ্রীক্রফ বলিতেছেন,—ক্রমণ দেবপূজার দ্বারা তাঁহার পূজা গোণভাবে হইলেও ইহা অবিধিপূর্ব্বক যজন, অর্থাৎ যে বিধিদ্বারা পূজা করিলে গতাগতি নিবৃত্ত হইয়া তাঁহাকে প্রাপ্তিরূপ নিতাফল লাভ হয়, তাহা ইহাতে নাই। এই জন্মই দেবভক্তের প্রাপ্তিক্রল ক্ষ-ভক্তনের ফল হইতে পৃথক্; ইহা গীঃ—(৭।২৩) শ্লোকেই পাওয়া যায়।

বর্ত্তমান শ্লোকের অহরপ শ্লোক শ্রীমন্তাগবতে ভক্তবর শ্রীঅক্রের বাক্যেও পাওয়া যায়,—

"সর্ব্ব এব যজন্তি তাং সর্বদেবময়েশ্বরম্।
যেহপান্তদেবতাভক্তা যত্যপান্তধিয়ং প্রভো ॥
যথান্ত্রিপ্রভবা নতঃ পর্জন্তাপ্রিতাঃ প্রভো।
বিশস্তি সর্ব্বতঃ সিন্ধুং তদ্বৎ তাং গতয়োহস্ততঃ ॥" (ভাঃ ১০।৪০।২-১০)

এই শ্লোক পাঠ করিয়া অনেকে মনে করিতে পারেন যে, পর্বত হইতে উৎপন্ন নদীসকল বৃষ্টিজল পরিপূর্ণ ও বহুস্রোত-বিশিষ্ট হইয়া নানাদিক হইতে যেরূপ এক সম্দ্রেই প্রবিষ্ট হয়, সেইরূপ পূর্ব্বোক্ত বিভিন্ন মার্গের উপাসনাসকল চরমে শ্রীভগবানেই পর্যাবসিত হয়। স্বতরাং অন্য দেবপূজার দারাও কৃষ্ণ-পূজার ফলই লাভ হইবে। কিন্তু এই শ্লোক-দ্বয়ের টীকায় শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,—

"যোগী, কর্মী প্রভৃতি উপাসকগণ সকলেই আপনাকে যজন করে, যেহেতু আপনিই সর্কাদেবময় ও সর্কোশ্বর। যদিও কেহ নিজদিগকে 'আমরা শিবকে অর্চন করি', 'আমরা স্থাকে', 'আমরা গণেশকে অর্চন করি' বলিয়া অন্য দেবাদিতে বুদ্ধিবিশিষ্ট।" "আছা যদি আমাকেই অর্চন করে, তবে তাহারা আমাকে পায়,—
এইরপ প্রশ্নের উত্তরে বলিতেছেন—না, এরপ নহে। তাহাদের অর্চনাই
আপনাকে প্রাপ্ত হয়, দেই অর্চকর্গণ নহে।" দৃষ্টান্ত দ্বারা দেইরপই
বলিতেছেন,—"নদীসমূহ পর্বত হইতে জাত বলিয়া অদ্রিজনিতা। পর্জন্ত
বা মেঘ দ্বারা আপ্রিত হয়। পর্বতসমূহে ইতন্ততঃ বর্ষণশীল মেঘবারিসমূহ
একত্র হইয়া নদী হয়। দেই সকল নদী আবার সর্বত্র প্রসারিত হইয়া অন্তে
সম্দ্রে প্রবেশ করে। গিরি হইতে জাত নদীসমূহ যেরপ সমূদ্রকে প্রাপ্ত হয়।
কিন্তু নদীজনক গিরিসমূহ নহে; তক্রপই মার্গভূত অর্চনসমূহই আপনাকে
প্রাপ্ত হয়, দেই অর্চকর্গণ নহে। আপনারই সর্বাধিষ্ঠাতৃত্ব-হেতু অধিষ্ঠান-পূজা
অধিষ্ঠাতৃত্বে পর্যাবিদিত হয়—এই ন্তায়ায়্ল্সারে সর্বদেব-পূজাও তদীয় পূজাই।
এই উপমাস্থলে—দিন্ধু—ভগবান্, পর্জন্ত্ব—বেদ, জল—নানা পূজাবিধি, পর্বত
—অধিকারী এবং নানাদেশ-নদী—নানাদেব পূজা। সেই নদীসমূহ যেরপ
নানাদেশ হইতে নিংস্ত হইয়া সমৃদ্রেই গমন করে, তক্রপ পূজাও দেবগণ হইতে
নিংস্ত হইয়া বিষ্ণুতেই গমন করে।"

অর্থাৎ সমৃদ্র হইতে উদ্ভূত জল ( বাষ্পর্রপে ) মেঘাকারে পরিণত হইয়া পর্বতোপরি বর্ষিত হয়, পরে সেই জলরাশি একত্র মিলিত হইয়া নদীরূপে যেরূপ নানাদেশের মধ্য দিয়া যাইবার সময় নানাদেশস্থ নদী বলিয়া পরিচিত হইলেও অন্তিমে সেই সমৃদ্রেই গমন করে; তদ্ধপ শ্রীভগবান্ হইতে উদ্ভূত বেদের নানা পূজাবিধিবর্গ অধিকারিগণ কর্তৃক পালিত হইয়া নানাদেবপূজারূপে পরিচিত হইলেও সেই অর্চনাসমূহ দেবগণ হইতে নিংস্থত হইয়া অন্তিমে বিষ্ণু ভগবানে গমন করে, কিন্তু অর্চক স্ব-স্থ-উপাশ্র দেবতার নিকটে যায় ও অনিত্যফল লাভ করে, রুষ্ণ-প্রাপ্তি বা নিত্যমঙ্গল লাভ করে না।

সামাদের পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভূপাদ-সম্পাদিত শ্রীল গোপাল ভট্ট গোস্বামী প্রভূ-কৃত "সংক্রিয়াসারদীপিকা" গ্রন্থে পাওয়া যায়,—

"কেচিং বর্ণাদয়ো লোকাঃ সর্বাং বিষ্ণুময়ং বিষ্ণেকতানং কেবলশ্রীবিষ্ণেকারাধ্যং ন বৃদ্ধা—বিষ্ণুময়ং সর্বাংজগৎ, সর্বাজগদেব বিষ্ণুরিতি মতা সর্বাদেবতাদীনামর্চনাদৌ কতে সতি শ্রীবিষ্ণুপ্জনাদিকং ভবতি (ইতি মন্তস্তে)।
(যৎ) ইদং মতং নো বিধিঃ, কেবলনিষেধমাত্রং নশ্বরত্বাৎ (তং) শ্রীভগবদ্ধ-

চনেনাত্র প্রমাণয়তি। শ্রীভগবদ্গীতায়াং (৯।২৩) যেহপান্যদেবতা ভক্তা...
যজন্যবিধিপ্রকিম্॥"

"অবিধি তিন প্রকার:—(১) বিষ্ণুভক্তের পক্ষে অন্য দেবতার পূজা নিষিদ্ধ। সেই নিষেধকে অবহেলামাত্র করা হয়, কিন্তু এতদতিরিক্ত অন্য কোন প্রকার দোস বিষ্ণুসেবাতে প্রবেশ করে না। ইহাতে বিষ্ণুসেবা হইতে একান্তভাবে বিচ্নাতি ঘটে না। তথাপি ইহা অবিধি, স্থতরাং পরিত্যাজা।

- (২) বিষ্ণুভক্তিবিহীন অন্তদেবোপাসকগণ বিষ্ণু ভিন্ন অপরাপর দেবতাগণকে স্বতন্ত্র ঈশ্বরজানপূর্দাক তাঁহাদেরই পূজা করে,—বিষ্ণুভজন করে না। ইহা গুরুত্ব অবিধি (নামাপরাধ) এইরূপ অবিধিতে কোনক্রমেই বিষ্ণুদেবা হয় না, স্তবাং ইহা অতি নিন্দনীয় ও সর্দ্রপ্রকারে পরিত্যাজা।
- (০) বিষ্ণুর ভজনও করে, অন্য দেবতার পূজাও করে—তুলাবুদিতে অথবা ইতর স্বার্থিদিদির উদ্দেশ্যে। ইহাও অবিধি ও নামাপরাধ—স্কৃতরাং পরিত্যাজা।"

''তাৎপৰ্য্য—গীতোক্ত 'অহং হি সর্দযজানাং ভোক্তা চ প্রভুরের চ' (৯।২৪) এবং শ্রমদ্বাগবতোক্ত "তথৈব সর্কাহ গমচাতেজ্য। (৪।৩১।১৪)—এই তত্তজানের অভাব হইতে শ্রভগবানের দেবায় ও অপর দেবতার পূজায় লোকের যে স্বতরতাবুদ্ধি বা প্রয়োজনবোধ, তাহাই অবিধি। উক্ত ত্রিবিধ অবিধি-ইহারই প্রকাশভেদ। শ্রাকৃষ্ণই একমাত্র সর্বায়জেশর ও সর্বায়র প্রভু, তাহার मिवार्टि अभव मकलबरे अर्छन ७ इश्रि १३ এवः ठारावरे अवीन छ অবয়বরূপে অপর সকল দেবতা অর্চনীয়—এই বিচারে শ্রিক্ষের ও অপর দেবতার যজনই একমাত্র বিধি। এই বিচারে অন্য দেবতার যজনপত্তেও বিধিপূর্কক ভগবদ্বজনের তথা বিধিপূর্কক অন্ত দেবতা যজনের আদর্শ শ্রমদ্বাগবত কথিত (৫।৭।৫-৬) মহাভাগবত রাজা ভরতের চরিত্রে দেখিতে পাওয়া যায়। রাজা ভরত নানাবিধ যজের দ্বারা যজেশর শ্রীবাস্থদেবেরই যজন করিয়াছিলেন, তিনি—শ্রীবাস্থদেবই একমাত্র কর্তা জানিয়া সকল যজের ফল শ্রীবাস্থদেবেই সমর্পণ করিতেন এবং যজভাগা ইন্দ্রাদি অপর দেবতার উদ্দেশ্যে আহুতি প্রদানকালে দেই সকল দেবতাকে প্রদেবতা শ্রীবাস্থদেবেরই অবয়বরূপে জ্ঞান করিতেন। অত্য দেবতা যজনের ইহাই বস্ততঃ প্রকৃত বহস্তু"॥ ২৩॥

# অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ। ন তু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে॥ ২৪॥

অশ্বয়—হি (যেহেতু) অহং এব (আমিই) সর্বযজ্ঞানাং (সকল যজ্ঞের) ভোক্তা চ প্রভু চ (ভোক্তা এবং প্রভু) তু (কিন্তু) তে (ভাহারা) মাম্ (আমাকে) তত্ত্বন (স্বরপতঃ) ন অভিজানন্তি (জানে না) অতঃ (এই হেতু) চাবন্তি (মংপ্রাপক পথ হইতে চ্যুত হয় অর্থাৎ সংসারে প্রভাবির্ত্তন করে)॥ ২৪॥

অসুবাদ—( যেহেতু ) আমিই সর্ক্যজ্ঞের ভোক্তা ও প্রভু; কিন্তু তাহারা আমাকে স্বরূপতঃ জানে না, স্থতরাং পুনরাবর্ত্তন করে॥ ২৪॥

শ্রীভক্তিবিনোদ—আমিই সমস্ত-যজ্ঞের 'ভোক্তা' ও 'প্রভু' যাহারা অন্ত-দেবতাকে আমা-হইতে 'স্বতন্ত্র' জ্ঞান করিয়া উপাসনা করে, তাহাদিগকেই 'প্রতীকোপাসক' বলা যায় ; তাহারা আমার তত্ত্ব অবগত নয়, অতএব অতাত্ত্বিকী উপাসনা-বশতঃ তাহারা তত্ত্ব হইতে চ্যুত হয়। স্থ্যাদি দেবতাকে আমার 'বিভূতি' বলিয়া উপাসনা করিলে শেষে মঙ্গল হইতে পারে॥ ২৪॥

শ্রীবলদেব—অবিধিপূর্বকতাং দর্শয়তি,—অহং হীতি। অহমেবেন্দ্রাদিরূপেণ সর্ব্বোধাং যজ্ঞানাং ভোক্তা প্রভুঃ স্বামী পালকঃ ফলদশ্চেত্যেবং তত্ত্বন মাং নাভিজানন্তি; অতন্তে চ্যবন্তি সংসরন্তি ॥ ২৪॥

বঙ্গান্ধবাদ—অবিধিপূর্বাকত্ব দেখাইতেছেন—'অহং হীতি,' আমিই ইন্দ্রাদি-রূপে সমস্ত যজ্ঞের ভোক্তা, প্রভু, স্বামী ও পালক এবং যথার্থ ফলদাতা এইরূপে স্বরূপতঃ আমাকে বিশেষভাবে জানিতে পারে না। এই হেতু তাহারা সংসারে গমনাগমন করিয়া থাকে॥ ২৪॥

অনুভূষণ—বর্তমান শ্লোকে শ্রীভগবান্ পূর্বশ্লোকে বর্ণিত অবিধিপূর্বকত্ব দেখাইতেছেন এবং অবিধিপূর্বক দেব-যজনের ফলও বলিতেছেন। শ্রীভগবানই ইন্দ্রাদিরপে সর্বযজ্ঞের ভোক্তা, প্রভূ, পালক ও সর্বফলদাতা। ইহা স্বরূপতঃ অর্থাৎ তত্ত্ব-সহকারে না জানিয়া, যাহারা অন্য দেবগণকে স্বতম্ব ঈশ্বর ও ফলদাতা বুদ্ধিতে বিশ্বাস-সহকারে পূজা করে, তাহাই অবিধিপূর্বক দেবযজন। এইরূপ অবিধিপূর্বক দেবযজনের ফলে তাহারা তত্ত্ব হইতে চ্যুত হইয়া সংসারে-পুনরাবর্তন করে। কিন্তু স্থ্যাদি দেবতাকে শ্রীভগবানের

বিভূতিজ্ঞানে পূজা করিলে ক্রমশঃ উন্নততর সোদীনে আরোহণপূর্বক মন্তক্ত-রূপায় মদীয় স্বরূপের বৈশিষ্ট্যজ্ঞান লাভ করিতে পারিলে সচ্চিদানন্দস্বরূপ আমাতেই বুদ্ধি পরিনিষ্ঠিত হইতে পারে।

শ্রুতিতে পাই,—"নারারণাদ্ধ জায়তে, নারায়ণাদিক জায়তে নারায়ণাদ্ধদশাদিতা। কর্ত্রাঃ সর্কদেবতাঃ সর্কেশ্বয়ঃ সর্কাণি ভূতানি নারায়ণাদেব
সম্ৎপদ্যস্তে নারায়ণে প্রলীয়তে॥"

শৃতিতেও পাই,—"ব্রনাশসুস্তথৈবার্কশক্তরাশ্চ শতক্রতঃ। এবমালাস্তথৈ-বালো যুক্তা বৈফবতেজদা। জগংকার্যাবদানে তু বিযুজ্ঞান্তে চ তেজদা। বিতেজদশ্চ তে দর্বে পঞ্জম্প্যান্তি তে॥" "অগ্নিবৈ অবমো বিষ্ণুঃ প্রমো"।

পূর্ব্বাক্ত শ্রুতি ও শ্রুতি-বাক্যে সকল দেবতার ও পরেশ বিষ্ণুর ভেদ দৃষ্ট হয় এবং ঐ সকল দেবতা হইতে শ্রীবিষ্ণুর পরত্বও জানা যায়। এ-বিষয়ে শ্রেতাশ্বতর উপনিষদেও পাওয়া যায়,—"স বিশ্বরুদ্ বিশ্ববিদায়্যযোদিঃ…….. সংসার্মাক্ষন্থিতিবন্ধহেতুঃ"॥ (৬।১৬) আরও পাওয়া যায়,—"ভীষাহম্মাদ্বাতঃ পবতে। ভীষোদেতি স্থাঃ।" ইত্যাদি (তৈত্তিরীয় ২।৮)। কঠ উপনিষদেও পাওয়া যায়,—"ভয়াদস্যাগ্রিস্তপতি ভয়াত্তপতি স্থাঃ।" ইত্যাদি (২।৩)।

কেই যদি পূর্ব্যপক্ষ করেন যে, কোন কোন স্থলে শ্রীবিষ্ণুর সহিত সকল দেবতার সমানাধিকরণ দেখা যায়। সেস্থলে ঐ সকল দেবতাকে তদায়ত্ব-বৃত্তি অর্থাৎ উহাদের সামর্থ্য বিষ্ণুর অধীন বলিয়াই বৃঝিতে হইবে।

শীমদ্বাগনতেও পাই,—"প্রস্থা নিফো রূপং যৎ.......স্থ্যমান্ত্রানমীমহি" (৫।২০।৫) অর্থাং দেই প্রাণপুরুষ দর্শন্যাপী ভগনান্ বিষ্ণুর প্রতিমৃত্তিম্বরূপ স্থাদেনের শরণাগত হই। বিষ্ণুই ধে দকাম ব্যক্তিগণের নিকট স্থ্যাদিরূপে স্বীয় বিভৃতি প্রকাশ করেন, ইহা অন্য দেবভক্তগণ জানে না।

কেই যদি মনে করেন যে, তাহা হইলে সর্বদেবতাকে নারায়ণ মনে করিয়া পূজা করিলে ত' ভাল। তত্ত্তরে বক্তব্য এই যে,—নারায়ণ হইতেই সকলের উংপত্তি, স্তিতি ও লয় জানা যায়, কিন্তু তাই বলিয়া সকলে নারায়ণ নহে। যাহারা প্রভিগবানের সহিত স্ব্যা দেবতা বা জীবকে সম্জ্ঞান করে, তাহারা অপরাধী।

"যন্ত নারায়ণং দেবং ব্রহ্মক্রজাদিদৈবতৈঃ। সমত্বেনেব বীক্ষেত স পাষ্ণী ভবেদ্ ধ্রুবম্॥"

দেবগণকে স্বতন্ত্র ঈশর-জ্ঞানে পূজা যেমন অবিধি, দেই প্রকার ঈশরের সহিত সমজ্ঞানও পাষওতা। অতএব দেবগণকে নারায়ণের বিভূতিজ্ঞানপূর্ব্বক পূজা করা বিশ্বরূপোপাসকগণের পক্ষে বিধি-সম্মত। এ-সম্বন্ধে শাস্ত্রে দ্বিধি ব্যবস্থা দৃষ্ট হয়,—শ্রীনারদ-পঞ্চরাত্রাদৌ—"অন্তর্য্যামী ভগবদ্ষ্ট্রেব সর্ব্বারাধনং বিহিতম্।" বিষ্ণুযামলাদৌ তু—"বিষ্ণুপাদোদকেনৈব পিতৃপাং তর্পণক্রিয়া। বিষ্ণোনিবেদিতান্দেন ষ্ট্রবাং দেবতান্তর্মিত্যাদি প্রকারেণ বিহিত্মিতি"॥ ২৪॥

#### যান্তি দেবত্রতা দেবান্ পিতৃ, ন্ যান্তি পিতৃত্রতাঃ। ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্যাজিনোহপি মাম্॥ ২৫॥

অন্বয়—দেবব্রতাঃ (দেবপূজকগণ) দেবান্ যান্তি (দেব-লোক প্রাপ্ত হন)
পিতৃব্রতাঃ (পিতৃ-পূজকগণ) পিতৃ,ন্ যান্তি (পিতৃলোক প্রাপ্ত হন), ভূতেজাঃ (ভূত-পূজকগণ) ভূতানি যান্তি (ভূতলোক প্রাপ্ত হন), মদ্যাজিনঃ (মত্বাসকগণ) মাম্ অপি (আমাকেই) [যান্তি—প্রাপ্ত হন]॥২৫॥

অনুবাদ—দেবোপাদকগণ দেবলোক প্রাপ্ত হন, পিতৃপূজকগণ পিতৃলোক লাভ করেন, ভূতপূজকগণ ভূতলোক প্রাপ্ত হন ও আমার পূজাপরায়ণগণ আমাকেই পাইয়া থাকেন॥ ২৫॥

ত্রীভক্তিবিনোদ—অন্যান্য দেবতাকে যাহারা 'ঈশ্বর' বলিয়া উপাসনা করে, তাহারা অনিতা বস্তু বা বস্তুধর্মকে আশ্রয় করিয়া দেই উপাস্থা-দেবতার অনিতাত্বকে লাভ করে। যাহারা—পিতৃলোকের উপাসক, তাহারা অনিতা পিতৃলোক লাভ করে এবং যাহারা—ভূতোপাসক, তাহারা অনিতা ভূতত্বই লাভ করে। কিন্তু যাহারা নিতা চিং-তত্ত্বরূপ আমার উপাসনা করেন, তাঁহারা আমাকেই লাভ করেন; অতএব ফলদান-সম্বন্ধে আমার পক্ষ-পাতিত্ব নাই; আমার অটল নিয়মই নিরপেক্ষরপে জীবের কর্মফল বিধান করে॥ ২৫॥

শ্রীবলদেব—বস্ততো মম তত্তদেবতাদিরপতয়া স্থিতবেংপি তদ্রপতয়া
মজ্জানাভাবাদেব তে মাং নাপুবন্তীত্যাহ,—যান্তীতি। অত্রাদ্যপর্যায়ে
ব্রত-শব্দঃ পূজাভিধায়ী পরত্রেজ্যা-শব্দাং। দেবব্রতা দেবপূজকাঃ সান্তিকদর্শপৌর্ণমাস্যাদিকর্মভিবিন্দ্রাদীন্ যজন্তন্তানেব যান্তি; পিতৃব্রতা রাজ্যাঃ শ্রাদ্রাদি-

কর্মভিঃ পিতৃন্ যজস্তস্তানের যান্তি; ভূতেজ্যান্তামদান্তত্ত্বলিভির্যক্ষরক্ষোবিনায়কান পূজয়ন্তন্তান্তার ভূতানি যান্তি। মদ্যাজিনন্ত নিগুণাঃ স্থলভৈঃ
দ্রবৈর্যামর্চয়ন্তো মামের যান্তি। অপিরবধারণে। অয়মর্থঃ,—ইন্দ্রাদীনাং
বয়ম্পাদকান্ত এবাম্মাক্মীশ্বরাঃ পূজাভিঃ প্রদীদন্তঃ ফলান্তভীষ্টানি দ্যারিতি
মদন্তদেবদেবকানাং ভাবনা, দর্বশক্তিঃ দর্বেশ্বরো বাহ্মদেবন্তক্ষেবতাদিরপোবস্থিতোহম্মংস্থামী স্থলভোপচারেঃ কর্মাভারারাধিতঃ দর্ব্যাণান্ত্রভিন্তাহিপি
দেবাদিতি মংসেবকানাং ভাবনা। ততশ্চ দ্যানান্তের কর্ম্মাণান্তভিন্তাহিপি
দেবাদিসেবিনো মন্তাবনা-বৈধুর্যান্তান্নিজেষ্টানেবাচিরায়ুষোহন্ত্রবিভূতিন্মাদাদা
তৈঃ দহ পরিমিতান্ ভোগান্ ভূক্ত্বা তদ্বিনাশে বিনশ্বন্তি। মংসেবিনস্ত
মামনাদিনিধনং স্তাদক্ষমনন্তবিভূতিং বিজ্ঞানানন্দ্ময়ং ভক্ত-বংসলং সর্বেশ্বরং
প্রাপ্য মন্তঃ পুনর্ব নিবর্তন্তে,—ময়া সাক্ষমনন্তানি স্থানি অন্তভবন্তে মন্ধামি
দিব্যে বিল্পন্তীতি॥ ২৫॥

বঙ্গান্তবাদ—বাস্তবিকপক্ষে আমার পূর্ব্বোক্ত ইন্রাদিদেবতারূপে অবস্থিতি হইলেও, দেইরূপ আমার জ্ঞানের অভাব বশতঃই তাহারা আমাকে লাভ করিতে পারে না—ইহাই বলা হইতেছে—'ঘান্তীতি'। এথানে আল পর্যায়ে (প্রথমার্ছে) ব্রতশব্দ পূজাভিধায়ক পরে ইজ্যা শব্দের উল্লেখ থাকায়। দেবব্রতা— দেবতার পূজকগণ অর্থাৎ ইহারা সত্তগপ্রধান, দর্শপৌর্ণমাস্থাদিকর্মের দ্বারা रेमा नित्क वर्फना नि कित्रया जारा निगरकरे लां कित्रया थारक वर्थाः रेमा नि-লোকেই গমন করিয়া থাকে। পিতৃত্রতগণ—রজোগুণপ্রধান। পিতৃত্রত ইহারা শ্রাদাদি কর্মগুলির দারা পিতৃপুরুষদিগকে যজন করিয়া পিতৃলোকেই গমন করিয়া থাকে। ভূতেজ্যগণ—তমোগুণপ্রধান, যেহেতু ভূতেজ্যারপ দেই দেই বলি প্রভৃতির দারা ফক, রাক্ষদ ও বিনায়কাদির পূজা করিয়া দেই দেই ভূতলোকেই গমন করিয়া থাকে। আমার যজনকারী ভক্তগণ কিন্তু নিগুণ; তাঁহারা স্থলভ দ্রব্যের স্বারা আমাকে অর্চনা করিয়া আমাকেই লাভ করিয়া থাকে। অপি শব্দের অর্থ—অবধারণ। ইহার অর্থ—ইন্দ্রাদি দেবতার আমরা উপাসক, তাঁহারাই আমাদের ঈশ্বর, তাঁহারা পূজাদির দারা সম্ভষ্ট হইলে আমাদের অভীষ্ট ফলগুলি প্রদান করিবে। এই কারণেই আমি ভিন্ন অন্যান্ত দেবতাসেবক দিকের সেই সেই দেবার্চনার প্রতি এইরূপ (ধারণা) ভাবনা। সর্বাশক্তিময়, সর্বেশ্বর, বাস্থদেব জ্রীকৃষ্ণই পর্বেলক্ত সেই সেই দেবতাদিরূপে

অবস্থিত, তিনিই আমাদের একমাত্র আরাধ্য ও প্রভু, স্থলভ উপচারময় কর্মের দ্বারা তিনি আরাধিত হইয়া দন্তুই হইলে আমাদের অভীষ্ট দমস্ত ফলই দান করিবেন, ইহাই আমার দেবক অর্থাৎ কৃষ্ণভক্তদের ধারণা বা ভাবনা। অতএব (পূর্ব্বোক্ত পৃথক্ পৃথক্ ভক্তগণের আরাধ্য ও দাধনীয়কর্মগুলিকে বহিদৃষ্টিতে) দমান দেখাইলেও, তাহা অন্তুর্চান করিয়া দেবাদিদেবিগণের আমার ভাবনার বিম্থতা বশতঃ দেই দেই নিজের ইপ্টেরই আরাধনা করিয়া অল্লকালম্বায়ী, অল্লবিভূতিদপ্পন্ন তাঁহাদের লোক (স্থান) কে লাভ করিয়া তাঁহাদের সহিত পরিমিত ভোগ-স্থ উপভোগ করিয়া, পরিশেষে তাঁহাদের বিনাশে বিনন্ত হইয়া থাকে। আমার দেবক ভক্তগণ কিন্তু আমি অনাদিনিধন আদিহীন, অবিনাশি) দত্যদঙ্গল্পরূপ, অনন্তবিভূতিযুক্ত, বিজ্ঞানানন্দময়, ভক্তবংদল ও দর্বেশ্বর এইরূপে আমাকে লাভ করিয়া, কথনও আমা হইতে ভ্রই বা পতিত হয় না। অধিকন্তু আমার দহিত অনন্ত স্থ্য অনুভব করে অথাং আমার নিতা ও পর্মানন্দময় দিবা গোলকধামে পরম স্থ্যে অবস্থান করে॥ ২৫॥

তারু তুমণ—অন্য দেবভক্তগণের সহিত ভগবদ্বকের পার্থকা ও উভয়ের প্রাপ্তিফলেরও পার্থকা শ্রীভগবান্ বর্ত্তমান শ্লোকে প্রদর্শন করিতেছেন। ফদিও তারুদ্দেবাদিরপে একমাত্র ভগবানই অবস্থিত, তথাপি তদ্রপতায়ক্ত তাহার জ্ঞানের অভাব বশতঃই তাহারা তাঁহাকে পায় না। আর ইহাও লক্ষ্যের বিষয় যে, যাহারা 'দেবত্রতা' ও 'পিতৃত্রতা' তাহারাই কিন্তু দেব ও পিতৃপুদ্ধক হন এবং ভূত-পূক্ষকগণেরও ভূতাদির প্রতিই ইদ্ধা বা পূচ্চা-বৃদ্ধি। যেমন শ্রীমদ্ভাগবতে পাওয়া যায়,—''সমশালা ভদ্ধি বৈ'' (ভাঃ—১াহা২৭)। দেবপূদ্ধকণ সাত্তিক দর্শ-পোর্ণমাস্থাদি কর্ম্মের দ্বারা ইন্দ্রাদিকে পূদ্ধা করিয়া ইন্দ্রাদিলোকেই গমন করিয়া থাকে। রজ্যো-প্রধান পিতৃত্রতান্ত্র্যানকারিগণ রাদ্ধান্দি কর্ম্মের দ্বারা পিতৃপুক্ষের যদ্ধন করেয়া থাকে। মদ্যাদ্ধী মদ্বক্রণা কিন্তু নিগুর্ণ, তাহারা স্থলভ দ্বন্যের দ্বারা আমার দ্বর্দ্ধন করিয়া থাকে।

শ্রন চক্রবর্তিপাদের টীকায় পাই,—

''যদি বল যে, সেই সেই দেবতার পূজাপক্তিতে যে যে বিধি কথিত হুইয়াছে, সেই সেই বিধির দারাই সেই সেই দেবতা পূজিত হন। যেরূপ বিষ্ণুপ্জা-পদ্ধতিতে যে বিধি আছে, সেই বিধির দ্বারাই বৈষ্ণবগণ বিষ্ণুকে পূজা করেন। অতএব অন্ন দেবভস্কগণের দোষ কি ? সত্য,—তাহা হইলে সেই দেবভক্তগণ সেই সেই দেবভাকেই লাভ করে,—এই ন্যায়। তাই বলিতেছেন—'যান্তি' ইত্যাদি। সেই সেই দেবভাগণ নশ্বর বলিয়া সেই সেই দেবভা-ভক্তগণ কি প্রকারে অনশ্বর হইবে ? 'আমিই অনশ্বর ও নিত্য, আমার ভক্তেরাও অনশ্বর অর্থাৎ নিত্য', ইহাই জোভিত—'অনস্ত-সংজ্ঞক এক আপনিই বর্তমান থাকেন'—(ভাঃ ১০।তা২৫)। "পূর্ব্বে এক নারায়ণই ছিলেন, বন্ধাও নহেন, শিবও নহেন'; 'পরাদ্ধান্তে তিনি বুঝিলেন যে গোপরূপ আমার সন্মুথে আবিভূ ত হইয়াছিলেন' (গোঃ তাঃ), 'আমার ভক্তগণ স্ক্মহৎ প্রলয়েও চ্যুত বা পুনরাবর্ত্তিত হন না'—ইত্যাদি শ্রুতি হইতে জানা যায়।''

যদি কেই বলেন যে, দেবভক্তেরাও ত' তোমাকে শ্রদ্ধা করে। যেহেতু সর্ব্বদেবপূজাকালে নারায়ণের পূজা করিতে দেখা যায়। তত্ত্তরে বক্তব্য এই যে, উহা কেবল কার্য্য-দিদ্ধির নিমিত্ত, উহাকে প্রকৃত শ্রদ্ধা বলে না। অগ্র দেবাদি-ভক্তগণ মনে করে, আমরা ইন্দ্রের উপাসক, ইন্দ্রাদি আমাদের উপাস্ত এবং আমাদের পূজায় সম্ভই হইয়া ইন্দ্রাদিই আমাদের অভীষ্ট-ফল প্রদান করিবেন। আর আমার ভক্তগণ মনে করেন, সর্ব্বশক্তিমান্, সর্ব্বেশ্বর, বাস্থদেব তত্তদ্দেবতারূপে অবস্থিত আমাদের স্বামী, স্থলভ উপচারে আরাধিত হইয়া আমাদের সর্ব্ব-অভীষ্টই প্রদান করিবেন। সাধারণভাবে উভয় কর্ম সমানরূপে দৃষ্ট হইলেও, দেবাদি ভক্তগণ মন্তাবনা-বৈম্থা-হেতু অনিত্য দেবলোকে পরিমিত ভোগান্তে বিনাশ লাভরূপ নশ্বর ফল প্রাপ্ত হয়, আর আমার ভক্তগণ কিন্তু অনাদি-নিধন, ভক্ত-বংসল আমাকে পাইয়া পুনরায় প্রত্যোবর্ত্তন করেন না; পরস্কু আমার সহিত আমার ধামে অনস্ত স্থ্য অনুভব করতঃ তাঁহারা বিলাস করেন।

অতএব যে বিধির অনুসরণ করিলে পুনঃ পুনঃ সংসারে যাতায়াতরূপ যাতনার অবসান হয়, তাহাই প্রক্বত-বিধি, তাহাই অবলম্বনীয়। কিন্তু দেবোপাসকগণ তাহাদের উপাসনার ফলে তত্তদ্বেবলোক প্রাপ্ত হইলেও উহা ক্ষমিষ্ণু ও অচিরস্থায়ী স্বতরাং সংসারে গতাগত-নিবর্ত্তক ভগবৎ-প্রাপক বিধি-রহিত বলিয়া উহা গ্রহণীয় নহে। চরম কল্যাণকামী ব্যক্তি অবশ্রই শ্রীবিষ্ণুর ভজন করিবেন, ইহাই লক্ষিতব্য ॥ ২৫ ॥ व्यानकार्ग्याचा

## পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রয়ছতি। তদহং ভক্ত্যুপহ্যতমগ্রামি প্রয়তাত্মনঃ॥ ২৬॥

ত্বস্থা—য: (যিনি) ভক্তা। (ভক্তিদহকারে) মে (মহম্—আমাকে)
পত্রং (পত্র) পূজাং (পূজা) ফলং (ফল) তোয়ং (জল) প্রযক্তিতি (প্রদান
করেন) অহং (আমি) প্রযতাত্মনঃ (শুদ্ধচিত্তজনের) ভক্ত্যুপহতং (ভক্তিপূর্ব্বক
প্রদত্ত) তৎ (তাহা) অশ্লামি (গ্রহণ করি)॥ ২৬॥

অনুবাদ—যিনি ভক্তিযুক্তচিত্তে আমাকে পত্র, পুপ্প, ফল, জল প্রদান করিয়া থাকেন, আমি শুদ্ধচিত্ত দেই ভক্তের ভক্তিপূর্ব্বক প্রদত্ত দেই সমস্তই গ্রহণ করিয়া থাকি॥ ২৬॥

শ্রীভক্তিবিনোদ—প্রয়তাত্মা ভক্তসকল আমাকে ভক্তিপূর্ব্বক পত্র, পুষ্প, ফল, জলাদি যাহা যাহা দেন, তাহাই আমি অত্যন্ত-ম্নেহপূর্ব্বক স্বীকার করি। দেবতান্তরের উপাসকগণ অনেক আয়াস স্বীকার-পূর্ব্বক বহুসন্তার-ম্বারা আমাকে কেবল তাৎকালিক শ্রদ্ধা-সহকারে যে-সকল পূজা করে, আমি তাহা গ্রহণ করি না। ষেহেতু তাহারা কেবল কোন উপরোধ-ক্রমেই আমার পূজা করিয়া থাকে॥ ২৬॥

শ্রীবলদেব—এবমক্ষ্যানস্তফল্থান্মন্তক্তিঃ কার্য্যেত্যুক্ত্বা স্থ্যসাধ্যথাচ্চ
সা কার্য্যেত্যাহ,—পত্রমিতি। পত্রং বা পূক্ষং বাল্লদ্বা, যৎস্থলতং বস্তু যো ভক্ত্যা
শ্রীতিভবেণ মে দর্বেশ্বরায় প্রয়চ্ছতি, তদ্য ভক্ত্ব্যুপহৃতং প্রীত্যুদিতক্ষ্তৃষ্ণঃ
দন্স্তবিভূতিঃ পূর্ণকামোহপাহমশ্লামি যথোচিতমূপভূঞে, তৎপ্রীত্যুদিতক্ষ্তৃষ্ণঃ
দন্ তম্ভক্ত্যাবেশান্তৎ সর্ব্বমন্ত্রীতি বা। তদ্য কীদৃশদ্যোত্যাহ,—প্রয়তাত্মনো
বিশুদ্ধমনদাে নিদ্ধামদ্যাত্যর্থঃ। তথা চ নিদ্ধামণ মদহরক্তেনার্পিতং তদশ্লামি,
তদ্বিপরীতেনার্পিতং তু নাশ্লামীত্যুক্তম্; 'ভক্ত্যা' ইত্যুক্ত্বাপি পুনর্ভক্ত্যুপহৃতমিত্যুক্তিভিক্তিরেব মক্তোবিকা, ন তু দিজ্ব-তপস্থিত্বাদিরিতি স্বচয়তি। ইহ
'সততম্', 'অনন্তঃ', 'পত্রম্' ইত্যাদিভিস্বিভিক্তলা কীর্ত্তনাদিরূপ-বিশুদ্ধভক্তিরর্পিতৈব ক্রিয়েত, ন তু ক্বার্পিতেতি। ''ইতি পুংদার্শিতা বিশ্বেণ
ভক্তিক্ষেবলক্ষণা। ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মত্যেহধীতম্ত্রমন্'' ইতি প্রহ্লাদবাক্যাৎ; অতস্তথাত্র নোক্তেঃ॥ ২৬॥

বঙ্গাসুবাদ—এইপ্রকার মন্তক্তি অর্থাৎ কৃষ্ণভক্তি অক্ষয় ও অনস্তফলপ্রদ

বলিয়া তাহাই সকলের পক্ষে করা উচিত, ইহা বলিয়া, পুনরায় অতিশয় স্থ্যাধা বলিয়াও তাহা (কৃঞ্ভজি) সকলের করা উচিত, ইহা বলা হইতেছে—'পত্রমিতি'। পাতা অথবা পুশ অথবা যাহা অতিশয় স্থলত, অন্ত কোন বস্তু, যিনি ভক্তিপূর্বাক অর্থাৎ অত্যন্ত প্রীতির সহিত সর্বেশ্বর আমাকে প্রদান করে, দেই ভক্তের ভক্তির দ্বারা উপস্বত, প্রীতিসহকারে অর্ণিত তত্তদ্বস্ত, আমি অনন্তবিভূতিসম্পন্ন ও পূর্ণকাম হইলেও গ্রহণ করি অর্থাৎ যথোচিত উপভোগ করি। অথবা সেইরূপ ভক্তের প্রীতিতে আমি ক্ষা ও তৃষ্ণাযুক্ত হইয়া ভক্তের ভক্তিবশেই সেই সকল বস্তু খাইয়া থাকি। কীদৃশ ভক্তের প্রদত্ত বস্ত গ্রহণ (বা ভোগ) করেন ? তাহাই বলা হইতেছে। প্রয়তাত্মা, বিশুদ্ধমনা নিম্নামভক্তের (প্রদত্ত বস্তু থাই) ইহাই প্রকৃত অর্থ। ইহার দ্বারা বলা হইল যে—নিষ্কাম ও আমার প্রতি অনুরক্ত ভক্তগণের অর্পিত বস্তুই থাই কিন্তু তদ্বিপরীত বাক্তিগণের প্রদত্ত বস্তু কিন্তু গ্রহণ ও ভোজন করি না। 'ভক্তির দারা' ইহা বলিয়াও পুনরায় "ভক্তির দারা উপহৃত" এইরপ বলার একমাত্র কারণ এই—ভক্তিই আমার তোষিকা, আমার (রুফের) তুষ্টির কারণ, দ্বিজত্ব, তপস্থিত প্রভৃতি কিন্তু আমার তুষ্টির কারণ নহে: এই কথাই স্চনা করিতেছেন। এখানে "সতত" "অনগ্র" "পত্র" ইত্যাদি এই তিনটি শব্দের দারা উক্ত কীর্ত্তনাদিরূপ বিশুদ্ধভক্তি অর্পিত হইয়াই কৃত হয়, কিন্তু করিয়া অর্পণ নহে, ইহা বলা হইয়াছে—"যিনি স্বয়ং ভগবান্ বিষ্ণুতে আত্মসমর্পণ পূর্বক—এই নবলক্ষণাভক্তির সাক্ষাং অমুষ্ঠান করেন, তিনিই শাস্ত্র উত্তম অধায়ন করিয়াছেন বলিয়া মনে করি—এইরূপ প্রহ্লাদের বাক্য হইতেও জানা যায়। অতএব এখানে উহা (ভক্তির অর্পণ) वलां रुग्न नार्रे॥ २७॥

অসুভূষণ—শ্রীভগবানের ভজনে অক্ষয় ও অনস্ত ফল লাভ হইয়া থাকে স্থতরাং তাহাই সকলের কর্ত্তরা; ইহা বর্ণনের পর বর্তমানে উহা স্থাসাধাও তাহা বলিতেছেন। পত্র, পূব্দ, ফল বা জল যে কোন স্থলভ দ্রবাই ভক্তিসহকারে উপহত হইয়া ভক্তি অর্থাৎ প্রীতিভরে সর্কেশ্বর শ্রীভগবানকে প্রদন্ত হয়, অনন্তবিভূতিশালী ও পূর্ণকাম হইয়াও তিনি উহা যথোচিত উপভোগ করেন। অথবা ভক্তের প্রীতিতে তাঁহার ক্ষ্মা, তৃষ্ণার উদ্রেক হেতু ভক্তের ভক্তির আবেশবশতঃই সেই সকল দ্রব্য আহার করেন। যথা,—ভক্ত বিহ্রের গৃহে

তৎপত্নীর হস্তে শ্রীকৃষ্ণ কলার বাক্লা পর্যন্ত ভক্ষণ করিয়াছিলেন।
শ্রীমদ্যাগবতেও পাওয়া যায়, শ্রীকৃষ্ণ নিজ প্রিয়-সথা স্থলামা বিপ্রের আনীত
উপায়ন গ্রহণপূর্বক বলিয়াছিলেন—"পত্রং পূজ্পং ফলং তোয়ং য়ো মে ভক্ত্যা
প্রয়াছতি। তদহং ভক্ত্যুপহৃতমালামি প্রয়াতাত্মনঃ॥" (১০৮১।৪)। এই ল্লোকে
শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্ম্মে পাই,—"ভক্তিতে উপহৃত বলিয়া পুনরায় ভক্তিসহকারে প্রদন্ত উল্লেখ থাকায় ভক্তজন যাহা প্রদান করেন, তাহা ভক্তিতেই
প্রদন্ত হয় বলিয়া ভগবান্ স্লেহভরে গ্রহণ করেন, কাহারও অন্থরোধে নয়।
ইহার অর্থ-—বস্তু স্বাত্ বা অস্বাত্ হউক কিন্তু ইহা—স্বাত্ এই বৃদ্ধি দ্বারা আমার
ভক্ত ভক্তিপূর্বক যাহা দেয়, তাহা আমার অতি স্বাত্ হয়, এথানে আমার
কোন বিচার থাকে না। আমি আহার করি অর্থাৎ দ্রাণের যোগ্য, আহারের
অ্যোগ্য পুস্পও আমি ভক্তের প্রেমে মোহিত হইয়া ভক্ষণ করি।"

কেহ যদি পূর্ব্যপক্ষ করেন যে, দেবতান্তর ভক্তের প্রদন্ত বস্তু কি ভগবান্
খান্ না ? তহত্তরে বক্তব্য যে—না, মদ্ভক্ত যাহা দেয় তাহাই। প্রীল
চক্রবর্ত্তিপাদের টীকায় পাই যে,—''এক্ষেত্রে ভক্তিই কারণ—হতীয় পাদে
'ভক্ত্যুপহৃত্যন্' অর্থাৎ ভক্তিসহকারে প্রদন্ত উপহার এই কথার পুনরায় উল্লেখ
করিয়াছেন। অতএব সহার্থে হতীয়া, ভক্তিসহ, আমার ভক্তগণ এই অর্থ।
তদ্দারা আমার ভক্ত ভিন্ন অক্যব্যক্তি তাৎকালিক ভক্তিসহকারে যাহা প্রদান
করে, তংকর্তৃক দেই তাৎকালিক ভক্তিসহকারে প্রদন্ত পত্ত-পূপাদি গ্রহণ
করি না—ইহাই বুঝাইতেছেন।"

নাভির যজে আবিভূতি শ্রীভগবান্কে ঋত্বিকগণ বলিয়াছিলেন—
"পরিজনার্রাগ বিরচিত...সংভূতয়া সপর্যায়া কিল পরম পরিতুয়িদ।"—(ভাঃ
৫।৩।৫) অর্গাৎ আপনার নিজজন অন্তরাগভরে বাষ্পগদ্গদ্ স্থাতিবাক্য, জল,
শুদ্ধ পল্লব, তুলদী ও তুর্বাঙ্কুর দ্বারাও স্বষ্ঠুভাবে আপনার যে পূজা সম্পাদন
করেন, আপনি নিশ্চয়ই সেই পূজার দ্বারা বিশেষভাবে সম্ভুষ্ট হন।

শ্রীহরিভক্তিবিলাসে গোতমীয় তন্ত্রবাক্যে পাই,—

"তুলসীদলমাত্রেন জলস্থ চুলুকেন বা। বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো ভক্তবংসলঃ॥"

শ্রীমহাপ্রভু ভক্ত শুক্লাম্বরের ভিক্ষাঝুলি হইতে তণুল লইয়া চিবাইতে চিবাইতে বলিয়াছেন— "প্রভূ বলে—তোর খুদ্কণ মৃক্রি খাও। অভক্তের অমৃত উলটি না চাও।"

দেবর্ষি নারদ প্রচেতাগণকে বলিয়াছেন—"ন ভজতি কুমনীষিণাং স ইজ্যাং।"—(ভাঃ ৪।৩১।২১)। শ্রীভগবান্ উদ্ধবকে বলিয়াছেন—"ভূষ্যপাভজো-পাহতং ন মে তোষায় কল্পতে।"—(ভাঃ ১১।২৭।১৮) এবং শ্রীস্থদামাকেও বলিয়াছেন,—"অরপ্যুপাহতং ভক্তিঃ প্রেম্ণা ভূর্য্যেব মে ভবেং। ভূর্য্যপাভজো-পাহতং ন মে তোষায় কল্পতে॥"—(ভাঃ ১০।৮১।৩) অর্থাৎ ভক্তজনের উপহার অগুমাত্র হইলেও আমার নিকট উহা প্রভূতরূপে গৃহীত হয়, কিন্তু অভক্তজনের উপাহত প্রচুর বস্তুও আমার সন্তোষ বিধান করিতে সমর্থ হয় না।

এক্ষণে এই ভক্তের বৈশিষ্ট্য-বর্ণন প্রদঙ্গে বলা হইয়াছে,—প্রয়তাত্মা অর্থাৎ বিশুদ্ধমনা বা নিদ্ধাম। নিদ্ধাম, মদমুরক্ত ভক্তের দ্বারা অর্পিত বস্তুই গ্রহণ করি। তদ্বিপরীত জনের অর্পিত কিন্তু গ্রহণ করি না। এমন কি, দ্বিজ্ব ও তপস্বিঘাদিও আমার সম্ভোধের কারণ হয় না। 'সতত', 'অন্য', 'পত্র' ইত্যাদি দ্বারা ইহাই কথিত হইয়াছে যে, কীর্জনাদির্ব্বপ বিশুদ্ধা ভক্তি অর্পিত হইয়াই কৃত হয়, কৃত হইয়া অর্পিত নহে।—ইহা শ্রীভাগবতে শ্রীপ্রহ্লাদের উক্তিতেও পাওয়া যায়। (ভাঃ ৭০০।২৪) এই শ্লোকের টাকায় শ্রীধরস্বামিপাদ বলেন,—"ভগবতি বিষ্ণো ভক্তি ক্রিয়তে সা চার্পিতৈর সতী যদি ক্রিয়েত ন তু কৃতা সতী পশ্চাদর্প্যেত।"

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকায় পাই,—

"ভক্তিসহকারে সমর্পিত, কিন্তু কাহারও অনুরোধাদিতে দত্ত নহে, এই অর্থ। আরও আমার ভক্তেরও শুরীর অপবিত্র হইলে গ্রহণ করি না, তাই বলিতেছেন—'প্রযতাত্মনঃ'—বাঁহার শরীর শুদ্ধ, তাঁহার, ইহাতে রজন্বলাদি নিষিদ্ধ হইতেছে। অথবা 'প্রযতাত্মা'—বাঁহার অন্তঃকরণ শুদ্ধ, তাঁহার। আমার ভক্ত বাতীত আর কেহ শুদ্ধান্তঃকরণ নহে। পরীক্ষিতের উক্তি—
"ধোঁতাত্মা পুরুষ রক্ষপাদপদ্ম ত্যাগ করেন না।" (ভাঃ ২।৮।৬)। আমার পাদসেবা ত্যাগে অসামর্থাই শুদ্ধ চিত্তত্বের চিহ্ন; অতএব কাহারও চিত্তে কাম-ক্রোধাদি দেখিলেও তাহা উৎপাটিত-বিষদন্ত-সর্পের দংশনের ন্যায় অকিঞ্চিৎকর জানিতে হইবে'॥ ২৬॥

### যৎ করোষি যদগাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপশুসি কৌন্তেয় তৎকুরুষ মদর্পণম্॥ ২৭॥

অশ্বয়—কোন্তেয়! যৎ করোষি (যে কিছু কর্দান্মন্তান কর), যৎ অগ্নাসি (যে কিছু দ্রব্য ভোজন কর), যৎ জুহোষি (যাহা হোম কর), যৎ দদাসি (যাহা দান কর), যৎ তপশুসি (যাহা তপ কর), তৎ (সেই সকল) মদর্পণম্ (আমাতে সমর্পণ) কুরুষ (কর)॥ ২৭॥

অনুবাদ—হে কোন্তেয়! তুমি যে কিছু কর্ম কর, যে কিছু দ্রব্য ভোজন কর, যাহা হোম কর, যাহা দান কর, যে কিছু তপস্থা কর, সে সকলই আমাতে সমর্পণ কর॥ ২৭॥

শ্রীশুক্তিবিনাদ—ভক্তাধিকারীদের শ্রেণী চারিটি,—আর্ছ, জিজ্ঞাস্ক, অর্থার্থী ও জ্ঞানী। ভক্তিপদারু হইবার প্রাগবস্থায় তাহাদের সাধন তিন প্রকার,—অহং-গ্রহোপাসনা, প্রতীকোপাসনা ও বিশ্বরপোপাসনা। ভক্তিপদারু হইবার সময় মানবের সংসার-সম্বন্ধে ব্যবহার চারিপ্রকার,—সকাম-কর্ম্ম, নিদ্ধাম-কর্ম্মযোগ, জ্ঞানযোগ ও অষ্টাঙ্গযোগ। এই সমস্ত বলিয়া শেষে বিশুদ্ধ-ভক্তির-স্বরূপ ব্যাখ্যা করিলাম। এখন, হে অর্জ্কন! তুমি তোমার স্বীয় অধিকার স্থির করিয়া লগু। তুমি ধর্মবীরস্বরূপে আমার সহিত অবতীর্ণ হইয়া আমার লীলাপৃষ্টি-কার্য্যে নিযুক্ত আছ; অতএব তুমি নিরপেক্ষ-ভক্ত বা সকাম-ভক্তমধ্যে পরিগণিত হইতে পার না; অতএব নিদ্ধাম-কর্মজ্ঞান-মিশ্রা ভক্তিই তোমা-কর্ত্বক অনুষ্ঠিত হইবে। এতন্ধিবন্ধন তোমার কর্ত্বব্য এই যে, তুমি যাহা কর, যাহা ভোগ কর, যাহা হবন কর, যে তপশ্যা কর, সে সমৃদায় আমাতেই অর্পন কর। কর্ম্ম অন্তসন্ধন্ধন নে কর্বর হইয়া গেলে কর্ম্মজ্ঞ লোকেরা অবশেষে ব্যবহারিকমতে আমাকে অর্পন করে; বস্তুতঃ দে কিছু নয়; কর্মকেই মূলে আমাতে অর্পন করিয়া ভক্তিরপে অন্তর্গান কর॥ ২৭॥

শ্রীবলদেব—'দততম্' ইত্যাদিভির্নিরপেক্ষাণাং ভক্তির্য়া ঘাং প্রত্যুক্তা, ত্বয়া তু পরিনিষ্ঠিতেন কীর্ত্তনার্চ্চনাদিকাং ভক্তিং কুর্মতাপি লোকসংগ্রহায় নিথিলকর্মার্পণান্মমাপি ভক্তিং কার্য্যেতি ভাবেনাহ,—যদিতি। যতং দেহযাত্রা-সাধকং লৌকিকং কর্ম করোবি, যচ্চ দেহধারণার্থং অন্নাদিকমশাসি,

তথা যজ্বােষি বৈদিকমগ্নিহোত্রাদিহোমমহতিষ্ঠিন, যক্ত সংপাত্রেভাঃ অন্নহিরণ্যাদিকং দদািদি, প্রত্যক্ষমজ্ঞাতত্রিতক্ষতয়ে চাদ্রায়ণাভাচরিদি, তং সর্বাং মদর্পণং যথা স্থাত্তথা কুরুষ,—তেন মনির্মিতস্থাস্থ লোকস্থ সংগ্রহাত্ত্রি মংপ্রসাদো ভূয়ান্ ভাবীতি। ন চেয়ং সর্বাকশ্বার্পণরূপা ভক্তিঃ সনিষ্ঠা-

নামিতি বাচাম্,—তৈবৈদিকানামেব তত্তার্প্যমাণাৎ; কিন্তু পরিনিষ্ঠিতা-নামেবেয়ম্,—তৈঃ 'ঘৎ করোষি' ইত্যাদি স্বামিনির্দ্দেশন সর্বকর্মণাং

তত্রার্পণাৎ। তে হি স্বামিনো লোকসংগ্রহং প্রয়াসমপনিনীষবস্তথা

তান্তাচরন্তক্তং প্রসাদয়ন্তীতি॥ ২৭॥

বঙ্গামুবাদ—'সতত' ইত্যাদি (তিনটি) শ্লোকের দ্বারা নিরপেক্ষ (নিদাম) ভক্তগণের ভক্তির কথাই আমি তোমার নিকটে বলিয়াছি, তুমি কিন্তু পরিনিষ্ঠিত, কীর্ত্তন-অর্চ্চনাদি-ভক্তি-যাজনকারী হইলেও লোক-সংগ্রহের নিমিত্ত (লোক-প্রবৃত্তির জন্ম) নিখিল কর্ম অর্পণ পূর্বক আমার প্রতিও ভক্তি তোমার করা উচিত, এই ভাবেই বলা হইতেছে—'যদিতি'। দেহযাত্রানির্ব্বাহের জন্ম তুমি যে লোকিক কর্মগুলি করিতেছ এবং দেহ-ধারণের জন্য অল্লাদি ভোজন করিতেছ, দেই রকম বৈদিক অগ্নিহোত্রাদি-হোম করিয়া অগ্নিতে আহতি প্রদান করিতেছ এবং যে অন্নও স্বর্ণ প্রভৃতি সংপাত্রে দান করিতেছ; প্রতি বংসর (জন্মজন্মার্জিত) অজ্ঞাত তুরিত ক্ষয়ের জন্ম ( কঠোর ) চান্দ্রায়ণাদির অনুষ্ঠান করিতেছ, সেই সমস্তই যাতে আমাতে অর্পণ করা হয়, সেই ভাবেই কর। তাহার ফলে আমার দ্বারা স্বষ্ট এই জগতের লোক রক্ষা হইবে বলিয়া তোমার প্রতি আমার প্রসন্নতা ভবিয়তে আরও বাড়িবে। এই সর্বাকশার্পণরূপা ভক্তি সনিষ্ঠদিগের হয়, ইহা বলা উচিত নহে—যেহেতু দনিষ্ঠ ব্যক্তি কর্তৃক দেখানে বৈদিক ক্রিয়াই আমাতে অর্পণ মাত্র করা হয়। পরিনিষ্ঠিতদিগের কিন্তু এইরকম হয়,—তাঁহাদের কর্তৃক "যাহা করিতেছ" ইত্যাদি বলায় প্রভু (স্বামী) নির্দেশ-দারাই সমস্ত কর্মের দেখানে অর্পণ দেখা যায়। তাঁহারা নিশ্চিত স্বামীর লোক-সংগ্রহ (প্রজাপালন)-রূপ কষ্টকে অপনোদন করিবার ইচ্ছুক হইয়া সেই ভাবেই আচরণ করিতে করিতে স্বামীকে প্রসন্ন করিয়া থাকেন॥ ২৭॥

অনুভূষণ—শ্রীভগবান্ 'সতত' ইত্যাদি শ্লোকে নিরপেক্ষ ভক্তগণের ভক্তির কথা বলিয়া পরিনিষ্ঠিত ভক্ত অর্জুন কীর্ত্তনার্চ্চনাদি ভক্তি-যাজনকারী হইলেও লোক-সংগ্রহের নিমিত্ত অর্জ্জনের নিথিলকর্মাপ ন্মৃলক ভিজিকরা কর্ত্তব্য—এই ভাবে বলিতেছেন যে, দেহযাত্রাসাধক লৌকিক কর্মাদি ও বৈদিক অগ্নিহোত্রাদি যজ্ঞ-কর্মাদি, দানাদি সর্ক্ষ কর্ম, যাহাতে আমাকে যথাযথ অর্পণ করা হয়, দেইরপ কর। তাহা হইলে লোকসংগ্রহ-কার্যাবশতঃ আমার প্রসাদ লাভ করিবে। কেবল সনিষ্ঠগণের এই ভক্তি করা কর্ত্তব্য, তাহা বলা উচিত নহে, কিন্তু পরিনিষ্ঠিতগণেরও ইহা যে স্বামী-নিদ্দিষ্ট 'যাহা কিছু কর' ইত্যাদি সর্ক্ষকর্মই শ্রীভগবানে অর্পণ করা বিহিত। তাহারা স্বামীর লোকসংগ্রহ-কার্যার ক্লেশ অপনোদন করিয়া স্বামীকে অর্থাৎ প্রভু শ্রীভগবানকে প্রসন্ম করেন।

এন্তলে ইহা লক্ষ্যের বিষয় যে, লোকিক, বৈদিক যাবতীয় কর্ম আমাতে সমর্পণ কর, এই ভগবছক্তির দ্বারা ইহা বুঝায় না যে, যিনি যাহা ইচ্ছা করুন বা যাহা ইচ্ছা খান, তাহাতে কোন দোষ নাই, শেষে কেবল ভগবানে সমর্পণ করার একটা ভান থাকিলেই হইল; অথবা বৈদিক কর্মেও যিনি যে কোন দেবতার উদ্দেশ্রেই, যে কোন সঙ্কল্ল-সহকারে যে কোন কর্মই করুন, কেবল পরিশেষে কর্ম-জড়-মার্তগণের তায় 'প্রীকৃষ্ণায় সমর্পণমন্ত' বলিয়া মন্ত্র পড়িলেই সমর্পণ হইয়া যাইবে। এই জন্ত শ্রীধর, শ্রীবলদেব ও শ্রীবিশ্বনাথ সকলেই এই শ্লোকের টীকায় এইরূপ মর্ম্ম প্রদান করিয়াছেন যে—যাহাতে সেই সকল যথাযথভাবে শ্রীভগবানে অপিত হয়, তাহা কর, অর্থাৎ ততুদ্দেশ্রে কৃতকর্মই তাঁহাতে সমর্পণ করিতে হইবে।

শ্রীমন্তাগবতে শ্রীনারদ বলিয়াছেন—"কুর্বাণা যত্র কর্মাণি ভগবচ্ছিক্ষয়া" (ভাঃ—১।৫।৩৬)। এই শ্লোকের টীকায় শ্রীল চক্রবর্ত্তিপাদ কন্মীর ও ভক্তের কর্ম্ম-সমর্পণের ভেদ প্রদর্শন করিতে গিয়া লিখিয়াছেন,—"কন্মিগণ কর্মের বৈফলা না হয়, তজ্জন্য অন্তদেবোদ্দেশে নিজ কাম-পূরণের জন্ম কত-বৈদিক কর্মাও অর্পণ করেন, ভক্তগণ কিন্তু ভগবানই একমাত্র স্বামী, ইহা জানিয়া স্বকর্ত্তব্য বৈদিক, লৌকিক ও দৈহিক কর্ম্ম স্বপ্রভূব দ্বারা প্রবর্ত্তমান হইয়া, যত্ত্বকৃত সকল কর্মাই তাঁহাতে সমর্পণ করেন, উভয়ের মধ্যে এই মহান ভেদ।"

শ্রীভাগবতে নবযোগেদ্রের অক্যতম শ্রীকবির বাক্যেও পাই—"কায়েন বাচা মনসেন্দ্রিরর্কা বৃদ্ধাত্মনা বাহমুস্তস্বভাবাৎ। করোতি যদ্ যৎ সকলং পরশ্যে নারায়ণায়েতি সমর্পয়েত্তৎ" (১১।২।৩৬)—এই স্লোকের টীকায় শ্রীল প্রভূপাদ

नान जनम्मा ।

লিথিয়াছেন—"কায়মনো-বাক্য এবং বৃদ্ধি, অহকার ও চিত্ত প্রভৃতি সর্বেজিয়ের ছারা সকল কার্য্য ভগবানের দেবার উদ্দেশে অন্তর্গ্যিত হইলে উহাদিগকে কন্মীর সাধারণ ভোগপর 'ধর্মা' বলিয়া জানিতে হইবে না। ভগবানের প্রতি সেই সকল কর্মের ফল সমর্পিত হইলে, জীবের ভগবিদ্বিখতা-ক্রমে কর্মাগ্রহিতা-জনিত অমঙ্গলসমূহ বদ্ধজীবকে স্পর্শ করিতে পারে না। স্বরূপাবস্থিত জীব সকল-কার্যাই ভগবৎ-সেবনোদ্দেশে করিয়া থাকেন এবং তাঁহার আদর্শান্ত্যবাক্রমে উন্নত হইবার চেষ্টায় স্কুর্কতিমন্ত কর্ম্মিস্প্রদায় কর্মজন্ম ফলসমূহ ভগবৎপাদপদ্মে সমর্পণ করেন। যদিও ইহা কর্ম্মিশ্রা ভিজপর্যায়ে গণিত, তথাপি ক্রমোন্নতিবশতঃ শুদ্ধভক্তিতে পর্যাবদিত করাইবে। কর্মকাণ্ডের ফল ভোগবাদ হইতে ক্রমপন্থায় অনর্থসমূহ নিবৃত্ত হইলে কেবলা ভক্তি সর্কাতোভাবে মঙ্গল বিধান করিবে॥"

এতৎ প্রদঙ্গে শ্রীমন্তাগবতের ৩য় স্বন্ধের ৯ম অধ্যায়ের ১৩শ শ্লোকে ব্রহ্মা যাহা বলিয়াছেন, তাহাও আলোচ্য। "পুংসামতো বিবিধকর্মভিরধ্বরাজৈদাননেন ধর্মোহর্পিতঃ কর্হিচিন্মিয়তে ন যত্র॥" এই শ্লোকের টীকায়ও শ্রীল চক্রবর্তিপাদ লিথিয়াছেন য়ে,—"ভক্তিতে নিষ্কামা শ্রেষ্ঠা, অতএব কেবলা ভক্তিতে অশক্ত হইলেও প্রধানীভূতা লৌকিক-বৈদিক-কর্মার্পণরপা ভক্তি নিষ্কামাই আচরণ করা কর্তব্য বলিয়া এই শ্লোক বলিতেছেন"॥ ২৭॥

# শুভাশুভফলৈরেবং নোক্ষ্যসে কর্মাবন্ধনৈঃ। সন্ধ্যাসযোগযুক্তান্ত। বিমুক্তো মামুপৈয়াসি॥ ২৮॥

তাষ্য়—এবং (এইরপ) [ কুর্মন্—করিলে ] শুভাশুভফলৈ: ( শুভাশুভ ফলরাশি হইতে ) কর্মবন্ধনৈ: (কর্মবন্ধনসমূহ হইতে ) মোক্ষাসে (মৃক্ত হইবে) বিমৃক্তঃ (বিমৃক্ত ) [ সন্—হইয়া ] সন্নাসযোগযুক্তাত্মা (কর্মসমর্পণরূপ যোগ দারা যুক্তচিত্ত ) [ ত্ম—তুমি ] মাম্ (আমাকে ) উপৈয়াসি (প্রাপ্ত হইবে )॥ ২৮॥

অনুবাদ—এইরপ করিলে অনন্ত শুভাশুভ ফলরপ কর্মবন্ধন হইতে মৃক্ত হইবে; বিমৃক্ত হইয়া কর্মদমর্পণরপ যোগ-দ্বারা যুক্তচিত্ত তুমি আমাকে পাইবে॥ ২৮॥

**শ্রীভক্তিবিনোদ**—তাহা হইলে নিথিল-কর্মের যে গুভাগুভ ফল, তদ্বন

व्याचन गर्गाणा

হইতে বিমৃক্ত হইয়া আমাতে সমস্ত-কর্মার্পণরূপ সন্ন্যাস লাভ করত আমার স্বরূপগত সেবা প্রাপ্ত হইবে॥ ২৮॥

শ্রীবলদেব—ঈদৃশভক্তেঃ ফলমাহ,—গুভেতি। এবং মন্নিদেশকতায়াং সর্ববর্দ্দার্পণ-লক্ষণায়াং ভক্তে সত্যাং কর্মরূপের্ব দিনস্থং মোক্ষ্যদে। কীদৃশৈবিভাহ,—গুভেতীষ্টানিষ্টফলৈস্তৎপ্রাপ্তিপ্রতীপৈঃ প্রাচীনেরিতার্থঃ। কীদৃশস্থ-মিত্যাহ,—সংক্যাদেতি ময়ি কর্মার্পণং সংক্যাসঃ, স এব চিত্তবিশোধকত্বাদ্ধ্যোগস্তদ্যুক্ত আত্মা মনো যস্ত সঃ। ন কেবলং মৃক্ত এব কর্মভিভবিষ্যস্তাপি তু বিমৃক্তঃ সন্ মাম্পৈষ্যাসি—মৃক্তেষু বিশিষ্টঃ সন্ মাং সাক্ষাৎ সেবিতৃং মদন্তিকং প্রাপ্যাসি॥ ২৮॥

বঙ্গান্ধবাদ—এতাদৃশভক্তির ফলের কথা বলা হইতেছে—'শুভেতি'। এইরূপে আমার নির্দেশে রুত সমস্ত কর্মার্পণরূপ ভক্তির উদয় হইলে কর্ম্মরপ সংসার বন্ধন হইতে তুমি মৃক্ত হইতে পারিবে। কিরূপ কর্মের দ্বারা ? তাহাই বলা হইতেছে—'শুভেতি'। শুভ শব্দের অর্থ ইষ্ট ও অশুভ শব্দের অর্থ অনিষ্ট ফলের দ্বারা যেগুলি তোমার তৎপ্রাপ্তির প্রতিকৃল সেই প্রাচীন কর্ম সমূহের দ্বারা, ইহাই অর্থ। কিরূপ তুমি ?—তাহাই বলা হইতেছে—'সংগ্রাসেতি'। আমাতে কর্মার্পণের নামই সংগ্রাস। এই সংগ্রাসবশতঃই চিত্তের বিশুদ্ধিতা আসে বলিয়া (এই সংগ্রাসের অপর নাম ) যোগ, (তুমি ) তাদৃশ যোগ-যুক্ত আত্মা—মন যাহার সেরূপ। এরূপ কর্মসমূহের দ্বারা কেবলমাত্র মৃক্ত হইবে তাহা নহে—কিন্তু বিমৃক্ত হইয়াই আমাকে (উপেয়াসি) প্রাপ্ত হইবে। অর্থাং মৃক্ত অন্ত প্রুষদের মধ্যে বিশিষ্ট হইয়া সাক্ষাৎভাবে সেবা করিবার জন্ম আমার নিকটেই অবস্থান করিতে পারিবে॥ ২৮॥

তারুত্বণ—প্র্যোক্ত প্রধানীভূতা ভক্তির ফল বলিতেছেন। যাহারা প্রভাবানের নির্দ্দেশারুদারে কত সর্ব্যক্ষণার্পণরূপা ভক্তি যাজন করিতে পারিবেন, তাঁহারা যাবতীয় শুভ ও অশুভ ফলরূপ কর্মবন্ধন হইতে মৃক্ত হইতে পারিবেন। প্রভিগবানে সর্ব্যক্ষণ সমর্পণই সন্ধাদ এবং তাহাই চিত্ত-বিশোধক-যোগ স্করণ ত্বারা যুক্ত হইয়া কেবলমাত্র মৃক্ত হওয়া যায় এরূপ নহে, বিমৃক্ত অর্থাৎ মৃক্তগণের মধ্যে বিশিষ্ট স্থান প্রাপ্ত হইয়া, আমাকে সাক্ষাৎভাবে সেবা করিবার জন্ম আমার নিকটে বাদ করিতে পারিবে অর্থাৎ মৃক্তি হইতেও শ্রেষ্ঠ সাক্ষাৎ আমার প্রেম-সেবা প্রাপ্ত হইবে॥ ২৮॥

चानल गर्गाणा

### সমোহহং সর্বভূতেষু ন মে দেয়োহন্তি ন প্রিয়ঃ। যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্ ॥২৯॥

তার্য — অহং ( আমি ) দর্বভূতেয়্ ( দকল প্রাণীতে ) দমঃ ( দমান ) মে ( আমার ) দ্বেয়ঃ ( দ্বেষের বিষয় ) প্রিয়ঃ ( প্রীতির বিষয় ) ন অস্তি ( কেহ নাই ), যে তু ( যাঁহারা কিন্তু ) মাং ( আমাকে ) ভক্তা। (ভক্তিপ্র্বাক ) ভজন্তি ( ভজন করেন ), তে ( তাঁহারা ) ময় ( আমাতে ) [ বর্তস্তে—থাকেন ] অহম্ অপি চ ( এবং আমিও ) তেয়্ ( তাঁহাদিগেতে ) [ বর্ত্তে—থাকি ] ॥২৯॥

অসুবাদ—আমি দর্মভূতে সমভাবাপন্ন, আমার দ্বেয়া বা প্রিয় কেহ নাই, কিন্তু যাহার। আমাকে ভক্তিপূর্মক ভদ্দন করেন, তাঁহারা আমাতে থাকেন, এবং আমিও দেই সকল ব্যক্তিতে গাকি ॥ ২৯॥

শীভক্তিবিনাদ— আমার রহস্থ এই যে, আমি সর্ব্যভূতের প্রতি সমতা আচরণ করি;—আমার কেহ দেয় নাই, কেহ প্রিয় নাই; ইহাই আমার সাধারণ বিধি। কিন্তু আমার বিশেষ বিধি এই যে, যিনি আমাকে ভক্তিপূর্ব্বক ভক্তন করেন, তিনি আমাতে এবং আমি তাঁহাতে আসক্ত থাকি ॥ ২৯॥

শ্রীবলদেব — নয় ত্রানেব বিমোচ্যান্তিকং নয়িদ, নাভর্জানিতি তবাপি কিং সর্কেশরস্থা রাগদেষকৃতং বৈষম্মন্তি? তত্রাহ, — সমোহহমিতি। দেব-মহম্বতির্যাক্তাররাদিয় জাত্যাকৃতিস্বভাবৈর্বিষ্মেষ্ সর্কেষ্ তেষ্ ভূতেষ্ তত্তংকর্মান্তপ্রণান স্বাহিপালনকং সর্কেশরোহহং সমঃ পর্জন্ত ইব নানাবিধেষ্ তত্ত্বীজেষ্, ন তেষ্—মে কোহপি দ্বেম্বঃ প্রিয়ো বেতার্থঃ। ভর্জানা-মভর্জেভা বিশেষং বোপয়িতুমিহ তু-শবঃ। যে তু মাং ভঙ্জন্তি শ্রবাদি-ভিক্তিরকৃক্লয়ন্তি, তে ভর্জান্তর্ক্তা ময়ি বর্ত্তন্তে, তেম্বহং চ সর্কেশরোহপি ভক্তা বর্ত্তে,— 'মণিম্বর্ণ'-লায়েন ভগবতোহপি ভক্তেষ্ ভক্তিরন্তি,— "ভগবান্ ভক্তভিসান্" ইত্যাদি-শ্রীক্তকরাক্যাদিতি প্রেম্ণা মিথো বর্ত্তনবিশেষো দর্শিতঃ; অল্পা ঘবিশেষাপত্তিঃ। তত্ত্ব প্রতিজ্ঞা খীদৃশ্রোবাসম্যতে,— 'যে যথা মাম্' ইত্যাদিনা। কর্মজ্মদৃষ্টান্তোহপাত্রাংশিক এব,—তত্র মিধঃ প্রতিত্তিং পক্ষপাতাপ্রতীতেক; তথাচ সর্ক্তাবিষ্মেইপি ময়ি স্বাশ্রিত-বাংসলালকণঃ বৈষম্যমন্তীতৃক্রম্। এবমাহ স্ত্রকারঃ— "উপপ্রতে চাভূপলভাতে চ" ইতি। নম্ব ভক্তেরপি কর্মবান্থ্যারণ তেষ্ ত্রাংসল্যান্ন তল্পক্ষে

তদিতি চেন্মৈবমেতৎ,—স্বরূপশক্তিবৃত্তের্ভক্তে: কর্মাগ্রহাৎ। শ্রুতিশ্চ, "দক্ষিদানন্দৈকর্মে ভক্তি-যোগে তিষ্ঠতি" ইতি। ন চ স্বরূপপ্রযুক্তত্বাদ্দ্যণ-মেতদিতি বাচ্যম্,—গুণশ্রেষ্ঠত্বেন সূয়মানত্বাৎ॥ ২৯॥

বঙ্গাসুবাদ—প্রশ্ন—(হে কৃষ্ণ!) তুমি ভক্তগণকেই ভববন্ধন হইতে মুক্ত করিয়া নিজের নিকটে স্থান দাও কিন্তু অভক্তগণকে নিজের নিকটে স্থান দাও না। (এথানে জিজ্ঞাদা) সর্কেশ্বর তোমারও কি রাগ-দেষ জনিত বৈষমা-ভাব আছে ? সেই সম্পর্কে বলা হইতেছে—'সমোহহমিতি'। দেবতা, মমুয়, তির্ঘাক্ ও স্থাবরাদি-ভেদে জাতি ও আকৃতি ও স্বভাবের স্বারা বিসদৃশ সমস্ত প্রাণিসমূহে সেই সেই কর্ম্মের অন্তর্রপ ফলান্ত্সারে স্বৃষ্টি ও পালককর্তা সর্কেশ্বর আমি সকলের প্রতিই সমান, মেঘের মত। পর্জন্য অর্থাৎ মেঘ যেমন নানারকম বীজের প্রতি সমান ভাবাপর আমিও সর্কবিধ প্রাণীর প্রতি সমান ভাবাপন। তাহাদের মধ্যে আমার নিকটে কেহ বিদ্বেষের পাত্র নহে: আবার কেহ প্রিয়পাত্রও নহে। ইহাই প্রকৃত অর্থ। ভক্তদিগের অভক্তদিগের নিকট হইতে বিশেষত্ব বুঝাইবার জন্ম এখানে তু শব্দ ব্যবহার করা হইয়াছে। যাঁহারা আমাকে ভজনা করেন অর্থাৎ (মন্নামাদি) প্রবণাদিরপ ভক্তির দ্বারা আমাকে অমুকুল করেন অর্থাৎ বশীভূত করেন, তাঁহারাই ভক্তি রদে আপুত হইয়া আমাতে অবস্থান করেন। তাঁহাদিগেতে আমি দর্কেশব হইয়াও ভক্তিসহ অবস্থান করি। মনিস্থবর্ণস্থায়ের অনুসারে ভগবানেরও ভক্তগণেতে ভক্তি वार्ष्ट्-;

"ভগবান্ ভক্তভক্তিমান্" (অর্থাৎ ভগবান্ ভক্তের প্রতি ভক্তিমান্)
ইত্যাদি প্রীন্তকবাক্যামুদারেই প্রেমের দ্বারা পরশ্পর থাকারও বিশেষত্ব দেখান
হইয়াছে। অন্তথা—তাহা না হইলে কিন্তু ভক্ত ও অভক্তের কোন পার্থক্য
বা বিশেষত্ব থাকে না। তাঁহার প্রতিজ্ঞা কিন্তু এইভাবেই অবগত হওয়া যায়,
'যে যেরূপ আমাকে' ইত্যাদি দ্বারা। কল্লজ্জম-দৃষ্টান্তও এখানে আংশিকভাবে
উল্লেখের বিষয়। যেহেতু দেখানে (কল্লজ্জমে) পরশ্পর প্রীতির অপ্রতীতিহেতু ও কোনরকম পক্ষপাতিত্ব দোষ প্রতীত হয় না। অতএব দর্মত্র আমার
অবৈষমা থাকিলেও, স্বাম্রিতবাংসলারূপ বৈষম্য আছেই; ইহা উক্ত হইল। ইহাই
বলিয়াছেন স্ত্রকার—"উপপত্তে চাভ্যুপলভাতে চ" ইতি, ইহা যুক্তিযুক্ত ও
উপলব্ধও হয়। প্রশ্ন—ভক্তিও কর্ম্মবিশেষ দেই অনুসারে তাহাদের উপর

সেইরপ বাৎসল্য থাকায়, সেই লক্ষণে তাহা নাই, এই যদি তোমার মত হয়, তাহা ঠিক নহে—যেহেতু ইহা—আমার স্বরূপশক্তিবৃত্তিসম্পন্ন ভক্তি, কর্মের সহিত ইহার পার্থকা আছে। শ্রুতিও—(গো: তা:) "সচ্চিদানন্দরসে ভক্তি-যোগে তিষ্ঠতি" ইতি। স্বরূপপ্রযুক্ততা হেতু ইহা দ্ধণীয়—এই কথা বলা অনুচিত—গুণশ্রেষ্ঠবরপে প্রশংসার বিষয় ॥ ২৯॥

তার্স্থ্য — কেই যদি পূর্ববিক্ষ করেন যে, শ্রীভগবান নিজ ভক্তগণকে সংসার হইতে বিমৃক্তি প্রদান পূর্বক নিজ পাদপদ্মের সেবা-দানে কতার্থ করেন কিন্তু তাঁহার অভক্তগণকে করেন না; ইহা কি তাঁহার রাগ ও ছেষ-জাত বৈষমা? তত্ত্তরে বর্তমান শ্লোকে বলিতেছেন, — তিনি দর্বভূতে সম, তাঁহার দ্বেগ্য বা প্রিয় কেই নাই। তিনি দেব-মহাগাদি যাবতীয় ভূতগণকেই স্ব-স্ব-কর্মান্ত্রসারে প্রেষ্ট ও পালনাদি করিয়া থাকেন। সর্বেশ্বর তিনি পর্জন্মের অর্থাৎ মেঘের ক্যায় সর্বভূতে সম। তাঁহার কেই দ্বেগ্য বা প্রিয় নাই।

অভক্রগণ হইতে ভক্রগণের বিশেষত্ব বুঝাইবার জন্ম এস্থলে ম্লাকে 'তু' শব্দের প্রয়োগ হইয়াছে। যাঁহারা প্রবণাদি ভক্তির দ্বারা শ্রীভগবানের অমুক্লভাবে ভঙ্গনা করেন, এবং ভক্তির দ্বারা অমুরক্ত হইয়া তাঁহাতে অবস্থান করেন, তাঁহাদিগেতেই অর্থাৎ দেই ভক্তগণেতেই দর্বেশ্বর হইয়াও শ্রীভগবান্ ভক্তিপূর্বক অবস্থান করেন। 'মণি-স্বর্ণ'-ক্যায়ামুসারে শ্রীভগবানেরও ভক্তেতে ভক্তি থাকে। এ-বিষয়ে শ্রীমন্তাগবতে ভক্তবাক্যো পাওয়া যায়,—

"এবং স্বভক্রো রাজন্ ভগবান্ ভক্তভক্তিমান্।" (১০৮৬।৫৯)। এ-বিষয়ে শ্রীমন্তাগবতে আরও পাওয়া যায়,—

"তথাপি ভক্তং ভদ্ধতে মহেশ্বরঃ।" (৮।১৬।১৪) এই শ্লোকের টীকায় শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ বলেন,—

"মহেশ্বরো ভগবান্ জগতি দর্বত্ত দমোহপি ভক্তং যথা ভদ্ধতে।" ভক্ত যেমন ভগবানে আসক্ত ভগবানও ভক্তেতে দেইরূপ আসক্ত। পরস্পরের প্রেমেই এই বিশেষ পাওয়া যায়।

শ্রীভাগবতে পাওয়া যায়,—যে সমস্ত ভক্ত প্রেম-পাশে শ্রীভগবানের পাদপদ্ম ধারণ করিয়াছেন, ভগবান্ সেই সকল ভক্তকে কথনই ত্যাগ করেন না—
"বিস্তৃত্তি হৃদয়ং ন যশ্র সাক্ষাৎ"—(ভাঃ ১১।২।৫৫), এই শ্লোকে যেরপ অন্তর-

সংশ্লেষের কথা আছে, সেইরূপ বহিঃ-সংশ্লেষও স্থিরীকৃত হইয়াছে। এ-সম্বন্ধে ব্রহ্মস্ত্রে পাওয়া যায়,—"বহিস্ত্তয়থা স্মৃতেরাচারাচ্চ''—( ৩।৪।৪৩ ) এই প্রসঙ্গে শ্রীবলদেবের গোবিন্দভায়া দ্রষ্টব্য।

আদিপুরাণেও পাওয়া যায়,—"অস্মাকং গুরবো ভক্তা ভক্তানাং গুরবো বয়ম্। মন্তকা যত্র গচ্ছস্তি তত্র গচ্ছামি পার্থিব ॥" শ্রীমন্তাগবতের ১।১৬।১৭ শ্লোকও আলোচা।

শ্রীঅকুরের বাক্যেও পাওয়া যায়,—

"ন তম্ম কশ্চিদ্বিতঃ স্থন্তমো ন চাপ্রিয়ো দেয়া উপেক্ষা বা, তথাপি ভক্তান্ ভদ্ধতে যথা তথা স্থাক্রমো যদ্বপ্রণাশ্রিতোহর্থদঃ"—(ভাঃ ১০।৩৮।২২)
—এই শ্লোকে শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্ম্মে পাই,—দেখানেও 'যথা তথা'শব্দে যিনি যেরূপ ভক্ত তাঁহাকে সেইরূপই ভদ্ধন করেন। ইহা গীঃ ৪।১১
শ্লোকেও পাওয়া যায়।

যে প্রকার স্বরক্রম অর্থাৎ করবৃক্ষ আশ্রয়-তারতম্যে ফল দান করেন;
অনাশ্রিতকে ফল প্রদান করেন না। ইহাতে করবৃক্ষের যেমন বৈষমা নাই;
ভগবানেরও আশ্রিত ও অনাশ্রিতের প্রতি ফলদানে ভেদ থাকিলেও বৈষমা
নাই। এ দৃষ্টান্তও আংশিক। করবৃক্ষ হইতে শ্রীভগবানের অধিক বৈশিষ্ট্য
এই যে, করবৃক্ষের আশ্রিতের অধীনত্ব নাই কিন্তু ভগবানের ভক্তাধীনত্ব
আছে। অতএব ভক্তি-সম্বন্ধের ঘারাই তাঁহার সোহার্দ্দি, ঘেষ ও উপেক্ষা দেখা
যায়; যথা অম্বরীষাদিতে সোহার্দ্দি, তিছিছেবী ত্র্বাসা প্রভৃতিতে ঘেষ ও
উপেক্ষা।

শ্রীভগবান্ সর্ব্বর সম; এ-বিষয়ে শ্রীভাগবতে আরও পাই,—"ন তন্ত্র কশ্চিদ্দায়িত: প্রতীপো ন জ্ঞাতিবন্ধু ন পরো ন চ ষ:। সমস্ত সর্ব্বর নিরশ্ধনত্ত স্থান রাগ: কৃত এব রোষ: ॥" (৬।১৭।২২) অর্থাৎ তিনি সর্ব্বভূতে সম; তাঁহার প্রিয় ও অপ্রিয় কেহ নাই; নি:সঙ্গ পুরুষ তাঁহার যথন বিষয়স্থথে রাগ নাই, তথন বিষয়-স্থ-প্রাতিকূল্যে রোষ কোথা হইতে আসিবে? যদি বল যে, জীবকে কর্মান্থ্যায়ী পালন করিতে গিয়া তিনি কাহাকেও স্থ, কাহাকেও ত্থে, কাহাকেও বন্ধন, কাহাকেও বা মোক্ষরপ ফল প্রদান করেন, তাহাতে কি তাঁহার রাগ-দ্বেষ-জনিত বৈষম্য প্রকাশ পায় না? এ-সম্বন্ধে পরবর্ত্তী শ্লোকে আরও পাওয়া যায়.—"তথাপি তচ্চক্রিবিস্ব্য এষাং স্থায় তথ্যায় হিতাহিতায়।" (ভাঃ ৬০১৭২৩) ইহার তাৎপর্যা এই যে,—ভগবান্ মূল কর্তা হইলেও স্বয়ংরূপে তিনি জীবের স্থা, তৃঃথা, বন্ধনা, মোক্ষ প্রভৃতির হেতু হন না; জীবের কর্মান্ত্র্সারে তাঁহার গুণমায়াই পাপপুণাাদি স্বস্টি পূর্ব্বক জীবের জন্ম, মৃত্যা প্রভৃতির হেতু হয়। অবশ্য যদিও তাঁহার মায়াশক্তির কার্যা, তাঁহারই কার্যা বলিয়া গণা হয়, তথাপি তাঁহার বৈষম্যের কল্পনা করা যায় না, যেহেতু জীবগণ স্ব স্ব কর্মাকলই ভোগ করে। এই শ্লোকের টীকায় শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,—"স্র্যাসম্বন্ধীয় আতপ যেমন পেচক ও কুম্দাদিরতঃখদ, পরস্ক চক্রবাক্ ও কমলাদির স্থাদ, তথাপি স্থর্যাের কেহ বৈষম্য বর্ণন করে না, তক্রপ ভগবন্মায়া-দারা জীবকে কর্মান্ত্র্সাবে ফল-প্রদানে ভগবানের বৈষম্য কথিত হয় না।" এই প্রসঙ্গে শ্রীমন্ত্রাগবতের—"ন যস্ত্র বধ্যা ন রক্ষনীয়ো… ধত্তে রক্ষঃসন্ত্রত্যাংসি কালে" (৮।৫।২২) শ্লোকও আলোচা। ইহা শ্রীভগবানের দর্বজীব-সম্বন্ধে সাধারণ নিয়ম বা বিধি। অতএব শ্রীভগবান্ দর্বত্র সম হইয়াও ভক্তি-সম্বন্ধে বা স্বাশ্রিত-বাৎসলাে বৈষম্যযুক্ত। অবশ্র যিনিই ভক্ত হইবেন, তিনিই এই বাৎসলা লাভ করিবেন, ইহাতে কিন্তু সম বা নিরপেক্ষ। তবে যিনি যে প্রকার ভক্ত তিনি কিন্তু সেই প্রকারই।

শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,—'শ্রীভগবান্ ভক্তবংসল—ইহাই প্রসিদ্ধ কিন্তু জ্ঞানিবংসল বা যোগিবংসল নহেন। এমন কি, স্বভক্তেই বংসল, রুদ্র-ভক্তে নহে বা দেবী-ভক্তেও নহে।"

ব্রহ্মস্ত্রেও পাওয়া যায়—"উপপগতে চ অপি উপলভাতে চ।" (২।১।৩৬)
এই স্ত্রের শ্রীবলদের ভাগ্যের মর্মে পাই,—শ্রীভগবানের এই ভক্তবাৎসলাহেতু
ভক্তপাতরূপ বৈষম্য যুক্তিসিদ্ধ; ভক্তবক্ষণাদি তাঁহার স্বরূপশক্তি-বৃত্তিভূতশক্তির দ্বারা সম্পাদিত হয়। ভক্ত-পক্ষপাতরূপ বৈষম্য—ইহা শ্রীহরির গুণ
বলিয়া স্থুমান হইয়া থাকে। অধিক কি, ভগবানের যত প্রকার গুণ আছে,
তন্মধ্যে ভক্তপক্ষপাত সমস্ত গুণের ভূষণ-স্বরূপ।

শ্রীল চক্রবর্ত্তিপাদ শ্রীভাগবতের ৬।১৬।১০ স্লোকের টীকায়ও বলিয়াছেন, 'ভগবানে ভক্তবংসলতা ভূষণই পরন্ত দূষণ নহে।'

শ্রীগোপাল-তাপনী শ্রুতিতেও পাওয়া যায়,—

"বিজ্ঞানঘন আনন্দঘন সচ্চিদানন্দৈকরসে ভক্তিযোগে তিষ্ঠতি॥" (গোঃ তাঃ উত্তর বিভাগ ৭৯) অর্থাৎ বিজ্ঞানঘন, আনন্দঘন শ্রীকৃষ্ণ সচ্চিদানন্দিকরসস্বরূপ ভক্তিযোগে অধিষ্ঠান করিতেছেন। এই শ্রুতির টীকায় শ্রীল চক্রবিত্তিপাদ বলেন,—

"ভক্তিযোগেরও স্বরূপ বলিতেছেন—বিজ্ঞান অর্থাৎ তত্তদ্রপ-গুণাদি বিশিষ্ট যে জ্ঞান জড়-প্রতিযোগি যে বস্তু তাহাই ঘনবিগ্রহ যাহার তিনি। তাদৃশ বিগ্রহ-স্বরূপই অথবা তৃঃথ প্রতিযোগিত্বহেতু আনন্দইঘন যাহার সেই শ্রীকৃষ্ণ সচ্চিদানন্দ রস-স্বরূপ যে ভক্তিযোগ তথায় অবস্থান করেন অর্থাৎ শ্রুবিপ্রাপ্ত হন।"

শ্রীচৈতগুভাগবতেও পাওয়া যায়,—

"যেমতে দেবকে ভজে কৃষ্ণের চরণে। কৃষ্ণ দেইমত দাসে ভজেন আপনে॥ এই তান্ স্বভাব যে—শ্রীভক্ত-বৎসল। ইহা তানে নিবারিতে কার আছে বল ?" (অন্তা—৩।৭৩-৭৪)॥২৯॥

অপি চেৎ স্থন্ধরাচারে। ভজতে মামনগুভাক্। সাধুরেব স মন্তব্যঃ সম্যখ্যবসিতো হি সঃ ॥ ৩০॥

তাষ্য়—[য:—যিনি] অনগ্রভাক্ (অনগ্রভজন-পরায়ণ) [সন্—হইয়া]
মাম্ (আমাকে) ভজতে (ভজনা করেন) [স:—তিনি] চেং (যিদি)
স্বহরাচারঃ অপি (নিরতিশয় হরাচারও হন) [তহি—তাহা হইলে] সঃ
(তিনি) সাধুং এব.(সাধুই) মন্তব্যঃ (জ্ঞাতব্য) হি (যেহেতু) সঃ (তিনি)
সমাক্ ব্যবসিতঃ (সমাকপ্রকারে নিশ্চয়-বৃদ্ধিবিশিষ্ট)॥৩০॥

অসুবাদ — যিনি অনগ্য ভজনপরায়ণ হইয়া আমাকে ভজনা করেন, তিনি যদি নিরতিশয় হরাচারবিশিষ্টও হন্ তথাপি তাহাকে সাধু বলিয়াই মানিবে, থেহেতু তিনি মন্ডক্তিতে সমাক্প্রকারে নিশ্চয়বুদ্ধিবিশিষ্ট॥ ৩০॥

প্রীভক্তিবিনাদ— যিনি আমাকে অনহাচিত্ত হইয়া ভজন করেন, তিনি স্বহরাচার হইলেও তাঁহাকে 'সাধু' বলিয়া মানিবে ; ষেহেতু তাঁহার ব্যবসায় সর্বপ্রকারে স্থলর। 'স্বহরাচার'-শব্দার্থ ভাল করিয়া বুঝিবে। বন্ধ-জীবের আচার হইপ্রকার, সাম্বন্ধিক ও স্বরূপগত। শরীর-রক্ষা, সমাজ-রক্ষা ও মনের উন্নতি-সম্বন্ধে যতপ্রকার শৌচ, পুণা, পুষ্টিকর ও অভাবনির্ব্বাহী আচার

অমুষ্ঠিত হয়, দে-সমস্তই সাগদিক; আর শুদ্ধজীবস্থরপ আত্মার আমার প্রতি যে চিৎকার্যারপ আচার আছে, তাহাই জীবের স্বরূপগত; তাহার অন্ত নাম—অমিশ্রা বা কেবলা ভক্তি। বদ্ধদশায় জীবের কেবলা-ভক্তিও সাগদিক-আচারের সহিত অনিবার্যা সমন্ধ রাথে, অর্থাৎ অনন্ত-ভজনরপ ভক্তি বদ্ধজীবে উদিত হইলেও দেহ-থাকা-পর্যান্ত সাগদিক আচার অবশাই থাকিবে। ভক্তি উদিত হইলে জীবের ইতর-কৃচি থাকে না, অর্থাৎ যে-পরিমাণে কৃষ্ণকৃচি সমৃদ্ধ হয়, সেই পরিমাণে ইতর-কৃচি থাকিত হইতে থাকে। নিতান্ত নিংশেষ নাহওয়া-পর্যান্ত কথনও কথনও ইতর-কৃচি বল প্রকাশপূর্বক কদাচার অবলম্বন করে; কিন্তু অতি শীঘ্রই তাহা কৃষ্ণকৃচি-দ্বারা দমিত হইয়া যায়। ভক্তির উন্নতি-দোপানার্দ্দ জীবদিগের ব্যবসায়—সহজেই সর্বান্ধ-স্থল্পর। তাহাতে যদিও উক্ত ঘটনাক্রমে কদাচিৎ ত্রাচার পরিলক্ষিত হয়, তাহাও অবিলম্বে যাইবে এবং তদ্ধারা প্রবল প্রবৃত্তিরূপা মন্তক্তি দৃষিত হয় না,—ইহাই জানিবে॥ ৩০॥

শ্রীবলদেব—মম শুদ্ধভিক্তিরশ্রতা-লক্ষণঃ স্বভাবো তৃস্তাজ এব; যদহং জুগুলিত-কর্মণাপি ভক্তেহমুরজাংস্তম্ৎকর্ষয়ামীতি পূর্বার্থং পৃষ্ণরাহ,—অপি চেদিতি। অনগ্রভাক্ জনশ্রেৎ স্বহুরাচারোইতিবিগর্হিতকর্মাপি সন্ মাং ভজতে—মংকীর্ভনাদিভির্মাং দেবতে, তদাপি স সাধুরেব মস্তব্যঃ; মরোইগ্রাং দেবতাং ন ভজতাশ্রমতীতি মদেকান্তী মামেব স্বামিনং পরমপুমর্থক্ জানিরতার্থঃ। উভয়থা বর্তমানোইপি সাধুষেন স পৃজ্য ইতি বোধয়িতৃ-মেব-কারঃ। তস্ত তথাছেন মননে 'মস্তব্যঃ' ইতি স্বনিদেশরূপো বিধিশ্রুদর্শিতঃ,— ইতর্থা প্রভাবায়াদিতি ভাবঃ। উভয়থাপি বর্তমানস্থা সাধুষ্মেবেতাজ্রোক্রঃ হেতৃঃ পৃষ্ণরাহ,—সম্যাগিতি—যদসৌ সম্যায়্যবসিতো মদেকান্তনিষ্ঠারূপ-শ্রেষ্ঠনিশ্রম্বানিতার্থঃ। এবমূক্রং নারসিংহে,—'ভগবতি চ হরাবনগ্রচেতা ভূশমলিনোইপি বিরাজতে মমুন্তঃ। ন হি শশ-কল্যুচ্ছবিঃ কদাচিতিমিরপরাভবতাম্পৈতি চক্রঃ'' ইতি॥ ৩০॥

বঙ্গাসুবাদ—আমার শুদ্ধভক্তিবশুতারপ স্বভাব ত্যাগ করা হংসাধ্যই। কারণ—আমি যে ব্যক্তি অতি নিন্দিত কর্মণ্ড করে তাদৃশ ভক্তেও ভক্তির অহরক্ত হইয়া তাহাকে উৎক্রষ্ট করি। পূর্কের অর্থকে পোষণ করিবার জন্মই বলা হইতেছে —'অপি চেদিতি'। অনশু ভক্তিসম্পন্ন ব্যক্তি (ভক্ত) যদি অতিশয় হ্রাচারী হইয়া অতিশয় বিগহিত কর্ম করিয়াও আমাকে ভজনা করে—অর্থাৎ আমার কীর্তনাদির দারা আমার দেবা করে, তাহা হইলেও তাহাকে দাধু বলিয়াই মনে করিবে। কারণ আমি ভিন্ন অন্য দেবতাকে তিনি ভজনা করেন না অর্থাৎ আশ্রয় করেন না, এই জন্ম আমার প্রতি একান্থিক ভক্তিসম্পন্ন হইয়া আমাকেই স্বামী এবং পরমপুরুষার্থস্বরূপ জানেন, ইহাই প্রকৃত অর্থ। উভয় প্রকার কার্য্যে আমার ভক্ত অবস্থান করিলেও শাধুরণেই তিনি সকলের পূজা, ইহাই বুঝাইবার জন্ম এথানে ''এব" শব্দটি দেওয়া হইয়াছে। সেইরূপ ভক্তকে সেইরপেই মনে করিবে, ইহা 'মন্তব্য' এই নিজের নির্দেশরূপ বিধিও প্রদর্শন করা হইয়াছে—অন্ত প্রকার বুদ্ধি হইলে প্রতাবায় অর্থাৎ পাপের সম্ভাবনা হয়। ইহাই ভাবার্থ। এইরূপ উভয় প্রকার কার্য্যে অবস্থিত ভক্তের সাধুত্বই হয়, এই যে বাক্য বলা হইয়াছে; তাহারই পোষণ করিবার জন্ম বলা হইতেছে— 'সমাগিতি'। যেই হেতু ঐ ভক্ত সমাক্ ব্যব্দিত অর্থাৎ আমার প্রতি ঐকান্তিক নিষ্ঠারূপ শ্রেষ্ঠ নিশ্চয়বান্ অর্থাৎ অনন্য ভক্তিমান্, ইহার শ্রেষ্ঠত সম্পর্কে নৃসিংহ পুরাণে কথিত হইয়াছে—"ভগবান্ শ্রীহরিতে যদি অনক্ত-চিত্তদম্পন্ন হয়, তাহা হইলে অতিশয় মলিন হইলেও, মানুষ শোভিত হইয়া বিরাজ করে; দেখ, শশক্চিক্বিশিষ্ট চন্দ্রের কথনও অন্ধকারে আচ্ছন্নত্ব আদে না॥ ৩০॥

অনুভূমণ—শ্রীভগবানের শুদ্ধ-ভক্তিবশুতারপ স্থতাব দুখ্যাক্য। এইজগ্রই তিনি নিন্দিত ক্রিয়ানাল ভক্তের ভক্তিতে অনুরক্ত হইয়া, তাঁহাকে উৎকৃষ্ট করিয়া থাকেন। অন্য-ভদ্ধনাল ব্যক্তি ধনি স্কুল্গাচার অর্থাৎ অতিশয় বিগহিত কর্ম্ম আচরণ করিয়াও তাঁহাকে শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তি-সহকারে ভদ্ধনা করেন, তাহা হইলেও সেই ব্যক্তিকেই সাধু বলিয়াই মনন করা উচিত; যেহেতু অন্যা ভক্ত ভগবদ ব্যতীত অন্য দেবতাকে ভদ্ধনা করেন না বা আশ্রয় করেন না। ভগবানকেই ঐকান্তিক-ভাবে আশ্রয় পূর্দাক তাঁহাকেই স্বামী, পরম পুরুষার্থ-স্বরূপ জানিয়া ভদ্ধনা করেন। তিনি উভয় প্রকারে বর্ত্তমান থাকিলেও সাধুরূপেই পূজা, ইহা বুঝাইবার জন্য এম্বলে 'সাধুরেব' এই 'এব' শব্দ প্রয়োগ করা হইয়াছে। সেই ব্যক্তিকে সাধুরূপেই মনন করিতে হইবে। ইহা শ্রীভগবানের নিজ্ আদেশরূপ বিধি, তাহাই প্রদর্শিত হইয়াছে। অন্যথা করিলে অর্থাৎ এই ভগবদাজ্যা ভঙ্গ করিলে প্রত্যবায় অবশ্রই হইবে। উভয় প্রকার আচরণশীল ব্যক্তিরই সাধুত্ব-বর্ণনের হেতু পোষণপূর্বক বলিতেছেন যে

যেহেতু তিনি সমাক্ বাবিদিত অথাং আমাতেই একান্ত নিষ্ঠারপ শ্রেষ্ঠ বিচার
নিশ্চয় করিয়াছেন। নরিদিংহ পুরাণে পাওয়া যায়,—"সাতিশয় মলিন হইলেও
মন্ত্রা যদি শ্রীহরির প্রতি অনন্যচেতা হন, তাহা হইলে পরম শোভমান হইয়া
বিরাজ করিয়া খাকেন। শশাক্ষ-লাঞ্চন হেতু চক্র কথনই তিমির-পরাভবতা
প্রাপ্ত হন না।"

শ্রীল চক্রবত্তিপাদের টীকার মখেও পাই,—

"শ্বভক্তের প্রতি শ্রীভগবানের আসন্তি স্বাভাবিকই আছে। সে-ভক্ত হরাচারী ইইলেও সে-আসন্তি অপগত হয় না, এবং শ্রীভগবান্ সেই ভক্তকেই উৎকৃষ্ট করিয়া থাকেন। স্বছরাচার বলিতে যদি সেই বাক্তি পরহিংসা, পরদারাসক্ত, পরদ্রবাদি-গ্রহণ-পরায়ণ ইইয়াও আমাকে ভন্তন করে, অন্যভাক্ ইইয়া অর্থাং আমা ছাড়া অন্য দেবতার ভন্তন করে না, মন্তুক্তি বাতীত জ্ঞানকশাদির অন্তর্গন করে না। মংকামনা বাতীত রাজাম্বথাদি কোনকামনাই করে না, সে বাক্তি সাধু। এই প্রকার কদাচার দৃষ্ট ইইলেও, তাহাকে সাধু বলিয়া মন্তবা অর্থাং তাহাকে সাধুই জানিতে হইবে। 'মন্তব্য' এই শব্দে বিধি স্বৃতিত ইইতেছে। অন্যথায় প্রতাবায় আছে, এ-বিষয়ে শ্রীভগবানের আজ্ঞাই প্রমাণ। যদি কেই তাহাকে অংশতঃ সাধু এবং অংশতঃ অসাধু বলিয়া মনন করিতে চায়, তত্ত্ত্বরে শ্রীভগবান্ 'এব' শব্দের দ্বারা সক্ষাংশেই সাধু জ্ঞান করিতে হইবে, কথনও তাহার অসাধুম্ব দেখিতে ইইবেনা। যেহেত্ সে 'সমাক্ বাবসিত' অর্থাং নিশ্বয় করিয়াছে যে, ত্স্তাালা স্বপাপে নরক্ত অর্থা তির্যাগ্যোনি ঘাইব কিন্তু ঐকান্তিক শ্রীকৃষ্ণ-ভন্তনকে কিছুতেই পরিত্যাগ করিব না—এই শোভন-অধান্যায়নীল।''

অন্যা ভক্তি-আখিত সিদ্ধপুরুষে কোন হুরাচার নাই; অজ্ঞানের নৃষ্টিতে হুরাচার বলিয়া দৃষ্ট হইলেও, তাহা প্রকৃত হুরাচার নহে, তিনি প্রকৃতই সাধু। অজ্ঞের কথা দ্রে থাকুক, "বৈফবের ক্রিয়া-মুদা বিজ্ঞে না বুঝর"। উত্তমাধিকারী বাজির আচরণ অক্ষজ্ঞানে বিচার্যা নহে। শ্রীমহাপ্রভূ বলিয়াছেন—"শুন বিপ্র, মহা-অধিকারী যেবা হয়, তবে তান্ দোষ-গুণ কিছু না জন্ময়॥" (চৈঃ ভাঃ অঃ ভাহঙ)। শ্রিকঞ্জ বলিয়াছেন,—"ন ময়েকান্ত-ভলানাং গুণদোষোদ্ধর গুণাঃ। সাধ্নাং সমচিত্রানাং বুদ্ধেঃ প্রমূপের্ধাম্॥"

—(ভা: ১১।২০।৩৬), তবে মহতের আচরণ অধিকারী-জন বাতীত অক্সের অমুকরণীয় নহে।

> "অধিকারী বই করে তাহান আচার। হৃ:খ পায় সেই জন, পাপ জয়ে" তা'র॥ কন্দ্রবিনে অক্তে যদি করে বিষ পান। সর্বাথায় মরে, সর্বা পুরাণ প্রমাণ॥" ( চৈ: ভা: অ: ৬।৩০-৩১ )

এ-সম্বন্ধে শ্রীভাগবতে শ্রীন্তকো ক্রিতেও পাই,—

"তেজীয়সাং ন দোষায় বহেং সর্বাভূজে। যথা।" অরুত্রিম মহতের বাহ্ব-তরাচার-দর্শনে আধাক্ষিক-বিচারপরায়ণ বাক্তির কটাক্ষ তাহার নিজ বিমাশেরই কারণ।

> "এতেকে যে না জানিঞা নিন্দে' তান্ কর্ম। নিজ দোনে সেই তৃঃথ পায় জন্ম জন্ম॥ গঠিতো করয়ে যদি মহা-অধিকারী। নিন্দা কি দায়, তাঁ'রে হাসিলেই মরি॥"

> > ( চৈ: ভা: অ: ৬।৩৪-৩৫ )

ভ্রভাগবতে পা গ্রয়া শার,—

ব্রনার কোন চ্ছের আচরণ দর্শনে উপহাস করায়, তৎপোত্র মরীচি-পুত্রগণ অস্ত্রযোনি প্রাপ্ত হ্ইয়াছিলেন।

দিদ্ধের কা' কথা, যাহারা অন্যা ভক্তির সাধক, তাঁহাদেরও যদি প্রাক্তন-বশতঃ আকল্মিক্ কোন গুরাচার দৃষ্ট হয়, তাহা হইলে তাঁহাদিগকেও যে সাধু মনে করিতে হইবে, ইহাই এখানে শ্রভগবংবাক্যের অভিপ্রায়। পূর্ব্বোক্ত (ভাঃ—১১।২০।৩৬) শ্লোকের টীকার শ্রিল চক্রবর্ত্তিপাদ লিখিয়াছেন,—''বৃদ্ধেঃ প্রকৃতঃ পরং ভগবন্থন্প্রাং ভক্তাা দিদ্ধেশ্বেড্র দোষদৃষ্টির্নকর্ত্বাতি কিং বজ্বাং সাধকের গুরাচারেষপি ন কার্যোতি।'' অর্থাৎ বৃদ্ধি বা প্রকৃতির পর ভগবানকে প্রাপ্ত সাধ্গণের, ভক্তির ছারা ইহারা দিদ্ধ হইলে দোষদৃষ্টি কর্ত্ব্যান্য, একথা আর কি বলা হইবে, এমন কি, মনন্যা ভক্তির সাধক গ্রাচার হইলেও দোষদৃষ্টি করা উচিত নম।

শ্রীমহাপ্রভু বলিয়াছেন,—

"বিধিধর্ম ছাড়ি' ভজে রুফের চরণ। নিষিদ্ধ-পাপাচারে তার কভু নহে মন।" ( চৈঃ চঃ মধ্য ২২ পঃ )

স্থতরাং অনন্য ভক্তের ত্রাচারে মন নাই, তথাপি যদি দৈবাৎ দৃষ্ট হয়, তাহা হইলে তাহাতেও দোষ-দৃষ্টি অকর্তব্য। প্রীকৃষ্ণ এথানে বলিয়াছেন, অনন্য ভজনকারী অর্থাৎ যিনি মদ্বাতীত অন্য দেবতার ভজন করেন না, মদ্বজি বাতীত কর্ম-জ্ঞানাদি আশ্রয় করেন না, এবং মদ্বাতীত অন্য কামনা করেন না, অধিকন্ত আমাকেই একমাত্র স্বামী বা পর্মপুরুষার্থ জানিয়া ভজন করেন, তাহার ত্রাচারে স্বাভাবিক কৃচি নাই, যদি ঘটনাক্রমে দৈবাৎ কোন সাম্বন্ধিক আচার বশতঃ কোন দোষ দৃষ্ট হয়, তাহা হইলেও তাহাকে সাধু বলিয়াই মানিতে হইবে, ইহা আমার আজ্ঞা, লঙ্ঘনে প্রত্যবায় অবশ্রস্তাবী। এক্ষণে ইহার সাধুত্ব নির্দ্দেশের কারণ বলিতেছেন যে, তিনি সমাক্ ব্যবসিত অর্থাৎ মদেকান্ত-নির্দার্যপ শ্রেষ্ঠ নিশ্চয়বান্। ত্রস্তাান্ধ্য স্বপাপে নরকাদি গমন ঘটিলেও ঐকান্তিক শ্রীকৃষ্ণ-ভজন কিছুতেই ছাড়িব না—এইরপ নিশ্চয়যুক্ত।

এ-বিষয়ে শ্রীমন্তাগবতের ''জাতশ্রদ্ধঃ মংকথাস্ক''—(১১।২০।২৭-২৮) শ্লোকে "শ্রদ্ধালুঃ দৃঢ়নিশ্চয়ঃ'' কখার 'দৃঢ়নিশ্চয়' শব্দের টীকায় শ্রীল বিশ্বনাথ বলেন— "গৃহাদিতে আমার আদক্তি নাশ বা বৃদ্ধি প্রাপ্ত ২য়—হউক, ভজনে আমার কোটী বিম্ন হউক বা নষ্ট হউক, অপরাধে যদি নরক হয়, হউক, কামও যদি অঙ্গীকার করি, তথাপি ভক্তি তাাগ করিব না, জ্ঞান-কশ্মাদি গ্রহণ করিতে ইচ্ছাই করিব না, যদি শ্বয়ং ব্রদ্ধাও আদিয়া বলেন—এই প্রকার বাহার নিশ্চয়

#### ক্ষিপ্ৰং ভবতি ধৰ্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি। কৌন্তেয় প্ৰ তিজানীহি ন মে ভক্তঃ প্ৰণশ্যতি॥ ৩১॥

আৰুয়—[সঃ—তিনি] শিপ্তং (শীদ্র) ধর্মাত্মা (ধর্মপরায়ণ) ভবতি (হন) শশুং-শান্তিং (নিতাশান্তি) নিগছতি (প্রাপ্ত হন), কোন্তেয়! প্রতিজ্ঞানীহি (প্রতিজ্ঞাকর), মে ভক্ত (আমার ভক্ত) ন প্রণশ্রতি (নাশ প্রাপ্ত হন না)॥৩১॥

অমুবাদ—দেই অন্যতজনপরায়ণ বাজি অবিলম্বে ধর্মপরায়ণ হইয়া নিতা

শান্তি লাভ করিয়া থাকেন; হে কোন্তেয়! তুমি—(আমার হইয়া) প্রতিজ্ঞা কর যে, আমার ভক্ত কথনও নাশ প্রাপ্ত হন না॥ ৩১॥

প্রীভক্তিবিনোদ—হে কোন্তেয়! আমার প্রতিজ্ঞ। এই যে, আমার অনন্যভক্তিপথারত জীব কথনই নষ্ট হইবেন না। তাঁহার অধর্মাদি প্রথম-অবস্থায় নিদর্গ ও ঘটনা-বশতঃ থাকিলেও ঐ অধর্মাদি শীঘ্রই ভজন-প্রাতিক্লাবাধক অন্তলপর্যপ হরিশ্বতি-দ্বারা বিদ্বিত হইবে। তিনি জীবের নিতাধর্মরপ স্বরূপগত-আচারনিষ্ঠ হইয়া ভক্তিজনিত পাপপুণ্য-বন্ধন হইতে পরমা শান্তি লাভ করিবেন॥ ৩১॥

শাবিরতো ত্শ্চরিতারাশান্তো নাসমাহিতঃ। নাশান্ত-মনসো বাপি প্রজ্ঞানেনৈনমাপুয়াং" ইতি ত্রাচারিণস্তবৈদ্ধান্তবিগাং কথং তক্স সাধুষমিতি চেত্তবাহ,—ক্ষিপ্রমিতি। স্বাভাবিকত্রাচারিবিয়য়মিদং শ্রবণং, মদেকান্ত্রী তুমনি ধুতেনাতিপূতেন সর্বেশ্বরেণ ময়াগন্তকং ত্রাচারং বিনিধ্র ক্ষিপ্রমেব ধর্মাত্মা সদাচারনিষ্ঠমনা ভবতি; শশ্বং পুনংপুনর্মতপান্ মংশ্বতিপ্রতিক্লাক্ত্মাচ্ছান্তিং নির্বিঃ নিতরাং গচ্ছতি। নয়কতপ্রায়শ্চিত্তমেং স্বার্জাঃ সাধুং ন মন্তেরন্নিতি চেত্র ভক্তামুরক্তিবিবশঃ সকোপমিবাহ,—কোস্তেমেতি। দং তেষাং সভাং গতঃ প্রতিজ্ঞানীহি—মে মন্মকান্ত্রী ভক্তঃ প্রমাদাৎ মৃত্রাচারোহপি ন প্রণশ্বতি—মন্তো ভ্রন্টঃ সন্ তুর্গতিং নাপ্নোতি,—ক্ষিত্র তাল্যন্তার্লিক হরিঃ পরেশঃ। বিকর্ম যচেবাংপতিতং কথঞ্চিক্ল্নোতি সর্বাং হদি সন্নিবিষ্টঃ॥" ইত্যাদি শ্বতিভাঃ। স্বার্তিয় মদেকান্তিতোহযুত্র বিধায়কৈভাবাং,—স্বার্ত্তং প্রায়শ্চিত্তমপেক্ষ্য যত্নকং, মংশ্বতিরূপং তত্ত্বপ্রবামিতি স্বান্ত্রীনরেব, ন তু চ্ন্ধুলীনৈরাহর্ত্ব্যমিতি বোধ্যিতুং কৌন্তেয়েতি॥ ৩১॥

বঙ্গান্ধবাদ—প্রশ্ন—"হণ্চরিতকর্ম হইতে যে বিরত হয় না, যে জিতেন্দ্রিয় নহে,যে অসমাহিত (প্রমন্ত ) মনা, সে প্রজ্ঞানের দ্বারা ইহাকে কথনও লাভ করিতে পারিবে না" এই বাকোর দ্বারা হ্রাচারী ব্যক্তিগণের তোমার বৈম্থাশ্রবণের দ্বারা কিরূপে তাহার সাধুম্ব আসে? ইহা যদি বলা হয়, তহ্তরে বলা হইতেছে—'ক্ষিপ্রমিতি'। এই যে শ্রবণ করা হইল, ইহা স্বাভাবিক দ্রাচারীর বিষয় অর্থাৎ যাহাদের দ্রাচারিম্ব কথনও নম্ভ হইবে না; কিন্তু

আমার প্রতি একাস্ক ভক্তিশীল ব্যক্তি মনেতে সর্ব্বদা অতিশয় পবিত্র ও সর্বেশ্ব আমাকে ধারণ কয়ে (চিন্তা করে) বলিয়া আমি তাহার তাৎকালিক উপস্থিত অর্থাং আগন্তক ত্রাচার বিশেষরূপে নিধৃতি করিয়া খুব শীঘই দদাচারনিষ্ঠ করিয়া থাকি অথবা তাঁহারা অনায়াদেই তাড়াতাড়ি দদাচারের প্রতি আসক্তি-যুক্ত হইয়া যান। শবং-বার বার অন্তাপ করিতে করিতে আমার শ্বতির প্রতিকৃল এসব হট্ট কর্ম হইতে শাস্তি অর্থাৎ নিবৃত্তি লাভ করে। প্রশ্ন—অকৃত প্রায়শ্তিত ব্যক্তিকে শ্বৃতিশাস্ত্রকারগণ কথনও সাধু বলিয়া মনে করে না। ইহা যদি বল—দেখানে ভক্তামুরজিবিবশ এইরি যেন সকোপের সহিত বলিতেছেন—'কৌস্তেয় ইতি'। তুমি তাহাদের সভাতে গিয়া প্রতিজ্ঞা করিয়া বল, আমার প্রতি একান্ত ভক্তিমান্ বাক্তি যদি কখনও প্রমাদবশতঃ স্বত্রাচারীও হয়, তথাপি সে নষ্ট হয় না; অর্থাং আমা হইতে ত্রষ্ট হইয়া চুর্গতি কথনও ভোগ করে না। অধিকন্ত ভক্ত-বাৎসলা হেতু আমা-কর্ত্তক দে পবিত্র হইয়া আমাকে প্রাপ্তির যোগ্য হইয়া বিরাজ করে। শ্বতিবাক্য তাহাই বলিতেছেন—অন্যভাবে শ্রভগবানের পাদপদ্মকে ভজনশাল প্রিয় ভক্তের শ্রীহরি অর্থাৎ পরমেশ্বর তাঁহার হৃদয়ে অবস্থান করিয়া, সমস্ত উৎপতিত বিকর্ম ( বিরুদ্ধকর্মগুলি ) নষ্ট করিয়া থাকেন। স্মৃতিশাস্ত্রকারগণের উক্তি কিন্তু আমার প্রতি একান্তিক ভক্ত বাতীত অন্তর বিধায়ক জানিবে। —স্মৃতিশাস্ত্রকারের নির্দিষ্ট প্রায়শ্চিত্ত যাহা কথিত হইয়াছে তাহা আমার স্মৃতিরূপ কিন্তু প্রবল; ইহা স্কুলীনগণের দারা আহর্তবা, চ্ঞুলীন কর্তৃক কিন্তু নহে; ইহা বুঝাইবার জন্ত 'কৌন্তেয় ইতি'॥ ৩১॥

আসুভূষণ্—যদি কেহ পূর্ব্বপক্ষ করিয়া বলেন যে, শ্রুতিতে পাওয়া যায়,—"সতত তুশ্চরিত্র, অশান্ত, অসমাহিত, অশান্তমনা প্রজ্ঞানের দারা ইহাকে প্রাপ্ত হয় না।" ইত্যাদি শ্রোত বাকো দ্রাচারী বাক্তির ভগবদ্বিমুখতাই শুনা যায়, স্কতরাং তাহার সাধুত্ব কিরপে পরিগণিত হইবে ? সেওলে
বলা হইতেছে যে,- -উক্ত-ন্থলে শ্রুতিতে স্বাভাবিক দ্রাচারের বিষয় কথিত
হইয়াছে। কিন্তু যাহারা আমার ঐকান্তিক ভক্ত, মনে সর্ব্বদা অতিপবিত্র,
সর্ব্বেশ্বর আমাকে শ্রবণমূলে ধারণ করিয়া আছেন, তাহারা শীত্রই আমার রুণায়
তাহাদের আগন্তক দ্রাচার বিধোত করিয়া ধর্মাত্রা অর্থাং সদাচারনির্দ্ধনা
হইয়া উঠেন। পুনঃ পুনঃ অন্তাপ করার ফলে, আমার শ্বতির প্রতিক্ত

বিষয়সমূহ তাঁহাদের চিন্ত হইতে বিদ্বিত হয় এবং তাঁহারা নির্ভিরপ। শান্তি লাভ করিয়া থাকেন। যদি বলা যায় যে, প্র্রক্ত পাপের যথাবিহিত প্রায়শ্চিন্ত অহুদান না করিলে স্মার্ভগণ কথনই তাহাকে সাধু বলিয়া মনে করিবে না, তত্ত্তরে ভক্তাহুবক্তিপরবশ শ্রীভগবান্ যেন সকোপভাবে বলিতেছেন,—হে কোন্তেয়! তুমি তাদৃশ স্মার্ভগণের সভায় গমন প্র্রক সগর্বে প্রতিজ্ঞা করিয়া বল যে, আমার একান্ত ভক্তগণ প্রমাদবশতঃ হুত্রাচার হইলেও কখনও আমা হইতে শ্রন্ত হইয়া হুর্গতি প্রাপ্ত হন না, অধিকন্ত তাদৃশ ভক্তবংসল আমাকর্ত্বক পবিত্র হইয়া আমার প্রাপ্তির যোগ্য হইয়া থাকেন। যেমন শ্রীমন্তাগবতে নবযোগেন্দ্র সংবাদে পাওয়া যায়,—"স্বপাদমূলং ভজতঃ প্রিয়ন্ত…হদি সন্নিবিষ্টঃ"॥ (ভাঃ—১১।৫।৪২) অর্থাং যিনি অনক্তাবে শ্রীভগবানের পাদপদ্ম আরাধনা করেন, তাদৃশ প্রিয়ভক্তের হদয়ে কোনরূপ বিকর্মের উদয় হইলেও, তাঁহার হৃদয়ন্থিত পর্মেশ্বর শ্রহিরি, সেই সমৃদ্য় নাশ করিয়া থাকেন।

স্মার্তগণের কিন্তু ঐ সকল ব্যবস্থা আমার ঐকান্তিক ভক্ত অর্থাৎ অন্থাভক্ত ব্যতীত অন্যত্র প্রযুজা, ইতাই ভাবনা করা উচিত। স্মার্তগণের বিহিত্ত
প্রায়শ্চিত্ত যাহা উক্ত হইয়াছে, তন্মধ্যে আমার স্মৃতি কিন্তু অত্যন্ত প্রবল; ইহা
স্থক্লীনগণের আহরণ করা উচিত; তন্ধলীনগণের দারা কিন্তু হইবে না, ইহা
বুঝাইবার জন্মই বলিয়াছেন।

ভক্তিবিরহিত জনগণের জন্য শৃতিশান্তে যে প্রায়শ্চিতের বিধান দৃষ্ট হয়; তাহাও আমার নামাদি শারণমূলক স্বতরাং শ্রীভগবানের শারণমূলক প্রায়শ্চিত, সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ও বলবান্ জানিতে হইবে।

পূর্ব্বোক্ত নৃসিংহপুরাণের শ্লোকটী এখানেও আলোচা।

শ্রীকৃষ্ণ ভক্তবর উদ্ধবকেও বলিয়াছেন,—

"वाधामात्नार्भि मद्यका विषरेग्रविकार कियः।

প্রায়ঃ প্রগল্ভয়া ভক্তাা বিষ্টয়র্নাভিভ্য়তে ॥" (ভাঃ ১১।১৪।১৮)

এই শ্লোকের টীকায় শ্রীল চক্রবর্ত্তিপাদ বলিয়াছেন,—

''উৎপন্নভাব ভক্তের কথা দূরে থাক্ক, যেহেতু ভক্তিতে প্রথম প্রবৃত্ত ভক্তও কৃতার্থ। প্রায় প্রগল্ভা অর্থাৎ প্রবলীভূতা হইবার পক্ষে, পূর্ণপ্রগল্ভা বা ফলবতী হইলে আর কথা কি? অথবা জ্ঞানিপ্রকরণে যেমন ত্রাচার জ্ঞানীর নিন্দা হয়, তাহার জ্ঞানিত্বও নিষিদ্ধ হয়, 'যাহার ষড়বর্গ অসংযত'— এইসব বচনাহ্নসারে (ভাঃ ১১।১৮।৪০)। এই ভক্ত-প্রকরণে ভক্ত ত্রাচার হইলেও সেইরপ নিন্দনীয় ন'ন, তাহার ভক্তত্বও নিষিদ্ধ নহে। এস্থলে বিষয় কর্তৃক বাধ্যমান্ অর্থাং আরুষ্ট হইতেছেন, কিন্তু বিষয় কর্তৃক সম্পূর্ণ অভিভূত হইতেছেন না, এই উভয়স্থলেই বর্তমান নির্দেশহেতু বিষয়-বাধ্যম্বদশাতেই বিষয়ের অবাধ্যম্ব—এই ভক্তি আছে বলিয়া, যেমন শক্রকন্তৃ কি কিছু শস্তাঘাত পাইলেও শৌর্ঘ্য থাকার জন্ত পরাভব হয় না, অথবা জর্ম মহৌষধ ব্যবহারের দিনে জর আদিলেও এবং পীড়া দিলেও সে অবাধকই, যেহেতু তাহার বিনাশোন্ধ অবস্থা, অন্তদিনে সম্যক্ নষ্ট হইবে—এই জন্ত।"

ভক্তকে রুত-পাপাচারের জন্ম প্রায়শ্চিত্ত করিতে হয় না, এ-বিষয়ে শ্রীভাগবতে পাই,—

> "যদি কুর্যাৎ প্রমাদেন যোগী কর্ম বিগর্হিতম্। যোগেনৈব দহেদংহো নান্তৎ তত্র কদাচন॥" (ভাঃ—১১।২০।২৫)

শ্রীযম স্বভৃতাগণকেও বলিয়াছেন,—

"তে মে ন দওমইন্তাথ যত্মীয়াং স্থাং পাতকং তদপি হন্তাকগায়বাদঃ" —(ভাঃ—ঙাতা২৬)।

ভক্তগণের পাপাচরণে প্রবৃত্তি নাই, স্নতরাং তাহাদের প্রায়শ্চিত্ত নাই,— "কৃষণান্থি,পদ্মমধুলিড্,...রজঃ পুনঃ স্থাৎ॥" (ভাঃ—৬।৩।৩৩) শ্লোক দ্রন্তরা।

শীচৈতত্তদেবও বালয়াছেন,—

"অজ্ঞানে বা হয় যদি পাপ উপস্থিত। কুষ্ণ তাঁরে শুদ্ধ করে, না করায় প্রায়শ্চিত।" ( চৈঃ চঃ মধ্য ২২পঃ )

শীভক্তিরসামৃতদিন্ধতেও পাই,—

"নিষিদ্ধাচারতো দৈবাৎ প্রায়শ্চিত্তন্ত নোচিত্র্। ইতি বৈফবশাস্তাণাং রহস্তং তদ্বিদাংমত্র্॥"

শীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্শ্বেও পাই,—

শীভগবান্ বলিতেছেন,—"শীঘ্রই সে ধর্মাত্মা হয়। এন্থলে 'কিপ্রম্' ভাবা অর্থাং শীঘ্রই সে ধর্মাত্মা হইয়া 'শবং-শান্তি'—নিতা শান্তি প্রাপ্ত হইবে।

ভবিশ্বৎ কালের পদ প্রয়োগ না করিয়া 'ভবতি' 'গচ্ছতি' এই বর্তমান কালের পদ প্রয়োগ করায় বুঝা যাইতেছে যে, অধর্মান্তর্গানের পরই আমাকে পুনঃপুনঃ স্মরণ করিয়া অনুতাপকরতঃ শীঘ্রই ধর্মাত্মা হয়। 'হায়! হায়! ভক্তনামে কলঙ্কিতকারী আমার মত কেহ অধম নাই, অতএব আমাকে ধিক!' এই প্রকারে শশ্বং—পুনঃ পুনঃ 'শান্তিং'—নির্বেদ, নিগচ্ছতি—নিতা প্রাপ্ত হয়, অথবা কিছু সময় পরে তাহার ধর্মাত্মত্ব হইবে, তথনও তাহা স্ক্রেরপে বিঅমান থাকে— তাহার মনে ভক্তি প্রবেশ করায়; যেরূপ মহৌষধ পান করিলে তথন কিয়ৎকাল প্রয়ন্ত নশাদবস্থায় জরের দাহ বা বিষের দাহ বর্তমান থাকিলেও তাহা গণনা করে না, ইহাই ধ্বনিত হইতেছে। তারপর সেই ভক্তের তুরাচারত্বের বোধক কামক্রোধাদি (বিগুমান থাকিলেও) উহার বিষ-ভগ্নদন্ত বিষধরের দংশনের ন্থায় অকিঞ্চিংকরই জানিতে হইবে—ইহাই অনুধানিত হইতেছে। অতএব 'শশং' সকলোই, 'শান্তিং' কামকোধাদির উপশম, নিগচ্ছতি'—নিরতিশয়ভাবে প্রাপ্ত হয়। তুরাচারত অবস্থায়ও সে শুদ্ধান্ত:-করণই কথিত হয়, এই ভাব। আচ্ছা, যদি সে ধর্মাত্মা হয়, তবে কোন বিবাদ নাই, কিন্তু যদি দুরাচার ভক্ত শেষকাল পর্যান্তও দুরাচারত্বত্যাগ না করে, তাহার বিষয়ে কি কথা? তত্ত্তেরে ভক্তবৎসল ভগবান যেন প্রোঢ়িও ক্রোধের সহিত বলিতেছেন—'কৌন্তেয়!' ইত্যাদি। "মে ভক্তো ন প্রনশত"—প্রাণনাশেও তাহার অধঃপাত হয় না। 'কুতর্ক-হেতু-কর্ক'শ-বাদিগণ-এরপ মনে করিতে পারে না'—এই বলিয়া শোকশঙ্কাবাাক্ল অজ্জ্নিকে উৎসাহ দিতেছেন—হে কৌস্তেয়, ঢাক ও কাহলাদি বাগুযন্ত্রের উচ্চশব্দসহকারে বিবাদকারিগণের সভায় গমন করিয়া বাহ উত্তোলনপূর্বক নিঃসন্দেহে 'প্রতিজানীহি'—প্রতিজ্ঞা কর। কি প্রকার ? "পরমেশ্বর আমার ভক্ত ছ্রাচার হইলেও বিনাশ প্রাপ্ত হয় না, কিন্ত কতার্থই হয়, তাহা ২ইলে তোমার সেই বাগিতার বিস্তারে তাহাদের কুতকগুলি বিধ্বস্ত হইবে এবং তাহারা নিশ্চিতই ভোমাকে গুরুরূপে আশ্রয় করিবে।"—শ্রধরস্বামিপাদের ব্যাখ্যা।

এম্বলে যদি কেহ পূর্ব্যপক্ষ করেন যে, নিজ ভক্তের বিনাশ নাই,—ইহা শ্রীভগবান্ স্বয়ং প্রতিজ্ঞা না করিয়া অর্জ্নকে দিয়া প্রতিজ্ঞা করাইলেন কেন ? তত্ত্তরে বক্তবা এই যে, ভক্তবংসল শ্রীভগবান্ নিজ প্রতিজ্ঞা ভঙ্গ করিয়াও ভক্তের প্রতিজ্ঞা রক্ষা করিয়া থাকেন, যেমন ভীম্মের প্রতিজ্ঞা রক্ষা করিতে গিয়া নিজ প্রতিজ্ঞা ত্যাগ করিয়াছিলেন। শ্রীভীয়ের উক্রিতে পাই,—
"স্বনিগম্মপহায় মংপ্রতিজ্ঞামৃত্যধিকর্ত্বাপ্রপ্রতা রথম্বং" (ভাঃ ১০০৭);
স্বতরাং ভক্ত অর্জুনের দারা প্রতিজ্ঞা করাইয়া নিজ প্রতিজ্ঞা আরও দৃট্ই
করিলেন যে, তাঁহার ভক্তকে তিনি ময়ং রক্ষা করেন; তাঁহার নিনাশ কথনই
হইতে পারে না।

ঐকান্তিক ভক্ত ও ভগবানে পরস্পরের প্রীতি-বৈশিষ্ট্যে পাই,—
"সেই-ভক্ত ধন্ম, যে না ছাড়ে প্রভুর চরণ।
সেই-প্রভু ধন্ম, যে না ছাড়ে নিজ-জন ॥" (চৈঃ চঃ অন্তা ৪।৪৬)॥৩১॥

# মাং হি পার্থ ব্যপাশ্রিভ্য যেহপি স্থ্যঃ পাপযোনয়ঃ। স্ত্রিয়ো বৈশ্যান্তথা শুদ্রান্তেহপি যান্তি পরাং গতিম্॥ ৩২॥

তাষ্কর—পার্থ! যে অপি ( যাহারাও ) পাপযোনয়ঃ ( অপমকুলজাত ) স্য়ঃ ( হইয়াছে ) প্রিয়ঃ ( স্ত্রীসকল ) বৈশ্রাঃ ( বৈশ্রগণ ) তথা শূদ্রাঃ ( এবং শূদ্রগণ ) তে অপি ( তাহারাও ) মাম্ ( আমাকে ) বাপাশ্রিতা ( আশ্রেয় করিয়া ) হি ( নিশ্রম ) পরাং গতিং ( পরা-গতি ) যান্বি ( প্রাপ্ত হয় ) ॥ ৩২ ॥

**অমুবাদ**—হে পার্থ! বাহারা অন্তাজকুলাদিতেও জন্মগ্রহণ করিয়াছে, স্ত্রী, বৈশ্য এবং শূদ্রগণ, তাহারাও আমাকে আশ্রয় করিয়া নিশ্চয় পরাগতি লাভ করিয়া পাকে॥ ৩২॥

শ্রীঙ্গ বিনাদ—হে পার্গ! অস্তাজ মেচ্চগণ ও বেশাদি পতিতা স্থীসকল, তথা বৈশা-শূদ-প্রভৃতি নীচবর্ণস্থ নরগণ আমার অনন্য-ভক্তিকে বিশিষ্টরূপে আশ্রয় করিলে অবিলম্বে পরা-গতি লাভ করে। আমার ভক্তিমার্গাশ্রিত বাক্তিদিগের মধ্যে জাতি-বর্ণাদি-সম্বন্ধী কোন প্রকার প্রতিবন্ধক নাই॥ ৩২॥

শীবলদেব—মহাঘোষপূর্ককং বিবদমানানাং সূভাং গদা বাহুম্ৎক্ষিপা নিঃশঙ্কং প্রতিজানী হি প্রতিজ্ঞাং কুক, —সর্কেশবোহুং মদেকান্তিনাং আগন্তক-দোষান্ বিধুনোমীতি কিং চিত্রম্ ? যদতিপাপিনোহপি মন্তক্রপ্রসাদ্বিধৃতাবিদ্যা বিমচান্ত ইত্যাহ, —মাং হীতি। যে পাপযোনযোহন্তালাঃ সহজ্জ্রাচারাঃ স্থান্তেইপি মন্তক্রপ্রসঙ্কেন মাং সর্কেশং বন্ধদেবস্তুতং বাপাপ্রিতা শরণমাগতা প্রাং যোগিত্ব ভাং গতিং মৎপ্রাপ্তিং যান্তি হি নিশ্চিত্মেতং। এবমাহ

শ্রীমান্ শুক:,—"কিরাতহ্ণান্ত্রপুলিন্দপুরুশা আভীরকন্ধা যবনাঃ থশাদ্য়ঃ। ঘেহনো চ পাপা যদপাশ্রমাশ্রমাঃ শুধান্তি তথ্যৈ প্রভবিষ্ণবে নমঃ॥" ইতি। স্ত্রাাদয়ো যেহশুদ্ধালীকাদিমস্তন্তেহপি॥ ৩২॥

বঙ্গান্ধবাদ—মহাঘোষ ( শব্দ ) পূর্বক বিবদমান্ ব্যক্তিগণের সভায় গমন করিয়া বাছ উৎক্ষেপ করতঃ নিঃশঙ্ক চিত্তে প্রতিজ্ঞা করো, দর্বেশ্বর আমি মদগতচিত্ত ঐকান্তিক ভক্তদের আগন্তুক দোষগুলি বিধৃত করি—ইহাতে কি চিত্র আছে? যেইহেতু অতিশয় পাপীরাও আমার ভক্ত-সংসর্গে অবিলাকে বিধেতি করিয়া বিশেষরূপে মৃক্ত হয়—এই কথাই বলিতেছেন 'মাং হীতি'-দ্বারা। যে সমস্ত অস্তান্ধ পাপযোনি প্রাণিগণ সহজেই স্কৃত্রাচারী হয় তাহারাও আমার ভক্তসংসর্গেই বস্থদেবনন্দন সর্বেশ্বর আমাকে আশ্রয় করিয়া অর্থাৎ আমার শরণাপন্ন হইয়া অতি উৎকৃষ্ট, যোগিত্র্লভ আমায় প্রাপ্তি-রূপা গতিলাভ করে, ইহা নিশ্চিতই। এই রকমই বলিয়াছেন শ্রীমান্ শুকদেব—'কিরাত, হুণ, আন্ত্র, পুলিন্দ, পুরুশ, আভীরকন্ধ ও থশাদি যবনগণ এবং অক্যান্ত যে সমস্ত পাপী তাহারা সকলেই যাহার আশ্রিতের আশ্রয় পাইয়া শুদ্ধ হয়, সেই প্রভাবশীল বিষ্ণুকে নমশ্বার। ইতি। স্ত্রী-আদি যাহারা অন্তন্ধি ও অলীকাদিদোধগ্রস্ত তাহারাও আমার ভক্তের সংসর্গে মৃক্ত হয় ॥ ৩২ ॥

অসুভূষণ—খীভগবান্ অর্জ্নকে বিবদমান্ বাজিগণের সভায় গমনকরতঃ বাহু উত্তোলনপূর্বক উচ্চশন্দে নিঃশঙ্কচিত্তে প্রতিজ্ঞা কর—এই বাকো বুঝাইলেন যে, সর্বেশ্বর আমি আমার ঐকান্তিক ভক্তগণের আগন্তক দোষসমূহ বিধোত করি, ইহা আর কি বিচিত্র ? কারণ অতি পাপিবাক্তিগণও আমার ভক্তের সঙ্গক্রমে অবিগা বিধোতকরতঃ বিমৃক্ত হয়। পূর্বে শ্লোকের অফুভূষণেই বলা হইয়াছে যে, শ্রীভগবানের অর্জ্জনের দ্বারা এই প্রতিজ্ঞা করাইবার তাৎপর্যা কি ? এক্ষণে পূর্বোক্ত ছই শ্লোকে বণিত অনক্যা-ভক্তি-আপ্রিত সাধকের আগন্তুক আকস্মিক কর্মগত হুরাচার ভক্তিপ্রভাবে থাকিতে পারে না বলিয়া, বর্জমান শ্লোকে শ্রীভগবান্ বলিতেছেন যে, অনক্য ভক্তিসহকারে আমাকে 'ব্যাপান্ত্রিত' অর্থাৎ বিশেষরূপে আশ্রয় করিলে, অস্তাঙ্গ ফ্লেছাদি পাপ্যোনিতে জাত বা নীচ শূদ্রাদি কুলজাত স্বাভাবিক জাতিদোষ প্রাপ্ত ব্যক্তিগণও এমন কি, পতিতা বেশ্রাদি স্বাভাবিক হুরাচারবিশিষ্টা স্ত্রীসকলও

মদ্দি-প্রভাবে অতি শাঘ্র পরম পণিত্র হইয়া পরাগতি অর্থাৎ যোগিত্রভ মংপ্রাপ্তি নিশ্চয়ই লাভ করিয়া থাকে।

শ্রীমন্তাগণতে শীশুকদেবের বাকোও পাই,—

"কিরাতহণান্ত্রপুলিন্দপুকশা"—(ভাঃ—২।৪।১৮); এই শ্লোকের শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মে পাওয়া যায়,—"কেবলা ভক্তির গন্ধের দ্বারাও যুক্ত বাক্রিগণ পাপাত্মা বলিয়া বিগীত হইলেও তাহারা ক্রতার্থ হয়। কিরাতাদি যাহারা জাতিগত পাপী এবং যে সকল কর্ম্মগত পাপী তাহারাও শুদ্ধি লাভ করে। শ্রীল রূপপাদ ভক্তিরসামৃতিসিন্ত ভক্তির দ্বারা প্রারক্ত ও অপ্রারক্ত পাপনাশের কথা বলিয়াছেন, স্কতরাং কিরাতাদির হ্জাতিই অশুদ্ধিতার কারণ, এবং হ্জাতাদি যে পাপ তাহাই প্রারক্ত, তাহাই শুদ্ধিলাভ করে।" এ-সম্বন্ধে শ্রীল চক্রবর্ত্তিপাদ আরও বলেন,—'বাবহারিক জগতে সাধারণ অনভিজ্ঞজন দীক্ষিত ব্যক্তিকে তাহার দীক্ষার পূর্ব্বের পরিচয়ে জানিয়া থাকেন, বস্তুতঃ পারমার্থিক বিচারে তাহার পূর্ব্দ হ্জাতিরের সম্ভাবনা থাকে না।' অবশ্রে সদ্বন্ধর নিকট 'দীক্ষিত ব্যক্তিতে জাতিসামান্ত-বিচার দ্রষ্টার পাতিত্যের কারণ, তাহাতে দীক্ষত ব্যক্তি গাহিত হন না, বৈশ্ববের নিন্দাকারী অনভিজ্ঞভাবশে প্রায়শিত্তার্হ মাত্র''—শ্রীল প্রভূপাদ।

মাতা খ্রীদেবহুতিও বলিয়াছেন,—

"যন্নামধেরশ্রনণাত্রকীর্ত্তনাৎ...খাদোহপি দল্য দবনায় কল্পতে॥" (ভাঃ তাততাড়) এই লোকের টাকায় শ্রীশ্রীল প্রভূপাদ লিখিয়াছেন,—"য়ে কুকুরভোজী অন্তাজ জীবনান্তকাল পর্যন্ত কর্মরাজ্যে বিচরণকারী জীবদেহ পাইয়াছে, তাদৃশ খপচের সম্বন্ধে এই সোভাগা বা উন্নতির কথা লিখিত হয় নাই, কিন্ধু যে বৈক্ষবে খপচকুলে জন্মগ্রহণ করিয়া তাদৃশ কুলাচারে ক্ষচিবিশিপ্ত না হইয়া ভগবৎদেবা-নিরত হইবার যোগ্যতা প্রদর্শন করেন, তাহার পূর্বজন্মে ব্রাহ্মণকুলের সন্থাধিকারে অবস্থান অবিসংবাদিত সত্য। মৃচ্গণের বিমোহনার্থ অস্থরকুলের অক্ষজ্জানের বিভূদনার জন্ম তপস্থা, যজ্ঞ, স্মান, বেদপাঠাদি সমাপন করিয়া তত্তংকলে অবরকুলে জন্মগ্রহণাভিনয় করিয়া থাকেন, নতুবা তপস্থা, বেদাধ্যয়ন, স্মান, হোম্যজ্ঞ, সদাচারাদির কল কিছু অবরকুলে পাপজন্ম লাভ নহে।"

''অহে। বত শ্বপচোহতো গরীয়ান্''—ভাঃ এ৩এ।৭ শ্লোক দ্রপ্তব্য।

### শ্রীচৈতগুভাগবতেও পাই,—

''জাতি, কুল, সব নির্থক বুঝাইতে। জিমালেন নীচকুলে প্রভুৱ আজাতে॥ অধমকুলেতে যদি বিষ্ণু ভক্ত হয়। তথাপি সেই সে পূজা—সর্বশাস্ত্রে কয়॥ 'উত্তম-কুলেতে জিমা' শ্রীকৃষ্ণ না ভজে। কুলে তার কি করিবে, নরকেতে মজে॥" ( চৈঃ ভাঃ আঃ ১৬ অঃ )

#### শ্রীচৈত্যচরিতামৃতেও পা ওয়া যায়,—

"নীচজাতি নহে কৃষ্ণ ভজনে অযোগ্য।
সৎকুল বিপ্র নহে ভজনের যোগ্য॥
যেই ভজে, সেই বড়, অভক্ত হীন ছার।
কৃষ্ণভজনে নাহি জাতিকুলাদি বিচার॥
দীনেরে অধিক দয়া করে ভগবান্।
কুলীন পণ্ডিত ধনীর বড় অভিমান্॥" ( চৈঃ চঃ অঃ ৪পঃ )
"দোহার মৃথে কৃষ্ণনাম করিছে নর্তন।
এই তুই অধম নহে, হয় সর্কোত্তম॥" ( চৈঃ চঃ মঃ ১৯ পঃ )
"শুনি ঠাকুর কহে শাস্ত্র এই সত্য হয়।
সেই নীচ নহে যাতে কৃষ্ণ ভক্তি হয়॥" ( চৈঃ চঃ আঃ ১১ পঃ )

#### শ্রীহরিভক্তিস্থধোদয়ে—৩।১২।১১ শ্লোক—

''শুচিঃ সদ্বক্তিদীপ্তাগ্নিদগ্ধত্ব্বাতিকন্মন্বঃ।
শ্বপাকোহপি বুধৈঃ শ্লাঘ্যোন বেদজ্ঞোহপি নাস্তিকঃ॥
ভগবদ্বক্তিহীনশ্ৰ জাতি শাস্ত্ৰং জপস্তপঃ।
অপ্ৰাণশ্যৈব দেহশ্য মণ্ডনং লোকবঞ্জনম্॥''

### ইতিহাসসমুচ্চয়ে ভগবদাক্য—

"ন মেহভক্ত কুর্বেদী মন্তক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ। তিশ্ব দেয়ং ততো গ্রাহং স প্রোমা যথা হহম্।" "এবস্থৃত ভগবন্নামগ্রহণকারী ব্যক্তির যে খপচগৃহে জন্ম, সে কেবল ভক্তিপোষক দৈশুসিদ্ধির জন্ম জানিতে হইবে।"—শ্রীল ভক্তিবিনোদ।

শ্রীনারদের কুপায় ব্যাধের উদ্ধার, শ্রীগোর-নিত্যানন্দের কুপায় জগাই-মাধাই-উদ্ধার এবং ঠাকুর শ্রীহরিদাদের কুপায় বেশ্যার উদ্ধার প্রভৃতিরও কথা পাওয়া যায়॥ ৩২॥

## কিং পুনর্ত্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্যয়ন্তথা। অনিভ্যমস্থখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্॥ ৩৩॥

ত্বাদ্ব্য — পুণ্যাঃ ব্রাহ্মণাঃ ( সদাচার-পরায়ণ ব্রাহ্মণগণ ) তথা রাজর্ষয়ঃ ( এবং রাজর্ষিগণ ) ভক্তাঃ [ সন্তঃ ] ( ভক্ত হইয়া ) [ পরাং গতিং যান্তি — পরাগতি লাভ করেন ] কিং পুনঃ ( ইহার পুনরুক্তি অনাবশ্যক ) [ অতঃ ত্বম্ — অতএব তুমি ] অনিতাম্ ( অস্থামী ) অস্থাং ( তঃথপুর্ণ ) ইমম্ ( এই ) লোকম্ ( মর্ত্তান্ত্রাক্র) এই প্রাণ্ডা ( পাইয়া ) মাম্ ( আমাকে ) ভজস্ব ( ভজনা কর ) ॥ ৩৩ ॥

অনুবাদ—সদাচার-সম্পন্ন ব্রাহ্মণগণ এবং ভক্ত রাজর্ষিগণ পরাগতি লাভ করিবে, ইহাতে আর বক্তব্য কি ? অতএব তুমি অনিত্য ক্লেশপূর্ণ এই মহয়ত্ত লোক লাভ করিয়া আমার ভজনা কর॥ ৩৩॥

শ্রীভজিবিনোদ—যখন অস্তাজ জাতিসকলও আমার বিশুদ্ধভিকর অধিকারী এবং তাহাদের সংসর্গজ পাপাচার তাহাদের পক্ষে প্রতিবন্ধক হইতে পারে না; (কেন না, ভক্তির আবির্ভাবে চিত্তের সমস্ত পাপপ্রবৃত্তি অতিশীঘ্র প্রদমিত হয়,) তথন পুণাবান্ ব্রাহ্মণ ও ক্ষব্রিয়দিগেরও যে স্বরূপগত ভক্তিসম্বন্ধীয় আচার-দ্বারা পুণাফলরপ অমঙ্গল শীঘ্রই দ্রীভূত হইবে,—ইহাতে সন্দেহ কি? অতএব এই অনিতা ও অস্থ্যময় লোকে অবস্থিতি লাভ করিয়া আমার নিরব্য ভজন-মাএই কর॥ ৩৩॥

শ্বীবলদেব—কিমিতি। যতেবং তহি ব্রাহ্মণা রাজর্ষয়ং ক্ষত্রিয়ান্চ সংক্লাং প্ণ্যাং সদাচারিণাে ভক্তাং সন্তঃ পরাং গতিং যান্তীতি কিং পুনর্বাচ্যম্? নাস্তাত্র সংশয়-লেশােহপি; তত্মাক্মপি রাজর্ষিরিমং লােকং প্রাণা মাং ভদ্দর অনিত্যং নশ্বমস্থমীষংস্থাং বিনাশিন্তরস্থথেহন্মি লােকে বাজ্যান্ত্রাং বিহায় নিত্যমনস্তানন্দং মাম্পাশ্ত প্রাপুহীতি ত্রাত্র বাজ্যতে। অত্রাশ্ত লােকস্তানিত্যক্ষ কণ্ঠতাে ক্রবন্ হরিমিধ্যাক্ষ তন্তা নিরাসং॥ ৩৩॥

বঙ্গান্ধবাদ—'কিমিতি'—খদি এই রকমই হয়, তাহা ইইলে ব্রাহ্মণগণ, বাজধিগণ, ক্ষত্রিয়গণ, সৎকুলজাত পুণাশীল ব্যক্তিগণ সদাচারী ভক্ত ইইয়া পরা গতিকে লাভ করেন—ইহা কি আর বক্তব্য আছে ? এন্থলে সন্দেহের লেশমাত্রও নাই। অতএব তুমিও রাজর্ষি হইয়া এই লোক-প্রাপ্ত হইয়া আমাকে ভজনা কর। অনিত্য, নশ্বর, অস্থ্য ও ঈষৎ স্থ্য, বিনাশী, অল্ল স্থ্যমন্থ এই লোকে রাজ্যম্পৃহা ত্যাগ করিয়া নিত্য অনন্ত ও আনন্দম্বরূপ আমাকে উপাসনা করিয়া প্রাপ্ত হও। ইহা খুবই তাড়াতাড়ি এই ধ্বনিত ইইতেছে—এখানে এই লোকের অনিত্যন্থ পরিষ্কারভাবে স্বক্ষে বলিয়া শ্রীহরি জগতের মিথ্যাত্বাদ নিরাস করিলেন॥ ৩৩॥

অকুভূষণ— যদি জাতিগত চ্রাচারী লোকও অন্যতক্তির আশ্রায়ে সন্থ সদাচার পরায়ণ হইয়া পরা গতি লাভ করিতে পারে, তাহা হইলে ব্রাহ্মণগণ, রাজর্ষিগণ, ক্ষত্রিয়গণ, সৎকুলজাত পুণাবান্ ব্যক্তিসকল, সদাচারী ভক্ত হইলে যে পরা গতি লাভ করিবেন, সে বিষয়ে আর বক্তব্য কি ? ইহাতে কোন সন্দেহের লেশও থাকিতে পারে না, ইহাই জানাইলেন। স্বতরাং অর্জ্বনকে লক্ষা করিয়া শ্রীভগবান্ সর্কজীবকেই অনিতা ছু:খময় লোকে অবস্থান পূর্ব্বক অনিতা, নশ্বর ক্ষণিক স্থখ বা অল্লস্থথের স্পৃহা বিসক্তন করতঃ অবিলমে নিতা, অনন্ত ও আনন্দময় শ্রীভগবানকেই ভজনা করিবার উপদেশ করিলেন। ইহা খ্ব শীঘ্রই করা উচিত, তাহাও প্রকাশ করিলেন; কেননা জীবন ক্ষণভঙ্গুর। এস্থলে শ্রীভগবান্ এই জগতের অনিতাত্ব স্পষ্টভাবে বর্ণন করিয়া, এই জগতের মিথাত্বিদ কিন্তু খণ্ডন করিলেন॥ ৩৩॥

# মন্মনা ভব মন্তকো মদ্যাজী মাং নমস্কুরু। মামেবৈয়াসি যুক্তৈবুবমাত্মানং মৎপরায়ণঃ॥ ৩৪॥

ইতি—শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্কণি শ্রীভগবদগীতাস্থ-উপনিষংস্থ বন্ধবিতায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জন-সম্বাদে 'রাজগুঞ্'-যোগো নাম নবমোহধাায়:।

অস্থ্য — মন্মনাঃ (মদ্গত চিত্ত ) মন্ততঃ (আমার ভক্ত ) মদ্যাজী (মৎ-প্জাপরায়ণ) ভব (হও ) মাং (আমাকে ) নমস্কুক (নমস্কার কর ) এবং (এই প্রকারে ) মৎপরায়ণঃ [সন্] (মৎপরায়ণ হইয়া ) আত্মানং (মনকে ) [ময়ি—আমাতে] যুক্ত্বা (নিয়োগ করিয়া) মাম্ এব (আমাকেই) এছাসি (প্রাপ্ত হইবে)॥৩৪॥

ইতি—শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীমপর্মণি শ্রীভগবৎ-গীতাস্থানিষংস্থ বন্ধবিছায়াং যোগশান্তে শ্রীকৃষ্ণার্জ্যন-সংবাদে রাজগুছ্যোগো নাম নবমোহধ্যায়স্তান্তমঃ সমাপ্তঃ॥

তার্বাদ—তুমি মদগতচিত্ত, মন্তক্ত ও মৎপূজাপরায়ণ হও এবং আমাকে নমস্কার কর, এই প্রকারে মৎপরায়ণ হইয়া আমাতে মন নিয়োগ করিলে আমাকেই পাইবে॥ ৩৪॥

ইতি—শ্রীব্যাসরচিত শ্রীমহাভারতে শতসাহন্রী-সংহিতায় ভীম্মপর্কে শ্রীভগবদ্গীতা-উপনিষদে ব্রহ্মবিছায় যোগশাস্ত্রেশ্রীকৃষ্ণার্জ্জ্ন-সংবাদে রাজগুহুযোগ নামক নবম অধ্যায়ের অমুবাদ সমাপ্ত॥

শ্রীভক্তিবিনোদ—তোমার মনকে আমার ভাবনায় নিযুক্ত কর; তোমার শরীরকে আমার ভক্তিযজন ও আমার প্রপত্তিতে নিযুক্ত কর; তাহা হইলে মৎপরায়ণ হইয়া যুদ্ধাদি সমস্ত কর্ম আচরণ করিয়াও তুমি আমাকে অবশ্য লাভ করিবে॥ ৩৪॥

শীভজিবিনোদ—'গুদা ভক্তিই দ্বীবের প্রয়োদ্ধন-প্রাপ্তির উপায়, এবং গুদ্দ দ্বীবই ভগবন্ধদনের যোগ্য ও গুদ্দ কৃষ্ণমূত্তি-তর্ই গুদ্দ দ্বীবের উপাস্থা।' এইটি ( তর্কথাটি ) যে পর্যান্ত না দ্বানা যার, দে পর্যান্ত পরমার্থচেটা স্থান্দরকপে হয় না। জ্ঞানমিশ্রতা, যোগমিশ্রতা ও কর্মমিশ্রতা হইতে মৃক্ত বিশুদ্ধভিত্যোগ সপ্তম ও অন্তম অধ্যায়ে কথিত হইয়াছে; নবম অধ্যায়ে উপাস্থাভিত্বের গুদ্ধভাই একমাত্র উপদিন্ত। গুদ্ধ উপাস্থাভত্ব নির্দেশ করিতে হইলে সেই তত্ত্বের মান্সকল বর্ণনপূর্বক দেখাইতে হয়। এইদ্বান্ত বিজ্ঞান-দ্বান্ত নিশুদ্ধ পরমেশ্বরের প্রভাবরূপ ব্রহ্ম ও পরমান্ত্যাকেই জ্ঞানী, যোগী ও যাজ্ঞিকেরা উপাসনা করেন, কিন্তু গুদ্ধভক্তসকল দেই পরমার্থতব্বের থণ্ডভাবকে উপাসনা না করিয়া নিতামূর্ত্তি শীক্তক্ষেরই উপাসনা করিবেন। শীক্তক্ষের নিতাস্বরূপ হইতে পৃথক্বোধে অন্যান্ত দেবতার উপাসনা—নিতান্ত অজ্ঞান-কার্য্য; যেহেতৃ, সেই সেই দেবতার ভঙ্গন করিলে সেই সেই থণ্ডভাববিশিষ্ট-গতি-লাভ হয়।

ভক্তিযোগের কথা এই যে, অন্ত-দেবাদির উপাসনা হইতে বিরত হইয়া অন্তাভিলাযশূন্তভাবে দৃঢ়বিশ্বাদের সহিত শ্রীরুফস্বরূপের শ্রবণ, কীর্ত্তন প্ররণাদি নববিধা ভক্তি আলোচনা-পূর্দ্ধক দেহযাত্রা নির্দ্ধাহ করিবে। এরূপ অনন্ত-ভক্ত যদি প্রথমাবস্থায় স্ক্র্রাচারও হন, তথাপি তিনি—কর্মী, জ্ঞানী ও যোগী অপেক্ষা শ্রেষ্ঠ, অতএব সাধু; যেহেতু অতিস্বন্ধ-দিনের মধ্যে ঐকান্তিক-ভাবে দৃঢ় হইলে আর কোনপ্রকার চরিত্রক্ষায় থাকিবে না। আমার শুদ্ধা ভক্তিই দেই ফল উৎপত্তি করিবে। শুদ্ধভক্তের নাশ বা পতন কখনই হয় না; যেহেতু, আমি তাঁহার যোগক্ষেম বহন করি। অতএব শুদ্ধভক্তিযোগ অবলম্বন করিয়া দেহযাত্রা নির্দ্ধাই করাই চতুরের কার্য্য।

ইতি—নবম অধ্যায়ের শ্রীভক্তিবিনোদ ঠাকুরের 'ভাষা-ভাষ্য' সমাপ্ত॥

শীবলদেব—অথ পরিনিষ্ঠিত শার্জ্ন শাভীষ্টাং শুদাং ভক্তিম্পদিশর্পসংহরতি,—মন্দাইতি। রাজভকোহিপি রাজভৃত্যঃ পত্নাদিমনাস্তথা দ তন্মনা
অপি ন তদ্ধকো ভবতি; সং তু তদিলক্ষণভাবেন মন্দা মন্ধকো ভব মির্
নীলোৎপলখামলত্মাদিগুণবতি বস্থদেবস্থনো স্বস্থামিত্ব-স্বপ্মর্থত্ব-বৃদ্ধ্যানবচ্ছিন্নমধ্ধারাবৎ দততং মনো যশু দঃ, তথা মদ্যাজী তাদৃশস্থাতিমাত্রপ্রিয়শু
মমার্জনে নিরতো ভব; তাদৃশং মাম্ভিপ্রেম্ণা নমস্কুরু দণ্ডবৎ প্রণম।
এবমাত্মানং মনো দেহঞ্চ যুক্তা মির্ নিবেছ্য মৎপরায়ণো মদেকাশ্রয়ঃ সন্
মান্পিশ্রসি। এষা ভক্তিরপিতৈব ক্রিয়েতেতি বোধাম্॥ ৩৪॥

পাত্রাপাত্রধিয়া শৃক্তা স্পর্শাৎ সর্ব্বাঘনাশিনী। গঙ্গেব ভক্তিরেবেতি রাজগুহুমিহ শ্বতা॥

### ইতি—শ্রীমন্তগবদগীতোপনিষন্তায়ে নবমোহধ্যায়ঃ।

বঙ্গান্ধবাদ—অনন্তর শ্রীভগবান্ পরিনিষ্ঠিত ভক্ত অর্জ্বনের অভীষ্ট শুদ্ধা ভক্তির উপদেশ দিবার ইচ্ছায় উপসংহার করিতেছেন—'মন্মনা ইতি'। রাজভক্তও রাজভৃতা কিন্তু পত্নীপুত্রাদিমনা, সেইরূপ সে পত্নীপুত্রাদিমনা হইলেও তাহাদের ভক্ত হয় না; তুমি কিন্তু তাহার বিলক্ষণ ভাবের দারা মন্মনা ও মদ্ভক্ত হও, আমাতে অর্থাৎ নীলোৎপল্যামল্বাদিগুণসম্পন্ন বহ্নদেব-নন্দন আমাতে স্ব-স্বামিন্দ, স্বীয় পুরুষার্থত্বরূপ বুদ্ধি লইয়া অনবচ্ছিন্ন মধুধারার ক্যায় সতত মন রাথিয়া সেই প্রকার অতিমাত্র প্রিয় তাদৃশ গুণবান্ আমার যজনাদি সম্পন্ন হও অর্থাৎ আমার অর্জনায় নিরত হও—তাদৃশ আমাকে

অতিশয় ভক্তিবশতঃ অর্থাৎ প্রেমসহকারে নমস্কার কর অর্থাৎ দণ্ডবৎ প্রণাম কর। এই প্রকারে আত্মাকে, মনকে ও দেহকে আমাতে যুক্ত (সমর্পন) করিয়া অর্থাৎ আমাতে নিবেদন করিয়া, মৎপরায়ণ অর্থাৎ একমাত্র আমারই আশ্রয় গ্রহণ করিয়া আমাকে লাভ করিবে। এই ভক্তি আত্মসমর্পণের পর অনুষ্ঠিত হওয়া উচিত, ইহা জানিবে॥ ৩৪॥

গঙ্গার স্থায় পাত্র ও অপাত্র বৃদ্ধি-শৃন্য:, স্পর্শমাত্র সর্মপাপ-নাশিনী ভক্তিই এই অধ্যায়ে রাজগুহুরূপ,—ইহা বর্ণনা করা হইল।

ইতি—নবম অধ্যায়ের শ্রীমন্তগবদগীতোপনিষদ্ভায়ের বঙ্গান্তবাদ সমাপ্ত।

অনুভূষণ—অনন্তর বর্তমান শ্লোকে শ্রীকৃষ্ণ পরিনিষ্ঠিত ভক্ত অর্জ্জুনের অভীষ্ট শুদ্ধা ভক্তির উপদেশম্থে উপসংহার করিতেছেন। রাজভক্তও রাজার ভূতা, রাজার দেবাদি করিয়া থাকে কিন্তু রাজমনা না হইয়া পত্নী-পুত্রাদিমনা হয়। আবার পত্নী-পুত্রাদিমনা হইলেও সে তাহাদের ভক্ত হয় না, অর্থাৎ তাহাকে তাহাদের ভক্ত বলা চলে না। তুমি কিন্তু তাদৃশ না হইয়া তদ্বিলক্ষণভাবে মন্মনা ও মন্তক্ত হও। নীলোৎপলশ্যামলম্বাদি গুণবান্ বহুদেব-হত আমাতে স্ব-স্বামিত্ব ও স্বকীয় একমাত্র পরমপুরুষার্থ বৃদ্ধির দ্বারা অনবচ্ছিন্ন মধুধারার ল্যায় সতত মন নিযুক্ত কর। সেই প্রকার তাদৃশ অতিমাত্র প্রিয় আমার অর্চ্চনে নিরত হও, তাদৃশ আমাকে অতিশয় প্রেমের সহিত্ত নমস্কার কর অর্থাৎ দণ্ডবং প্রণাম কর। এই প্রকারে মন ও দেহ-যুক্ত আত্মাকে আমাতে নিবেদন পূর্বাক, মৎপরায়ণ হইয়া, আমাকেই একমাত্র আশ্রয় করিলে আমাকেই পাইবে। এই ভক্তি কিন্তু অর্পিতা হইয়াই অর্থাৎ আত্মসমর্পণের পরই অন্বৃষ্ঠিত হইবে। ইহাই বোঝা উচিত।

শ্রীমন্তাগবতে শ্রীপ্রহলাদ মহারাজের বাক্যেও পাওয়া যায়,—

"ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।

ক্রিয়েত ভগবতাদ্ধা তমল্যেইধীতম্ক্রমম্॥'' (ভাঃ গাধাই৪)॥ ৩৪॥

ইতি—শ্রীমন্তগবদগীতার নবম অধ্যায়ের 'অনুভূষণ'-নাম্নী টীকা সমাপ্তা॥

নবম অধ্যায় সমাপ্ত।

### **द्रभाष्ट्रभाग्न**

### ত্রীভগবানুবাচ,—

## ভূয় এব মহাবাহো শৃণু মে পরমং বচঃ। যতেহহং প্রীয়মাণায় বক্ষ্যামি হিতকাম্যয়া॥ ১॥

তাল্বয়—জ্রীভগবান্ উবাচ—মহাবাহো! ভূয়: এব (পুনরায়) মে (আমার)
পরমং বচ: (উৎকৃষ্ট বাক্য) শৃণু (শ্রবণ কর) যৎ (যাহা) প্রীয়মাণায়
(প্রীতি-অহভবকারী) তে (তোমাকে) অহং (আমি) হিতকামায়া (হিত
ইচ্ছা করিয়া) বক্ষ্যামি (বলিতেছি)॥ ১॥

তাসুবাদ— শ্রীভগবান্ কহিলেন, হে মহাবাহো! পুনরায় আমার পূর্বা-পেক্ষা উৎকৃষ্ট বাক্য প্রবণ কর, যাহা প্রেমবান্ তোমাকে, তোমার মঙ্গলের জন্য বলিতেছি॥ ১॥

শ্রীভক্তিবিনোদ—হে মহাবাহো! তুমি প্রেমবান্, তোমার হিতকামনার আমি আমার বিভৃতি-সম্বন্ধে পূর্ব্বে য়ে-সকল পরমবাক্য সংক্ষেপে বলিয়াছি, তাহা বিশেষ করিয়া এখন বলিতেছি; তুমি মনোনিবেশ-পূর্ব্বক শ্রবণ কর॥ ১॥

### **ত্রীবলদেব**—সপ্তমাদো নিজৈশ্বর্যাং ভক্তিহেতু ষদীরিতম্। বিভূতিকথনেনাত্র দশমে তৎ প্রপুষ্যতে॥

প্রপ্রের স্বৈর্দানিরপণসংভিন্ন। সপরিকরা স্বভক্তিরপদিষ্টা। ইদানীং তন্ত্রা উৎপত্তয়ে বিবৃদ্ধয়ে চ স্বাদাধারণীঃ প্রাক্ সংক্ষিপ্যাক্তাঃ স্ববিভৃতীর্বিস্তরেণ বর্ণয়িয়ান্ ভগবাস্থবাচ,—ভূয় ইতি। হে মহাবাহো!ভূয় এব পুনরিপি মে পরমং বচঃ শৃণ্—শৃরস্তং প্রতি শৃথিত্যক্তিরপদেশ্রেহর্থে সমবধানায়। পরমং শ্রীমৎ মদিবাবিভৃতিবিষয়কং ম্বচস্তে তুভামহং হিত্তকামায়া বক্ষামি—"ক্রিয়ার্থোপপদ" ইত্যাদি-স্ব্রাচ্চতৃর্থী,—বিজ্ঞমিপ বাং বিশ্বিতং কর্ত্ত্রমিতার্থঃ। হিত্তকামায়া মন্তক্র্ণপত্তি-তিষবৃদ্ধিরপ-ত্রৎকল্যাণবাঞ্ছয়া। তে কীদৃশায়ে-ত্যাহ,—প্রীয়মাণায়েতি পীয়্ষপানাদিব মন্বাক্যাৎ প্রীতিং বিন্দতে॥ ১॥

वानकारम्याचा ।

বলাসুবাদ—সপ্তম অধ্যায়াদিতে নিজৈশ্বর্যাই ভক্তির হেতু যাহা বলা হইয়াছে, সম্প্রতি দশমাধ্যায়ে ভগবানের বিভূতিকথনের দ্বারা পূর্ব্বোক্ত ভক্তির হেতুর আরও পোষণ অর্থাৎ পৃষ্টি সাধন করা হইতেছে।

পূর্ব্বপূর্ব্ব অধ্যায়ে স্বীয় ঐশ্বর্যা নিরূপণ-সমন্থিত অবান্তর ভেদসহ স্বরূপলক্ষণাদিসহ স্বীয় ভক্তির কথা উপদিষ্ট হইয়াছে। এখন সেই ভক্তির উৎপত্তির
জন্য এবং বৃদ্ধির জন্য সেই অসাধারণী ভগবদ ভক্তির কথা পূর্ব্বে সংক্ষেপে
বলা হইয়াছে। এই অধ্যায়ে স্বীয় বিভূতির বিস্তৃতরূপে বর্ণনা করিবেন বলিয়া
ভগবান্ শ্রীক্রফ বলিতেছেন—'ভূয় ইতি'। হে মহাবাহো! 'ভূয় এব'—পূনরায়ও
আমার পরম বাক্য শ্রবণ কর। যিনি শ্রবণ করিতেছেন তাহাকেই পুনরায়
শ্রবণ কর (এই উক্তির প্রকৃত অর্থ এই)—উপদেশ্য বিষয়ের প্রতি আরও
একাগ্রতা আনয়নের জন্য। পরম অর্থাৎ শ্রী-সমন্থিত আমার দিব্য বিভূতি-বিষয়ক
যে বাক্য তোমাকে আমি হিতাকাজ্জী হইয়া বলিব—'প্রীয়মাণায়' এইপদে
"ক্রিয়ার্থোপপদ" ইত্যাদি পানিনি হত্রে চতুর্থী,—ইহার অর্থ ভূমি বিজ্ঞ
হইলেও পুনঃ তোমাকে বিস্মিত করিবার জন্য হিতাকাজ্জী হইয়া—আমার
প্রতি ভক্তির উৎপত্তি এবং তাহার বিশেষরূপে বৃদ্ধিরূপ, তোমার কল্যাণ
আকাজ্জায়। কি রকম তোমার ? ইহাই বলা হইতেছে—'প্রীয়মাণায়েতি',
অমৃত পানের ন্যায় আমার বাক্য হইতে যে প্রীতি ( আনন্দ ) লাভ করে॥ ১ ॥

ত্ত্রপে যে স্বীয় ঐশ্বর্যা বর্ণন করিয়াছেন, তাহারই পুষ্টিলাভের জন্য এই দশম অধ্যায়ে বিস্তৃতরূপে বিভূতি বর্ণন করিয়েছেন। পূর্ব্ব পূর্বের অধ্যায়ত্রয়ে স্বীয় ঐশ্বর্য নিরূপণ ব্যতীতও সপরিকর স্বীয় ভক্তির বিষয় উপদেশ করিয়াছেন। বর্ত্তমানে সেই ভক্তির উৎপত্তি ও বৃদ্ধির নিমিত্ত স্বীয় অসাধারণী, পূর্ব্বে যাহা সংক্ষেপে বলিয়াছেন, তাহাই বিস্তারিতভাবে বর্ণনের অভিপ্রায়ে শ্রীভগবান্ 'ভূয়এব' 'মহাবাহো!' বলিয়া আরম্ভ করিতেছেন। এম্বলে মহাবাহো! শব্দে সম্বোধনের তাৎপর্য্যে শ্রীল চক্রবর্ত্তিপাদ লিখিয়াছেন—"হে মহাবাহো! ধ্যরূপ তুমি সর্ব্বাপেক্ষা অধিকভাবে বাছবল প্রকাশ করিয়াছ তদ্ধপ এবিষয়ে বৃদ্ধিদারা সর্কাপেক্ষা অধিকভাবে বৃদ্ধিবলও প্রকাশ করিয়াছ তদ্ধপ এবিষয়ে বৃদ্ধিদারা সর্কাপেক্ষা অধিকভাবে বৃদ্ধিবলও প্রকাশ করিতে হইবে।'' ইহা দ্বারা স্পষ্টই বুঝা যায় যে, পূর্ব্বে যাহা বলিয়াছেন, তাহা অপেক্ষা ইহা কিঞ্ছিৎ তুর্ব্বোধ্যই। কারণ পরোক্ষবাদ শ্রীভগবানের প্রিয়। শ্রীমন্তাগবতে পাওয়া

যায়—"পরোক্ষং মম চ প্রিয়ং"—(ভাঃ ১১।২১।৩৫)। স্থতরাং পরোক্ষবাদে বর্ণিত-বিষয় ত্র্বোধ্য বলিয়া অবধারণ করা কঠিন। পরোক্ষবাদ অবলমনেই এই বিভূতিযোগ বলা হইতেছে। সন্দর্ভেও পাওয়া যায়—"যাহা অদেয় বস্তু, যাহার প্রচার বিরল এবং যাহা মহৎ, ভাহাকেই পরোক্ষ করা হয়"। এই জন্ম পরোক্ষবাদ বেদের একটি স্বভাব। আত্মগোপন কার্যাট ভগবানের স্বভাবের একটি পরিচয়।

শ্রীচৈতগ্রচরিতামৃতেও পাওয়া যায়,—

"আপনা লুকাইতে কৃষ্ণ নানা যত্ন করে। তথাপি তাঁহার ভক্ত জানয়ে তাঁহারে॥" ( আদি—৩৮৭ )

এই জন্ম ভক্তিসহকারে বিশেষ মনোনিবেশ পূর্বক এই বিভূতি-যোগ-অধ্যায় আলোচনা করা দরকার।

শ্রবণকারীকে পুনরায় শ্রবণ কর বলার তাৎপর্যা এই যে, বর্ত্তমান-বর্ণিত বিষয় 'পরম' পূর্ব্বাপেক্ষাও উৎকৃষ্ট স্থতরাং ইহা অবধারণ করিবার জন্ম বিশেষ একাগ্রতা ও মনোযোগের প্রয়োজন।

এস্থলে ক্রিয়ার্থে উপপদে চতুর্থী প্রয়োগ। বিজ্ঞ অর্জ্জ্নকে আরও বিশ্বিত করিবার জন্মই। শ্রীগুরুদের শিয়োর হিতকামনায় অর্থাৎ ভগবন্ধক্তির উৎপত্তিও বৃদ্ধিরূপ কল্যাণ কামনা করিয়াই উপদেশ করিয়া থাকেন। শিশ্ব আবার প্রিয়মাণ অর্থাৎ প্রেমবান্ হওয়া চাই। যিনি শ্রীগুরুদেবের বাক্যকে অমৃত পানের ন্যায় প্রিয়জ্ঞানে পান করেন। শ্রীমন্তাগবতেও পাওয়া শ্বিশ্ব শিশ্বকেই শ্রীগুরুদেব গুহুতত্ত্বাদি বলিয়া থাকেন।

"ক্রয়ুঃ স্নিপ্পস্থা শিষাস্থা গুরবো গুহুমপ্যাত।" (১।১।৮)

এস্থলেও শ্রীভগবানের বাক্য-স্থা পান করিয়া অর্জুন পরম প্রীতি অন্থভব করিতেছেন বলিয়াই শ্রীভগবান্ তাঁহার মঙ্গলাকাজ্ফী হইয়া উপদেশ করিতেছেন॥ ১॥

> ন মে বিদ্যঃ স্থরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ। অহমাদিহি দেবানাং মহর্ষীণাঞ্চ সর্ববশঃ॥ ২॥

ভাষয়—স্থরগণাঃ (দেবসমূহ) মে ( আমার ) প্রভবং ( প্রকৃষ্ট জন্মবৃত্তান্ত )
ন বিতঃ ( জানেন না ) মহর্ষয়ঃ ন ( মহর্ষিগণও জানেন না ) হি ( যেহেতু )

অহম্ ( আমি ) দেবানাং ( দেবতাদিগের ) মহধীণাঞ্চ ( এবং মহধিগণের ) দর্বাশঃ ( দর্বতোভাবে ) আদিঃ ( আদিকারণ ) ॥ २ ॥

অসুবাদ—দেবগণ ও মহর্ষিগণ আমার লীলাপ্রভব অর্থাৎ প্রপঞ্চে আবির্ভাব-বিষয়ের তত্ত্ব অবগত নহেন, যেহেতু আমি দেবতা ও মহর্ষিগণের আদিকারণ ॥ ২ ॥

শ্রীভক্তিবিনাদ—আমিই দেবতা ও মহর্ষিগণের আদিকারণ; অতএব সেই দেবতা ও মহর্ষিগণ আমার লীলাপ্রভব অর্থাৎ প্রাপঞ্চিক-জগতে আমার নরাকারস্বরূপে উদয়ের তত্ত্ব অবগত হইতে পারেন না। দেবতা বা মহর্ষিগণ শকলেই স্বীয় বুদ্ধিবলে আমার তত্ত অন্বেষণ করেন; তাহাতে তাঁহারা প্রাণঞ্চিক-বুদ্ধি ভেদ করিবার যত্ন-সহকারে প্রপঞ্চের বিপরীত কোন অব্যক্ত, অপরিস্ফুট, নিগুণ, স্বরপহীন ও শুষ্ক বন্ধকেই কিয়ৎপরিমাণে উপলব্ধি করিয়া, তাহাই যে পরমতর, এইরপ মনে করেন। কিন্তু পরমতর তাহা নয়; পর্মতত্ত্ব-স্বরূপ আমি—সর্বাদা অচিস্তাশক্তিবলে স্বপ্রকাশ, নির্দ্দোষ-গুণ-সম্পন, নিতাস্থরপবিশিষ্ট সচিদানন্দ-মৃত্তি। আমার অপরা-শক্তিতে আমার প্রতিভাত স্বরূপই 'ঈশ্ব' এবং অপরা-শক্তি-ছারা বন্ধজীবদিগের চিস্তার সীমাতীত আমার একটি অস্ট্র-মৃত্তিই 'ব্রহ্ম'; অতএব 'ঈশ্বর' বা 'পরমাত্মা' ও 'ব্রহ্ম', আমার এই ফুর্তিদয়ই স্ষ্ট-বস্তুতে অন্বয় ও বাতিরেক-ভাবে লক্ষিত হয়। আমি স্বয়ং কথনও নিজ-অচিন্তাশক্তিক্রমে প্রপঞ্চে স্ব-স্কর্পে উদিত হই। তথন উক্ত ধীশক্তিসম্পন্ন দেবতা ও মহর্ষিগণ আমার অচিন্তাশক্তির সামর্থ্য বুঝিতে না পারিয়া স্বয়ং মায়া-দারা ভান্ত হইয়া আমার এই স্থরপাবিভাবকে 'ঈশ্বতত্ত' বলিয়া মনে করেন এবং শুদ্ধ বন্ধভাবকে শ্রেষ্ঠ জানিয়া তাহাতে স্ব-স্বরূপের লয় অমুসন্ধান করেন। কিন্তু আমার ভক্তসকল, স্বীয় কুদ্র-জ্ঞানের পরিচালনা-দারা, অচিন্তাতত্ত্বের অবগতি সহজ নয়, মনে করিয়া আমার প্রতি ভক্তিবৃত্তিরই অনুশীলন করেন; তাহাতে আমি দয়ার্দ্র হইয়া তাঁহাদিগকে সহজ্ঞান-দারা আমার স্বরূপান্তভূতি প্রদান করি॥ २॥

শ্রীবলদেব—এতচ্চ মন্তকান্ত্রশাং বিনা গুর্বিজ্ঞানমিতি ভাববানাহ,—
ন মে ইতি। স্থরগণা ব্রহ্মাদয়ঃ মহর্ষয়ৼ্চ সনকাদয়ঃ মে প্রভবং প্রভূষেন
ভবনসনাদিদিবাস্থরপগুণবিভূতিমত্তয়াবর্তনমিতি যাবং ন বিগুর্ন জানন্তি। কৃত
ইত্যাহ,—অহমাদিরিতি। যদহং তেষামাদিঃ পূর্ব্বকারণং সর্বশঃ সর্ব্বঃ

**बामक्रावक्राला** 

প্রকাবৈকৎপাদকতয়া বুদ্ধাদি-দাতৃতয়া চেতার্থ:। দেববাদিকমৈশ্র্যাদিকঞ্চ মিয়ব তেভাস্তত্তদারাধনতুষ্টেন দত্তমতঃ স্বপ্র্যাদিকং মাং মদৈশ্র্যাঞ্চ তে ন বিছঃ; শ্রুতিশৈচবমাহ,—"কো বা বেদ ক ইহ প্রাবোচং কৃত আয়াতা কৃত ইয়ং বিস্প্রির্বান্দেবা অশু বিসর্জনেনাথ কো বেদ যত আবভূবেতি নৈতদেবা আপুবন্ প্র্যমর্শং" ইতি চৈবমাতা॥ ২॥

বঙ্গানুবাদ—এই জাতীয় পরম বাক্য আমার ভক্তের অম্কন্পা-ভিন্ন দ্রের্মে, এইরূপ ভাবনাযুক্ত হইয়াই বলিতেছেন—'ন মে ইতি'। ব্রহ্মাদি দেবতাগণ এবং দনক-দনন্দ প্রভৃতি মহর্ষিগণ আমার প্রভব—প্রভৃরূপে আবিভাব অর্থাৎ অনাদি দিব্যস্বরূপ-গুণ-বিভৃতিমান্ হইয়া আবিভাব, ইহা জানে না। কি কারণে জানিতে পারে না?—'অহমাদিরিতি'। যেই হেতু আমি তাহাদের আদি অর্থাৎ পূর্ব্ব কারণ, দর্ব্বশ—দর্ব্বপ্রকারে অর্থাৎ তাহাদের উৎপাদক ও বৃদ্ধি-প্রভৃতির দাতারূপে জানে না। কি জানে না? যে দেবজাদি ও ঐশ্বর্যাদি আমিই তাহাদের আরাধনায় সম্ভেষ্ট হইয়া দিয়াছি, এইজন্ম আমার অস্তিত্ব তাহাদের জন্মের পূর্বেই সিদ্ধ আছে বলিয়া আমাকে ও আমার ঐশ্বর্যাকে তাহারো জানিতে পারে না। শ্রুতিও এই রকম বলিয়াছেন—"কেই বা তাহাকে জানে, কেই বা এখানে এইতত্ব বলিয়াছে, কোথা হইতেই বা ই হার আবিভাব হইল, কোথা হইতে ক্ষি হইল, দেবগণও ক্ষ্ট অতএব কে ই হাকে জানে, যাহা হইতে আবিভাব হইয়াছে, ইহারা নানাভাবে ক্ষির পরে উৎপন্ন অতএব কে জানিবে যাহা হইতে সর্বজ্ঞাৎ বাক্ত হইয়াছে, এই দেবগণ ইহা জানিতে পারে না। আমি পূর্ব্ব আবিভূতি বলিয়া।" ইতি—এইরূপ অন্যান্য॥ ২ ॥

অসুভূষণ—শ্রভিগবানের এই তবজ্ঞান তাহার ভক্তের রূপা বাতীত কেহই জানিতে পারে না ভাবিয়াই শ্রভিগবান্ বলিতেছেন। দেবগণ বা মহর্ষিগণ কেহই আমার জন্মাদিলীলার তব্ব জানে না, থেহেতু দেবতা ও মহর্ষি সকলেরই সর্বতোভাবে আমিই আদি কারণ।

ভক্তি ব্যতীত ভগবত্তত্ব জানা যায় না, আবার ভক্তের রূপা বাতীতও ভক্তিলাভ হয় না।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকায় পাই,—''তাহারা (দেবগণ) বিষয়-আবিষ্ট বলিয়া নাই জাহ্ন কিন্তু ঋষিরা ত' জানেন ? তত্ত্তরে বলিতেছেন—মহর্ষিগণও জানেন না, তাহার কারণ আমি আদিকারণ—সর্বপ্রকারেই। এই সংসারে পিতার জন্ম-বৃত্তান্ত পুত্রগণ জানে না।"

শ্রীধর স্বামিপাদের টীকায়ও পাই,—''আমার প্রভব—প্রকৃষ্ট ভব অর্থাৎ জন্ম, আমি জন্মরহিত হইয়াও নানা বিভৃতির সহিত যে আবিভৃতি হই, তাহা দেবগণ কিম্বা ভৃগু আদি মহর্ষিগণও জানেন না। তাহার হেতু—আমিই দেবগণের ও মহর্ষিগণের সর্ব্বপ্রকারে উৎপাদকরত্রপ এবং বুদ্ধাদির প্রবর্ত্তক্রপে আদি কারণ। অতএব আমার অন্তর্গ্রহ ব্যতীত আমাকে কেহ জানিতে পারে না।'

শ্রীভগবান্ অনাদি পুরুষ, তিনি দিব্য স্বরূপ, গুণ, বিভূতি ও ঐশ্বর্যাদির সহিত নিত্য বর্ত্তমান্। ব্রহ্মাদি দেবগণ, সনকাদি মহর্ষিগণ তাঁহার প্রভব —প্রভূত্বের সহিত ভব অর্থাৎ দেবকী প্রভৃতিতে জন্মাদিলীলা কেহই পরিজ্ঞাত নহেন।

শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

"প্রজাপতিপতিঃ সাক্ষান্তগবান্ গিরিশো মন্তঃ।
দক্ষাদয়ঃ প্রজাধ্যক্ষা নৈষ্ঠিকাঃ সনকাদ্য়ঃ ॥
মরীচিরত্র্যাঙ্গিরসৌ পুলস্তাঃ পুলহঃ ক্রতুঃ।
ভৃগুর্বিদিষ্ঠ ইত্যেতে মদন্তা ব্রহ্মবাদিনঃ ॥
অত্যাপি বাচস্পত্য স্তপোবিত্যাসমাধিভিঃ।
পশ্যন্তোহপি ন পশ্যন্তি পশ্যন্তং পরমেশ্বরম্॥" (৪।২৯।৪২-৪৪)

এ-সম্বন্ধে শ্রীমন্তাগবতে ব্রহ্মার বাক্যেও পাই,—

"কো বেত্তি ভূমন্ ভগবন্ পরাত্মন্ যোগেশরোতীর্ভবতন্তিলোক্যাম্। ক বা কথং বা কৃতি বা কদেতি বিস্তারয়ন্ ক্রীড়িদি যোগমায়াম্॥ (১০।১৪।২১)

শীব্রন্ধা আরও বলিয়াছেন,—

"অথাপি তে দেব পদাস্ক্ষয়প্রসাদলেশাসুগৃহীত এব হি। জানাতি তত্তং ভগবন্মহিমোন চান্ত একোহপি চিরং বিচিথ্ন্॥ (ভাঃ—১০।১৪।২৯) শ্রীচৈতন্মচিরতামতেও পাই,—

"ঈশ্বের কূপা-লেশ হয়ত' যাহারে।

সেই ত' ঈশ্বতত্ত্ব জ্বানিবাবে পারে॥"

দেবগণ বা ঋষিগণ কেহই স্ব-স্ব-যোগ্যতার দ্বারা শ্রীভগবানের জন্মাদি-লীলার মর্ম বুরিতে পারেন না, স্ক্তরাং মন্ত্রের কথা আর কি বলিব ?

শ্রীভগবানই যে সকলের আদি মূল, এ-বিষয়ে শ্রীভাগবতে পাই,—

"অহমেবাসমেবাতো নাতাদ্ যৎ সদসৎ পরম্। পশ্চাদহং যদেতচ্চ যোহবশিয়েত সোহস্মাহম্॥" ( ২।১।৩২ )

শীতগবানই সকলের পূর্ববারণ, স্বপ্রকারে উৎপাদক এবং বৃদ্যাদির দাতা। দেবতাদি ও এশ্বর্যাদি তাঁহার দারাই সকলে প্রাপ্ত হইয়াছে। সকলের আরাধনায় সম্ভষ্ট হইয়াই শীতগবান্ সকলকে এশ্বর্যাদি ও দেবতাদিশক্তি প্রদান করিয়া থাকেন। সকলের পূর্ববিদ্ধ শীতগবানকে পরবর্তী স্বষ্ট কেহই জানিতে পারে না। স্বতরাং শীতগবানের জন্মাদি-লীলা, শক্তি-সামর্থ্য প্রতৃতির তত্ত-জ্ঞান স্বষ্ঠতাবে লাভ করিতে হইলে শীতগবান্ ও তদীয় ভক্তের রূপা স্ব্রাণ্ডে প্রয়োজন॥ ২॥

## যো মামজমনাদিঞ্চ বেত্তি লোকমহেশ্বরম্। অসংমূচঃ স মর্ত্ত্যেমু সর্ব্বপাপেঃ প্রমূচ্যতে॥ ৩॥

তার্বয়—যং (যিনি) মাং (আমাকে) অনাদিম্ (আদিরহিত) অজম্ (জন্মরহিত) লোকমহেশ্বম্ চ (ও দর্বলোকের মহেশ্ব) বেত্তি (বলিয়া জানেন) সং (তিনি) মর্ত্যেষ্ (মর্ত্যলোকমধ্যে) অসংমৃচঃ (মোহশৃত্ত) [ দন্ হইয়া ] দর্বপোপে: (দর্বপোপ হইতে) প্রমূচাতে (বিমৃক্ত হন)॥ ৩॥

অনুবাদ — যিনি আমাকে অনাদি, অজ ও সর্বলোকের মহেশ্বর বলিয়া জানেন, তিনি মর্ত্তালোকমধ্যে মোহশূত হইয়া প্রাণঞ্চিক-বৃদ্ধিরূপ সর্বপাপ হইতে বিমৃক্ত হন॥ ৩॥

শ্রীভক্তিবিনোদ— যিনি আমাকে সর্কলোকের 'মহেশ্বর' ও 'অনাদি' বলিয়া জানেন অর্থাৎ আমার প্রসাদে এই সচ্চিদানন্দ-শ্বরূপের সর্কশ্রেষ্ঠত্ব ও অনাদিত্ব অবগত হন, তিনি প্রপঞ্চ্ছ বুদ্ধিরূপ সমস্ত-পাপ অর্থাৎ অপবিত্র ভাব হইতে মুক্তি লাভ করেন॥ ৩॥ শীবলদেব—ইদং তাদৃশমিষিষ্যকং জ্ঞানং কন্সচিদেব ভবতীতি ভাবেনাহ,
—যো মামিতি। মর্জ্যের্ যতমানেদপি দহস্রেষ্ মধ্যে যো যাদৃচ্ছিক-মন্তব্ধিং
দংপ্রদন্ধী কশ্চিজ্ঞনো মামনাদিমজং লোকমহেশ্বরং চ বেন্তি, দোহদংমৃচঃ
দর্মপাপৈঃ প্রম্চাত ইতি দদ্দঃ। অত্র 'অজম্' ইতানেন প্রধানাদচিষ্ণাং
দংদাবিবর্গাচ্চ ভেদঃ। আগস্তু স্পরিণামেনাস্কুত্র দেহজন্মনা চ জন্মিবাং;
'জনাদিম্' ইতানেন বিশেষিতে তু মৃক্তচিষ্ণাচ্চ ভেদস্কুত্রাজব্বমাদিমদেব
দেহসম্বন্ধেন জন্মিব্রু প্রবৃত্তিবাং; 'লোকমহেশ্বর্ম্' ইতানেন নিতাম্ক্রচিষ্ণাৎ প্রকৃতিকালাভাগি ভেদস্কেষামনাগজ্মে দতাপি লোকমহেশ্বরঘাভাবাং। পুনঃ 'জনাদিম্' ইতানেন বিশেষতে বিধি-ক্র্যাভাগি ভেদস্বন্ধোলোকমহেশ্বরতায়াঃ দাদিবাং দর্মৈশ্বরেণেব তয়োঃ দেতাগ্রত্র বিস্তবঃ।
ইত্থিক দর্মদা হেয়দম্বন্ধাভাবান্নিতাদিদ্দাব্রেশ্বগাচ্চ দর্মেত্রবিলক্ষণং যো
বেন্তি, দ মন্তকুন্পতিপ্রতিপ্রতীপৈনিথিলৈঃ কশ্বভিবিম্ক্রো মন্তক্তিং বিন্দতি;
অসংমৃঢ়োহগুসজ্বাতীয়তয়া মজ্জ্ঞানং দংমোহস্তেন বিব্রজ্ঞিতঃ,—ন চ
দেবকাাং জাতস্ত তে কথ্মজন্মং তস্ত্রামজন্মবিহার্ট্যের জাতন্বাং॥ ৩॥

বঙ্গান্ধবাদ—এইরপ তাদৃশ মদ্-বিষয়ক জ্ঞান কোন কোন লোকেরই হইয়া থাকে, এই অভিপ্রায়ে বলিতেছেন 'যো মামিতি'। সহস্র সহস্র যত্নশীল মানবের মধ্যে যিনি ভাগাবশতঃ মন্তত্ত্ববিং-শাধুদঙ্গ লাভ করিয়াছেন, দেইরূপ কোন এক লোক আমাকে অনাদি, অজ ও লোকমহেশ্বর বলিয়া জানিতে পারেন, দেই অসংমৃঢ় (বাক্তিই) সমস্ত পাপ হইতে মৃক্ত হইয়া থাকেন।
—ইহাই সম্বন্ধ। এখানে "অজ" এই শব্দের দ্বারা প্রধান, জড় প্রপঞ্চ ও সংসারিবর্গ হইতে পৃথক্। যেহেতু প্রধানাদি জড় কারণ বর্গের পরিণামের জন্ম এবং অস্ত অর্থাৎ সংসারী জীবের দেহজন্মের দ্বারা জন্মগ্রহণ। "অনাদি" এই শব্দের দ্বারা বিশেষিত হইলে কিন্তু মৃক্তচিদ্বর্গ হইতেও ভেদ। যেহেতু তাহারা অজ বটে কিন্তু আদি দেবদেহ সম্বন্ধের দ্বারা জন্মগ্রহণ প্রবৃত্তি এইহেতু। "লোকমহেশ্বর" এই শব্দের দ্বারা নিত্যমুক্তচিদ্বর্গ হইতে এবং প্রকৃতি ও কাল হইতে ভেদ (ইহাই প্রতিপাদিত হইতেছে)। তাহাদের অনাদিম্ব ও অজত্ব থাকিলেও লোকমহেশ্বরত্বের অভাবহেতু, পুনং যদি "অনাদি" এই শব্দের দ্বারা বিশেষিত করিয়া লোকমহেশ্বর কথাটি বল, তবে ব্রন্ধা ও ক্ষম্ব হইতে ভেদ। কারণ—তাহাদের তুই জনের লোকমহেশ্বরতার আদি

অর্থাৎ আদির, সর্কেশবের দারাই তাহাদের হইজনের তাহা। ইহা অন্যত্র বিস্তারিতভাবে বলা হইবে। এই প্রকারে সকল সময়ে হেয়-সম্বন্ধের অভাব-বশতঃ এবং নিত্য সিদ্ধ সর্কেশর্যাহেতু সমস্ত ইতর বিলক্ষণরূপে যিনি আমাকে জানেন, তিনিই আমার প্রতি ভক্তির উৎপত্তির প্রতিবন্ধকম্বরূপ নিথিল কর্ম হইতে মুক্ত হইয়া আমার ভক্তি লাভ করিয়া থাকেন। অসংমৃঢ় শব্দের অর্থ— অন্ত সঙ্গাতীয়ভাবে আমার জ্ঞান ইহার নাম সংমোহ, তাহার দারা বিশেষরূপে বর্জিত। দেবকীতে যাঁহার জন্ম তাহার কিরূপে অজত্ব ? দেবকীতে অজত্ব তাগে না করিয়াই জন্মগ্রহণ করিয়াছি বলিয়া—ইহার উত্তর ॥ ৩॥

অসুভূষণ—এইরপ ভগবদ্বিষয়ক জ্ঞান কদাচিং কাহারও হইয়া থাকে, সহস্র সহস্র যত্নশীল মানবের মধ্যে, যিনি ভাগ্যক্রমে শ্রীকৃষ্ণ-তত্ত্বিং সাধুর প্রকৃষ্ঠ সঙ্গ লাভ করেন, তাদৃশ কোন ভাগ্যবান্ ব্যক্তিই শ্রীকৃষ্ণকে অনাদি, অজ ও লোকমহেশ্বর বলিয়া জানিতে পারেন এবং তিনি অসংমৃঢ় অর্থাৎ স্ব্রিপাপ হইতে মৃক্ত হন।

শ্রীক্ষয়ের অনাদিত্ব-বিষয়ে শ্রীমন্তাগবতে পাওয়া যায়,—"অহমেবাদমেবাগ্রে" ( ২।৯।৩২ ) "ভগবানেক আদেদম্"—(৩।৫।২৩) শ্রীব্রহ্মসংহিতায়—"অনাদিরাদি-র্গোবিন্দঃ" এবং বিভিন্ন শ্রুতিতেও পাওয়া যায়,—"বাহ্মদেবো বা ইদমগ্র আদীর ব্রহ্মা ন চ শঙ্করঃ," "আত্মৈবেদমগ্র আদীৎ পুরুষবিধঃ" "একো হ বৈ নারায়ণ আদীৎ", "অথ নারায়ণঃ পরং ব্রহ্ম তত্ত্বং নারায়ণঃ পরম্। ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং কৃষ্ণপিঙ্গলম্" ও গীতায় ১০।২০ শ্লোকেও পাওয়া যাইবে। যিনি তাহা জানিতে পারেন এবং শ্রীকৃষ্ণ অজ অর্থাৎ নিজ অচিন্তাশক্তিবলে জন্মকারণ রহিত হইয়াও যিনি নিতা অপ্রাক্কত জন্মবান্ থাকিয়া বস্থদেব-স্বস্থ বা নন্দস্ম-রূপে নিতা বৎসল-রুদের বিষয়রূপে অবস্থান করেন; (গীঃ ৪।৬ ও ৪।৯ শ্লোক দ্রন্তব্য) তাহা জানিতে পারেন অর্থাৎ এই প্রকারে যিনি হেয় সম্বন্ধরহিত নিতাসিদ্ধ সর্ব্ব-ঐশ্ব্যাপূর্ণ, সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ আমাকে তত্ত্বতঃ জানিতে পারেন, তিনি মজ্জ্ঞান-সম্বন্ধে যাবতীয় মোহমুক্ত হইয়া মন্তক্তি-প্রতিকৃল নিথিল কর্ম্ম বা পাপ হইতে মুক্ত হন এবং আমাতে ভক্তি লাভ করেন।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্শ্বেও পাই,—

''অজম্'—অজন্য অর্থাৎ জন্মকারণ-রহিত এবং বস্থদেব-জন্য অর্থাৎ বস্থদেব

হইতে জাত আমাকে যে অনাদি বলিয়াই জানে। 'মাম্' এই পদে বস্থদেব-জন্তব অর্থাৎ বস্থদেব হইতে জাত ইহাই বুঝায়—'আমার জন্ম ও কর্ম দিবা'— (গীঃ ৪।৯) এই আমার উক্তি হইতে আমি প্রমাত্মা বলিয়া আমার নিতাই জন্মবত্ত ও নিতাই অজত্ব উভয়ই আমার পরম সতা অচিন্তাশক্তিসিদ্ধ। যেমন বলিয়াছি—'আমি জন্মশূল হইয়াও অবিনাশা আমি সভূত হই'—( গীঃ ৪।৬) এবং উদ্ধবের বাক্য—'হে প্রভো, আপনি নিস্পৃহ হইয়াও যে কর্ম করেন, এই হইতে আরম্ভ করিয়া—'বিদ্বজ্জনগণেরও বুদ্ধি সংশয়ের দারা খিন্ন হয়'— এই পর্যান্ত; এবং এ-বিষয়ে শ্রীভাগবতামৃতের কারিকা—''বিদ্বজ্ঞানের বুদ্ধিল্রম যদি বাস্তব নহে, উহা না হওয়াই উচিত। অতএব নানাত্ব বা বিভিন্নত্বের কারণ অচিন্তাশক্তি। যেরপ বালো আমার দামোদর-লীলায় একই সময়ে কিন্ধিনী-দারা উদর বন্ধ হইয়া পরিচ্ছিন্নত্ব আবার দাম-দারা স্বকীয় অবন্ধনে অপরিচ্ছিন্নত্ব অতর্কাই, তদ্রপ আমার অজত্ব ও জন্মবত্ব অতর্কাই।" তুর্ব্বোধ ঐশ্বর্যার কথা বলিতেছেন—'লোকমহেশ্বরম্'—তোমারই সার্থিকে যে সর্বলোকের মহান্ত-ঈশ্বর বলিয়া জানে সেই মর্ত্তামধ্যে 'অসংমৃঢ়ঃ'—সর্ব্বপ্রকার পাপ ও ভক্তিবিরোধী বিষয় হইতে মৃক্ত, যে অজত্ব, অনাদিত্ব ও সর্বেশ্বরত্বাদিই বাস্তব, কিন্তু জন্মবত্বাদি অমুকরণমাত্র-সিদ্ধ বলে, সে সংমৃত্ই অর্থাৎ স্ক্রপাপ হইতে প্রমৃক্ত হয় না॥ ৩॥

বৃদ্ধিজ্ঞ নিমসংমোহঃ ক্ষমা সত্যং দমঃ শমঃ।
স্থাং প্লঃখং ভবোহভাবো ভয়ঞ্চাভয়মেব চ॥ ৪॥
অহিংসা সমতা তুষ্টিস্তপো দানং যশোহযশঃ।
ভবস্তি ভাবা ভূতানাং মত্ত এব পৃথয়িধাঃ॥ ৫॥

তাষ্য়—বৃদ্ধিঃ ( সৃত্মার্থ নিশ্চয়-সামর্থা ) জ্ঞানম্ ( আত্মানাত্মবিবেক ) অসংমোহঃ ( ব্যস্ততার অভাব ) ক্ষমা ( সহিষ্কৃতা ) সত্যম্ ( যথার্থভাষণ ) দমঃ ( বাহেন্দ্রিয় সংযম ) শমঃ ( অস্তঃকরণ সংযম ) স্থং, তৃঃথং, ভবঃ ( জন্ম ) অভাবঃ ( মৃত্যু ) ভয়ম্ চ, অভয়ম্ এব চ, অহিংসা, সমতা, তৃষ্টিঃ, তপঃ, দানং, যশঃ, অযশঃ, [ এতানি—এই সকল ] ভূতানাং (প্রাণিদিগের ) পৃথগ্বিধাঃ ভাবাঃ ( নানাপ্রকার ভাব ) মতঃ এব ( আমা হইতেই ) ভবস্তি ( হইয়া থাকে ) ॥ ৪-৫

व्यामकायम्गाजा प्र

অসুবাদ—বুদ্ধি, জ্ঞান, ব্যাকুলতার অভাব, সহিষ্ণুতা, সত্যবাদিতা, দম, শম, স্থ, ছঃথ, জন্ম, মৃত্যু, ভয়, অভয়, অহিংসা, সমতা, তুষ্টি, তপ, দান, য়শ ও অয়শ,—এই সকল প্রাণিগণের নানাপ্রকার ভাব আমা হইতেই হইয়া থাকে॥ ৪-৫॥

প্রীভজিবিনোদ—ক্ষার্থ-নির্ণয়-সমর্থবৃদ্ধি, আত্মানাত্মবিবেকরপ জ্ঞান, অসংমোহ, ক্ষমা, সত্য, দম, শম, স্থথ, ছঃথ, ভব, অভব, ভয়, অভয়, অহিংসা, সমতা, তৃষ্টি, তপ, দান, ষশ, অযশ, এই সমস্তই ভূতসকলের ভাব; আমিই ইহাদিগকে পৃথক্ পৃথক্ লক্ষণে সৃষ্টি করিয়াছি॥ ৪-৫॥

ত্রীবলদেব—অথাত্মনঃ সর্বাদিত্বং সর্বেশ্বরত্বক প্রপঞ্যক্তি,—বৃদ্ধিরিতি দ্বাভাাম্। 'বৃদ্ধিং' ক্ষার্থবিবেচনসামর্থাং; 'জ্ঞানং' চিদ্চিদ্পাবিবেচনম্, 'অসংমোহং' ব্যপ্রত্বাভাবঃ; 'ক্ষমা' সহিষ্কৃতা; 'সত্যং' যথাদৃষ্টার্থবিষয়ং পরহিতভাষণম্; 'দম' অনর্থবিষয়াচ্ছ্রোত্রাদের্নিয়মনম্; 'শমং' তত্মান্মনসঃ; 'ক্থম্' আমুকুল্যেন বেদ্যম্; হংখং তু প্রাতিকুল্যেন বেদ্যম্; 'ভবং' জন্ম; 'অভাবং' মৃত্যুঃ; 'ভয়ম্, আগামিহংখকারণবীক্ষণাদ্বিত্রাসঃ; তন্নিবৃত্তিঃ 'অভয়ম্'; 'অহিংসা' পরপীড়নাজনকতা; 'সমতা' রাগদ্বেষশ্গুতা; 'তুষ্টিং' অদৃষ্টলবেন সস্তোষঃ; 'তপং' বেদোক্তকায়ক্লেশঃ; 'দানং' স্বভোগ্যস্য সৎপাত্রেহর্পণম্; 'মশঃ' সাদ্গুণ্যথ্যাতিঃ; তদ্বিপরীতম্ 'অযশঃ' এবমাদ্য্যো ভাবা ভ্তানাং দেবমানবাদীনাং মত্যো মৎসঙ্কল্লাদেব ভবস্তীত্যহমেব তেষাং হেতৃবিত্যর্থঃ। পৃথিষিধা ভিন্নলক্ষণা॥ ৪-৫॥

বঙ্গান্ধবাদ—অনস্তর ভগবান্ নিজের সর্বাদিত্ব ও সর্বেশ্বরত্বের বিষয় বিশেষরূপে বর্ণনা করিতেছেন—'বৃদ্ধিরিতি' তুইটি শ্লোক দারা। 'বৃদ্ধি'—স্ক্ষার্থ নির্ণয়ে সামার্থা; 'জ্ঞান'—চিৎ ও অচিৎ বস্তু-সম্পর্কে বিশেষরূপে বিবেক; 'অসংমোহ'—বাগ্রতার অভাব; 'ক্ষমা'—সহিষ্কৃতা; 'সত্যং'—যথায়থ দৃষ্টার্থ বিষয়ক পরের হিতকর বাক্য বলা; 'দমঃ'—অনর্থ বিষয় হইতে শ্লোত্রাদিকে সংযত করা; 'শমঃ'—তাহা হইতে মনকে সংযত করা; 'স্থম্',—অমুকূল ভাবে জ্ঞেয় বস্তু; 'তৃঃখং'—কিন্তু প্রতিকূলভাবে ক্রেয়; 'ভবঃ'—জন্ম; 'অভাবঃ'—মৃত্যু; 'ভয়ম্'—ভবিশ্বৎ তৃঃথের কারণ জানার জন্ম বিশেষরূপে ত্রান্ন; তিন্নবৃত্তি—'অভ্যং'; 'অহিংসা'—পরের পীড়ন না করা; 'সমতা'—রাগ ও দ্বেষ শৃন্মতা; 'তৃষ্টিঃ'—অদৃষ্ট লব্বের দারা সন্তোষ; 'তপঃ'—বেদশাম্রোক্ত কায়ক্রেশ; 'দানং'

विविधानिक विधानिक विविधानिक विविधानि

—নিজের ভোগ্য বিষয়ের সৎপাত্রে সমর্পণ; 'যশং'—সদ্গুণসমূহের খ্যাতি; 'অযশং'—তদ্বিপরীত, এই জাতীয় দেবমানবাদির ভাব (স্বভাব) আমার সংকল্প হইতেই হইয়া থাকে। এই জন্ম আমিই সেই সকল ভাবের কারণ। পৃথিধিধা—বিভিন্ন জাতীয় ॥ ৪-৫॥

অনুভূষণ—শ্রীভগবান্ বর্তমানে তৃইটি শ্লোকে তাঁহার সর্বাদির ও সর্বেশ্বর প্রতিপাদন করিতেছেন। ভূতগণ অর্থাৎ দেব-মানবাদির যাবতীয় পৃথক্ পৃথক্ ভাবসমূহ আমা হইতেই হইয়া থাকে। এ-বিষয়ে শ্রীল চক্রবর্তিপাদ বলেন,—"এই দকল আমার মায়া হইতে উদ্ভূত হইলেও 'শক্তি ও শক্তিমান্ অভেদ'—এই ন্যায়ান্তমারে আমা হইতেই,।" স্বতরাং যাবতীয় বিষয় অচিন্তা-ভেদরেপে তাঁহার সহিতই সম্বন্ধ-বিশিষ্ট।

শাস্ত্রজ্ঞগণ নিজ নিজ বৃদ্ধির দারা শ্রীভগবানের তব জানিতে পারে না, ইহার কারণ যে, বৃদ্ধি প্রভৃতি মায়ার সবস্তুণ হইতে জাত বলিয়া শ্রীভগবান্ হইতেই জাত বলা যায়, কিন্তু গুণাতীত শ্রীভগবানে তাহাদের স্বতঃপ্রবেশ যোগ্যতা নাই। শ্রীভগবানের রূপা হইলে, সেই যোগ্যতা লাভের সম্ভাবনা॥ ৪-৫॥

### মহর্ষয়ঃ সপ্ত পূর্বের চহারো মনবন্তথা। মন্তাবা মানসা জাতা যেষাং লোক ইমাঃ প্রজাঃ॥ ৬॥

ত্বস্থান্য সপ্ত মহর্ষয়: (সপ্ত মহর্ষিগণ) পূর্বের (তৎ পূর্বের) চত্বার: (সনকাদি চারজন) তথা মনব: (এবং মহুগণ) মদ্ভাবা: (আমা হইতে জন্ম যাহাদের) মানসা: জাতা: (মন হইতে জাত যাহারা) লোকে (সংসারে) ইমা: (ব্রাহ্মণাদি এই সকল) যেষাং (যাহাদের) প্রজা: (পুত্রণার্টাদি)॥৬॥

অনুবাদ—মরীচ্যাদি সপ্তথিষি, তাঁহাদের পূর্বজাত সনকাদি ব্রন্ধবিগণ, এবং স্বায়স্ত্রাদি চতুর্দশ মন্ত, সকলেই আমার হিরণ্যগর্ভরূপ হইতে সঙ্কর-মাত্র উৎপন্ন, সংসারে ব্রাহ্মণাদি এই সকল তাঁহাদেরই পুত্র-পৌত্র বা শিশ্ব-প্রশিশুরূপে পরিপ্রিত আছে ॥ ৬॥

শ্রীভজিবিলোদ—মরীচ্যাদি সপ্ত ঋষি, তাঁহাদের পূর্বজাত-সনকাদি ব্রন্ধবিচতৃষ্টয় এবং স্বায়স্কুবাদি চতুর্দশ মহ—সকলেই আমার শক্তিসস্থৃত ज्ञानक गर्ने गांवा

হিরণাগভ হইতে জন্ম লাভ করেন; তাঁহাদেরই বংশ বা শিক্তাদি-ক্রমে এই লোক পরিপ্রিত হইয়াছে॥৬॥

শীবলদেব—ইতকৈতদেবমিত্যাহ,—মহধ্য ইতি। সপ্ত ভ্রাদয়স্তেভ্যোহপি
পূর্বে প্রথমাশ্চরারঃ সনকাদ্য একাদশৈতে মহধ্যস্তথা মনবশ্চতৃদিশ
শায়স্কুবাদ্য এবং পঞ্চবিংশতিবেতে মানসাঃ। হিরণাগর্ত্তাল্থনো মম মনঃ
প্রভৃত্তোভ্যো জাতাঃ। মন্তাবা মচ্চিস্তনপরাস্তৎপ্রভাবেনোপলন্ধ-মজ্-জ্ঞানৈশ্র্যাশক্তর ইতার্থঃ;—যেষাং ভ্রাদীনাং পঞ্চবিংশতেরিমা ব্রাদ্যগালয়ঃ প্রজা
জন্মনা বিভয়া চ সন্ততিরূপা ভবস্থি॥ ৬॥

বঙ্গান্ধনাদ—এই হেতুই ইহা এইরপ হইয়াছে—'মহণ্য ইতি'। ভ্গু প্রভৃতি সাতজন ইহাদের পূর্দে প্রথম চারজন সনকাদি—এই একাদশ মহর্ষিগণ, এই রকম সায়স্ত্রাদি চতুদ্দশমন্ত এবং এইরপ হিরণাগর্ভ হইতে উৎপন্ন পঞ্চবিংশতি মানসপুত্রগণ আমার মন প্রভৃতি হইতে জন্মগ্রহণ করিয়াছে এবং ইহারা সকলেই আমার ভাবে ভাবিত অর্গাৎ আমার চিন্তা-পরায়ণ, এই চিন্তার প্রভাবেই আমার জ্ঞান, ঐশ্বর্গ্য ও শক্তির উপলব্ধি ইহারা করিয়া থাকেন। সেই ভৃগু প্রভৃতি পঞ্চবিংশতি হইতে এই ব্রাহ্মণক্ষত্রিয়াদি প্রজাগণ জন্মের দ্বারা এবং বিভার দ্বারা পূত্র-শিল্পরূপেই জন্মগ্রহণ করিয়াছে॥৬॥

তার ভুমণ—সপ্রমহর্ষি— হণ্ড, মরীচি, অত্রি, পুলস্তা, পুলহ, ক্রতু ও বশিষ্ঠ। ইহাদিগের পূর্বতেন মহর্ষিচতৃষ্ট্য়—সনক, সনন্দ, সনাতন ও সনংকুমার। এই এগার জন ঋষি।

চতুর্দশ মহ্ন—(১) সায়স্থ্র, (২) স্বারোচিষ, (৩) উত্তম, (৪) তামস, (৫) বৈবত, (৬) চাক্ষ্ম, (৭) বৈবস্বত, (৮) সাবর্ণি, (১) দক্ষ্মাবর্ণি, (১০) ব্রহ্মমাবর্ণি, (১১) ধর্ম-সাবর্ণি, (১২) কন্দ্র পুত্র, (সাবর্ণি) (১৩) রোচ্য (দেবসাবর্ণি) (১৪) ভৌত্যক (ইন্দ্রমাবর্ণি)।

ভূগাদি সপ্ত ঋষি ও তৎপূর্বে জাত সনকাদি চতুইয় এবং সায়স্ত্র্বাদি চতুর্দশ মহ এই পঞ্চবিংশ পুরুষ সকলেই শ্রীক্বফের শক্তিসস্থৃত হিরণ্যগর্ভের মন হইতে জাত; ইহাদিগের বংশে জন্মগত বা বিভাগতভাবে শিশ্ব-প্রশিশ্ব ক্রমেই ব্রাহ্মণাদি প্রজাসকল জগতে বিস্তার লাভ করিয়াছে॥ ৬॥ नानकार्य्याणा जना।

## এতাং বিভূতিং যোগঞ্চ মম যো বেত্তি তত্ত্বতঃ। সোহবিকল্পেন যোগেন যুজ্যতে নাত্র সংশয়ঃ॥ ৭॥

তাহয়—্যঃ ( যিনি ) মম ( আমার ) এতাং ( এই সকল ) বিভূতিং যোগং চ ( বিভূতি ও যোগ ) তত্ততঃ ( সমাক্রণে ) বেত্তি ( জানেন ) সঃ ( তিনি ) অবিকল্পেন ( নিশ্চল ) যোগেন ( মদীয় তত্তজানদ্বারা ) যুজাতে ( যুক্ত হন ) অত্ত ( ইহাতে ) সংশয়ঃ ন ( সংশয় নাই )॥ १॥

অনুবাদ— যিনি আমার এই সকল বিভূতি ও ভক্তিযোগ-বিষয় সম্যক্রপে অবগত আছেন, তিনি নিশ্চল-মদীয় তত্তজান-লক্ষণের দারা যুক্ত থাকেন, ইহাতে কোন সন্দেহ নাই॥ १॥

প্রীভক্তিবিনোদ—তত্তজ্ঞানের চরম-সীমা আমার স্বরূপ-জ্ঞান ও শক্তি-জনিত বিভৃতি-জ্ঞান এবং ক্রিয়াযোগের চরম-সীমা ভক্তিযোগ,—এই চ্ই বিষয় যিনি তত্তঃ জানিতে পারেন, তিনি অবিকল্প অর্থাৎ বৈধ-রহিত ভক্তিযোগের অমুষ্ঠান করেন॥ १॥

শ্রীবলদেব—উক্তার্থজ্ঞানফলমাহ,—এতামিতি। এতাং বিধিকজাদিদেবতাসনকাদি-মহর্ষিপায়স্কু বাদিমন্থপ্রম্থং ক্বংস্থপ্রপঞ্চো মদধীনস্থিতি-প্রবৃত্তিজ্ঞানেশ্ব্যা-শক্তিকো ভবতীতোবং পারমেশ্ব্যালক্ষণাং বিভূতিং; যোগমনাগুজ্বাদিভিঃ কল্যাণগুণরত্বৈর্মম সম্বন্ধ যো বেত্তি সর্ক্ষেশ্রেণ সর্ক্ষেত্রন
বাস্থদেবেনোপদিষ্টমিদং তাত্বিকং ভবতীতি দৃঢ়বিশ্বাসেন যো গৃহাতি স
অবিকল্পেন স্থিবেণ যোগেন মন্তক্তিলক্ষণেন যুজ্যতে সম্পন্নো ভবতি;—
এতাদৃশত্যা মজ্জ্ঞানং মন্তক্তেকৎপাদকং বিবর্দ্ধকঞ্চেতি ভাবঃ ॥ १ ॥

বঙ্গানুবাদ—প্র্বোক্ত অর্থজ্ঞানের ফলের কথা বলা হইতেছে—'এতামিতি', বিধিক্তাদি-দেবতা, সনকাদি মহর্ষি, স্বায়স্ক্র্বাদিমক্ত প্রম্থ সমগ্র প্রপঞ্চ (ত্রিভুবন) আমারই অধীনে স্থিতি-প্রবৃত্তি, জ্ঞানৈশ্ব্য শক্তিসম্পন্ন' হয়—এইরূপ পার্মেশ্ব্য-রূপ বিভূতি, যোগ—অনাদিত্ব-অজত্বাদি কল্যাণগুণকর গুণসমূহের দ্বারা আমার বৈশিষ্ট্য যিনি জানিতে পারেন, এবং সর্ব্বেশ্বর, সর্বজ্ঞ, বাস্থদেবের দ্বারা উপদিষ্ট এই সবই যথার্থ বলিয়া দৃঢ় বিশ্বাদের দ্বারা যিনি গ্রহণ করেন, তিনি অবিকল্প—স্থির যোগের দ্বারা অর্থাৎ আমার ভক্তি লক্ষণ যোগের দ্বারা যুক্ত হন অর্থাৎ যোগসম্পন্ন হইয়া থাকেন। এই রক্ম আমার জ্ঞান মন্ডক্তির উৎপাদক ও বির্দ্ধক, ইহাই ভাবার্থ॥ ৭॥

ज्ञान ज्ञान ज्ञान चार्चा व्यापन विकास विकास

তাদুবণ—যিনি আমার এই পারমেশ্র্যা-লক্ষণযুক্তা বিভৃতি অর্থাৎ বিধিকদাদি-দেবতা, সনকাদি মহর্ষিগণ, স্বায়ন্ত্রাদি মন্ত্রপ্র্য সমগ্র জগৎ আমারই শক্তির পরিচয় অর্থাৎ আমার অধীনেই শ্বিতি, প্রবৃত্তি ও জ্ঞানৈশ্র্যা শক্তিযুক্ত হয়; অনাদিন্দ, অজনাদি যাবতীয় কলাগিগুণরত্বের দারা সমন্ধ যুক্ত আমাকে জানেন এবং সর্ক্ষেশ্বর, সর্কান্ত, বাস্ত্রদেবের দারা উপদিষ্ট এই তান্ত্রিক বিচার দৃঢ় বিশ্বাদের সহিত গ্রহণ করেন, তিনিই মৎপ্রসাদে মজ্জান সমাক্ লাভ পূর্কক স্থিরযোগে অর্থাৎ ভক্তিযোগের দারা সম্পন্ন হন, ইহাতে কোন সন্দেহ নাই। এই রকমেই আমার জান মন্তক্তির উৎপাদক ও বিবর্দ্ধক॥ ৭॥

## অহং সর্ববস্থা প্রভবো মত্তঃ সর্ববং প্রবর্ততে। ইতি মত্বা ভজত্তে মাং বুধা ভাবসমন্বিভাঃ॥ ৮॥

অন্বয়—অহং (আমি) সক্ষন্ত (সকলের) প্রভবং (উৎপত্তির হেডু)
মত্তঃ (আমা হইতে) সক্ষং (সকলে) প্রবর্ততে (কাথ্যে প্রবৃত্ত হয়)
ইতি মত্বা (ইহা মনে করিয়া) বুধাং (পণ্ডিতগণ) ভাবদমন্বিতাঃ [সন্]
(ভাবযুক্ত হইয়া) মাম্ (আমাকে) ভজত্তে (ভজন করেন) ॥ ৮॥

অনুবাদ—আমি সকলের উৎপত্তির হেতু, আমা হইতেই সকলের সকল চেষ্টা প্রবৃত্তিত হয়, ইহা অবগত হইয়া পণ্ডিতগণ ভক্তিসহকারে আমাকে ভজন করিয়া থাকেন, আর যাহারা করেন না, তাহারা অপণ্ডিত ॥ ৮॥

প্রীভক্তিবিনোদ—অপ্রাক্বত ও প্রাক্বত, সমস্ত-বস্তরই উৎপত্তিস্থান বলিয়া আমাকে জানিও;—এইরূপ অবগত হইয়া ভাব অর্থাং শুদ্ধভক্তি-সহকারে বাঁহারা আমাকে ভজন করেন, তাঁহারাই 'পণ্ডিত'; অপর সকলেই 'অপণ্ডিত'। ৮॥

ত্রীবলদেব—অথ চতুঃশ্লোকা। পরমৈকান্তিনাং ভক্তিং ক্রবন্ তন্তা জনকং পোষকং চাত্মযাথাত্মাং তাবদাহ,—অহমিতি। স্বয়ং ভগবান্ রুফোইহং সর্ববিদ্যান্ত বিধিক্তপ্রম্থন্ত প্রপঞ্চত্ত প্রভবো হেতুঃ; এবমেবাথব্বস্থ পঠাতে,—
"যো ব্রহ্মাণং বিদ্যাতি পূর্বাং যো বৈ বেদাংক গাপয়তি স্ম রুফাং" ইতি,
"অথ পুরুষো হ বৈ নারায়ণোহকাময়ত প্রজাঃ স্থজেয় ইত্যুপক্রমা"
"নারায়ণাদ্ স্মাজায়তে নারায়ণাং প্রজাপতিঃ প্রজায়তে, নারায়ণাদিন্দ্রো জায়তে,
নারায়ণাদ্রের্গী বসবো জায়ন্তে, নারায়ণাদেকাদেশ ক্রদ্রা জায়ন্তে, নারায়ণাদ্রা-

দশাদিত্যাঃ" ইত্যাদি ;—এষ নারায়ণঃ ক্ষো বোধাঃ,—"ব্রহ্মণ্যে দেবকীপুত্রঃ" ইত্যাত্যন্তরপাঠাৎ। তদাহঃ,—"একো বৈ নারায়ণ আসীন্ন ব্রহ্মা ন ঈশানো नाला नाधि मरमो निरम छावान् थियो न नक्षानि न र्याः म এकाकौ न वमर् তশ্য ধ্যানান্তঃস্থপ্ত যত্ৰ ছান্দোগৈঃ ক্ৰিয়মাণাষ্ট্ৰকাদিসংজ্ঞকা স্থতিস্তোমঃ স্তোমম্চাতে" ইত্যাত্মপক্রমা প্রধানা দিপ্রিমভিধায়াথ পুনরেব "নারায়ণঃ সোহসংকামো মনসা গাায়ত তস্ত গাানাতঃস্থ তল্ললাটালকাঃ শ্লপাণিঃ পুরুষোহজায়ত বিভ্রচ্ছিয়ং সতাং বন্ধচর্যাং তপোবৈরাগাম্" ইতি; তত্ত "চতুমুথো জায়তে" ইত্যাদি চ; ঋক্ চ,—"যং কাময়ে তং তম্গ্রং কুণোমি তং বন্ধাণং তমুষিং তং স্থমেধনম্" ইত্যাদি; মোক্ষধর্মে চ,— "প্রজাপতিং চ ক্তুঞ্চাপাহমেব স্জামি বৈ। তৌহি মাং ন বিজানীতো মম মায়া-বিমোহিতৌ ॥" ইতি, বারাহে চ,—"নারায়ণঃ পরোদেবস্তমাজ্ঞাত চতুমুখাঃ। তস্মাদ্রুদ্রোহভবদেবঃ স চ সর্বজ্ঞতাং গতঃ॥" ইতি। এবঞ্চ মদিতর-নিথিলোপাদাননিমিত্তভূতো ২২মিত্যুক্তম্; যন্তংস্ভূতং, তৎ সর্বাং মতঃ প্রবর্ততে মদধীনপ্রবৃত্তিকমিতি; মদ্যানিখিলনিয়ন্তা চাহমিত্যুক্তম্। ইতি মরা মমেদৃশবং সদ্গুরুন্থারিশিচতা ভাবেন প্রেম্ণা সমন্বিতাঃ সন্তো বুধা মাং ভদ্তন্তে॥ ৮॥

বঙ্গান্ধবাদ—অনন্তর চারিটি শ্লোকের দারা পরম ঐকান্তিক ভক্তদিগের ভক্তির কথা বলিতে গিয়া পুনঃ সেই ভক্তির জনক, পোষক এবং আর্যাথান্ম্র্য অর্থাৎতাঁহার প্রকৃত স্বরূপের কথা বলিতেছেন—'অহমিতি'। আমি স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ, আমি বিধি-কৃদ্র-প্রম্থ এই সমস্ত প্রপঞ্চের উৎপত্তির কারণ। এইরূপই অথর্ববেদে পাঠ করা হইয়াছে—"যিনি ব্রহ্মাকে পূর্বের স্ক্রন করিয়াছেন, যিনি বেদগুলিকে (গান করিয়াছেন) অথবা রক্ষা করিয়াছেন—তিনিই কৃষ্ণ" ইতি। আবার "অনন্তর নিশ্চিতরূপে পরমপুক্ষ নারায়ণ কামনা করিয়াছিলেন প্রক্রা স্থিষ্টি করিব, এই উক্তি আরম্ভ করিয়া নারায়ণ হইতে ব্রহ্মা জন্মগ্রহণ করেন, নারায়ণ হইতে প্রক্রাপতি জন্মগ্রহণ করেন, নারায়ণ হইতে ইক্র উৎপন্ন হয় এবং নারায়ণ হইতে আটজন বন্ধ উৎপন্ন হয়। নারায়ণ হইতে একাদশ ক্রদ্র জন্ম এবং নারায়ণ হইতে আটজন বন্ধ উৎপন্ন হয়। নারায়ণ হইতে একাদশ ক্রদ্র জন্ম এবং নারায়ণ হইতে দাদশ আদিতাও উৎপন্ন হয়" ইত্যাদি। এই নারায়ণ কিন্তু কৃষ্ণকেই জানিবে—কারণ—'ব্রহ্মণা দেবকীপুত্র' এইরূপ পরে পাঠ করা হইয়াছে। তাহাই বলা হইতেছে—"এক নারায়ণই ছিলেন, বন্ধা ছিল না, জশান (কন্দ্র) ছিলেন, এই

ऋर्ग ७ পृथिवी ७ हिल ना, नक्ष्व छलि हिल ना, एशा हिल ना, जिनि এका की এজন্য তৃপ্তি लाভ করিলেন না। তিনি ধ্যানমগ্ন হইলেন যে ধ্যানে ছান্দোগ্য উপনিষৎ কর্ত্তক ক্রিয়মাণ অষ্টকাদি সংজ্ঞক স্ততিস্তোম অর্থাৎ স্তোম, বলা হইয়া থাকে" ইত্যাদি রূপে আরম্ভ করিয়া প্রধানাদি স্প্রির কথা বলিয়া, তারপর পুনরায় "সেই নারায়ণই অন্ত বিষয়ের কামনা করিয়া মনে মনে ধ্যান করিতে লাগিলেন—তাঁহার ধ্যানের মধ্যস্থিত তাঁহার ললাট হইতে ত্রিলোচন শুলপাণিরূপ পুরুষ যিনি শ্রী (ঐশ্বর্যা) সত্যা, বন্ধচর্যা, তপস্থা ও বৈরাগ্যকে ধারণ করিয়া উৎপন্ন হইলেন" ইতি। দেখানে আরও বলা আছে— "চতুমুখ জন্মগ্রহণ করে" ইত্যাদি; ঋকু বেদেও—"যাহাকে আমি কামনা করিতেছি, তাহাকে প্রবল করি সেই ব্রন্ধাকে, ও সেই স্থমেধা সম্পন্ন ঋষিকে" ইত্যাদি। মহাভারতে মোক্ষধর্মেও বলা আছে—'প্রজাপতি এবং ক্রকেও আমি স্জন করিয়া থাকি, ইহা নিশ্চয়রূপে জানিবে"। তাহারা ত্ইজন কিন্তু আমাকে জানিতে পারে না—কারণ—তাহারা হুইজনই আমার মায়ার দারা মৃঢ়; ইতি। বরাহ পুরাণেও আছে "নারায়ণ শ্রেষ্ঠ দেবতা, তাহা হইতে চতুমু খ ব্রহ্মা উৎপন্ন হয়। তাহা হইতে ক্রদ্রদেব উৎপন্ন হয়, সে সর্বজ্ঞতাপ্রাপ্ত হয়"— ইতি। এই প্রকারে আমা হইতে ভিন্ন নিথিল উপাদান ও নিমিত্ত কারণ-ভূত আমি —ইহাই বলা হইল। যাহা আমা হইতে সম্ভূত সেই সমস্তই, আমা হইতেই প্রবর্ত্তিত হয় অর্থাৎ তাহাদের সকলের প্রবৃত্তি আমারই অধীন। আমি ভিন্ন অন্তান্ত অথিল বিশ্বের নিয়ন্তাও ( আমিই ) এই কথাই বলা হইল। ইহা জানিয়া, আমার এতাদৃশ মহিমার কথা সদ্গুরুর মৃথ হইতে নিশ্তিজরপে জ্ঞাত হইয়া ভাব অর্থাৎ প্রেমের দারা সমন্বিত হইয়া, বুধগণ আমাকেই ভজনা করিয়া থাকেন ॥৮॥

তক্রপুদ্ধণ—অনস্তর এক্ষণে প্রীভগবান্ চারিটি শ্লোকে পরম ঐকাস্তিক ভক্তগণের ভক্তির বিষয় বলিতে আরম্ভ করিয়া, সেই ভক্তির জনক, পোষক এবং নিজ আত্মস্বরূপের বিষয় বলিতেছেন যে, স্বয়ং ভগবান্ প্রীকৃষ্ণ—আমি বিধিক্রদাদি সকলের উৎপত্তির কারণ। অথর্কবেদেও পাওয়া যায়,—"যিনি পূর্কে ব্রন্ধাকে সৃষ্টি করিয়াছেন, যিনি আদিকালে বেদগান করিয়াছেন, তিনিই প্রীকৃষ্ণ।"

जानत मक्न आ कार्य विद्याल कार्या प्राप्त नार्या प्राप्त नार्य कार्य कार्य विष्य नार्य प्राप्त नार्य कार्य का

ওঁ অথ পুরুষো হ বৈ নারায়ণোহকাময়ত প্রজাঃ স্বজেয়েতি প্রজাঃ স্বজেরন্। নারায়ণাদ্বন্ধা জায়তে, নারায়ণাদিন্দো জায়তে, নারায়ণাদ্দাদশাদিতা। রুজাঃ ; সর্বা দেবতাঃ সর্বে ঋষয়ঃ সর্বাণি ভূতানি নারায়ণাদেব সম্ৎপত্যন্তে। নারায়ণে প্রলীয়ন্তে।"

অপর ঋগেদে কৃষ্ণ-উপনিষদেও পাওয়া যায়,—

"ও ক্লেখে বৈ সচিচদানন্দঘনঃ, ক্লফ্ড আদিপুরুষঃ, ক্লফঃ পুরুষোত্তমঃ", ইত্যাদি।

শ্রীকৃষ্ণ যাবতীয় প্রাকৃত ও অপ্রাকৃত বস্তুর উদ্ভবস্থান। তাঁহা হইতেই ব্রহ্ম-কন্সাদির উৎপত্তি। এ-বিষয়ে শ্রীমদ্যাগবতেও পাই,—

> "অহং ব্রহ্মা চ শর্বশ্চ জগতঃ কারণং পরম্। আত্মেশ্বর উপদ্রষ্টা স্বয়ংদৃগবিশেষণঃ॥" (—৪।৭।৫০)

অর্থাৎ আমি জগতের ধরম কারণ, আত্মা, ঈশ্বর ও শক্তিম্বরূপ; আমি স্বপ্রকাশ ও জড় উপাধি-রহিত, অপ্রাকৃত বস্তু; আমিই আবার গুণাবতার বন্ধা ও শিবরূপে প্রকাশিত হই।

এস্থলে শ্রীমন্তাগবতের "অহমেবাসমেবাগ্রে" (২।১।৩২) শ্লোকও দ্রপ্তরা।
মাক্ষ-ধশ্মেও পাওয়া যায়,—প্রজাপতি এবং কদকে আমি স্কলন করি,
কিন্তু তাহারা তুইজনে আমার মায়ায় বিমোহিত হইয়া আমাকে জানিতে
পারে না।

বরাহ পুরাণেও পাওয়া যায়,—

পরদেবতা নারায়ণ ২ইতে চতুমুর্থ ব্রহ্মার উৎপত্তি এবং তাহা হইতেই রুদ্রদেব উৎপত্তি লাভ করেন ও সর্বাজ্ঞতা প্রাপ্ত হন।

ব্রন্ধা যেমন নারায়ণের নাভিপদ্ম হইতে উদ্ভূত হন। শিবও নারায়ণের ললাট প্রদেশ হইতে উদ্ভূত হইয়াছেন।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাই যে, "অন্তর্য্যামি-স্বরূপ শ্রীভগবান্ হইতেই সকল জগৎ কার্য্যে রত হয়, এবং নারাদাদি অবতারাত্মক তাঁহা হইতেই ভক্তি-জ্ঞান-তপ্-কর্মাদি সাধন এবং তত্তৎ সাধ্য প্রবৃত্ত হয়।"

শ্রভিগবান্ হইতে দকলের উৎপত্তি এবং তাহা হইতেই দকলে কার্যো রত

হয়। এইরপ মাহাত্মা সদ্গুক্-মুখে শ্রবণ পূর্বক যাঁহারা নিশ্চয় করিতে পারেন, অর্থাৎ আন্তিক্য বৃদ্ধি-সহকারে নিশ্চয় করিয়া, বুধ অর্থাৎ পণ্ডিত হন, তাঁহারা দাস্তস্থ্যাদি প্রেমযুক্ত হইয়া আমাকে ভজনা করিয়া থাকেন ॥ ৮॥

## মচিত্রা মদৃগতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্। কথয়ন্তশ্চ মাং নিত্যং তুয়ন্তি চ রমন্তি চ॥ ১॥

ত্বর্য়—মচিতাঃ ( আমাতে সমর্পিত চিত্ত ) মদ্গতপ্রাণাঃ (মদর্পিত জীবন)
[তে—তাঁহারা ] নিত্যং ( সর্বাদা ) পরস্পরম্ ( পরস্পরকে ) মাং ( আমার
তত্ত্ব ) বোধয়ন্তঃ ( বুঝাইতে বুঝাইতে ) চ ( এবং ) কথয়ন্তঃ ( কীর্ত্তন করিতে
করিতে ) তুশ্বন্তি চ রমন্তি চ ( সন্তোষ লাভ করেন ও আনন্দ অমুভব
করেন ) ॥ ১ ॥

অনুবাদ—আমাতে সমর্পিত চিত্ত ও সমর্পিত প্রাণ তাঁহারা নিত্য পরস্পর আমার তত্ত্ব-আলাপন করিয়া এবং কীর্ত্তন করিতে করিতে, সাধন অবস্থায় ভক্তিস্থথ এবং সাধ্যাবস্থায় রমণ স্থুখ লাভ করেন॥ ৯॥

শ্রীভক্তিবিনোদ—এতাদৃশ অনগ্য-ভক্তদিগের চরিত্র এইরূপ;—তাঁহারা চিত্ত ও প্রাণকে আমাতে সমাক্ অর্পণ করত পরস্পর ভাব-বিনিময় ও হরিকথায় কথোপকথন করিয়া থাকেন; সেইরূপ শ্রবণ-কীর্ত্তন-দ্বারা সাধনাবস্থায় ভক্তিস্থথ ও সাধ্যাবস্থায় অর্থাৎ লব্ধপ্রেম-অবস্থায় আমার সহিত্র রাগ-মার্গে ব্রজর্সান্তর্গত মধুর-রূস পর্যান্ত সম্ভোগপূর্দ্দক রুমণ-স্থখ লাভ করিয়া থাকেন॥ ১॥

ত্রীবলদেব—ভক্তে: প্রকারমাহ,—মচ্চিত্রা ইতি। মচ্চিত্রা মৎস্থৃতিপরা মদ্যাতপ্রাণা মাং বিনা প্রাণান্ ধর্ত্ত্মক্ষমাঃ মীনা ইব বিনান্তঃ পরম্পরং মদ্রপগুণ-লাবণ্যাদি বোধয়ন্তম্বণা মাং স্বভক্তবাৎসল্যনীরধিমতিবিচিত্রচরিতং কথয়ন্ত-শেচত্যেবং স্মরণশ্রবণকীর্ত্তনলক্ষণৈভ্জনৈঃ স্বধাপানৈরিব তুয়ন্তি, তথৈব তেম্বেব রমন্তে চ যুব্তিস্মিতকটাক্ষাদিষিব যুবানঃ॥ ১॥

বঙ্গান্ধবাদ—ভক্তির প্রকারের কথা বলা হইতেছে—'মচ্চিত্তা ইতি'। 'মচ্চিত্তা' আমার কথা যাঁহারা দকল দময়েই স্মরণ করেন, 'মদ্গতপ্রাণা'—আমা ব্যতীত প্রাণ ধারণে অক্ষম। দৃষ্টান্ত—মংস্থ যেমন জল বিনা প্রাণধারণে অক্ষম। পরস্পর আমার রূপ, গুণ ও লাবণ্যাদি আলোচনা-পরায়ণ হইয়া, আমি স্বীয়

ভক্তের প্রতি বাংসল্য-সমুদ্র অতি বিচিত্র আমার চরিত্র—ইহা কীর্ত্তন করিয়া শ্বরণ-শ্রবণ-কীর্ত্তনরূপ ভজনের দ্বারা অমৃত পানের মত সন্তুষ্ট হয় এবং তাহাতেই রমণস্থথ অমুভব করেন; যুবকগণ যেমন যুবতী নারীর হাসি ও কটাক্ষেতে সন্তুষ্ট হয়, সেইরূপ সন্তুষ্ট হয় ॥ ১॥

অনুভূষণ—পূর্বলোকে শ্রীভগবান্ বলিয়াছেন যে, যাঁহারা তাঁহার যথার্থস্বরূপ দদ্গুরুর মূথে শ্রবণপূর্বক, ভাব-সমন্থিত অর্থাৎ দাশ্য-সথ্যাদি প্রেম-সহকারে তাঁহার ভজনা করেন, তাঁহারাই পণ্ডিত। এক্ষণে বর্তমান শ্লোকে সেই ভক্তির প্রকার বলিতেছেন। তাঁহারা তদগতচিত্ত হন অর্থাৎ দর্বক্ষণ শ্রীভগবানের শ্বতিপরায়ণ হইয়া থাকেন; এবং তাঁহারা তদগতপ্রাণ হইয়া থাকেন অর্থাৎ জল-বিনা যেমন মংশ্র জীবন ধারণ করিতে পারে না, জলগতপ্রাণ মৎশ্রের ন্থায় তাঁহারাও শ্রীভগবানকে বাদ দিয়া অর্থাৎ তাঁহার বিরহ ক্ষণকালের জন্ম সহ্ম করিতে পারেন না। প্রেমিক ভক্তগণ ভগবিদ্বিরহে কিরূপ কাতর হন, তির্বয়ে শ্রীচৈতন্যচরিতামূতে পাওয়া যায়,—

"উদ্বেগে দিবস না যায়, 'ক্ষণ' হৈল 'যুগ' সম।
বর্ষার মেঘপ্রায় অশ্রু বর্ষে নয়ন॥
গোবিন্দ-বিরহে শৃন্ম হইল ত্রিভুবন।
তুষানলে পোড়ে,—যেন না যায় জীবন॥" ( অন্তা ২০।৪০-৪১ )
শ্রীমদ্ভাগবতেও পাওয়া যায়,—

"হরিহি দাক্ষান্তগবাস্থরীরিণামাত্মা ঝধাণামিব তোয়মীপ্দিতম্," (ভাঃ—৫।১৫।১৩)

এই শ্লোকের টীকায় শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,—"কোন মংস্তজাতি যে-প্রকার জল পরিত্যাগ করিয়া বহিস্তটাদিতে স্থুখলাভের আশায় বিচরণ করিতে গিয়া জীবমূত হয়, সেই প্রকারই হরিবিম্থ জীবতকালেই মৃত।"

স্থতরাং প্রেমিক ভক্তগণ পরস্পর মিলিত হইয়া শ্রীভগবানের রূপ-গুণ-লাবণ্যাদি-বিষয়ে আলাপন করিয়া থাকেন। স্বীয় ভক্তের প্রতি বাৎসলাসমুদ্র, অতিশয় বিচিত্র লীলাময় চরিত, শ্রীভগবানের কথা পরস্পর আলোচনা করিতে করিতে, স্মরণ, শ্রবণ, কীর্ত্তনরূপ ভদ্ধনের দ্বারা স্থধাপানের স্থায় অপার আনন্দ আস্বাদ করিয়া থাকেন। এমন কি, সেই প্রকার রাগমাগীয় ভদ্ধনের ফলে, তাঁহারা শ্রীভগবানের রুমণস্থ লাভ করেন। যুবকগণ যেমন

যুবতীর হাস্থ-কটাকাদি-দর্শনে তৃপ্তি লাভ করিয়া থাকে, তাঁহারাও অর্থাৎ প্রেমিক ভক্তগণও শ্রীভগবানের গুণ-লীলাদি, শ্রবণ-কীর্ত্তন-মরণমূলে শ্রীভগবানের দর্শনাদি-জনিত প্রেমস্থ প্রাপ্ত হন।

শ্রীমন্তাগবতে পাওয়া যায়,—

"এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্তা জাতারুরাগো জ্রুতচিত্ত উল্লৈ:। হসত্যথো রোদিতি রৌতি গায়ত্যুমাদবন্নৃত্যতি লোকবাহাং॥"

( >>12180 )

#### শ্রীচৈতনাচরিতামৃতেও পাই,—

"প্রেমার স্বভাবে করে চিত্ত-তম্থ-ক্ষোভ।
ক্ষেত্র চরণ-প্রাপ্ত্যে উপজয় লোভ॥
প্রেমার স্বভাবে ভক্ত হাদে, কান্দে, গায়।
উন্মত্ত হইয়া নাচে, ইতি উতি ধায়॥
ক্ষেদ, কম্প, রোমাঞ্চাঞ্চ, গদ্গদ-বৈবর্ণা।
উন্মাদ, বিষাদ, ধৈর্য্য, গর্ব্ব, হর্ষ, দৈগু॥
এত ভাবে প্রেমা ভক্তগণেরে নাচায়।
ক্ষেত্রে আনন্দামৃত-সাগ্রে ভাসায়॥" (আদি—৭৮৭-১০)

শ্রীহরিভক্তি-সুধোদয়-গ্রন্থে পাওয়া যায়,—

''তৎসাক্ষাৎকরণাহলাদবিশুদারিস্থিতশু মে।

স্থানি গোপাদয়ন্তে ব্রাহ্মণ্যাপিজগদ্পরো॥" (১৪ অঃ ৩৬ শ্লোঃ)
অর্থাৎ হে জগদ্পরো! আমি তোমার স্বরূপের দাক্ষাৎকার লাভ করিয়া
আহলাদরপ বিশুদ্ধ সমূদ্রে অবস্থিতি করিতেছি। আর সমস্ত স্থথ আমার
নিকট গোপ্পদতুলা বোধ হইতেছে। এমন কি, ব্রহ্মে-লয়ে জীবের যে স্থথ
তাহাও গোম্পদস্করপ।

শ্রীচৈতগুচরিতামৃতেও পাই,—

''কুঞ্চনামে যে আনন্দসিন্ধু-আস্বাদন। ব্রন্ধানন্দ তার আগে থাতোদক-সম॥ ( আদি—৭।১৭ )॥ ১॥

ভেষাং সভতযুক্তানাং ভজভাং প্রীতিপূর্বকম্। দদামি বৃদ্ধিযোগং ভং যেন মামুপযান্তি তে॥ ১০॥ ত্বাস্থা—সতত্যুক্তানাং (নিত্যাভিযুক্ত) প্রীতিপূর্ব্যকম্ (প্রীতিসহকারে) ভঙ্গতাং (ভঙ্গনকারী) তেখাং (তাঁহাদের) তং (সেই) বুদ্ধিযোগং (বুদ্ধিযোগং) [অহং—আমি] দদামি (দান করি) যেন (ফদ্বারা) তে (তাঁহারা) মাম্ (আমাকে) উপযান্তি (প্রাপ্ত হন)॥ ১০॥

অনুবাদ—সতত্যুক্ত, প্রীতিপূর্ব্বক ভজনকারী তাঁহাদিগকে আমি সেই প্রকার বুদ্ধিযোগ প্রদান করিয়া থাকি, যদ্বারা তাঁহারা আমাকে প্রাপ্ত হন॥ ১০॥

শ্রীভক্তিবিনোদ—নিত্যভক্তিযোগ-দ্বারা যাঁহারা প্রীতিপূর্ব্বক আমার ভজন করেন, আমি তাঁহাদের শুদ্ধজ্ঞান-জনিত বিমল প্রেমযোগ দান করি; তাঁহারা তাহা-দ্বারা আমার প্রমানন্দ-ধামকে লাভ করেন॥ ১০॥

ত্রীবলদেব—নত্ন স্বরূপেণ গুণৈবিভৃতিভিন্দানন্তং বাং কথং গুরূপদেশমাত্রেণ তে গ্রহীতুং ক্ষমেরনিতি চেত্তরাহ,—তেষামিতি। সতত্যুক্তানাং নিত্যং মদ্যোগং বাঞ্চতাং প্রীতিপূর্ব্বকং মম যাথাত্মাজ্ঞানজেন ক্ষচিভরেণ ভজতাম্। তং বৃদ্ধিযোগমহং স্বভক্তিস্থারসিকো দদামার্পয়ামি,—যেন তে মাম্পয়ান্তি তদ্বৃদ্ধিং তথাহম্ভাবয়ামি যথানন্তগুণবিভৃতিং মাং গৃহীত্বোপাশ্র চপ্রাপ্রুবন্তীতি॥ ১০॥

বঙ্গান্ধবাদ—প্রশ্ন—স্বরূপে, গুণে ও বিভূতির দ্বারা যিনি অনস্ত, সেই তোমাকে কিরপে গুরুর উপদেশমাত্রেই তাঁহারা (ভক্তেরা) জানিতে অর্থাৎ গ্রহণ করিতে সক্ষম হইবেন ? ইহা যদি বলা হয়, তত্ত্তরে বলা হইতেছে—'তেষামিতি'। সতত্যুক্ত অর্থাৎ নিত্যই আমার সংযোগেচ্ছু এবং প্রীতিপূর্ব্বক অর্থাৎ আমার যথাস্বরূপ-জ্ঞানজনিত অতিশয় কচির দ্বারা ভজনশীলগণকে সেই বুদ্ধিযোগ স্বভক্তি-স্থেরদিক আমি (তাঁহাদের) দান করিয়া থাকি। যাহার দ্বারা তাঁহারা আমাকে লাভ করেন। তাঁহাদের বুদ্ধিকে আমি সেইভাবেই উদ্ভাবন করিয়া থাকি, যাহাতে অনস্তগ্রণ-বিভৃতিপূর্ণ আমাকে গ্রহণ করিয়া এবং আমার উপাদনা করিয়া আমাকে প্রাপ্ত হন॥ ১০॥

অনুত্বণ—কেহ যদি পূর্ব্বপক্ষ করেন যে, অনন্ত গুণ ও বিভূতিমান্ শ্রীভগবংশ্বরূপকে কেবলমাত্র গুরুপদেশের দ্বারা ভক্তগণ কি প্রকারে লাভ করিতে সমর্থ হন ? তত্ত্তরে শ্রীভগবান্ বলিতেছেন যে, যাঁহারা সতত-যুক্ত হইয়া, নিত্য ভক্তিযোগে, শুদ্ধ আত্মজান্জনিত কুচিদ্বারা প্রীতিপূর্ব্বক তাঁহার ভজনা করেন, তাঁহাদিগকে স্বীয় ভক্তিরস-স্থাস্বাদনকারী তিনি সেইরূপ বুদ্ধিযোগ প্রদান করেন, যাহাতে তাঁহারা অর্থাং ভক্তগণ দেই ভগবানের 'প্রেরণাক্রমেই অনস্ত গুণ-বিভৃতিশালী তাঁহাকে আশ্রয় পূর্বক উপাসনা করিয়া প্রাপ্ত হন।

এ-সম্বন্ধে শ্রীমন্তাগবতে ঋষিগণের বাক্ষোও পাওয়া যায়,—''বৈরাগাভক্তাাত্ম-জয়ায়ভাবিতজ্ঞানায় বিছাগুরবে নমো নমঃ॥" (—৩।১৩।৪১)। শ্রীনারদের বাক্ষোও পাই,—"সাক্ষান্তগবতোক্তেন গুরুণা হরিণা নূপ। বিশুদ্ধজ্ঞানদীপেন ক্ষুরতা বিশ্বতোম্থম্॥" (ভাঃ ৪।২৮।৪১) অর্থাৎ হে রাজন্, স্বয়ং ভগবানই গুরুরপে তাঁহার (মলয়ধ্বজের) হদয়ে বিশুদ্ধ জ্ঞানালোক প্রকাশ করিয়াছিলেন বলিয়াই সর্ব্বত্র তাঁহার সেই জ্ঞান ক্ষুরিত হইত। শ্রীভগবান্ স্বয়ং প্রচেতাগণকেও বলিয়াছেন,—"যে তু মাং রুদ্রগীতেন সায়ং প্রাতঃ সমাহিতাঃ। স্বর্বস্তাহং কামবরান্ দাস্থ্যে প্রজ্ঞাঞ্চ শোভনাম্॥"—(ভাঃ ৪।৩০।১০)।

শ্রীচৈত্যচরিতামৃতেও পাওয়া যায়,—

"বিচার করিয়া যবে ভজে কৃষ্ণ পায়। দেই বুদ্ধি দেন তাঁরে, যাতে কৃষ্ণ পায়॥" ( মধ্য ২৪।১৮৫ )

বেদান্তস্ত্রে পাওয়া যায়,—"নিরপেক্ষ অধিকারিগণের সৎসঙ্গদারা পরমেশ্বরের বিশেষ অনুগ্রহ হইতে বিভা স্থলভা।" এই বিষয়ে স্থ্র বলিতেছেন—"বিশেষান্ত্রহক"—৩।৪।৩৮ (গোবিন্দভাষা)॥১০॥

## তেষামেবাকুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ। নাশয়াম্যাত্মভাবস্থো জ্ঞানদীপেন ভাস্বভা ॥ ১১॥

অন্বয়—তেষাম্ ( তাঁহাদিগের ) অন্বক্পার্থম্ এব ( অন্বগ্রহের নিমিত্তই ) অহং ( আমি ) আত্মভাবস্থঃ (বৃদ্ধিবৃত্তিতে স্থিত) [সন্—হইয়া] ভাস্বতা (প্রদীপ্ত) জ্ঞানদীপেন ( জ্ঞানালাকের দ্বারা ) অজ্ঞানজম্ ( অজ্ঞানজাত ) তমঃ ( অন্ধকার-রূপ সংসার ) নাশয়ামি ( নাশ করি )॥ ১১॥

অনুবাদ—তাঁহাদিগকে অনুগ্রহ করিবার নিমিত্তই, আমি তাঁহাদের বুদ্ধি-বৃত্তিস্থ হইয়া প্রদীপ্ত জ্ঞানালোকের দারা অজ্ঞানজনিত অন্ধকাররূপ সংসার নাশ করি॥ ১১॥

ত্রীভক্তিবিনোদ—এরপ ভক্তিযোগের অনুষ্ঠাতাদিগের অজ্ঞান থাকিতে

পারে না। অনেকের মনে এরপ উদিত হয় যে, 'হাহারা অতরিরসন-ক্রমে তদ্বস্তর অন্সন্ধান করেন, তাঁহারা যথার্থ জ্ঞান লাভ করেন; কেবলভিজভাবের অনুশীলন করিলে সেই ত্র্রভ জ্ঞান কিরপে পাওয়া ঘাইবে?' হে অর্জুন! ইহাতে মূল কথা এই, নিজ-বুদ্ধির অনুশীলন-ক্রমে ক্রুদ্র-জীব কথনই অসীম সত্য-তত্ত্বের জ্ঞান লাভ করিতে পারে না; যতই বিচার করুক, কিছুতেই বিশুদ্ধ জ্ঞান লাভ করিবে না; তবে যদি আমি রূপা করি, তাহা হইলেই অনায়াসে আমার অচিন্তা-শক্তিবলে ক্রুদ্র-জীবের সম্যক্ জ্ঞান-লাভ হইতে পারে। হাহারা—আমার একান্ত ভক্ত, তাঁহারা অনায়াসে আমাকে আত্মভাবস্থ করিয়া আমার অলোকিক জ্ঞানদীপদ্বারা আলোকিত হন; আমি বিশেষ অন্থকম্পা-পূর্বক তাঁহাদের হৃদয়ে অবস্থিতি করত, তাঁহাদের জড়সঙ্গ-বশতঃ যে অজ্ঞানজাত অন্ধকার, তাহা সম্পূর্ণরূপে নাশ করি। জীবের যে শুদ্ধজ্ঞানে অধিকার, তাহা ভক্তির অনুশীলন-ক্রমেই উদিত হয়; তর্ক-দ্বারা তাহা লর্ক হয় না॥ ১১॥

শ্রীবলদেব—নম্ন চিরন্তনস্থাবিদ্যা-তিমিরস্থ সন্থাত্রেষাং হাদি কথং তৎপ্রকাশঃ স্থাদিতি চেত্রাহ,—তেষামেবেতি। তেষামেব মাং বিনা প্রাণান্ধর্ত্ব্যমমর্থানাং মদেকান্তিনামেব, ন তু সনিষ্ঠানামমূকম্পার্থং মৎক্ষপা-পাত্রর্থার্ম্ম। অহমেবাত্মভাবস্থোহরবিন্দকোষে ভূদ্ণ ইব তদ্ভাবে দ্বিতো দিব্যস্বরূপ গুণাংস্তত্র প্রকাশয়ংস্তদ্বিষয়কজ্ঞানরূপেণ ভাস্বতা দীপেন জ্ঞানবিরোধ্যনাদিকর্মরূপাজ্ঞানজং মদন্যবিষয়স্পৃহারূপং তমো নাশয়ামি।
তেষামেকান্তভাবেন প্রসাদিতোহহং যোগক্ষেমবদ্ব্দির্ত্তক্ষাবনং তদ্ত্বিতমোবিনাশঞ্চ করোমীতি তৎসর্মনির্বাহ্ভারো মমেবেতি ন তৈঃ কুত্রাপ্যথে
প্রযতিত্বামিত্যুক্তম্। নবমাদি-দ্বরে গীতাগর্ভেহ্মিন্ যৎ প্রকীন্তিতং, তদেব
গীতাশাস্থার্থদারং বোধাং বিচক্ষবিঃ ॥ ১১ ॥

বঙ্গান্তবাদ—প্রশ্ন—জন্মজন্মার্জিত—চিরকালের অবিভারপ অন্ধকার তাহাদের হৃদয়ে অবস্থান হেতু কিরপে তাহাদের ভক্তিযোগের প্রকাশ হৃইবে ? ইহা যদি বলা হয়, তহত্তরে বলা হৃইতেছে—'তেষামেবেতি'। তাহাদেরই অর্থাৎ আমাকে ভিন্ন প্রাণধারণে অসমর্থ ও আমার প্রতি একান্তী অর্থাৎ একাগ্রচিত্তসম্পন্ন ব্যক্তিদিগেরই, কিন্তু সনিষ্ঠগণের নহে, একান্তীদিগের প্রতি অন্বম্পাহতু অর্থাৎ তাহারা আমার রূপাপাত্র-হেতু। আমিই সেইরপ

ঐকান্তিক ভক্তগণের হৃদয়ে অবস্থিত হইয়া পদ্মকোষে ভ্ষেরে মত দেইভাবেই থাকিয়া দিব্যস্থরপগুণগুলি সেথানে প্রকাশ করি, দেইসব বিষয়ের জ্ঞানরপ দীপ্তিবিশিষ্ট প্রদীপের দ্বারা জ্ঞানবিরোধি-অনাদি-কর্মরপা অজ্ঞানজাত আমি ভিন্ন অন্য বিষয়ের স্পৃহারপ তম অর্থাৎ অজ্ঞানকে নাশ করিয়া থাকি। তাঁহাদের আমার প্রতি ঐকান্তিক ভক্তিভাবের দ্বারা আমি প্রসন্নচিত্ত হইয়া, যোগক্ষেমের ন্যায় বুদ্ধির্ত্তির উদ্ভাবন এবং তাঁহাদের চির অজ্ঞানরপ অন্ধকারকেও বিনাশ করিয়া থাকি। ইহাতে জানিবে যে—সেইসব একনিষ্ঠ ভক্তের সেই যাবতীয় বস্তুর নির্বাহভার আমারই। এই মনে করিয়া তাঁহাদের কোন কার্যা-নির্বাহের জন্ম অন্য কোথায়ও যত্ন করিতে হইবে না, ইহাই বলা হইল। নবম ও দশম এই ছই অধ্যায়াত্মক এই গীতাগর্ভে আমাকর্ভ্ক যাহা বিশেষরূপে বলা হইয়াছে, তাহাকেই বিচক্ষণগণ গীতাশাম্মের

সারার্থ বলিয়া জানিবেন॥ ১১॥

তারুভুষণ—যদি কেহ বলেন যে, জনাদি অবিচারপ অন্ধকার যাহাদের
হদয়ে বর্তুমান, তাহাদের কি প্রকারে শ্রীভগবানের প্রকাশ লাভ হইবে?
ততুত্তরে বলিতেছেন,—যাহারা আমারাতীত প্রাণ-ধারণে দমর্থ নহে,
সেইরপ ঐকান্তিক ভক্তগণই আমার রূপার পাত্র। দনিষ্ঠগণ কিন্তু সেরপ
রূপার পাত্র নহে। পদ্মে ভূদের অবস্থানের তাায় সেই একান্তিক ভক্তগণের
হদয়ে অবস্থিত হইয়া, শ্রীভগবানই স্বকীয় দিব্য স্বরূপগুণাদি সেই ভক্তের
হদয়ে প্রকাশকরতঃ জ্ঞানরূপ দীপ্রিশালী প্রদীপের দ্বারা জ্ঞানের বিরোধী
অনাদিকর্মরূপ অজ্ঞানজাত ভগবদিতর অত্য স্পৃহারূপ তমো নাশ করিয়া
থাকেন। তাহাদের ঐকান্তিকভাবেই প্রসন্ন হইয়া শ্রীভগবান্ স্বয়ং যেমন
যোগক্ষেম বহন করেন, সেইরূপ, বুদ্ধিবৃত্তিরও উদ্ভাবন পূর্বক হদয়ন্থ অজ্ঞান
বিনাশ করিয়া থাকেন। ইহার দ্বারা ইহাই প্রকাশ পায় য়ে, শ্রীভগবানই
ঐকান্তিক ভক্তের সকল ভার নির্ব্বাহ করেন, কোন বিষয়ের জন্ম ঐকান্তিক
ভক্তকে প্রযত্ন করিতে হয় না। নবম ও দশম অধ্যায়ে কথিত এই সকল
বিষয়কে বিচক্ষণ ব্যক্তিগণ গীতাশাস্ত্রসার বলিয়া বুঝিয়া থাকেন।

শ্রীল চক্রবন্তিপাদের টীকার মর্শ্বেও পাই,—

"আমার অনুকম্পা পাইবার জন্ম তাঁহাদের (সেই একাস্তিক ভক্তগণের) কোন চিস্তা করিতে হয় না, যেহেতু তাঁহারা যাহাতে আমার অনুকম্পা পান, তজ্জনা আমিই যত্নাল থাকি। 'আত্মভাবস্থঃ'—তাঁহাদিগের বৃদ্ধিবৃত্তিতে অবিতি । জ্ঞান একমাত্র আমার প্রকাশ্য বলিয়া সান্ধিক নহে, নিগুণ হইলেও ভক্তি হইতে উথিত জ্ঞান হইতে বিলক্ষণ যাহা, তাহাই দীপ, তদ্দারা আমিই নষ্ট করি, অতএব তাঁহারা তজ্জন্য প্রযত্ন করিবেন কেন? সর্বাদা মদেকনিষ্ঠগণের যোগ ও ক্ষেম আমি বহন করি, (গাঃ ১০২২) আমার এই উক্তি হইতে তাঁহাদিগের ব্যবহারিক এবং পার্মার্থিক সকল ভার আমিই বহন করিতে অঙ্গাঁকার করিয়াছি। এই চারিটি শ্লোক শ্রীমন্তগ্রদ্গীতার সারভৃত বলিয়া থাতে, ইহা সর্বাভূতের তাপহারী ও সর্বামন্ত্রলকারী' ॥ ১১॥

#### অৰ্জুন উবাচ,—

পরং ব্রহ্ম পরং পাম পবিত্রং পরমং ভবান্।
পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভুম্॥ ১২॥
আছস্তাম্বয়ঃ সর্বের দেবর্ষিনারদস্তথা।
অসিতো দেবলো ব্যাসঃ স্বয়ঞ্চৈব ব্রবীষি মে॥ ১৩॥

ত্বান্ (তুমি) পরং বন্ধ (পরবন্ধ) পরং ধাম (পরবন্ধ) পরং ধাম (পরমধাম) পরমং পবিত্রং (পরম পবিত্র) [ অহং বেদ্মি—আমি জানি ] সর্বের ঋষয়ঃ (সকল ঋষি) দেবর্ষিঃ নারদঃ তথা অনিতঃ, দেবলঃ, ব্যাসঃ, আম্ (তোমাকে) শাশতং (নিতা) দিবাং আদিদেবং অজং (জন্মরহিত) বিভূম্ পুরুষম্ আহুঃ (বলিয়া থাকেন) চ (এবং) স্বয়মেন (তুমি স্বয়ংই) মে (আমাকে) ব্রবীষি (বলিতেছ)॥ ১২-১৩॥

অনুবাদ— স্বর্জনুন বলিলেন,—তুমি পরব্রন্ধ, পরম ধাম, পরম পবিত্র, ইহা আমি জানি, ঋষিগণ সকলে যথা দেবর্ষি নারদ, অসিত, দেবল, ব্যাস তোমাকে শাশত, দিবা, আদিদেব, অজ, বিভূ ও পুরুষ বলিয়া থাকেন এবং তুমি স্বয়ংই আমাকে বলিতেছ॥ ১২-১৩॥

শীভাজিবিনাদে—গাতাশাম্বের সারভৃত উক্ত চারটি শ্লোক শ্রবণ করিয়া অর্জুন-মহাশয় বিষয়টিকে আরও সরল করিয়া ব্ঝিবার জন্ম কহিলেন,—হে ভগবন্! দেবর্ষি নারদ, অসিত, দেবল, ব্যাস প্রভৃতি ঋষিগণ ও আপনি স্বয়ং স্থাপন করিয়াছেন যে, সচ্চিদানন্দস্করপ আপনিই পরম-ব্রহ্ম, পরম-স্বরূপ, পরম-পুরুষ, নিত্য, আদিদেব, অজ ও বিভু॥ ১২-১৩॥

শ্রীবলদেব—সংক্ষেপেণ শ্রুতাং বিভূতিং বিস্তরেণ শ্রোতুমিচ্ছন্নর্জন উবাচ,
—পরমিতি। ভবানেব—"সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইতি শ্রুমমাণং পরং ব্রহ্ম;
ভবানেব—"ভিশ্মিরেবাশ্রিতাঃ সর্বে তত্ব নাত্যেতি কশ্চন" ইতি শ্রুমমাণং পরং
ধাম নিথিলাশ্রয়ভূতং বস্তু; ভবানেব—"পরমং পবিত্রং জ্ঞান্বা দেবং মৃচ্যতে
সর্ব্রেপাপেঃ সর্বাং পাপানাং তরতি নৈনং পাপা। তরতি" ইত্যাদি শ্রুমমাণং
শ্রেজ্বথিলপাপহরং বস্তু ইত্যহং বেদি। তথা সর্বে তদক্ষকম্পিতা ঋষয়স্তেষ্
প্রধানভূতা নারদাদয়শ্চ "তন্মাৎ কৃষ্ণ এব পরো দেবস্তং ধ্যায়েত্রং বসেত্রং ভজেত্রং
ঘজেৎ" ইতি, ও তৎসং" ইতি, "জন্মজরাভ্যাং ভিন্নঃ স্থাবয়মচ্ছেত্যোহয়ম্"
ইতি শ্রুতার্থিদিস্তাং "দিবাং পুরুষমাদিদেবমজং বিভূম্" আহস্তত্রৎকথা-সন্থাদেম্
পুরাণেদিতিহাসেম্ চ শ্বর্ষ ব্রীষীতি,—'অজোহিপ সন্ধ্রায়্রা' ইতি, 'যো
মামজমনাদিশ্ব' ইতি, 'অহং সর্বান্ত প্রভবং' ইত্যাদিভিঃ ॥ ১২-১৩॥

বজানুবাদ—সংক্ষেপে শ্রুত ভগবান্ শ্রীক্ষের বিভূতিকে পুনঃ বিস্তারিত-ভাবে প্রবণ করিবার ইচ্ছুক হইয়া অর্জুন বলিলেন—'পরমিতি'। আপনিই — "স্তাস্থরপ, জ্ঞানস্থরপ ও অনন্তস্থরপ একা" এইরপে জ্যুমাণ প্রব্জ। আপনিই—"আপনাতেই সকলে আপ্রিত; অতএব কেহই আপনাকে অতিক্রম করিতে পারে না" ইতি; শ্রমাণ পরমধাম—অর্থাং নিথিলাশ্রয়ভূত বস্ত; আপনিই—"পরম পবিত্র ও দেবরূপে জানিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হয় অর্থাৎ তিনি সমস্ত পাপ নাশ করেন কিন্তু ইহাকে অন্ত কেহ পাপ হইতে উত্তীর্ণ করিতে পারে না" ইত্যাদি শ্রমাণ কথার স্মরণকর্তার অথিল পাপহর বস্ত ; ইহা আমি জানি। সেই সকল ভগবানের অত্কম্পাসম্পন্ন ঋষিগণ এবং তাঁহাদের মধ্যে প্রধানস্বরূপ নারদাদি ঋষিগণ; অতএব রুষ্ণই পরম দেবতা, তাঁহাকে ধ্যান করিবে এবং তাঁহার কীর্ত্তন করিবে; তাঁহাকে ভজনা করিবে এবং তাঁহাকে পূজা করিবে; ইতি। তিনিই প্রণববাচ্য পরবন্ধ সৎ; ইতি। "জন্ম ও জরা ঘারা ভিন্ন এই জীব স্থিরতর ইহা অচ্ছেল" এই শ্রুতির অর্থবিদ্গণ তোমাকে "দিব্য-পুরুষ, আদিদেব, অজ ও বিভু", জানেন। এইরূপ কথাপূর্ণ সম্বাদ পুরাণ ও ইতিহাসাদিতে আছে এবং নিজেই বলিতেছ— "অজ এবং অবায়াত্মা হইয়া" ইতি—"যে আমাকে অজ ও অনাদি" ইতি ''আমিই সকলের উৎপত্তির কারণ'' ইত্যাদির দারা॥ ১২-১৩॥

### সর্বমেতদৃতং মন্তো যন্ত্রাং বদসি কেশব। ন হি তে ভগবন্ ব্যক্তিং বিতুর্দ্দেবা ন দানবাঃ॥ ১৪॥

তাৰায়—কেশব! মাং (আমাকে) যং (যাহা) বদি (বলিতেছ) এতং দৰ্মং (ইহা দমন্তই) ঋতং (দতাং) মন্তে (মনে করি) হি (যেহেতু) ভগবন্তে (তোমার) ব্যক্তিং (তত্ত্ব বা প্রভব) দানবাঃ ন বিতৃঃ (দানবেরা জানে না) দেবাঃ ন (এবং দেবতাগণও জানেন না) ॥ ১৪॥

তামুবাদ — হে কেশব! তুমি আমাকে যাহা বলিতেছ তংসমস্তই আমি সত্য মনে করি, যেহেতু হে ভগবন্! দানবগণ কিলা দেবগণ কেহই তোমার তত্ত্বা প্রভব জানিতে সমর্থ নহে॥ ১৪॥

শ্রীভক্তিবিনোদ—হে কেশব! আমি এ-সকলই সত্য বলিয়া বিশ্বাস করি। তোমার অচিন্ত্য-বাক্তিতত্ত দেবদানবগণের মধ্যে কেহই জানে না॥ ১৪॥

ত্রীবলদেব—সর্বামিতি। এতং সর্বামহমূতং সত্যমেব, ন তু প্রশংসামাত্রং মন্তে। হে কেশবেতি—"কেশৌ বিধিকদ্রৌ, বয়সে স্বতবাপরিজ্ঞানেন নিবধাসি প্রজাপ্রতিঞ্চ ক্রক্ত্রঞ্গ' ইত্যাদি অহক্ত্যে—হে সর্বেশবেশবর; হে ভগবন্নির-বিধিকাতিশয়ষ্ট্রেশ্বর্যানিধে, তে ব্যক্তিং পরব্রহ্মহাদিগুণাং শ্রীমৃত্তিং দেবদানবাশ্চ ন বিহুঃ যত্তেংগ্রন্থজাতীয়ত্বৃদ্ধ্যা ত্রামবজানন্তি জ্হুন্তি চেতি ভাবঃ ॥ ১৪॥

বঙ্গানুবাদ—'দর্বমিতি'। তুমি যাহা বলিলে, এই দমন্তই আমি ঝত অর্থাৎ দত্যই মনে করি; ইহা প্রশংদামাত্রের বিষয় বলিয়া মনে করি না। 'হে কেশবেতি'। "কেশ—ব্রহ্মা ও কৃদ্র। বয়দে—বেঞ ধাতু লট্ দে—অর্থাৎ স্বীয়তত্বের অজ্ঞানতা-ছারা আবদ্ধ রাথিয়াছ, প্রজাপতি ও কৃদ্রকেও"—ইত্যাদি, এজগু তুমি কেশব। যেহেতু তোমার উক্তি আছে—হে দর্কেশ্বরেরও ঈশব! হে ভগবন্! হে অপরিমিত অতিশয় রহৈত্বর্যানিধে! তোমার ব্যক্তি অর্থাৎ পরব্রহ্মত্বাদি গুণযুক্ত শ্রীমৃতিকে দেবতা এবং দানবেরা জানে না। যেহেতু তাহারা তোমাকে অন্তের স্বন্ধাতীয়ত্ব বৃদ্ধিতে অবজ্ঞা করে ও তোমার সহিত বিদ্রোহ ঘোষণা করিয়া থাকে।—ইহাই ভাবার্থ॥১৪॥

অসুভূষণ—শ্রীমদর্জ্ন শ্রীভগবানের শ্রীমৃথে সংক্ষেপে বর্ণিত তাঁহার বিভূতি-সমূহ শ্রবণ করিয়া বিস্তারিতভাবে শ্রবণ-মানসে বলিতেছেন,—হে ভগবন্! তুমিই "পরং ব্রদ্ধ" তোমার শ্রামস্থলর বপুই সাক্ষাৎ পরব্রদ্ধ। শ্রুতিতেও পাওয়া যায়,—ব্রদ্ধ—সতাম্বরূপ, জ্ঞানস্বরূপ এবং অনন্তম্বরূপ। (তৈত্তিরীয়োপনিষৎ ২।১।২) তুমিই 'পরং ধাম' অর্থাৎ তুমিই নিথিলাশ্রয়ভূত বস্তু। কঠোপনিষদেও পাওয়া যায়,—"তন্মিলোকাঃ শ্রিতাঃ সর্বে ততু নাত্যেতি কশ্চন" (২।৩।১)। তুমিই পরম পবিত্র অর্থাৎ তোমাকে পরম পবিত্র দেবতা জানিতে পারিলে, পাপী সর্ব্বপাপ হইতে তৎক্ষণাৎ মৃক্ত হয়। আরু কেহই পাপীকে উদ্ধার করিতে সমর্থ নহে। তোমার স্মরণকারীরও অথিল পাপ বিদ্রিত হইয়া থাকে। স্থতরাং তুমি একমাত্র পরম পবিত্র বস্তু। তোমাকে দর্শন করিলে দর্শনকারীর অবিত্যামালিক্য দ্রীভূত হয়। তুমিই শাশ্বত পুরুষ অর্থাৎ নিত্য পরম পুরুষ পরমেশ্বর। তোমার রূপাপ্রাপ্ত সকল ঋষিগণই তন্মধ্যে প্রধান-রূপে নারদাদি তোমাকে পরাংপর-তত্ত্ব বলিয়াই বর্ণন করিয়াছেন।

শ্রীগোপালতাপনী শ্রুতিতেও পাওয়া যায়,—

"অতএব এক শ্রীকৃষ্ণই সর্ব্বোৎকৃষ্ট পরব্রহ্ম, এই নিমিত্ত তাঁহার ধ্যান, রসন
ও ভজন কর্ত্ব্য। যথা—"তত্মাদিতি" চিন্ময়রসম্বর্জপ শ্রীকৃষ্ণই পরমদেব,
একারণ তাঁহার ধ্যান, তাঁহার রসন এবং তাঁহার অর্চ্চন করিবে অর্থাৎ প্রেমপূর্ব্বক ভজন করিবে, যেহেতু তিনিই 'ওঁ তৎসং' এই তিন শব্দের প্রতিপাত্য।
(গোঃ তাঃ পৃঃ বিঃ ৫০)। তুমি জরা-মরণরহিত, স্থাণু ও অচ্ছেত্য, স্থতরাং
শ্রুতির অর্থ বাঁহারা জানেন, তাঁহারা তোমাকে তোমার কথা-সম্থানত বিভিন্ন
পূরাণ ও ইতিহাসের মধ্যে 'দিবা পুরুষ' 'আদিদেব' 'অঙ্ক' এবং 'বিভু' বলিয়া
বর্ণন করিয়াছেন। এবং তুমি স্বয়ংও 'অঙ্ক ও অবায়াত্মা' হইয়াও, (য়াঃ ৪।৬)
'যিনি আমাকে অনাদি, অঙ্ক' ইত্যাদি; (য়াঃ ১০।৩) এবং 'আমি সকলের
উৎপত্তির হেতু' প্রভৃতি বাক্যের দ্বারা ব্যক্ত করিয়াছ।

প্রীঅর্জন ইহাও বলিলেন, হে ভগবন্! তুমি আমার প্রতি অন্ত্রুপা-মহকারে যাহা যাহা বলিয়াছ অর্থাং তোমার অজত্ব, অনাদিত্ব, সর্ক্ষময়ত্ব, সর্ক্রশক্তিমত্ব, তাহা সকলই আমি পরম সত্য বলিয়া বিশ্বাস করি। ইহা কোন প্রশংসা-বাক্য মনে করিয়া কোন সংশয় আমার নাই। আমি ইহাও হদয়ঙ্গম করিয়াছি যে, তোমার তত্ত্ব জ্ঞানসম্পন্ন-দেবগণ অথবা বিমৃঢ়াত্মা দানবগণ কেহই অবগত নহেন। এন্থলে অর্জ্জ্ন 'কেশব' 'ভগবন্' হুইটি শব্দে সংখাধন করিয়া ইহাও জ্ঞাপন করিতেছেন যে, 'ক' শব্দের অর্থ ব্রহ্মা এবং ঈশ অর্থে রুদ্র—এই তুইজনকেই অর্থাৎ প্রজাপতি এবং রুদ্রকেই যথন তুমি বয়সে—নিজের তত্ত্বের অজ্ঞানতার দ্বারা আবদ্ধ রাথিয়াছ, তথন দেব ও দানবাদি যে তোমাকে জানিতে পারে না, ইহাতে আর আশ্চর্যোর কি আছে? তোমার উক্তি হইতে ইহাও জানা যায় যে, তুমি সর্কেশ্বরেশ্বর, আর তুমি ভগবান্ অর্থাৎ নিরতিশয় ষড়ৈশ্বর্যাপূর্ণ। যেমন পাওয়া যায়,—

" এশ্বর্যাস্থা সমগ্রস্থা বীর্যাস্থা যশসঃ প্রিয়ঃ। জ্ঞানবৈরাগায়োশ্চেতি ষ্লাং ভগ ইতি স্মৃতঃ॥"

স্থতরাং তোমার ব্যক্তির অর্থাৎ পরব্রদ্ধরাদিগুণযুক্ত শ্রীমৃত্তি, দাক্ষাৎ দিচ্চদানল বিগ্রহ এই শ্রামস্থলর মৃত্তি, দেব ও দানব কেহই জানিতে পারে না। যেহেতু তাহারা অন্য স্বজাতীয়ত্ব বুদ্ধির দারা তোমাকে জানিতে গিয়া তোমাকে অবজ্ঞা করে, এমন কি, জোহও করিয়া থাকে।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্ষেও পাই,—

"আরও ঋষি সকল পরব্রদ্ধ, পরমধাম তোমাকে অজ বলিয়া থাকেন কিন্তু তাঁহারা 'তে'—তোমার 'ব্যক্তিং'—জন্ম জানেন না। পরব্রদ্ধরূপ তোমার অজত্ব ও জন্মবত্ব কি প্রকার, তাহা জানেন না"॥ ১২-১৪॥

#### স্বয়মেবাত্মনাত্মানং বেথ ত্বং পুরুষোত্তম। ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপতে॥ ১৫॥

তাৰয়—পুরুষোত্তম! ভূতভাবন! ভূতেশ! দেবদেব! জগৎপতে! ত্ম (তুমি) স্বয়ম্ এব (স্বয়ংই) আত্মনা (নিজন্বারা) আত্মানং (নিজকে) বেখ (জান)॥১৫॥

অনুবাদ—হে পুরুষোত্তম! হে ভূতভাবন! হে ভূতেশ! হে দেবদেব! হে জগৎপতে! তুমি স্বয়ংই নিজ-শক্তিদারা নিজকে জান॥ ১৫॥

শ্রীভক্তিবিনাদ—হে ভৃতভাবন! হে ভৃতেশ! হে দেবদেব। হে জ্গৎপতে। হে পুরুষোত্তম! তুমি নিজেই চিচ্ছক্তি-দারা আপনার ব্যক্তিত্ব অবগত আছ। জগংস্প্রির পূর্বে যে দনাতন-মূর্ত্তি থাকেন, সেই দচিদানন্দ-মূর্ত্তি কি-প্রকারে জড়বিধি হইতে স্বতন্ত্ররূপে জড়মধ্যে ব্যক্ত হয়,— এ কথা নর্যুক্তি বা দেব্যুক্তি-দারা কেহই বুঝিতে পারেন না; তুমি যাহাকে কুপা কর, তিনিই কেবল ইহা বুঝিতে পারেন॥ ১৫॥

गर्य वागद्यप्राजा पुरुष

শ্রীবলদেব—শ্বয়মেব অমাত্মনা স্বেনিব জ্ঞানেনাত্মানং সংবেখ—ইদমিখমিতি জানাসি;—যে দেবেষু দানবেষু চ অন্তক্তান্তে তাদৃশীং অনুর্ত্তিং বস্তভূতাং জানস্তোব তস্তাস্তথাকে কথং তাং ন জানস্তীত্যেবকারাং। হে পুরুষোত্তম সর্ব্বপুরুষেশ্বর! পুরুষোত্তমত্বং বিরুষন্ সম্বোধয়তি,—হে ভূতভাবন সর্ব্বপ্রাণিজনক! ভূতভাবনোহিপি কন্চিন্নেষ্টে, তত্রাহ,—হে ভূতেশ সর্ব্ব-প্রাণিনিয়ন্তঃ! ভূতেশোহিপ কন্চিন্ন পৃজ্যন্তত্রাহ,—হে দেবদেব সর্বানাধ্যানামিপি দেবানামারাধ্য! দেবদেবোহিপি কন্চিন্ন বক্ষকস্তত্তাহ,—হে জগংপতে হিতাহিতোপদেশেন জীবিকার্পণেন চ বিশ্বপালক! ঈদৃশস্ত তে তত্ত্বং স্থাসদ্বমিতি॥ ১৫॥

বঙ্গান্ধবাদ—নিজেই তুমি স্বীয় জ্ঞানের দ্বারা নিজকে সম্যক্রণে জ্ঞান—
যে ইহা এই এবং এই প্রকারই বটে—তুমি জ্ঞান। যাঁহারা দেবতা-মধ্যে
এবং দানবের মধ্যে তোমার পরম ভক্ত তাঁহারা তাদৃশী তোমার মূর্ত্তিকে
বস্তুভ্তরূপে জ্ঞানেনই। তাহা সেইরপ হইলে, কেন তাঁহারা তাহাকে জ্ঞানিবে
না ইহা "এব" শব্দের দ্বারাই বলা হইতেছে। হে পুরুষোত্তম! হে সর্ব্বপুরুষেশ্বর!
পুরুষোত্তমত্ব বিরুত করিবার জন্ম সম্বোধন করা হইতেছে—হে ভূতভাবন!
সর্বপ্রাণীর জনক। ভূতভাবন হইলেও কেহ কেহ ঈশ্বরত্ব পায় না, সেজন্ম
বলা হইতেছে—হে ভূতেশ! "সর্বব্রাণি-নিয়ন্তা"। ভূতেশ হইলেও কেহ
কেহ পূজ্য হয় না, তাহাই বলা হইতেছে—হে দেবদব! সকল আরাধ্য
দেবতাদিগেরও আরাধ্য। কেহ দেবদেব হইলেও সকলে রক্ষক হয় না,
সেজন্ম বলিতেছেন, হে জ্ঞাৎপতে! হিতাহিত উপদেশের দ্বারা এবং জীবিকাপ্রের দ্বারা বিশ্বের পালক। এইরপ তোমার তত্ত্ব স্থানিদ্ধ । ১৫॥

অনুভূষণ—যদি পূর্ব্বপক্ষ হয় যে, যদি শ্রীভগবানের স্বরূপ দেব, দানব কেহই জানেন না, তাহা হইলে, কে জানেন? তত্ত্তরে অর্জ্জন বলিতেছেন যে, তুমিই তোমার নিজ জ্ঞানের দ্বারা তোমাকে সম্যক্ অর্থাং ইহা এইপ্রকার এইরূপে জান। দেব ও দানবগণের মধ্যেও যাহারা তোমার ভক্ত, তাঁহারাই তোমার রূপায় তাদৃশী তোমার শ্রীমৃত্তিকে বস্তভূতরূপে জানেনই। কেহ যদি বলেন, তাহা হইলে কেহ জানেন না, একথার তাৎপর্যা কি?

তত্ত্তরে শ্রীচৈত্যুচরিতামতে পাওয়া যায়,—

100

"ঈশবের রুপালেশ হয় ত' যাঁহারে। সেই ত' ঈশব-তত্ত্ব জানিবারে পারে॥" ( মধ্য ৬৮৩ )

শ্রীমন্তাগবতেও ব্রহ্মার বাকো পাওয়া যায়,—

"অথাপি তে দেব পদাষ্জদমপ্রসাদ-লেশান্তগৃহীত এব হি।
জানাতি তত্ত্বং ভগবন্মহিম্নো
ন চান্য একোহপি চিরং বিচিন্নন্॥ (১০।১৪।২৯)

শ্রীমদর্জন এন্থলে শ্রীভগবানকে 'পুরুষোত্তম' বলিয়া সম্বোধন করত সেই পুরুষোত্তমত্ব-বিষয়ে বিস্তারিতরূপে বর্ণনাভিপ্রায়ে 'ভূতভাবন', 'ভূতেশ,' 'দেবদেব' ও 'জগৎপতে' এই চারিটি সম্বোধন বাক্য প্রয়োগ করিলেন। প্রথমে তিনি ভূতভাবন-শব্দে সর্ব্যপ্রাণীর জনক—ইহা বলিয়া বিচার করিলেন মে, ভূতগণের স্রষ্টা হইলেও কাহারও নিকট তিনি ইষ্ট অর্থাৎ ঈশ্বর বলিয়া বিবেচিত হইতে নাও পারেন, তাই পুনরায় সম্বোধন করিতেছেন—'ভূতেশ' অর্থাৎ সর্ব্বভূতের নিয়ন্তা, কিন্ত ভূতেশ হইয়াও কেহ পূজা না হইতে পারেন। তথন তিনি 'দেবদেব' সম্বোধন করিলেন, কিন্তু তাহাতেও ভাবিলেন—দেবদেব হইয়াও কেহ রক্ষক না হইতে পারেন, তথন পুনরায় 'জগৎপতে' সম্বোধন করিলেন, হিতাহিত-উপদেশের দ্বারা এবং জীবিকার্পণের দ্বারা বিশ্বপালক যিনি, তিনিই জগৎপতি শ্রীকৃষ্ণ। হে পুরুষোত্তম! ঈদৃশ তোমার তত্ত্ব স্থিদ্ধ অর্থাৎ স্বষ্ঠু প্রতিপাদিত হইতেছে।

শীকৃষ্ণ অজ হইয়াও কি প্রকারে প্রপঞ্চের মধ্যে আবিভূত হইয়া তাহার সচ্চিদানন্দতকু প্রকট করেন, তাহা দেব, ঋষি, নর বা দানব কেহই বুঝিতে সক্ষম নহে। একমাত্র শ্রীকৃষ্ণ কপা করিয়া যাঁহাকে জানান, তিনিই জানিতে বা বুঝিতে পারেন।

न् उत्कापनियदम् अ भा खरा यात्र,—

"যমেবৈষ বৃণুতে তেন লভাস্তপ্রৈষ আত্মা বিবৃণুতে তরুং স্বাম্॥"

( ७।२।७ )

20126

গীতায় বাতিরেক ভাবেও শ্রীকৃষ্ণ বলিয়াছেন যে, "অব্যক্তং ব্যক্তিমাপরং মহাস্থে মামবুদ্ধয়ঃ।" (গাঃ ৭।২৪) অর্থাৎ নির্ফোধব্যক্তিগণ আমার সর্কোত্তম, عرايان المرابع

সর্বশ্রেষ্ঠ অব্যয়, অপ্রাকৃত স্বরূপ ও জন্মলীলাদি অবগত না হইয়া, প্রপঞ্চাতীত আমাকে প্রাকৃত মহয়াদি শরীর-প্রাপ্ত বলিয়া মনে করে।

শ্রীমহাপ্রভূও বলেন,—

"প্রাকৃত করিয়া মানে বিষ্ণু-কলেবর। বিষ্ণুনিন্দা আর নাহি ইহার উপর॥" ( চৈঃ চঃ আদি ৭।১১৫ )॥১৫॥

বক্তুমহস্যশেষেণ দিব্যা ছাত্মবিভূতয়ঃ। যাভির্বিভূতিভিলে কানিমাংস্কং ব্যাপ্য তিষ্ঠসি॥ ১৬॥

তাৰায়—যাতিঃ বিভূতিতিঃ (যে সকল বিভূতি দারা) ইমান্ লোকান্ (এই সমগ্র জগৎ) ব্যাপ্য (ব্যাপিয়া) [ ত্বম্—তুমি ] তিষ্ঠিস (অবস্থান কর) দিব্যা আত্মবিভূতয়ঃ (সেই দিব্য তোমার বিভূতি সকল) অশেষেণ (সম্যক্রমণ) ত্বম্ হি (তুমিই) বক্তুম্ অর্হসি (বলিবার যোগ্য)॥ ১৬॥

অনুবাদ—যে সকল বিভৃতি-দারা এই লোক সকল ব্যাপিয়া তুমি অবস্থান কর, সেই তোমার দিব্য-বিভৃতি সমূহ তুমিই সমগ্ররূপে বলিবার যোগ্য॥ ১৬॥

প্রতিক্তিবিনোদ—তোমার স্বরূপ-তত্ত্ব তোমার রূপা-দারা আমি হদয়ে ও নেত্রাগ্রে আবিভূতি হইতে দেখিতেছি,—ইহাতে আমি চরিতার্থ হইয়াছি। কিন্তু যে-সকল বিভূতি-দারা তুমি এই লোকসকলে ব্যাপ্ত হইয়া আছ, সেই-সকল আত্মবিভূতি অশেষরূপে জানিতে ইচ্ছা করি; তুমি আমাকে অনুগ্রহ-পূর্বক তাহা বল॥ ১৬॥

ত্রীবলদেব— বংশ্বরপযাথাত্মাং থলু কথং তথা তুর্গমমেবাতস্থদিভূতিথেব মজ্জ্ঞাসোপজায়ত ইতি স্চয়নাহ,—বক্তৃমিতি। দিব্যা উৎকৃষ্টাস্তদসাধারশীরাত্মনো বিভূতিরশেষেণ বক্তৃমর্হসি,—'দ্বিতীয়ার্থে প্রথমা'; যাভির্বিশিষ্টস্থমিমান্ লোকান্ ব্যাপ্য নিয়ম্য তিষ্ঠিসি॥ ১৬॥

বঙ্গানুবাদ—তোমার যথার্থস্বরূপ কি প্রকার ? এবং দেইরূপ তৃজ্জের্থই এই কারণে তোমার বিভূতি সম্পর্কে আমার জিজ্ঞাসার উদয়, ইহা স্ফুচনা করিয়া বলিতেছেন—'বক্ত্রুমিতি'। দিব্য—উৎকৃষ্ট তোমার অসাধারণ বিভূতিগুলি দবিশেষ আমার নিকটে বলিতে তুমিই যোগ্য। 'বিভূতয়ঃ' এইপদে দ্বিতীয়ার্থে প্রথমা। যেই সকল বিভূতির দারা বিশিষ্ট হইয়া তুমি এই ত্রিলোককে ব্যাপিয়া ও নিয়ন্ত্রিত করিয়া অবস্থান করিতেছ॥ ১৬॥

অকুভূষণ— অর্জন পূর্বেশ্লোকে শ্রীভগবানকে বলিয়াছেন যে, তোমার তব তুমিই স্বয়ং অবগত আছ। স্থতবাং তোমার যথার্থ-স্বরূপ এই প্রকারে ছর্গমই; অতএব তোমার মহিমা ও স্বরূপ অবগত হইতে হইলে সর্ব্বাগ্রে তোমার অশেষ বিভূতি-বিষয়ক জ্ঞান হওয়া প্রয়োজন; এইজন্ম তোমার বিভূতি-বিষয়ে আমার জিজ্ঞাদার উদয় হইতেছে। তোমার দিবা বিভূতি সমূহ অনস্ত, যদ্ধারা তুমি স্বর্গ-মর্ত্ত্যাদি লোকসমূহ ব্যাপ্ত; তাহা তুমি ব্যতিরেকে অন্ত কেহ বর্ণন করিতে সমর্থ নহে। অতএব তুমি স্বয়ংই রূপা পূর্বেক তোমার সেই অশেষ অসাধারণী বিভূতি বর্ণন কর॥ ১৬॥

# কথং বিভামহং যোগিংস্তাং সদা পরিচিন্তয়ন্। কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোহসি ভগবন্ময়া॥ ১৭॥

তাৰয়—যোগিন্! কথম্ (কি প্রকারে) সদা (সর্বাদা) পরিচিন্তয়ন্ (ধান করিতে করিতে) অহম্ (আমি) আং (তোমাকে) বিভাম্ (জানিব) ভগবন্! কেষু কেষু চ (এবং কোন্ কোন্) ভাবেষু (পদার্থে) ময়া (আমা-কর্ত্ব) চিন্তঃ অসি (চিন্তনীয় হইবে !)॥ ১৭॥

অনুবাদ—হে যোগিন্! কিরপে দর্মদা চিন্তা করিতে করিতে, তোমাকে অবগত হইব, এবং কোন্ কোন্ পদার্থে, তৃমি আমাকর্ত্ক কি কি ভাবে, চিন্তনীয় হইবে ? ১৭॥

শ্রীভক্তিবিনোদ—তোমাতেই যোগমায়া-শক্তি নিত্য বর্ত্তমান আছে। হে ভগবন্! তোমাকে কিরূপে অবগত হইব ও চিন্তা করিব? কি-কি-ভাবেতেই বা তুমি আমার চিন্তনীয় হও ? ১৭॥

শ্রীবলদেব—নম্ন কিমর্থং তৎকথনং তত্রাহ,—কথমিতি। যোগো যোগমায়াশক্তিরস্তাম্পেতি হে যোগিন্! ঝাং সদা পরিচিত্তয়ন্ সংশ্ররহং কল্যাণানন্তগুণ-যোগিনং কথং বিছাং জানীয়াম্? কেয়্ কেয়্ চ ভাবেয়্ পদার্থেয়্
প্রকাশমানস্থং ময়া চিন্তো ধ্যেয়োহিদি ?—তদেতজ্ভয়ং বদ, তচ্চ বিভূভূদদেশেনৈব সেংস্থতীতি তামুপদিশেতার্থঃ॥ ১৭॥

বঙ্গান্ধবাদ—প্রশ্ন—কি প্রয়োজনে তাহা বলা হইবে, তাহাই বলিতেছেন— 'কথমিতি'। "যোগং" যোগমায়া শক্তি আছে, ইহার এই অর্থে যোগশন্দের ইন্ প্রত্যয়, এজন্ম হে যোগিন্! তোমাকে সর্বাদা সমাক্রপে চিন্তা করিতে করিতে অর্থাৎ সমাক্রপে শ্বরণ করিতে করিতে আমি অনন্ত কল্যাণ-গুণশালী তোমাকে কিরপে জানিতে পারিব? কি কি পদার্থে তুমি প্রকাশমান হইয়া আমাকর্ত্ক চিন্তনীয় অর্থাৎ ধ্যেয় হইবে? এই ছইটিই তুমি বল। তাহা বিভূতির উল্লেখ দারাই সিদ্ধ হইবে অতএব বলা হইতেছে—ইহার উপদেশ দাও—ইহাই অর্থ॥ ১৭॥

অনুভূষণ—অর্জন প্র্রোকে শ্রভগবানকে তাহার বিভৃতি-তত্ত্ব বলিতে প্রার্থনা করিয়া এক্ষণে কোন্ কোন্ বিষয় কি ভাবে জানিতে প্রার্থনা, তাহাই বলিতেছেন। প্রথমেই অর্জন শ্রীভগবান্কে 'যোগিন্' শব্দে সংঘাধন করিয়া ইহাই বুঝাইতেছেন যে, যাহার যোগমায়াশক্তি আছে, দেই তুমি, তোমাকে সর্বাদা কি ভাবে চিন্তা করিতে করিতে অনন্তকল্যাণগুণশালী তোমাকে জানিতে পারিব? দ্বিতীয়তঃ জগতে কোন্ কোন্ পদার্থে তুমি কি ভাবে বিভৃতি প্রকাশ প্র্বক অবস্থান কর, তাহা আমাকে উপদেশ কর, যাহাতে তুমি আমার সর্বাদা চিন্তনীয় বা ধ্যেয় হও, তাহাই বল ॥ ১৭ ॥

# বিস্তরেণাত্মনো যোগং বিভূতিঞ্চ জনার্দ্দন। ভুয়ঃ কথয় তৃপ্তির্হি শৃগ্বতো নাস্তি মেহমূতম্॥ ১৮॥

তার্য্য — জনার্দ্দন! আত্মনঃ (নিজের) যোগং (যোগৈশ্বর্যা) বিভূতিং চ (এবং বিভূতি) বিস্তরেণ (বিস্তারিত-রূপে) ভূয়ঃ (পুনরায়) কথয় (বল) হি (যেহেতু) অমৃতম্ (তোমার কথামৃত) শৃরতঃ (গুনিতে গুনিতে) মে (আমার) তৃপ্তিঃ নাস্তি (তৃপ্তি হইতেছে না)॥ ১৮॥

অনুবাদ—হে জনার্দন! তুমি নিজের যোগৈশ্বর্যা ও বিভূতি পুনরায় বিস্তার পূর্বক বল, যেহেতু তোমার অমৃতময় বাক্যসমূহ শ্রবণ করিতে করিতে আমার তৃপ্তির শেষ নাই॥ ১৮॥

প্রীভক্তিবিনোদ—হে জনার্দন! তোমার যোগ ও বিভৃতি বিস্তৃতিপূর্বক আমাকে পুনরায় বল; তোমার তত্তামৃত শুনিলে আমার তৃপ্তি হওয়া দূরে থাকুক, বরং প্রবণ-পিপাসা অত্যন্ত বৃদ্ধি পায়॥ ১৮॥

শ্রীবলদেব—নত্ন পূর্ববপূর্বত্র 'অজোহপি সন্' ইত্যাদিনাজন্বাদিকল্যাণগুণ-যোগো 'রদোহহম্' ইত্যাদিনা বিভূতর চাসকৃং কথিতাঃ; কিং পুনঃ পৃচ্ছসীতি চেত্রতাহ,—বিস্তরেণেতি। স্ফুটার্থং প্রুম্, জনার্দ্ধনেতি প্রাথং। জ্বাক্য- মমৃতং শৃথতঃ শ্রোত্রবসন্যাস্বাদয়তো মম তৃপ্তিন'ন্তি; অত্র ব্বচাক্যমিতা-হুক্তেরপ্ত্ৰুতিঃ প্রথমাতিশয়োক্তিবা তয়োঃ সন্ধরো বালন্ধারঃ ॥ ১৮॥

বঙ্গানুবাদ—প্রশ্ন—প্র্বপ্র্ব অধ্যায়ে "অজ হইয়াও" ইত্যাদির দ্বারা অজ্বাদিকল্যাণগুণযোগ, এবং "রদ আমি" ইত্যাদির দ্বারা বিভূতিগুলি, বার বার বলা হইয়াছে; কেন পুনরায় জিজ্ঞানা করিতেছ—ইহা য়দি বল তত্ত্তরে বলা হইতেছে—'বিস্তরেণেতি'। ক্টার্থ এই পছা। জনার্দন ইহা প্র্বের ছায়। তোমার বাকা অমৃতস্বরূপ, তাহা শ্রবণ করিতে করিতে অর্থাৎ শ্রোত্র ও জিহ্বার দ্বারা আম্বাদন করতঃ আমার তৃপ্তির শেষ হইতেছে না। এখানে তোমার বাক্য ইহার উক্তি না থাকায় অথচ তাহাতে অমৃত্বের আরোপ হওয়ায় অপহুত্তি অলঙ্কার কিংবা অসম্বন্ধে সম্বন্ধর অতিশয়োক্তি অথবা অপহুত্তি ও অতিশয়োক্তির একাশ্রেয়ে থাকায় সঙ্কর নামক অলঙ্কার জানিবে। ইহা 'অপহুত্তি' বা 'অতিশয়োক্তি'॥ ১৮॥

তাসুভূষণ— শ্রীভগবান্ পূর্বে সপ্তমাদি অধ্যায়সমূহে তাঁহার অজহাদি কল্যাণযোগের বিষয়, কিম্বা 'রস আমি' প্রভৃতি বাকোর দ্বারা বহুবার স্বীয় বিভূতির বিষয় বর্ণন করা সত্ত্বেও, অর্জুন কেন পুনরায় জিজ্ঞাসা করিতেছেন, তাহাই বর্তমান শ্লোকে কথিত হইয়াছে। অর্জুন বলিতেছেন যে, শ্রীভগবানের বচনামৃত শ্রবণ করিয়া তাঁহার তৃপ্তি হইতেছে না স্কৃতরাং আরও বিস্তারিতভাবে পুনরায় বলিবার নিমিত্ত প্রার্থনা করিতেছেন।

শ্রীউদ্ধবন্ত এক সময়ে শ্রীকৃষ্ণকে এইরপভাবে বিভূতিযোগ-বিষয়ে প্রশ্ন করিয়াছিলেন। "বং ব্রহ্ম পরমং...পশ্যন্তং মোহিতানি তে"—ভাঃ ১১।১৬।১-৪ শ্লোক দুষ্টবা।

শ্রীমন্বলদেব বিভাভূষণ প্রভু এই শ্লোকে কয়েকটি অলন্ধারের উল্লেখ করিয়াছেন। 'তদ্বাকাম্' এই কথার উক্তি না থাকায়, 'অপহ্ৰুতি' 'অতিশয়োক্তি' বা মিশ্রিত অলন্ধার প্রকাশ পাইয়াছে।

'অপফ্রুভি—"প্রকৃতং প্রতিষিধাাগ্রস্থাপনং স্থাদপফ্রুভিঃ"। অর্থাৎ প্রকৃতকে (উপমেয়কে) বর্জন করিয়া অগ্যকে (উপমানকে) স্থাপন করিলে, তাহাকে 'অপফ্রুভি' অলম্বার কহে। (সাহিত্যদর্পণ)।

'অভিশয়োক্তি'—''দিদ্ধত্বেংধাবসায়স্থাতিশয়োক্তিনিগছতে''। অর্থাৎ উপমান ও উপমেয়ের সামা স্থাপিত হইলে যদি অধাবসায়ের (উপমেয়ের) 20129

কোনও বিষয় ভেদ দারা আধিকা কথিত হয়, তাহা হইলে তাহাকে 'অতিশয়োক্তি' অলমার কহে। ( সাহিতাদর্পণ )

'রূপক'—"রূপকং রূপিতারোপাৎ বিষয়ে নিরপহুবে"। অর্থাৎ অপক্ত্তি অলম্বারের সম্বন্ধ রহিত উপমেয়ে যদি উপমানকে আরোপ করা হয়, তাহা 'রূপক অলম্বার'। (সাহিত্যদর্পণ)॥ ১৮॥

#### শ্ৰীভগবান্ উবাচ,—

# হস্ত তে কথয়িয়ামি দিব্যা হাত্মবিভূতয়ঃ। প্রাধান্ততঃ কুরুশ্রেষ্ঠ নাস্ত্যন্তো বিস্তরস্ত মে॥ ১৯॥

তাষয়—শ্রীভগবান্ উবাচ—হন্ত কুরুশ্রেষ্ঠ! দিবাাঃ ( অলোকিকী ) আত্ম-বিভূতয়ঃ ( নিজবিভূতি সমূহ ) প্রাধান্ততঃ ( প্রধানভাবে ) তে ( তোমাকে ) কথিয়্যামি হি ( নিশ্চয় বলিব ) মে ( আমার ) বিস্তরশ্র ( বিভূতিবিস্তারের ) অন্তঃ নাস্তি (শেষ নাই )॥ ১৯॥

অনুবাদ—শ্রীভগবান কহিলেন—হে কুরুশ্রেষ্ঠ! মদীয় অলৌকিক বিভৃতি
সমূহ প্রধান ভাবে তোমাকে নিশ্চয় বলিব, কিন্তু আমার বিভৃতি-বিস্তারের
শেষ নাই॥ ১৯॥

শ্রীভক্তিবিনোদ—শ্রীভগবান্ কহিলেন,—হে অর্জুন! আমার দিবা বিভূতি-সকলের অন্ত নাই; গুটিকতক প্রধান প্রধান বিভূতি বলি, তাহা তুমি শ্রবণ কর॥ ১৯॥

ত্রীবলদেব—এবং পৃষ্টং শ্রীভগবায়ুবাচ,—হন্তেতায়ুকম্পার্থকম্; দিবাা উংকৃষ্টাং, ন তু তৃণেষ্টকাদ্যং। বিভূতয় ইতি প্রাগং; প্রাধান্ততঃ প্রধানভূতাঃ যতস্তাসাং বিস্তরস্থাস্তো নাস্তি; ইহ বিভূতি-শব্দেন নিয়ামকত্বরপার্টণার্ম্বাণি বোধাানি,—"বিভূতিভূ তিরৈশ্বর্যাম্" ইতামরকোষাং। প্রাকৃতান্তপ্রাকৃতানি চ বস্থুনি ভূতিত্বেন বর্ণানি, তানি সর্বাণি সর্বেশ-শক্তি-বাঙ্গতাং সর্বেশাত্মনা তারতম্যেন ভাবানি; মতানি যানি সাক্ষাদীশ্বররপাণি তত্তেনোক্তানি, তানি তু তেন রূপেণ ভাবনার্থান্তেব, ন ত্বন্তত্তক্তোকদেশরূপাণীতি বোধাং সঙ্গতেরিতি॥ ১৯॥

বঙ্গান্ধবাদ—এইভাবে জিজ্ঞাদিত হইয়া শ্রীভগবান্ বলিতেছেন—'হস্ত' এই শব্দ অমুকম্পার্থক। দিবা—উৎকৃষ্ট, তৃণ ও ইষ্টকাদির মত তুচ্ছ নহে।

বিভৃতিগণ—ইহা পূর্বের ন্থায়। 'প্রাধান্যতঃ'—যেগুলি প্রধানরপেই স্থিত। যেহেতু তাহাদের বিস্তারের অন্ত নাই। এখানে বিভৃতি শব্দের দ্বারা নিয়ামকত্মরপ ঐশ্বর্যগুলিকে জানিবে।—"বিভৃতি, ভূতি, ঐশ্বর্য়" ইহা অমরকোষ-অভিধান হইতে বুঝা যাইতেছে। প্রাকৃত ও অপ্রাকৃত বস্তুগুলি ভূতিছ-রূপেই বর্ণনীয়। মতানি অর্থাৎ সর্বেশ্বরের শক্তির দ্বারা প্রকাশিত বলিয়া (কার্যাকারণের অভেদনিবন্ধন সর্বেশস্বরূপত্মের তারতম্য হেতু বস্তুর তারতম্য হইবেই, ) সর্বেশরের স্বরূপের সহিত তারতম্যের সহিত ভাবিবে। সাক্ষাৎ ঈশ্বরের স্বরূপে কলা হইয়াছে। দেইগুলি দেইরূপেই ভাবনার্থ বোধকই, তত্ত্বরূপে বলা হইয়াছে। কিন্তু অন্যান্তের ন্যায় তোমার শক্তির একদেশস্বরূপ নহে। সঙ্গতির জন্য ইহা জানিবে॥ ১৯॥

তারুষ্ণ— অর্জুনের দারা জিঞাসিত হইয়া শীভগবান্ প্রথমেই 'হস্ত' শব্দে অর্জুনের প্রতি অন্তক্ষপা প্রকাশ করিয়া বলিতেছেন যে, তাঁহার বিভূতির বিস্তারিত-বর্ণন অসম্ভব; কারণ শীভগবানের বিভূতি অনস্ত স্থতরাং বিভূতিসম্হের মধ্যে কয়েকটি প্রধান প্রধান বিভূতির কথা বলিতেছেন। বিভূতি সমূহ তাঁহার নিয়ামকজরপ মহিমা, সর্বেশ্বর শীভগবানের শক্তির দারা প্রকাশিত। কিন্তু তাঁহার সাক্ষাৎস্বরূপের যথার্থ তত্ত্ব অবগত হইয়া, তাহা সেই ভাবেই ভাবনা করিতে হইবে। বিভূতি সমূহ সাক্ষাৎ শীভগবানের শক্তি হইতে উদ্ভূত বলিয়া ভগবদ্রপে বিচারিত হইবে ও তদীয় স্বরূপ কিন্তু একদেশ মাত্র নহে। বিভূতি-বর্ণনের শেষে শীভগবান্ স্বয়ংই বলিবেন যে, আমি একাংশ দারা এই সমস্ত চরাচর জগৎ ব্যাপিয়া অবস্থান করি। যাহা কিছু বিভূতিযুক্ত দেখিবে তাহা সকলই আমার তেজের জংশ সম্ভূত বলিয়া জানিবে। এই কথার দারা ইহা স্পান্তই বাক্ত হইতেছে যে, তাঁহার সাক্ষাৎ স্বরূপ কিন্তু স্বতম্ব

#### অহমাত্মা গুড়াকেশ সর্বভূতাশয়স্থিতঃ। অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এব চ॥ ২০॥

ত্বয়—গুড়াকেশ। অহম্ (আমি) সর্বভূতাশয়স্থিতঃ (সর্বভূতের হদয়স্থিত) আত্মা (অন্তর্যামী) অহম্ এব (আমিই) ভূতানাং (ভূতগণের) আদিঃ চ (উৎপত্তির কারণ) মধাম্ চ (স্থিতির কারণ) অন্তঃ চ (এব সংহারের কারণ)॥ २०॥ অনুবাদ—হে গুড়াকেশ (বিজিতনিদ্র অর্জুন)! আমি সর্ব্যভূতের হৃদয়স্থিত অন্তর্যামী আত্মা, আমিই সকল জীবের উৎপত্তি, স্থিতি ও সংহারের কারণ॥২০॥

প্রীভক্তিবিনোদ—হে গুড়াকেশ। হে জিতনিদ্র! আমার স্বরূপতত্ত্ব তোমাকে বলিয়াছি। আমার সামন্ধিক-তত্ত্ব এই যে, আমিই সমস্ত জগতের আত্মা অর্থাৎ অন্তর্যামি-পুরুষত্রয়রপে অবস্থিত;—কারণোদশায়ী অর্থাৎ মূলপ্রকৃতির অন্তর্যামী, গভোদশায়ী অর্থাৎ সমষ্টি বিরাড়ন্তর্যামী, ক্ষীরোদশায়ী অর্থাৎ বাষ্টিবিরাট্ জীবাস্তর্যামী; আমিই সকল ভূতের আদি, মধ্য ও অন্তর্যাহত।

ত্রীবলদেব—তত্ত তাবনামেব ত্বং মহৎস্রষ্টাদিত্রিরূপেণ স্বাংশেন নিখিল-বিভৃতিহেতুং বিচিন্তয়েত্যাশয়েনাহ,—অহমাত্মেতি। হে গুড়াকেশেতি বিজিত-নিদ্রস্থ তদিচিন্তনক্ষমত্বং বাজাতে। আত্মা বিভুর্বিজ্ঞানানন্দো মহৎস্রপ্তাদি-পরমাত্মাহমম্মচ্চকার্থঃ সর্বভূতাশয়স্থিতস্থয়া বিচিন্তাঃ। সর্বভূতা প্রধানাদিপৃথিবান্ততত্ত্রপা যা মূলপ্রকৃতিন্তস্থা আশয়েহন্তঃ কারণোদশয়-রপেণাহমেব প্রকৃতান্তর্যামী স্থিত:; তথা সর্বভূত: সর্বজীবাভিমানী ষো বৈরাজস্তস্থাশয়ে গভোদশয়রপেণাহমেব সমষ্টিবিরাড়ন্তর্ঘামী স্থিতঃ; সর্বেষাং ভূতানাং জীবানামাশয়ে ক্ষীরোদশয়রপেণাহমেব বাষ্টিবিরাড়স্তর্ঘামী স্থিত ইতি তানি ত্রীণি রূপাণি মদ্বিভূতিত্বেন ত্বয়া বিচিন্ত্যানীত্যর্থঃ। স্থবালো-পনিষদি, 'প্রক্রত্যাদিসর্বভূতান্তর্যামী সর্বশেষী চ নারায়ণঃ" পঠাতে; সাত্ত-তরে ত্রয়ঃ পুরুষাবতারাঃ স্মৃতাঃ,—"বিফোস্ত ত্রীণি রূপাণি পুরুষাখাশেতথা বিছ:। একস্ত মহতঃ স্রষ্ট্র দিতীয়স্বগুদংস্থিতম্। তৃতীয়ং দক্তিত্যং তানি জ্ঞাত্বা বিম্চাতে॥" ইতি। তে চ বাস্থদেবস্থা কৃষ্ণস্থাবতারাঃ—"যঃ কারণার্ণবজলে ভজতি স্ম যোগ-নিদ্রাম্" ইত্যাদিকা বন্ধসংহিতা-পদ্মব্যাং। ভূতানামাদিরংপতিমধ্যং পালনমন্তক সংখারস্ততদ্বেত্রহমেবোক্তপুরুষলক্ষান্ত্রা ভাব্যঃ ॥ ২০ ॥

বঙ্গান্তবাদ—এই প্রসঙ্গে তুমি আমাকেই মহৎ-স্রষ্টাদি স্বকীয় তিন প্রকার অংশদারা নিথিল বিভূতির হেতু বলিয়া চিন্তা কর, এই অভিপ্রায়ে বলা হইতেছে—'অহমাত্মেতি'। হে গুড়াকেশ। এই শব্দের দ্বারা নিদ্রাকে যিনি জয় করিয়াছেন, তাঁহার পক্ষে আমাকে (ভগবান্ শ্রীকৃষ্ণকে) বিশেষরূপে চিত্তা করার যোগাতা ধ্বনিত হইতেছে। আত্মা—বিভু-বিজ্ঞানানন, মহংস্টাদি তিরূপ প্র্যাত্মা—আমি অস্থ-শন্ধার্থ। 'স্প্রতা' অথাং প্রকৃতি হইতে পৃথিবী পধান্ত চতুর্বিংশতিভবাত্মক যে মূলপ্রকৃতি তাহার মধ্যে কারণ-জলাশরশায়ী-রূপে প্রকৃতির অন্তর্যামী আমি অবস্থিত আছি। অতএব তুমি এই ভাবেই আমাকে চিতা করিবে। আবার দর্মভূত-দেইরূপ দ্বিতীয় অর্থে দর্বভূত দর্বজীবাভিমানী যো বৈরাজ-ভাব, তাহার আশমে অর্থাং অভান্তরে গভোদশায়ীরূপে আমিই সমষ্টি-বিরাটের অন্তর্যামী হইয়াই অবস্থান করি। সমস্ত প্রাণা বা জীবের আশয়ে অর্থাৎ হৃদয়ে ক্ষীরোদ-শায়ীরূপে আমিই বাষ্টি-বিরাট্-অন্তর্ঘামী হইয়া অবস্থান করি। সেই তিনটি রূপই আমার বিভূতিরূপে তোমার পক্ষে চিত্তনীয়। স্বালোপনিধদেও— "প্রকৃত্যাদি সমস্ত ভূতের অন্তর্য্যামী ও সর্বশেষী অর্থাৎ সকলের শেষে বর্তমান নারায়ণ" এই বকম পঠিত আছে। সাত্ততন্ত্রে তিন পুরুষাবতার স্মৃত হয়— "বিষ্ণুর কিন্তু তিনটি রূপ পুরুষরূপে খ্যাত, অনন্তর জানিবে, তন্মধ্যে একটি মহতের স্রষ্ট্, দ্বিতীয় ব্রহ্মাণ্ডে সংস্থিত, তৃতীয় সমস্ত প্রাণীর অভাস্তারে স্থিত, এই তিনটি জানিয়াই মৃক্তি প্রাপ্ত হইবে, ইতি। তাঁহারা বাস্থদেব শ্রীক্ষেপ্রই অবতার—"যিনি কারণ-রূপ সম্জের জলে যোগনিজাকে ভজন করিয়াছিলেন" ইত্যাদি বন্ধনংহিতা-প্রত্তর হইতে পাওয়া যায়। ভূতগণের আদি-অবস্থা— উৎপত্তি, মধ্য-অবস্থা-পালন এবং অন্ত-অবস্থা-সংহার। সেই সমস্তের হেতৃ আমিই উক্ত পুরুষের অর্থ। তাহাকেই তুমি ধ্যান করিবে॥ २०॥

অনুভূষণ—প্র্যােশ শীভগবান্ অর্জনকে সংক্ষেপে স্বীয় প্রধান প্রধান বিভূতির কথা বলিবেন, এইরূপ আশাদ প্রদান পূর্বেক, বর্তমান শ্লাকে তিনি স্বীয় অংশরূপ মহং-শ্রষ্টাদি দ্বারা নিখিল বিভূতির হেতু, ইহাই জানাইলেন এবং প্রথমে তাঁহাকে এই আত্মারূপেই চিন্তা করিতে উপদেশ দিলেন। এস্থলে অর্জনকে 'গুড়াকেশ' শব্দে সম্বোধন পূর্বেক তাঁহাকে ("গুড়াকা" শব্দে নিদ্রা, তাহার 'ঈশ' অর্থে বিজেতা) 'জিতনিদ্র' বলিয়া ধ্যানের যোগ্যপাত্র বিচার করিলেন।

প্রভিগবান্ ইহাও জানাইলেন যে, তিনি বিভু, বিজ্ঞানানন্দরূপ আত্মা, কারণান্ধিশায়ী, গর্ভোদশায়ী ও ক্ষীরোদশায়ী ত্রিবিধরূপে, প্রধানাদি-পৃথিবী পর্যান্ত সকলের মূল প্রকৃতির অন্তর্য্যামী, বিরাটান্তর্য্যামী ও সর্বজীবের

অন্তর্য্যামীরূপে প্রমান্ম। এবং এই প্রমান্মা, অন্তর্য্যামীস্বরূপ দর্ব্বাগ্রে চিন্তনীয়।

শ্রীমদ্বলদেব বিত্যাভ্ষণ প্রভু এ-বিষয়ে স্থবালোপনিষদ্, সাত্ততন্ত্র, ব্রহ্মসংহিতা প্রভৃতি গ্রন্থ হইতে প্রমাণ উদ্ধার করিয়াছেন।

এই ত্রিবিধ পুরুষাবতারই সর্বাভূতের আদি অর্থাৎ উৎপত্তির কারণ, মধ্য অর্থাৎ পালনকারী এবং অন্ত অর্থাৎ সংহার কর্তা। শ্রীকৃষ্ণই এই পুরুষত্তয়ের মূল।

ত্রিবিধ পুরুষাবতার-প্রসঙ্গে শ্রীচৈতন্মচরিতামৃত মধ্যলীলা বিংশ পরিচ্ছেদ আলোচ্য।

"প্রথমেই করে কৃষ্ণ 'পুরুষাবতার'।
সেই ত পুরুষ হয় ত্রিবিধ প্রকার ॥" ( চৈঃ চঃ মধ্য ২০।২৫০ )
"সেই পুরুষ বিরজাতে করেন শয়ন।
'কারণান্ধিশায়ী' নাম জগৎ-কারণ ॥" ( ঐ ২৬৮ )
"হিরণাগর্ভ-অন্তর্যামী-গর্ভোদশায়ী।
সহস্র-শীর্ষাদি করি' বেদে যাঁরে গাই ॥" ( ঐ ২৯২ )
"বিরাট্ ব্যষ্টি-জীবের, তেঁহো অন্তর্যামী।
ক্ষীরোদশায়ী তেঁহো-পালনকর্তা, স্বামী॥" ( ঐ—২৯৫ )

এতৎ প্রদঙ্গে শ্রীমদ্রাগবতের ১।৩।১, ২।৬।৪২ এবং "অহমেবাসমেবাগ্রে" (২।১।৩২) "আদাবস্তে চ মধ্যে চ" (১১।১১।১৬) প্রভৃতি শ্লোক দ্রষ্টবা ॥ ২০॥

#### আদিত্যানামহং বিষ্ণুর্জ্যোতিষাং রবিরংশুমান্। মরীচির্মারুতামন্মি নক্ষত্রাণামহং শশী॥ ২১॥

আত্তর অব্যয়—অহং (আমি) আদিত্যানাং (দাদশ আদিত্যের মধ্যে) বিষ্ণুং, জ্যোতিষাং (জ্যোতিষ্কগণের মধ্যে) অংশুমান্ (কিরণশালী) রবিঃ (স্থা) মরুতাম্ (মরুদর্গণের মধ্যে) মরীচিঃ, নক্ষত্রাণাং (নক্ষত্রগণের মধ্যে) অহং (আমি) শশী (চক্রমা) অস্মি (হই)॥ ২১॥

তাসুবাদ—আমি দ্বাদশ আদিত্যের মধ্যে বিষ্ণু নামক আদিত্য, জ্যোতিঙ্ক-গণের মধ্যে সহস্র কিরণশালী স্থা, সমগ্র বায়ুগণের মধ্যে মরীচি নামক বায়, নক্ষত্রগণের মধ্যে চক্র॥ ২১॥ व्यागढगपण्गाज। ३०१२३

শীততিবিনোদ—আদিতাদিগের মধ্যে আমি বিষ্ণু অথাং বামন, জ্যোতির্ময় বস্তু-সকলের মধ্যে কিরণমালী স্থ্য, মরুদগণের মধ্যে আমি মরীচি, নক্ষত্র-দিগের মধ্যে আমি অধিপতি চক্র॥ ২১॥

শ্রীবলদেব—আদিত্যানাং দাদশানাং মধ্যে বিষ্ণুবামনোহহং, জ্যোতিষাং প্রকাশানাং মধ্যেহংশুমান্ বিশ্বব্যাপিরশ্রীরবিরহং, মক্রতামূনপঞ্চাশংসংখাকানাং মধ্যে মরীচিরহং, নক্ষত্রাণামধিপতিঃ শনী স্থাব্যী চল্রোহহম্; অত্র 'নির্দ্ধারণে ষষ্ঠা' প্রায়েণ, কচিৎ সম্বন্ধেহপীতি বোধাম্॥ ২১

বঙ্গান্তবাদ—দাদশ আদিতোর মধ্যে বিষ্ণু—বামন আমি। জ্যোতিঃসম্পন্ন—অর্থাৎ প্রকাশক বস্তু সমূহের মধ্যে আমি অংশুমান্ অর্থাং বিশ্বব্যাপী
রশ্মিমান্ রবিই আমি। উনপঞ্চাশৎ বায়ুরমধ্যে আমি মরীচি। নক্ষত্রসকলের
মধ্যে তাহাদের অধিপতি স্থাবধী শশী—চন্দ্রই আমি। এথানে নির্দ্ধারণে ষণ্ঠা
প্রায়ই। কোন কোন স্থানে সম্বন্ধেও ষণ্ঠা বিভক্তি হইয়াছে জানিবে॥ ২১॥

অনুভূষণ—"আদিত্যানাং অহং বিষ্ণুং"—ভাঃ ১১।১৬।১৩, "তেজিষ্ঠানাং বিভাবস্থঃ,,—ভাঃ ১১।১৬।৩৪, "দোমং নক্ষত্রোষধীনাং"—ভাঃ ১১।১৬।১৬, 'প্রভাস্মি শশিস্থ্যিয়োঃ"—গাঃ ৭।৮॥ ২১॥

# বেদানাং সামবেদোহস্মি দেবানামস্মি বাসবঃ। ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মি ভূতানামস্মি চেতনা॥ ২২॥

অষয়— [ অহং—আমি ] বেদানাং (বেদসমূহের মধ্যে ) সামবেদঃ অস্মি (সামবেদ হই ) দেবানাং (দেবগণের মধ্যে ) বাসবঃ অস্মি (ইক্র হই ) ইক্রিয়াণাং (ইক্রিয়গণের মধ্যে )মনঃ অস্মি (মন হই ) ভূতানাং চ (এবং ভূতগণের মধ্যে ) চেতনা অস্মি (জ্ঞানশক্তি হই )॥ ২২॥

অনুবাদ—আমি বেদসমূহের মধ্যে সামবেদ, দেবগণের মধ্যে ইন্দ্র, ইন্দ্রিয়-গণের মধ্যে মন এবং সমস্ত ভূতগণের মধ্যে চেতনস্বরূপ জ্ঞানশক্তি॥ ২২॥

ত্রীভক্তিবিনোদ—বেদসকলের মধ্যে আমি দামবেদ, দেবগণের মধ্যে আমি ইন্দ্র, ইন্দ্রিয়গণের মধ্যে মন, ও সমস্ত-ভূতের চেতনা-সম্বন্ধী জ্ঞানশক্তি॥২২॥

শ্রীবলদেব—বেদানাং মধ্যে গাঁতমাধুর্য্যেণােৎকর্ষাৎ সামবেদােহহং, দেবতানাং মধ্যে বাসবস্তেষাং রাজা ইন্দ্রোহহং, ইন্দ্রিয়াণাং মধ্যে তৃর্জ্বয়ং তেষাং প্রবর্ত্তকঞ্চ মনােহহং, ভূতানাং সহন্ধিনী চেতনা জ্ঞানশক্তিরহম্ ॥ ২২ ॥ বঙ্গান্দুবাদ—বেদসমূহের মধ্যে অর্থাৎ চারিটি বেদের মধ্যে গীত ও মাধুর্ঘাের উৎকর্ম হেতু আমি সামবেদ। দেবতাদের মধ্যে বাসব অর্থাৎ দেবতাদিগের রাজা ইন্দ্র—আমি। ইন্দ্রিয়গুলির মধ্যে তাহাদের প্রবর্ত্তক ও তর্জয় মন—আমি। প্রাণিগণের মধ্যে আমি তাহাদের জ্ঞানশক্তি অর্থাৎ চেতনা—আমি॥ ২২॥

**অনুভূষণ**—"ইন্দ্রোহহং সর্বদেবানাং"—১১।১৬।১৩, "তুর্জ্ঞয়ানামহং মনঃ" —ভাঃ ১১।১৬।১১॥ ২২॥

# রুজাণাং শঙ্করশ্চান্মি বিত্তেশো যক্ষরক্ষসাম্। বস্নাং পাবকশ্চান্মি মেরুঃ শিশ্বরিণামহম্॥ ২৩॥

তাষ্য়—অহম্ ( আমি ) কদ্রাণাং ( কদ্রগণের মধ্যে ) শঙ্করঃ অস্মি ( শঙ্কর হই ) যক্ষরক্ষসাম্ চ ( যক্ষ ও রাক্ষসগণের মধ্যে ) বিত্তেশঃ ( কুবের ) বস্থনাং ( অষ্ট বস্থর মধ্যে ) পাবকঃ অস্মি ( অগ্নি হই ) শিথরিণাম্ চ ( এবং পর্বতি সমূহের মধ্যে ) মেকঃ ( স্থমেক ) ॥ ২৩ ॥

অনুবাদ—আমি রুদ্রগণের মধ্যে শঙ্কর, যক্ষ ও রাক্ষদগণের মধ্যে কুবের, অন্ত বস্থর মধ্যে অগ্নি এবং পর্বতগণের মধ্যে স্থমেরু॥ ২৩॥

প্রীভক্তিবিনোদ—রুদ্রদিগের মধ্যে আমি শিব, যক্ষ ও রাক্ষদের মধ্যে আমি কুবের, বস্থদিগের মধ্যে আমি পাবক, পর্বতগণের মধ্যে আমি স্থমেরু॥ ২৩॥

শ্রীবলদেব—রুদ্রাণামেকাদশানাং মধ্যে শঙ্করাথ্যো রুদ্রোহহং, যক্ষরক্ষসামধিপো বিত্তেশঃ কুবেরোহহং, বস্থনামন্তানাং মধ্যে পাবকোহগ্নিরহং,
শিথবিণামত্যাচ্ছ্রিতানাং মধ্যে মেরুঃ স্বর্ণাচলোহহম্॥ ২৩॥

বঙ্গান্তবাদ—একাদশ রুদ্রের মধ্যে আমি শঙ্কর নামে বিখাতি রুদ্র। যক্ষ ও রাক্ষসদিগের অধীশ্বর বিত্তেশ কুবের আমি। অষ্ট বস্থুর মধ্যে পাবক অগ্নিই আমি। অতিশয় উন্নত শিথরি (পর্বত)গণের মধ্যে স্বর্ণ-পর্বত স্থ্যেরুই আমি॥২৩॥

অনুভূষণ—"রুদ্রাণাং নীললোহিতঃ"—ভাঃ ১১।১৬।১৩, "ধনেশং যক্ষ-রক্ষসাম্"—ভাঃ ১১।১৬।১৬, "বস্থনামিশ্ম হব্যবাট্"—ভাঃ ১১।১৬।১৩, "ধিফ্যা-নামশ্মহং মেরুঃ"—ভাঃ ১১।১৬।২১॥২৩॥

#### পুরোধসাঞ্চ মুখ্যং মাং বিদ্ধি পার্থ বৃহস্পতিম্। সেনানীনামহং ক্ষলঃ সরসামন্মি সাগরঃ॥ ২৪॥

তাল্বয়—পার্থ! মাং (আমাকে) পুরোধদাম্ (পুরোহিতগণের মধ্যে)
ম্থাং (প্রধান) বৃহস্পতিম্ বিদ্ধি (বৃহস্পতি জানিবে) অহং (আমি) দেনানীনাং (দেনাপতিগণের মধ্যে) স্থলঃ (কাত্তিকেয়) সরসাম্ (জলাশয়গণের
মধ্যে) সাগরঃ অস্মি (সম্ভ হই)॥ ২৪॥

তাসুবাদ—হে পার্থ! আমাকে পুরোহিতগণের মধ্যে প্রধান বৃহস্পতি বিলিয়া জানিবে, সেনাপতিগণের মধ্যে আমি কাত্তিক এবং জলাশয়গণের মধ্যে আমি সমৃদ্র ॥ ২৪ ॥

**ত্রীভক্তিবিনোদ**—পুরোহিতদিগের মধ্যে আমি বৃহস্পতি, সেনাপতিগণের মধ্যে আমি কার্ত্তিক এবং জলাশয়ের মধ্যে আমি সমুদ্র ॥ ২৪॥

ত্রীবলদেব—ইন্রস্য সর্বরাজম্থাজাত্তংপুরোহিতং বৃহস্পতিং সর্বপতিং রাজপুরোহিতানাং ম্থাং মাং বিদ্ধীতি সোহহমিতার্থঃ; সেনানীনামিতি— সুড়াগমস্থার্থঃ, সর্বরাজসেনানাং মধ্যে ফলঃ কাত্তিকেয়োহহং, সরসাং স্থির-জলানাং মধ্যে সাগরোহহম্॥ ২৪॥

বঙ্গান্দুবাদ — সমস্ত রাজা অপেক্ষা ইন্দ্রের শ্রেষ্ঠিত থাকায় তাহার পুরোহিত বৃহস্পতি অর্থাৎ রাজপুরোহিতগণের মধ্যে মুখ্য পুরোহিত সর্ম্মপতি পুরোহিতই আমাকে জানিবে। আমিই সেই পুরোহিত বৃহস্পতি। 'সেনানীনামিতি'; সেনান্তাম্ না হইয়া হ আগম কিন্তু এথানে আর্য। সমস্ত রাজসেনার মধ্যে স্বন্দ কার্ত্তিক আমি। সমস্ত স্থির জলপূর্ণ জলাশয়ের অর্থাৎ অশোশ্য মধ্যে আমি সাগর॥ ২৪॥

ত্রসুভূষণ— "পুরোধসাং বশিষ্টোহহং ব্রন্ধিষ্ঠানাং বৃহস্পতি: ॥"

"স্বন্দোহহং সর্ব্ধসেনাক্রাম্"—ভাঃ ১১।১৬।২২। "সম্দ্রঃ সরসামহম্"—
ভাঃ ১১।১৬।২০॥ ২৪॥

#### মহর্ষীণাং ভৃষ্ণরহং গিরামস্ম্যেকমক্ষরম। যজানাং জপযজোহস্মি স্থাবরাণাং হিমালয়ঃ॥ ২৫॥

ভাষায়—অহং ( আমি ) মহর্ষীণাং ( মহর্ষিগণের মধ্যে ) ভৃগুং, গিরাম্ ( বাক্য সমূহের মধ্যে ) একম্ অক্ষরম্ অস্মি ( একাক্ষর ওঁকার হই ) যজানাং ( যজ্ঞসমূহের মধ্যে ) জপ্যজ্ঞ: অস্মি ( জপরূপ যজ্ঞ হই ) স্থাবরাণাং ( স্থাবর-গণের মধ্যে ) হিমালয়ঃ ( হিমালয় )॥ ২৫॥

অনুবাদ—আমি মহর্ষিগণের মধ্যে ভৃগু, বাকাসমূহের মধ্যে ওঁকার, যজ্জ-সমূহের মধ্যে জপরূপ যজ্ঞ এবং স্থাবরগণের মধ্যে হিমালয়॥ ২৫॥

**ত্রীভক্তিবিনোদ**—মহর্ষিগণের মধ্যে আমি ভৃগু, বাকোর মধ্যে আমি প্রণব, যজ্ঞ-সকলের মধ্যে আমি জপযজ্ঞ এবং স্থাবরগণের মধ্যে আমি হিমালয়॥ ২৫॥

ত্রীবলদেব—মহধীণাং ব্রহ্মপুরাণাং মধ্যেহতিতেজস্বী ভৃত্তরহং, গিরাং পদলক্ষণানাং বাচাং মধ্যে একমক্ষরং প্রণবোহহমিন্দি, যজ্ঞানাং মধ্যে জপ্রত্থিনি,—তস্থাহিংসাত্মকত্বেনোৎকৃষ্টব্বাৎ, স্থাবরাণাং স্থিতিমতাং মধ্যে হিমাচলোহহং; অত্যাচ্চত্বেনাতিক্তৈর্ঘোণ চার্থভেদানেকহিমালয়য়োবিভূত্যো-ভেদঃ॥ ২৫॥

বঙ্গান্ধবাদ—ব্রহ্মার পূত্র মরীচি প্রভৃতি মহর্ষিগণের মধ্যে আমি অতিশয় তেজস্বী ভৃগু মৃনি। পদস্বরূপ শব্দসমূহের মধ্যে একঅক্ষর প্রণব ( ওঁ ) আমি। যজ্ঞ সকলের মধ্যে জপরূপ যজ্ঞই আমি। কারণ—জপরূপ যজ্ঞের মধ্যে কোন রক্ম হিংসাদি দোষ না থাকায় জপ সর্কোৎকৃষ্ট। স্থিতিশীল স্থাবরগণের মধ্যে আমি হিমাচল। অতিশয় উচ্চতা ও অতিশয় স্থৈগি হেতু উভয়ের মধ্যে অর্থ ভেদ থাকায় মেরু পর্ব্বত ও হিমালয় পর্ব্বতের বিভৃতির মধ্যে প্রভেদ ॥২৫॥

অনুভূষণ—''বন্ধর্যীণাং ভৃগুরহম্''—ভাঃ ১১।১৬।১৪, ''যজ্ঞানাং বন্ধ-যজ্ঞোহহং''—ভাঃ ১১।১৬।২৩, ''গহনানাং হিমালয়:''—ভাঃ ১১।১৬।২১॥ ২৫॥

## অশ্বথঃ সর্ববৃক্ষাণাং দেবর্ষীণাঞ্চ নারদঃ। গন্ধর্বণাণাং চিত্ররথঃ সিদ্ধানাং কপিলো মুনিঃ॥২৬॥

আন্তর্ম— [ অহং — আমি ] সর্ববৃক্ষাণাং ( বৃক্ষ সকলের মধ্যে ) অশ্বত্থঃ, দেবধীণাঞ্চ ( এবং দেবধিগণের মধ্যে ) নারদঃ, গন্ধর্কাণাং ( গন্ধর্কগণের মধ্যে ) চিত্ররথঃ, সিদ্ধানাং ( সিদ্ধগণের মধ্যে ) কপিলঃ মৃনিঃ ॥ ২৬ ॥

অনুবাদ — আমি বৃক্ষগণের মধ্যে অশ্বর্থ, দেবধিগণের মধ্যে নারদ, গন্ধর্ব-গণের মধ্যে চিত্ররথ এবং শিদ্ধগণের মধ্যে কপিল মুনি॥ ২৬॥

ত্রীভক্তিবিলোদ—বৃক্ষগণের মধ্যে আমি অশ্বথ, দেবধিগণের মধ্যে আমি

নারদ, গন্ধর্বগণের মধ্যে আমি চিত্ররণ এবং সিদ্ধগণের মধ্যে আমি কপিল-ম্নি॥ ২৬॥

শ্রীবলদেব—পূজাবেন সর্বাবৃক্ষাণাং মধ্যে শ্রেষ্টোহশ্বথোহহং, দেবধীণাং মধ্যে পরমভক্তবেনোংকটো নারদোহহং, গন্ধর্কাণাং মধ্যেহতিগায়কবেনোংকটো কিন্তব্যাদ্দিতবং, সিদ্ধানাং স্বাভাবিকাণিমাদিমতাং কপিলঃ কাদিমিম্-নিরহম্॥ ২৬॥

বঙ্গান্ধবাদ—সমস্ত বৃক্ষের মধ্যে পূজাত্ব হেতৃ শ্রেষ্ঠ অশ্বথ বৃক্ষ আমিই।
দেবর্ষিগণের মধ্যে শ্রেষ্ঠ ভক্তত্ব হেতৃ আমি দর্শনভক্তপ্রেষ্ঠ নারদ। গন্ধবাগণের
মধ্যে অভিশয় গায়কত্ব হেতৃ উৎকৃষ্ট চিত্ররথ নামক (গন্ধবি) আমি।
স্বাভাবিক অণিমাদি অষ্টেশ্বর্যায়ক্ত সিদ্ধাণের মধ্যে কর্দ্দময়নিপুত্র কপিল মুনিই
আমি॥ ২৬॥

অনুভূষণ—''দেবধীণাং নারদোহহং''—ভাঃ ১১।১৬।১৪, ''বিশাবহুঃ পূর্কচিত্তিগন্ধর্কাপ্যরদামহম্''—ভাঃ ১১।১৬।৩৩, ''দিদ্বেশ্বরাণাং কপিলঃ''—ভাঃ ১১।১৬।১৫॥ ২৬॥

## উঠিচঃশ্রবসমশ্বানাং বিদ্ধি মামমূতোন্তবম্। ঐরাবতং গজেন্দ্রাণাং নরণাঞ্চ নরাধিপম্॥২৭॥

তার্ব্য-মাম্ (আমাকে) অখানাং (অখসম্হের মধ্যে) অমৃতোদ্তবম্ (অমৃতমন্থনে উদ্ভ ) উচ্চৈ: প্রবস্থ (উচ্চি: প্রবা) গজেক্রাণাম্ (গজেক্রগণের মধ্যে) করাবতং (করাবত) নরাণাম্চ (এবং নরগণের মধ্যে) নরাধিপম্ (নুপতি) বিদ্ধি (জানিবে)॥ ২৭॥

তালুবাদ—আমাকে অশগণের মধ্যে সম্দ্রমন্থনকালে উদ্ভূত উচ্চৈ:শ্রবা, হস্তিগণের মধ্যে ঐরাবত এবং মহয়গণের মধ্যে নূপতি বলিয়া জানিবে ॥২ ৭॥

ত্রীভক্তিবিলোদ—আমি অধগণের মধ্যে উচ্চিঃশ্রবা-রূপে সমুদ্র-মন্থন-সময়ে উদ্ত হই, হস্তিগণের মধ্যে আমি ঐরাবত, মহুশ্বগণের মধ্যে আমি সম্রাট্॥২৭॥

শ্রীবলদেব—অশ্বানাং মধ্যে উচ্চৈ:শ্রবদং, গজেন্দ্রাণাং মধ্যে ঐরাবতং চ মাং বিদ্ধি,—অমৃতোদ্রবমমৃতার্থকাৎ ক্ষীরান্ধিমথনাজ্জাতমিতি দ্বমোর্বিশেষণম্; নরাধিপং রাজানমসহতেজসং ধর্মিষ্ঠম্॥ ২৭॥

বঙ্গান্দুবাদ—অশ্বগণের মধ্যে আমাকে উচ্চৈ:শ্রবা (নামক অশ্ব বলিয়া জানিবে)। গজেন্দ্রগণের মধ্যে আমাকে ক্রবাবত রূপেই জানিবে। অমত হইতে উদ্ভব অর্থাৎ অমৃতার্থক ক্ষীরদাগর মন্থন হইতে জাত উচ্চৈ:

অবাবত এই তুইটি পদেরই এই বিশেষণ। মাত্র্ষগণের মধ্যে অসহনীয় তেজঃ
সম্পন্ন নরাধিপ ধর্মিষ্ঠ রাজাই আমাকে জানিবে॥ ২৭॥

অনুভূষণ—"উচ্চৈঃশ্রবাস্তরঙ্গাণাং"—ভাঃ ১১।১৬।১৮, "এরাবতং গজেক্রাণাম্" "মহুস্থাণাঞ্চ ভূপতিম্"—ভাঃ ১১।১৬।১৭॥ ২৭॥

## আয়ুধানামহং বজ্রং ধেনূনামিয়া কামধুক্। প্রজনশ্চাম্মি কন্দর্পঃ সর্পাণামিয়া বাস্ত্রকিঃ॥ ২৮॥

তাষ্য়—আয়ুধানাং ( অস্ত্রগণের মধ্যে ) অহং ( আমি ) বজ্রং ( বজ্র ) ধেন্নাম্ ( ধেমুগণের মধ্যে ) কামধুক্ অস্মি ( কামধেরু হই ) প্রজনঃ (পুর্ত্রোৎপত্তির
কারণ ) কন্দর্পঃ চ অস্মি ( কামও আমি হই ) দর্পাণাং ( দর্পদিগের মধ্যে )
বাস্থকিঃ অস্মি ( বাস্থকি হই ) ॥ ২৮ ॥

অনুবাদ—অস্থ্রগণের মধ্যে আমি বজ্ঞ, ধেরুগণের মধ্যে আমি কামধেরু, সস্তান-উৎপত্তির হেতুম্বরূপ কামও আমি এবং সর্পদিগের মধ্যে আমি বাস্থ্রকি॥ ২৮॥

ত্রীভক্তিবিনোদ—অস্ত্রগণের মধ্যে আমি বজ্র, গাভিগণের মধ্যে আমি কামধের, প্রজা-উৎপত্তির মূলস্বরূপ আমি কামদেব এবং দর্পদিগের মধ্যে আমি বাস্থিকি॥ ২৮॥

ত্রীবলদেব—আয়ুধানামস্তাণাং মধ্যে বজ্ঞং পবিরহং, কামধুক্ বাঞ্ছিত পূর্য়িত্রী কামধেররহং, প্রজনঃ সন্তানোৎপাদকঃ কন্দপ্র কামোহহং,—রতিস্থখনাত্রহেতুঃ স নাহমিতি চ-শব্দাৎ; সপ্রণামেকশিরসাং মধ্যে বাস্থকিরহম্॥ ২৮॥

বঙ্গানুবাদ—আয়ুধ সকলের অর্থাৎ অস্ত্রসমূহের মধ্যে আমি 'পবিঃ' অর্থাৎ—
বজ্ঞ । কাসধুক্—বাঞ্চিতদলদাত্রী কামধেস্থ আমি । প্রজন—সন্তানোৎপাদক
কন্দর্প অর্থাৎ কাম আমি কিন্তু রতি ( রমণ ) স্থ্যমাত্র হেতু সে ( কাম ) আমি
নহি; ইহা "চ" শব্দের প্রয়োগের দারাই স্বচনা করা হইতেছে। এক
মন্তক সম্পন্ন সর্পাণের মধ্যে আমি বাস্থিকি॥ ২৮॥

তার তুষণ—"আয়ুধানাং ধহরহং"—(ভাঃ ১১।১৬।২০), "হবিদ্ধান্তাম্মি ধেরুষু"—(ভাঃ ১১।১৬।১৪), "কামস্ত বাহ্নদেবাংশো"—(ভাঃ ১০।৫৫।১), দর্পাণামম্মি বাহ্মকিঃ—(ভাঃ ১১।১৬।১৮)॥ ২৮॥

#### অনন্তশ্চান্মি নাগানাং বরুণো যাদসামহম্। পিতৃ,ণামর্য্যমা চান্মি যমঃ সংযমভামহম্॥ ২৯॥

অন্তর্ম — নাগানাং ( নাগগণের মধ্যে ) অনন্তঃ চ অস্মি ( অনন্তও হই ) অহং ( আমি ) যাদসাম্ ( জলচরগণের মধ্যে ) বরুণঃ, পিতৃণাং ( পিতৃগণের মধ্যে ) অর্থামা চ অস্মি ( অর্থামা হই ) সংযমতাম্ ( দণ্ডধারিগণের মধ্যে ) যমঃ ॥ ২৯ ॥

অনুবাদ—আমি নাগগণের মধ্যে অনন্ত, জলচরগণের মধ্যে বরুণ, পিতৃগণের মধ্যে অর্যামা এবং দণ্ডদাতৃগণের মধ্যে যম॥ ২৯॥

**শ্রীভক্তিবিনোদ**—নাগগণের মধ্যে আমি অনন্ত, জলচর-মধ্যে আমি বরুণ, পিতৃগণের মধ্যে আমি অর্থ্যমা, দণ্ডদাতাদিগের মধ্যে আমি যম॥ ২৯॥

ত্রীবলদেব—নাগানামনেকশিরসাং মধ্যেহনন্তঃ শেষোহহং, যাদসাং জলজন্তু নামধিপো বরুণোহহং, পিতৃ ণাং রাজার্য্যমাখ্যঃ পিতৃদেবোহহং, সংযমতাং দশুয়তাং মধ্যে স্থায্যদশুকুৎ যমোহহং,—ছাদেশাভাব আর্যঃ॥ ২৯॥

বজ্বানুবাদ—বহু মন্তক সম্পন্ন নাগগণের মধ্যে আমি অনন্ত—শেষরপ নাগ।
যাদৃদ্ অর্থাৎ জলজন্তগণের মধ্যে তাহাদের অধীশ্বর বরুণ—আমি। পিতৃগণের
মধ্যে রাজা আর্যামাথ্য পিতৃদেব আমি। সংযমন অর্থাৎ দণ্ডপ্রদান কর্তাদিগের
মধ্যে আমি ন্তায় দণ্ডপ্রদানকারী যম। আর্ষ (ঋষিপ্রোক্ত) বলিয়া সংযক্ষতাম্
না হইয়া সংযমতাং এই পদে 'ম' স্থানে 'ছ' আদেশের অভাব হইয়াছে॥ ২৯॥

অনুভূষণ—"নাগেন্দ্রাণামনস্তোহহং"—(ভাঃ ১১।১৬।১৯), 'বাদসাং বকণং প্রভূম্"—(ভাঃ ১১।১৬।১৭), 'পিত্বণামহমর্ঘ্যমা"—(ভাঃ ১১।১৬।১৫), "যমঃ সংযমতাঞ্চাহং"—(ভাঃ ১১।১৬।১৮)॥ ২৯॥

# প্রহলাদশ্চাম্মি দৈত্যানাং কালঃ কলয়ভাষহ্য। মুগাণাঞ্চ মুগোন্দোহহং বৈনভেয়শ্চ পক্ষিণাম্॥ ৩০॥

তান্ত্যানাং চ (এবং দৈত্যগণের মধ্যে) প্রহলাদ অস্মি ( হই )
কলয়তাম্ (বশীকারিগণের মধ্যে ) অহং (আমি ) কালঃ, মৃগাণাম্ চ (এবং
পশুগণের মধ্যে ) অহং (আমি ) মৃগেন্দ্রঃ (সিংহ ) পক্ষিণাম্ চ (পক্ষিগণের
মধ্যেও ) বৈনতেয়ঃ (গরুড় )॥ ৩০॥

প্রত্যাদ—আমি দৈত্যগণের মধ্যে প্রহলাদ, বশীকারিগণের মধ্যে কাল, পশুদিগের মধ্যে সিংহ এবং পক্ষিগণের মধ্যে গরুড়॥ ৩০॥ শ্রীভক্তিবিনোদ— দৈতাগণের মধ্যে আমি প্রহ্নাদ, বশীকারকদিগের মধ্যে আমি কাল, মৃগদিগের মধ্যে আমি দিংহ এবং পক্ষীদিগের মধ্যে আমি গরুড়॥ ৩০॥

শ্রীবলদেব—দৈত্যানাং দিতিবংখানাং মধ্যে তেষামধিপতির্ভগবরিষ্ঠাতিশরাদ্বীয়ান্ প্রহলাদোহহং, কলয়তাং বশীকুর্মতাং মধ্যে কালোহহং, মৃগাণাং
পশ্নাং মধ্যেহতিবিক্রমেণােৎকুটো মৃগেন্দ্রঃ দিংহাহহং, পক্ষিণাং মধ্যে বিষ্ণুবথত্বেনাতিশ্রেষ্ঠো বৈনতেয়াে গরুড়োহহুম্॥ ৩০॥

বঙ্গান্তবাদ—দিতিবংশোদ্ভব দৈত্যগণের মধ্যে তাহাদের অধিপতি, অতিশয় ভগবিরিষ্ঠাহেতু শ্রেষ্ঠ প্রহলাদ—আমি। বশীকরণকারি-(কলয়নকারী) গণের মধ্যে আমি কাল। মৃগ অর্থাৎ পশুগণের মধ্যে অতিশয় বিক্রমহেতু উৎকৃষ্ট মৃগেন্দ্র অর্থাৎ শিংহ আমি। পক্ষিগণের মধ্যে ভগবান্ বিষ্ণুর রথ বলিয়া অতিশয় শ্রেষ্ঠ বিনতারপুত্র গরুড় আমি॥৩০॥

অনুভূষণ—"দৈত্যানাং প্রহলাদমস্থরেশ্বরম্"—( ভাঃ ১১।১৬।১৬ ), "কালঃ কলয়তামহম্"—(ভাঃ ১১।১৬।১০), "ম্গেল্রঃ শৃঙ্গিদংষ্ট্রণাম্"—(ভাঃ ১১।১৬।১৯), "স্পর্ণোহহং পতজ্রিণাম্"—( ভাঃ ১১।১৬।১৫ )॥ ৩০॥

#### পবনঃ পবতামিশ্বা রামঃ শস্ত্রভৃতামহম্। ঝধাণাং মকরশ্চাশ্বি ভ্রোতসামিশ্বি জাহুবী॥ ৩১॥

তার্য — অহম্ ( আমি ) পবতাম্ (বেগবান্ বা পবিত্রকারীর মধ্যে ) পবনঃ অন্মি ( পবন হই ) শস্তভ্তাম্ ( শস্তধারিগণের মধ্যে ) রামঃ ( পরশুরাম ) ঝবাণাং চ ( এবং মৎস্থগণের মধ্যে ) মকরঃ অন্মি ( মকর হই ) স্রোতদাম্ ( নদীসমূহের মধ্যে ) জাহ্নবী অন্মি ( জাহ্নবী হই ) ॥ ৩১ ॥

অনুবাদ—আমি বেগবান্ ও পবিত্রকারী বস্তুগণের মধ্যে পবন, শস্ত্রধারি-গণের মধ্যে শক্ত্যাবেশ-লব্ধ-জীববিশেষ পরশুরাম, জলচরগণের মধ্যে মকর এবং নদীসমূহের মধ্যে গঙ্গা॥ ৩১॥

প্রতিক্তিবিনোদ—বেগবান্ ও পবিত্রকারী বস্তুগণের মধ্যে আমি পবন,
শস্ত্রধারী-পুরুষদিগের মধ্যে আমি শক্ত্যাবেশ-লব্ধ জীববিশেষ পরশুরাম, জলচরদিগের মধ্যে আমি মকর এবং নদীগণের মধ্যে আমি গঙ্গা॥ ৩১॥

ত্রীবলদেব—পবতাং পাবনানাং বেগবতাং চ মধ্যে পবনো বাযুরহং, রামঃ

পর্ত্রামঃ, ঝ্যাণাং মংস্থানাং মধ্যে মকরস্তজ্জাতিবিশেষোহ্যং, স্থোত্সাঃ প্রহজ্জনানাং মধ্যে জাক্রী গঙ্গাহ্ম্॥ ৩১॥

বঙ্গানুবাদ—পবিত্রতাকারী ও বেগশীলগণের মধ্যে আমি বায়ু (পবন)। রাম—পরশুরাম। ঝষ অর্থাৎ মংসাগণের মধ্যে তজ্জাতিবিশেষ মকর আমি, প্রবহমান স্রোতঃসমূহের মধ্যে আমি গঙ্গা—জাহ্নবী॥ ৩১॥

অনুভূষণ—"তীর্গানাং স্রোত্সাং গঙ্গা "—ভাঃ ১১৷১৬৷২০ ॥ ৩১৷

## সর্গাণামাদিরন্তক মধ্যবৈশ্বাহমর্জুন। অধ্যাত্মবিজ্ঞা বিজ্ঞানাং বাদঃ প্রবদ্তামহম্॥ ৩২॥

তার্ম—অর্জন! অহম্ এব (আমিই) দর্গাণাম্ (আকাশাদি স্টবস্ত দম্হের) আদিঃ অন্তঃ মধ্যং চ (উৎপত্তি, লয় ও স্থিতি) বিভানাং (দমস্ত বিভাব মধ্যে) অধ্যাত্মবিভা (আত্মজ্ঞান) অহম্ (আমি) প্রবদ্তাম্ (স্পক্ষস্থাপন ও প্রপক্ষত্মণাদিরপ বিতণ্ডার মধ্যে) বাদঃ (তত্ত্বির্ণিয়)॥ ৩২ ॥

তালুবাদ—হে অর্জুন! আমিই আকাশাদি স্ট-বস্তুসমূহের মধ্যে স্ষ্টি, সংহার ও পালনরপ, সমস্ত বিভার মধ্যে অধ্যাত্ম-বিভা অর্থাৎ আত্মজ্ঞান এবং স্বপক্ষস্থাপন ও পরপক্ষদ্যণাদিরূপ বিভণ্ডার মধ্যে বাদ অর্থাৎ তত্ত্বনির্ণয়॥ ৩২॥

শ্রীভক্তিবিনোদ— আকাশাদি-স্টবস্তগণের মধ্যে আমি আদি, অন্ত ও মধ্য; সমস্ত-বিভাব মধ্যে আমি অধ্যাত্মবিভা অর্থাৎ স্ব-স্বরূপজ্ঞান; স্বপক্ষ-স্থাপন ও পরপক্ষদূষণাদিরপ জল্প-বিতণ্ডাদিকারীদিগের মধ্যে আমি বাদ অর্থাৎ তত্ত্বনির্ণিয়॥ ৩২॥

ত্রীবলদেব—সর্গাণাং মহদাদীনাং জড়স্পীনামাদিরকো মধাঞ্চাহমিতি তেষাং সর্গসংহারপালনানি মদিভূতিতয়া ভাবাানীতার্থঃ,—'অহমাদিশ্চ' ইত্যাদৌ মংস্বাংশচেতনানাং ভূতানাং সর্গাদিহেতুর্মদিভূতিরিত্যুক্তমতো ন পুনংপুনক্তিঃ; "অঙ্গানি বেদাশ্চরারো মীমাংসা ভায়বিস্তরঃ। ধর্মশাস্ত্রং পুরাণঞ্চ বিভা হেতাশ্চতুর্দশ" ইত্যুক্তানাং বিভানাং মধ্যেহধ্যাত্মবিভা সপরিকরপরমাত্মনির্ণেত্রী চতুর্ল কণী বেদান্তবিভাহমেবেতার্থঃ; প্রবদ্তাং সম্বনী যো বাদঃ সোহহং; তেয়াং থলু বাদ-জল্ল-বিতগুন্তিম্মঃ কথাঃ প্রসিদ্ধাঃ;—তত্রোভ্রমাধনবতী বিদ্বিগীষুক্থা 'জল্লঃ', যত্রোভালাং প্রমাণেন তর্কেণ

স্বপক্ষ: স্থাপ্যতে ছল-জাতি-নিগ্রহস্থানৈঃ পরপক্ষো দৃয়তে, স্বপক্ষস্থাপনহীনা পরপক্ষদ্যণাবদানা কথা 'বিতণ্ডা', এতে প্রবদতোর্বিজিগীয়োঃ শক্তিমাত্র-পরীক্ষকে নিফলে তত্ত্ববুভুৎস্ককথা 'বাদঃ'—স চ তত্ত্বনির্ণয়ফলকত্বেনোৎকৃষ্টত্বান্ম-দিভূতিরিতি॥ ৩২॥

বঙ্গানুবাদ—( প্রকৃতি হইতে ) সর্গগণের অর্থাৎ মহদাদিরপে স্পষ্ট জড়-বস্তুসমূহের আদি (উৎপত্তি) অন্ত (নাশ) মধ্য (স্থিতিও) আমি—ইহা ধ্যান করিবে। তাহাদের সৃষ্টি, সংহার ও পালনাদিকার্য্যকে আমার বিভূতিরূপে धाान कतिरत, — "वामि वामि এবং वन्न हेजामित উল्लেখ वातवात हरेल छ পুনরুজিদোষ নহে, যেহেতু জীবসমূহ আমার স্বীয় অংশ-চেতন, তাহাদের সর্গাদিরহেতু আমারই বিভৃতি এইরূপ বলা হইতেছে। বিভা-চতুর্দশ প্রকার যথা "অঙ্গ (ছয়টি) বেদ চারিটি, মীমাংসা, গ্রায়বিস্তর (গ্রায়শাল্পের বিবিধ ভাগ-সহ) ধর্মশাস্ত্র ও পুরাণ" এইভাবে উক্ত চতুর্দশ-বিভার মধ্যে অধ্যাত্মবিভা অর্থাৎ বিশেষভাবে অঙ্গোপাঙ্গসহ পরমাত্মা-নিরূপণ-কত্রী চারিটি অধ্যায়যুক্ত বেদান্তবিছা আমিই। ইহাই ইহার অর্থ, ( অতএব পুনরুক্তি দোষ হইল না বলিয়া যাহা বলা হইয়াছে তাহা যথার্থ)। বাদী-প্রতিবাদীদের সম্বন্ধে যে বাদ সেইটি আমি। তাহাদের মধ্যে বাদ, জল্প ও বিততা এই তিনটি কথা প্রসিদ্ধ আছে। তন্মধ্যে উভয়পক্ষের সাধনবতী পরস্পর জয়েচ্ছুর বিষয়েতে যে বাকা বলা হয়—তাহার নাম "জল্ল"; যেথানে বাদি-প্রতিবাদি-উভয়পক্ষই প্রমাণের দারা ও তর্কের দারা নিজ নিজ পক্ষ স্থাপন করে, ছল-জাতি ও নিগ্রহের দ্বারা পরপক্ষে দোষারোপ করা হয়; অথচ স্বপক্ষের স্থাপন করিবার অক্ষমতা ও পরপক্ষের দূষণ অবসানে (আছে) এই জাতীয় কথার নাম "বিতত্তা"। এই তুইটি জন্ন ও বিতত্তাকারিবাক্তি পরস্পর জয়েচ্ছু হইয়া শক্তিমাত্রের পরীক্ষা দাতা নিক্ষল হইলে তারপর যে প্রকৃততত্ত্ব জানিবার কথা তাহারই নাম "বাদ"। দেই বাদ প্রকৃততত্ত্বনির্ণয়ফলকত্বরূপে অতিশয় উৎকৃষ্ট বলিয়া উহাই আমার বিভূতি॥ ৩২॥

অনুভূষণ—বর্ত্তমান শ্লোকে শ্রীভগবান্ বলিতেছেন যে, যাহা কিছু সৃষ্ট হয়, সেই মহদাদি জড়স্প্রির আদি, মধা ও অন্ত আমি এবং তাহাদের সৃষ্টি, স্থিতি ও সংহার আমা হইতেই হইয়া থাকে। পূর্বের এই অধ্যায়ের বিংশ শ্লোকে 'অহমাদিশ্চ' ইত্যাদিতে তাঁহার স্বাংশ চেতনসমূহের এবং যাবতীয়

ভূতগণের সর্গাদির হেতু তাঁহারই বিভূতি বর্ণন করিয়া পুনরায় এখানে বর্ণন করায় পুনকব্রি দোষ হয় নাই, কারণ এখানে আকাশাদি স্ট জড় বস্তুসমূহের মধ্যেও আমি আদি, মধ্য ও অন্ত বলিতেছেন। প্রতরাং তিনিই চেতন, অচেতন সকলের মূল এবং তাহা হইতেই সকল প্রবর্তিত হইতেছে; ইছাই জ্ঞাপন করিলেন।

এই শ্লোকে শ্রীভগবান্ আরও একটি বিষয় বলিতেছেন যে, আমি বিছাদম্হের মধ্যে অধ্যাত্মবিছা। মহ্যা তাহাদের বৃদ্ধির্ত্তির পরিচালনাক্রমে
যে দকল জ্ঞাতব্য-বিষয়ের শিক্ষা লাভ করে, তাহাই বিছানামে পরিচিত।
শাস্ত্রকারগণ চতুর্দশ প্রকার বিছার কথা বলিয়াছেন। যথা:—"অক্লানি
বেদাশ্চম্বারো মীমাংদা ছায় এব চ। ধর্মশাস্ত্রং পুরাণঞ্চ বিছাহেতাশ্চতুর্দশ ॥"
অর্থাৎ শিক্ষা, কল্ল, ব্যাকরণ, জ্যোতিষ, নিরুক্ত ও ছন্দ—এই ছয়টি বেদাক্র
নামে পরিচিত। ঋক্, দাম, যজুং ও অর্থর্ব এই বেদ চতুইয়। মীমাংদা,
ছায়, ধর্মশাস্ত্র ও পুরাণ—এই চতুর্দশ-বিছা। এই সকল বিছার দ্বারা মানবের
বৃদ্ধি বৃত্তির প্রথবতা লাভ করে, এবং নানাবিধ বিষয়ের জ্ঞান পরিবর্দ্ধিত হয়।
এই জ্ঞান মানবের দ্বীবিকানির্বাহের দহায়তা করে এবং ধর্মপথও প্রদর্শন
করে। কিন্তু যে বিছার দ্বারা মানব অমৃতত্ব লাভ করে, ভববন্ধন নির্মুক্ত
হয়, এবং পরব্রন্ধবিষয়ক পূর্ণজ্ঞান লাভ করতঃ অক্ষর বস্ত্বকে জানিতে পারে,
ভাহাই দকল বিছাপেক্ষা শ্রেষ্ঠ তাহাকে 'অধ্যাত্মবিছা' বা আত্মজ্ঞান বলে।
শ্রীভগবান্ এক্ষণে এই অধ্যাত্মবিছাও আমি বলিয়া জানাইলেন।

শ্রীমন্বলদেব বিন্নাভূষণপ্রভ্ দপরিকর পরমাত্মতন্ত্ব-নির্ণরকারিণী চতুর্লক্ষণী বেদান্ত-বিন্নাকেই অধ্যাত্মবিন্না বলিয়া বর্ণন করিয়াছেন। পূর্ব্বোক্ত মীমাংসা-শাস্ত্র উত্তর ও পূর্ববভেদে তুইভাগে বিভক্ত। পূর্ব্ব-মীমাংসা দাধারণতঃ ক্রৈমিনিকৃত মীমাংসা-দর্শন নামে বিখ্যাত। আর উত্তর-মীমাংসা বেদব্যাস-রচিত বেদান্ত-নামে অভিহিত হইয়া থাকে। এই বেদান্তের অপর নাম শারীরক হত্র বা ব্রহ্মহত্র। এই বেদান্ত-শাস্ত্রে চারিটি পাদ আছে। প্রত্যেক পাদে চারিটি অধ্যায়, চারিটি প্রধানহত্র এই শাস্ত্রের মেকৃদণ্ড স্বরূপ। তজ্জ্য ইহাকে চতুঃহত্ত্রীও বলে। শ্রীমন্তগবদ্গীতা ও উপনিষদ-সমূহও অধ্যাত্মবিন্না-প্রাপক বলিয়া পরিগণিত হয়।

শ্ৰভগবান্ আরও জানাইলেন যে, বাদিগণের সম্বন্ধে যে 'বাদ' তাহাও

আমি। অর্থাৎ যাঁহারা বিচার, যুক্তি ও তর্ক-দারা মীমাংসায় উপনীত হইয়া সত্য বা তত্ত অবধারণ করেন, তাঁহাদিগের মধ্যে আমি 'বাদ' অর্থাৎ তত্তনির্ণয়।

তর্ক ও বিচার-স্থলে, বাদ, জল্পনা ও বিতণ্ডা—এই তিনপ্রকার কথা প্রাসিদ্ধ আছে। যেন্থলে একপক্ষ স্বকীয় মত সংস্থাপনের নিমিত্ত বিজিগীষাপরতন্ত্র হইয়া অনবরত পরকীয় মতে দোষারোপ করিতে থাকেন, তাহাই 'জল্প' বা জল্পনা। এম্বলে পরের মতের প্রতি দর্বাদা দোষারোপ, প্রতিপক্ষের পাণ্ডিত্যে কটাক্ষ বা স্বীয় মতের অবৈধতা উপলব্ধির পরও তাহা স্বীকার না করা, প্রায়শঃ দেখা যায়। সতাকে দূরে রাখিয়া বিচার ও যুক্তিমার্গ পরিহার করতঃ পক্ষদ্বয়ের পরস্পরকে দোষারোপ করার নাম 'বিত্তা'। ইহাতে সতা-স্থাপনের দিকে কোন পক্ষের লক্ষ্য থাকে না। পাণ্ডিত্য-প্রকাশ ও জয়েচ্ছার বশবতী হইয়া ছল, জাতি, নিগ্রহদানের দারা অকারণ অসমত প্রসঙ্গের অবতারণা করিয়া অনর্থক নিজ অভিমানের পরিচয় প্রদান করে। এই 'বিতত্তা' অতিশয় হেয়। জল্পনা তাদৃশ নিকৃষ্ট না হইলেও বস্তুতঃ অকর্মরূপে পরিণত হয়। 'বাদ' সর্বাপেক্ষা শ্রেষ্ঠ। তত্ত্ব-ফল-নির্ণায়ক পরম সত্য প্রতিষ্ঠা করা যে বিচারের উদ্দেশ্য তাহাই 'বাদ'। জ্ঞান-সম্পন্ন গুরু ও শিয় কিম্বা তত্ত্বদর্শী পুরুষ ও জ্ঞানপিপাস্থ শ্রোতা পরস্পর মিলিত হইয়া তত্ত্বনির্ণয়ার্থ বিজিগীষা পরিত্যাগ পূর্বক যে সদালাপ বা স্থসঙ্গত বিচার-দারা সত্য নির্ণয় করেন, তাহাকেই 'বাদ' বলে। ইহাতে অহন্ধার বা আত্মাভিমান প্রভৃতি থাকে না। বিচাররূপ নিক্ষে স্তরূপ স্বর্ণ পরীক্ষা করাই মাত্র বাদের উদ্দেশ্য। বাদের লক্ষণে পাওয়া যায়,—"প্রমাণ-তর্কসাধনোপলম্ভঃ সিদ্ধান্তা-বিরুদ্ধঃ পঞ্চাবয়বোপপন্নঃ পক্ষপ্রতিপক্ষপরিগ্রহো বাদঃ। অর্থাৎ প্রমাণ, তর্ক, माधन, উপলব্ধি এবং সিদ্ধান্তের অবিরোধ—এই পঞ্চাবয়ব দারা উপপন্ন এবং স্বপক্ষ এবং প্রতিপক্ষ উভয়েরই গ্রহণীয় বিচারের নাম 'বাদ'। বাদের এইরূপ শ্রেষ্ঠতা আছে বলিয়াই শ্রীভগবান্ বলিলেন—"বাদোহহম্"।

"বিকল্প: খ্যাতিবাদিনাম্"—ভাঃ ১১।১৬।২৪।
শ্রীচৈতগ্যচরিতামৃতে রায় রামানন্দ-সংবাদে পাওয়া যায়,—
'প্রভু কহে,—"কোন্ বিতা বিতা-মধ্যে সার"।
রায় কহে,—"কৃষ্ণভক্তি বিনা বিতা নাহি আর॥"

#### এই শ্লোকের অনুভায়ে শ্রীশীল প্রভুপাদ লিথিয়াছেন,—

"বিহার শ্রেষ্ঠতা-বিষয়ক প্রশ্নে রায়ের উত্তর এই যে, ক্ষণ্ঠভিকিবিহাই সর্বোত্তমা। জড়ভোগজননী বিহা ও জড়াতীত ব্রন্ধবিহা অপেক্ষা বিষ্ণুভিজিবিহার উন্নতন্তরে ক্ষণ্ঠভিকিবিহা। ভাঃ ৪।২৯।৫০—"তৎ কর্ম হরিতোষং যৎ সা বিহা তন্মতির্যয়া"; ভাঃ ৭।৫।২৩-২৪—

"শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্। অর্চ্চনং বন্দনং দাস্তং স্থামাত্ম-নিবেদনম্॥ ইতি পুংসাপিতা বিষ্ণো ভক্তিশ্চেন্নবলক্ষণা। ক্রিয়তে ভগবতাদ্ধা তন্মন্তেইধীতম্ত্রমম্॥"

ভাঃ ১১।১৯।৪০—"বিছাত্মনি ভিদাবধিঃ"।

শ্রীচৈতগ্যভাগবতে শ্রীমহাপ্রভুর দিগ্নিজয়ী-জয়-লীলায়ও পাওয়া যায়,—
''দিগ্নিজয় করিব',—বিভার কার্যা নহে।
ঈশ্বর ভজিলে, দেই বিভা 'সতা' কহে॥"

শ্রীল প্রভুপাদের ভাষ্যে পাই,—

"সাধারণতঃ মৃঢ় লোকগণ 'অবিতা' ও 'পরাবিতা'কে এক বা তুল্যরূপে বিচার করে বলিয়া অবিতা-বন্ধনকেই বিতাবতা মনে করে। মানবের পরপক্ষ-জিগীষা-রূপা দিখিজয়-স্পৃহা অবিতা-জনিত অহঙ্কার-বশে উৎপত্তি লাভ করে। ভগবান্ শ্রীবিষ্ণুর উত্তমা সেবাই যথার্থ বিতা-শব্দ বাচা; যেহেতু ধন ও দৈহিক বল বা স্বাস্থ্য প্রভৃতি বাহ্য সম্পৎসমূহ মৃত্যুকালে জীবের অন্থগমন করে না। ভোগসর্বান্থ বাক্তি ইন্দ্রিয়ের ভোগবন্ধনার্থ ই ধন, বিতা ও বলাদি সম্পদ্ নিয়োগ করে, কিন্তু মানবের জীবিতোত্তরকালে ঐ সমস্ত জড় সম্পদ্বের অকিঞ্ছিৎ-করতা স্পন্টভাবেই প্রকাশিত হয়।"

শ্রীমহাপ্রভু দিগিজয়ী পণ্ডিতকে আরও বলিয়াছেন,—

"সেই সে বিভার ফল জানিহ নিশ্চয়।
কৃষ্ণ-পাদপদ্মে যদি চিত্তবিত্ত রয়॥
মহা-উপদেশ এই কহিলুঁ তোমারে।
সবে বিষ্ণুভক্তি সত্য অনস্ত-সংসারে"॥ ৩২॥

#### অক্ষরাণামকারোহস্মি দলঃ সামাসিকস্ত চ। অহমেবাক্ষয়ঃ কালো ধাতাহং বিশ্বতোমুখঃ।। ৩৩।।

তার্য — [ অহম — আমি ] অক্ষরাণাম ( অক্ষর সমূহের মধ্যে ) অকারঃ অস্মি ( অ-কার হই ) সামাসিকস্ত চ ( সমাস সমূহের মধ্যে ) দ্বন্ধঃ (দ্বন্ধ সমাস) অহম এব ( আমিই ) অক্ষয়ঃ কালঃ ( নিতা কাল ) অহম্ বিশ্বতোম্থঃ ( সর্ব্বতোম্থ ) ধাতা ( বিধাতা ) ॥ ৩৩ ॥

তাকুবাদ-—আমি অক্ষর সমূহের মধ্যে অ-কার, সমাসগণের মধ্যে দ্বন্দ্র সমাস, সংহর্তাকারিগণের মধ্যে অক্ষয় কাল অর্থাৎ রুদ্র এবং স্রপ্তাদিগের মধ্যে ব্রহ্মা॥ ৩৩॥

শ্রীন্তক্তিবিনোদ—অক্ষর-সকলের মধ্যে আমি অকার, সমাসগণের মধ্যে আমি দ্বন্দ্র-সমাস, সংহর্তাদিগের মধ্যে আমি মহাকাল—রুক্ত, শ্রষ্ট্রগণের মধ্যে আমি বন্ধা ॥ ৩৩॥

শ্রীবলদেব—অক্ষরাণাং সর্বেষাং বর্ণানাং মধ্যে হহমকারোহন্মি,—"অকারো বৈ সর্বা বাক্" ইতি শ্রুতিশ্চ; সামাসিকস্থ সমাস-সমূহস্থ মধ্যে দ্বন্ধোহহং
—অবায়ীভাবতৎপুরুষবহুত্রীহিষ্ভয়পদার্থপ্রধানতা-বিরহিষ্ মধ্যে তস্থোভয়-পদার্থপ্রধানতয়োৎকৃষ্টবাৎ; সংহর্ত্বাং মধ্যে হক্ষয়ং কালঃ সংকর্ষণমূথোখঃ কালাগ্রিরহং, স্রষ্ট্রণং মধ্যে বিশ্বতোম্থশ্চত্বক্ত্রো ধাতা বিধিবহম্॥ ৩৩॥

বঙ্গাসুবাদ — অক্ষর অর্থাৎ সমস্ত বর্ণের মধ্যে আমি অকার হই। কারণ
— "অকার নি শ্চয়রপ্রপে সমস্ত বাকা" এইরূপ শ্রুতি আছে। সমাস-সমূহের মধ্যে
আমি দ্বন্দ-সমাস। কারণ—অব্যয়ীভাব, তৎপুরুষ ও বহুত্রীহি-সমাসে
কোথায়ও সমাসে প্র্কিপদের প্রাধান্ত, তৎপুরুষসমাসে উত্তর অর্থাৎ পরপদের
প্রাধান্ত হয় এবং বহুত্রীহি-সমাসে প্র্কি ও পরের পদের অর্থ প্রধান না হইয়া
ভিন্ন বা অন্ত পদের অর্থ প্রধানরূপে বাবহৃত হয় কিন্ত দ্বন্দ-সমাসে উভয় পদের
আর্থ প্রধান হয় বলিয়া এই দ্বন্দ-সমাসেরই সর্ক্ষোৎকুষ্ট্রত্ব বলিয়া সমাসের মধ্যে
আমি দ্বন্দ-সমাস। সংহর্তৃ, দিগের মধ্যে (বিনাশকারীদিগের মধ্যে) আমি
অক্ষয় কাল অর্থাৎ সংকর্ষণের মুখজাত কালাগ্রি আমি। স্রষ্টাদিগের মধ্যে
বিশ্বতোম্থ অর্থাৎ চতুশ্বর্থ ধাতা বিধি আমিই॥ ৩৩॥

অসুভূষণ-শ্রভগবান্ এক্ষণে পুনরায় বিভূতি বর্ণন করিতে গিয়া

বলিলেন—অক্ষর সমৃহের মধ্যে 'অকার' আমি। অকার আদি-বর্ণ এবং সর্ব্ব বাক্ময় বলিয়া শ্রেষ্ঠ। শ্রুতিও বলিয়াছেন,—''অকারো বৈ সর্বা বাক্'' অর্থাৎ অকারই সকল বাক্-স্বরূপ। অকারের এই শ্রেষ্ঠত্ব হেতু শ্রীভগবান্ অক্ষরসমৃহের মধ্যে অকার আমি বলিলেন।

''অক্ষরাণামকারোহস্মি''—ভাঃ ১১।১৬।১২

শ্রীভগবান্ সমাস সমূহের মধ্যে 'ছল্ব-সমাস'—আমি, বলিলেন। যে তুই বা তদধিক পদ মিলিত হইয়া পরম্পর সম্ম্ব-স্থাপন পূর্বক পদার্থান্তরের গুণ বা দোষ ঘোষণা করে, অথবা মিলিত পদসমূহ পরম্পর সাপেক্ষরূপে ব্যবহৃত হয়, অথবা এক অন্তের বিশেষত্ব সমর্থন করে, তাহাকে সমাস বলে। সমাস প্রধানতঃ ছয়টি, যথা—(১) ছল্ব (২) বছত্রীহি (৩) কর্মধারয় (৪) তৎপুরুষ (৫) দ্বিগু (৬) অবায়ীভাব। এই সমাসগুলির মধ্যে ছল্ব-সমাসকেই শ্রীভগবান্ স্বীয় বিভৃতিরূপে বর্ণন করিলেন কারণ অক্যান্ত সমাদে পর পদের অথবা সমস্ত অর্থাৎ সমাস্যুক্ত বাক্যের মধ্যে পদ বিশেষের প্রাধান্ত স্থাপন করে কিন্তু হল্ব সমাস যে তুই বা ততোধিক পদ দ্বারা গঠিত, তাহার প্রত্যেক পদেরই প্রাধান্ত কীর্জন করিয়া থাকে।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকায়ও পাই,—

"'পামাসিকস্ত'—সমাসসমূহের মধ্যে 'ছন্দঃ'—উভয়পদ প্রধান হওয়ায় সমাস সমূহে তাহার শ্রেষ্ঠত্ব'। ৩৩॥

# মৃত্যুঃ সর্বহরশ্চাহমুদ্ভবশ্চ ভবিয়াতাম্। কীর্ত্তিঃ শ্রীর্কাক্ চ নারীণাং স্মৃতির্মেধা শ্বৃতিঃ ক্ষমা।।৩৪॥

তাষ্য়—অহম ( আমি ) দর্বহরঃ মৃত্যুঃ ( দর্বসংহার মৃত্যু ) ভবিষ্যতাম্ চ ( ভবিষ্যতেরও ) উদ্ভবঃ ( উদ্ভব ) নারীণাং চ ( এবং নারীগণের মধ্যে ) কীর্ত্তিঃ, প্রীং, বাক্, স্মৃতিঃ, মেধা, ধৃতিঃ, ক্ষমা ॥ ৩৪ ॥

অনুবাদ—আমি সর্বাদংহারক মৃত্যু, ভবিশ্বতেরও অভ্যুদয়, নারীদিগের মধ্যে কীর্ত্তি, শ্রী, বাণী, শ্বতি, মেধা, ধৈর্ঘা ও ক্ষমা॥ ৩৪॥

প্রীভক্তিবিনোদ—হরণকারীদিগের মধ্যে আমি সর্বহর মৃত্যু, ভাবি-বন্ধ-গণের মধ্যে আমি উদ্ভব, নারীদিগের মধ্যে আমি কীর্ত্তি, শ্রী ও বাণী তথা স্মৃতি, মেধা, ধৃতি, ক্ষমা এবং মৃর্ত্ত্যাদি ধর্মপত্নী ॥ ৩৪ ॥ ত্রীবলদেব—প্রাতিক্ষণিকানাং মৃত্যুনাং মধ্যে সর্বন্দ্বতিহরো মৃত্যুবহং, ভবিষ্যতাং ভাবিনাং ষণ্ণাং প্রাণিবিকারাণাম্ভবো জন্মাথ্যঃ প্রথমবিকারোহহং; নারীণাং মধ্যে কীর্ত্যাদয়ঃ সপ্ত মদ্বিভূতয়ঃ; দৈবতা হেতাঃ, যাসামাভাসেনাপি নরাঃ শ্লাঘ্যা ভবন্তি; তত্র কীর্ত্তির্ধান্মিকত্বাদিসাদ্গুণ্যথ্যাতিঃ, শ্রীস্ত্রিবর্গসম্পৎ-কাম্ব্যুতির্বা, বাক্ সর্বার্থব্যঞ্জকা 'সংস্কৃতভাষা,' শ্বতিবন্ধভূতার্ধশ্বরণশক্তিঃ, মেধা বহুশাস্ত্রার্থাবধারণশক্তিঃ, ধৃতিশ্চাপল্যপ্রাপ্তের তর্মবর্ত্তনশক্তিঃ, ক্ষমা হর্ষে বিষাদে চ প্রাপ্তে নির্বিকারচিত্ততা ॥ ৩৪ ॥

বঙ্গান্ধবাদ—প্রাতিক্ষণিক (প্রতি ক্ষণে ক্ষণে যাহা পরিবর্ত্তনশীল বা বিনাশপ্রাপ্ত হয়—এই) মৃত্যুদিগের মধ্যে সর্ব্বস্থৃতিহর মৃত্যু আমি। ছয়টি ভাবি—ভবিষ্যৎ প্রাণিবিকারদের মধ্যে জন্মাথ্য প্রথম বিকারস্বরূপ আমি। নারীদিগের মধ্যে কীর্ত্তি, শ্রী, বাক্, স্মৃতি, মেধা, ধৃতি ও ক্ষমা এই দাতটিই আমার বিভূতি। এই দাতটি বিভূতি দেবতাস্বরূপ।; যেহেতু যাহাদের আভাসের ছারাই মহয়গণ শ্লাঘার পাত্র বলিয়া বিবেচিত হইয়া থাকেন, এই দাতটির মধ্যে কীর্ত্তি—ধার্ম্মকত্মাদিদদ্গুণ জন্ম থ্যাতি, শ্রী—ধর্ম্ম-অর্থ-কামরূপ দম্পৎ অথবা দেহের হ্যাতি। বাক্—সর্ব্বার্থ (যাবতীয় প্রয়োজনীয় বিষয়ের) ব্যঞ্জক "সংস্কৃত ভাষা", স্মৃতি—অহুভূত অর্থের স্মরণশক্তি, মেধা—বহুশাস্ত্রার্থের অবধারণ (প্রকৃত জ্ঞানের) শক্তি, ধৃতি—চঞ্চলতার কারণ বা হেতু থাকা সত্তেও তাহার নিবর্ত্তনশক্তি; ক্ষমা—হর্ষ (আনন্দ) অথবা বিষাদ উপস্থিত হুইলেও চিত্তের নির্বিকার-ভাব॥ ৩৪॥

অনুভূষণ—সংহারকদিগের মধ্যে শ্রীভগবান্ সর্বসংহারক মৃত্যু,
শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—"মৃত্যুরত্যন্তবিশ্বতিং" (১১।২২।৩৯) বন্ধজীব
ছয় প্রকার বিকারের অধীন, যথা:—জায়তে, অন্তি, বর্দ্ধতে, বিপরিণতে,
অপক্ষীয়তে, নশ্যুতি।—যাস্ক-প্রণীত নিরুক্তশাম্রে ইহা পাওয়া যায়। এই
ছয় প্রকার বিকারের মধ্যে উদ্ভব,—জন্ম—প্রথম বিকার, তাহাই শ্রীভগবানের
বিভূতি। শ্রীধরশ্বামিপাদ বলেন 'উদ্ভব' অর্থে প্রাণিগণের অভ্যুদয়। স্থতরাং
জীবগণের যাহা কিছু অভ্যুদয়, তাহাও শ্রীভগবানের বিভৃতি।

প্রীভগবান্ ইহাও বলিলেন যে, নারীদিগের মধ্যে কীর্ত্তি প্রভৃতি সপ্ত-দেবরূপা-স্থাও তাঁহার বিভৃতিস্বরূপা। যে সকল শ্রেষ্ঠ গুণগ্রাম মানব লাভ করিতে পারিলে, তাহারা ধন্ত, শ্লাঘনীয় ও বরণীয় হয়, সেই সকল গুণগ্রাম মৃত্তি পরিগ্রহপূর্বক ধর্মের পত্নীরূপে বিরাজমানা। এই জন্মই স্ত্রীজাতির মধ্যে এই সপ্ত-ধর্মপত্নীকে শ্রীভগবান্ তাঁহার বিভূতিরূপে নির্দেশ করিয়াছেন।

পুরাণে পাওয়া যায়,— ব্রন্ধার দক্ষিণ স্তন হইতে ধর্ম নামক পুরুষের উৎপত্তি। দক্ষের ত্রেয়াদশটি কন্থার সহিত তাঁহার বিবাহ হয়। সেই ত্রয়োদশটির মধ্যে এই সাত্টির নাম এখানে ধৃত হইয়াছে॥ ৩৪॥

# রহৎ সাম তথা সান্ধাং গায়ত্রী চ্ছন্দসামহম্। মাসানাং মার্গনীর্ষোইহমৃতুনাং কুস্কুমাকরঃ॥ ৩৫॥

তার্য — অহম্ ( আমি ) সায়াং ( সামবেদের মধ্যে ) বৃহৎ সাম, তথা ছন্দসাম্ ( সেইরপ ছন্দঃ গণের মধ্যে ) গায়ত্রী, অহম্ ( আমি ) মাসানাং (মাস-গণের মধ্যে ) মার্গশীর্ষঃ ( অগ্রহায়ণ ) ঋতৃনাং ( ঋতুগণের মধ্যে ) কুস্থমাকরঃ ( বসস্ত ) ॥ ৩৫॥

অনুবাদ — আমি সামবেদের মধ্যে বৃহৎ সাম, সেই প্রকার ছলঃগণের মধ্যে গায়ত্রী, মাসগণের মধ্যে অগ্রহায়ণ এবং ঋতুগণের মধ্যে বসস্ত। ৩৫।

শ্রীভক্তিবিনোদ—সামবেদের মধ্যে আমি বৃহৎ সাম, ছন্দদিগের মধ্যে আমি গায়ল্রী; মাসগণের মধ্যে আমি অগ্রহায়ণ এবং ঋতুদিগের মধ্যে আমি বসন্ত॥ ৩৫॥

শ্রীবলদেব — 'বেদানাং সামবেদোহ শ্বি' ইত্যুক্তং প্রাক্; তত্রান্তং বিশেষমাহ, —বৃহদিতি। সামামগক্ষরারুদানাং গীতিবিশেষাণাং মধ্যে "হামিদ্ধি হ্বামহে" ইতাস্থামূচি গীতিবিশেষো বৃহৎসাম,—তচ্চাতিরাত্রে পৃষ্টস্তোত্রং সর্কেশ্বরুদ্ধে নেক্রপ্ততিরূপমন্ত্রসামাণ কৃষ্টবাদহং; ছন্দসাং নিয়তাক্ষরপাদ্ধরূপছ্লো-বিশিষ্টানামূচাং মধ্যে গায়লী ঝগহং,—দ্বিজাতে দ্বিতীয়জনহেতৃত্বেন তস্থাঃ শ্রৈষ্ঠাাৎ, "গায়লী বা ইদং সর্কাং ভূতং যদিদং কিঞ্চ" ইতি ব্রন্ধাবতার হ্রন্থবণাচ্চ; মার্গশীর্ষোহ্বমিতাভিনবধান্তাদিসম্পত্তা। তস্থান্তেভাঃ শ্রৈষ্ঠাাৎ; কুম্বমাকরো বসস্তোহ্বমিতি,—শীতাতপাভাবেন, বিবিধম্বগদ্ধিপুষ্পমন্ত্রেন, মত্রংসবহেতৃত্বেন চ তম্থান্তভাঃ শ্রৈষ্ঠাাৎ॥ ৩৫॥

বঙ্গান্দ্বাদ—"বেদগুলির মধ্যে আমি দামবেদ হই" ইহা পূর্বে বলা হইয়াছে। এই সম্পর্কে অন্ত বিশেষের কথা বলা হইতেছে—'বৃহদিতি'। ঋক্ ম স্বস্থিত বহু গীতিবিশেষের গীতিবিশেষ দামদিগের মধ্যে "হামিদ্ধি হ্বামহে" এই এইরপ ঋক্মন্তে বৃহৎসামরপ গাঁতি-বিশেষ আমিই। কারণ—তাহা অতিরাত্রে যাহা পৃষ্টনামকস্তোত্রটি সর্বেশ্বর্ররপে ইক্সন্ততিরপ, ইহা অক্ত সামগান হইতে উৎকৃষ্ট বলিয়া আমি সেই সাম। ছন্দদিগের—অক্ষর নিয়মসম্পন্ন পাদত্বরপ ছন্দোবিশিষ্ট বেদবাক্যের মধ্যে আমি গায়ত্রীরপা ঋক্ বাক্য, —দিজাতির (বাদ্ধা-ক্ষত্রিয়-বৈশ্বের) দ্বিতীয় জন্মের হেতু (উপনয়নাদিতে) এই গায়ত্রীর শ্রেষ্ঠত্ব স্বীকার করা হয়। "গায়ত্রীই এই সর্বভৃতস্বরূপ যাহা এই ও অক্ত কিছু"। এইরূপ গায়ত্রীর ব্রহ্মাবতারত্ব শ্রবণ করা যায়। মার্গ-শার্ধ-মাস আমি; কারণ এই মাসে নৃত্রন নৃত্রন ধাক্তাদি শস্ত সম্পত্তির দ্বারা এই মাস অক্ত মাস অপেক্ষা শ্রেষ্ঠ। কৃষ্ণমাকর বসন্ত ঋতু আমি—কারণ—শাত ও উষ্ণতার অভাবহেতু, এই ঋতু বিবিধ স্থগন্ধি পৃষ্ণময় বলিয়া এবং এইসব পুষ্পের দ্বারা ও এই মাসে আমার নানারকম উৎসব হয় বলিয়া এই বসন্ত ঋতু অন্ত ঋতু অপেক্ষা শ্রেষ্ঠ॥ ৩৫॥

অনুভূষণ—শ্রীভগবান্ পূর্বে বলিয়াছেন যে, বেদসমূহের মধ্যে আমি দামবেদ। এক্ষণে পুনরায় বলিতেছেন যে, দামসমূহের মধ্যে আমি 'বৃহৎ দাম'। এই দামগানে দর্বেশ্বরম্বরপ-ইন্দ্রের বিশেষস্তৃতি নিবদ্ধ থাকায় ইহা অন্ত দামাপেক্ষা শ্রেষ্ঠ।

বিবিধ ছন্দোবদ্ধ ঋক্ সমূহের মধ্যে তিনি 'গায়ত্রী' বলিয়া উল্লেখ করিলেন। এই 'গায়ত্রী' বেদমাতা-রূপে পরিচিতা।

"পদানি চ্ছन्দगाমহম্"—ভाः ১১।১৬।১२, 
"মাসানাং মার্গশীর্ষোহহং—ভাঃ ১১।১৬।২৭।

হাদশমাস-পরিপূর্ণ বৎসরের মধ্যে তিনি অর্থাৎ তাঁহার বিভূতিস্বরূপ মার্গশীর্ষ অর্থাৎ অগ্রহায়ণ মাস। এই মাসে শীত বা গ্রীষ্ম কোনটি অধিক থাকে না। ইহা নাতিশীতোঞ্চ। এই মাসে নানাপ্রকার বৈদিক ক্রিয়াকর্মও অন্তর্ষিত হয়। এই মাসে কিন্তা কিছুদিন পূর্ব্বেই শ্রীক্রফেরে রাসোৎসব হয়। এই সময়ে গৃহস্বের গৃহে নবধান্তোর আগমন হইয়া থাকে, 'হায়ণ' শব্দের অর্থ বৎসর এবং 'অগ্র' শব্দের অর্থ শ্রেষ্ঠ বা প্রথম।

ষড় ঋতুর মধ্যে আমি বদন্ত। এই বদন্ত ঋতু অতীব রমণীয়। এই বদন্তঋতু ঋতুরাজ নামেও প্রদিদ্ধ। এই ঋতুতে শ্রীক্লফের দোলগালা ও বদক্রাৎসব অন্তর্মিত হইয়া থাকে। খ্রীচৈতন্ত মহাপ্রভুর আবিভাবোংসবও এই ঋতুতেই পালিত হয়। ব্রাহ্মণ বালকের উপনয়নের পক্ষেও এই ঋতু প্রশস্ত বলিয়া কেহ কেহ বলেন॥ ৩৫॥

#### দূয়তং ছলয়তামশ্মি তেজস্তেজস্বিনামহম্। জয়োহস্মিব্যবসায়োহস্মি সত্ত্বং সম্ববতামহম্॥ ৩৬।।

তাষ্য়—অহম্ (আমি) ছলয়তাম্ (বঞ্চনকারিগণের মধাে) দাতং (দাতক্রীড়া) তেজস্বিনাম্ (তেজস্বিগণের মধাে) তেজঃ (তেজঃ স্বরপ ) জয়ঃ অস্মি (জয় হই ) বাবসায়ঃ অস্মি (উছােগ হই ) অহম্ (আমি ) দত্বতাম্ (বলবান্দিগের ) সত্তং (বলস্বরূপ )॥ ৩৬॥

তালুবাদ—আমি প্রবঞ্চনাকারিগণের মধ্যে দ্যুতক্রীড়া, তেজস্বিগণের মধ্যে তেজ, বিজয়িগণের জয় স্বরূপ ও উত্তমবান্ পুরুষগণের উত্তমস্বরূপ এবং বলবান্দিগের মধ্যে বলস্বরূপ ॥ ৩৬ ॥

শ্রীভক্তিবিনোদ—পরস্পর-বঞ্চনকারিগণের মধ্যে আমি দূতেক্রীড়া, তেজস্বীদিগের মধ্যে আমি তেজঃ, উত্তমবান্ পুরুষদিগের মধ্যে আমি জয় ও ব্যবসায় এবং বলবানদিগের মধ্যে আমি বল॥ ৩৬॥

শ্রীবলদেব—ছলয়তাং মিথে। বঞ্চনাং কুর্বতাং সম্বন্ধি দৃতিং সর্ব্বস্থার মক্ষদেবনাগ্যহং, তেজম্বিনাং প্রভাববতাং সম্বন্ধি তেজঃ প্রভাবোহহং, জেতৃণাং সম্বন্ধী জয়োহহং, বাবসায়িনাম্গ্যমিনাং সম্বন্ধী বাবসায়ঃ ফলবাম্প্রমোহহং, সম্বতাং বলিনাং সম্বন্ধী সত্তং বলমহম্॥ ১৬॥

বঙ্গান্তবাদ—ছলনা অর্থাৎ পরম্পর প্রবঞ্চনাকারীদের মধ্যে আমি সর্বান্তবারক অক্ষ-দেবনাদি (পাশা থেলা, পণযুক্ত)-রূপ দৃতে। তেজনী— অতিশয় প্রভাবশীলদিগের মধ্যে আমি তৎসন্থনীয় তেজ অর্থাৎ প্রভাব। জয়শীলদিগের মধ্যে আমি তৎসন্থন্ধ বিশিষ্ট জয়। উত্তমশীল, গুণশীলরূপ ব্যবসায়ীদিগের মধ্যে আমি ব্যবসায় অর্থাৎ কলবান্ উত্তম। সর্বান্—বলশালিগণের মধ্যে আমি তৎসন্থন্ধী সত্ত—বল॥ ৩৬॥

অনুভূষণ—"ব্যবসায়িনামহং লক্ষীঃ কিতবানাং ছলগ্রহঃ। তিতিক্ষাম্মি তিতিক্ষ্ণাং সন্তং সন্তবতামহম্॥

# वृक्षीनाः वास्तरपरवाश्चित्र পাগুवानाः धनक्षग्नः। गूनीनामभाइः वाभः कवीनागूननाः कविः॥ ৩৭॥

তাষ্ম—বৃষ্ণীনাং (বৃষ্ণিগণের মধ্যে) বাস্থদেবঃ অস্মি (বাস্থদেব হই ) পাশুবানাং (পাশুবগণের মধ্যে) ধনগ্রয়ঃ (অর্জুন) ম্নীনাম্ অপি (ম্নি-গণেরও মধ্যে) অহং (আমি) ব্যাসঃ (ব্যাসদেব) কবীনাং (কবিদিগের মধ্যে) উশনাঃ কবিঃ (শুক্রনামক কবি)॥ ৩৭॥

অনুবাদ—আমি বৃষ্ণিগণের মধ্যে বাস্থদেব, পাণ্ডবদিগের মধ্যে অজুন, মনিগণের মধ্যে বেদব্যাস এবং কবিদিগের মধ্যে শুক্রাচার্য্য॥ ৩१॥

শীভজিবিনোদ— বৃষ্ণিদিগের মধ্যে আমি বাস্থদেব অর্থাৎ বলদেব, পাওবদিগের মধ্যে আমি ধনঞ্জয়, মূনিদিগের মধ্যে আমি ব্যাস এবং কবিদিগের মধ্যে আমি শুক্রাচার্যা॥ ৩৭॥

শ্রীবলদেব—বৃষ্ণীনাং মধ্যে বাস্থদেবো বস্থদেবপুত্রঃ সর্ব্ধণোহহং; ন চ বাস্থদেবঃ ক্ষোহহমিতি ব্যাথ্যেরং,—তক্স স্বয়ংরূপস্থ বিভূতিছাযোগাৎ, মহৎস্রষ্টাদীনাং বামনকপিলাদীনাঞ্চ দাক্ষাদীশ্বত্বেহপি বিভূতিছেনোক্তিঃ স্বাংশা-বতাবছাত্তন রূপে চিন্তাছবিবক্ষয়া বা যুদ্ধাতে, স্বাংশত্বং চানভিব্যঞ্জিতদর্বশক্তিত্বং বোধ্যম; পাওবানাং মধ্যে ধনঞ্জয়ন্ত্বমহম্মি,—নরাবতারছেনা—
ভেভাঃ শৈষ্ঠাৎ; ম্নীনাং দেবার্থমননপরাণাং মধ্যে ব্যাদো বাদ্রায়ণোহহং,
—মদ্বতারত্বেন তন্তাভ্যেতাঃ শৈষ্ঠাৎ; কবীনাং ক্ষার্থবিবেচকানাং মধ্যে
উশনাঃ শুক্রোহহং—যঃ কবিরিতি খ্যাতঃ ॥ ৩৭ ॥

বঙ্গান্ধবাদ—বৃষ্ণিদিগের মধ্যে বস্থদেব-পুত্র সন্ধণ আমি, কিন্তু বাস্থদেব কৃষণ আমি, এই বক্ম ব্যাখ্যা অন্তচিত—কারণ তাঁহার স্বয়ংরপত্ব; তাঁহাকে বিভূতিস্বরূপ বলা যাইতে পারে না। মহং-শ্রন্থগণের এবং বামন-কিপিলাদির সাক্ষাং ঈশ্বরত্ব থাকিলেও উহাদিগকে তাঁহার বিভূতিরূপেই বলা ইইয়াছে। কারণ—তাঁহার নিজ অংশ হইতে উহারা অবতীর্ণ অথবা সেইরূপেই চিন্তার বিষয় বলিবার ইচ্ছার হেতু, ইহাই যুক্তিযুক্ত। স্বীয় অংশত্ব অর্থে যাহাতে সর্বশক্তিত্ব অনভিব্যক্ত, তাহাকে জানিবে। পাওবদের মধ্যে তুমি যে ধনঞ্জয় সেই ধনঞ্জয়ই আমি, কারণ—নররূপে অরতারত্ব (অবতীর্ণ) বলিয়া অন্ত সকলের চেয়ে তোমারই শ্রেষ্ঠত্ব হেতু আমিই ধনঞ্জয়। মুনিদিগের

মধ্যে অর্থাৎ বেদার্থমনন-পরায়ণগণের মধ্যে ব্যাদ অর্থাৎ 'বাদরায়ণ' আমি। কারণ আমার অবতারত্বহেতু দেই বাদরায়ণের অন্তদকলের অপেক্ষা শ্রেষ্ঠত্ব; 'কবিদিগের'—অর্থাৎ স্ক্রার্থ-বিবেচকদিগের মধ্যে আমি উশনা—'শুক্রাচার্য্য' আমি—যিনি "কবি" এই নামেই বিখ্যাত॥ ৩৭॥

অনুভূষণ—বৃষ্ণিবংশীয়গণের মধ্যে বস্থদেব-পুত্র সন্ধণ অর্থাৎ বলরাম।
এস্থলে কিন্তু বস্থদেব-পুত্র রুষ্ণ নহেন, কারণ তিনি স্বয়ংরূপ স্থতরাং তাঁহাকে
বিভূতির মধ্যে গণনা উচিত নহে। সন্ধণ তাঁহার বিভূতি।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকায় পাওয়া যায়,—

"বৃষ্ণিদিগের মধ্যে 'বাস্থদেবঃ'—আমার পিতা বস্থদেব আমার বিভূতি 'প্রজ্ঞা' প্রভৃতির স্বার্থে অণ্ প্রত্যায়। অর্থাৎ বস্থদেব-শব্দের উত্তর স্বার্থে অন্ প্রত্যায় করিয়া বাস্থদেব পদ নিম্পন্ন হইয়াছে।

'বাস্থদেবো ভগবতাং''—ভাঃ ১১।১৬।২৯,

"वीता गां यह यर्ष्क्नः" — जाः ১১।১৬।৩৫,

"ছৈপায়নোহন্মি ব্যাসানাং কবীনাং কাব্যআত্মবান্"—১১।১৬।২৮॥৩१॥

# দণ্ডো দময়তামশ্মি নীতিরশ্মি জিগীবতাম্। মৌনং চৈবাশ্মি গুহানাং জ্ঞানং জ্ঞানবতামহম্॥ ৩৮॥

ত্বস্থার—অহম্ (আমি) দময়তাম্ (দগুকারিগণের মধ্যে) দণ্ডঃ অস্মি (হই)
জিগীষতাম্ (জিগীষ্গণের মধ্যে) নীতিঃ অস্মি (হই), গুহানাং চ (ও গুহ-ধর্মের মধ্যে) মৌনং অস্মি, জ্ঞানবতাম্ (জ্ঞানিগণের মধ্যে) জ্ঞানং (জ্ঞান) ॥৩৮॥

অনুবাদ—আমি দমনকারিগণের মধ্যে দণ্ড, জয়-অভিলাষিগণের মধ্যে নীতি ও গুহুধর্মের মৌন এবং জ্ঞানবান্দিগের মধ্যে জ্ঞান॥ ৩৮॥

শ্রীভক্তিবিনোদ—দমনকারীদিগের মধ্যে আমি দণ্ড, জয়াভিলাষকারী-দিগের মধ্যে আমি নীতি, গুহুণর্মের মধ্যে আমি মৌন এবং জ্ঞানবানদিগের মধ্যে আমি জ্ঞান॥ ৩৮॥

ত্রীবলদেব—দময়তাং দণ্ডকর্তৃ্ণাং সম্বন্ধী দণ্ডোহহং—যেনোৎপথগাঃ সংপথে চরস্থি স দণ্ডো মদিভতিরিতার্থঃ, জিগীষতাং জেতুমিচ্ছতাং সম্বন্ধিনী নীতির্নায়োহহং; গুহানাং প্রবণমনননিদিধ্যাসনানাং মধ্যে মৌনমহং—ফলা-ব্যবধানেন প্রবণাদিভ্যাং তস্ত শ্রৈষ্ঠ্যাৎ; জ্ঞানবতাং পরাবরতত্ত্ববিদাং সম্বন্ধী তত্তদ্বিষয়কজ্ঞানমহম্॥ ৩৮॥

বঙ্গানুবাদ—দমনকর্ত্তাগণের—মধ্যে আমি তৎসম্পর্কীয় দণ্ড। যেই দণ্ডের দ্বারা উৎপথ-(কুপথ) গামিগণ সৎপথে ফিরিয়া আসে। সেই দণ্ডই আমার বিভূতি। জয়েচ্ছু ব্যক্তিগণের মধ্যে আমি তৎসম্বন্ধী-নীতি—ন্থায় (রাজনীতি) আমিই। গুহুদিগের—শ্রবণ-মনন-নিদিধ্যাসনগুলির মধ্যে আমি মৌন, কারণ—ফলের অব্যবধান হেতু শ্রবণাদি হইতে মৌনের শ্রেষ্ঠত্ব আছে। জ্ঞানবান্দিগের—শ্রেষ্ঠ ও গৌণতত্ত্ববিদ্গণের মধ্যে আমি তৎসম্বন্ধী তত্ত্ববিষয়ক জ্ঞান॥ ৩৮॥

অনুভূষণ—''মন্ত্রোহস্মি বিজিগীষতাম্''—ভাঃ ১১।১৬।২৪। ''গুহানাং স্থনৃতং মৌনং"—ভাঃ ১১।১৬।২৬॥ ৩৮॥

### যচ্চাপি সর্বভুতানাং বীজং তদহমর্জ্জুন। ন তদন্তি বিনা যৎ স্থান্ময়া ভূতং চরাচরম্।।৩৯॥

তাবার—অর্জুন! যৎ চ অপি ( যাহাই ) সর্বভূতানাং ( সর্বভূতের ) বীজং ( বীজ ) তৎ ( তাহা ) অহম ( আমি ); ময়া বিনা ( আমা বিনা ) যৎ স্থাৎ ( যাহা হয় ) তৎ ( সেইরূপ ) চরাচরম, ভূতং ( চরাচর কোন ভূত ) ন অস্তি ( নাই )॥ ৩৯॥

**অনুবাদ**—হে অর্জুন! সর্বভূতের প্ররোহকারণ বীজ আমি, আমা বিনা চরাচর-কোন বস্তুর অস্তিত্ব অর্থাৎ সত্তা নাই॥ ৩৯॥

প্রীতজিবিনোদ—সর্বভূতের প্ররোহ-কারণ বীজই আমি; যেহেতু চরাচর মধ্যে আমাকে পরিত্যাগ করিয়া কোন বস্তুর অস্তিত্ব থাকে না ॥ ৩৯॥

ত্রীবলদেব—যচ্চ সর্বভূতানাং বীজং প্ররোহকারণং, তদপ্যহ্ম; তত্র হেতুঃ,—ন তদিতি। ময়া সর্বশক্তিমতা পরেশেন বিনা যচ্চরমচরঞ্চ ভূতং তত্তং স্থাত্তরাস্তি মুধৈবেত্যর্থঃ॥ ৩৯॥

বঙ্গানুবাদ—যাহা সমস্ত বস্তুর বীজ অর্থাৎ মূল প্ররোহকারণ দেও আমি।
সেই সম্পর্কে হেতু—'ন তদিতি'। সর্বাশক্তিমান্ পরমেশ্বর আমা ব্যতীত চর
ও অচর (স্থাবর ও জঙ্গম) প্রাণিবর্গ ও অন্ত বস্তু যাহা কিছু আছে, তাহার
প্রকৃত অস্তিত্ব নাই অর্থাৎ থাকিতে পারে না, উহা মিথ্যাই—এই অর্থ॥ ৩৯॥

व्यामकर्गनग्राका उपाठप-ठड

অনুভূষণ—''বীজং মাং সর্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্''—গী: ৭।১০ শ্লোক এবং ১০।৮ শ্লোক দ্রপ্তব্য ॥ ৩৯ ॥

## নান্তোহন্তি মম দিব্যানাং বিভূতীনাং পরন্তপ। এব ভূদ্দেশতঃ প্রোক্তো বিভূতের্বিস্তরো ময়া ॥৪০॥

তাষয়—পরস্তপ! মম (আমার) দিবাানাং বিভূতীনাং (দিবা বিভূতি সম্হের) অস্তঃ ন অন্তি (অন্ত নাই) এব তু (কিন্ত এই) বিভূতেঃ (বিভূতির) বিস্তরঃ (বিস্তার) ময়া (আমা কর্তৃক) উদ্দেশতঃ (সংক্ষেপে) প্রোক্তঃ (কথিত হইল) ॥ ৪০॥

অনুবাদ—হে পরন্তপ! আমার দিবা বিভৃতি সম্হের অন্ত নাই; কিন্তু এই বিভৃতির বিস্তার সংক্ষেপে বলিলাম ॥ ৪০ ॥

**শ্রীশুক্তিবিনোদ**—হে পরস্তপ! আমার দিব্য বিভূতিগণের অস্ত নাই; তোমার নিকট কেবল নাম-মাত্র আমার বিভূতি কীর্ত্তন করিলাম॥ ৪০॥

**্রীবলদেব**—প্রকরণম্পসংহরতি,—নাস্তোহস্তীতি। বিস্তরো বিস্তার উদ্দেশত একদেশেন প্রোক্তঃ ॥ ৪০ ॥

বঙ্গান্ধবাদ—প্রকরণের উপসংহার করা হইতেছে—'নাস্তোহস্তীতি'। বিস্তর—বিস্তার—উদ্দেশেই অর্থাৎ একাংশ ধরিয়া বলা হইল॥ ৪০॥

অনুভূষণ—শ্রীভগবান্ এক্ষণে বিভূতি বর্ণনার উপসংহার করিয়া বলিতেছেন যে, হে শক্রতাপন অর্জ্ন! আমার বিভূতির অস্ত নাই; তোমার নিকট কেবল একদেশমাত্র বর্ণন করিলাম।

শ্ৰীভগবান্ উদ্ধবকেও বলিয়াছেন,—

"এতান্তে কীর্ত্তিতাঃ সর্বাঃ সংক্ষেপেন বিভূতয়ঃ।"

অর্থাৎ তোমার নিকট সংক্ষেপে এই সকল বিভূতি কীর্ত্তিত হইল।
—ভা: ১১।১৬।৪১ ॥ ৪০ ॥

#### যদ্যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জিতমেব বা। ভত্তদেবাবগচ্ছ হং মম ভেজোইংশসম্ভবঃ ॥ ৪১॥

ত্বস্থান নং যৎ সত্তং এব (যে যে বস্তই) বিভূতিমং ( ঐশ্ব্যযুক্ত ) শ্রীমং ( সম্পত্তিযুক্ত ) উর্জিতম্ বা ( অথবা বল-প্রভাবাদির আধিকাযুক্ত ) তৎ তৎ এব ( সেই সমস্তই ) মম ( আমার ) তেজোহংশসম্ভবম্ ( প্রকৃতি-তেজাংশ হইতে উদ্ভূত বলিয়া ) ত্বং ( ভূমি ) অবগচ্ছ ( জান ) ॥ ৪১ ॥

অনুবাদ—যে যে বস্তুমাত্রই ঐশ্বর্যাযুক্ত, সম্পত্তিযুক্ত অথবা বল-প্রভাবাদির আধিক্যযুক্ত, সে-সকলই আমার তেজ অর্থাৎ প্রকৃতির অংশ-সম্ভূত বলিয়া তুমি জানিবে॥ ৪১॥

শ্রীভক্তিবিনোদ—এশ্বর্যাযুক্ত, সম্পত্তিযুক্ত, বল-প্রভাবাদির আধিক্যযুক্ত যত বন্ধ আছে, সে-সকলকেই আমার 'বিভৃতি' বলিয়া জানিবে; সে-সম্দায়ই আমার প্রকৃতি-তেজাংশ-সন্তুত ॥ ৪১ ॥

🕮 বলদেব — অন্ত্রজা বিভূতীঃ সংগ্রহীতুমাহ, — যদ্যদিতি। বিভূতি-मरेम्यर्थायुकः श्रीमः मिनर्थान मन्नछा। वा युक्य किंठः वर्णन युकः वा यम्यः সত্তং বস্তু ভবতি, তত্তদেব মম তেজোহংশেন শক্তিলেশেন সম্ভবং সিদ্ধমবগ্যন্ত প্রতীহীতি স্বায়ত্তত্ব-স্বব্যাপ্যত্বাভ্যাং দর্কেহভেদনির্দ্দেশা নীতা বামনাদীনাং তরিদ্দেশাস্ত সঙ্গমিতাঃ সন্তি॥ ৪১॥

বঙ্গাসুবাদ—অহক্ত বিভূতিগুলিকে সংগ্রহ করিবার জন্ম বলা হইতেছে— 'যদ্যদিতি' ( এই ত্রিলোকে ) বিভূতিমান্ অর্থাৎ ঐশ্বগ্যযুক্ত এবং শ্রীমৎ অর্থাৎ সৌন্দর্যাগুণের দ্বারা অথবা সম্পত্তির দ্বারা যুক্ত অথবা উর্জিত-বলের দ্বারা যুক্ত যেই যেই সত্ত—বস্তু আছে, তাহা সম্দায়ই আমার তেজাংশের দারা অর্থাৎ শক্তির লেশমাত্রের দ্বারাই সম্ভব-সিদ্ধ হইয়াছে, ইহা তুমি জানিবে। স্বকীয় আয়ত্তত্ব ও স্বব্যাপ্যত্বের দারা সর্বত্ত অভেদ নির্দেশ করিয়া অর্থে নীত হইয়াছে, কিন্তু বামনাদির সম্বন্ধে সেই নির্দ্দেশ সত্যক্সপে যোজিত ॥ ৪১॥

অনুভুষণ—শ্রীভগবান্ বর্তমান শ্লোকে অহক বিভৃতিসমূহের কথাও একত্রে বলিতেছেন যে, ঐশ্বর্যযুক্ত, সৌন্দর্য্যযুক্ত, বল-প্রভাবাদি যুক্ত সমস্ত বস্তুই আমার তেজের অংশে অর্থাৎ শক্তি-লেশের দ্বারা সিদ্ধ। সমস্ত বস্তু তাঁহার স্বীয় আয়ত্বের অন্তর্ভুক্ত এবং তদ্বারা ব্যাপ্য স্থতরাং দকল অভেদ-পর্যামে নীত হইয়াছে। বামনাদি অবতারগণকে তদভিন্নরূপে নির্দেশ করা কিন্তু সঙ্গতই হইয়া থাকে।

শ্রীমন্তাগবতে শ্রীকৃষ্ণ উদ্ধবকেও বলিয়াছেন,—"তেজঃ শ্রীঃ কীর্তিরৈশ্বর্যাং হ্রীস্ত্যাগঃ সৌভগং ভগঃ। বীর্যাং তিতিক্ষা বিজ্ঞানং যত্র যত্র স মেহংশকঃ॥" —( ১১।১৬।৪০ ) অর্থাৎ যে যে বস্তুতে প্রভাব, শ্রী, কীর্ত্তি, ঐশ্বর্যা, হ্রী, ত্যাগ, লৌভগ, ভাগা, বীর্ঘা, তিতিক্ষা, এবং কিজ্ঞান দৃষ্ট হয়, দেই বস্তুই আমার

ব্রন্ধার বাক্যেও পাই,—

"ষৎ কিঞ্ লোকে ভগবন্মহস্বদোজঃ সহস্বদলবং ক্ষমাবং।
শ্রীহ্রীবিভূত্যাত্মবদভূতার্ণং তত্তং পরং রূপবদস্বরূপম্॥" ভাঃ ২।৬।৪৫
অর্থাৎ লোকে যাহা কিছু ঐশ্ব্যাযুক্ত, তেজযুক্ত, ইন্দ্রিয়শক্তিযুক্ত, বলবং,
শোভাসম্পন্ন, লজ্জাযুক্ত, বিভূতিসম্পন্ন, বৃদ্ধিযুক্ত, আশ্চর্যাবর্ণ, রূপযুক্ত এবং
অরূপ, তাহা সকলই পরমতত্ত্বের বিভূতি॥ ৪১॥

অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন।
বিষ্টভ্যাহমিদং কুৎস্পমেকাংশেন স্থিতো জগৎ ॥ ৪২ ॥
ইতি—শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিকাাং ভীমপর্কাণ
শ্রীমন্তগবদগীতাস্থপনিষংস্থ বন্ধবিতায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষণার্জুনসংবাদে বিভৃতিযোগো নাম দশমোহধ্যায়ঃ॥

তাষ্য়—অৰ্জুন! অথবা এতেন (এইরূপ) বহুনা জ্ঞাতেন (বহু জ্ঞানের দারা) তব কিম্? (তোমার কি প্রয়োজন?) অহং (আমি) ইদং (এই) কুৎস্ম্ (সমগ্র) জগৎ (বিশ্ব) একাংশেন (একাংশ-দারা) বিষ্টভা (ব্যাপিয়া) স্থিতঃ (অবস্থিত) ॥ ৪২॥

ইতি—শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীমপর্বনি শ্রীমন্তগবদ্গীতাত্বপনিষৎস্থ বন্ধবিভায়াং যোগশান্তে শ্রীকৃষণার্জ্বন-সংবাদে বিভূতিযোগো নাম দশমোহধাায়স্থান্তমঃ সমাপ্তঃ ॥

অনুবাদ—হে অর্জুন! অথবা এইরূপ বহুবিধ জ্ঞানের দারা তোমার কি হইবে? আমি এই সমগ্র জগৎ একাংশ-দারা ব্যাপিয়া অবস্থিত আছি, ইহাই জান॥ ৪২॥

ইতি—শ্রীব্যাসরচিত শ্রীমহাভারতে শতসাহস্রী-সংহিতায় ভীম্মপর্কে শ্রীমন্তগবদ্গীতা-উপনিষদে ব্রহ্মবিভায় যোগশাম্নে শ্রীকৃষ্ণার্জ্জ্ন-সংবাদে বিভূতিযোগ নামক দশমাধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

ত্রীভক্তিবিনাদ—হে অর্জ্ন! অধিক কি বলিব, সংক্ষেপে বক্তব্য এই যে, আমার প্রকৃতি—সর্বাক্তিসম্পন্ন।; তাহার এক-এক-প্রভাব-দারা আমি এই সমস্ত জগতে প্রবিষ্ট হইয়া বর্ত্তমান,—জড়প্রভাব-দারা জড়ীয়-সত্তায় এবং জীবপ্রভাব-দারা জৈব-জগতে প্রবিষ্ট হইয়া এই স্বষ্ট-জগতে সাম্বন্ধিক-ভাবে বর্ত্তমান আছি॥ ৪২॥

শীভজিবিনোদ—প্র্বাধ্যায়ে বিশুদ্ধ-কৃষ্ণভিত্তর উপদেশ হইয়াছে; তাহাতে এরপ সন্দেহ হয় যে, অন্তান্ত দেবোপাসনাতেও কৃষ্ণসেবা হইতে পারে। সেই সন্দেহ-নিবৃত্তির জন্ত ভগবান্ এই অধ্যায়ে কহিলেন যে, অন্তান্ত বিধিকজাদি দেবগণ—আমার বিভূতিমাত্র; আমি—সকলের আদি, অজ, অনাদি ও সর্বমহেশ্বর। এরপ বিভূতি-তত্ব বিচারপ্র্বাক জানিলে আর অনন্তাভিত্র বাধা হয় না। আমার এক অংশ যে পরমাত্মা, তদ্বারা আমি সমস্তভিত্র বাধা হয় না। আমার এক অংশ যে পরমাত্মা, তদ্বারা আমি সমস্তভিত্র বাধা হয় না। আমার এক অংশ হয় পরমাত্মা, তদ্বারা আমি সমস্তভিত্তি-তত্ব অবগত হইয়া সমস্ত বিভূতি প্রকাশ করিয়াছি। ভক্তগণ আমার বিভূতি-তত্ব অবগত হইয়া ভগবজ্জান লাভ করত শুদ্ধ-ভক্তির সহিত আমাকে শ্রীকৃষ্ণাকারে ভজন করিবেন। এই অধ্যায়ের ৮ম, ৯ম, ১০ম, ও ১১শ শ্লোকে শুদ্ধভজন ও ভজনফল বলিয়াছেন। সমস্ত বিভূতির আকরম্বরপ শ্রীকৃষ্ণ-ভজনই জীবের নিত্যধর্মরপ প্রেমের প্রাপক,—ইহাই এই অধ্যায়ের নিয়্কর্ম।

ইতি—দশম-অধ্যায়ের শ্রীমন্তগবদগীতোপনিষদে শ্রীভক্তিবিনোদ ঠাকুরের 'ভাষা-ভাষ্য' সমাপ্ত।

শ্রীবলদেব—এবমবয়বশো বিভূতীরুপবর্ণ্য সামস্ত্যেন তাঃ প্রাহ,—
অথবেতি। বহুনা পৃথক পৃথগুপদিশ্রমানেন বিভূতিবিষয়কেণ জ্ঞানেন তব কিং
প্রয়োজনম্? হে অর্জুন! চিদচিদাত্মকং হরবিরিঞ্চিপ্রম্থং রুৎস্বং
জগদহমেকেনৈব প্রক্ত্যাভন্তর্যামিণা পুরুষাখ্যেনাংশেন বিষ্টভ্য প্রষ্ট্ হ্বাৎ প্রষ্টা
ধারকত্বাদ্দ্র্যাপকত্বাদ্ব্যাপ্য পালকত্বাৎ পালয়ত্বা চ স্থিতোহস্মীতি সর্জনাদীনি
মদ্বিভূতয়ো মদ্যাপ্রেষু সর্কেষেশ্বর্য্যাদিসর্ক্যাণি বস্তুনি মদ্বিভূতিতয়া
বোধ্যানীতি॥ ৪২॥

যচ্ছক্তিলেশাৎ সুৰ্য্যাত্মা ভবন্ত্যত্যুগ্ৰতেজসঃ। যদংশেন ধৃতং বিশ্বং স ক্লফো দশমেহৰ্চ্চ্যতে॥

#### ইতি শ্রীমদ্ভগবদ্গীতোপনিষম্ভায়ে দশমোহধ্যায়ঃ।

বঙ্গান্তবাদ—এই প্রকারে নিজ অবয়ব ( অংশ ) ধরিয়া অর্থাৎ ব্যষ্টিভাবে বিভূতিগুলির বর্ণনা করিয়া সম্পূর্ণরূপে সেই সমস্ত বিভূতির বিষয়ই বলা হইতেছে—'অথবেতি'। বহু পৃথক্ পৃথক্ উপদিশ্রমান বিভূতি-বিষয়ক জ্ঞানের দ্বারা তোমার কি প্রয়োজন? হে অর্জ্জ্ন! চিৎ ও অচিদাত্মক হর-বিরিঞ্চিপ্রম্থ এই সমগ্র জগৎকে আমি একাই প্রক্নত্যাদির অন্তর্যামী পুরুষরূপ অংশের দ্বারা ধারণ করিয়া অর্থাৎ সৃষ্টি করিয়াছি বলিয়াই আমি শ্রষ্টা,

न छ। भग भाषा

ধারকত্বরূপে ধারণ করিয়া, ব্যাপকত্বরূপে ব্যাপিয়া এবং পালকত্ব-নিবন্ধন পালন করিয়া অবস্থিত আছি। এই হেতু হজন প্রভৃতি সমস্তই আমার বিভৃতি। আমারই ব্যাপ্তিতে (বিভৃতিতে) সর্বেশ্বর্য্যাদি সমস্ত বস্তই আমার বিভৃতিরূপেই অবস্থিত বলিয়া জানিবে॥ ৪২॥

যাঁহার বিন্দুমাত্র শক্তির প্রভাবে স্থ্যপ্রভৃতি উগ্রতেজ্ঞ: সম্পন্ন হইয়া থাকে, যাঁহার এক অংশের দ্বারা এই বিশ্ববন্ধাও ধৃত আছে, সেই শ্রীরুষ্ণই এই দশম-অধ্যায়ে অচ্চিত হইতেছেন।

ইতি—দশম-অধ্যায়ের শ্রীমন্তগবদ্গীতোপনিষদ্ভায়ের বঙ্গান্সবাদ সমাপ্ত॥

অনুভূষণ—শ্রীভগবান্ বিভূতি-সম্হের কথা এইরপে পৃথক্ পৃথক্ ভাবে বর্ণন করিয়া, সম্পূর্ণভাবে বলিতেছেন যে, এরপ পৃথক্ভাবে উপদিষ্ট বিভূতি-বিষয়ক জ্ঞানের দ্বারা তোমার কি হইবে? হে অর্জন়। তুমি সাকল্যে বুঝিয়া লও যে, চিৎ-জড়াত্মক, হরবিরিঞ্চিপ্রম্থ সমগ্র জগৎ, আমি একাংশে অর্থাৎ প্রকৃতির অন্তর্যামী পুরুষরূপের দ্বারা ব্যাপ্ত হইয়া স্রষ্টা, ধারক ও পালকরপে অবস্থিত আছি। স্বভরাং আমার স্বষ্ট ও আমা কর্তৃক ব্যাপ্ত, ঘাবতীয় বস্তু, আমারই বিভৃতি, ইহা বুঝিয়া লইবে।

এ-সম্বন্ধ শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

"জানং যদেতদদধাং কতমং স দেব স্থৈকালিকং স্থিরচরেম্বর্বতিতাংশম্। তং জীবকর্মপদবীমন্বর্তমানান্তাপত্রয়োপশমনায় বয়ং ভজেম ॥" (৩।৩১।১৬) অর্থাং ভগবান্ ব্যতীত আমাকে ত্রৈকালিক জ্ঞান দান করিতে আর কেই বা সমর্থ ? পরমেশ্বরের অংশ অন্তর্য্যামী পরমাত্মরূপে চরাচর যাবতীয় বস্তুতে প্রবিষ্ট রহিয়াছেন। অতএব কর্মকল স্বরূপ বদ্ধজীবরূপা পদবী প্রাপ্ত হইয়া আমরা ত্রিতাপ জালা দূর করিবার জন্ম তাঁহাকে ভজনা করি॥ ৪২॥
ইতি—শ্রীমন্তর্গবদগীতায় দশম-অধ্যায়ের অন্তর্ত্বণ-নান্ধী টীকা সমাপ্তা॥
দশম-অধ্যায় সমাপ্তা।

#### अकाम्राथा ३ शासः

#### অৰ্জুৰ উবাচ,—

#### মত্বসূগ্রহায় পরমং গুছমধ্যাত্মসংজ্ঞিতম্। যত্ত্বয়োক্তং বচস্তেন মোহোইয়ং বিগতো মম॥ ১॥

তার্ম অর্জুন উবাচ, সদস্গ্রহায় (আমাকে অহ্গ্রহ করিবার নিমিত্ত)
পরমং গুহুং (পরম গুহু) অধ্যাত্মসংজ্ঞিতম্ (অধ্যাত্মতত্ত্ব নামক) যং বচঃ
(যে বাক্য) ত্বয়া (তোমার দ্বারা) উক্তং (কথিত) তেন (তদ্বারা) মম
(আমার) অয়ং (এই) মোহঃ (জ্ঞানের অভাব) বিগতঃ (বিদ্রিত
হইল)॥১॥

অনুবাদ—অর্জুন কহিলেন, আমাকে অন্তগ্রহ করিবার নিমিত্ত পর্য গুহু অধ্যাত্মসংজ্ঞিত যে কথা তুমি বলিয়াছ, তদ্বারা আমার মোহ বিদ্রিত হুইল ॥ ১॥

প্রীভজিবিনোদ—অর্জ্ন কহিলেন,—অধ্যাত্মতত্ত্বসম্বন্ধী তোমার পরমগ্রহ্থ উপদেশ প্রবণ করিয়া আমার মোহ দূর হইল। তোমার অপ্রাক্ষত অবিতর্ক্য পরম ভাব না জানিয়া অধ্যাত্মতত্ত্বগত ব্যতিরেক-চিন্তারূপ মোহ-দ্বারা আমি আক্রান্ত ছিলাম। এখন স্পষ্ট জানিলাম যে, তুমি—সর্বাদা স্বরূপ-সংপ্রাপ্ত এবং বিশ্বরূপাদি-প্রকাশ—কেবল তোমার শ্রীকৃষ্ণস্বরূপের একাংশ-মাত্র॥ ১॥

**ত্রীবলদেব**—একাদশে বিশ্বরূপং বিলোক্য ত্রস্তধীঃ স্তবন্।
দর্শয়িত্বা স্বকং রূপং হরিণা হর্ষিতোহর্জ্ঞ্নঃ॥

প্রব্র 'অহমাত্মা গুড়াকেশ দর্বভৃতাশয়স্থিতঃ' ইতি বিভৃতিকধনোপক্রমে 'বিষ্টভাাহমিদং ক্রৎক্ষম,' ইতি তহুপসংহারে চ নিথিলবিভৃত্যাপ্রয়ো মহৎপ্রষ্টা পুরুষঃ স্বস্থা কৃষ্ণস্থাবতারঃ; দ তু মহৎপ্রষ্টাদিদর্ব্বাবতারীতি তন্মুখাৎ প্রতীত্য দখানন্দদির্ক্নমিগ্রোহর্জ্জ্নস্তৎপুরুষরপং দিদৃক্ষঃ ক্রফোক্তমন্থবদতি,—মদিতি। মদস্প্রহায়াধ্যাত্মসংক্রিজং বিভৃতিবিষয়কং ষদ্বচন্তয়োক্তং, তেন মম মোহঃ কথং বিভামিত্যাহ্যকো বিগতো নষ্টঃ। অধ্যাত্মমাত্মনি পরমাত্মনি বন্ধি যা বিভৃতিলক্ষণা সংজ্ঞা, দা জাতা। যক্ত তদ্বচং—বিভক্তার্থেহব্যয়ীভাবঃ—পরমং শুরুমতিরহক্তং স্বদক্তাগম্যমিত্যর্থঃ॥ ১॥

একাদশ অধ্যায়ে শ্রীক্লফের বিশ্বরূপ দেখিয়া অর্জ্ঞ্ন অতিশয় সন্ত্রস্ত চিত্তে স্থব করিতে আরম্ভ করিলে, শ্রীহরি অর্জ্জ্নকে স্বকীয় রূপ দেখাইয়া আনন্দিত করিলেন।

বঙ্গান্ধবাদ—পূর্ব্ব অধ্যায়ে ''আমি আত্মা হে গুড়াকেশ। সমস্ত প্রাণীর হাদয়মধ্যে আমি অবস্থিত'' এই প্রকারে স্বীয় বিভূতি-কথনের উপক্রমে '' এই সমগ্র
জগৎক ব্যাপ্ত করিয়া'' এই বাক্যের দ্বারা তাহার উপসংহার পূর্ব্বক নিথিল
বিভূতির আশ্রয় মহৎ-শ্রন্তা যে পুরুষ তিনি স্বয়ং শ্রীরুষ্ণের অবতার। কিন্তু
শ্রীরুষ্ণ মহৎ-শ্রন্তাদিস্ব্বাবতারী (মহদাদি ও সর্ব্ব অবতারের অবতারী) ইহা
তাহার শ্রীমৃথ হইতে শ্রবণ করিয়া স্থা-আনন্দর্রপ সিন্ধুতে নিমগ্ন হইয়া অজ্প্র্ন
ভগবান্ শ্রীরুষ্ণের সেই পুরুষ-রূপ দর্শনের ইচ্ছুক হইয়া শ্রীরুষ্ণের উক্ত কথাই
পূনং বলিতেছেন—'মদিতি'। আমার প্রতি অন্তর্গ্রহ করিয়া, অধ্যাত্মসংজ্ঞিত
বিভূতি-বিষয়ক যেই বাক্য তোমা কর্ভ্ক বলা হইয়াছে, তাহার দ্বারা আমার
মোহ যাহা ''কিরূপে অবগত হইব ?'' ইত্যাদি প্রকারে কথিত; তাহা
বিগত—নম্ভ হইয়াছে। আত্মাতে—প্রমাত্মা তোমাতে অধ্যাত্ম—অধ্যাত্মরূপা
বিভূতি সংজ্ঞা যাহার উৎপন্ন হইয়াছে—যেই তোমার বাক্য 'অধ্যাত্ম' এই পদটি
বিভক্তার্থে অবায়ীভাব সমাদ-নিপান—প্রমপ্তয়—অতিরহস্ত অর্থাৎ ইহা তুমি
ভিন্ন অন্তের অবোধ্য ॥ ১ ॥

অনুভূমণ—পূর্ব্ব অধাায়ে শীভগবান্ যে বলিয়াছেন—হে গুড়াকেশ অর্জ্বন! আমিই সমগ্র জগতের আত্মা, দর্বভৃত-হদয়ে অবস্থিত, ইত্যাদি হইতে আরম্ভ করিয়া, আমিই একাংশে এই সমস্ত জগৎ সৃষ্টি করিয়া, ধারণ করিয়া, বাাপিয়াও পালন করিয়া অবস্থিত অর্থাৎ আমিই একাংশে শ্রষ্টা, ধারক ও পালক—এই বাক্যে উপসংহার পূর্ব্বক তিনিই যে নিথিল বিভূতির আশ্রয় এবং যাবতীয় পুরুষাবতারের শ্রষ্টা, দর্ব্বাবতারী ইহা জানাইলেন। শীভগবানের মুখনিঃস্বত বিবরণ-শ্রবণে স্থানন্দ-সিদ্ধৃতে নিয়য় অর্জ্বন সেই পুরুষরূপ দর্শনেচ্ছু হইয়া শীক্ষেরে কথিত বিষয় পুনরুল্লেথে বলিতেছেন। আমাকে অনুগ্রহ করিবার নিমিত্ব অধ্যাত্ম-সংজ্ঞার সংজ্ঞিত বিভূতিবিয়য়ক তোমার কথিত বাক্য-শ্রবণে আমার মোহ অপগত হইয়াছে, পূর্ব্বে আমি যে বলিয়াছিলাম "কি প্রকারে জানিব ?" তাহাও তোমার বাক্যে জাত হইয়াছি। 'অধ্যাত্ম' অর্থাৎ পরমাত্মাত তোমাতে যে সকল বিভূতি আছে, তাহার জ্ঞান আমার জাত হইয়াছে।

चानकार्ग्याण

তোমার বাক্য অতিশয় রহস্তময় বলিয়া গুহু হইলেও অর্থাৎ তুমি ব্যতীত অন্তের অগম্য হইলেও, তোমার রূপায় তোমার বাক্য-শ্রবণে আমার জ্ঞানাভাব দ্রীভূত হইয়াছে॥ ১॥

#### ভবাপ্যয়ো হি ভূতানাং শ্রুতো বিস্তরশো ময়া। ত্বতঃ কয়লপত্রাক্ষ মাহাত্ম্যমপি চাব্যয়ম্॥ ২॥

তাবার—কমলপত্রাক্ষ ! স্বন্তঃ হি (তোমার নিকট হইতেই) ভূতানাং (ভূতগণের) ভবাপার্মো (উৎপত্তি ও লয়) ময়া (আমাকর্ত্ক) বিস্তরশঃ (বিস্তৃতরূপে) শ্রুতো (শ্রুত হইয়াছে) চ (এবং) অব্যয়ম্ (নিত্য) মাহাত্ম্যম্ অপি (মাহাত্মাও) শ্রুতং (শ্রুত হইল)॥ ২॥

অনুবাদ—হে কমলপত্রাক্ষ! তোমার নিকট হইতেই জীবগণের সৃষ্টি ও সংহারের বিষয় বিস্তৃতরূপে শ্রবণ করিলাম এবং তোমার অব্যয় মহিমাও শুনিলাম॥ ২॥

শ্রীভক্তিবিনোদ—অতএব হে কমলপত্রাক্ষ! আমি তোমার ভূতসকলের সৃষ্টি ও সংহারসম্বন্ধী সাম্বন্ধিক ভাব ও অব্যয় মাহাত্ম্যরূপ স্বরূপগত ভাব, এতত্ত্য-তত্ত্বই বিস্তৃতভাবে অবগত হইলাম॥ ২॥

শীবলদেব—কিঞ্চ ভবেতি। হে কমলপত্রাক্ষ !—কমলপত্রে ইবাতিরম্যে দীর্ঘরক্তান্তে চাক্ষিণী যন্তেতি প্রেমাতিশয়াৎ সৌন্দর্য্যাতিশয়াল্লেখঃ। ত্বন্তত্ত্ব-দেতুকৌ ভূতানাং ভবাপ্যয়ে সর্গপ্রলয়ে ময়া ত্বন্তঃ সকাশাদ্বিস্তরশোহসকৎ শ্রুতো 'অহং কংক্ষপ্র জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা' ইত্যাদিনাব্যয়ং নিত্যং মাহাত্মামেশর্যাং চ তব সর্ব্বকত্বত্বিহিপি নির্বিকারত্বং সর্ব্বনিয়ন্ত্বত্বহপ্যসঙ্গত্ব-মিত্যেবমাদি ত্বন্ত এব ময়া বিস্তরশঃ শ্রুতং—'ময়া ততমিদং সর্ব্বম্' ইত্যাদিভিঃ॥ ২॥

বঙ্গান্তবাদ—আর এক কথা—'ভবেতি,' হে কমলপত্রাক্ষ! পদ্মপলাশ-লোচন অর্থাৎ কমল (পদ্ম) পত্রের ন্যায় অতিশয় স্থন্দর ও দীর্ঘরক্তান্ত অক্ষি (চোথ) তুইটি যাঁহার তাদৃশ শ্রীকৃষ্ণ! এই সম্বোধনটি-দ্বারা প্রেমাতিশয় হেতু—দোলর্ঘ্যের আতিশয় উল্লেখ করা হইয়াছে। তোমা হইতে পাঞ্চভৌতিক প্রাণিবর্দের ভব (উৎপত্তি) অপ্যয় (প্রালয়) অর্থাৎ সেই স্কৃষ্টি ও প্রলয়ের হেতু তুমি, সেই দর্গ-প্রলয় আমাকর্ভ্ক তোমার নিকট হইতে বিস্তারিতভাবে বার বার শ্রুত হইয়াছে। "আমি সমগ্র জগতের উৎপত্তিকর্তা, স্থিতিহেতু

ও প্রলয়কর্তা" ইত্যাদির দারা তোমার অবায় অর্থাৎ নিত্য মাহান্মা ও নিত্য ক্রম্বর্যা, তোমার সর্ব্যময় কর্তৃত্বসত্ত্বেও নির্ফিকারত্ব ও সর্ব্যনিয়ন্ত্ব সত্ত্বেও অসম্ব এই প্রকার কথা তোমা হইতেই আমি বিস্তৃত্তাবে শুনিয়াছি। "আমাকর্তৃক এই সমস্ত বিশ্ব ব্যাপ্ত" ইত্যাদি বাক্য দারা॥ ২॥

তারুত্বণ—অর্জ্বন আরও বলিলেন, হে কমলপত্রাক্ষ! এই সংঘাধনে ইহাই বুঝাইতেছে যে, কমলপত্রের স্থায় অতিশয় রমণীয় অর্থাৎ শ্বেড অথচ রক্তবর্ণের আভা ও রেখা যুক্ত স্থবিস্তৃত বিশাল নয়ন যাহার। ইহা দারা অর্জ্জ্বের শ্রীক্লফের প্রতি প্রেমাতিশয় ব্যক্ত হইতেছে, তজ্জন্তই এই সৌন্দর্যাতিশয়ের উল্লেখ।

ভূতগণের দর্গ ও প্রলয়ের তুমিই যে, হেতু তাহা তোমার নিকট বহুবার বিস্থৃতরূপে প্রবণ করিয়াছি। 'আমিই দমগ্র জগতের উৎপত্তি এবং প্রলয়ের হেতু'—(গী: ৭।৬) ইত্যাদি বাক্যের হারা তোমার অব্যয়—নিত্য মাহাত্ম্য ও ঐশ্বর্য এবং দর্কবিষয়ের কর্তৃত্ব থাকিলেও 'নির্কিকার', এবং দর্কবিষয়ের প্রশাদন-কর্তারূপে নিয়ন্তা হইয়াও 'অদঙ্গ' ইত্যাদি বাক্য তোমার নিকট হইতে বিস্তর প্রবণ করিয়াছি। তোমা দ্বারাই দমগ্র জগত ব্যাপ্ত ইত্যাদি বাক্যও এই বট্কে নবম অধ্যায়ে তুমি বলিয়াছ, তাহা আমি অবধারণ করিয়াছি॥ ২॥

## এবমেতদ্ যথাখ ত্বমাত্মানং পরমেশ্বর। দ্রেষ্টুমিচ্ছামি তে রূপমৈশ্বরং পুরুষোত্তম॥ ৩।

তাষ্য়—পরমেশ্ব ! তম্ (তুমি) আত্মানং (নিজেকে) যথা (যেরপ)
আখ (বলিলে) এতং (ইহা) এবম্ (এইরপ) [তথাপি] পুরুষোত্তম! তে
(তোমার) ঐশ্বরং রূপম্ (ঐশ্বিক রূপকে) দ্রষ্ট্রুম্ (দর্শন করিতে) ইচ্ছামি
(ইচ্ছা করি)॥ ৩॥

তাকুবাদ—হে পরমেশ্ব! তোমার সম্বন্ধে যেরূপ বলিয়াছ, তাহা সেই রূপই, তথাপি হে পুরুষোত্তম! আমি তোমার ঐশ্বর্যাময়রূপ দর্শন করিতে ইচ্ছা করি॥৩॥

শ্রীভক্তিবিনোদ—হে পুরুষোত্তম! হে পরমেশর! তোমার স্বরূপতত্ত্ব লক্ষ্য করিতেছি, কিন্তু আপাততঃ স্বষ্টিসময়ে তোমার স্বরূপকে তুমি যেরূপে জগন্মধ্যস্থ করিয়াছ, তোমার সেই এশর-রূপ আমি দেখিতে ইচ্ছা করি॥ ৩॥ 410.111.1101

শ্রীবলদেব—এবমিতি। 'বিপ্রভাহিমিদম্' ইত্যাদিনা যথা অমায়ানং স্বমাথ ব্রবীষি তদেতদেবমেব ন তত্র মে সংশয়লেশোহিপি, তথাপি ভবৈশ্বং সর্বপ্রশান্ত তদ্ধপমহং কৌতুকাদ্দ্রস্থ্রমিচ্ছামি। হে পরমেশ্বর, হে পুরুষোত্তমেতি সমোধয়ন্ সম তদ্দিদৃক্ষাং জানাস্থেব, তাং প্রয়েতি বাঞ্গয়তি,—মধুররদান্ধাদিনঃ কটুরদজিম্বকাবন্ধাধুর্ঘামুভবিনো মে অদৈশ্ব্যামুবৃভ্যাভাদেতীতি ভাবঃ॥ ৩॥

বঙ্গান্তবাদ— 'এবমিতি', আমি এই বিশ্বকে শরীরের একাংশ দারা ব্যাপ্ত করিয়া আছি ইত্যাদি বাক্য দারা যেরূপ তুমি স্বীয় আত্মাকে বলিতেছ, তাহা এই প্রকারই বটে: দেখানে আমার সন্দেহের লেশমাত্র নাই। তথাপি তোমার ঐশবরূপ অর্থাৎ স্কানিয়ামকশ্বরূপ তোমার সেই রূপ কৌতৃকবশতঃ দেখিতে ইচ্ছা করিতেছি।

হে পুরুষোত্তম! হে পরমেশ্বর! এই তুইরূপে সংসাধন করিয়া সর্জ্বন অভিবাক্ত করিতেছেন যে, আমার সেই রূপদর্শনের ইচ্ছা তুমি জানিতেছই, তবে তাহা পূরণ কর! ভাবার্থ এই—যেমন মধুর রুপের আস্বাদনকারী বাক্তির কটুরস থাইতে ইচ্ছা হয়, সেইরূপ ভোমার মাধুর্যাান্মভবকারী আমার ভোমার ঐশ্ব্যান্মভবের ইচ্ছা উদিত হইতেছে॥ ৩॥

অনুষ্ঠ্বপ — মজুন একণে শ্রীভগবানের ঐশ্বরিক-রূপদর্শনের অভিলাষী হইয়া বলিতেছেন, হে প্রমেশ্বর! 'একাংশে আমি এই সমগ্র জগৎ ব্যাপিয়া অবন্ধিত আছি,' ইত্যাদি বাক্যের দ্বারা তোমার ঐশ্বর্যাের কণা যাহা বলিয়াছ, তাহাতে আমার লেশমাত্রও সংশয় নাই, কিন্তু তোমার সেই ঐশ্বরিক রূপটা দর্শনের জন্ত আমার বড়ই কোতৃহল হইতেছে। হে পুরুষোত্তম্! তুমি সর্ব্বান্তর্যামী, স্বতরাং আমার অন্তরের এই অভিলাধের বিষয়ও তুমি জান, অতএব আমার এই আন্তরিক অভিলাধ পূর্ণ কর। যদি কেহ প্রস্পক্ষ করেন যে, অর্জ্জুন সর্বাদা শ্রীক্রফের মাধুর্যায়য়-বিগ্রহ, সংগভাবে দর্শন করিতে পাইয়াও পুনরায় কেন ঐশ্বর্যাতোতক বিরাট্ বা বিশ্বরূপ দর্শনের আকাজ্রে করিতেছেন প তত্তরে বক্তবা এই যে, মধুররস-আন্বাদনকারী ব্যক্তির যেমন কখনও কথনও কটুরস-দেবনের আকাজ্রা জন্মে, সেইরূপ নিয়ত শ্রীভগবানের মাধুর্যাম্বভবকারী অর্জ্জ্নেরও তাঁহার ঐশ্বর্যাস্থ্চক বিশ্বরূপ দর্শনের অভিলাধ জাগিয়াছে।

ত্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাই যে, যদি ত্রীভগবানের এখর্যা ও

মাহাত্মা-বিষয়ে অর্জুনের কোন অবিশ্বাস নাই কিন্তু তাহা হইলেও নিজেকে কৃতার্থ করিবার বাসনায় সেই ঐশ্বরূপ চক্ষুর দ্বারা দেখিতে ইচ্ছা করিতেছেন॥৩॥

#### মন্যসে বলি ভচ্ছক্যং ময়া দ্রাষ্ট্রমিতি প্রভো। যোগেশ্বর ভতো মে হং দর্শয়াস্থানমব্যয়ম্॥ ৪॥

তার্য — প্রভা! যদি তৎ (সেই রপ) ময়া দ্রষ্ট্রুম্শক্রম্ (আমার দর্শনি যোগ্য )ইতি ময়সে (ইহা মনে কর) ততঃ (তাহা হইলে) যোগেশর! থম্ (তুমি) মে (আমাকে) অব্যয়ম্ (নিত্য) আত্মানম্ (আত্মস্বরূপ) দর্শয় (দেখাও)॥ ৪॥

অনুবাদ—হে প্রভো! যদি তোমার সেই রূপ আমাকর্তৃক দর্শন করিবার যোগ্য মনে কর, তাহা হইলে হে যোগেশ্বর! তুমি আমাকে তোমার নিত্য-স্বরূপ দর্শন করাও॥ ৪॥

শ্রীভক্তিবিনাদ—জীব—অহুচৈতন্ত, অতএব বিভূচৈতন্ত্রের ক্রিয়া সমাক্
লক্ষ্য করিতে পারে না; আমি—জীব, তোমার অন্তর্গ্রহ্বশতঃ তোমার স্বরূপতত্ত্বে অধিকার লাভ করিয়াও জীবচিন্তাতীত তোমার ঐশ্বর-স্বরূপের পরিমাণে
সমর্থ নই। যোগেশ্বর তুমি—আমার প্রভূ; তোমার অচিন্ত্য-শক্তিক্রমে
তোমার যোগেশ্বর্য [যাহা—স্বরূপতঃ অব্যয় ও চিৎস্বরূপ] আমাকে
দেখাও॥৪॥

ত্রীবলদেব— ঐশ্ব্যদর্শনে ভগবংসম্মতিং গৃহাতি,—মন্ত্রদে ষদীতি। জানাসীচ্ছিদি বেতার্থঃ। হে প্রভো—সর্বস্থামিন্! যোগেশ্বরেতি সম্বোধয়ন্ন-যোগ্যস্ত মে স্বদর্শনে স্ক্ছিজিরেব হেতুরিতি ব্যঞ্জয়তি॥ ৪॥

বঙ্গান্তবাদ— এশ্বর্যা দর্শন-বিষয়ে ভগবান্ শ্রীক্লফের সম্মতি গ্রহণ করা হইতেছে— 'মন্তদে যদীতি,' জান বা ইচ্ছা কর। হে প্রভো! হে সর্বস্বামিন্! যোগেশ্বর! ইতি সম্বোধনের দ্বারা অযোগ্য আমার তোমার এশ্বর্যা-দর্শনে (আমার যোগ্যতা না থাকিলেও) তোমার শক্তিই হেতু, ইহা ধ্বনিত করা হইতেছে॥ ৪॥

অনুভূষণ—পূর্ব শ্লোকে অর্জুন শ্রীভগবানের ঐশবিকরপ দর্শনের প্রার্থনা জানাইয়া বর্ত্তমানে তাঁহার সমতি লইতেছেন। হে প্রভো! হে সর্বস্বামিন্! হে যোগেশ্বর! আমি প্রার্থনা করিলেও আপনি প্রভু এবং সর্বস্বামী আপনার

ইচ্ছা ও রুপা এক্ষেত্রে সর্বোপরি বিরাজিত, স্বতরাং আমার প্রাথিত বিষয়-দর্শনে আমি অযোগ্য হইলেও, আপনি যোগৈশ্ব্যপূর্ণ বলিয়াই দর্শনার্থী হইয়াছি। এক্ষণে আপনি যদি আমাকে অহুগ্রহলাভের যোগ্য মনে করেন, তাহা হইলে আপনার কথিত অব্যয় স্বরূপ আমাকে প্রদর্শন করান॥ ৪॥

#### শ্ৰীভগবাৰ্ উবাচ,—

### পশ্য মে পার্থ রূপাণি শতশোহথ সহস্রশঃ। নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ॥ ৫॥

তার্য়—শ্রীভগবান্ উবাচ,—পার্থ! মে ( আমার ) নানাবিধানি ( নানাবিধ ) নানাবর্ণারু তীনি চ ( এবং বহুবর্ণ ও আরুতি বিশিষ্ট ) শতশঃ ( শত শত ) অথ ( আরও ) সহস্রশঃ ( সহস্র সহস্র ) দিবাানি রূপাণি ( দিবা রূপ সকল ) পশ্র ( দর্শন কর )॥ ৫॥

তালুবাদ—শ্রীভগবান্ কহিলেন,—হে পার্থ! তুমি আমার বহুপ্রকার এবং বিবিধবর্ণ ও আফ্রতিসম্পন্ন শত-শত, সহন্র-সহন্র অলৌকিক রূপসমূহ দর্শন কর॥ ৫॥

শ্রীভক্তিবিনোদ—ভগবান্ কহিলেন,—হে পার্থ! তুমি আমার যোগৈশ্র্যা দেখ; আমার শত-শত ও সহস্র-সহস্র নানাবিধ দিবা রূপ এবং নানাবর্ণ আকৃতি প্রতাক্ষ কর। ৫॥

ত্রীবলদেব—এবমভাথিতো ভগবান্ প্রকৃতান্তর্থামিণং সহস্রশিরসং প্রশাস্তরপ্রধানং দেবাকারং স্বাংশং প্রদর্শয়িতৃং প্রকৃতোপ্যোগিত্বান্তরৈব কালাত্মকতাঞ্চ বোধয়িতুমর্জ্বন্যবধাপয়তীত্যাহ,—পশ্যেতি চতুর্য্। 'পশ্য' ইতি পদাবৃত্তির্দর্শনীয়ানাং রূপাণামত্যভূতত্বদ্যোতনার্থা চ বোধ্যা। মে মম সহস্রশীধাকারেণ ভাসমানশ্যৈকস্থৈব শতানি সহস্রাণি চ বিভৃতিভূতানি রূপাণি পশ্য,—'অহে লোট্'—তানি দ্রষ্ট্যুমর্হে। ভবেত্যর্থঃ॥ ৫॥

বঙ্গানুবাদ—এইভাবে ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জুন কতৃক প্রার্থিত হইয়া প্রকৃতির অন্তর্য্যামী, সহস্র মস্তক-সম্পন্ন, প্রশাস্ত্ব-প্রধান, দেবাকার, স্বীয় অংশকে দেখাইবার জন্ম প্রক্রান্ত-বিষয়ের উপযোগিরহেতু তাহাতেই কালাত্মক-তাকে বুঝাইবার জন্ম অর্জুনকে অবহিত করাইতেছেন, ইহাই বলা হইতেছে —'পশ্রেতি' চারিটি শ্লোকে; প্রতি শ্লোকে "দেখ" এই পদাবৃত্তি দর্শনীয় রপগুলির অতিশয় অভূতত্ব ছোতনের জন্ম জানিবে। সহস্র-শীর্ষাকারে ভাসমান (দীপামান) আমার একেরই শত সহস্র বিভূতিময় রপগুলি দেখ। 'পশু' এই পদে লোট্ বিভক্তি অর্হার্থে, সূত্র যথা অর্হে লোট্—সেইগুলি দেখিবার যোগা তুমি হও॥ ৫॥

অনুভূষণ—বিশ্বরূপ-দর্শনের বাসনায় অর্জুন প্রীকৃষ্ণকে পূর্ব্বোক্তরূপে প্রার্থনা জানাইলে, প্রীভগবান্ তাহাকে প্রকৃতির অন্তর্য্যামী 'সহস্রার্থাই রূপ (যাহা পুরুষপুত্রে বর্ণিত আছে) প্রশাসকত্ব-প্রধান, দেবাকার স্বীয় স্বাংশতরকে প্রদর্শন করিবার নিমিত্ত, প্রকৃত-উপযোগীহেতু তাহার কালাত্মকতাও বুঝাইবার জন্ম, অর্জুনকে অবধান করাইতেছেন অর্থাৎ প্রভিগবান্ বলিতেছেন যে—'দেখ,' আমার সহস্রশীর্যাকারে ভাসমান রূপের একেরই শত-সহস্র বিভূতি-সম্পন্ন রূপসমূহ, তাহা তুমি দেখিবার যোগা হও, বলিয়া আশীর্বাদ করিলেন। এন্থলে 'পার্থ' সম্বোধনের দ্বারা স্বকীয় সম্বন্ধও জ্ঞাপন করিলেন॥ ৫॥

### পশাদিত্যান্ বসূন্ রুজানখিনো মরুভন্তথা। বহুমাদৃষ্টপূর্বাণি পশাশ্চর্য্যাণি ভারত।। ৬।।

অবয়—ভারত! আদিত্যান্ ( বাদশ আদিত্যকে ) কথন্ ( অপ্তবস্ককে )
কল্রান্ ( একাদশ কল্রকে ) অশ্বিনৌ ( অশ্বিনীকুমার হয়কে ) তথা ( এবং )
মকতঃ ( উনপঞ্চাশং বায়কে ) পশু ( দর্শন কর ) অদৃষ্টপূর্কা।
বহুনি ( বিবিধ ) আশ্চর্যাণি ( আশ্চর্যারপদমূহ ) পশু ( দর্শন কর ) ॥ ৬ ॥

অসুবাদ—হে ভারত! তুমি আদিত্যগণকে, বন্ধগণকে, রুদুগণকে, অধিনীকুমারদ্বয় তথা মরুদ্গণকে দর্শন কর, পূর্বেধ দেখ নাই এমন বহু অদ্ভুত রূপ দর্শন কর॥ ৬॥

শ্রীভক্তিবিনোদ—হে ভারত! আদিত্যসকল, বহুসকল, রুদ্রসকল, অধিনীকুমারদ্বয় ও মরুৎসকল এবং অনেক অদৃষ্টপূর্ব্ব আশ্রুয়া রূপ দেখ। ৬।

শ্রীবলদেব—তান্তেকদেশত: প্রাহ,—পশাদিত্যানিতি দাভ্যাম্। অদৃষ্টপ্র্কাণীতি ত্বয়ান্তৈক প্র্কমদ্ষানি আকর্য্যাণ্যভুতানি॥ ৬॥

বলাসুবাদ—দেইগুলি আমার একদেশেই আছে বলা হইতেছে—'পশ্যাদি-ত্যানিত্যাদি' হুইটি শ্লোকে, অদৃষ্টপূর্ব্বসকল ইহা তোমাকর্ত্ক এবং অন্ত কর্ত্ব পূর্ব্বে দৃষ্ট না হইলেও, আশ্র্য্য অর্থাৎ অদ্ভুত ॥ ৬ ॥ অনুভূষণ — প্রশ্নোকে যে বলিয়াছেন, আমার একরপের মধ্যেই বহুপ্রকার রূপ দেখ। তাহাই একণে ছুইটি শ্লোকে 'আদিত্যাদিকে দেখ' বলিয়া, একদেশ বর্ণন করিতেছেন। ইহা অদৃষ্টপূর্ব্ব অর্থাৎ অজ্জুন ব্যতীত পূর্ব্বে অন্য কেহ প্রতাক্ষ করে নাই। এই আশ্চর্যা এবং অদ্ভূতরূপ সমূহ তুমিই দেখ।

এম্বলেও শ্রীভগবান্ অর্জ্নকে 'ভারত' সমোধনে ইহাই জ্ঞাপন করিতেছেন যে, পরম পুণাবান্ পরম ভক্ত রাজর্ষি ভরতের বংশে জন্মগ্রহণ করিয়া অর্জ্ঞনও পরম 'ধার্ম্মিক' ও ঐকান্তিক ভগবদ্বক ॥ ৬॥

# ইহৈকন্থং জগৎ কৃৎস্নং পশ্যাত সচরাচরম্। মম দেহে গুড়াকেশ যচ্চান্তদ্ দ্রষ্টু মিচ্ছসি॥ १॥

ত্রস্থা—গুড়াকেশ! ইহ ( এই ) মম দেহে ( আমার দেহ মধ্যে ) একস্থং ( একত্রস্থিত ) সচরাচরম্ ( চরাচর সহিত ) কংস্থং ( সমগ্র ) জগং ( বিশ্ব ) যথ চ অত্যং ( এবং অত্য যাহা কিছু ) জন্তুম্ ইচ্ছসি ( দেখিতে ইচ্ছা কর ) অত্য ( একংণ ) পশ্র ( দর্শন কর ) ॥ ৭ ॥

অসুবাদ—হে গুড়াকেশ। আমার এই দেহে একদেশে অবস্থিত চরাচর সমগ্র বিশ্বকে দর্শন কর এবং অন্য যে কিছু দেখিতে চাও তাহাও একণে দর্শন কর॥ १॥

**ত্রীভক্তিবিনোদ**—সচরাচর জগৎ ও যাহা-কিছু দেখিতে চাও, সমস্তই— আমার এই ঐশব-রূপস্থ। অতএব, হে গুড়াকেশ। সেই সমৃদায়ই তুমি আমার রুষ্ণ-স্বরূপের একদেশে দর্শন কর॥ १॥

ত্রীবলদেব—কিঞ্চের মম দেহে একস্থমেকদেশস্থিতং সচরাচরং কৃৎসং জগবমভাধুনৈব পশা; যতা তার পরিভ্রমতা বয়া বয়ায়তিরপি ড়য়ুমশকাং, তদিকদৈবৈকলৈর মদম্গ্রহাদবলোকস্বতার্থং। যচচ জগদাপ্রমভূতং প্রধান-মহদাদিকারণস্বরূপং স্বজয়পরাজয়াদিকং চালদ্রেষ্ট্রমিচ্ছিদি, তদপি পশা॥ १॥

বজাসুবাদ— আরও এই আমার দেহে—একদেশস্থিত সচরাচর সমগ্র জগৎ তুমি আজ এখনই দেখ—যাহা সেখানে সেখানে পরিভ্রমণ করিয়াও তোমার দশ সহস্র-বর্ষের দ্বারাও দেখার সম্ভাবনা নাই, তাহা এক সময়েই একত্রেই আমার অন্তগ্রহবশতঃ অবলোকন কর। এবং যাহা জগতের আশ্রয়-ভূত, প্রধান ও মহদাদির কারণস্বরূপ, নিজের (এই কুরুক্তেরে যুদ্ধে) জয় কি পরাজয়াদি হইবে এবং অন্ত যাহা দেখিতে ইচ্ছা কর, তাহাও দেখ ॥ १॥ অনুভূষণ— প্রভিগবান্ পুনরায় বলিতেছেন, হে অর্জুন! তুমি আমার এই বিশ্বরূপের মধ্যে সচরাচর সমগ্র জগৎ অন্য এথনই দেখ। তুমি অযুত্বর্ষ পরিভ্রমণ করিয়া যাহা দেখিতে পাইবে না, তাহা আমার এই দেহে একত্র, একসময়ে আমার অনুগ্রহে অবলোকন কর। জগতের আশ্রয়ভূত প্রধান ও মহদাদির কারণস্বরূপকে দেখ, এমন কি, এই কুরুক্ষেত্রের যুদ্ধে তোমার জয় ও পরাজয় কি হইবে, তাহাও দেখ এবং অন্য যাহা কিছু তুমি দেখিতে ইচ্ছা কর, তাহাও আজ এক্ষণে দর্শন কর।

এথানেও খ্রীভগবান্ 'গুড়াকেশ' সমোধনে ইহাই জানাইতেছেন যে, অর্জুন যথন জিতনিদ্র তথন অতক্রিতভাবে দর্শন করিলে সকলই দেখিতে পাইবে।

শ্রীকৃষ্ণ বালাকালে মা যশোদাকে তাঁহার ম্থবিবরে অনন্ত ব্রহ্মাণ্ড দেখাইয়াছিলেন, সেই শ্রীকৃষ্ণ আজ অর্জনকে বিশ্বরূপে প্রদর্শন করাইতে গিয়া, এক দেহে, একত্র সমগ্র জগৎ এবং জগতের যাবতীয় জীবের সমগ্র বাাপার প্রদর্শন করাইয়া বলিতেছেন, হে অর্জন। তুমি জিতনিদ্র স্থতরাং সাবধানে সমগ্র বিষয় অবলোকন কর, এই যুদ্ধে জয় ও পরাজ্যের সমন্দ্রে তুমি পূর্বের যে সমৃদ্য আশক্ষা ব্যক্ত করিয়াছ; আমার এই দিবারূপ দর্শনে তোমার দে সমস্ত আশক্ষা তো দ্রীভূত হইবেই পরস্ত তুমি জানিতে পারিবে যে, এই জগতের সকল বিষয়ই বিধিকত্বি নিয়োজিত ব্যবস্থামাত্র॥ ৭॥

#### ন তু মাং শক্যসে দ্রষ্টু মনেনৈব স্বচক্ষ্যা। দিব্যং দদামি তে চক্ষুঃ পশ্য মে যোগমৈশ্বরম্।। ৮।।

তাস্বয়—অনেন (এই) স্বচক্ষ্য এব তু (নিজচক্ষ্র দারাই কিন্তু)
মাং (আমাকে) দ্রতুম্ (দেখিতে) ন শক্যমে (সমর্থ হইবে না) [অতএব]
তে (তোমাকে) দিব্যম্ চক্ষ্ণ (দিব্য চক্ষ্) দদামি (প্রদান করিতেছি) মে
(আমার) ঐশ্রম্ (ঐশ্রিক) যোগম্ (শক্তিকে) পশ্য (দর্শন কর) ॥ ৮॥

অনুবাদ—কিন্তু তুমি এই চক্ষ্র দ্বারা আমাকে দর্শন করিতে সমর্থ হইবে না, অতএব তোমাকে দিব্য চক্ষ্ প্রদান করিতেছি, তুমি আমার ঐশ্বরিক-শক্তি দর্শন কর॥ ৮॥

শ্রীভক্তিবিনোদ—তুমি—আমার ভক্ত, অতএব তোমার নিরুপাধিক-চক্ষ্বারা আমার রক্ষন্তরপ দর্শন করিয়া থাক। আমার যোগৈশ্বগ্রময় স্বরূপটি—সাম্বন্ধিকভাব-গত, নিরুপাধিক-চক্ষ্বারা লক্ষিত হয় না; জড়দশী সুল চক্ষ্ও আমার ঐশ্বর-স্বরূপ লক্ষ্য করিতে পারে না। যে চক্ষ্—সোপাধিক, কিন্তু সুল নয়, তাহাকে 'দিব্যচক্ষ্' বলা যায়। সেই দিব্যচক্ষ্ তোমাকে আমি দান করিতেছি, তদ্বারা তুমি আমার ঐশ্বর-স্বরূপ দর্শন কর। যুক্তি-বাদী লক্ষদিব্যচক্ষ্ ব্যক্তিগণ আমার নিরুপাধিক ক্রফ্স্বরূপ অপেক্ষা সোপাধিক ঐশ্বর-রূপে সহজেই প্রীতি-লাভ করেন; যেহেতু তাঁহাদের নিরুপাধিক স্বচক্ষ্ নিমীলিত থাকে ॥ ৮॥

ত্রীবলদেব—'মন্থানে যদি তচ্ছকাম্' ইতার্জ্জনপ্রার্থিতং সম্পাদয়ন্নিরতং, বিশ্বিতং কর্ত্ত্বং তথ্যৈ স্বদেবাকারগ্রাহি দিবাং চক্ষ্র্ভগবান্ দদাবিত্যাহ,—ন তু মামিতি। অনেনৈব মন্মাধুর্যাকান্তেন স্বচক্ষ্যা যুগপদ্বিভাতসহস্রস্থ্যপ্রখ্যং সহস্রশিরস্বং মাং দ্রষ্টুং ন শকাদে ন শকোষি; অতন্তে দিবাং চক্ষ্র্দদামি,— যথাহমাত্মানমতিপ্রবাহাক্রান্তং ব্যন্ত্রি, তথা অচক্ষ্শেতি ভাবঃ; তেন মমেশ্বং যোগং রূপং স্বং পশ্য;—'যুজ্যতে অনেন' ইতি ব্যুৎপত্তের্যোগো রূপং—'পরমং রূপমেশ্বর্ম' ইত্যগ্রিমান্ত; অত্র দিবাং চক্ষ্রেব দত্তং, ন তু দিবাং মনোহপীতি বোধ্যম্; তাদৃশে মনিদ দত্তে, তম্ম তজ্ঞপে ক্রচিপ্রসন্ধাদিহ দিব্যদৃষ্টিদানেন লিক্ষেন পার্থদারথিরপাৎ সহস্রশিরদো বিশ্বরূপস্থাধিক্যমিতি যদ্বদন্তি, তত্ত্বগ্রে নিরস্তম্॥ ৮॥

বঙ্গান্ধবাদ— ( যদি মনে কর তাহার দর্শনে আমি সক্ষম) এইরূপ অর্জ্জুনের প্রার্থনাকে পূরণ করিবার জন্ম শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে নিরত বিশ্বিত করিবার জন্ম তাঁহাকে ( অর্জ্জুনকে ) স্বীয় দেবাকার দর্শনে সমর্থ দিবাচক্ষ্ণ দিয়াছিলেন, ইহাই বলা হইতেছে— 'ন তু মামিতি'। এই আমার মাধুর্যোর প্রতি একান্তিকভাবপূর্ণ নিজের চক্ষুর দ্বারা যুগপৎ ( একসঙ্গে ) উদিত সহস্র সূর্যোর মত উজ্জ্বল, সহস্রশিরঃসম্পন্ন আমাকে দেখিতে তুমি সক্ষম হইবে না। এইজন্মই তোমাকে আমি দিব্য চক্ষ্ণ দান করিতেছি— যেমন আমি নিজকে অতিশন্ম প্রবাহাক্রান্তরূপে ব্যক্ত ( প্রকাশ ) করিতেছি, তেমন ( তত্নপ্রোগী ) চক্ষ্ণ তোমাকে দান করিতেছি,—ইহাই ভাবার্থ। সেই চক্ষ্র দ্বারাই তুমি আমার ঐশ্বরিক যোগ অর্থাৎ রূপ দেখ—'যুক্ত হয় ইহার দ্বারা' এই ব্যুৎপত্তিহেতু যোগশব্দের অর্থ রূপ—'পরম ঐশ্বরিক রূপ' পরে বক্ষ্যমাণ বাক্য হইতেও যোগশব্দের অর্থ রূপ' জ্ঞাতব্য। এথানে দিব্য চক্ষ্ই দান করা হইল, দিব্য মন কিন্তু

নহে, ইহাই জানিবে। সেই রকম মন দান করিলে, তাঁহার সেইরূপে রুচি হইতে পারে; এথানে দিবাদৃষ্টি-দানরূপ প্রমাণ-দারা পার্থসার্থি শ্রীকৃষ্ণ হইতে সহস্রশিরঃসম্পন্ন বিশ্বরূপের আধিকা এই যাহা বলা হইতেছে, তাহা অগ্রেই নিরস্ত করা হইবে॥৮॥

অনুভূষণ—অৰ্জুন পূৰ্বে ( ৪র্থ শ্লোকে ) শ্রীভগবানকে বলিয়াছিলেন যে, হে প্রভো! যদি তোমার দেই রূপ আমার দর্শনযোগ্য মনে কর, তাহা হইলে হে যোগেশ্বর! তুমি আমাকে সেই অবায় রূপ দেখাও। অজ্নের এই প্রার্থিত বিষয় সম্পাদন-মানদে অজ্জ্বিকে বিম্ময়াবিষ্ট করিবার নিমিত্ত প্রভিগবান স্বীয় দেবাকার-গ্রহণক্ষম দিবা চক্ষ্ প্রদান করিলেন এবং ইহাও বলিলেন যে, আমার ঐকান্তিক মাধুর্যারূপ সর্বাদা দর্শনে সমর্থ ও অভান্ত তোমার চক্ষর দারা যুগপৎ একত্রে সহস্র স্থোর তায় প্রভাসম্পন্ন ও জ্যোতির্ময়, সহস্র মন্তক যুক্ত, আমার বিরাট্রপকে তুমি দেখিতে সক্ষম হইবে না। অতএব আমি তোমাকে দিবা চক্ষু প্রদান করিতেছি। আমি সম্প্রতি যেমন আমাকে অতি বিশাল-আকারে বাক্ত করিব, তোমার চক্ষুও তম্বং বিশেষ শক্তি-সম্পন্ন হইবে। সেই মৎ-প্রদত্ত শক্তিসম্পন্ন চক্ষারা তুমি আমার ঐশবিক क्रिश कर्न । 'याश बावा युक इय,' তाशहे याश वा क्रिश, हेशहे 'याग' শব্দের বাৎপত্তিগত অর্থ। অগ্রেও পাওয়া যাইবে যে, আমার এই ঐশ্বিক-রূপ পরম রূপ। এন্থলে অজ্নকে দিবা চক্ষ্ প্রদানের কথা উল্লিখিত আছে किन्छ मिवा मन अन्छ इरें शांद्र, रेश नम्, रेशरे वृक्षिण रहेता। जाम् মন প্রদত্ত হইলে, তাঁহার তদ্ধপেই কচি হইত। দিবাদৃষ্টি-দানের ছারা পার্থদার্থিরূপ হইতে সহস্রশির:সম্পন বিশ্বরূপের আধিকা যাহা বলা হইয়াছে, তাহা পরে নিরস্ত করা হইবে। অজ্বন প্রথমে বিশ্বরূপ দর্শনে বিশ্বিত হইলেও পরবর্তীকালে সচ্চিদানন্দময় দ্বিভূজরপই দর্বোপরি তত্ত্ব; ইহাই कानाईलन।

শ্রীল চক্রবভিপাদের চীকার মর্মেও পাই,—

"এই রূপকে অর্জন ইন্দ্রজাল বা মায়াময় বলিয়া মনে ন। করে কিন্দ্র সচিচদানন্দময়ই। সর্বজ্ঞাং যাহার অন্তর্ভুত, সেই স্বরূপ যে অতীন্দ্রিয় বলিয়া বিশ্বাস করাইবার জন্ম বলিতেছেন—'ন তু' ইত্যাদি। 'অনেনৈন'— প্রাকৃত 'স্বচক্ষ্যা'—নিজচক্ষারা 'মাং'—চিদ্যনাকার আমাকে 'দ্রপ্তুং ন শকাসে' ত্দু দিতেছি, দেই চক্ষ্রই ছারা দর্শন কর—প্রাক্বত নরাভিমানী অর্জ্বনকে কোন প্রকার চমৎকার পাওয়াইবার জন্মই, যেহেতু অর্জ্বন ভগবানের মৃথ্য পার্যদ এবং নরাবতার বলিয়া প্রাক্বত নরের ন্যায় তিনি চর্মচক্ষ্ক নহেন। অন্যপক্ষে যিনি স্বচক্ষ্বারা দাক্ষাৎ ভগবানের মাধ্যাই দাক্ষান্তাবে অন্তর্ভব করেন, দেই অর্জ্বন দেই চক্ষ্বারা ভগবানের অংশ (বিশ্বরূপ) দর্শন করিতে অসমর্থ হইয়া দিব্য চক্ষ্ প্রহণ করিবেন, ইহা কোন ন্যায়ে? কেহ কেহ বলিয়া থাকেন—যে সর্কোৎকৃষ্ট চক্ষ্ ভগবানের নরলীলারপমহামাধুর্য্যকপ্রাহী, দে চক্ষ্ অনন্যভক্তের ন্যায় ভগবানের দেবলীলারপ ঐর্ব্য দর্শনে প্রবৃত্ত হয় না—যে রসনা দিতোপল বা মিছরীর আস্বাদন করে, তাহা গুড়েথণ্ড আস্বাদন করিতে পারে না। দেই জন্ম অর্জ্জনের প্রার্থনাম্থ্যারে চমৎকার-বিশেষ প্রদানের জন্ম দেবলীলারপ ঐর্ব্য গ্রহণ করাইতে ভগবান্ (তাহাকে) প্রেমর্নের অনন্তর্কুল দিব্য অর্থাৎ অমাম্বর চক্ষ্ই প্রদান করিয়াছিলেন। আর দিব্যচক্ষ্দানের অভিপ্রায় এই অধ্যায়ের শেষে ব্যক্ত হইবে।"

প্রীমদ্ভাগবতে পাওয়া যায়—''একদার্ভকমাদায়.....আসীং স্থবিশ্বিতা॥" ১০।৭।০৪-০৭। একদিন যশোদা দেবী প্রীকৃষ্ণকে ক্রোড়ে স্থাপন পূর্বক স্তনত্বর্ধ পান করাইবার কালে তাঁহার মনোহর ঈষং হাস্তযুক্ত বদন চুম্বন করিতে থাকিলে, তিনি জ্পুন্ প্রকাশ পূর্বক তাঁহার মুখমধ্যে বিশ্বরূপ প্রদর্শন করাইলেন। মুগনয়না যশোদা সহসা শিশুমুখে এই বিশ্বরূপ দর্শন করিয়া কম্পিত কলেবরে নয়ন নিমীলন পূর্বক অভিশয় বিশ্বয়াশ্বিতা হইয়াছিলেন। এম্বলে প্রীল সনাতৃন গোস্বামীর টীকার মর্ম্মে পাই—যে ''মাতা যশোদা এজন্ত কোন দিব্যদৃষ্ট্যাদি প্রাপ্ত হন নাই কিন্তু প্রীকৃষ্ণ-প্রেমানন্দলক্ষীর দানীস্বরূপা কোন এই শক্তি উপস্থিত হইয়া তথন অভুতত্ব হেতু তাদৃশ লীলোদয়াবসরে স্বদাস্ত-প্রকাশ পূর্বক বিশ্বয়ের দারা আত্মেশ্বরী যশোদাকে উল্লেসিত করিবার জন্তই অন্বর্তন করিয়াছিলেন।"

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাই—"এই ঐশ্বরী শক্তি বশোদার বাৎসল্যজ্ঞান শিথিল করিতে পারে নাই। শ্রীহরির এই শক্তি প্রেমদেবীর পরীক্ষার নিমিত্ত আগমন করিয়া তাঁহার দাসীত্ব করিয়াছিলেন। শ্রীমন্তাগবতে আরও পাওয়া যার—"একদা ক্রীড়মানান্তে…ব্রজং সহাত্মানমবাপ শকাম্"—

(১০৮০০২-৩৯), একদিন রাম প্রভৃতি গোপবালকগণ মা যশোদার নিকট শ্রীক্লফের মৃত্তিকা ভক্ষণের কথা জানাইলে, মা যথন হস্তধারণ পূর্বক ভং সনা করিতেছিলেন, তথন ভয়চকিত দৃষ্টিযুক্ত শ্রীকৃষ্ণ—আমি মৃত্তিকা ভক্ষণ করি নাই, ইহারা সকলে মিথ্যাবাদী, সাক্ষাতেই আমার মুখ দেখুন বলিয়া যখন মুখব্যাদন করিলেন তথন জীক্ষের ম্থ-মধ্যে স্থাবর-জন্ম-অন্তরীক্ষাদি যাবতীয় বিশ্ব ও निक्यायापि पर्णन कवाहेलन। याधुर्यानीनाम अध्यं आपृष्ठ ना हहेला छे प्रयुक्त কালে ঐখর্যা স্বয়ং প্রকটিত হয় অর্থাৎ মাধুর্যালীলায় ঐখর্যা প্রকটিত না হইলেও তাঁহাতে এখর্ষাের অভাব নাই। এক্সফ যাবতীয় এখর্ষা ও মাধুর্ষাের নিলয়। নীলাবিশেষে উদয়ের আবশ্যকতা হইলেই এশ্বর্যা স্বতঃ প্রকাশ হইয়া থাকে।" এন্থলে শ্রীল চক্রবর্তিপাদের টীকার মর্শেও পাই—সত্যসক্ষরতা শক্তি-দার। প্রেরিতা এশরী-শক্তি শ্বরং প্রকটিত হইয়া বিশ্বরূপ প্রদর্শনপূর্বক যশোদাকে বিশায়-রদে নিমায় করিয়া পুত্রভৎ দন ফল—কোপ বিশারণ করাইয়াছিলেন। শ্রীরুফ ক্রীড়ামন্থল বালক স্বতরাং ক্রীড়ার্থ লীলা-পোষকতায় ভক্ত-সম্ভোষের জন্ম বা ভক্তের প্রেমা বর্দ্ধনের জন্ম লীলা বিস্তার পূর্বক এখর্যা প্রকাশ করিয়া থাকেন।" শ্রীচৈতন্তভাগবতেও পাওয়া যায়—শ্রীগোরস্থন্দর একদিন অধৈত প্রভুকে তাঁহার মনোভিলাষ জ্ঞাপন করিতে বলিলেন,—

"অবৈত বলয়ে—"প্রভু পূর্বের অজ্জ্নিরে।

যাহা দেখাইলে তাহা ইচ্ছা বড় করে।"
বলিতে অবৈত মাত্র দেখে এক রথ।

চতুর্দ্দিকে সৈন্ত-দলে মহা-যুদ্ধ পথ॥
রথের উপরে দেখে শ্রামল-স্থন্দর।

চতুর্ভু জ শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধর॥

অনস্ত ব্রন্ধাণ্ড-রূপ দেখে সেই ক্ষণে।

চন্দ্র, স্থ্যা, সিন্ধু, গিরি, নদী, উপরনে॥

কোটী চন্দু, বাহু,•ম্থ দেখে পুনঃ পুনঃ।

সন্মুখে দেখয়ে স্ততি করয়ে অজ্জ্ন॥" (মধ্য—২৪।৪৭-৫১।)

শ্রীমনিত্যানন্দ প্রভূ অন্তর্যামীরপে ইহা জানিতে পারিয়া তথায় উপস্থিত হইলেন এবং এই বিশ্বরূপ দর্শন করিলেন। 'প্রেভ্ প্রভূ' বলি' স্তুতি করে তুইজন। বিশ্বরূপ দেথিয়া আনন্দময় মন॥"—(চঃ ভাঃ মঃ ২৪।৬৬)॥৮॥

#### সঞ্জয় উবাচ,—

# এবমুক্ত্বা ততো রাজন্ মহাযোগেশ্বরো হরিঃ। 🔫 দর্শরামাস পার্থায় পরমং রূপমৈশ্বরম্॥ ৯॥

তাষ্ম্য — সঞ্জয় উবাচ, — রাজন্! মহাযোগেশ্বঃ (মহাযোগেশ্বর) হরিঃ (প্রীহরি) এবম্ উক্ত্বা (এইরূপ বলিয়া) ততঃ (তারপর) পার্থায় (পার্থকে) পরমং ঐশ্বর্ম্ রূপম্ (পরম ঐশ্বর্রপ) দর্শয়ামাস (দেখাইলেন) ॥ ১॥

তারুবাদ—সঞ্জয় কহিলেন,—হে মহারাজ ধৃতরাষ্ট্র! মহাযোগেশ্বর শ্রীহরি এইরূপ বলিয়া অর্জুনকে পরম ঐশ্বররূপ দেখাইলেন॥ ৯॥

শ্রীভক্তিবিনোদ—সঞ্জয় ধৃতরাষ্ট্রকে কহিলেন,—হে রাজন্! মহাযোগে-খর হরি এই প্রকার উক্তি করিয়া অজ্জ্বকে পরম ঐশ্বর-রূপ দেখাইলেন॥ ॥

শ্রীবলদেব—এবম্ক্র্বা হরিঃ পার্থায় বিশ্বরূপং দর্শিত্বান্। তচ্চ রূপং বীক্ষ্য পার্থো হরিমেবং বিজ্ঞাপিতবানিতীমমর্থং সঞ্জয়ঃ প্রাহ,—এবমিতি ষড়্ভিঃ। ততো দিব্যচক্ষ্দানানস্তরং হে রাজন্ ধৃতরাষ্ট্র! মহাংশ্চাদো যোগে-শ্বশ্চ হরিঃ॥ ৯॥

বঙ্গান্ধবাদ—এই প্রকার বলিয়া শ্রীহরি পার্থকে বিশ্বরূপ দেখাইলেন।
সেই রূপ দেখিয়া পার্থ অজ্জুন শ্রীহরিকে এই প্রকার বিজ্ঞাপন করিলেন। এই
অর্থই সঞ্জয় বিশেষভাবে বলিতেছেন—'এবমিত্যাদি' ছয়টি শ্লোকের দারা।
তারপর অর্থাৎ দিব্যচক্ষ্দানের পর হে রাজন্! ধৃতরাষ্ট্র! মহান্ এবং
যোগেশ্বর শ্রীহরি॥ ৯॥

তাসুত্বণ—শ্রীভগবান্ এইরপ বলিয়া অজুনকে বিশ্বরূপ প্রদর্শন করাইলেন। সঞ্জয় ছয়টি শ্লোকে তাহাই অন্ধরাজ ধৃতরাষ্ট্রকে ব্যক্ত করিতেছেন। শ্রীহরি মহান্ এবং যোগেশ্বর। বিশ্বরূপ-দর্শনের হৈতৃরূপে অর্জুনকে প্রথমে দিব্যচক্ষ্ প্রদান করিয়াছিলেন। স্বতরাং অর্জুন যে শ্রীভগবানের অত্যন্ত রূপাভাজন, তাহাও জ্ঞাপন করিলেন। এহলে অর্জুনের পক্ষে যুদ্ধে জয় তো সামান্য কথা, প্রহিক এবং পারত্রিক যাবতীয় কল্যাণ তাঁহাকে আশ্রয় করিয়া থাকিবে। স্বতরাং ধৃতরাষ্ট্রের স্ব-পুত্রগণের বিজয়াশা সমূলে নম্ভ হইতেছে, তাহাও ইপিতে জ্ঞানাইলেন।

এই গ্রন্থ সঞ্জারের বাক্যে আরম্ভ ও পরিসমাপ্ত, প্রয়োজনীয়স্থলেই সঞ্জ স্থাং বক্তারূপে বর্ণনা করিয়াছেন; অন্তত্ত অপরের যথায়থ বাক্য নিজের মুথে ব্যক্ত করিয়াছেন মাত্র॥ ১॥

অনেকবক্ত্রনয়নমনেকাভুতদর্শনম্।
তানেকদিব্যাভরণং দিব্যানেকোগুতায়ুধম্।। ১০।।
দিব্যমাল্যাম্বরধরং দিব্যগন্ধামুলেপনম্।
সর্বাশ্চর্য্যময়ং দেবমনত্তং বিশ্বতোমুখম্।। ১১।।

ত্রস্থা — অনেকবক্তুনয়নং (বছবদন ও বছনেত্রবিশিষ্ট) অনেকাছুতদর্শনম্ (বিবিধ আশ্চর্যা দর্শন) অনেকদিব্যাভরণং (বছবিধ দিব্য আভরণ-সম্পন্ন) দিব্যানেকোছতাযুধম্ (অনেক দিব্য অন্তর্ধারী) দিব্যমাল্যাম্বরধরং (দিব্যমাল্য ও বন্ধবিশিষ্ট) দিব্যগন্ধান্থলেপনম্ (দিব্যগন্ধের দারা অন্তলিপ্ত) সর্কাশ্চর্যাময়ং (সর্কব্যাপী) ॥ ১০-১১॥

তাসুবাদ—দেই রূপ বছনদন ও নেত্রবিশিষ্ট, বছবিধ আশ্চর্য্য দর্শনীয়, বিবিধ দিব্য অলমার্যুক্ত, অনেক দিব্য উত্যত অস্ত্রধারী, দিব্যমালা ও বস্ত্রবিশিষ্ট, দিব্যগদ-ছারা অম্লিপ্ত, সর্বপ্রকার আশ্চর্য্যময়, জ্যোতির্ময়, অনস্ত ও সর্ব্র্রাপী ॥ ১০-১১॥

শ্রীভক্তিবিনোদ — দেই মৃতিতে অনেক বক্ত্র-নয়ন, অভুতদর্শন, অনেক দিব্য-আভরণ ও অনেক দিব্য-অন্ত ছিল। দিব্যমালা ও বস্ত্র-শোভিত, দিব্যগদাহলিপ্ত, সর্কাশ্চর্যাময়, সর্ক্তাবস্থিত অনন্তম্ভি পরিদৃষ্ট হইল ॥ ১০-১১॥

শ্রীবলদেব—অনেকেতি। অনেকানি সহস্রাণি বজুণণি নয়নানি চ
যস্ত তজ্ঞপং—'দহস্রবাহো ভব বিশ্বমূর্ত্তে' ইত্যপ্রিমবাক্যাৎ; ইহানেক-বহুসহস্র-শব্দাসংখ্যেয়ার্থ-বাঁচিনঃ—'বিশ্বতশ্চক্ষৃক্ত বিশ্বতোম্থাং' ইত্যাদিজ্ঞাপকাৎ; অনেকানামভুতানাং দর্শনং যত্র তৎ দিব্যো গন্ধো যত্র তাদৃগন্ধলেপনং
যস্ত তৎ, দেবং দ্যোত্মানমনস্তমপারং, বিশ্বতঃ সর্বতো মুথানি যস্ত
তৎ ॥ ১০-১১ ॥

বজাতুবাদ—'অনেকেতি'—অনেক অগাৎ সহস্ৰ মৃথ ও নয়ন যাঁহার তাদৃশ-রূপ। এখানে অনেক শব্দের অর্থ সহস্র, যেহেতু হে সহস্রবাহো! হও, হে বিশ্বমূর্ত্তে! এই অগ্রিম বাক্য আছে। এখানে অনেক-বছ ও সহস্র শব্দগুলি অসংখ্যের বাচক—'বিশ্বত—বিশ্বব্যাপি চক্ষু ও বিশ্বব্যাপি মূ্থ' ইত্যাদি জ্ঞাপন করা হইয়াছে। অনেক বছবিধ অভুত বিষয়ের দর্শন যেখানে আছে, দিব্য গন্ধ যেখানে সেইরূপ অন্থলেপন যাহার তাহা, দেব—দ্যোতমান অনস্ত ও অপার, বিশ্বত—সর্বাত্র (চারিদিকে) মূথগুলি যাহার তাহা॥ ১০-১১॥

অনুভূষণ—শ্রীভগবান্ অর্জুনের সমক্ষে যে-রূপ প্রদর্শন করিয়াছিলেন, তাহাই এক্ষণে সঞ্জয় ধৃতরাষ্ট্রের নিকট বর্ণন করিতেছেন ॥ ১০-১১ ॥

## দিবি সূর্য্যসহস্রস্ত ভবেদ্ যুগপত্নখিতা। যদি তাঃ সদৃশী সা স্তান্তাসস্তস্ত মহাত্মনঃ।। ১২।।

অন্বয়—দিবি ( আকাশে ) যদি স্থাসহস্রত্য ( সহস্র স্থাের ) ভাঃ (প্রভা )

যুগপৎ ( এককালে ) উত্থিতা ভবেৎ ( উদিত হয় ) [ তর্হি—তাহা হইলে ] সা

( সেই প্রভা ) তক্ত মহাত্মনঃ ( সেই মহাত্মা বিশ্বরূপের ) ভাসঃ সদৃশী (প্রভাস্দৃশ ) স্থাৎ ( হইতে পারে ) ॥ ১২ ॥

তালুবাদ—আকাশে যদি যুগপৎ সহস্র স্থগ্যের প্রভা উদিত হয়, তাহা হইলে কতকপরিমাণে সেই মহাত্মা বিশ্বরূপের প্রভার তুল্য হইতে পারে॥ ১২॥

ত্রীভক্তিবিনোদ—যদি কথনও সহস্র স্থ্য এককালে উদিত হয়, তবেই উহা সেই মহাত্রা বিশ্বরূপের কতক তেজঃসদৃশ হইতে পারে॥ ১২॥

প্রাথিত স্থানহন্দ্র ভাঃ কান্তিশ্চেদ্যুগপত্থিত। দিবি আকাশে যুগপত্থিত স্থানহন্দ্র ভাঃ কান্তিশেচদ্যুগপত্থিত। ভবেতর্হি সা তম্ম মহাত্মনো বিশ্বরূপম্ম হরেতান একম্মাঃ কান্তেঃ নদৃশী স্থাতদেতি—সম্ভাবনায়াং লট্। অভূতোপমেয়ম্চাতে তয়োৎপ্রেক্ষা বাঙ্গা সতী সর্বাথা তৎকান্তেনৈ কিপমাং ব্যঞ্জয়তি। তাদৃগ্রূপং দর্শয়ামানেতি পূর্বেণান্বয়ঃ॥ ১২॥

বঙ্গান্দুবাদ—দেই রূপের দীপ্তিসমূহের উপমা রাহিত্যের কথা বলা হইতেছে—'দিবীতি', দিবি—আকাশে একত্রে উথিত সহস্র স্থেরে 'ভাঃ' অর্থাৎ কান্তি যদি যুগপৎও উথিতা হয়, তাহা হইলে দেই কান্তি সেই মহাত্মা বিশ্বরূপ শ্রীহরির একটি কান্তির সদৃশ মাত্র হয়, যদি—'তদেতি' সন্তাবনা অর্থে লট্। এথানে অভূতোপমা অলম্বার বলা হইতেছে, তাহা দ্বারা উৎপ্রেক্ষার ব্যঙ্গা হইয়া সর্বাধা তাহার কান্তির উপমা-রাহিত্য ধ্বনিত করিতেছে। সেই-বক্ষম রূপ দেখাইয়াছিলেন—ইহা পূর্কের সহিত অন্তর্ম। ১২॥

অনু ভূষণ — সঞ্জয় আরও বলিলেন যে, শ্রীভগবান্ সেই সময়ে যে দীপ্তি প্রকাশ করিয়াছিলেন, তাহা অতুলনীয়। যদি আকাশে যুগপৎ সহস্র স্র্যোর উদয় হয়, তাহা হইলে সেই জ্যোতিঃ মহাত্মা বিশ্বর্রপ শ্রীহরির কান্তির একটির তুলা হইবে কি না সন্দেহ! আলঙ্কারিকেরা এস্থলে অভূত-উপমা-জনিত অতিশয়োক্তিমূলা-উৎপ্রেক্ষার নির্দেশ করিয়া থাকেন।

'উপমা'—একবাক্যগত হইয়া সমানধর্মী পদন্বয়ের সমতা থাকিলে উপমা অলকার হয়। যথা:—"দাম্যং বাচ্যমবৈধর্ম্ম্যং বাক্তিয়েক্যে উপমা দ্বয়োঃ।" ( সাহিত্যদর্পণ ১০ পঃ )

'উৎপ্রেক্ষা'—উপমেয়কে উপমানম্বরূপে সম্ভাবনা করিলে উৎপ্রেক্ষা অলঙ্কার হয়। যথা,—"ভবেৎ সম্ভাবনোৎপ্রেক্ষা প্রকৃতস্তা পরাত্মনা"।

( সাহিত্যদর্পণ-১০ পঃ ) ॥১২॥

# তত্ত্বিকন্থং জগৎ কৃৎস্নং প্রবিভক্তমনেকধা। অপশ্যদেবদেবস্ত শরীরে পাণ্ডবস্তদা ॥১৩॥

তার স্থান তদা পাণ্ডবঃ ( অর্জুন ) দেবদেবস্থা ( দেবদেব বিশ্বরূপের ) তত্ত্র শরীরে ( সেই বিরাট্ দেহে ) অনেকধা ( অনেকরূপে ) প্রবিভক্তম্ ( বিভক্ত ) কংস্মং ( সমগ্র ) জগৎ ( বিশ্বকে ) একস্থং ( একত্র স্থিত ) অপশ্রৎ ( দেখিলেন ) ॥ ১৩॥

**অনুবাদ**—তথন অর্জ্জুন পর্মদেবের সেই বিরাট্ শরীরে নানাভাবে বিভক্ত নিথিল জগৎকে একদেশস্থিত দর্শন করিয়াছিলেন॥ ১৩॥

শ্রীভক্তিবিনোদ—তথন অর্জ্রন সেই পরমদেবের শরীরে অনন্ত জগৎ একত্রস্থিত ও অনেকরূপে বিভক্ত নিরীক্ষণ করিলেন ॥ ১৩॥

শ্রীবলদেব—ততঃ কিমভূদিত্যপেক্ষায়ামাহ,—তত্তেতি। তত্র যুদ্ধভূমৌ দেবদেব স্থা কঞ্চ স্থা ব্যঞ্জিত সহস্রশিরক্ষে শরীরে শ্রীবিগ্রহে ক্বং নিথিলং জগদ্বক্ষাগুং তদা পাণ্ডবোহপশ্রং। প্রবিভক্তং পৃথক্পৃথগ্ ভূতমেকস্থমিতি প্রাশ্বং, অনেকধেতি মুন্ময়ং স্বর্ময়ং বা লঘুমধ্যে বৃহদ্ধতং বেত্যর্থঃ ॥ ১৩॥

বঙ্গান্তবাদ — তারপর কি হইল? এই আকাজ্জায় বলা হইতেছে — 'তত্রেতি', সেই যুদ্ধভূমিতে দেবদেব শ্রীক্তঞ্চের সহস্রশির প্রকাশ করিলে এবং সহস্র শরীর দেখাইলে শ্রীমৃত্তিতে অর্থাৎ শ্রীকৃষ্ণের দেহে সমগ্র নিখিল

0.11/1101

জগৎব্রহ্মাণ্ডও তথন পাণ্ডব অর্জুন দেখিলেন। প্রবিভক্ত-পৃথক্ পৃথক্ভাবে বিভক্ত ও একস্থ ইহা পূর্বের ক্যায়। অনেকপ্রকার ইহা-মুন্ময়, স্বর্ণময় অথবা রত্নময়, অথবা লঘু (ক্ষুদ্রের মধ্যে ) মধ্যে বৃহদ্ভাবেও॥ ১৩॥

তারপর কি হইল ? এই প্রয়োজনে সঞ্জয় পুনরায় বলিতেছেন,

—সেই যুদ্ধভূমিতে দেবদেব শ্রীকৃষ্ণ সহস্র-শার্ষ মূর্ত্তি প্রকাশ করিলে, সেই
বিরাট্ শরীরে অর্জুন নিথিল ব্রহ্মাণ্ড দেখিতে পাইলেন। তাহা বিবিধ প্রকারে
বিভক্ত এবং 'একদেশস্থ' দেখিলেন। অনেক প্রকার অর্থে—মুমায়, স্বর্ণময়,

অথবা রত্ত্রময় আবার ক্ষুদ্রের মধ্যে বৃহৎ ভাবেও।

শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,—'পঞ্চাশং কোটি যোজন প্রমাণ, শতকোটি যোজন প্রমাণ অথবা লক্ষকোট্যাদি যোজন প্রমাণ'।

পূর্বে শীভগবান্ বলিয়াছিলেন,—

"ইহৈকস্থং জগৎ রুৎস্নং পশাত সচরাচরম্'' ( গীঃ ১১।৭ ), তাহাই এক্ষণে অর্জুন প্রত্যক্ষ করিলেন।

এতং প্রদক্ষে শ্রীমন্তাগবতে পাওয়া যায়,—

"সত্ত্বৈকনিষ্ঠে মনসি ভগবংপার্শ্বর্তিনি।

তমশ্চন্দ্রমদীবেদমুপরজ্যাবভাসতে॥" (৪।২৯।৬৯)

অর্থাৎ শুদ্ধ সত্ত্বৈকনিষ্ঠ ভগবদ্যানপর-চিত্তে এই পরিদৃশ্যমান্ জগৎ প্রকাশ পাইয়া থাকে অর্থাৎ ভগবান্ যেরূপ সমগ্র বিশ্বকে দর্শন করেন, দেইরূপ ভগবদিচ্ছায় তাঁহার ভক্তগণও সমগ্র বিশ্বকে দর্শন করেন। তাদৃশ প্রতীতি সার্বকালিক না হইলেও গ্রহণ-সময়ে চন্দ্রের সহিত রাহুর মিলনের স্থায় কদাচিৎ হইয়া থাকে।

এ-বিষয়ে শ্রীমন্তাগবতের—"দা তত্ত দদৃশে বিশ্বং জগৎ স্থাস্কু চ খং দিশঃ" (১০৮।৩৭) শ্লোক দ্রপ্তব্য ॥ ১৩॥

## ভতঃ স বিস্ময়াবিষ্টো হুষ্টরোমা ধনঞ্জয়ঃ। প্রণম্য শিরসা দেবং কুভাঞ্জলিরভাষত॥ ১৪॥

তাব্য — ততঃ ( অনস্তর ) সঃ ধনঞ্জয়ঃ (সেই অজ্জুন) বিশ্বয়াবিষ্টঃ (বিশ্বিত) হাইবোমা ( রোমাঞ্চিত ) [ সন্—হইয়া ] শিরসা ( অবনত মস্তকে ) প্রণম্য (প্রণাম করিয়া ) কুতাঞ্জলিঃ ( কুতাঞ্জলি পূর্বক ) দেবং ( বিশ্বরূপধারী শীকৃষ্ণকে ) অভাষত ( কহিতে লাগিলেন ) ॥ ১৪॥

অসুবাদ—তদনস্তর সেই অৰ্জুন বিশ্বিত ও রোমাঞ্চিত হইয়া, অবনত মস্তকে প্রণতিপূর্বক অঞ্চলিবদ্ধ হস্তে শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন॥ ১৪॥

শ্রীকাদের—এবং কৃষ্ণতত্ত্বিদজ্জ্বস্থান্ সন্তেন জ্ঞাতং সহস্রশীর্ষত্বমধুনা বীক্ষাভুতং রসমন্বভূদিতাহি,—তত ইতি। তং ব্যক্তিত-তন্ধ্বপং কৃষ্ণং বিলোক্যেতার্থঃ। ধনঞ্জয়েতি। ধীরোহিপি বিশ্বয়েনাবিষ্টো হাইরোমা পুলকিতো দেবং শির্মা ভূলগ্নেন প্রণমা কৃতাঞ্চলিঃ সম্বভাষত। অত্র ভয়নেত্রসম্বরণাদিকং তন্ম নাভূং কিন্তভূতো রমোহভূদিদিতি ব্যঞ্জতে। ইহ তাদৃশো হরিরালম্বনো মৃত্যুভ্তস্তাম্বন্দ্বাপন্ম। প্রণতিপাণিযোগাবন্থভাবের, রোমাঞ্চঃ সাত্তিকত্তিরাক্তিরা মতির্ধৃতিহর্ষাদয়ঃ সঞ্চারিণঃ,—এতৈরালম্বনাত্তিঃ পুটো বিশ্বয়ম্বায়িভাবোহভূতরসঃ॥ ১৪॥

বঙ্গানুবাদ—এই জাতীয় রুঞ্তত্ববিং অর্জ্ঞন্ শ্রীরুঞ্চে (স্বীয় ) বিভ্যমানরপে জ্ঞাত, সহস্রশীর্ষত্ব এখন দেখিয়া, অন্তুত রসকে অন্তুত্ব করিয়াছিলেন; ইহাই বলা হইতেছে—'তত' ইতি। সেই ব্যঞ্জিত রপবিশিপ্ত রুঞ্চকে দেখিয়া, ইহাই অর্থ। 'ধনঞ্জয়েতি', ধীর স্থির হইয়াও বিস্মান্তিত, রোমাঞ্চিত অর্থাৎ পুলকিত তন্তুসম্পন্ন হইয়া অর্জ্জ্বন দেব শ্রীকৃষ্ণকে ভূমিলগ্ন মন্তকের দ্বারা প্রণাম করিয়া, রুতাঞ্জলিপুটে বলিতে লাগিলেন,—এখানে অর্জ্জ্বনের ভয় ও নেত্র-সম্বরণাদি (চক্ষ্নিমীলনাদি ) হয় নাই, কিন্তু অন্তুত্ত রসের অন্তুাদয় হইল, ইহাই ধ্বনিত হইতেছে। এখানে তাদৃশ শ্রীহরি আলম্বন-বিভাব, বারবার ভগবানের রূপদর্শন উদ্দীপন-বিভাব, এবং কর্ষোড়ে প্রণতি অন্তুল্বাব, রোমাঞ্চ—সান্থিক-ভাব, তাহাদের দ্বারা আক্ষিপ্ত মৃতি, ধৃতি, (ধৈর্ঘাশালিতা) ও হর্ষাদিরপ সঞ্চারিভাব। এই সমস্ত আলম্বনাদির দ্বারা পুষ্ট বিস্ময় স্থায়িভাব—অন্তুত্ব রসে অভিব্যক্ত হইয়াছে॥ ১৪॥

অমুভূষণ—ধৃতরাষ্ট্র ধদি মনে করেন যে, সহস্র প্র্যোর ন্যায় প্রভাবিশিষ্ট, বহুবদনযুক্ত, বিকট-মূর্ত্তি দর্শনে অর্জ্জ্বন ভীত হইয়া পলায়নও করিতে পারে; এই আশঙ্কা নিরসন পূর্বেক সঞ্জয় বলিলেন যে, ক্বফতত্ত্বিৎ অর্জ্জ্বন তাঁহার বিশুদ্ধ সন্থগুণের দ্বারা জ্ঞাত প্রীক্তফের এতাদৃশ সহস্রশীর্ষাদিরপ বর্ত্তমানে দর্শন করিয়া, ভয়ে বিচলিত না হইয়া বা কর্ত্তব্য পালনে বিরত না হইয়া, 'অভূত রস' অহুভব করিলেন। অর্জ্জ্বন স্বাভাবিক ধীরতা সম্পন্ন হইয়াও বিশ্বয়াবিষ্ট হইলেন। সেই ভাবের প্রাবল্যে রোমাঞ্চিত ও পুলকিত কলেবর হইলেন।

22124

এবং ভূতলে মন্তক অবনত পূর্ব্বক নমস্কার করিতে করিতে ক্নতাঞ্জলি সহকারে পরবর্ত্তী বাক্য সমূহ বলিতে লাগিলেন। এস্থলে অর্জ্জুনের ভয়ে নেত্রসম্বরণাদি না হইয়া অভূত রসের আবির্ভাব হইয়াছিল। এস্থলে সেই বিশ্বরূপ শীহরি আলম্বন এবং বার বার তাঁহার দর্শন উদ্দীপন। প্রণতি ও অঞ্জলিকরণ—অস্থভাব; রোমাঞ্চ—সান্ত্বিকভাব। এই সকলের দারা আক্ষিপ্ত মতি, গ্বতি ও হয়াদি—সঞ্চারিভাব। এই সকল আলম্বনাদি-দারা পুষ্ট। বিশ্বয় এখানে স্থায়ীভাব, ইহা অর্জ্জুনকে আশ্রয় করিয়াছে। বিশ্বরূপের দারা আলম্বন বিভাবের উদ্ভব হইয়া, বিরাট্ পুরুষের অভূত ভাবের দ্বারা উদ্দীপন-বিভাবের সঞ্চার হইয়াছিল।

অঙুতরস সম্বন্ধে শ্রীভক্তিরসামৃতসিম্কুতে পাওয়া যায়,—

"আত্মোচিতৈর্বিভবাজেং স্বাগুত্বং ভক্তচেতসি।

সা বিশ্বয়-রতির্নীতাভূত ভক্তিরসো ভবেং ॥" (৪।২।১)

অর্থাৎ আত্মোচিত বিভাবাদির সন্মিলনে বিশ্বয়রতি যদি ভক্তচিত্তে স্বাহ্যর হয়, তাহা হইলে অদ্ভুত ভক্তিরস হয়॥ ১৪॥

# শ্ৰীঅজ্জুন উবাচ,—

পশ্যামি দেবাংস্তব দেব দেহে সর্ববাংস্তথা ভূতবিশেষসঙ্ঘান্। ব্রহ্মাণমীশং কমলাসনম্বয়্ষীংশ্চ সর্ববান্মরগাংশ্চ দিব্যান্॥১৫॥

ভাষায়—অৰ্জ্বন উবাচ,—দেব! তব দেহে (তোমার দেহে) সর্বান্ দেবান্ (সমস্ত দেবগণকে) তথা ভূতবিশেষসজ্যান্ (সম্দয় জীবকে) কমলা-সনস্থ (পদ্মাসনস্থিত) ঈশং (প্রভু) ব্রহ্মাণম্ (ব্রহ্মাকে) সর্বান্ (সকল) দিবাান্ (দিব্য) ঋষীন্চ (ঋষিগণকে) উরগান্চ (এবং সর্পগণকে) পশ্যামি (দেখিতেছি)॥ ১৫॥

অসুবাদ—অর্জ্বন কহিলেন—হে দেব! তোমার দেহে সকল দেবতা, বিবিধ জীবসমূহ, কমলাসনস্থ ব্রহ্মা, সমস্ত দিব্য ঋষিগণ এবং সর্পগণকে দেখিতেছি॥ ১৫॥

শ্রীভক্তিবিনোদ—তথন বিশ্মিত ও হাইরোমা ধনপ্রয় প্রণতিপূর্বক কৃতাঞ্চলি হইয়া কহিতে লাগিলেন,—হে দেব! তোমার দেহে সমস্ত দেবতা, সমস্ত ভূতসঙ্ঘ, চতুমুর্থ, কমলাসনস্থ-ব্রন্ধান্তর্যামী (গর্ভোদশায়ী) ঈশ, সমস্ত ঋষিগণ ও উরগগণকে দেখিতেছি॥ ১৪-১৫॥

ত্রীবলদেব—কিমভাষত তদাহ,—পশ্যামীতি সপ্তদশভিঃ। তথা ভূতবিশেষাণাং জরায়ুজাদীনাং সজ্যান্ পশ্যামি ব্রহ্মাণং চতুমুর্থং, কমলাসনে চতুমু্থে স্থিতং তদন্তর্যামিণমীশং গর্ভোদকশয়ম্রগান্ বাহ্নবাদীন্ সর্পান্॥ ১৫॥

বঙ্গান্ধবাদ—কি বলিয়াছিলেন, তাহাই বলা হইতেছে—'প্রামীত্যাদি' দতরটি শ্লোক-দারা। সেইরকম জরামুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জরপ চতুর্বিগভূতবিশেষের সমষ্টিকে দেখিতেছি, চতুমুথ ব্রহ্মাকে, যিনি কমলাসনে চতুমুথে স্থিত, তদন্তর্য্যামী গর্ভোদকশায়ী ঈশ্বর, বাস্থ্বি প্রভৃতি উরগ ( সর্প )-কে দেখিতেছি॥ ১৫॥

তারুত্বণ—শ্রীভগবানের এই অত্যন্ত্তরপদর্শনে বিশ্বয়াবিষ্ট ও হাইরোমা সর্জ্বন কর্যোড়ে কি বলিয়াছিলেন, তাহাই সতরটি শ্লোকে পাওয়া যাইতেছে। তিনি প্রথমেই বলিলেন যে, বিশ্বরূপের শরীরে সমস্ত দেবতা, সমস্ত জরায়ুজাদি ভূতসভা, কমলাসনে উপবিষ্ট চতুর্মুথ ব্রহ্মা ও তদন্তধ্যামিরূপে গভোদশায়ী ঈশ্বর এবং সম্দয় ঋষি ও বাস্ক্রী প্রভৃতি সর্পগণকে দেখিতে পাইতেছেন॥ ১৫॥

#### অনেকবাহুদরবক্ত্রনেত্রং পশ্যামি ত্বাং সর্ব্বতোহনন্তরূপম্। নান্তং ন মধ্যং ন পুনস্তবাদিং পশ্যামি বিশ্বেশ্বর বিশ্বরূপ।। ১৬।।

তার্য — বিশেশর, বিশরপ! অনেকবাহ্দরবক্তুনেতাং ( অসংখ্য বাহু-উদরম্থ-নয়নবিশিষ্ট ) অনন্তরপম্ ( অনন্তরপধারী ) তাং ( তোমাকে ) সর্কাতঃ
( সর্কাত্রই ) পশামি ( দেখিতেছি ) পুনঃ ( পুনরায় ) তব ( তোমার ) ন আদিং
( না আদি) ন মধ্যং (না মধ্য) ন অন্তং (না অন্ত) পশামি ( দেখিতেছি ) ॥১৬॥

অনুবাদ—হে বিবেশর! হে বিশ্বরপ! তোমাতে অসংখ্য বাছ, উদর বদন ও চক্ষ্বিশিষ্ট অনন্তরূপ দর্মগ্রই দেখিতেছি, পুনরায় তোমার আদি, মধ্য ও অস্ত কিছুই দেখিতে পাই না॥ ১৬॥

প্রীভক্তিবিনোদ—হে বিশ্বেশর! হে বিশ্বরূপ! তোমার শরীরে অনেক বাহু, উদর, বক্তু, নেত্র ও দর্কব্যাপী অনম্বরূপ দেখিতেছি; তোমার অন্ত, মধ্য ও আদি দেখিতে পাই না॥ ১৬॥ ত্রীবলদেব—য়ত্র দেহে দেবাদীন্ দৃষ্টবাংস্তং বিশিনষ্টি,—অনেকেতি। হে বিশ্বরূপ। প্রথম পুরুষ।॥১৬॥

বঙ্গান্তবাদ — যেই দেহে দেবাদিকে দেখিয়াছিলেন, সেই দেহের বিশেষ-রূপের বিষয় বলা হইতেছে—'অনেকেতি', হে বিশ্বরূপ! প্রথম পুরুষ!॥ ১৬॥

অনুভূষণ—শ্রীভগবানের দেহে দেবাদি দর্শনানন্তর তাঁহাকে বিশ্বেশ্বর ও বিশ্বরূপ সম্বোধনকরত বলিলেন যে, তোমার এই অনন্তরূপ আমি সর্কাদিকেই দেখিতেছি কিন্তু ইহার আদি, মধা ও অন্ত কিছুই অবধারণ করিতে শারিতেছি না॥ ১৬॥

কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ তেজোরাশিং সর্বতো দীপ্তিমন্ত্রন্। পশ্যামি ত্বাং তুর্নিরীক্ষ্যং সমন্তাদ্দীপ্তানলার্কপ্ল্যুতিমপ্রমেয়ন্ ॥১৭॥

অন্থয়—কিরীটিনং (কিরীটযুক্ত) গদিনং (গদাধারী) চক্রিণং চ (এবং চক্রধারী) সর্বাতঃ (সর্বাত্র ) দীপ্তিমন্তম্ (দীপ্তিশালী) তেজোরাশিং (তেজঃপুঞ্জ-স্বান্ধ ) ঘূর্নিরীক্ষ্যং (ঘূর্দ্দর্শনীয়) দীপ্তানলার্কছাতিম্ (প্রদীপ্ত অনল এবং সূর্য্যতুল্য প্রভাব বিশিষ্ট) অপ্রমেয়ম্ (অপরিসীম) ত্বাম্ (তোমাকে) সমস্তাৎ (সর্বাদিকে) [অহং—আমি] পর্যামি (দেখিতেছি)॥ ১৭॥

অনুবাদ—আমি কিরীট-শোভিত, গদা ও চক্রধারী রূপ, সমাক্ দীপ্রিশালী তেজঃপুঞ্জররূপ এবং তুর্দ্দর্শনীয় ও অপ্রমেয়, প্রদীপ্ত অগ্নি ও সূর্য্যতুলা প্রভাব-বিশিষ্ট তোমাকে সর্বত্য ও চতুর্দিকে দর্শন করিতেছি॥ ১৭॥

শ্রীভক্তিবিনোদ—তোমার মূর্ত্তি—ত্র্নিরীক্ষা, সমাক্ প্রদীপ্ত, অনলার্ক-ত্যতি-স্বরূপ ও অপ্রমেয়; তাহাতে নানাবিধ কিরীট, গদা, চক্র ও তেজারাশি সর্বাদিকে দীপ্তিমান্ হইয়াছে ॥ ১৭॥

ত্রীবলদেব—বিধান্তরেণ তমেব বিশিন্তি,—কিরীটিনমিতি। তুর্নিরীক্ষ্যমিপ স্বামহং পশামি,—তুৎপ্রসাদাদ্বিত্যকুল ভাৎ; তুর্নিরীক্ষ্যতায়াং হেতুঃ,— সমস্তাদ্দীপ্তানলেতি; অপ্রমেয়মিদমিখমিতি প্রমাতুমশক্যম্॥ ১৭॥

বঙ্গান্ধবাদ—প্রকারান্তরে তাঁহাকেই বিশেষরূপে বলা হইতেছে—
'কিরীটিনমিতি'। তুর্নিরীক্ষ্য হইলেও তোমাকে আমি দেখিতেছি, তোমার অহুগ্রহবশে দিব্যচক্ষ্লাভহেতু। তুর্নিরীক্ষ্যতার প্রতি কারণ—চারিদিকে প্রদীপ্ত অগ্নির ও স্থাের তুলা ত্যতিমান্। অপ্রমেয়—ইহা এই রকম, এইরূপ, স্থির করার ক্ষমতার অশক্য ॥ ১৭॥

22124

তাসুভূষণ—অর্জন একণে এই বিশ্বরূপের বর্ণনা অন্ত প্রকারে করিতেছেন। হে বিশ্বের! আমি তােমার মন্তকে কিরীট, হন্তে গদা, চক্র প্রভাত দেখিতে পাইতেছি। আরও দেখিতেছি, দর্র্রদিকেই তুমি দীপ্তিমান্ তেজঃপুঞ্জররপ স্থতরাং তােমার দিকে দৃষ্টিপাত করাও তঃসাধ্য। কারণ প্রজ্ঞানত অগ্নিও প্র্যোর আলাকের ন্যায় তােমার অঙ্কের প্রভা; ইহা চতুর্দ্দিকেই আমি অবলাকন করিতেছি; তবে ইহা অপ্রমেয়; দেইহেতু ইহা 'এইরূপ' তাহা নিশ্চয় করা যায় না।

তবে যদি বলা যায় যে, যাহা গুর্নিরীক্ষ্য অর্থাৎ ক্লেশ বা আয়াদেও যাহাকে দেখিতে পাওয়া যায় না, তাহা অর্জ্জ্ন অনায়াদে দেখিলেন কি প্রকারে? তত্ত্তবে পাওয়া যায় যে, শ্রীভগবানের অন্থ্রহে অর্জ্জ্ন দিব্যচক্ষ্ লাভ করিয়াছিলেন॥ ১৭॥

ত্বমক্ষরং পরমং বেদিতব্যং ত্বমস্ত বিশ্বস্ত পরং নিধানম্। ত্বমব্যয়ঃ শাশ্বতধর্মগোপ্তা সনাতনত্বং পুরুষো মতো মে ॥ ১৮॥

তাল্বয়—ত্বম্ (তুমি) বেদিতবাম্ (জ্ঞাতবা) পরমং অক্ষরং (পরব্রহ্ম) ত্বম্ (তুমি) অস্তা বিশ্বস্তা (এই বিশ্বের) পরং নিধানম্ (পরম আশ্রের) ত্বম্ (তুমি) অব্যয়ঃ (নিতা) শাশ্বতধর্মগোপ্তা (সনাতন ধর্মের রক্ষক) ত্বম্ (তুমি) সনাতনঃ পুরুষঃ (নিতাস্থিতিশীল পুরুষ) [বলিয়া] মে (আমার) মতঃ (অভিমত) ॥ ১৮॥

অনুবাদ—তুমি মৃক্তগণের জ্ঞাতব্য পরম অক্ষরতত্ত্ব, তুমি এই বিশ্বের পরম নিধান, তুমি অব্যয়, তুমি সনাতন ধর্ম-রক্ষক, তুমি সনাতন পুরুষ বলিয়া আমার অভিমত ॥ ১৮ ॥

**শ্রীভক্তিবিনোদ**—তুমি—পরম জ্ঞাতব্য অক্ষর-তত্ত্ব, তুমি—এই বিশ্বের পরম আশ্রম, জুমি—অব্যয়, তুমি—সনাতন-ধর্মরক্ষক ও সনাতন পুরুষ ॥১৮॥

শ্রীবলদেব—অচিন্তামহিশ্বর্যাবীক্ষণান্তামহমেবং নিশ্চিনোমীত্যাহ,—অমিতি।
"অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে," "যত্তদদৃশ্যম্" ইত্যাদি-বেদান্তবাক্তৈয়র্বেদিতব্যং
যৎ পরমং সঞ্জীকমক্ষরং তত্তমেব নিধানমাশ্রেয়োহব্যয়ন্তমবিনানী, শাশ্বতধর্মগোপ্তা বেদোক্তধর্মপালকন্তং—"স কারণং কারণাধিপাধিপো ন চাশ্র
কশ্বিজ্ঞানিতা ন চাধিপঃ" ইতি মন্তবর্ণোক্তঃ সনাতনঃ পরাণঃ পরুষন্তমেব ॥ ১৮ ॥

বঞ্চান্তবাদ—অচিন্তনীয় মহৈশ্বর্যা দর্শনহেত্ তোমাকে আমি এই রূপই স্থির করিয়াছি, ইহাই বলা হইতেছে—'ত্মিতি'। "অনন্তর পরা বিহ্না, যাহার দ্বারা সেই অক্ষরকে অধিগত হওয়া যায়", "যাহা তাহা অদৃশ্রা" ইত্যাদি বেদান্ত-বাক্যের দ্বারা জ্ঞাতব্য যাহা পরম স্থন্দর প্রী ও ঐশ্বর্য্যের দহিত যুক্ত, অক্ষর, তাহা তুমিই; নিধান—আশ্রয়; অব্যয় অর্থাৎ অবিনাশী তুমি; শাশ্বত ধর্ম্মপোগুল—বেদোক্তধর্মপালক (রক্ষক) তুমি,—"তিনি কারণ এবং কারণের অধীশ্বরেরও অধীশ্বর, ইহার জন্মদাতা কেহ নাই এবং ইহার অধীশ্বরও কেহ নাই।" এই মন্তবর্দে কথিত দ্বাতন (স্বদা বর্ত্তমান) পুরাণ পুরুষ তুমিই॥ ১৮॥

অনুত্বণ—অচিন্তা-মহা-এশ্ব্যা-দর্শনের পর অর্জুন ইহাই নিশ্চয় করিয়াছিলেন যে, ইনিই পরম বেদিতব্য অক্ষর-তত্ত্ব। পরা বিভার দারাই ইহাকে জানা যায়।

নু ওকোপনিষদে পাওয়া যায়,—

"বে বিছে বেদিতবাে ইতি হ সা যৎ ব্রহ্মবিদাে বদস্তি পরা চৈবাপরা চ"।
(১ম খণ্ড ৪র্থ শ্রুতি)

"তত্রাপরা ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদোহথর্ববেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে॥" (১ম থণ্ড ৫ম শ্রুতি)

পরবর্ত্তী শ্রুতিতেও পাওয়া যায়,—

"যতদদ্রেশ্যমগ্রাহ্মগোত্রমবর্ণমচক্ষ্ণশ্রোত্রং তদপাণিপাদং নিত্যং বিভুং দর্বগতং স্থক্ষাং তদব্যয়ং তদ্ভূতযোনিং পরিপশুন্তি ধীরাঃ॥" (ঐ ষষ্ঠ শ্রুতি)। ইত্যাদি বেদান্ত বাক্যের দারা জ্ঞাতব্য যে পরম তত্ত্ব, যাহা যাবতীয় ঐশ্বর্যের সহিত যুক্ত, অক্ষর-তত্ত্ব, তাহা এই কিরীটধারী, গদা-চক্র-যুক্ত পুরুষই। ইনিই সকলের আশ্রয়, অব্যয় বা অবিনাশী পুরুষ, শাশ্বত—সনাতন ধর্মের রক্ষক। ইনিই সর্বকারণের কারণ।

শ্বেতাশ্বতর শ্রুতিতেও পাওয়া যায়,—

"म कोवनः कोवनाधिनाधिरना

ন চাস্থ কশ্চিজনিতা ন চাধিপঃ।" (৬।৯)

এই মন্ত্রবর্ণোক্ত স্নাতন, প্রাণ প্রুষ ইনিই ॥ ১৮ ॥

# অনাদি-মধ্যান্তমনন্তবীৰ্য্যমনন্তবান্তং শশিসূৰ্য্যনেত্ৰম্। পশ্যামি ত্বাং দীপ্তহুতাশৰক্ত্ৰং স্বতেজসা বিশ্বমিদং তপন্তম্ ॥১৯॥

তার্য — [ অহম — আমি ] অনাদিমধ্যান্তম ( আদি, মধ্য ও অন্ত বৃহিত )
অনন্তবীর্যাম ( অনন্ত বীর্যাশালী ) অনন্তবাহুং ( অনন্ত ভুজ-বিশিষ্ট ) শশিস্থ্যনেত্রম ( চন্দ্র স্থাই খাহার নয়ন এমন ) দীপ্তহুতাশবক্ত্যং ( প্রদীপ্ত অগ্নির
ন্তায় ম্থবিশিষ্ট ) স্বতেজ্যা ( নিজ তেজ-দ্বারা ) ইদং বিশ্বং ( এই বিশ্বকে )
তপত্তম ( সন্তাপকারী ) ত্বাম ( তোমাকে ) পশ্চামি ( দেখিতেছি ) ॥ ১৯ ॥

তার্বাদ—আমি তোমাকে উৎপত্তি-স্থিতি-লয় রহিত, অনন্তবীর্ঘাশালী, অনন্ত বাহুযুক্ত, চন্দ্র সূর্যারূপ নেত্রবিশিষ্ট, প্রদীপ্ত অনল সদৃশ মুখগহররযুক্ত, নিজ তেজ-দ্বারা এই বিশ্বকে সন্তাপকারীরূপে দর্শন করিতেছি॥ ১৯॥

ত্রীভক্তিবিনোদ—তুমি—আদি, মধ্য ও অন্ত-হীন, অনন্তবীর্ঘা, অনন্ত-বাহু, চন্দ্রম্থারূপ নেত্রবান্ ও দীপ্তহুতাশবক্ত্র; তুমি স্বীয় তেজোদ্বারা এই বিশ্বকে প্রতপ্ত করিতেছ ॥ ১৯ ॥

শ্রীবলদেব—অনাদীতি আদিমধ্যাবসানশৃত্যমনস্তানি বীর্ঘাণি তত্পলক্ষিতানি সমগ্রাণাৈশ্বর্ঘাণি ষট্ যস্ত তমনন্তবাহং সহস্রভুক্ষং শশিস্থর্ঘােপমানি
নেত্রাণি যস্ত তং,—দেবাদিষু প্রণতেষু প্রসন্ননেত্রং তদ্বিপরীতেষ্ অস্বাদিষ্
ক্রনেত্রমিতার্থঃ; দীপ্তহতাশােপমানি সংহারাস্থ্রণানি বক্ত্রাণি যস্ত তম্।
অর্জ্রন্ত্র বাক্যে কচিং পুনক্তিস্তস্ত বিস্মাবিষ্ট্রভান্ন দােষায়; যত্তকং,—
প্রমাদে বিস্ময়ে হর্ষে দ্বিস্লিক্তকং ন ত্র্যাতি" ইতি॥ ১৯॥

বঙ্গান্ধবাদ—'অনাদীতি'। যিনি আদি, মধ্য ও অবসান (বিনাশ) শ্রু, বাহার অনন্তবীর্যা ও তত্বপলক্ষিত সমগ্র ষট্ ঐশ্বর্যা, যিনি অনন্তবাহু-সহস্রবাহু, চক্র ও স্থ্যের মত নেত্রগুলি বাহার। প্রণত দেবগণের প্রতি তোমার নয়নের প্রসন্নতা (দেখা যায়) এবং তাহাদের বিপরীত অস্করাদির প্রতি ক্রুরনেত্র (দেখা যায়) ইহাই প্রকৃত অর্থ। প্রদীপ্ত হুতাশন (অগ্নিতুল্য) তুল্য সংহারের উপযোগী মুখগুলি যাহার তাদৃশ তোমাকে আমি দেখিতেছি। অর্জ্জ্নের বাক্যে কোন কোন স্থলে তাহার বিশায়াবিষ্টম্বহেতু পুনক্তি (দেখা যায়) ইহা দোষের নহে। যাহা বলা হইতেছে—"প্রমাদে বিশায়ে হর্ষে ঘ্ইবার বা তিনবার উক্তিতে কোন দোষ হয় না" ইতি॥ ১৯॥

वानकारगणाणा है।

অসুভূমণ—অর্জুন পুনরায় বলিতেছেন যে, ইহার আদি, মধ্য, অন্ত নাই, কারণ ইনি, সনাতন, অক্রর, অব্যয় ও পরম পুরুষ। ইহার অনন্ত প্রভাব, অর্থাৎ ইনি বড়ৈশ্বর্যাশালী। এই সম্বন্ধে বিষ্ণুপুরাণে পাওয়া যায়,—

"ঐশ্ব্যাস্তা সমগ্রস্তা বীর্যাস্তা যশসঃ প্রিয়ঃ। জ্ঞান-বৈরাগ্যয়োক্তিব ষয়াং ভগ ইতীঙ্গনা॥" ( ৬।৫।৪৭ )

ইহার অনস্তবাহু-শব্দে সংখ্যাতীত বাহু বুঝাইতেছে। অবশ্য অনস্তবাহু বলায় ইহার উপলক্ষণে অনস্ত উদর, অনস্তপাদ, ইত্যাদিও বুঝায়। চন্দ্র ও স্থ্য ইহার নেত্র; ইহা দারা স্থ্যের গ্রায় প্রতাপযুক্ত নয়ন-বিশিষ্ট এবং চন্দ্রের গ্রায় প্রসাদ-গুণের আশ্রয়। ইহার দারা ইহাই স্ফচিত হয় যে, প্রণত দেব, মন্থ্যগণের প্রতি তাঁহার চন্দ্রের গ্রায় রমণায় রুপাপূর্ণ দৃষ্টি নিপতিত হয়, এবং ভগবদ্-বিদ্রোহী অস্করগণের প্রতি ক্রোধদ্দীপ্ত দৃষ্টি নিপতিত হইয়া থাকে। অর্জ্রন সারও বলিলেন যে, ইহার বদন প্রদীপ্ত কালানল-তুলা; এতাদৃশ স্থীয় তেজের দারা ইনি যেন বিশ্বকে সংহার করিতেছেন।

অজ্বনের বাক্যে পুনক্রক্তি কিন্তু দোষাবহ নহে; কারণ অজ্বন তথন বিশ্বরাবিষ্ট। শাস্ত্রোক্তি আছে যে, প্রমাদকালে, বিশ্বয়ে ও হর্ষে একই বিষয়ের দ্বিক্তি বা ত্রিক্তি দৃষ্ণীয় নহে।

এতৎ প্রসঙ্গে শ্রীমন্তাগবতের "অগ্নিস্বিং তে অবনির্ভিযুরীক্ষণং" শ্লোক আলোচা ॥ ১৯॥

ভাবাপৃথিব্যোরিদমন্তরং হি ব্যাপ্তং হুরৈকেন দিশক সর্বাঃ। দৃষ্ট্রাডুতং রূপমিদং ভবোগ্রং লোকত্রয়ং প্রব্যথিতং মহান্মন্॥ ২০॥

অন্থয়—ব্য়া (তোমাকর্ত্ক) একেন হি (একা দারাই) আবাপ্থিব্যোঃ (স্বর্গ ও ভ্মওলের) ইদম্ অন্থর্ম (এই মধাভাগ অর্থাৎ অন্থরীক্ষ) ব্যাপ্তম্ (ব্যাপ্ত রহিয়াছে) দর্শাঃ দিশঃ চ (এবং দর্শদিকও) [ব্যাপ্ত রহিয়াছে] মহাত্মন্, তব (তোমার) ইদং (এই) অদুতং (অদুত) উগ্রং রূপং (উগ্রম্ভি) দৃষ্ট্বা (দেখিয়া) লোকত্রয়ম্ (গ্রিভ্বন) প্রবাধিতং (অত্যন্ত ভীত ও ব্যাক্লিত হইয়াছে)॥ ২০॥

অসুবাদ—তৃমি একাই স্বৰ্গ ও পৃথিবীর মধ্যে অবস্থিত অন্তরীক্ষকে এবং দিক্সমূহকে ব্যাপ্ত হইয়া রহিয়াছ, হে মহাত্মন্! তোমার এই অদ্ভুত উগ্রম্ভি দর্শন করিয়া, লোকত্রয় অত্যন্ত ভীত ও ব্যথিত হইয়াছে॥ ২০॥

শ্রীভক্তিবিনোদ—তুমি এক হইয়াও আকাশ ও পৃথিবীর মধ্যে অন্তরীকে সর্ব্বে ব্যাপ্ত; হে মহাত্মন্! তোমার এই উগ্র অন্তুত রূপ দেখিতেছি, ইহার দর্শনে লোকত্রয় ব্যথিত হইতেছে॥ ২০॥

শীবলদেব—অথ তত্তিব রপস্থ প্রক্তোপযোগিত্বন কালরপতাং দর্শিতবানিত্যাহ,—আবেতি দশভিঃ। আবাপৃথিব্যোরন্তরমন্তরীক্ষং তথা সর্বা দিশকৈকেন তথা বাপ্তিম্; তবেদমপরিমিতমভূতম্প্রক রপং দৃষ্ট্বা লোকত্রয়ং প্রবাথিতং ভীতং সংচলঞ্চ ভবতি। হে মহাত্মন্ সর্বাশ্রয়! অত্যেদমবগম্যতে, —তদা যুদ্দর্শনায় যে তৈলোকাস্থা মিত্রোদাসীনা দেবাস্থ্বা গন্ধবিকর্বাদয়ঃ সমাগতাস্তৈরপি ভক্তিমন্তিভগবদত্তদিব্যনেত্তিস্কদ্রপং দৃষ্টং, ন ত্বেকেনৈবাৰ্জ্বনেন স্বপতেব স্বাপ্রিকর্থাদীনি;—নিজৈশ্ব্যাস্থ বহুসাক্ষিকতার্থমেতং ॥ ২০॥

বঙ্গান্ধবাদ—অনস্তর সেই রপেরই প্রকৃত উপযোগিতা-হেতু কাল্রপতাকে দেখাইতেছেন, ইহাই বলা হইতেছে—"ভাবেত্যাদি" দশটি শ্লোকে। ভো—(স্বর্গ) ও পৃথিবীর মধ্যে অস্তরীক্ষকে (আকাশ) এইরপ সকল দিক্কে তুমি একাকীই পরিব্যাপ্ত করিয়া আছ। তোমার এই অপরিমিত অভুত এবং উগ্ররপ দেখিয়া তিনলোক বাস্তবিক ব্যথিত, ভীত এবং সম্যক্রপে চঞ্চল হইতেছে। হে মহাত্মন্! হে সর্ব্বাপ্তর! এখানে ইহা অবগত হওয়া যায়,—তথন যুদ্ধ দর্শনের জন্ম যেই সকল ত্রিলোকস্থিত মিত্র ও উদাসীন লোক, দেবগণ, অস্বর্গণ, গন্ধর্ব ও কিন্নর প্রভৃতি উপস্থিত হইয়াছে, তাহাদের মধ্যে যাহারা ভক্তিমান্ তাঁহারা ভগবন্দন্ত দিব্যনেত্রের দ্বারা তাঁহার রূপ দেখিয়াছেন। শুধু একা অর্জ্বনের দ্বারা নিদ্রামন্ন ব্যক্তির স্বপ্নাবন্থায় স্বপ্নকালীন রথাদির স্থায় নহে। নিজের এশ্বর্যের বহু সাক্ষী থাকার জন্মই, ইহা ॥ ২০ ॥

অকুত্বণ — প্রস্তাবের উপযোগী বলিয়া সেইরপেরই কালরপত্ব দেখাইলেন।
আর্জন একণে বলিলেন যে, হে মহাত্মন্! (সর্বাশ্রয়!) তোমার এই
বিশ্বরূপের দারা পৃথিবী, অন্তরীক্ষ, আকাশ ও যাবতীয় দিক্সমূহ পরিব্যাপ্ত
হইয়া, তুমি একাকীই ত্রিভুবন অধিকার করিয়া বিগ্রমান আছ। তোমার এই
বিশ্বয়জনক অত্যন্তুত-রূপ দর্শন করিয়া ত্রিলোক-বাদী সকলেই ভয়ে আক্ল
ও বিচলিত হইয়া পড়িয়াছে।

এস্থলে ইহাই লক্ষিতব্য বিষয় যে, অর্জ্জন একাকীই ভগবদন্তগ্রহে দিব্যচক্ষ্ লাভ করিয়া বিশ্বরূপ দর্শন করিয়াছিলেন, তাহা নহে; কারণ কুরুক্ষেত্রেয় 4140.11.6.11.01

এই যুদ্ধ ভূতলে এক অত্যন্তুদ্ ব্যাপার। ইহা সন্দর্শনার্থ ব্রহ্মাদি দেবতা, বহু অস্কর, পিতৃগণ, গন্ধর্মগণ, বহু যক্ষ, রক্ষ, কিন্নর, মানবাদি, কেহ মিত্রভাবে, কেহ শত্রভাবে, কেহ বা উদাসীনভাবে উপস্থিত হইয়াছিলেন। তন্মধ্যে বাঁহারা ভক্তিমান্ ছিলেন, তাঁহারা ভগবানের রূপায় দিব্যচক্ষ্মম্পন্ন হইয়া এই বিশ্বরূপ দর্শন করিয়াছিলেন। কেবল অর্জ্নই যে একাকী স্বপ্নাপ্রতি ব্যক্তির ত্যায় স্থাপ্রিক রথ, অশ্বাদির তুল্য বিশ্বরূপ দর্শন করিয়াছিলেন, তাহা নহে। কারণ শ্রীভগবানের এই ঐশ্বরিক রূপ দর্শনের বহু সাক্ষী আছে; ইহাই বলা হইল॥ ২০॥

# অমী হি বাং স্থরসজ্যা বিশন্তি কেচিন্তীতাঃ প্রাঞ্জলয়ো গৃণন্তি। স্বস্তীত্যুক্ত্বা মহর্ষিসিদ্ধসজ্যা বীক্ষন্তে বাং স্ততিভিঃ পুন্ধলাভিঃ।।২১।।

অষয়—অমী (এই দকল ) স্থান জ্যাঃ (স্থান ) স্থান্ হি (তোমাতেই) বিশম্ভি (প্রবেশ করিতেছে) কেচিং (কেহ কেহ) ভীতাঃ (ভীত হইয়া) প্রাঞ্জনয়ঃ (ক্রতাঞ্জলি হইয়া) গৃণন্তি (স্তব করিতেছে) মহর্ষিদিদ্ধদঙ্জ্যাঃ (মহর্ষি এবং দিদ্ধাণ) স্বন্ধি ইতি উজ্বা (স্বন্ধিবাক্য উচ্চারণ করিয়া) পুদলাভিঃ স্বতিভিঃ (প্রচুর মনোরম স্তবের দহিত) বীক্ষন্তে (দর্শন করিতেছে) ॥ ২১॥

অনুবাদ—এই সকল দেবসহয় তোমাতেই প্রবেশরপ শরণ লইতেছেন, কেহ কেহ ভয়-প্রযুক্ত কৃতাঞ্চলি হইয়া স্তবম্থে প্রার্থনা করিতেছেন, মহর্ষিগণ ও সিদ্ধাণ স্ক্রিবাক্য উচ্চারণ পূর্বক উত্তম স্তুতি-সহযোগে তোমাকে দর্শন করিতেছেন ॥ ২১॥

প্রীভজিবিনোদ—এ দেবতা-সকল তোমার শরণাপত্তিতে প্রবেশ করিতেছে; কেহ কেহ ভীতি-প্রযুক্ত অঞ্জলিবদ্ধ হইয়া তোমার স্তব করিতেছে, মহর্ষি-সকল স্বস্তিবাদ করিতেছেন এবং পুদ্ধল-স্তৃতি-দ্বারা তোমাকে স্তব্ব করিতেছেন ॥ ২১॥

শ্রীবলদেব—অমী সুরসজ্যাস্থাং শরণং বিশন্তি; তেমু কেচিন্তীতা দূরতঃ
বিসা প্রাঞ্জলয়ঃ সন্তো গৃণন্তি 'পাহি পাহি প্রভোহস্মান্' ইতি প্রার্থয়ন্তে;
মহতীং ভীতিমালক্ষা মহর্ষিসজ্যাঃ সিদ্ধসজ্যাশ্চ 'বিশ্বস্থ সন্তাম্ভ' ইত্যক্তা
স্থবিতি ॥ ২১॥

বঙ্গান্তবাদ—এ দেবতা সকল তোমার শরণ লইতেছেন। তাঁহাদের মধ্যে

কেহ কেহ ভীত হইয়া দূরে থাকিয়া কৃতাঞ্চলি হইয়া বলিতেছেন "হে প্রভো! আমাদিগকে রক্ষা কর, রক্ষা কর" এইরূপ বলিয়া প্রার্থনা করিতেছেন। মহতী ভীতিকে বিশেষরূপে লক্ষ্য করিয়া মহর্ষিগণ এবং সিদ্ধপুরুষসকল "বিশের মঙ্গল হউক্" এই কথা বলিয়া স্তব করিতেছেন॥ ২১॥

তারুত্বণ—বিশের ভীতিজনক এই বিরাট্রপ দর্শনে অর্জুন বিশায়াবিট হইয়া বলিতেছেন যে, আমি দেখিতেছি এই যুদ্ধ-ক্ষেত্রে সমাগত দেবগণ শরণাগত হইয়া তোমাতে প্রবেশ করিতেছেন। কেহ কেহ আবার পলায়নে উলোগী হইতেছেন; কিন্তু অসমর্থ হইয়া দ্রে থাকিয়াই রুতাঞ্চলিপুটে কাতর্ভাবে প্রার্থনা করিতেছেন,—"হে প্রভো! আমাদিগকে রক্ষা করুন, রক্ষা করুন"। আর এই যুদ্ধের ভাবী ফল অত্যন্ত ভয়জনক লক্ষা করিয়া সমাগত মহর্ষিগণ এবং সিদ্ধপুরুষ সকল 'বিশের মঙ্গল হউক' প্রভৃতি বাকো ভব করিতেছেন॥ ২১॥

### রুদ্রাদিত্যা বসবো ধে চ সাধ্যা বিশ্বেহশ্বিনো মরুতকোম্মপান্চ। গন্ধর্বযক্ষাস্থরসিদ্ধসভ্যা বীক্ষত্তে ডাং বিশ্বিতাকৈচব সর্বের ।।২২॥

ত্রস্থা—কদাদিতাা: (কল ও আদিতাগণ) বসবং (অষ্ট বস্থ) যে চ সাধাা: (এবং যে সকল সাধা দেবতা) বিশ্বে (বিশ্বদেবগণ) অখিনো (অধিনীকুমারদ্র) মকতঃ (মকুদ্গণ) উম্পাশ্চ (এবং পিতৃগণ) গন্ধর্বযক্ষাস্থর-সিকুদ্রহাঃ (গন্ধর্ব, যক্ষ, অস্থর ও সিদ্ধগণ) সর্বে এব (সকলেই) বিশ্বিতাঃ [সন্থ:—হইয়া] (বিশ্বিত হইয়া) ত্বাম্ (তোমাকে) বীক্ষন্তে (নিরীক্ষণ করিতেছেন)॥২২॥

তালুবাদ — ক্রদ্র ও আদিতার্সকল, অপ্টবস্থ ও সাধা-দেবগণ, বিশদেবগণ, অধিনীকুমার-দ্বয়, মকং-সকল, উম্পা প্রভৃতি পিতৃবর্গ, গন্ধর্ব, যক্ষ, অস্থর ও সিদ্ধগণ সকলেই বিশ্বিত হইয়া তোমাকে দর্শন করিতেছেন ॥২২॥

্ত্রীভক্তিবিনোদ—কদ, আদিতা, বস্থ, সাধা ও বিশ্বদেবদকল, অশ্বনী-কুমারদ্বর, মকৎ-দকল, পিত্লোক, গন্ধর্ক, যক্ষ, স্থর ও দিদ্ধগণ, দকলেই বিশ্বিত হইয়া তোমাকে দর্শন করিতেছেন॥ ২২॥

ত্রীবলদেব—কলেতি কুটম্। উমপাঃ পিতরঃ,—"উমাণং পিবন্তি" ইতি নিকক্তেঃ, "উমভাগা হি পিতরঃ" ইতি শ্রুতেশ্চ ॥ ২২ ॥ 23140

বঙ্গান্সবাদ—'রুদ্রেতি'—সহজ। উন্মপা—পিতৃপুরুষগণ—"যাহার। উন্ম পান করেন" এই নিরুক্তি হেতু। "পিতৃগণ উন্মতাগী হন" ইহাও বেদে উক্ত আছে॥ ২২॥

অনুভূষণ— শ্রীভগবানের এই ঐশবিকরণ দর্শনে কেবলমাত্র অর্জ্বন বিশ্বয়াবিষ্ট হন নাই, অনেকেই যে সেরপ অবস্থাপর হইয়াছেন, তাহাই বর্তমান লোকে পরিব্যক্ত হইয়াছে। রুল্রগণ, দ্বাদশ-আদিতা, অষ্টবস্থ, সাধাগণ, বিশ্বদেবগণ, অশ্বিনীকুমারদ্বয়, মরুদ্রগণ এবং উদ্বাপা প্রভৃতি পিতৃগণ, চিত্ররথ প্রম্থ গন্ধর্বগণ, কুবেরাদি যক্ষগণ, বিরোচনাদি দৈতাগণ, কপিলাদি সিন্ধপুরুষ-দকল সকলেই বিশ্বিত হইয়া আপনাকে দর্শন করিতেছেন।

শ্রুতিতে উক্ত আছে,—"উন্মতাগা হি পিতর:" অর্থাৎ পিতৃগণ উন্ম গ্রহণ করেন।

শৃতিতেও আছে,—"যাবদহৃষ্ণং ভবেদনং তাবদন্তি বাগ্যতা:। তাবদন্তি পিতরো যাবনোক্তা হবিগুণা:॥ (রঘুনন্দনকৃত শ্রাদ্ধতত্ত্ব)। যে পর্যান্ত অন্ন উষ্ণ থাকে, সেই পর্যান্ত পিতৃগণ বাক্য সংযম করেন; এবং যে পর্যান্ত স্থতের গুণ না কথিত হয়, সেকাল পর্যান্ত আহার করেন।

নিকক্ত শান্ত্রেও আছে "উন্মাণং পিবস্তি" অর্থাৎ উষ্ণ দ্রব্য পান করেন ॥২২॥

রূপং মহত্তে বছবক্তু নেত্রং মহাবাহো বছবাহূরুপাদম্। বহুদরং বছদংষ্ট্রাকরালং দৃষ্ট্রা লোকাঃ প্রব্যথিতান্তথাহম্॥ ২৩॥

তাষ্য়—মহাবাহো! বহুবক্তুনেত্রং (বহুবদন ও নেত্রবিশিষ্ট) বহুবাহুরুপাদম্ (অসংখ্য বাহু-উরু ও চরণ-বিশিষ্ট) বহুদরং (বহু উদর যুক্ত) বহুদংট্রাকরালং (বহু দন্ত-হেতু ভীষণ) তে (তোমার) মহৎরূপম্ (বিশালরূপ) দৃষ্ট্রা (দেখিয়া) লোকাঃ (সকল লোক) তথা (তদ্রূপ) অহং (আমি) প্রবাথিতাঃ (অত্যন্ত ভীত হইয়াছি)॥ ২৩॥

অনুবাদ—হে মহাবাহো! বহু বদন ও নয়ন যুক্ত, অসংখ্য বাহ-উক্ত ও পাদ-বিশিষ্ট, বহু উদরযুক্ত, অনেক দন্তহেতু ভীষণ দর্শন, ভোমার মহং-রূপ দেখিয়া লোকসকল তথা আমি অত্যন্ত ভীত হইডেছি॥ ২৩॥

শ্রীভক্তিবিনোদ—হে মহাবাহো। তোমার বহু বক্ত্র, বহু নেত্র, বহু বাহু ও উরু-পাদ, বহু উদর, বহু দং ট্রাবিশিষ্ট করাল রূপ দেখিয়া লোকসকল ও আমি ব্যথিত হইতেছি॥ ২৩॥ শ্রীবলদেব—'লোক্রেয়ং প্রব্যাথিতম্' ইত্যুক্তম্পদংহরতি,—রূপং মহদিতি। বহুতির্বং ট্রাভিঃ করালং রোজম ; ক্টমন্তং ; তথাহমিত্যস্তোত্তরেণ দছকঃ॥ ২৩॥

বঙ্গান্ধ-"ত্রিলোককে প্রকৃষ্টরপে ব্যথিত করা হইয়াছে" এই উক্তির উপনংহার (শেষ) করা হইতেছে—'রূপং মহদিতি'। বহু দংষ্টার দ্বারা (দাত) ভীষণ, অন্যসব—সহজ, 'সেইরকম আমি' ইহা পরবর্তী শোকের দহিত সহর্ম। ২৩॥

অনুভূষণ - অর্ক্রন একণে বলিতেছেন যে, হে মহাবাহো! অর্থাং অপরিদীম পরাক্রমশালী ভগবন্! তোমার এই স্থমহং শরীরে বহু বাহু, বহু উক্, বহু পাদ, অসংখা বদন, অসংখা নেত্র, অসংখা উদর এবং বহু করাল দং ট্রাবিশিষ্ট ভয়াবহ মূর্ত্তি দর্শন করিয়া লোকসকল ও আমি অত্যন্ত তাদমূক্ত হইতেছি।

'লোকাঃ' অর্থে ত্রিলোকবাদী; শ্রীল রামাকুজ বলেন,—'লোকাঃ' শবে পূর্বোকে যুক্তদর্শনে সমাগত প্রতিক্ল, অনুকূল ও মধ্যস্থ ত্রিবিধ লোকসমূহকেই বুঝার॥ ২৩॥

नङ्ग्भाः मीखमत्नकवर्गः न्याखाननः मीखिनिमालत्वज्ञ् । मृष्ट्रे । वि द्वाः প্রব্যথিভান্তরাত্মা ধৃতিং न বিন্দামি শমঞ্চ বিষ্ণো॥ ২৪॥

তাষা — বিষ্ণা! নভঃস্পৃশং (আকাশব্যাপী) দীপ্তম্ (তেজামর)
আনেকবর্ণম্ (বিবিধ বর্ণ-বিশিষ্ট) ব্যান্তাননং (বিবৃতম্থসমূহযুক্ত) দীপ্তবিশাল নেত্রং (প্রজ্জলিত বিশাল চক্ষ্) স্বাং হি (তোমাকে) দৃষ্ট্রা (দেখিরা)
প্রবাথিত-অন্তরাস্থা (বাথিতমনা) অহং (আমি) ধৃতিং (ধৈর্যা) শমং চ
(এবং উপশম) ন বিন্দামি (লাভ করিতেছি না)॥ ২৪॥

তাকুবাদ—হে বিফো! আকাশশশাঁ, তেজোময়, বিবিধবর্ণযুক্ত, বিভৃত্যথ, প্রজ্ঞানিত বিশাল নেত্র-বিশিষ্ট, তোমাকে দর্শন করিয়া অতিশয় ভীত আমি, ধৈর্যা ও শান্তি লাভ করিতেছি না॥ ২৪॥

শ্রীভক্তিবিনোদ—হে বিশ্বব্যাপিন্! তোমার নভঃস্পর্ণী দীপ্ত অনেক বর্ণ, ব্যাত্তানন ও দীপ্ত বিশালনেত্র দৃষ্টি করিয়া ভীত ও উদ্বিগ্ন হইয়া ধৈর্ঘা ও শমকে অবলম্বন করিতে অক্ষম হইতেছি॥ ২৪॥

ত্রীবলদেব—তথৈতদ্রপোপসংহারকলকং দৈন্তং প্রকাশয়য়াহ, — নভঃস্পৃশমিতি দ্বাভ্যাম্। অহঞ্চ দাং দৃষ্ট্য প্রব্যথিতান্তরাত্মা ভীতোদ্বিশ্বমনাঃ সন

ধৃতিমৃপশমং চ ন বিন্দামি ন লভে; হে বিষ্ণো! কীদৃশম্?—নভঃস্পৃশ-মস্তরীক্ষব্যাপিনং ব্যাতাননং বিস্তৃতাশুম্; ব্যক্তার্থমগ্রং। অত্র কালরপত্ব-দর্শনহেতুকো ভয়ানকরসঃ স্বস্থোক্তঃ॥ ২৪॥

বঙ্গান্ধবাদ—যাহাতে দেই রকম রূপের উপসংহার হয় এইরূপ দৈশ্যকে প্রকাশিত করিবার ইচ্ছায় বলা হইতেছে—'নভঃস্পৃশমিত্যাদি'—ছইটি শ্লোক-দ্বারা। আমিও তোমাকে দেখিয়া বিশেষরূপে ব্যথিত-চিত্ত হইয়াছি, ভীত ও উদ্বিগ্নমনা হইয়া ধৃতি ও উপশম (ধৈষ্য ও শান্তি) লাভ করিতে পারিতেছি না। হে বিষ্ণো! কীদৃশ তুমি ?—'নভঃস্পৃশ'—আকাশ পর্যান্তব্যাপী বিস্তৃত আনন (মৃথ) তোমার। অন্য সব সরলার্থ পূর্ণ। এখানে কালরূপত্ব দর্শনহতুক নিজের ভয়ানক রস সম্বন্ধে বলা হইল॥ ২৪॥

অকুভূষণ—শ্রীভগবানের এতাদৃশ ভয়ন্বর বিশ্বরূপ দর্শনের উপসংহারে দৈন্য প্রকাশ পূর্ব্বক অর্জন বলিলেন যে, হে বিশ্বব্যাপক বিষ্ণো! তোমার এই বপু উদ্ধে আকাশ মণ্ডল স্পর্শ করিয়াছে, দীপ্ত বিশাল নেত্রযুক্ত, ও অসংখ্য বদনবিবর উন্মুক্ত রহিয়াছে, এই সকল অলোকিক ভয়ন্বর ব্যাপার দর্শন করিয়া, আমার মন প্রব্যথিত অর্থাৎ বিশেষভাবে বিচলিত; অধিকন্ত আমি কোন মতেই ধৈর্যা ও উপশম অর্থাৎ শান্তি লাভ করিতে পারিতেছি না।

এখানে ইহাও লক্ষিতব্য যে, শ্রীভগবানের কালরূপত্ব দর্শন-নিবন্ধন ভয়ানক রসের উদ্ভব হইয়াছে॥ ২৪॥

#### দংষ্ট্রাকরালানি চ তে মুখানি দৃষ্টের কালানলসন্মিভানি। দিশো ন জানে ন লভে চ শর্ম প্রসীদ দেবেশ জগন্মিবাস॥ ২৫॥

ত্বস্থা—তে (তোমার) দং ট্রাকরালানি (ভীষণ দন্তদ্বারা বিকট) কালানল-সরিভানি চ (এবং প্রলয়-কালীন অগ্নিসদৃশ) মৃথানি (মৃথ সমূহ) দৃষ্ট্ব। এব (দেখিয়াই) [অহং—আমি] দিশঃ ন জানে (দিক্ নির্ণয় করিতে পারিতেছি না) শর্ম চ (স্থাও) ন লভে (লাভ করিতেছি না) দেবেশ! জগিমবাস! [অম্—তুমি] প্রসীদ (প্রসন্ন হও)॥ ২৫॥

ত্বসুবাদ—তোমার দস্তসমূহের দ্বারা বিকট দর্শন, কালানল তুল্য অগ্নি-সদৃশ মূথ সকল দর্শন করিয়াই, আমি দিগ্ বিভ্রমে পড়িয়াছি এবং স্থথ পাইতেছি না, হে দেবেশ! হে জগন্ধিবাস! তুমি প্রসন্ন হও॥ ২৫॥

প্রীভজিবিনোদ—তোমার কালানলের ন্যায় করালদং ইায়ক্ত মুখসকল

দেখিয়া আমি দিখিলমে পড়িয়াছি; কিসে স্থবিধা হয়, তাহা স্থির করিতে পারি না। হে দেব! হে জগরিবাদ! তুমি আমার প্রতি প্রসন্ন হও॥ ২৫॥

শ্বিলদেব—দংষ্ট্রেতি। কালানলঃ প্রলয়াগ্নিস্তৎসন্নিভানি তত্ত্বাানি;

বঙ্গান্ধবাদ—'দংছেতি'। কালানল—প্রলয়কালীন অগ্নি, তাহার তুলা অর্থাৎ তৎসমান ( মৃথগুলি )। শর্ম—সুথ ॥ ২৫॥

অনুভূষণ—অর্জন বর্ত্তমানে ভয়, বিশ্বয়, অধৈর্যা ও অশান্তি-জনিত বিকল-চিত্ত হইয়া শ্রীভগবানের প্রসন্নতার নিমিত্ত প্রার্থনা জানাইতেছেন। তিনি বলিলেন, হে দেবেশ। হে জগিন্নবাস! তোমার ভয়ন্বর দংট্রাসমূহ, প্রলয়কালীন কালানল-তুলা ম্থমণ্ডল সমূহ দর্শন করিয়া আমি দিক্লান্ত হইয়াছি, বিবেক-শক্তির লোপহেতু কিসে যে স্থবিধা হইবে, তাহা কিছুই স্থির করিতে পারিতেছি না; এবং আমি কিছুমাত্র স্থথ লাভ করিতে সক্ষম হইতেছি না। তুমি আমার প্রতি প্রসন্ন হও। যাহাতে আমার যাবতীয় ভয় দ্রীভূত হইয়া ধৈর্যা, বল, শান্তি লাভ হয়॥ ২৫॥

অমী চ বাং ধৃতরাষ্ট্রস্থ পূজাঃ সর্ব্বে সহৈবাবনিপালসক্তিমঃ। ভীম্মো জোণঃ সূতপুত্রস্তথাসো সহাম্মদীয়ৈরপি যোধমুম্থ্যেঃ॥ ২৬॥ বজ্রাণি তে ত্বরমাণা বিশক্তি দংষ্ট্রাকরালানি ভয়ানকানি। কেচিদ্বিলগ্না দশনান্তরেমু সংদৃশ্যতে চূর্ণিকৈরুত্তমাক্তৈঃ॥ ২৭॥

তাষ্য — অমী ( ঐ সকল ) ধৃতরা ট্রস্থা ( ধৃতরা ট্রের ) পুত্রাঃ ( পুত্রগণ ) দকে ( সকল ) অবনিপালদ জৈয়ঃ দহ এব ( রাজগণ সঙ্গে করিয়াই ) তথা ভীমঃ, দ্রোণঃ, অসৌ স্তপুত্রঃ চ ( ও কর্ণ ) অম্মদীর্য়ৈঃ ( আমাদের পক্ষীয় ) যোধন্য থাঃ ( প্রধান যোদ্ধ্রগণ ) দহ অপি ( দহিতই ) তাং অরমাণাঃ ( তোমার দিকে ধাবিত হইয়া ) তে ( তোমার ) দংট্রাকরালানি ( দন্তহেতু বিকট ) ভয়ানকানি ( ভয়ন্তর ) বজ্রাণি ( ম্থগহেরে ) বিশস্তি ( প্রবেশ করিতেছে ) কেচিৎ ( কেহ কেহ ) চুর্ণিতৈঃ উত্তমাকৈঃ ( চুর্ণিত মন্তক হইয়া ) দশনান্তরেষ্ ( দন্তসন্ধির মধ্যে ) বিলগ্নাঃ ( সংলগ্ন হইয়া ) সংদৃশ্যন্তে ( সমাক্ দৃষ্ট হইতেছে ) ॥ ২৬-২৭ ॥

তথা ভীম, দোণ ও কর্ণ এবং আমাদের পক্ষীয় প্রধান যোক, গণকে লইয়াই,

जगरणर । जानकार्यम् गावा

তোমার দিকে ব্রান্থিত হইয়া তোমার করালদস্তবিশিষ্ট, ভয়ানক ম্থগহ্বর মধ্যে প্রেশ করিতেছে; কেহ কেহ চুর্ণিতমস্তক হইয়া তোমার দন্ত-দন্ধির মধ্যে সংলগ্নপে দৃষ্ট হইতেছে॥ ২৬-২৭॥

ত্রীভক্তিবিনোদ— এদকল ধৃতরাষ্ট্রপুত্র সমস্ত রাজগণকে সঙ্গে করিয়া, তথা ভীম, জোণ ও কর্ণ এবং আমাদের পক্ষীয় সমস্ত যোদ্ধ্ প্রধানগণকে লইয়া তোমার করাল-দন্তবিশিষ্ট ভয়ানক ম্থাসকলের মধ্যে শীঘ্র প্রবেশ করিতেছে; কেহ কেহ চুর্ণিতমন্তক হইয়া দন্তমধ্যে বিলগ্ধরূপে লক্ষিত হইতেছে॥ ২৬-২৭॥

শ্রীবলদেব—'যজাগদ্দপুরিছিন।' ইতানেনামিন্ যুদ্ধে ভবিশ্বজ্ঞরপরাজ্ঞরাদিকক মদ্দেহে পশ্যেতি যদ্ধগবতোক্তং, তদধুনা পশ্বরাহ,—অমী চেতি পশ্বভি:। অমী ধৃতরাষ্ট্রস্থ পুত্রা হুর্যোধনাদয়ং সর্বের অবনিপালসক্তর; শলাজ্ঞয়-দ্রথাদিভূপর্বৈদঃ সহ হরমাণাঃ সন্তন্তে বক্ত্রাণি বিশন্তীভূত্তরেণাদ্বয়ঃ। অজ্ঞেরেন থাাতা যে ভীম্মাদয়স্তেইপি; অসাবিতি সক্ষদিব মদ্বিদ্বেষীতার্থঃ; ক্তপুত্রঃ কর্ণঃ; ন কেবলং ত এব কিহুম্মদীয়া যে যোধম্থা। ধৃষ্টল্যমাদয়স্তৈঃ সহেতি —তেইপি প্রবিশন্তীতি সহোক্তিরলঙ্কারঃ। কেচিদিতি। তেষাং মধ্যে কেচিচ্চূর্ণিতৈকত্বমান্তর্মস্তকৈঃ সহিতা দশনান্তরেষু দন্তস্কির বিল্গাঃ সংদৃশ্যন্তে ময়া॥ ২৬-২৭॥

বঙ্গান্ধবাদ—'অন্য যাহা কিছু দেখিতে ইচ্ছা কর' ইহার দ্বারা এই যুক্ষে ভবিষ্যৎ জয় ও পরাজয়াদি আমার দেহে দেখ—এই যাহা ভগবান্ কর্ভৃক উক্ত হইয়াছে, তাহা এখন দেখিতে দেখিতে বলিতেছেন—'অমী চেতাাদি',—পাচটি শ্লোকের দ্বারা। ঐ ধৃতরাষ্ট্রের পুত্র তুর্যোধনাদি সকলে, রাজবৃন্দ—শল্য-জয়দ্রথাদি নূপবর্গের সহিত অতিশয় দ্বান্ধিত হইয়াই তোমার বদনে প্রবেশ করিতেছে, ইহা উত্তরাংশের সহিত অন্ধয়। (আরও) অজয়ত্ব-থাতিসম্পয় যে ভীয়াদি তাহারাও (অতিশয় দ্বান্ধিত হইয়া তোমার মুথে প্রবেশ করিতেছেন) ঐ একই কথায় সকল সময়েই আমার বিদ্বেষী; স্তপুত্র—কর্ণ। কেবলমাত্র তাহারা নহে, কিন্তু আমাদের পক্ষভৃক্ত ধৃষ্টত্রায় প্রভৃতি যোদ্ধশ্রেষ্ঠগণ; তাহাদেরই সহিত; ইতি। তাহারাও প্রবেশ করিতেছে, ইহা সহোক্তি অলঙ্কার। 'কেচিদিতি'—তাহাদের মধ্যে কেহ কেহ বিশেষরূপে চুর্ণিত মন্তক্ত হইয়া তোমার দন্ত-সন্ধিতে (দাতের ফাকে) লগ্ন হইতেছে, ইহা দেখিতেছি॥২৬-২৭॥

অনুভূষণ—শ্ৰীভগবান্ পূর্ব্বে বলিয়াছেন যে, হে অৰ্জ্ব ! অন্ত যে কোন

বাপের দর্শন করিতে তোমার ইচ্ছা হয়, তাহাও আমার দেহে দেখ (গাঃ ১১।৭)। অর্থাৎ এই যুদ্ধে ভবিয়তে জয় বা পরাজয় কি হইবে, তাহাও আমার দেহে দেখ। ইহার দ্বারা ইহাই বাক্ত করিলেন য়ে, এই য়ুদ্ধে জয় ও পরাজয় আমার দ্বারাই বাবস্থাপিত হইবে; অয় কাহারও ইহাতে কোন কঙ্র নাই। বর্জমানে অর্জন শুভগবানের বিরাট দেহের মধ্যে নানাবিধ বিষয় দর্শন করিয়া বলিতেছেন য়ে, আমি দেখিতেছি গুতরায়ু-পুত্র ফুর্যোধনাদি সকলে জয়য়থাদি রাজগণের দলের সহিত তোমার ম্থ-বিবরে প্রবেশ করিতেছেন। অরেয় ভীয়, জোণ, স্তপুত্র কর্ণও প্রবেশ করিতেছেন। কেবল তাহারাই নহে, বিপক্ষ-পক্ষীয় বীরবর্গ, এমন কি, ধয়য়য় প্রভৃতি মৎপক্ষীয় যোদ্ধগণও প্রবেশ করিতেছেন। তন্মধ্যে কাহার কাহারও মন্তক চুর্ণ হইয়া তোমার দাতের সন্ধিতে সংলগ্ন হইয়া রহিয়াছে।

"সার্থস্থ বলাদেকং যত্রস্থাদাচকং দ্বয়ো।

সা সহাক্তিম্ লভূতাতিশয়োক্তির্যদা ভবেং ॥" (সাহিত্যদর্পণ ১০ম পঃ)

তাংপর্যা এই যে, সহার্থ (সহ, সম, সার্দ্ধ প্রভৃতি) শব্দের যোগ থাকিয়া

যদি উপমা ও উপমেয়ের হুইয়ের মধ্যে একটি বাচক হয়, এবং তাহার মূলে

যদি অতিশয়োক্তি অলক্ষার থাকে, তবে তাহাকে সহোক্তি অলক্ষার বলা

হয় ॥ ২৬-২৭॥

## যথা নদীনাং বহবোহমূবেগাঃ সমুদ্রমেবাভিমুখা দ্রবন্তি। তথা তবামী নরলোকবীরা বিশন্তি বক্তাণ্যভিতো অলন্তি॥২৮॥

হার্য— যথা ( যেরপ ) নদীনাং ( নদীসমূহের ) বহবং অম্ব্রগাং ( বহু জলবেগ ) অভিম্থাং ( সমূদ্রাভিম্থী হইয়া ) সমূদ্রমেব ( সমূদ্রেতেই ) দ্রবন্ধি (প্রবেশ করে) তথা (তদ্রপ) অমী (এই সমস্ত) নরলোকবীরাং (নরবীর সকল) তব ( তোমার ) বক্রাণি ( ম্থ সমূহের মধ্যে ) বিশন্তি ( প্রবেশ করিতেছে ) অভিতঃ ( সর্বতোভাবে ) জলন্ধি ( জলিত হইতেছে ) ॥ ২৮॥

তাসুবাদ— যেরপ নদীগণের জলবেগদম্হ দম্দ্রাভিম্থী হইয়া দম্দ্রেই প্রবেশ করে, দেইরূপ এই নর্বীর দকল তোমার ম্থদম্হের মধ্যে প্রবেশ করিতেছে ও দর্কভোভাবে জলিত হইতেছে॥ ২৮॥ প্রীভক্তিবিনোদ—যেমত নদীগণের জলবেগসমূহ সমুদ্রভিমুথে ধারমান হয়, সেইরূপ নরবীরসকল তোমার ম্থ-সমূহের মধ্যে প্রবেশ করিতেছে এবং সর্বতোভাবে প্রজ্ঞলিত হইতেছে॥ ২৮॥

শ্রীবলদেব—প্রবেশে দৃষ্টাস্তাবাহ,—যথেতি দ্বাভ্যাম্। তত্র প্রথমোহণীপূর্ব্যকে প্রবেশে, দ্বিতীয়স্ত ধীপূর্ব্যকে বোধাঃ॥ ২৮॥

বঙ্গান্ধবাদ—প্রবেশে ত্ইটি দৃষ্টান্তের কথা বলা হইতেছে—'যথেতি দ্বাভ্যাম্',—ত্ইটি দ্বারা। প্রথম দৃষ্টান্তে অবৃদ্ধি-পূর্বক মৃথ-প্রবেশের কথা এবং দিতীয় দৃষ্টান্তে বৃদ্ধিপূর্বক প্রবেশ জানিবে॥ ২৮॥

অনুভূষণ—অৰ্জ্বন বৰ্তমান শ্লোকে পূৰ্ব্বোক্ত প্ৰবেশ সন্বন্ধে তুইটি দৃষ্টান্ত দিতেছেন। একটি বুদ্ধিহীনভাবে প্ৰবেশ, অপরটি বুদ্ধিযুক্তভাবে প্ৰবেশ।

শ্রল শ্রীধরস্বামিপাদের টীকার মর্ম্মে পাওয়া যায়,—

"অনেক দিকে গতিশীল নদীসমূহের জলপ্রবাহ যেমন সমূদ্রের দিকে প্রধাবিত হইয়া সমূদ্রেই প্রবেশ করে, সেইরূপ সর্কাভিম্থে দেদীপামান ভোমার বদনাভিম্থে প্রধাবিত হইয়া সকলে প্রবেশ করিতেছে। স্থতরাং যে যেদিকেই প্রধাবিত হউক না কেন, সেই দিকেই সে ভোমার উন্মুক্ত ম্থবিবরে সহজেই প্রবিষ্ট হইতেছে"॥ ২৮॥

যথা প্রদীপ্তং জলনং পতঙ্গা বিশন্তি নাশায় সমৃদ্ধবেগাঃ। ভথৈব নাশায় বিশন্তি লোকান্তবাপি বক্ত্রাণি সমৃদ্ধবেগাঃ॥২৯॥

ত্বাস্থা (যেরপ) পতঙ্গাঃ (পতঙ্গ সমৃহ) সমৃদ্ধবেগাঃ (বদ্ধিত বেগযুক্ত হইয়া) নাশায় (মরণের নিমিত্ত) প্রদীপ্তং (প্রজ্ঞালিত) জলনং (অগ্নিতে) বিশন্তি (প্রবেশ করে) তথা (সেইরপ) লোকাঃ অপি (এই লোক সকলও) সমৃদ্ধবেগাঃ (অত্যন্ত বেগবান্ হইয়া) নাশায় এব (মরণের নিমিত্তই) তব (তোমার) বক্রাণি (মৃথ সমৃহের মধ্যে) বিশন্তি (প্রবেশ করিতেছে)॥২৯॥

তকুবাদ— যেরপ পতক সকল সমৃদ্ধবেগযুক্ত হইয়া মরণের নিমিত্ত প্রদীপ্ত অগ্নিতে প্রবেশ করে, সেইরপ এই ল্যোকসকলও অত্যন্ত বেগবান্ হইয়া মরণের নিমিত্তই তোমার মৃথগহারে প্রবেশ করিতেছে॥ ২৯॥

শ্রীভজিবিনোদ—ধেরপ পতঙ্গসকল সমৃদ্ধবেগ হইয়া প্রদীপ্ত অগ্নিতে

वाबहायन गाना ३३१०

প্রবেশ করে, সেইরূপ তোমার ম্থ্সকলের মধ্যে লোকসকল বিনাশ লাভ করিবার জন্য সমৃদ্ধবেগে প্রবেশ করিতেছে॥ ২৯॥

ত্রীবলদেব—জলনং বহ্নিম্॥ ২৯॥ বঙ্গান্ধবাদ—জলন—বহ্নি॥ ২৯॥

অনুভূষণ—পূর্বে শ্লোকে বুদ্ধিংনভাবে প্রভিগবানের মুখবিবরে প্রবেশের দৃষ্টান্ত নদী বেগের ছারা বর্ণন করিয়া, বর্তমান শ্লোকে অর্জ্বন বৃদ্ধিপূর্ব্বক প্রবেশের দৃষ্টান্ত উল্লেখ করিয়া বলিতেছেন যে, যেমন পতঙ্গকুল জলন্ত অনল-দর্শনে কোন বাধাবিদ্ন গ্রাহ্ম না করিয়া উন্মত্তের ক্যায় অতিশয় বেগে সেই অনলে প্রবেশ পূর্বক মৃত্যুম্থে পতিত হয়, দেইরপ দুর্য্যোধনাদি রাজ্কবর্গ তোমার সর্ব্যাহ্বক মুখবিবরে প্রবেশ করিলে, মৃত্যু অনিবার্ঘা জানিয়াও ফ্রতবেগে তন্মধ্যে প্রবেশ করিতেছে॥ ২০॥

## লেলিহাসে গ্রসমানঃ সমন্তালোকান্ সমগ্রান্ বদনৈজলিছঃ। তেজোভিরাপূর্য্য জগৎ সমগ্রং ভাসন্তবোগ্রাঃ প্রতপত্তি বিষ্ণো॥৩০॥

তাল্বয়—বিষ্ণা! [ বম্—তুমি ] জলন্তিঃ বদনৈঃ (প্রজ্ঞালিত ম্থ-বারা)
সমগ্রান্ লোকান্ (সমগ্র লোককে ) গ্রসমানঃ (গ্রাস করিতে করিতে) সমস্তাহ
(চারি দিকে ) লেলিহ্দে (পুনঃ পুনঃ অবলেহন করিতেছ), তব (তোমার)
উগ্রাঃ ভাসঃ (তীব্র জ্যোতিঃ সকল) তেজোভিঃ (তেজের ঘারা) সমগ্রম্ জগং
(সমগ্র জগংকে ) আপুর্যা (ব্যাপ্ত করিয়া) প্রতপস্তি (সন্তপ্ত করিতেছে)।।৩০।

অনুবাদ—হে বিষ্ণো! তুমি প্রজ্জনিত মৃথ-দারা এই সমস্ত লোককে গ্রাস করিতে করিতে চারিদিকে পুন: পুন: অবলেহন করিতেছ অর্থাং আম্বাদ করিতেছ, তোমার তীব্র জ্যোতিঃ সকল তেজের দ্বারা সমগ্র জগংকে আপ্রিত করিয়া সম্ভপ্ত করিতেছে॥ ৩০॥

শ্রীভক্তিবিনোদ—হে বিষ্ণে! তুমি প্রজনিত মুখদকল দার। এই সমস্ত-লোককে সমাক্ প্রাদ করিতেছ; সমস্ত জগৎকে ভোমার তেজো-দারা আপুরিত করিয়া উগ্র প্রতাপের দহিত প্রকাশমান হইয়াছ। ৩০।

ত্রীবলদেব—যোদ্ধ্ণাং তন্ম্থপ্রবেশে প্রকারম্কা তন্ত তন্তাদাং চ তত্র প্রবৃতিপ্রকারমাহ,—লেলিছ্স ইতি। বেগেন প্রবিশতঃ সমগ্রান্ লোকান্ হুর্যোধনাদীন্ জলন্তির্বদনৈগ্রসমানো গিলন্ সমস্তাদ্রোধাবেশেন লেলিছ্সে তদ্রধিরোক্ষিতমোষ্ঠাদিকং মৃহ্মুহর্লেক্ষি। তবোগ্রা ভাদো দীপ্রয়োহদহৈগ্নে-জোভিঃ সমগ্রং জগদাপ্র্যা প্রতপত্তি। হে বিফোণ বিশ্ববাপিন্।—ত্তঃ পলায়নং ত্র্টমিতার্থঃ॥ ৩০॥

বঙ্গানুবাদ—যোদ্ধাগণের তাঁহার মৃথ-প্রবেশের প্রকার (প্রশালী) বলিয়া তাঁহার এবং তাঁহার সেই তেজের প্রবৃত্তির প্রণালী বলা হইতেছে—'লেলিয়্সা' ইতি। বেগের সহিত প্রবেশকারী তুর্য্যোধনাদি সমস্ত লোককে প্রজলিত বদনের বারা 'প্রসন্' (গিলিয়া) চারিদিকে রোষাবেশে (ক্রোধের বশেই) লেহন করিতেছ অর্থাৎ তাহাদের রক্তের দ্বারা উক্ষিত (লিপ্ত) ওচ্চাদিকে পুনং পুনং লেহন করিতেছ। তোমার অতিশয় উগ্র ভাস (দীপ্তি) তেজঃ-মৃহ অসহনীয় তেজের দ্বারা সমগ্র জগৎকে ব্যাপ্ত করিয়া প্রতপ্ত করিতেছ। হে বিদ্বা! হে বিশ্ববাপিন্! তোমার নিকট হইতে পলায়ণ করা খুবই তুংসাধ্য ॥ ৩০ ॥

ত্বসূত্ধণ—যোদ্ধা-রাজন্মবর্গের শীভগবানের মৃথে প্রবেশের বিষয় বর্ণন পূর্বকে এক্ষণে অর্জ্ন শীভগবানের সেই তেজের সম্বন্ধে বলিতেছেন। হে বিষয়ে। নুপগণ সমৃদ্ধবেগে তোমার বদনে প্রবেশ করিলে, তোমার সেই প্রজলিত বদ্নের হারা তুর্যোধনাদিকে প্রাস পূর্বক কোধাবেশে তাহাদের রক্ত-লিপ্ত তোমার ওঠাদিকে লেহন করিতেছ। তোমার অতিশয় উগ্র তেজের দারা সমগ্র জগংকে আপ্রিত করিয়া প্রতপ্ত ও জালাযুক্ত করিতেছ। হে বিশ্ববাপী বিক্ষো। তোমার নিকট হইতে তাহাদের পলায়নও তুর্গট় অর্গাং অসম্ভব হইয়া পড়িয়াছে॥ ৩০॥

## আখ্যাহি মে কো ভবান্ধগ্ররূপো নমোহস্ত তে দেববর প্রসীদ। বিজ্ঞাতুমিচ্ছামি ভবস্তমান্তং ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্॥ ৩১॥

অন্ধর—উগ্ররপঃ (উগ্ররপধারী) ভবান্ (তুমি) কঃ (কে ?) মে (আমাকে) আখ্যাহি (বল) তে (তোমাকে) নমঃ অস্ত্র (প্রণাম করি) দেববর! প্রশীদ (প্রসন্ন হও) আতঃ (আদি কারণ) ভবস্তঃ (তোমাকে) বিজ্ঞাতুন্ (বিশেষরূপে জানিতে) ইচ্ছামি (ইচ্ছা করিতেছি) হি (যেহেতু) তব (তোমার) প্রবৃত্তিং (প্রবৃত্তিকে) ন প্রজানামি (জানিতে পারিতেছি না) ॥ ৩১॥

वायक गर्गा वा

তার্বাদ—উগ্ররপধারী তুমি কে ? তাহা আমাকে বল, তোমাকে প্রণাম করিতেছি; হে দেববর! প্রসন্ন হও, আদিকারণ তোমাকে বিশেষরূপে জানিতে ইচ্ছা করি, যেহেতু তোমার প্রবৃত্তিকে অর্থাৎ চেষ্টাকে জানিতে পারিতেছি না॥ ৩১॥

শ্রীভক্তিবিনোদ—উগ্ররপ তুমি কে, তাহা আমাকে বল; হে দেব! তোমাকে নমস্কার করি, তুমি প্রসন্ন হও; আমি তোমার প্রবৃত্তি অবগত নই; আমি তোমাকে বিশেষরূপে জানিতে ইচ্ছা করি॥ ৩১॥

শ্রীবলদেব—এবং বিশ্বরূপং ব্যঞ্জিতকালশক্তিং ভগবন্তম্পবর্ণ্য তত্তব্ববিদপার্জ্বঃ স্বজ্ঞানদার্ট্যায় পৃচ্ছতি,—আখ্যাহীতি। 'দর্শরাত্মানবায়ম্' ইতি
সহস্রশীর্ষাদিলক্ষণমৈশ্বরং রূপং দর্শয়িতুমর্থিতেন ভগবতা তদ্রুপং প্রদর্শ্য তন্ত্র্য পুনরতিঘোরা সংহর্তা প্রদর্শাতে। তত্ত্রোগ্ররূপো ভবান্ ক ইত্যাথ্যাহি
কথয়। হে দেববর! তে নমোহস্ত, প্রসীদ তাজোগ্ররূপতাম্। আল্যং
ভবন্তমহং বিশেষেণ জ্ঞাতুমিচ্ছামি; তব প্রবৃত্তিং চেষ্টাঞ্চ ন হি প্রজানামি;—
কিমর্থমেবং প্রবৃত্তোহদীতি তৎপ্রয়োজনং চাথ্যাহীতি॥৩১॥

বঙ্গান্ধবাদ—এই প্রকারে প্রকাশিত কালশক্তিসম্পন্ন বিশ্বরূপ ভগবানকে সমাক্রপে বর্ণনা করিয়া ভগবান্ শ্রীক্ষের প্রকৃত তত্ত্বজ্ঞানী হইয়াও অর্জ্বন্ন (পুনরায়) নিজের জ্ঞানকে স্বদৃঢ় করিবার জন্ম জিজ্ঞাসা করিতেছেন, 'মাথাাহীতি'। 'দেখাও অব্যয় আত্মাকে' এই প্রকার সহস্রশীর্ষাদিনক্ষণযুক্ত এশরিকরপ দেখাইবার জন্ম (অর্জ্বন কর্তৃক) অভ্যথিত (প্রার্থিত) হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ সেইরূপ প্রদর্শনের পর পুনরায় (ভগবানের) অতিশয় ঘোরাক্ষতি সংহার-মূর্ত্তি প্রদর্শন করিতেছেন। সেথানে উগ্র-রূপ সম্পন্ন তুমি কে? ইহা বল। হে দেববর! তোমার প্রতি আমার নমস্কার হউক। (আমার প্রতি) প্রসন্ন (সম্ভিষ্ট) হও; অর্থাৎ (তোমার) উগ্ররূপ পরিত্যাগ কর। আদি-কারণভূত তোমাকে আমি বিশেষরূপে জানিতে ইচ্ছা করিতেছি। আমি তোমার প্রবৃত্তি ও চেষ্টার বিষয় কিছুই জানি না। কিজন্ম তুমি এই প্রকারে প্রবৃত্ত (রত) হইতেছ, ইহার কি প্রয়োজন? তাহাও বল॥ ৩১॥

অনুভূষণ—অর্জ্ন এই প্রকারে বিশ্বরূপের বিষয় বর্ণন করিয়া একণে স্বকীয় জ্ঞানের স্বৃঢ়তার নিমিত্ত জিজ্ঞাসা করিতেছেন। 'আমাকে অব্যয়

আত্মা দর্শন করাও' এই বাক্যে সহস্রশীর্ষাদিলক্ষণযুক্ত শ্রীভগবানের শ্রীমৃতিদর্শনপ্রাণী অজ্ম্নের প্রার্থনা প্রণ করিয়া সেইরূপ প্রদর্শন করাইলেন এবং দঙ্গে সেইরূপের অভিশয় ঘোরত্ব এবং দংহারকত্মও দেখাইলেন। তথন অর্জ্যন প্রা করিলেন—এই উগ্ররূপ তুমি কে ? তাহা আমাকে বল। আরগ্র বলিলেন, হে দেববর! তোমাকে নমস্বার। আমার প্রতি প্রসন্ম হও এবং এই উগ্রতা পরিত্যাগ কর। আমি তোমার আগ্ররূপ বিশেষভাবে জানিতে ইচ্ছা করি। তুমি কি অভিপ্রায়ে এরূপ কার্য্যে প্রবৃত্ত হইতেছ এবং ইহার প্রয়োজনই বা কি, তাহা আমি জানিতে ইচ্ছা করি॥ ৩১॥

শ্রীভগবানুবাচ,—
কালোহন্মি লোকক্ষয়কৃৎ প্রবৃদ্ধে।
লোকান্ সমাহর্জুমিহ প্রবৃত্তঃ।
শ্বতেহপি ভাং ন ভবিশ্বন্তি সর্কে
যেহবন্থিতাঃ প্রভ্যনীকেষু যোধাঃ॥ ৩২॥

অধ্য়—শ্রীভগরান্ উবাচ,—[অহং—আমি ] লোকক্ষয়কং (লোকক্ষয়কারী)
প্রবৃদ্ধঃ কালঃ অন্মি (অত্যুৎকট কাল হই) লোকান্ (লোকসমূহকে)
সমাহর্তুন্ (সংহার করিবার নিমিন্ত ) ইহ (একণে) প্রবৃত্তঃ (প্রবৃত্ত হইয়াছি)
প্রতানীকেয়্ (প্রতিপক্ষগণের মধ্যে) যে যোধাঃ (যে সকল যোদ্ধা) অবস্থিতাঃ (অব্বিত আছে) [তে—তাহারা] সর্কে (সকলে) আং ঋতে অপি (তৃমি ব্যতীতও)ন ভবিশ্বাহ্যি (জীবিত থাকিবে না)॥ ৩২॥

অসুবাদ—শ্রীভগবান্ কহিলেন,—আমি লোকক্ষমকারী অত্যুৎকট কাল, এই সকল লোককে সংহার করিবার নিমিত্ত এক্ষণে প্রবৃত্ত হইয়াছি, প্রতিপক্ষীয় গণের মধ্যে যে সমস্ত যোদ্ধা অবস্থিত আছে, তাহারা সকলেই তুমি ব্যতীত ও অর্থাৎ তুমি যুদ্ধে না মারিলেও, কালগ্রস্ত হইয়া মরিবে॥ ৩২॥

শীভক্তিবিনোদ—ভগবান্ কহিলেন,—আমি এই লোকসকলকে ক্ষয় করিবার ইচ্ছায় প্রবৃদ্ধ-কালরূপে অবতীর্ণ; আমি (পঞ্চপাণ্ডব ব্যতীত) উভয়-পক্ষীয় সমস্ত যোজ্গণকেই বিনাশ করিব॥ ৩২॥

শ্রীবলদেব—এবমর্থিতো ভগবামুবাচ,—কালোহন্মীতি। প্রবৃদ্ধো ব্যাপী;

শং॥" ইতি শ্রুতা যং কীর্তাতে দ কালোহহমিতার্থং। ইহ সময়ে লোকান্
ঘ্র্যোধনাদীন্ সমাহর্ত্বং প্রসিত্বং প্রবৃত্তঃ মাং মৎপ্রবৃত্তিফলঞ্চ জানীহি,—আমপি
যুধিষ্ঠিরাদীংশ্চ ঋতে সর্বের ন ভবিষ্যন্তি ন জীবিষ্যন্তি; যদা, নম্ম রণান্নির্ত্তে ময়ি
তেষাং কথং ক্ষয়ঃ স্থাদিতি চেত্তজাহ,—ঋতেহপীতি। ঘাং যোদ্ধারম্তে
ঘদ্যুদ্ধবাপারং বিনাপি দর্বের ন ভবিষ্যন্তি,—মরিষ্যন্তোব কালাত্মনা ময়া তেষাং
আয়ুহ্রণাং। কে ভে দর্বের ইত্যাহ,—প্রত্যনীকেষু পরস্পর্যোর্যে ভীমাদয়োহবিষ্যিতাঃ; যুদ্ধানির্ত্তেম্ম তব তু স্বধর্মচ্যুতিরের ভবেদিতি॥ ৩২॥

বঙ্গান্ধবাদ—এইভাবে প্রার্থিত হইয়া ভগবান্ বলিতেছেন—
'কালোহন্মীতি'। প্রবৃদ্ধ—বাাপী (হইয়া)। "যাহার ব্রাহ্মণ এবং ক্ষব্রিয়
ঘুইটিই ওদন (পুষ্টিশাধন হইতেছে অর)। মৃত্যু যাহার উপদেচন
(আচমনের জল তাহাকে) কে এই প্রকারে জানিতে পারে, যেথানে দে" এই
শ্রুতির হারা যিনি কীন্তিত (স্কর্থিত) হইতেছেন দেই কালও আমি,—ইহাই
অর্থ। এই সময়ে ঘুর্য্যোধনাদি লোকগণকে সমাহরণ (গ্রাস) করিবার জন্ত
আমি প্রবৃত্ত এবং আমার প্রবৃত্তি ফলকে জানিও। তুমি ও মুধিষ্টিরাদি বাতীত
অন্তান্ত সকলেই থাকিবে না—অর্থাৎ জীবিত হইবে না। অথবা—প্রশ্ন, রন
হইতে আমি নিরস্ত (বিরত) হইলে তাহাদের কিরপে ক্ষম হইবে? ইহা যদি
বল. দেই সম্পর্কে বলা হইতেছে—'ঝতেহপীতি'। তুমি যুদ্ধ না করিলেও
অর্থাৎ তোমার যুদ্ধ-বাাপার ব্যতীতও সকলে থাকিবে না অর্থাৎ মরিবেই।
কারণ কালরপে আমি তাহাদের আয়ুকে হরণ করিয়াছি, এই হেতু।
তাহারা সকলে কাহারা? ইহাই বলা হইতেছে—প্রত্যানীকে (যুদ্ধ)
পরম্পর যুদ্ধে যে ভীম্মাদি অবস্থান করিতেছে। অতএব যুদ্ধ হইতে নিবৃত্ত
হইলে তোমার পক্ষে কিন্ধ স্বধর্ম-চ্যুতিই হইবে॥ ৩২॥

অনুভূষণ—অর্জ্ব কর্তৃক জিজ্ঞাদিত হইয়া শ্রীভগবান্ স্বীয় চেষ্টাদি-বিষয়ক পরিচয় তিনটি শ্লোকে দিতেছেন। তিনি বলিলেন—সর্ব সংহারক কালরণ আমি। সম্প্রতি অতিশয় বৃদ্ধি প্রাপ্ত হইয়াছি। অর্থাৎ বিরাটরূপ ধারণ করিয়াছি।

এই কালরপের কথা কঠ উপনিষদেও পাওয়া যায়,—

"যস্ত ব্রহ্ম চ ক্ষত্রঞ্চ উভে ভবত ওদনম্।

মৃত্যুর্যস্থোপসেচনং ক ইখা বেদ যত্র সঃ।।" (১।২।২৫)

অর্থাৎ ব্রাহ্মণ ও ক্ষত্রিয় এই উভয়ই যে ভগবানের অন্নস্বরূপ এবং মৃত্যু অর্থাৎ প্রাণিগণের মারক যম যাঁহার ব্যঞ্জন সদৃশ, সেই জগৎসংহারক মহাবল-শালী শ্রীভগবান্ যেস্থানে অবস্থান করেন, তাহা কেহই জানিতে সমর্থ হয় না।

শ্রীভগবানের কালরপের কথা শ্রীমন্তাগবতেও পাওয়া ষায়,—

"প্রতিক্রিয়া ন যন্তেহ কুতশ্চিৎ কহিচিৎ প্রভো।
স এষ ভগবান্ কালঃ সর্বেষাং নঃ সমাগতঃ ॥" (১।১৩।১৯)
"প্রভাবং পৌরুষং প্রাহুঃ কালমেকে যতো ভয়ম্।" (৩।২৬।১৬)
"বীর্য্যাণি তস্তাথিলদেহভাজামন্তর্বহিঃ পুরুষকালরূপৈঃ।" (১০।১।৭)

শ্রীভগবান্ আরও বলিলেন—অধুনা আমি তুর্য্যোধনাদিকে প্রাসকরত হনন করিতে প্রবৃত্ত হইয়াছি। আমার এই রূপের প্রবৃত্তির পরিণাম তুমি জানিয়া রাখ। তুমি ও যুধিষ্ঠিরাদি ব্যতীত আর কেহই এই যুদ্ধক্ষেত্র হইতে সজীবাবস্থায় ফিরিবে না। অথবা তোমার মত যোদ্ধাগণের যুদ্ধচেষ্টাবিনাই সকলে কালের করাল-কবলে পতিত হইবেই। কারণ কালরূপে আমি তাহাদের সকলের আয়ু হরণ করিয়া লইয়াছি। যদি বল, সেই বীরগণ কে? তাহাই বিশেষরূপে বলিতেছি। উভয় পক্ষে ভীয়াদি যে বীরগণ অবস্থিত আছেন; তাঁহাদের প্রত্যেকেই যুদ্ধ ব্যতিরেকেও মৃত্যু মুখে পতিত হইবেন। অতএব হে অর্জ্জুন! এমতাবস্থায় তুমি যুদ্ধ হইতে নিবৃত্ত হইবেন, তোমার স্বধর্ম-চ্যুতি হইবে মাত্র, কাহারও জীবন রক্ষা হইবে না॥ ৩২॥

তন্মাত্বমূত্তির্গ যশো লক্তম্ব জিড্ব। শত্রন্ ভূঙ্ক্ব রাজ্যং সমৃদ্ধন্। মর্মেবৈতে নিহতাঃ পূর্ব্বমেব নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্॥ ৩৩॥

ভাষায়—তত্মাৎ (সেই হেতু) ত্বম্ (তুমি) উত্তিষ্ঠ (উঠ) যশঃ (কীত্তি)
লভস্ব (লাভ কর) শত্রন্ জিত্বা (শত্রুদিগকে জয় করিয়া) সমৃদ্ধম্ রাজ্যম্
(সমৃদ্ধ রাজ্যকে) ভূজ্জ্ব (ভোগ কর) ময়া এব (আমা কর্তৃকই) এতে
(এই সকল) পূর্ব্বমেব (পূর্ব্বেই) নিহতাঃ (নিহত হইয়াছে) সব্যসাচিন্!
[ত্বম্—তুমি] নিমিত্তমাত্রং ভব (নিমিত্ত মাত্র হও)॥ ৩৩॥

অনুবাদ—অতএব তুমি যুদ্ধের জন্ম দণ্ডায়মান হও, শক্রদিগকে জয় করিয়া যশ লাভ কর ও সমৃদ্ধ রাজ্য ভোগ কর, আমাকত্ ক পূর্ব হইতেই ইহারা নিহত হইয়া রহিয়াছে; হে সব্যসাচিন্! তুমি কেবল নিমিত্ত মাত্র হও॥ ৩৩॥ প্রীভক্তিবিনাদ—এই নাশকার্য্যে যথন তোমার অপেকা নাই, তথন তোমার যুদ্ধে দণ্ডায়মান হইয়া জয়জনিত যশোলাভ ও সমৃদ্ধ রাজা ভোগ করা উচিত। আমি সকলকেই বিনাশ করিয়াছি; হে সব্যসাচিন্! তুমি নিমিত্তমাত্র হও॥ ৩৩॥

শ্রীবলদেব—যশাদেবং, তশাত্ত্মতিষ্ঠ স্বধর্মায় যুদ্ধায় যদো লভন্থ—
স্থবহজ্ঞা ভীমাদয়োহজ্ঞানেন হেলয়ৈব নির্জিতা ইতি ত্ল'ভাং কীর্তিং
প্রাপুহি। পূর্বাং দ্রোপতামপরাধনময় এব ময়ৈতে নিহতান্তদ্যশদে যন্ত্রপ্রতিমাবং প্রবর্তন্তে, তশাং তং নিমিত্তমাত্রং ভব। হে স্বাদাচিন্!—
সব্যেনাপি হস্তেন বাণান্ সঞ্চিতৃং সন্ধাতৃং শীলমশ্রেতি যুদ্ধনিভরে প্রাপ্তে
হস্তাভ্যামিষুব্র্ষিরিত্যর্থঃ॥ ৩৩॥

বঙ্গাসুবাদ— যেই হেতু এইরপ, অতএব তুমি উঠ; স্বধর্ম অর্থাং ক্ষত্রিয়ধর্মহেতু যুদ্ধ করিয়া যশ লাভ কর। দেবতাদের পক্ষেও হুর্জয় ভীম্ম প্রভৃতি
অর্জন কর্তৃক অনায়াদেই পরাজিত হইয়াছে, এই হুর্লভ কীত্তি প্রাপ্ত হও।
পূর্বেই অর্থাৎ ( দ্রৌপদীর বস্ত্রহরণ-সময়ে ) দ্রৌপদীর প্রতি অপরাধের সময়েই
আমাকত্ত্বক পূর্বেজি ভীম্ম প্রভৃতি বীরগণ নিহত হইয়াছে, তথন শুধু
তোমারই যশের জন্ত কেণে যন্ত্র-প্রতিমার ন্তায় (কলের পুতৃলের মত)
ইহারা কাজ করিতেছে মাত্র। অতএব তুমি (ইহাদের বিনাশ করিয়া)
নিমিত্ত মাত্র হও। হে সব্যাসাচিন্!—সব্যের দ্বারাও অর্থাৎ বাম হাতের দ্বারাও
বাণগুলিকে সংযোজিত করার স্বভাব ইহার আছে—এইরপ। ইহাতে
বলা হইল—যুদ্ধ উপস্থিত হইলে তোমার তুই হাতের দ্বারা বাণ ব্রধণ

জোণঞ্চ ভীষ্মঞ্চ জয়দ্রথঞ্চ কর্নং তথাস্থানপি যোধবীরান্। ময়া হতাংস্থং জহি মা ব্যথিষ্ঠা যুধ্যস্থ জেতাসি রণে সপত্নান্॥ ৩৪॥

তাদ্য — ময়া ( আমা কর্ত্ক ) হতান্ ( পূর্বেই বিনাশপ্রাপ্ত ) দ্রোণম্ চ ( দ্রোণকে ) ভীম্মং চ ( ভীম্মকে ) জয়জ্বথম্ চ ( জয়জ্বথকে ) কর্ণং ( কর্ণকে ) তথা অন্তান্ ( অন্তান্ত্র) যোধবীরান্ অপি ( যোদ্ধ্রীরগণকেও ) হম্ ( তুমি ) জহি ( বধ কর ) মা বাথিষ্ঠাঃ ( বাথিত হইও না ) রণে ( বুদ্ধে ) সপত্রান্ ( শক্রদিগকে ) জেতাসি ( জয় করিবে ) [ অতঃ—অতএব ] যুধাস্ব ( যুদ্ধ কর ) ॥ ৩৪॥

শ্রীমন্তগ্রদ্গীতা

অনুবাদ—আমাকতৃ ক পূর্কেই বিনাশ প্রাপ্ত দ্রোণ, ভীম, জয়দ্রথ, কর্ণ, তথা মন্তাত যোক্বীরগণকেও তুমি (পুনরায়) বধ কর, বাথিত হইও না, মুদ্দে শক্রগণকে জয় করিতে পারিবে, অতএব যুদ্ধ কর॥ ৩৪॥

ত্রীভক্তিবিনোদ—দ্রোণ, ভীম, জয়ত্রথ, কর্ণ এবং অন্যান্ত যোধবীর-সকলকে আমি নষ্ট করিয়াছি; তুমি ক্লেশ ত্যাগপ্রকি যুদ্ধ কর এবং তোমার প্রতিপক্ষগণকে জয় কর॥ ৩৪॥

ত্রীবলদেব—'যদা জয়েম যদি বা নো জয়েমুং' ইতি শ্ববিজয়ে সংশয়ং মাকাষীরিত্যাশয়েনাহ,—দ্রোণঞ্জেতি। ময়া হতান্ হতায়ুষো জোণাদীংস্ক জহি মারয়; মা ব্যথিষ্ঠাঃ কথমেতান্ দিব্যাস্ত্রসম্পন্নানেকঃ শক্নোম্যহং বিজেত্মিতি ভয়ং মা গাঃ,—মৃতানাং মারণে কঃ শ্রম ইতার্থঃ। ভয়ং হিত্বা যুধ্যন্ত রণে সপত্নান্ রিপূন্ জিতাসি জেষ্যসি॥ ৩৪॥

বঙ্গান্সবাদ—"যদি বা জয়ী হইব, অথবা আমাদিগকে জয় করিবে" এইরপ নিজের জয়ে কোনরপ সন্দেহ করিও না—এই অভিপ্রায়ে বলিতেছেন — 'দ্রোণঞ্চেতি'। আমাকর্ত্ক নিহত—গতায়ঃ দ্রোণাদিকে তুমি নিহত কর। বাথিত হইও না। কিরূপে এইরূপ দিব্যাস্ত্রসম্পন্ন এইসব শ্রেষ্ঠ শ্রেষ্ঠ বীরগণকে একাকী জয় করিতে দক্ষম হইব—এই জাতীয় ভয় করিও না। মৃত ব্যক্তিদের পুনরায় মারণে কোন শ্রম নাই—ইহাই প্রকৃত অর্থ। ভয়কে দ্রীভূত করিয়া বুদ্ধ কর, কুরুক্ষেত্র-সমরে সপত্ন অর্থাৎ রিপুগণকে জয় করিতে পারিবে॥ ৩৪॥

অনুভূষণ—শ্রীভগবান্ পুনরায় বলিতেছেন—হে অর্জুন! যথন প্রকৃত তথ্য তোমার নিকট বর্ণন করিলাম, তখন তুমি সৃষ্টি, স্থিতি ও নাশের সমস্ত রহস্ত অবগত হইয়া এবং এম্বলে সমাগত বীরগণের ভাবী পরিণাম স্বচক্ষে দর্শন করিয়া তোমার যুদ্ধ-বিম্থতা দূরক্রতঃ স্বধর্ম বুদ্ধিতে যুদ্ধ করিবার নিমিত্ত উত্থিত হও এবং দেবগণেরও অজেয় ভীমাদিকে অনায়াদে পরাজিত করিয়া এই হুন্ন'ভ-কীর্ত্তি লাভ কর।

পূর্বেই অর্থাৎ এই সকল বীরগণ যথন সভামধ্যে দ্রোপদীর বস্তুহরণ পূর্বেক অপমানিত করিয়া অপরাধ করিয়াছিল, দেই সময়েই ইহারা আমাকতৃঁক নিহত হইয়া রহিয়াছে, জানিবে। এক্ষণে কেবল তোমাকে যশস্বী করিবার নিমিত্ত ইহারা যন্ত্র-প্রতিমাবৎ অর্থাৎ কলের পুতুলের ন্যায় অবস্থিত বহিয়াছে মাত্র। অতএব তুমি কেবল নিমিত্তমাত্র অর্থাৎ উপলক্ষ্মাত্র হন। আরও বলিলেন,—এই যুদ্ধে তুমি সবাসাচী নামে পৃথিবী-বিখ্যাত হও। বাম হস্তেও তুমি ধমুকে জ্যা রোপণ করিয়া বাণ পরিচালনায় সক্ষম বলিয়া তুমি সবাসাচী নাম প্রাপ্ত হইয়াছ।

শ্রীকৃষ্ণ যে পূর্বেই সমাগত বীরগণের আয়ু হরণ করিয়াছিলেন, তাহা শ্রীমন্তাগবতে ভীম্মের স্তবেও পাওয়া যায়,—

"সপদি স্থিবচো নিশ্মা মধ্যে নিজপর্য্নোর্বলয়ো রুথং নিবেশা। ক্তিব্রতি প্রসৈনিকায়্রক্ষা স্কত্বতি পার্থস্থে রতির্মশান্ত॥" (১) ১। ১। ১। ১। ১।

অর্থাৎ দথা অর্জ্নের (উভয় দেনার মধ্যে রথ রাখ) এই বাক্য শ্রবণ করিয়া, যিনি তৎক্ষণাৎ নিজ ও পরপক্ষের দৈন্তের মধ্যে রথ স্থাপন পূর্বক তথায় অবস্থানকরতঃ কালদৃষ্টি-প্রভাবেই শত্রুপক্ষীয় যোদ্ধ, গণকে ইনি ভীমা, ইনি শ্রোণ, ইনি কর্ণ ইত্যাদি বলিয়া পরিচয় প্রদান করিবার ছলে, সঙ্গে সঙ্গে তাঁহাদের আয়ু অপহরণ পূর্বক অর্জ্জ্বনের জয়লাভ সম্পাদন করাইয়াছিলেন; দেই পার্থ-সথা শ্রীক্ষে আমার রভি হউক।

শ্রীমন্তাগবতে শ্রীঅর্জ্নের বাকোও পাই,—

"অগ্রেচরো মম বিভো রথযুথপানামায়ুর্নাংসি চ দৃশা সহ ওজ আছহ ্"

->126126

অর্থাৎ হে প্রভো যুধিষ্ঠির! যিনি সার্থিরপে আমার অগ্রভাগে অবস্থানপূর্বাক নিজ অচিস্তা-শক্তিতে একবার দৃষ্টিচ্ছলে রথযুথপতিগণের আয়ু, উৎসাহ, শক্তি, বল ও অস্ত্রাদি-কৌশল হরণ করিয়াছিলেন।

শ্ৰীমন্তাগৰতে শ্ৰীন্তক-ৰাক্যেও পাই,—

"ভূতৈভূ তানি ভূতেশঃ স্জত্যবতি হস্তি চ। আত্মস্টেরস্বতন্ত্রৈরনপেক্ষোহপি বালবং॥" (৬।১৫।৬)

অর্থাৎ ভূতপতি জগদীশ্বর স্ট্রাদি-বিষয়ে নিরপেক্ষ হইয়াও বালবৎ অনভিপ্রেত-ভাবে নিজ-স্ট্র পরতন্ত্র বা শ্ববশীভূত ভূতগণের ছারা পিতৃরপে ভূতগণকে স্জন, রাজরপে পালন, দর্পাদিরপে বিনাশ কবিয়া থাকেন। স্থতরাং স্ট্রাদি-কার্যো ঐ সকল পরতন্ত্র ভূতাদির কর্তৃত্ব নাই। মায়াবশতঃ জীব কেবল কর্তৃত্বের অভিমানই করিয়া থাকে॥ ৩৩-৩৪॥

#### সঞ্জয় উবাচ,—

এতৎ শ্রুষা বচনং কেশবস্ত কুতাঞ্চলির্বেপমানঃ কিরীটী। নমস্কুষা ভূয় এবাহ কুষ্ণং সগদাদং ভীতভীতঃ প্রণম্য॥ ৩৫॥

ভাষয়—সঞ্জয়: উবাচ,—কেশবস্থা (কেশবের) এতৎ বচনম্ (এই বাক্যকে) শ্রুষা (প্রবণ করিয়া) বেপমান: (কম্পমান) কিরীটা (আর্জ্ন) কৃতাঞ্গলিঃ [সন্] (কৃতাঞ্জলি হইয়া) নমস্কৃত্বা (নমস্কার করিয়া) ভীততীতঃ (অত্যস্ত ভয়ে ভয়ে) ভূয়: এব (পুনর্কারও) প্রণম্য (প্রণাম করিয়া) সগদ্গদং (গদ্গদভাবে) কৃষ্ণং (কৃষ্ণকে) আহ (বলিলেন)॥ ৩৫॥

অনুবাদ—সঞ্জয় ধৃতরাষ্ট্রকে কহিলেন,—কেশবের এই সকল বাকা প্রবর্ণ করিয়া অর্জ্জ্ন কম্পিতকলেবরে কৃতাঞ্চলি-সহকারে নমস্কার করিয়া, অভাস্ত ভীত হইয়া পুনর্কার প্রণাম পূর্বক, গদ্গদ-বাক্যে শ্রীকৃষ্ণকে কহিতে লাগিলেন ॥৩৫॥

প্রান্ত বিনাদ—সঞ্জয় ধৃতরাষ্ট্রকে কহিলেন,—হে রাজন্! ভগবানের এইসকল বাক্য প্রবণ করিয়া অর্জ্জন অতি ভীত হইয়া কম্পিত-শরীরে পুনঃ পুনঃ প্রীকৃষ্ণকে প্রণতিপুরঃসর কৃতাঞ্চলিপূর্বক গদগদ-বাকো কহিতে লাগিলেন॥ ৩৫॥

শীবলদেব—ততো যদভূতৎ সঞ্জয় উবাচ,—এতদিতি। কেশবস্থৈতং পগত্রয়াত্মকং বচনং শ্রুতা কিরীটা পার্থঃ বেপমানোহত্যভূতাত্যুগ্ররুপদর্শনজন সংশ্রমেণ সকস্পঃ। নমস্কবেত্যার্থং,—কৃষ্ণং নমস্কৃত্য, পুনঃ প্রণমা, ভীতভীতোহতিভয়াকুলঃ সন্ভূয়ঃ পুনরপ্যাহ সগদগদং গদগদেন কণ্ঠকস্পেন সহিতং যথা স্থাত্তথা॥ ৩৫॥

বঙ্গানুবাদ—তারপর যাহা হইল তাহা সঞ্চয় বলিলেন—'এতদিতি'। ভগবান্ কেশবের এইরপ পভাত্রয়াত্মক বাক্য শ্রবণ করিয়া কিরীটী—অর্জ্নুন কম্পিত-কলেবরে অর্থাৎ অতিশয় অভূত ও অতিশয় উগ্ররপ দর্শন-জন্ম ভয়েতেই কম্পান্থিত কলেবর হইয়া নমস্বান্থ করিয়া (নমস্বত্য না হইয়া নমস্বান্থ প্রয়োগ) ঋষিবাক্য (বলিয়া বাাকরণগত দোষাবহ নহে)—রুফকে নমস্বান্থ করিয়া অর্থাৎ পুনঃ প্রণাম করিয়া ভয়ে ভয়ে অতিশয় ভয়ব্যাকুলিত হইয়া বারবার (পুনরায়) বলিতেছেন—গদ্গদ অর্থাৎ গদ্গদ-যুক্ত কণ্ঠস্বরে ॥ ৩৫॥

অনুভূষণ—শ্রীরুঞ্চার্জ্নের কথোপকথন শ্রবণ করিয়া অন্ধরাজ ধৃতরাষ্ট্র নিশ্চয় বুঝিয়াছেন যে, ভীম্ম-দ্রোণ-প্রমূথ অভিশয় তেজস্বী অক্সেয় বীরগণও

নিশ্চয়ই কালের করাল-কবলে নিপতিত হইবেন স্থতরাং দুর্য্যোধনের জয়ের আশা নাই; অতএব একটা শাস্তির দদ্ধি-প্রস্তাবে য়ত্ববান্ হওয়ার বিবেচনা হয়তো ধতরাষ্ট্র করিতে পারেন কিন্তু সেরপ কোন কথাই য়থন বলিলেন না, তখন সঞ্জয় শ্রীভগবানের উক্তি সমূহ বর্ণনাস্তে স্বকীয় বাক্যে তদনস্তর য়াহা ঘটিয়াছিল, তাহাই ধতরাষ্ট্রকে বলিলেন। শ্রীক্রফের বাক্য শ্রবণ করিয়া অর্জ্বনের শরীর কম্পিত হইতে লাগিল। অতি অত্তুত উগ্ররপ দর্শন-জনিত সম্প্রেম কম্পিত হইয়া শ্রীক্রফকে পুনঃ পুনঃ নমস্কার করত অতিশয় ভয়ব্যাকুলিত-চিত্তে গদগদ-কণ্ঠে নিবেদন করিতে লাগিলেন॥ ৩৫॥

অর্জুন উবাচ,— হানে হুষীকেশ তব প্রকীর্ত্ত্যা জগৎ প্রহুষ্মত্যমূরজ্যতে চ। রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি সর্বে নমস্থান্তি চ সিদ্ধসঙ্ঘাঃ॥ ৩৬॥

ভাষায়—অর্জ্বনঃ উবাচ,—হাধীকেশ ! তব (তোমার ) প্রকীর্ত্তা। (মাহাত্মা-কীর্ত্তন দারা) জগৎ প্রহায়তি (বিশ্ব অত্যন্ত আনন্দ প্রাপ্ত হয়) অন্তরজ্ঞাতে চ (ও অন্তরক্ত হয়) রক্ষাংসি (রাক্ষসগণ) ভীতানি (ভীত হইয়া) দিশঃ (চতু-দিকে) দ্রবন্তি (পলায়ন করে) সর্ব্বে চ সিদ্ধসভ্যাঃ (এবং সকল সিদ্ধ-সম্প্রদায়) নমস্তান্তি (নমস্কার করে) [এতৎ—এই সমস্তই] স্থানে (উপযুক্ত)॥ ৩৬॥

অসুবাদ—অর্জন কহিলেন,—হে হ্যীকেশ! তোমার যশঃ-কীর্তন-প্রবণে জগৎ অত্যস্ত আনন্দ লাভ করে এবং তোমাতে অমুরক্ত হয়, রাক্ষদগণ ভীত হইয়া চতুর্দ্দিকে পলায়ন করে এবং সিদ্ধপুরুষগণ সকলে নমস্কার করে, এই সমস্তই তাহাদের পক্ষে যুক্তিযুক্ত ॥ ৩৬ ॥

ত্রীভক্তিবিনোদ—হে স্বধীকেশ! তোমার যশংকীর্তন শুনিয়া জগং কর হইয়া অন্তরাগ লাভ করে, রক্ষঃসকল ভীত হইয়া দিখিদিকে পলায়ন করে এবং সিদ্ধসকল তোমাকে নমস্কার করে;—ইহা তাহাদের পক্ষে যুক্তকার্যা॥ ৩৬॥

ত্রীবলদেব—পরেশস্ত স্থা: ক্ষস্তাতিরমাত্তমতাগ্রত্থ তত্র রঙ্গবদ্যুগপদেব বীক্ষ্য তত্তয়ং স্বসন্থ-স্ববিম্থবিষয়মিতি বিদ্যানর্জ্যুনস্তদমূরপং স্তৌতি,—স্থান ইত্যেকাদশভি:। যুক্তমিত্যর্থকং স্থান ইত্যেদস্তমব্যয়ম্ হে হ্রধীকেশেতি;—

সম্থিবিম্থেক্রিয়াণাং সাম্থাে বৈম্থাে চ প্রবর্তকেতার্থঃ। যুদ্ধদর্শনায়াগতং দেবগন্ধর্কিসিদ্ধবিভাষরপ্রম্থং তথে সম্থং জগত্তব তৃষ্টসংহর্ভ্ররপয়া প্রকীর্তাা প্রস্থাতা করজাতে চেতি যুক্তমেতং। তৃষ্টস্বভাবানি ত্বিম্থানি রক্ষাংসি বাক্ষসাস্তরদানবাদীনি দেবাছাদ্গীতয়া তৎপ্রকীর্তাা ভীতানি ভূত্বা দিশঃ প্রতি দ্রন্তি পলায়ন্ত ইতি চ যুক্তম্—তব প্রাণিভাবাহ্মারি-রূপপ্রকাশিসাদিতি ভাবঃ। তদিখং শিষ্টাশিষ্টান্তগ্রহনিগ্রহকারিতাং তব বীক্ষা তৃম্ভকাঃ শিক্ষসভ্যাঃ সর্বে সনকাদয়াে নমস্তন্তি 'জয় জয় ভগবান্' ইত্যুদীরয়ন্তঃ প্রণমন্তীতি চ যুক্তং, তব ভক্তমনােহারিত্বাং॥ ৩৬॥

বজানুবাদ—সাক্ষাং পরমেশ্বর স্থা ক্ষের অতিশয় স্থলরত্ব এবং উগ্রত্ব দেখানে অভিনয়ের স্থায় যুগপংই (একদঙ্গে) দেখিয়া এই উভয়কে তন্মধ্যে একটির স্থলরত্ব স্বীয় সমুখ-বিষয়, ও উগ্রন্থ নিজের বিম্থ-বিষয়রূপে (মনে করিয়া ) বিদ্বান অর্জুন তদমুরূপ স্থতি করিতেছেন—'স্থানে ইত্যাদি একাদশ লোকের দারা'। স্থানে এই পদটি একারান্ত অবায় যুক্তিযুক্ত অর্থে। 'হে হষীকেশেতি'। সম্মৃথ ও বিমৃথ ইন্দ্রিয়গুলির সম্মৃথ-বিষয়ে ও বিমৃথ-বিষয়েতেই প্রবর্ত্তক (প্রযোজক),—ইহাই অর্থ। যুদ্ধ দর্শনের জন্ম আগত দেবতা, গন্ধকা, দিদ্ধ, বিভাধর প্রম্থ জগং তোমার দমুথে তোমারই ত্ই-দংহর্ভ্ররপ বিশেষ কীর্ত্তি-দ্বারা বিশেষরূপে আনন্দিত হইতেছে ও অমুরক্ত হইতেছে; ইহা যুক্তিযুক্তই বটে। তৃষ্টস্বভাব-বিশিষ্ট তোমার বিম্থ বিরোধী রাক্ষম, অস্কর ও দানব প্রভৃতি দেবাদিগণের দ্বারা তোমার প্রকৃষ্টরূপে কৃত গুণকীর্ত্তন শুনিয়া তাহারা অতিশয় ভীত হইয়া দিকে দিকে পলায়ন করিতেছে, এই যে কথা বলা হইয়াছে, তাহাও যুক্তিযুক্তই বটে—কারণ তোমার প্রাণিগণের (মনের) ভাবান্থসারি-রূপের প্রকাশ হয় বলিয়া, ইহাই প্রকৃত ভাবার্থ। অতএব এই প্রকারে শিষ্ট (ভক্ত ) জনের প্রতি অন্থগ্রহ এবং অশিষ্ট (অভক্ত বা চর্বিনীত ) লোকের প্রতি নিগ্রহকারিতার ভাব তোমার মধ্যে বিশেষরূপে দেখিয়া, তোমার পরমভক্ত দিদ্ধ মহাত্মাগণ—সনকাদি সকলেই নমস্কার করিতেছেন অর্থাৎ "জয় হউক জয় হউক ভগবান্" এই বাকা অতিশয় উচ্চৈ:স্বরে বলিতে বলিতে প্রণাম করিতেছেন—ইহাও যুক্তিযুক্ত বটে, কারণ তোমার ভক্ত-মনোহারিত্ব গুণ থাকা হেতু॥ ৩৬॥

অনুভূষণ—অর্জুন নিজ সথা শ্রীক্লফের এই বিশ্বরূপে যুগপৎ অতিশয়

রমণীয়ত্ব ও ঘোর উগ্রত্ম দর্শন করিয়া ভক্তের পক্ষে শ্রীভগবানের প্রতি উন্মুখভাব এবং বিরোধিগণের পক্ষে তদ্বিমুখভাব জ্ঞাত হইয়া তদক্রপ স্তব করিতেছেন। এস্থলে 'স্থানে' শব্দটী অবায় পদ, ইহার অর্থ যুক্ত অর্থাৎ সম্চিত। এথানে যে অর্জুন জীভগবানকে 'হ্যীকেশ' শব্দে সম্বোধন করিয়াছেন, তাহার তাৎপর্যা যিনি ভক্তগণের ইন্দ্রিয়গণকে নিজের অভিমৃথে এবং অভক্তগণের ইক্রিয়গণকে তদ্বৈম্থো প্রবর্ত্তিত করেন, তিনিই क्षीरकम । এই यूक-मर्भरन मगांगा एकत, गक्तर्स, मिक, विषाधत अम्य मकत्नर তোমার অমুরাগী ও ভক্ত। স্তরাং তোমার এই রূপের মধ্যে ছুই-অসুরাদি-সংহাররণ দর্শন করিয়া তাঁহারা আনন্দিত ও অনুরক্ত হইতেছেন, ইহা যুক্ত অর্থাৎ সম্চিত। আর ছৃষ্টমভাব রাক্ষদ, অস্থর, দানবাদি তোমার এই অলৌকিকরপ তো দেখিতে পাইতেছেই না, অধিকল্প তোমার দর্শন-প্রাপ্ত দেবাদি মহাত্মারা যে তোমার রূপগুণাদির মহিমা কীর্তন করিতেছেন, তাহা প্রবণেই ভীত হইয়া নানাদিকে পলায়ন করিতেছে। তাহাও যুক্ত অর্থাং সমূচিত। এই উভয়বিধ-অবস্থা দর্শনে মনে হয় যে, তোমার এইরপ প্রাণিগণের ভাবানুদারে অর্থাৎ যে যেমন তার প্রতি তেমন ভাব প্রকাশ হয়। শিষ্টের প্রতি অন্তগ্রহ এবং অশিষ্টের প্রতি নিগ্রহ দর্শনে তোমার সনকাদি সিদ্ধ ভক্তগণ উচ্চৈঃস্বরে ভোমার জয়গান পূর্বেক প্রণাম করিতেছেন; ইহাও যুক্ত অর্থাৎ সমূচিত। কারণ তুমি অভক্তের প্রতি উগ্ররূপধারী হইলেও ভক্তগণের কিন্তু একান্ত মনেহারী।

এই শ্লোকটী মন্ত্রশান্তে রক্ষোন্ন মন্ত্ররূপে প্রসিদ্ধ ॥ ৩৬॥

কল্মাচ্চ তে ন নমেরশ্বহাত্মন্ গরীয়সে ব্রহ্মণোইপ্যাদিকর্ত্তে। অনন্ত দেবেশ জগদ্ধিবাস ত্বসক্ষরং সদসত্তৎপরং যথ॥ ৩৭॥

অন্তর্য — মহাত্মন্! অনন্ত! দেবেশ। জগিরবাস। ব্রহ্মণঃ অপি (ব্রহ্মা হইতেও) গরীয়দে (গুরুতর) আদিকব্রে (আদিকারণ) [তুভাম্— তোমাকে] কম্মাৎ চ (কি নিমিত্ত বা) তে (তাঁহারা) ন নমেরন্? (নমস্কার করিবেন না?) সৎ-অসৎ পরং (কার্যা-কারণ হইতে শ্রেষ্ঠ) যৎ অক্ষরং (যে অক্ষর ব্রহ্ম) তৎ (তাহা) দ্বম্ (তুমি)॥ ৩৭॥

অনুবাদ—হে মহাঅন্! হে অনন্ত! হে দেবেশ! হে জগিরবাস! তুমি

वानवानग्रावा

বন্ধা হইতেও গুরুতর তত্ত্ব, আদি সৃষ্টিকর্তা, তুমিই সং ও অসং উভয়ের অতীত অক্ষরতত্ত্ব বন্ধা; তাঁহারা কেনই বা তোমাকে নমস্কার করিবেন না ? ॥৩৭॥

শ্রীভক্তিবিনোদ—হে মহাত্মন্! তুমিই ব্রহ্মাপেক্ষা শ্রেষ্ঠ ও আদি-কর্ত্তা, তাহারা তোমাকে কেন নমস্কার করিবে না? হে অনস্তদেব! হে জগিরিবাদ! তুমিই অক্ষররূপ জীবতত্ত্ব এবং সৎ ও অসৎ-রূপ প্রকৃতিতত্ত্ব হইতে উৎকৃষ্ট॥৩৭॥

শ্রীবলদেব—অথ ভগবতঃ দর্বনমস্তারমভিদধৎ দর্বব্যাপিরাৎ দর্বাাত্মকতাং প্রতিপাদয়তি, —কশ্মাচেতি চতুর্ভিঃ। হে মহাত্মনুদারমতে! হে অনস্ত দর্বব্যাপিন্! হে দেবেশ দর্বদেবনিয়স্তঃ! হে জগিরবাদ দর্বাশ্রয়! তে দিদ্ধসজ্যাস্তে তুভাং কশ্মাদ্ধেতোর্ন নমেরন্—আত্মনেপদং ছান্দসম্; অপি তু প্রণমেয়রেব তে। কীদৃশায়েত্যাহ, —ব্রন্ধণোহপি গরীয়দে গুরুতরায় যশ্মাদাদিকর্ত্রে তত্ত্বস্থাইকরায়েতি নমস্তব্বেহনেকে হেতবঃ দন্তীতি দম্চয়ালারারঃ; কিঞ্চ, যদক্ষরং প্রকৃতিসংসর্গি-জীবাত্মবন্ধ যচ্চ দদসৎকার্য্যকারণাবস্থং স্থুলস্ক্মভৃতং প্রকৃতিতত্ত্বং, তৎপরং যদিতি। তন্মাৎ প্রকৃতিসংস্থাজ্জীবাত্মতত্ত্বাৎ প্রমুৎকৃষ্টং ভিন্নং চ যামুক্তজীবাত্মতত্ত্বং, তচ্চ হমেব সর্বরূপ ইত্যর্থঃ॥ ৩৭॥

বঙ্গান্ধবাদ—অনন্তর ভগবান্ শ্রীক্রফের প্রতি সকলের নমশুত্ব ( সকলের পক্ষেই নমন্ধারের ) পাত্রত্বা প্রতিপাদন করিতে করিতে ( পুনঃ তাঁহার ) সর্বব্যাপিত্তে কর্বাত্মকতা প্রতিপাদন করিতেছেন—'কন্মান্চ' ইত্যাদি চারিটি শ্লোকদ্বারা, হে মহাত্মন্! হে উদারমতে! হে অনন্ত! হে সর্বব্যাপিন্! হে দেবেশ! হে সর্বদেবনিয়ামক! হে জগনিবাদ! হে সর্বব্যাপিন্! হে দেবেশ! হে সর্বদেবনিয়ামক! হে জগনিবাদ! হে সর্বাশ্রয়! সেই সকল সিদ্ধাণ তোমাকে কি জন্তু নমস্কার না করিবেন ?—'নমেরন্' এইপদে এখানে আত্মনেপদ ছন্দের অন্থরোধেই হইয়াছে—কিন্তু তাহারা প্রণাম করিবেই; কীদৃশগুণসম্পন্ন তোমাকে ( প্রণাম করে ) ইহাই বলা হইতেছে—বন্ধা হইতেও শ্রেষ্ঠ—গুরুতর ( এইরপ গুণসম্পন্নকে ) যেইহেতু আদিকত্বা অর্থাৎ চতুর্বিংশতিতত্ব ও ত্রিজগতের বিচিত্র তত্ত্বস্থিষ্ট করিবার যোগ্যতাসম্পন্নকে, এই রকম নমন্ধারের প্রতি অনেক হেতু আছে—এই হেতু ইহা সমৃচ্ছনালন্ধার। আরও—যেই অক্ষর প্রকৃতি-সংসর্গিজীবাত্মারূপ বন্তু, ঘাহা সৎ ও অসৎ কার্য্য-কারণাবন্ত্রাপন, স্কুল ও স্ক্রেভ্ প্রকৃতিতত্ত্বন্ধপ, তাহা হইতে পর যাহা, ইতি। অতএব প্রকৃতি সংস্কৃত্ত

वानकारग्रावा ३३।३

জীবাত্মতত্ব হইতে ও উক্তরপ জড় প্রকৃতির তব্ব হইতে প্রম উংকৃষ্ট এবং ভিন্ন যে মৃক্ত জীবাত্মতব্ব, তাহা সর্বরূপ তুমিই—ইহাই তাৎপর্যা॥ ৩৭॥

অনুভূষণ—পূর্বশ্লোকে অর্জুন শ্রীভগবানের দর্বনমশ্রত বর্ণন করিয়া বর্তমানে শ্রীভগবান্ দর্বব্যাপী বলিয়া যে দর্বাত্মক; তাহাও প্রতিপাদন করিতেছেন। অর্জুন বলিলেন—দেব, ঋষি, গন্ধর্বা, দিন্ধ, প্রভৃতি দকলেই তোমাকে প্রণাম ও ভক্তি করিবেই, না করিয়াই পারিবে না; কারণ তুমি একমাত্র মন্বিতীয়, অত্যুদ্ধত শক্তি-সম্পন্ন দর্বশ্রেষ্ঠ পরম পুরুষ। বিশ্বস্থা বন্ধারও আদিশ্রত্তা তুমি; স্বতরাং বন্ধাপেক্ষাও গরীয়ান্। তুমিই যাবতীয় দেবাদি, চেতনাচেতন দকলেরই স্রত্তা ও হেতুভূত মূল পুরুষ। স্বতরাং তোমার নমশ্রত্ব-দন্ধন্ধে দর্বহেতু বর্তমান থাকায়, উহাতে বিশ্বয়ের বা আপত্তির কোন কারণ নাই।

অজ্বন ইহাও বলিলেন যে, শ্রীভগবান্ শুধু যে সকলের নমস্থ তাহা নহে, তিনি সর্বায়ক বলিয়া সর্বময়। তিনি অক্ষর-ব্রদ্ধতয়, জীবতয়, প্রকৃতিতয়নকল হইতে পরম উৎকৃষ্ট ও ভিন্ন, ভিন্ন হইলেও তাঁহার অচিস্তাশক্তি হইতে সকল তরের প্রকাশ হয় বলিয়া, তিনিই সব বা সর্বরূপ ইহাও বলা হয়। তাই বলিয়া, সকলই ভগবান্ বা ভগবানের সহিত সমান; ইহা কিন্তু নহে। সকলই তাঁহার শক্তির কার্য্য বলিয়া সব—তিনি। কারণ তিনি বাতীত কাহারও পৃথক্ আকরম্ব নাই বা থাকিতে পারে না। কাজেই তিনি সর্বায়ণ সর্বাকর বলিয়া তাঁহাকে সব বলা যায়। যেমন শ্রুতি বলিয়াছেন, 'সর্বাং খলিদং ব্রহ্ম' (ছাং ৩১৪।১), "নেহ নানান্তিকিঞ্চন" (রং ৪।৪।১৯) (কঠ ২।১।১১)। এস্থলে জীব-জড়াত্মক বিশ্ব সমস্তই ব্রহ্ম; ব্রহ্ম ব্যতীত আর কিছুই নাই। কিন্তু আবার "নিত্য নিত্যানাং চেতনশ্রেনানামেকো বছুনাং যো বিদ্ধাতি কামান্"। (কঠ ২।১৩ ও শ্রে ৬।১০) এই শ্রুতিবাক্যে বন্ধর নানাম্ব এবং অনেক নিত্যবস্ত্ব স্বীকৃত হইয়াছে। অতএব অচিস্ত্যাভেদাভেদ সিদ্ধান্তই শ্রুতিসম্বত স্থবিমল তত্ব।

জীবকে যে ব্রহ্ম বলা হয়, তাহাও মৃক্ত জীবকেই ব্রহ্ম বলা হয়, মৃত্তক শুতিতে পাওয়া যায়,—"স যো হ বৈ তং পরমং ব্রহ্ম বেদ ব্রহ্মের ভবতি (৩)২০০) অর্থাৎ যিনি সেই পরব্রহ্মকে জানেন, তিনিই ব্রহ্ম অর্থাৎ ব্রহ্মবং व्यापक नामक नाम् नाचा

শুদ্ধরাদি হেতু ব্রহ্ম-সাদৃশ্য লাভ করেন। ব্রহ্ম ও পর্ম ব্রহ্ম কথা হুইটিরও ভাৎপর্যা বিচার করা দরকার॥ ৩৭॥

#### ত্বমাদিদেবঃ পুরুষঃ পুরাণস্থমশু বিশ্বস্থ পরং নিধানম্। বেত্তাসি বেত্যঞ্চ পরঞ্চ ধাম ত্বয়া ততং বিশ্বমনন্তরূপ ॥ ৩৮॥

অন্তর্ম — রম্ (তুমি) আদিদেবঃ পুরাণঃ (প্রাচীনতম) পুরুষঃ, রম্ (তুমিই)
অস বিখন্ত (এই বিখের) পরং নিধানম্ (একমাত্র লয়স্থান) [ রম্—তুমি ]
বেতা বেতাং চ (বেতা ও বেতা) অসি (হও) পরং ধাম চ (ও পরম ধাম)
অনন্তরূপ! ত্বয়া (তোমা কর্তৃক) বিশ্বং (বিশ্ব) ততম্ (বাাপ্র
রহিয়াছে)॥ ৩৮॥

অসুবাদ—তুমি আদিদেব ও সনাতন পুরুষ, তুমি এই বিশ্বের লয়স্থান, তুমি বেতা ও বেছা এবং গুণাতীত পরমধাম স্বরূপ; হে অনন্তরূপ! এই বিশ্ব তোমার দারা ব্যাপ্ত রহিয়াছে॥ ৩৮॥

প্রীভক্তিবিনোদ—তুমিই আদিদেব সনাতন পুরুষ, তুমিই এই বিশ্বের একমাত্র আশ্রয়, তুমিই বেক্তা ও বেগ্য এবং গুণাতীত পরবোমাথা ধাম; হে অনস্তরূপ! তোমা-মারাই এই বিশ্ব ব্যাপ্ত হইয়াছে॥ ৩৮॥

ত্রীবলদেব—ত্বমিতি। পরং নিধানং পরমাশ্রয়ো—'নিধীয়তেইশ্মিন্' ইতি
নিরুক্তে:। জগতি যো বেত্তা, যচ্চ বেছাং, তত্ত্তয়ং ত্বমেব। কুত এবমিতি
চেত্তরাহ,—যবয়া বিশ্বমিদং ততং তদ্যাপিত্বাদিতার্থ:; যচ্চ পরং ধাম
পরমবাোমাথাং প্রাপাস্থানং তদপি ত্বমেব পরাথাত্বচ্ছক্তিবৈত্বত্বাত্তশ্র ধায়ঃ ॥৩৮॥

বঙ্গাসুবাদ—'দ্বমিতি' পরমনিধান—পরম আশ্রম (তুমি) যাহাতে নিহিত অধাং 'স্থিত হয়' এই ব্যুৎপত্তিহেতু। এই জগতে যিনি জ্ঞাতা, এবং যাহা জ্ঞানের বিষয়—এই হুইটি তুমিই। কিহেতু এইরূপ ? ইহা বলা হইলে, তত্ত্তরে বলা হইতেছে—যেই হেতু তোমাকর্ভ্ক এই বিশ্ব পরিব্যাপ্ত; তোমার ব্যাপকত্ব হেতু। যাহা পরমব্যোমরূপ শ্রেষ্ঠধাম ও প্রাপাস্থান তাহাও তুমি। দেই ধামের তোমার পরাথ্য-শক্তির বৈভবত্ব হেতু॥ ৩৮॥

অসুভূষণ—শ্রীভগবানই আদিদেব অর্থাং দেবগণেরও আদি। তিনিই দকলের পরম আশ্রয়, জগতে যাহা বেদিতবা এবং যিনি বেতা, দকলই শ্রীভগবান্। কারণ তিনি দর্মব্যাপক, যাহা পরম ধাম অর্থাং পরব্যোমাথা প্রাপ্য-স্থান তাহাও তিনি; কারণ তাঁহার পরাশক্তির বৈভবই ধাম।

শ্বতাশ্বতরোপনিষদেও পাওয়া যায়,—

"তমীশ্বাণাং পরমং মহেশ্বং
তং দেবতানাং পরমঞ্চ দৈবতম্।
পতিং পতীনাং পরমং পরস্তাদ্
বিদাম দেবং ভুবনেশমীভাম্॥" ( ৬।৭ )

আরও পাওয়া যায়,—

"পরাস্থ শক্তির্বিবিধৈব শ্রমতে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ" (৬৮৮) ॥৩৮॥

বায়ুর্যমোহগ্রির্বরুণঃ শশাঙ্কঃ প্রজাপতিস্থং প্রপিতামহশ্চ। নমো নমস্তেহস্ত সহস্রকৃত্বঃ পুনশ্চ ভুয়োহপি নমো নমস্তে॥ ৩৯॥

অন্তর্ম — ত্ম ( তুমি ) বায়ুং, যমং, অগ্নিং, বরুণং, শশাক্ষং (চন্দ্র), প্রজাপতিং, প্রপিতামহং চ, তে (তোমাকে ) নমং অস্ত ( নমস্কার ) সহস্রকৃত্বং নমং ( সহস্রবার নমস্কার ) পুনশ্চ নমং ( পুনরায় নমস্কার ) ভূয়ং অপি ( পুনর্কারও ) তে (তোমাকে ) নমং ( নমস্কার ) ॥ ৩৯॥

অনুবাদ—তুমি বায়, যম, অগ্নি, বরুণ, চন্দ্র, প্রজাপতি এবং ব্রহারও পিতা অতএব তোমাকে নমস্কার, সহস্রবার নমস্কার, পুনরায় নমস্কার, পুনর্কারও নমস্কার॥ ৩৯॥

শ্রীভক্তিবিনোদ—তুমিই বায়, যম, বহ্নি, বরুণ, চন্দ্র ও প্রজাপতি বন্ধা; অতএব তোমাকে আমি সহস্রবার প্রণাম করি এবং পুনরায় নমস্কার করি ॥৩৯॥

ত্রীবলদেব—অতঃ সর্বাশনবাচান্ত্রিতাহ,—বাষ্বিতি। সর্বদেবোপলকণং বাম্বাদিসর্বদেবরপন্থং প্রজাপতিশ্চত্রান্তঃ পিতামহন্তং তৎপিতৃত্বাৎ প্রপিতামহন্তং ভবসি কলগাদিষু কনকন্তেব চিদচিচ্ছক্তিমতন্তব কারণন্ত বাম্বাদির্ ব্যাপ্তেন্তবং সর্বার্থমতঃ সর্বানমন্তোহদীতি ময়া তং নমন্তবে ইত্যাহ,—
নমো নম ইতি॥ ৩০॥

বলান্দ্রবাদ—অতএব সকল শব্দের বাচাও তুমি—ইহা বলা হইতেছে— 'বায়্রিতি', বায়্-শব্দ সমন্ত দেবতার উপলক্ষণ, বায়্ আদি সমন্ত দেবরূপ তুমি। চতুর্ম্ব প্রজাপতি পিতামহ বন্ধাও তুমি, তাঁহার পিতৃত্বহেতু প্রপিতামহও তুমি হও, কারণ—কহনাদিতে স্বর্ণের মত চিং ও অচিং শক্তিমান্ কারণস্বরূপ ডোমার বায়্ প্রভৃতিতে ব্যাপ্তি আছে অর্থাৎ তুমি সর্বব্যাপী বলিয়া সেই সেই দর্বরপেই তুমি বর্ত্তমান আছ। এই জন্ম তুমি দকলের নমশ্র অর্থাৎ নমস্কারের পাত্র হইতেছ, আমাকর্তৃকও তুমি নমশ্র হইতেছ—ইহাই বলা হইতেছে—'নমো নমঃ' ইতি॥ ৩০॥

তারস্ভূষণ—অর্জুন বলিতেছেন যে, যেমন কন্ধণাদিতে স্বর্ণই কারণ সেইরূপ চিং ও অচিং শক্তিমান্ শ্রীভগবান্ বায়ু আদি সকলের কারণ অর্থাৎ শক্তিরূপে সকলের মধ্যে ব্যাপ্ত আছেন, স্কৃতরাং তিনিই সর্বারূপ এবং সকলেরই নমশু॥ ৩৯॥

নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতন্তে নমোহস্ত তে সর্বত এব সর্ব। অনন্তবীর্য্যামিতবিক্রমস্তুং সর্বাং সমাপ্নোষি ততোহসি সর্বাঃ।। ৪০।।

তার্য — সর্বা! (সর্বাত্মন্!)তে (তোমার) পুরস্তাৎ (সন্মৃথে) অথ (অনন্তর) পৃষ্ঠতঃ (পশ্চাতে) নমঃ (নমস্কার) তে (তোমার) সর্বতঃ এব (সকল দিকেই) নমঃ অস্ত (নমস্কার হউক) অনন্তবীর্য্যামিতবিক্রমঃ (অনস্ত শক্তিধর ও অসীম পরাক্রমশালী) স্বম্ (তুমি) সর্বাং (সমগ্র বিশ্ব) সমাপ্রোধি (ব্যাপ্ত করিয়াছ) ততঃ (সেই হেতু) [স্বম্—তুমি] সর্বাঃ অসি (সর্ব্ব হও)॥৪০॥

তাসুবাদ—হে সর্বস্থির ! তোমার সমুথে, অনন্তর পশ্চাতে এবং সর্বাদিকে নমস্থার, অনন্তবীর্যা ও পরাক্রমশালী তুমি, সমগ্র বিশ্বকে ব্যাপিয়া আছ, অতএব তুমিই সর্বা ॥ ৪০॥

শ্রীভক্তিবিনোদ—তোমার সম্মুখে, পশ্চাতে এবং সর্বাদিকে তোমাকেই নমস্কার করি; হে অনস্তবীর্যা! তুমিই অপরিমেয়-শক্তিসম্পন্ন, তুমিই সমস্ত-জগতে ব্যাপ্ত, অতএব তুমিই সর্বা॥ ৪০॥

শ্রীবলদেব—ভক্তাতিশয়েন নমন্বাবেশ্বলং ভাবমবিদন্ বহুক্তবঃ প্রণমতি,

—নমঃ পুরস্তাদিতি। হে দর্মা! পুরস্তাৎ পৃষ্ঠতঃ দর্মতশ্চ স্থিতায় তে নমো
নমোহস্ত। জনস্তেতি কর্মধারয়ঃ; বীর্ষ্যং দেহবলং বিক্রমস্ত ধীবলং
শক্ষপ্রয়োগাদি-প্রাবীণ্যরূপম্,—একং বীর্ষ্যাধিকং মন্তাতৈকং শিক্ষয়াধিকমিতি
ভীমত্র্য্যোধনাবৃদ্দিশ্রোক্তো। দর্মরূপত্বে হেতুমাহ,—দর্মং দমাপ্রোধীতি।
এবমেবোক্তং শ্রীবৈশ্ববে,—"যোহয়ং ত্বাগতো দেবসমীপং দেবতাগণঃ।
দ অমেব জ্বগৎশ্রন্তা মতঃ দর্মগতো ভ্বান্" ইতি॥ ৪০॥

বজাসুবাদ—ভক্তির আতিশযাহেতু (পাত্র বলিয়া) নমস্কারের পর্যাপ্তি

ইহা না জানার জন্তই বহুবার প্রণাম করিতেছেন—'নমঃ পুরস্তাদিতি'। হে সর্বা! সম্মুথে, পশ্চাতে ও সমস্তদিকে স্থিত তোমাকে নমস্কার; অর্থাৎ আমার নমস্কার হউক। অনন্ত বীর্যা ও অধিক বিক্রম এইরূপে ইহা কর্মধারয়-সমাস। বীর্যা—দেহের বল, বিক্রম—কিন্তু বুদ্ধি বল, অর্থাৎ শস্ত্রপ্রয়োগাদি প্রাবীণা; এক ভীমকে বীর্যাধিক মনে করিয়া হুর্যোধনকে শিক্ষার দ্বারাই অধিক মনে করিয়া ইহা ভীম ও হুর্যোধনকে উদ্দেশ করিয়াই বলা হইয়াছে।— তুমি অনন্ত বল ও শন্তপ্রয়োগে অসাধারণ প্রবীণ। সর্বরূপত্বে হেতুর কথা বলা হইতেছে—'সর্বাং সমাপ্রোধীতি'। যেহেতু সর্বাব্যাপী! এইরক্মই বলা হইয়াছে শ্রীবিষ্ণুপুরাণে—"এই যে দেবগণ তোমার নিকটে আদিয়াছেন ইহাও তুমি, যেহেতু তুমি সকলের উপাদান কারণ, এবং তুমি সর্বাণত॥ ৪০॥

অনুভূষণ—অর্জন শীরুঞ্কে সকলের নমস্য জানিয়া সেই সর্বা-দেবময় তাঁহাকে পুনঃ পুনঃ নমস্বার করিতে লাগিলেন। অতিশয় শ্রদ্ধা ও আদরবশতঃ নমস্বারের পর্য্যাপ্তি না পাইয়া সমুখে, পশ্চাতে, সর্বাদিকে সেই অনস্তবীর্য্য, অপরিমেয় শক্তিশালী সর্ব্যাত্মা সক্ষর্ত্বপ শীরুঞ্চকে নমস্বার করিলেন।

শ্রীমন্তাগবতে শ্রীন্তক-বাক্যেও পাওয়া যায়,—

"বস্তুতো জানতামত্র কৃষ্ণং স্থান্ধ্র চরিষ্ণু চ। ভগবদ্রপমথিলং নান্যদ্বস্থিহ কিঞ্চন॥" (১০।১৪।৫৬)

এতৎপ্রসঙ্গে গীঃ- ৭।১ ন শ্লোকও দ্রন্থব্য ॥ ৪০॥

সংখতি মত্বা প্রসভং যত্নজং হে কৃষ্ণ হে যাদব হে সংখতি। অজানতা মহিমানং তবেদং ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি॥ ৪১॥ যচ্চাবহাসার্থমসৎকৃতোহসি বিহারশয্যাসনভোজনেষু। একোইথবাইপ্যচ্যুত তৎসমক্ষং তৎ ক্ষাময়ে তামহমপ্রমেয়ম্॥ ৪২॥

ত্বর্বর (তোমার) ইদং মহিমানং (এই মহিমা) অঞ্চানতা (না জানিয়া) প্রমাদাৎ (প্রমাদবশতঃ) প্রণয়েন বা অপি (অথবা প্রণয়বশতঃ) স্থা ইতি মহা (স্থা এইরপ মনে করিয়া) হে কৃষ্ণ! হে যাদব!হে স্থে! ইতি (এই প্রকার) মং (যাহা) ময়া (আমাকর্তৃক) প্রসভং (হঠভাব-সহিত) উক্তং (কথিত হইয়াছে), অচ্যুত! বিহারশয়্যাসনভোজনেমু (ক্রীড়া-শয়ন-উপবেশন ও ভোজন-সময়ে) একঃ (নির্জ্জনে) অথবা তৎসমক্ষং (তাহাদের

বা আর আর বন্ধুজনের সমক্ষে) অবহাসার্থং (পরিহাস-নিমিত্ত) অসংকৃতঃ মসি (অসৎকার প্রাপ্ত হইয়াছ) তৎ (সেই সকল) অপ্রমেয়ম্ (অপ্রমেয় মর্থাং পরিমাপের অতীত) বাং (তোমার কাছে) ক্ষাময়ে (ক্ষমা চাহিতেছি)॥ ৪১-৪২॥

অসুবাদ—তোমার এই বিশ্বরূপ সহন্ধীয় মহিমা অবগত না হইয়া প্রমাদ-বশতঃ অথবা প্রণয়বশতঃ, তোমাকে সথা মনে করিয়া, হে রুঞ্চ! হে ঘাদব! হে সথে! ইত্যাদি সম্বোধন, সামাজিক অভিমান সহকারে করিয়াছি; হে অচ্যুত! বিহার, শয়ন, উপবেশন ও ভোজনাদি-সময়ে একাকী স্থিতি কালে অথবা বন্ধুজনের সমক্ষে, পরিহাস পূর্বক যে অসৎকার করিয়াছি, সেই সমস্ত অপরাধের জন্ম অপ্রমেয় বিরাট্ পুরুষ তোমার নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি॥ ৪১-৪২॥

প্রীভক্তিবিনোদ—হে কৃষ্ণ! হে যাদব! হে স্থে! তোমাকে যে এইরপ সামাজিক অভিমান-সহকারে স্থোধন করিয়াছি, তাহাতে কেবল তোমার বিশ্বরূপসম্বন্ধ মহিমার অজ্ঞানতাই লক্ষিত হয়, অতএব কথনও কথনও প্রমাদপূর্ব্বকই সেইসকল উক্তি করিয়াছি; বিহার, শয়ন ও ভোজন-সম্বে তোমাকে পরিহাস-পূর্ব্বক অসৎকার করিয়াছি, তাহা কথনও কোন বন্ধজনের স্মক্ষে, কথনও বা একাকী স্থিতিসময়ে কৃত হইয়াছে,—সেই সহম্র অপরাধ তুমি ক্ষমা কর॥ ৪১-৪২॥

শ্রীবলদেব—এবমর্জনঃ সহস্রশীর্ষাদিলক্ষণং স্বস্থং কৃষ্ণং বিলোক্য সংস্কৃত্য প্রণমা চ স্বস্থাইন্তর্মধ্যজ্ঞানসংমিশ্রেরান্তদন্তর্মপমন্ত্রনমতি,—সংথতি দ্বাভ্যাম্। কৃষ্ণো ভগবামে সথা মিত্রমিতি মরা নিশ্চিত্য তবেদং সহস্রশীর্ষাদিলক্ষণং মহিমানমজানতানমুভবতা ময়া প্রমাদাদনবধানতঃ প্রণয়েন স্থা-প্রশ্বা বা যবাং প্রতি প্রসভং হঠাত্তকং, তদিদানীং ক্ষাময়ে ক্ষয়ামি। কিং তদিতি চেং তত্রাহ,—হে ক্ষেত্যাদি। সথেতীত্যক্র সন্ধিশ্হালদাঃ। এতানি দ্রীণি সম্বোধনান্তনাদরগর্ত্তাণি;—হে ক্ষেত্যক্র শ্রীপ্র্বক্সভাবাৎ, হে যাদবেত্যক্র রাজ্যবংশ্বভাবাবেদেনাৎ, হে সথেত্যক্র সবয়ম্বমাক্রস্ক্রনাং। কিঞ্চ, যচ্চ বিহারাদিধবহাসার্থং পরিহাসায়াদংক্তোহদি সত্যবাক্ সরলো নিক্রপটস্থমিত্যবংবাঞ্জকশকৈরবজ্ঞাতোহদি। একঃ স্থীন্ বিনা বিজ্ঞনে স্থিতস্তৎসমক্ষং বা তেষাং পরিহস্তাং স্থীনাং পুরতো বা স্থিত ইত্যর্থ:।

তৎসক্ষরচনরপমসৎকাররপং বাপরাধজাতং ক্ষাময়ে—ক্ষমস্ব প্রভা ভগবরিতা-কুনয়ামি। হে অচ্যুতেতি সতাপাপরাধেহবিচ্যুতস্থেতার্থঃ। অপ্রমেয়মতর্ক্য-প্রভাবম্॥ ৪১-৪২॥

বঙ্গালুবাদ—এই প্রকারে অর্জুন সহত্রমস্তকাদি লক্ষণ বিশিষ্ট স্বীয় স্থা कृष्ट्रक (मिश्रा, खन कतिया धनः खनाम कतिया सीय नकूछ्व धेर्या छ জ্ঞানের সংমিশ্রণ হেতু তাহারই অহরপ অহনয়াদি করিতেছেন—স্থা ইতাাদি তুইটি শ্লোক দারা। কৃষ্ণ ভগবান্ আমার স্থা ও মিত্র ইহা মনে করিয়া ( অর্থাৎ ) স্থির করিয়া তোমার এই সহস্রশীর্ষতাদি লক্ষণ সম্পন্ন মহিমাকে না জানিতে পারিয়া ও অন্তব করিতে না পারিয়া আমাকর্তৃক প্রমাদ অথাং অনবধানতাবশেই এবং অতিশয় ভালবাসার জন্ম অথবা স্থা সম্পর্কীয় প্রেমবশতঃ আমি যে তোমার প্রতি প্রসভ অর্থাৎ আববেকে विनियाहि, जाशांत এथन क्यां आर्थना कतिराजिह। कि विनियाहि, देश यिन वल, भ्रष्टे मम्मर्क वला श्रेटिएह— १२ कृष्णि जाि । मृथ् हे जि ( मृथ्यि ) হওয়া উচিত ছিল কিন্তু এখানে সন্ধি ছন্দের অমুরোধেই। এই তিনটি সম্বোধন অনাদরের স্চক বা অনাদরবাঞ্জক। হে কৃষ্ণ! এখানে প্রী-শব্দ (कृष्कित) भूर्वि ना थोकांत्र रहिलू जनामत्। रह याम्व! এथान বাজবংশীয়ত্বের অভাব বুঝাইভেছে। হে স্থা! এথানে স্মান ব্যস্ক্ষাত্র স্চনা করার জন্ম; আরও—বিহারাদিতে উপহাদের জন্ম বা পরিহাদের জন্ম আমি তোমার প্রকৃত মর্য্যাদা রক্ষা না করিয়া অসৎকার করিয়াছি, অর্থাং সত্যবাক্, সরল ও নিম্নপট তুমি, —এই ভাব-ব্যঞ্জক শব্দের দারা তুমি আমাকত্তক অবজ্ঞাত হইয়াছ। এক স্থাগণভিন্ন নির্জ্জনে থাকিয়া অথবা তোমার নামনে থাকিয়া, অথবা পরিহাসকারী স্থাগণের সামনে থাকিয়া,—ইহাই অর্থ। অতএব দৈই সমস্ত বাক্যের বারা অসৎকার বা অপরাধমূলক সেই কার্যা कता रहेग्नारह, जारा कमा कता रह लाखां! रह जगवन्! এই जारव अञ्चय বিনয় করিতেছি, হে অচ্যুত! ইহার দারা অপরাধ থাকিলেও তুমি কিন্তু তাতে বিচলিত না হইয়া স্থা-হেতু অচ্যুতই থাক। অপ্রমেয়—তর্কের অতীত প্ৰভাব ॥ ৪১-৪২॥

অকুভূষণ—অৰ্জ্ন স্বীয় স্থা শ্ৰীকৃষ্ণকে সহস্ৰ-শীৰ্ষাদি-লক্ষণযুক্ত দৰ্শন করিয়া তাঁহাকে পূর্ব্বোক্ত প্রকারে স্তব ও প্রণাম বিধানকরতঃ এক্ষণে স্বীয়

স্থার প্রতি ঐশ্বর্যা-জ্ঞানমিশ্র ভাবহেতু তদমুরূপ অমুনয়াদি ছইটি শ্লোকে করিতেছেন। অর্জ্বন বলিতেছেন যে, তোমাকে সথা, মিত্র প্রভৃতি জ্ঞানে তোমার এই অনন্ত ঐশ্বর্যাদি পরিপূর্ণ সহস্রশীর্ষাদি-লক্ষণ-বিশিষ্ট অত্যন্তুত মহিমাবিষয়ক জ্ঞানের অভাবে প্রমাদবশতঃ অথবা স্থা-প্রেমের দারা চালিত হইয়া বলপ্ৰ্যক হঠতাসহকারে যে সকল কথা বলিয়াছি, তাহার জন্য একণে ক্ষা প্রার্থনা করিতেছি। যদি বল যে, সে সকল কথা কি ? তত্ত্তেরে বলিতেছেন যে, প্রথমতঃ তোমাকে যে আমি কৃষ্ণ সংখ্যধন করিয়াছি, তাহাতে আমার অপরাধ হইয়াছে কারণ কৃষ্ণ শব্দের প্রারম্ভে 'শ্রী'পদের প্রয়োগ করি नाई। विजीयजः यान्य-भय्नत्र वाता जामात्र क्वल वर्षात्र উल्लंथ इहेगाइ কিন্তু তুমি রাজবংশোদ্ভব তাহা জ্ঞাপিত হয় নাই। তাহাতে আমার অপরাধ হইয়াছে। তৃতীয়তঃ তোমার প্রতি দ্থা-শব্দ-ব্যবহারে কেবল সম্বয়স্কতাই স্চিত হইয়াছে, ইহাতেও আমার অপরাধ ঘটিয়াছে। অজ্বন এতদিন আদর ও প্রণয়বশতঃ যে সকল সম্বোধন করিতেন, আজ মহাঐশ্বর্যাময় বিশ্বরূপ দর্শনে ঐশ্বহাজ্ঞানের উদয় হওয়ায় স্বাভাবিক স্থার্স বিশ্বত হইয়া, এতদিন স্থার্নে শ্রীকৃষ্ণকে যে সকল উক্তি করিয়াছেন, তাহা যুক্তিযুক্ত হয় নাই মনে করিয়া ক্ষমা প্রার্থনা করিতেছেন। এতদিন যাহা আদর ও প্রণয়স্চক ভাবে বলিয়াছেন, আজ তাহা অজ্ঞানতাবশতঃ অবজ্ঞাস্চক ভাবে হইয়াছে, মনে করিয়া নিজেকে অপরাধী জ্ঞান করিতেছেন এবং অনুতাপ করিতেছেন।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাই যে,—অর্জ্বনের 'রুফ্ন' সন্বোধনে তাঁহাকে বহুদেব-নামধারী অর্জ্বরথন্তেও অপ্রসিদ্ধ নরের পুত্র কৃষ্ণ বলিয়া প্রাক্তি কিন্তু তিনি অতিরথ নরপতি পাতৃর পুত্র অর্জ্জ্বন নামে প্রসিদ্ধ বলিয়া বাক্ত করিয়া অবজ্ঞাই করা হইয়াছে। 'হে যাদব' সন্বোধনেও যতৃবংশায় কক্ষের রাজন্ব নাই, কিন্তু পুরুবংশীয় অর্জ্জ্বনের রাজন্ব আছেই, ইহাতেও অবজ্ঞা প্রকাশিত হইয়াছে, তৃতীয়তঃ 'হে সথে' এই সন্বোধনেও অর্জ্জ্বনের রুফ্ণের সঙ্গের কাশিত হইয়াছে, তৃতীয়তঃ 'হে সথে' এই সন্বোধনেও অর্জ্জ্বনের রুফ্ণের সঙ্গের কাশিত হইয়াছে, তৃতীয়তঃ 'হে সথে' এই সন্বোধনেও অর্জ্জ্বনের রুফ্ণের কক্ষের কাশিত হইয়াছে, তৃতীয়তঃ কাশি সন্বন্ধের প্রভাব নাই, কেবল ব্যক্তিগত সক্ষ্ণ-মাত্র। স্বতরাং এগুলি প্রমাদবশতঃ অজ্ঞান ও অহন্ধার-বিদ্ধৃত্তিত অবজ্ঞা ও অনাদর-সহকারে প্রয়োগ হইয়াছে বলিয়া অর্জ্জ্বন অন্তব্য হইয়া এক্ষণে ক্ষমা প্রার্থনা করিতেছেন। অর্জ্জ্বন আরও মনে করিতেছেন

वानुकार्ग्याका

যে, এরিক্ষের এই বিশ্বরূপ-মহিমা না জানিয়াই তিনি প্রমাদবশতঃ অথবা প্রণয়মূলক ক্ষের্বশে পরিহাস পূর্বক ক্রীড়াদিতে তিরন্ধার করিয়াছেন, কথনও সত্যবাদী, নিদ্রপট, পরম সরল ইত্যাদি ব্কোক্তির দ্বারাও তিরন্ধার করা হইয়াছে। কথনও নির্জনে—একাকী, কথনও বা পরিহাসপর স্থাগণের সমক্ষে এইরূপ ব্যবহার হওয়ায় সর্বপ্রকারে সহত্র সপরাধ হইয়াছে মনে করিয়া আজ—হে প্রভো! ক্ষমা কর ইত্যাদি বলিয়া অন্তনয়

মজ্ব ইহাও বলিলেন যে, হে অচ্যুত! আমার অদংখ্য অপরাধ হইলেও তোমার সংগ্রের কখনও চ্যুতি হয় নাই। ইহা তোমার অপ্রমেয়— মতর্ক্য-প্রভাব॥ ৪১-৪২॥

> পিভাসি লোকস্ম চরাচরস্থ ত্বমস্থ পূজ্যশ্চ গুরুর্গরীয়ান্। ন ত্বৎসমোহস্ত্যভ্যধিকঃ কুভোহস্থো। লোকত্রয়েহপ্যপ্রভিমপ্রভাব॥ ৪৩॥

তাষ্য়—অপ্রতিমপ্রভাব! ত্ম (তুমি) অস্ত চরাচরস্ত (এই চরাচর)
লোকস্ত (লোকের) পিতা অসি (পিতা হও) পূজ্য: গুরুঃ (পূজ্য ও গুরু)
গরীয়ান্চ (এবং গুরুশ্রেষ্ঠ) লোকত্রয়ে অপি (ত্রিভূবনেও) ত্বং সমঃ (তোমার
সমান) অন্যঃ ন অস্তি (অন্য নাই) অত্যধিকঃ কৃতঃ (তোমা অপেকা অধিক
আর কোপায় ?)॥ ৪৩॥

তানুবাদ—হে অপ্রমেয় প্রভাবশালিন্। তুমি এই চরাচর বিশ্বের পিতা, পূজা, গুরু ও গুরুশ্রেষ্ঠ, ত্রিলোকে তোমার সমান কেহই নাই, অধিক আর কোথা হইতে হইবে ? ॥ ৪৩ ॥

শ্রীভক্তিবিনোদ—তুমিই এই-জগতের পিতা, পূজা ও প্রধান শুক, তোমার সমান কেহই নাই, তোমা অপেক্ষা কাহারও অধিক হওয়া দ্রে থাকুক, এই লোকত্রয়ে তুমিই অপ্রতিমপ্রভাব ॥ ৪৩ ॥

শ্রীবলদেব—অপ্রমেয়তামাহ,—পিতাদীতি। অস্ত লোকস্ত পিতা প্জ্যো গুরু: শাস্ত্রোপদেষ্টা চ অমি ; অতঃ দর্কোঃ প্রকারের্গরীয়ান্ গুরুতরন্তম্; হে অপ্রতিম-প্রভাব! অতাহিম্মিন্ লোকত্রয়ে নিথিলেইপি জগতি সংসম

चानवर्गार्गावा

এব নান্তি, দ্বিতীয়স্থ পরেশস্থাভাবাদেব অদ্ধিকোহন্তঃ কুতঃ স্থাৎ ? শ্রুতিশৈচবমাহ,—"ন তৎসমশ্চাভাধিকশ্চ দৃশ্যতে" ইতি॥ ৪৩॥

বঙ্গান্দুবাদ—অপ্রমেয়তার বিষয় বলা হইতেছে—'পিতাসীতি', এই বিলোকের পিতা, পূজা ও গুরু অর্থাৎ শাস্ত্রোপদেষ্টা তুমিই হইতেছ। অতএব দকল প্রকারেই তুমি গরীয়ান্ গুরুতর তুমি। হে অপ্রতিম প্রভাব! এই হেতু এই ত্রিলোকে—নিথিল জগতেও তোমার সমান কেহ নাই। দ্বিতীয় পরমেশরের অভাববশতঃই তোমার চেয়ে অধিক অন্ত কে আছে? (কোথা হইতে হইবে?) শ্রুতিও এই প্রকার বলিয়াছেন—"তাঁহার সমান এবং তাঁহার চেয়ে অধিক দৃষ্ট হইতেছে না"॥ ইতি॥ ৪৩॥

অসুভূষণ—পূর্ব্বোক্ত অপ্রমেয়-প্রভাবের কথা বলিতে গিয়া অর্জুন বলিলেন যে, তুমি এই চরাচর বিশ্বের অর্থাৎ জগতের স্রষ্টা, অর্থাৎ পিতা, এবং পরম পূজনীয় অর্থাৎ দেবাদি সকলেরই আরাধ্য। তুমি সকলের গুক, শাস্ত্রোপদেষ্টা আচার্যাবর্গেরও গুরু। তোমার শ্রীমুথে যে শাস্ত্রোপদেশ পাওয়া যায়, তাহার তুলনা নাই। যেমন পাওয়া যায়,—

"গীতা স্থগীতা কর্তব্যা কিমন্যৈ: শাস্ত্রবিস্তব্য:।

যা স্বয়ং পদ্মনাভস্ত মৃথপদ্মাৎ বিনিস্তা।"
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের বাক্যেও পাওয়া যায়,—

"সাধু পাওয়া কষ্ট-বড় জীবেরে জানিয়া।

সাধু-গুক্-রূপে কৃষ্ণ আইলা নদীয়া।"

শ্রীচৈতন্য মহাপ্রভু ষয়ং ভগবান্ পরাৎপরতব্ব হইয়াও কলিয়্গপাবনাবতারী-রপে অবতীর্ণ হইয়া আচার্যারপে আচরণপ্র্বাক যে শিক্ষা দিয়াছেন, তাহা অতুলনীয়। অন্ত কোন আচার্যাের শিক্ষার সঙ্গে তাহার তুলনা হয় না। স্থতরাং শ্রীভগবানই সর্বাশ্রেষ্ঠ গুরু। অপ্রতিমপ্রভাব সম্বন্ধে আরও বলিলেন যে, ত্রিলােকে শ্রীভগবানের সমান আর কেহ নাই। শ্রীভগবান্ অদিতীয় ও অসমার্দ্ধ-তত্ব। স্বতরাং তাঁহার সমানও কেহ নাই তাঁহার অধিকও কেহ নাই। এ-সম্বন্ধে শ্রীভগবানের উক্তিতেও পাওয়া যায়,—"মমাহমেবাভিরপঃ কৈবলাাৎ"—(ভাঃ এতা১৬) অর্থাৎ আমি অদ্বিতীয় পুরুষ। আমার তুলনা আমিই, অন্ত কেহ আমার অভিরপ হইতে পারে না। শ্বেতাশ্বতর উপনিষ্বাদেও

जानक अन्यात्। जानक में किया जा

649

পাওয়া যায়,—"ন তৎ সমশ্চাভাধিক ক দৃশতে" (৬৮) অর্থাৎ তাঁহার সমান বা छाँहा इट्रेंट अधिक प्रिथा यात्र ना।

শীচৈতভাচবিতামৃতে পাওয়া যায়,— "কুষ্ণের স্বরূপ-বিচার শুন সনাতন। অদয়জ্ঞান-তত্ত্ব, ব্রজে ব্রজেন্দ্র-নন্দন"। (বিংশপরিচ্ছেন)

ইতিত্যচরিতামৃতে আরও পাওয়া যায়,— "সেই কৃষ্ণ অবতীর্ণ—হৈতন্ত-ঈশ্বর। অতএব আর সব, তাঁহার কিন্ধর ॥ কেহ মানে, কেহ না মানে, সব তাঁর দাস। যে না মানে, তার হয় সেই পাপে নাশ। ( আদি-লীলা ষষ্ঠ পঃ) এ সহম্বে শীঃ— ৭।৭ শোকও দ্রইবা ॥ ৪৩॥

তন্মাৎ প্রণম্য প্রণিধায় কায়ং প্রসাদয়ে ত্বামহমীশমীড্যম্। পিতেব পুত্রস্ত সখেব সখ্যঃ প্রিয়ঃ প্রিয়ায়ার্ছসি দেব সোঢ়ু यू॥ ৪৪॥

অব্য়—তত্থাৎ (সেই হেডু) অহম্ (আমি) কায়ং প্রণিধায় (দেহ পাতিত করিয়া) প্রণমা (প্রণাম পূর্বক) ঈডাম্ (স্তবযোগা) ঈশম্ ( ইশর) ত্বাম্ ( তোমার নিকট ) প্রসাদয়ে ( প্রসন্নতা যাক্রা করিতেছি ) দেব ! পুল্রস্থ পিতা ইব (পুলের পিতার ভায়) সখাঃ (সথার) সথা ইব (বন্ধু যেরূপ) প্রিয়ায়াঃ (প্রিয়ার) প্রিয়ঃ (প্রিয়ের য়ায়) সোচ্ম্ (ক্ষমা করিতে) অর্হসি ( সমর্থ ) ॥ ৪৪ ॥

অনুবাদ—অতএব আমি দেহকে ভূতলে দণ্ডবং নিপতিত করিয়া, প্রণতি পূর্বেক স্তবনীয় ঈশ্বর তোমার নিকট প্রসন্নতা যাজ্ঞা করিতেছি; হে দেব! পুত্রের পিতা যেরূপ, স্থার স্থা যেরূপ, প্রিয়ার প্রিয় যেরূপ অপরাধ ক্ষমা করিয়া থাকেন, তুমিও দেইরপ আমার অপরাধ ক্ষমা করিতে সমর্থ ॥ ৪৪॥

ঞ্জিভিতিবিনাদ—তুমিই বস্ততঃ জীবের ঈশ ও সেবা, দওবং পতিত হইয়া আমি প্রণতি-পূর্বেক তোমার প্রদন্ধতা যাজ্ঞা করিতেছি; জীব ও তুমি— নিতা-অবস্থায় বাৎদলা, স্থা ও মধুব-ব্দগত সম্বন্ধে আবন্ধ আছ, সেই সেই সম্বন্ধ-ব্যাপারে নিতাদাস-রূপ জীবসকল তোমার প্রতি যে সমতা বাবহার করে, তাহা তুমি কপাপ্র্কক স্বীকার করিয়া থাক॥ ৪৪॥

ত্রীবলদেব—যশাদেবং তশাদিতি। কায়ং ভূমৌ প্রণিধায়, প্রণমোতি দাষ্টাঙ্গং প্রণতিং রুত্বা, হে দেব! মমাণরাধং দোঢ়ু মর্হসি। কঃ কন্মেবেত্যাহ,—পিতেবেতি। সথেব সংখ্যরিতি তু তদা মহৈশ্বহাং বীক্ষ্য স্বন্মিন্ দাসত্বন্দাৎ; প্রিয়ায়ার্হ দীতি বিদর্গ-লোপঃ সন্ধিশ্বার্ষঃ॥ ৪৪॥

বঙ্গান্তবাদ — 'তত্মাদিতি' যেইহেত্ এইরূপ, সেইহেত্ দেহকে ভূমিতে রাথিয়া প্রণাম করিয়া অর্থাৎ অষ্টাঙ্গের দহিত প্রণাম করিয়া, হে দেব। আমার অপরাধকে দহু করিবার ক্ষমতা তোমার আছে। কে কাহার মত—ইহাই বলা হইতেছে— 'পিতেবেতি'। দথাই ধেমল দথার অপরাধ দহু করে, ইহা কিন্তু তথন, প্রীকৃষ্ণের মহৎ-প্রশ্বর্যা বিশেষভাবে দেখিয়া নিজের দাসত্ম মনে করার জন্ম। 'প্রিয়ায়াঃ অর্হদি—প্রিয়ায়ার্হদি'—এথানে প্রিয়ায়া অর্হদি না হইয়া বিদর্গ-লোপ ও দন্ধি আর্বা অর্থাৎ ঋষি বাক্যহেত্ দোষারহ নহে॥ ৪৪॥

অনুভূষণ— অর্জন এক্ষণে বলিতেছেন, হে ভগবন্! আমি বর্জমানে অন্থভব করিয়াছি যে, তোমার মহিমার অন্ত নাই। আমি বছ অপরাধে অপরাধী, তোমার প্রদন্ধতা ও কৃপা ব্যতীত আমার আর উপায় নাই। স্থভরাং তোমার চরণে দান্তাক্ষ প্রণাম পূর্বক পতিত হইলাম। হে দেব! আমার অপরাধ তুমি অবশ্রুই ক্ষমা করিতে পার। পিতা যেমন পুরের অপরাধ ক্ষমা করিয়া থাকেন, দথা যেমন স্থার অন্তায় আচরণ ক্ষমা করে, পতি যেমন প্রিয়ার অপরাধ উপেক্ষা করিয়া থাকেন, দেইরূপ হে অচ্যত! হে দেবেশ। তুমি আমার অপরাধ বিশ্বত হইয়া ক্ষমা কর।

এন্থলে 'প্রিয়ায়াহ'সি' পদের উপমাস্টক 'ইব' শব্দের লোপ এবং বিদর্গের লোপ হইলেও উভয় পদের সন্ধি আর্ধ প্রয়োগে হইয়াছে॥ ৪৪॥

অদৃষ্টপূর্ববং হৃষিভোহস্মি দৃষ্ট্র। ভয়েন চ প্রব্যথিতং মনো মে। তদেব মে দর্শয় দেবরূপং প্রসীদ দেবেশ জগন্ধিবাস॥ ৪৫॥

তাবা — দেব! [তব — তোমার ] অদৃষ্টপূর্বাং (পূর্বের অদৃষ্ট) [ইনং রূপং— এই রূপ ] দৃষ্ট্বা (দেথিয়া) হৃষিতঃ অস্মি (আনন্দিত হইয়াছি) মে (আমার) মনঃ (মন) ভয়েন (ভয়ে) প্রব্যথিতং চ (প্রপীন্ডিতও হইয়াছে) দেবেশ! তৎরূপম্ এব (তোমার সেই রূপই) মে (আমাকে) দর্শর (দেখাও) জগরিবাস! প্রসীদ (প্রসন্ম হও)॥ ৪৫॥

অনুবাদ—হে দেব! তোমার পূর্বে দেখা যায় নাই এমন এই রপ দেখিয়া আমি হাই হইয়াছি, কিন্তু আমার মন অত্যন্ত ব্যথিতও হইয়াছে; হে দেবেশ! তোমার সেই রপ আমাকে দর্শন করাও; হে জগরিবাদ! তুমি গ্রেনর হও॥ ও৫॥

শ্রীভক্তিবিনাদ—তোমার বিশ্বরূপ পূর্বে দেখি নাই, এখন তাহা দর্শন করিয়া কোতৃহল চরিতার্থ হইয়াছে; কিন্তু তাহাতে ভক্তদিগের মনো-নয়নের আনন্দোৎপত্তি হয় না, তজ্জন্তই তাহা দর্শন করিয়া ভয়ে আমার মন ব্যথিত হইয়াছে। হে জগরিবাস! হে দেবেশ! তোমার সচ্চিদানন্দময় চতুভুজ রূপ দর্শন করাও॥ ৪৫॥

শ্রীবলদেব—অথ কিং বন্ধি কিং চেচ্ছদীতি চেত্তরাহ,—অদৃষ্টেতি। ত্থি ক্ষে সত্ত্বন জ্ঞাতমপীদমৈশ্বং রূপং দৃষ্ট্বাহং হর্ষিতোহন্দি মংসথস্থেদমসাধারণং রূপমিতি মৃদিতোহন্দি মনশ্চ মম তদ্ঘোরত্বদর্শনজেন ভয়েন প্রবাথিতং ভবতি। অত ইদং প্রার্থয়ে,—তদেবেত্যাদি সর্বাদেবনিয়ন্তা তৎসর্বাধারঃ পরেশহুমসীতি ময়া প্রত্যক্ষীকৃতমতঃ পরং তদন্তভাবা তদেব মদভীষ্টং কৃষ্ণরূপং দর্শয় প্রাত্ত্বিয়েত্যর্থঃ ॥ ৪৫॥

বঙ্গান্ধবাদ—অনন্তর কি বলিতেছ ও কি ইচ্ছা করিতেছ, ইহা যদি বল; ততুন্তরে বলা হইতেছে,—'অদৃষ্টেতি'। তুমি ভগবান্ শ্রীকৃষ্ণ তোমাকে সম্বন্তণের দ্বারা জ্ঞাত হইলেও এই ঐশ্বরিকরূপ দেখিয়া আমি আনন্দিত হইয়াছি, আমার স্থার এই অসাধারণ রূপ, এইহেতু আমি আনন্দিত হইতেছি এবং মন আমার তোমার সেই ঘোরত্ব দর্শনজন্ম ভয়ে বিশেষরূপে ব্যথিত হইতেছে। এইহেতু ইহা প্রার্থনা করিতেছি—'তদেবেত্যাদি', সমস্ত দেবতার নিয়ন্তা, তুমি সকলের আধার, পরমেশ্বর তুমিই হইতেছ। ইহা আমি প্রত্যক্ষ করিয়াছি। অভঃপর তাহা তিরোহিত করিয়া (সম্বন্ধ করিয়া) সেই আমার অভীষ্ট শ্রীকৃষ্ণরূপ দেখাও, অর্থাৎ আমার নিকটে ঐরপ প্রকট কর, ইহাই অর্থ॥ ৪৫॥

অনুভূষণ—শ্রীভগবান্ যদি বলেন যে, হে অর্জ্বন! তুমি কি বলিতেছ? এবং কিই বা প্রার্থনা করিতেছ? তত্ত্তরে অর্জ্বন বলিলেন, হে কৃষ্ণ! তোমাতে অদৃষ্ট-পূর্ব্ব এই ঐশ্বরিকরপ দর্শন করিয়া আমার হৃদয়ে আনন্দের স্থার হইয়াছে সতা; কারণ ইহা আমার স্থার অসাধারণ ঐশ্বর্যা কিছ এইরপের ঘোরত্ব দর্শনে আমার মন বড়ই বাথিত হইয়া পড়িয়াছে, স্ত্রাং

আমার প্রার্থনা যে, তুমি সর্বাদেব-নিয়ন্তা, সর্বাধার ও পরমেশ্বর ; ইহা আমি প্রত্যক্ষ করিয়াছি, কিন্তু এক্ষণে তুমি আমাকে আমার অভীষ্ট কৃষ্ণরূপ দর্শন করাও, যাহা আমি বরাবর দর্শন করিয়াছি।

শ্রীল চক্রবর্তিপাদের টীকার মর্মেও পাই,—"যদিও তোমার এই অদৃষ্টপূর্বে বিশ্বরূপাত্মক বপু দেখিয়া আমি হবিত বা জাতপুলক হইয়াছি, তাহা হইলেও এই রূপের ঘোরত্ব হেতু ভয়ে মন আবার ব্যাকুল হইয়াছে। অতএব আমার কোটী প্রাণ হইতেও অধিক প্রিয় মাধুর্যাপারাবার বস্থদেব-নন্দনাকার তোমার সেই মান্তবরূপ আমাকে দেখাও, রূপা কর, তোমার এতাদৃশ ঐশ্বর্যা দর্শনই যথেষ্ট হইয়াছে। 'দেবেশ'—তুমি সর্ব্যদেবের ঈশ্বর, সর্ব্ব জগতের নিবাস তুমি, ইহা আমার প্রতীত হইয়াছে। এই বিশ্বরূপের দর্শনকালে সর্ব্যস্করূপের মূলীভূত নরাকার রুষ্ণ বপু, সেস্থানে স্থিত হইলেও যোগমায়ার দ্বারা আচ্ছাদিত থাকায় অর্জ্বন তাহা দেখিতে পান নাই, ইহাই জানা যায়"॥ ৪৫॥

# কিরীটিনং গদিনং চক্রহন্তমিচ্ছামি ত্বাং দ্রষ্টুমহং তথৈব। তেনৈব রূপেণ চতুতু জেন সহস্রবাহো তব বিশ্বমূর্ছে॥ ৪৬॥

ত্বর—অহং (আমি) আং (তোমাকে) তথা এব (সেইরপই) কিরীটিনং (কিরীটধারী) গদিনং (গদাধারী) চক্রহস্তম্ (চক্রধারী) দ্রষ্টুম্ (দেখিতে) ইচ্ছামি (ইচ্ছা করি) সহস্রবাহো! বিশ্বমূর্ত্তে! তেন (সেই) চতুর্ভুজন রূপেণ এব (চতুর্ভুজ রূপেই) ভব (হও)॥ ৪৬॥

অসুবাদ— আমি তোমাকে সেইরপেই কিরীটধারী, গদাধারী, চক্রধারী দেখিতে ইচ্ছা করি; হে সহস্রবাহো! হে বিশ্বমূর্ত্তে! তুমি সেই পূর্ব্বদৃষ্ট চতুর্জ-রূপ-বিশিষ্টই হও॥ ৪৬॥

শ্রীভক্তিবিনোদ—আমি এখন তোমার চতুর্ভুজ-মূর্ত্তি দেখিতে ইচ্ছা করি।
সেই মূর্ত্তির মস্তকে কিরীট ও হস্তে গদা-চক্রাদি আয়ুধ আছে; সেই মূর্ত্তি
হইতেই এই সহস্রবাহুবিশিষ্ট বিশ্বরূপ-মূর্ত্তি বিশ্বস্থিতিকালে উদয় করিয়া থাক।
হে রুষ্ণ! আমি নিঃসন্দেহরূপে বুঝিতে পারিলাম যে, তোমার দ্বিভুজ
সচ্চিদানন্দময়-রূপই সর্ব্বোপরি-তত্ত্ব, সর্ব্বজীবাকর্ষক ও সনাতন, সেই দ্বিভুজমূর্ত্তির
শ্রেষ্ঠ্য-বিলাসরূপ তোমার চতুর্ভুজ নারায়ণমূর্ত্তি নিত্য-বিরাজমানা, এবং যখন

জগংস্ষ্টি হয়, তথন দেই চতুর্জরপ হইতে বিশ্বরূপ বিরাট্ম্র্তি আবিভূতি হয়,—এই প্রম-জ্ঞানের দারাই আমার কোতৃহল চরিতার্থ হইল ॥ ৪৬॥

শ্রীবলদেব—তৎ কীদৃগিত্যাহ,—কিরীটিনমিতি। হে সম্প্রতি সহস্রবাহো। হে বিশ্বমূর্ত্তে! ইদং রূপমন্তর্ভাবা দিব্যাভিনেতৃ-নটবত্তেনৈব চতুত্ জেন রূপেণ বিশিষ্টঃ সন্ প্রাত্তব ॥ ৪৬ ॥

বঙ্গান্ধবাদ—তাহা কি বকম ? ইহাই বলিতেছেন—'কিরীটিনমিতি'। হে সম্প্রতি-সহস্রবাহাে! হে বিশ্বমূর্তে। এই রূপ অন্তর্হিত করিয়া দিবা অভিনেতা-নটের ন্যায় দেই চতুর্ভুজরপের দারা যুক্ত হইয়া আমার নিকট প্রাত্ত্বভূত হও॥ ৪৬॥

অসুজুষণ—অর্জুন এক্ষণে শাহ্মর অন্ধরাধের উপসংহার প্র্রেক নিবেদন করিতেছেন, হে-সম্প্রতি সহস্রবাহুবিশিষ্ট বিশ্বরূপ! তুমি এই রূপ অন্তর্হিত করিয়া, সেই নবঘনশ্যাম শন্ধ-চক্র-গদা-পদ্মধারী রূপবিশিষ্ট হইয়া প্রাত্ত্তি হও, যেরূপ আমি পূর্বেদেখিয়াছি।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাই,—

"আর যথন ঐশ্বর্যা দর্শন করাইবে তথন তোমার নরনীলার বস্থদেব-নন্দনাকারেই যাহা আমাদিগ কর্তু ক পূর্ব্বে দৃষ্ট, পেই পরম রসময় আমাদের মন-নয়নাহলাদক ঐশ্বর্যাই দর্শন করাও, পুনরায় অদৃষ্টপূর্ব্ব এই রূপ নহে, দেবলীলার বিশ্বরূপাদি প্রুষরূপে অন্ন প্রত্যক্ষীকৃত ঐশ্বর্যা আমাদের মনোনয়নের অরোচক, এই অভিপ্রায়ে বলিতেছেন—'কিরীটিনং'—দিবা মহামূলা রত্বময় কিরীটযুক্ত, দেই প্রকারেই যে প্রকার আমাদিগ-কর্তু ক কদাচিৎ দৃষ্ট, 'বং'—তুমি জন্ম সময়েও তোমার পিতামাতা কর্তু ক যেরূপ দৃষ্ট হইয়াছিলে, হে বিশ্বমূর্ত্তে, সম্প্রতি হে সহস্রবাহো, এই প্রকার রূপ উপসংহার করিয়া সেই চতুর্ভু জরূপেই 'ভব'—আবিভূ ত হও।"

শ্রীকৃষ্ণ দিভুজ সচিদানন্দময় নরবপু। তিনি মাধুর্যাময়বিগ্রহ
হইলেও ঐশ্বর্য ও মাধুর্যাের পূর্ণ নিলয়স্বরূপ। তিনি মাধুর্যাবিলাদকালেও
নরলীলায় কথন কথন ঐশ্বর্যা-বিলাসরপ চতুভুজ মৃর্ত্তি প্রকাশ করিয়াছেন। তিনি
স্বয়ং আবির্তাব-কালেও বস্থানেব দেবকীর নিকট চতুভুজ মৃত্তিতে প্রকটিত হইয়া
পরে দিভুজ স্বরূপ প্রকাশ করিয়াছিলেন। অজ্জুন এক্ষণে সেই নরলীলার

চতুর্জ মৃত্তি, যাহা তিনি পূর্বেক কদাচিৎ দর্শন করিয়াছেন, তাহা দর্শনের জন্য প্রার্থনা করিলেন। প্রীকৃষ্ণ যাদব ও পাণ্ডবগণের সহিত দ্বিভুজরূপে লীলাবিলাস-কালে কথন কথন চতুর্জরূপ প্রদর্শন করাইয়াছেন।

শিশুপুত্রস্তা অশ্বথামাকে বন্ধনপূর্ব্বক দ্রোপদীর সমীপে আনয়নকালে দ্রোপদী ক্ষমা প্রকাশ করিলেও ভীমসেন ক্রুদ্ধ হইয়া বধোগত হইলে শ্রীরুষ্ণ বধোগত ভীমকে এবং তন্ধিবারণে প্রবৃত্ত দ্রোপদীকে বারণার্থ এবং অর্জুনের বৃদ্ধির স্থমত্ব পরীক্ষার জন্য চতুর্ভুজ মৃত্তি প্রকাশ করিয়াছিলেন।—"নিশমা ভীমগদিতং দ্রোপগাশ্চ চতুর্ভুজঃ"—ভাঃ—১।৭।৫২।

একদা রুশ্রিণী দেবীকে পরিহাসকালে তদ্রহস্থবিচারে অসমর্থা প্রিয়তমার ভূতলে পতনাদি-অবস্থা দর্শনকালে শ্রীকৃষ্ণ চতুভূ জরূপ প্রকাশ পূর্বক তুই হস্তে তাঁহাকে ভূতল হইতে উত্তোলন পূর্বক তুই হস্তে বিক্ষিপ্ত কেশরাশি বন্ধন করিয়া বদন মার্জন করিয়াছিলেন।—

''পর্যান্ধাদবরুহাণ্ড তাম্থাপা চতুভুজঃ।

কেশান্ সমৃষ্ তদকুং প্রামৃজৎ পদ্দাণিনা॥"—ভাঃ—১০।৬০।২৬।
শীরুষ্ণ শীলক্ষণাকে বিবাহকালে স্বয়ম্বর সভায় সমগ্র রাজন্তবর্গ পরান্ধিত
হইলে, কুন্তস্থজলমধ্যে মৎশুছায়া দর্শন পূর্বক বাণদ্বারা মৎশুকে ভূপাতিত
করিলেন এবং যথন লক্ষণা তাঁহাকে পতিরূপে বরণ করিলেন, তথন কামাত্র
বাজন্তবর্গ সহ্ করিতে না পারিয়া সংগ্রামে উন্নত হইলে তিনি লক্ষণাকে রথে
আরোহণ করাইয়া, স্বয়ং কবচাদি বন্ধন করিয়া তুইহস্তে ভাহাকে আলিঙ্গন
এবং তুইহস্তে নিজ ধন্তম্বারণ পূর্বক সংগ্রাম-ক্ষেত্রে অবস্থান করিতেছিলেন।—

''মাং তাবত্রথমারোপা হয়রত্রচতুষ্ট্রম্। শাঙ্ক মৃত্যম্য সন্নদ্ধস্থাবাজৌ চতুভুজঃ ॥''—ভাঃ—১০৮০।০২।

কিন্ত শ্রীকৃষ্ণ গোপীগণের সমক্ষে একদিন চতুভু জ মৃত্তি প্রকাশ করিতে গিয়া, বহু চেষ্টা সত্ত্বেও তাঁহাদিগের নিকট চতুভু জরপ রক্ষা করিতে পারিলেন না॥ ৪৬॥

### ত্রীভগবানুবাচ,—

ময়া প্রসম্বেন তবার্জ্জুনেদং রূপং পরং দর্শিতমাত্মযোগাৎ। তেজোময়ং বিশ্বমনন্তমাত্যং যদ্মে ত্বদেয়ান ন দৃষ্টপূর্বন্।। ৪৭।। অশ্বয়—শ্রীভগবান্ উবাচ,—অর্জ্ন! প্রসন্নে ময়া (প্রসন্নযুক্ত আমাকত্বি) আত্মযোগাৎ (আত্মযোগ-বলে) তব (তোমাকে) তেজাময়ং (তেজোময়) বিশ্বং (বিশ্বরূপী) অনন্তং (অনন্ত ) আত্যং (আত্ম) মে (আমার ) ইদং (এই) পরং (শ্রেষ্ঠ) রূপং (বিশ্বরূপ) দর্শিতং (প্রদর্শিত হইয়াছে) য়ং (যাহা) স্বদন্তেন (তোমা ব্যতীত অন্ত কাহা কত্বি) ন দৃষ্টপূর্বং (পূর্বের্চি দৃষ্ট হয় নাই)॥ ৪৭॥

অনুবাদ—শ্রীভগবান্ কহিলেন,—হে অর্জ্ন! আমি প্রসন্ন হইয়া তোমাকে নিজ-যোগমায়াবলপ্রভাবে আমার তেজোময়, বিশ্বরূপী, অনস্ত ও আগু এই শ্রেষ্ঠ বিশ্বরূপ দেখাইলাম, তোমাব্যতীত পূর্ব্বে আর কেহ এই রূপ দেখে নাই॥ ৪৭॥

শ্রীভক্তিবিনোদ—শ্রীভগবান্ কহিলেন,—হে অর্জ্বন ! আমি প্রসর হইয়া তোমাকে জড়জগদন্তর্গত আত্মযোগ-দারা শ্রেষ্ঠ রূপ দেখাইলাম ; তুমি ব্যতীত পূর্বে আর কেহ সেই অনস্ত আদি-তেজোময় রূপ দেখে নাই ॥ ৪৭ ॥

ত্রীবলদেব—এবং প্রার্থিতো ভগবান্থবাচ,—ময়েতি। হে অর্জন্ন!
'দ্রষ্ট্রমিচ্ছামি তে রূপম্' ইত্যাদি ত্বংপ্রার্থিতং প্রদরেন ময়েদং তেজাময়ং পরমৈশরং রূপং বৈদ্র্যাবদভিনেত্-নটবচ্চ ত্বদভীপ্তে রুফে ময়ি স্থিতমেব তব দর্শিতম্,
আত্মযোগান্নিজাচিন্ত্যশক্ত্যা মে মম যদ্ধপং হদন্যেন জনেন পূর্বং ন দৃষ্টম্।
তৎপ্রসঙ্গাদিদানীং ত্বত্যেরপি দেবাদিভিদ্ ষ্টং ভক্তিদৃশ্যং মম তৎস্বরূপং
ভক্তং ত্বাং প্রতি প্রদর্শয়তা ময়া হদ্ষ্তশু বহুদাক্ষিকত্বায় দেবাদিভ্যোহিপ
ভক্তিমদ্যঃ প্রদর্শিতম্; যতু গজসাহ্বয়ে ত্র্যোধনাদিভিরপি বিশ্বরূপং
দৃষ্টং, তরেদ্ধিধমিতি ত্বদন্যেন ন দৃষ্টপূর্ব্বমিত্যুক্তম্॥ ৪৭॥

বঙ্গান্ধবাদ—এইভাবে অর্জ্ন-কর্তৃক প্রার্থিত হইয়া ভগবান্ প্রীরুষ্ণ বলিলেন—'ময়েতি'। হে অর্জ্জন! "দেখিতে ইচ্ছা করিতেছি তোমার রূপকে" ইত্যাদি রূপে। তোমাকর্তৃক প্রার্থিত রূপ প্রসন্নচিত্ত আমার দ্বারা এই তেজোময় পরমেশ্বরূপ বৈদ্র্থামণির ন্যায় ও অভিনেতৃনটের ন্যায় তোমার অভীষ্ট রূষ্ণ আমাতে স্থিতই আছে—ইহা তোমাকে দেখান হইল। স্বীয় যোগমায়ার প্রভাবে, আমার অচিস্তনীয় শক্তির দ্বারা আমার যে রূপ তুমি ভিন্ন ইতিপূর্ব্বে অন্য কেহ দেখে নাই। তোমাকে আমার বিশ্বরূপ দেখার প্রসঙ্গেই এখন

কিন্তু অন্ত দেবাদিগণের বারাও দৃষ্ট, ভক্তিবলে দৃশ্য আমার সেই স্বরূপ ভক্ত তোমাকৈ প্রদর্শন করাইতে করাইতে আমাকত্ব তোমার দৃষ্ট বিশ্বরূপকে বহুসাক্ষিকত্বরূপে অনেক সাক্ষীস্বরূপ ভক্তিমান্ দেবতাদিগকেও দেখান হইল। যাহা দৃষ্ট অর্থাং গজেন্দ্রের আহ্বানেও দৃষ্ট; হস্তিনাপুরে হুর্য্যোধনাদিও যে বিশ্বরূপ দেখিয়াছে, তাহা এই বিশ্বরূপ সদৃশ নহে। এই জন্য বলিতেছি, ইহা তৃমি ভিন্ন অন্ত কেহই ইতিপূর্বের আর দেখে নাই, এই কথাই বলা হইল॥ ৪৭॥

অনুভূষণ—অৰ্জুন কতৃ ক এইরূপ প্রার্থিত হইয়া শ্রীভগবান্ বলিলেন, হে অর্জ্ন! তুমি আমার ঐশবিক রূপ দর্শনের অভিলাষ প্রকাশ ক্রায় আমি বৈদ্যামণি ও অভিনেতৃ-নটের নায় তাহা প্রদর্শন করাইয়াছি; অর্থাং বৈদ্যামণি যেমন এক হইয়াও নানাবর্ণের শোভায় দর্শককে পরিতৃথ করে, অভিনেতৃ নট যেরপ এক হইয়াও বছ আকার ধারণপ্রক লোকরগুন করে, তদ্রপ তোমার অভীষ্ট কৃষ্ণ আমাতে অবস্থিত এই বিশ্বরূপ তোমাকে প্রদর্শন করাইলাম। স্বীয় যোগমায়া-প্রভাবে অচিন্তাশক্তির দ্বারা যে রূপ তোমাকে দেখাইলাম, তাহা পূর্বের আর কেহ এ-রপের দর্শন পায় নাই। তোমার দর্শন উপলক্ষ্যে এক্ষণে দেবগণও ইহা দেখিতে পাইলেন এবং ভক্তের দর্শনোপযোগা আমার এই রূপ তোমাকে দর্শন করাইতে গিয়া, ইহার স্বাক্ষীম্বরূপে অন্ত অনেক ভক্তও দেখিতে পাইলেন। তোমাকে আমি যে রূপ দেখাইলাম, 'গজসাহ্বয়ে' অর্থাৎ কুম্ভীর-গ্রস্ত গজেন্দ্রের আহ্বানে, অথবা হস্তিনাপুরে যথন আমি দৌতাভার গ্রহণপূর্কক, ত্র্গোধনের সভায় উপস্থিত হইয়া পাওব-দিগকে রাজ্যাংশ প্রদান করার পক্ষে নানাপ্রকার সারগর্ভ যুক্তি দারা হুর্ঘ্যোধনকে বুঝাইবার চেষ্টা করিয়াছিলাম, কিন্তু হুষ্টবুদ্ধি হুর্ঘ্যোধন আমার কথায় কর্ণপাত না করিয়া, আমাকেই পরাজিত ও আবদ্ধ করিবার চেষ্টা করিতে লাগিল; তথন ধৃতরাষ্ট্র-প্রমূথ নানাদেশীর ভূপাল ও সম্রান্ত ব্যক্তিগণের সমক্ষে আমি বিশ্বরূপ প্রকাশ করিয়াছিলাম। ভীম, দ্রোণ প্রভৃতি ও সভাস্থ ঋষিগণ সকলেই সেই তেজ দর্শন করিয়া নয়ন মৃদ্রিত করিয়াছিলেন। কেবলমাত্র ধৃতরাষ্ট্রের প্রার্থনায় কিয়ৎকালের জন্ম তাহাকে দিবা চক্ষ্ প্রদান করিয়াছিলাম, কিন্তু আমার দথা ভোমাকে আমি প্রদন্ম হইয়া যে রূপ প্রদর্শন করাইলাম, ইহার পূর্বেক কেহ ইহা এইভাবে দর্শন করিতে পায় নাই। স্থতরাং হে অজ্ন! নিবতিশয় প্রসমতাহেতু আমি তোমাকে যে রূপ প্রদর্শন করাইলাম, তজ্জন্য তোমার ভয় বা ব্যাকুল হইবার কিছু নাই। তুমি ভয় ও বিশ্বয় পরিত্যাগ কর॥ ৪৭॥

ন বেদযজ্ঞাধ্যয়নৈর্ন দানৈর্ন চ ক্রিয়াভির্ন ভপোভিরুগ্রিঃ। এবংরূপঃ শক্য অহং নূলোকে জন্তুং স্বদন্তোন কুরুপ্রবীর ॥ ৪৮ ॥

অবয়—কুরুপ্রবীর! নুলোকে (নরলোকে) স্বদন্তেন (তোমা-ভিন্ন আর কেহ) বেদ-যজ্ঞাধায়নৈঃ ন (বেদ-যজ্ঞ ও অধ্যয়নের দ্বারা নহে) দানৈঃ ন (দানের দ্বারা নহে) ক্রিয়াভিঃ ন (অগ্নিহোত্রাদি কর্মের দ্বারা নহে) উত্তৈঃ তপোভিঃ চন (এবং উগ্র তপস্থার দ্বারাও নহে) এবং রূপঃ অহং (ঈদৃশ বিশ্ব-রূপ-বিশিষ্ট আমি) দ্রষ্ট্র্ম্ (দর্শন করিতে) শক্যঃ (যোগ্য)॥ ৪৮॥

ভারুবাদ—হে কুরুপ্রবীর! বেদাধ্যয়ন, যজ্ঞ, দান, ক্রিয়া ও উগ্র-তপস্থার দারা ইহলোকে তুমি ভিন্ন অপর কেহ এই বিশ্বরূপী আমাকে দর্শন করিতে সমর্থ নহে॥ ৪৮॥

শ্রীভক্তিবিনাদ—হে কুরুপ্রবীর! বেদাধ্যয়ন, যজ্ঞ, দান, ক্রিয়া ও উত্র-তপশ্রা-দ্বারা কেইই আমার আত্মহাগ-জনিত বিশ্বরূপ ইহ-লোকে দর্শন করে নাই, তুমিই কেবল দর্শন করিলে। যে-সকল জীব দেবাবস্থা লাভ করিয়াছে, তাহারাই দিবাচক্ষ্ ও দিব্য-মনোদ্বারা এই রূপকে দর্শন ও শ্বরণ করে; জড়মধ্যে যাহারা মৃঢ়প্রতীতিতে আবদ্ধ, তাহারা উহা দেখিতে পায় না, কিন্তু আমার ভক্তসকল মৃঢ়তা ও দিব্যতা ভেদ করত আমার নিত্য-চিত্তত্ত্বে অবস্থিত; অতএব তোমার স্থায় বিশ্বরূপ দর্শন করিলেও তাঁহারা তাহাতে স্থানা হইয়া আমার চিন্ময় নিত্যরূপ-দর্শনের লাল্যা করেন॥ ৪৮॥

শ্রীবলদেব—অথ সহস্রশীর্ষাদিলকণ সৈশ্বররপস্থ পুমর্থতামাহ, —ন বেদেতি। বেদানামধ্যয়নৈরক্ষরগ্রহণৈঃ, যজ্ঞানামধ্যয়নৈর্মীমাংসা-কল্পত্রাদিলারা তদর্থ-বিমর্শরপেঃ, দানৈঃ সংভোগ্যানাং সৎপাত্রেভ্যোহর্প গৈঃ, ক্রিয়াভিরয়িহোত্রাদিক্র্মিভিঃ, তপোভিঃ ক্রচ্ছাদিভিক্রগ্রৈদেহশোষকত্বেন ত্রুরৈঃ। এভিঃ কেবলৈর্বেদাধ্যয়নাদিভিভিজিযুক্তাত্তরেল ভক্তিরিক্তেন কেনাপি পুংসা এবং রূপোহহং দ্রন্থীং ন শক্যো, ভক্তিং বিনা ভূতানি বেদাধ্যয়নাদীনি মদর্শনসাধনানি ন ভবস্তীতি; যত্তকং—"ধর্মঃ সত্যাদয়োপেতো বিতা বা তপসান্বিতা। মন্তক্যাপেত্মাত্মানং ন সম্যক্ প্রপুনাতি হি॥" ইতি ব্য়া তু

वान जगर्गाजा करू

ভক্তিমতা দৃষ্ট এবাহমবৈশ্ব ভক্তিমদ্ভিদেবাদিভিঃ। শক্যোহহমিতি বক্তবো বিদর্গলোপশ্হান্দমঃ। নকারাভ্যাদো নিষেধদার্ঢ্যার্থঃ। নূলোক ইত্যুক্তে-স্তলোকে তম্ভকা দেবা বহবস্তদ্দ্রষ্ট্রং শক্রুবস্তীত্যুক্তম্॥ ৪৮॥

বঙ্গান্তবাদ—অনন্তর সহস্রশীর্ষাদিলক্ষণপূর্ণ ঈশ্বরের রূপের জীবকাম্যত্ত-বিষয় বলা হইতেছে—'ন বেদেতি'। বেদসমূহের অধ্যয়নের দ্বারা অর্থাৎ বেদাক্ষর ও মাত্রাদির গ্রহণ দারা, যজ্ঞ সকলের অধায়নের দারা অর্থাৎ মীমাংসা ও কল্পস্ত্রাদির দারা এবং তদর্থ-বিচার-দারা অর্থাৎ বিচারের দারা, সম্যক্ প্রকারে বিষয়—উপভোগাসমূহ সংপাত্রগণকে দানের দারা, অগ্নিহোত্রাদি কর্ম্মণ ক্রিয়াসমূহের দারা, দেহের শোষকত্তরূপে অতিশয় তৃত্তর কুছুচান্দ্রায়ণাদি তপস্থা প্রভৃতির দারা হয় না। কেবলমাত্র এই বেদাদি-অধ্যয়ন প্রভৃতির দারা ভক্তিযুক্ত তুমি ভিন্ন ভক্তিহীন অন্ত কোনও পুক্ষের এইরূপ বিশ্বরূপ বিশিষ্ট আমাকে দর্শন করার ক্ষমতা নাই। ভক্তিভিন্ন আমার দর্শনোপযোগী বেদাধায়নাদির দারাও কোন প্রাণী এই রূপ-বিশিষ্ট আমাকে দর্শন করিবার योगा नरह ; यादा वला इहेग्राहि—"धर्म मजाि कित काता युक्त इहेरलेख अथवा বিছা তপস্থার দ্বারা যুক্ত হইলেও আমার ভক্তিশ্র বাক্তি কখনও স্বাস্থাকে পবিত্র করিতে পারে না।" এইছেতু তুমি একমাত্র ভক্তিমান্ বলিয়াই বিশ্বরূপময় আমাকে দেখিয়াছ, এবং অন্তান্ত ভক্তিমান্ দেবাদিও এইরপ দেথিয়াছে। 'শকা অহম্' শক্যোহহম্ এই বক্তবো বিদর্গের লোপ ছন্দের অন্তরোধহেতু। নকারের বারবার আবৃত্তি নিষেধকে দৃঢ় করিবার জন্ম, নূলোকে এই কথা বলায় দেবলোকে ঈশ্বরভক্ত দেবগণ দেই বিশ্বরূপ দেখিতে সমর্থ— ইহা প্রতিপাদিত হইল॥ ४৮॥

অনুভূষণ—বর্তমান শ্লোকে প্রভিগবান্ তাঁহার সহস্রণীর্য-লক্ষণ বিশিষ্ট ঐশবিক রূপের পুরুষর্থিত। বুঝাইতে গিয়া, ইহা যে সকলের ভাগ্যে দর্শন ঘটে না, তাহাই বুঝাইতেছেন। শ্রীভগবান্ বলিলেন, হে কুরুপ্রবীর! আমার যে রূপ তুমি দর্শন করিলে, ইহা বহু সাধনার দ্বারাও কেহ দর্শন করিতে পারে না। যথাবিহিত প্রণালী অমুসারে ব্রহ্মচর্য্যাদি পালনপূর্ব্বক বহুকাল দ্বাবং বেদাধায়ন অর্থাৎ বেদাক্ষর উচ্চারণের দ্বারা, বিবিধ যজ্ঞামুষ্ঠান দ্বারা, মীমাংসাকল্পত্রাদি-শাস্ত্রার্থ বিচারের দ্বারা অর্থাৎ কল্প, নিরুক্ত প্রভৃতি ছ্মটি শাস্ত্র বেদের অঙ্গ। ইহার মধ্যে যে শাস্ত্রে অগ্নিষ্টোম, বিবাহ ইত্যাদি ক্রিয়া ও

414641441101

সংস্থারের বাবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাই কল্প শাস্তা উক্ত বাবস্থা সমূহ সূত্রকারে নিবদ্ধ বলিয়া উহাকে কল্পত্ত বলা হয়। কল্পত্তগুলি শ্রোত ও গৃহতেদে দিবিধ। মীসাংসা শাস্ত্র—পূর্বে মীসাংসা ও উত্তর মীমাংসা-ভেদে ছিবিধ। তন্মধ্যে পূৰ্বমীমাংদা জৈমিনীকৃত ছাদশ অধ্যায় যুক্ত। ইহাতে যজাদি কর্মকাণ্ড নিরূপিত হইয়াছে। লোকবাবহারার্থ মন্ত ও যাজ্ঞবন্ধাদি-কৃত ধর্মশাস্থও ইহার অন্তর্গত। উত্তর মীমাংদা অর্থাৎ বেদান্ত; ইহা নেদ্ব্যাদ-প্রণীত অধাায় চতুষ্টয়যুক্ত; বন্ধনিরপণই এই শাস্তের মুখা উদ্দেশা। ইত্যাদি শাস্ত্র বিচারের দারা, রাজস্য়াদি যজ্ঞের দারা অর্থাৎ ক্ষত্রিয় রাজাদিগের অনুষ্ঠিত যজ্ঞবিশেষের দারা, পুণ্য সাধনার্থ নানাবিধ দানাদি দারা অর্থাং তুলাপুরুষ मानामि याश मशामान—मकल मात्नत आमि। निष्कत जूला পরিমাণে স্বর্ণাদি দান করিলে উহা তুলা নামে অভিহিত হয়। অষ্টধাতুর তুলা, স্বর্ণ তুলা, রজত তুলা, তাম তুলা, কাংস্ত তুলা, লোহময় তুলা, ঘৃত তুলা, তৈল তুলা, অল্ল তুলা, মধুর তুলা প্রভৃতি দানসাগর অন্তর্ছানের দারা, শান্তবিহিত অগ্নিহোত্ত, দর্শ, পৌর্ণমাদ, প্রভৃতি ক্রিয়ার দারা, অতিশয় ক্লেশদাধা ক্রন্তু চাক্রায়ণাদি কঠোর ব্রতাদির দারা শরীর ও ইন্দ্রিয়ের নিগ্রহ অর্থাং শোষণের দারা, আমার এতাদৃশ রূপ দর্শন ভাগ্যে ঘটে না। আমার ভক্তি রহিত কোন ক্রিয়াস্থানের খারা, কোন বাক্তি কোন কালে আমার এই ঐশ্বিক রূপ দর্শনে সমর্থ হয় না। আমার একান্ত রূপায় কেবল তুমি এই বিশ্বরূপ দর্শন করিতে সক্ষম रहेशाइ।

শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

"নাহং মথৈবৈ স্থলভন্তপোভিৰ্যোগেন বা ষং সমচিত্বতী" (৪।২০।১৬) আরও পাওয়া যায়,—

ক্রিয়ন ক্রত্তিদানৈস্তপংস্বাধ্যায়মর্শ নৈ:।
আত্মেক্রিয়ন্ত্রেনাপি সন্ন্যাসেন চ কর্মণাম্।
যোগেন বিবিধান্দেন ভক্তিযোগেন চৈব হি।
ধর্মেণোভয়চিহ্নেন যঃ প্রবৃত্তিনিবৃত্তিমান্।
আত্মতাব্রোবরোধেন বৈরাগ্যেণ দূঢ়েন চ।
ইয়তে ভগবানেভিঃ সন্তর্গো নিশুণিঃ স্বদৃক্। ( ৩।৩২।৩৪-৩৬ )

44444101

শ্রীল চক্রবর্ত্তিপাদ এই শ্লোকের টীকায় বর্লেন,—

"পূর্তক্রিয়া, যজ্ঞ ও দান,—গৃহত্তের ধর্ম। তপ:—বানপ্রস্থের। স্বাধাায়মীমাংসা—ব্রহ্মচারীর। আত্মা বা মন ও ইন্দ্রিয়াদির জয় ভিক্ষ্র ধর্ম।
"ভক্তিযোগেন চৈব হি" এই 'চ' কার-দারা ক্রিয়াপ্রভৃতিতে ভক্তিমিপ্র্যুত্ত জ্ঞাপন করিতেছে। 'ভক্তিযোগের সহিত ক্রিয়া দারা', 'ভক্তিযোগ-সহ যজ্ঞাদিদারা' এবং 'ভক্তিযোগের সহিত দানাদি দারা' এইরপ পাঠে সর্ব্যর ভক্তিশব্দযোগহেতু ভক্তিযোগমিশ্রণ ব্যতীত ক্রিয়াদি সাধনসমূহের স্বফল সাধনে
অযোগ্যতাই বুঝাইতেছে। 'এব' এবং 'হি' অবধারণ ও নিশ্চয়-বাচক এই
ফুইটি শব্দ-দ্বারা ক্রিয়াদি-সাধনসাধ্য বস্তু কেবল ভক্তিযোগ দ্বারাই নিশ্চিত
লভ্য হয়—ইহাই বুঝায়।"

শ্রীচৈতন্যমহাপ্রভুত্ত বলিয়াছেন,—

"ভক্তি বিনা কোন সাধন দিতে নারে ফল।

সব ফল দেয় ভক্তি স্বতন্ত্র প্রবল॥"

শ্রীকৃষ্ণ উদ্ধবকেও বলিয়াছেন,—

''ধর্মঃ সত্যাদয়োপেতো বিদ্যা বা তপসাম্বিতা।

মন্তক্যাপেত্যাত্মানং ন চ সমাক্ পুনাতি ॥" (১১।১৪।২২)

অর্থাৎ সত্য ও দয়াযুক্ত ধর্ম বা তপস্যাযুক্ত জ্ঞান মন্তক্তিরহিত মানবের অন্তঃকরণকে নিশ্চয়ই সর্কতোভাবে বিশুদ্ধ করিতে পারে না।

'শক্যাং' এইপদের বিদর্গ লোপ ছন্দারুদারে আর্ধ। মূলে বছন্থানে যে 'ন-কারের' প্রয়োগ হইয়াছে, উহা নিষেধকে দৃঢ় করিবার জন্ম। অর্থাৎ ভক্তিরহিত কোন উপায়ের বারাই শ্রীভগবানের দর্শন সম্ভব নহে, ইহাই দৃঢ়ভাবে বুঝাইতেছে॥ ৪৮॥

মা তে ব্যথা মা চ বিমুচ্ভাবো দৃষ্ট্বা রূপং ঘোরমীদৃঙ্মমেদম্। ব্যপেডভীঃ প্রীতমনাঃ পুনস্কং তদেব মে রূপমিদং প্রপশ্য॥ ৪৯॥

অন্ধর—মম (আমার) ঈদৃক্ (এতাদৃশ) ঘোরং (ভয়য়র) ইদং রূপং (এই রূপকে) দৃষ্ট্বা (দেখিয়া) তে (তোমার) ব্যথা (ভয়) মা [অস্তব] (না হউক) বিমৃচভাব: চ (এবং বিমৃচভাব) মা [অস্তব] (য়ন হয় না) অম্ (তুমি) পুন: (পুনরায়) ব্যপেতভী: (ভয়শৃত্য) প্রীতমনা: [সন্] (প্রীত-

মনা হইয়া ) মে ( আমার ) ইদং ( এই ) তৎ এব ( দেই-ই ) রূপম্ ( চতুর্জু রূপকে ) প্রপশ্ ( প্রকৃষ্টরূপে দর্শন কর ) ॥ ৪৯॥

অসুবাদ—আমার এতাদৃশ ভীষণ-রূপ দর্শন করিয়া তোমার যেন ব্যথা বা বিষ্ট ভাব না হয়, তুমি নির্ভয় ও প্রীতমনা হইয়া আমার এই দেই চতুর্ভ রূপ পুনরায় প্রকৃষ্টরূপে দর্শন কর ॥ ৪৯॥

শ্রীভক্তিবিনোদ—এই ঘোররপ দৃষ্টি করিয়া তোমার ব্যথা বা বিমৃচ্ছাব না হউক। আমার ভক্তদকল—শান্তিপ্রিয় ও আমার সচিচদানন্দ-রূপের পক্ষপাতী; তাঁহারা আমার এই উগ্ররপ দর্শন করিয়া চিত্তে ব্যথা প্রাপ্ত হন। কিন্তু মৃচ্বুদ্ধি লোকেরাই এই বিশ্বরপ-চিন্তাকে বহুমানন করিয়া থাকে। অতএব আমার বিশ্বরূপ-সম্বন্ধে তোমার ঐ প্রকার ব্যথা বা বিমৃচ্ছাব না হউক,—আমি এরপ আশীর্কাদ করি। বিশ্বরূপের সহিত আমার মাধুর্য্য-ভক্তদকলের কোনরূপ সম্বন্ধের প্রয়োজন নাই। কিন্তু তুমি—আমার লীলাপাষক দথা, তোমাকে আমার দকল-লীলার উপকরণ হইতে হইবে; তোমার দেরূপ ব্যথা থাকা উচিত নয়। অতএব ভয় পরিত্যাগপূর্মক প্রীত্মনা হইয়া নিতাশ্বরূপ দর্শন করে॥ ৪৯॥

শ্রীবলদেব— যদ্র তিমিয়েব মদ্রপে সংহর্ত্বং ময়া প্রদর্শিতং তৎ থলু দ্রোপদী-প্রধর্ষণং বীক্ষ্যার্পি তুষ্ণীং স্থিতা ভীম্মাদয়ঃ সর্বের তৎপ্রধর্ষণকুপিতেন ময়ের নিহন্তব্যা, ন তু তিরিহননভারস্তবেতি বোধয়িতুমতস্তেন ত্বং ব্যথিতো মাভূরিতাহি,—মা তে ব্যথেতি। তদেব চতুভূজং প্রার্থিতরূপম্॥ ৪৯॥

বঙ্গান্দ্রবাদ—যাহা আমার দেই বিশ্বরূপে অর্থাৎ আমার রূপে সংহর্ত্ব আমার দ্বারা প্রদর্শন করান হইয়াছে, তাহা তুমি নিশ্চয়রূপেই জানিবে যে— (পাশা খেলায়) দ্রৌপদীর—প্রধর্ষণ (সভায় সর্বজন-সমক্ষে তৃঃশাসনকর্ত্ব ) অবমাননা দেখিয়াও ভীম্মাদি সকলে মৌনিভাবে অবস্থান করিয়াছিলেন বলিয়া সেই দ্রৌপদীর অবমাননার হেতু কুপিত আমার দ্বারাই এইসমস্ত ভীম্মাদি বীরগণকে হনন করা উচিত। তোমার উপর কিন্তু ইহাদের বধের ভার নহে—অতএব তোমাকে ইহা জ্ঞাত করিবার জন্য, অতএব তাহাতে তুমি ব্যথিত হইও না—ইহাই বলা হইতেছে—'মা তে ব্যথেতি', সেই চতুর্ভুজ (তোমার) প্রার্থিত রূপ ॥ ৪৯॥

অনুত্বণ—অৰ্জ্ন বিশ্বরূপের ঘোরত্ব-দর্শনে ভীত ও ব্যাকুলিত হইলে, শীভগবান্ তাঁহাকে সান্তনা প্রদান করিলেন। তিনি বলিলেন, হে অৰ্জ্ন! তুমি আর ব্যথিত ও বিশ্বিত হইও না।

হর্ক,ত হুর্যোধনের সভায় যথন দ্রোপদীর অবমাননা হয়, তথন ভীম্ম প্রভৃতি নির্বাক্ ছিলেন। যুধিষ্ঠিরাদি রক্ষাকার্য্যে অসমর্থ হইলে এবং হুর্যোধন, হুঃশাসনাদি নানাপ্রকার পরিহাস ও বস্ত্রাকর্ষণ করিতে লাগিলে দ্রোপদী আমার শরণাপন্ন হন, সেই সময় হইতেই হুর্যোধনাদিকে বিনাশ করিবার সঙ্কল্ল করিয়াছি। স্কৃতরাং ঐ সংহার-কার্য্য আমার দ্বারাই সংঘটিত হইবে, তুমি কেবল নিমিত্তমাত্র; ইহা প্রতিপন্ন করিবার জন্যই আমি তোমাকে এই উগ্র করাল ও সংহর্তারূপ প্রদর্শন করাইলাম। তুমি আমার নিত্য স্থা স্কৃতরাং আমার এই উগ্ররূপ-দর্শনে তোমার প্রীতি হইবে না, ইহা আমি অবগত আছি। তুমি বর্ত্তমানে ভয় পরিত্যাগ পূর্ব্বক তোমার প্রার্থিত সেই রূপই দর্শন কর॥ ৪৯॥

### সঞ্জয় উবাচ,—

ইত্যর্জ্বং বাস্থদেবস্তথোক্ত্ব। স্বকং রূপং দর্শরামাস ভূয়ঃ। আশ্বাসয়ামাস চ ভীতমেনং ভূত্বা পুনঃ সৌম্যবপুর্মহাত্মা॥ ৫০॥

তাষ্য়—সঞ্জয়ঃ উবাচ,—বাস্থদেবঃ ( প্রাক্রম্ব ) অর্জ্জনং ( অর্জ্জুনকে ) ইতি উজ্বা ( ইহা বিশিয়া ) ভূয়ঃ ( পুনরায় ) তথা ( পূর্বের্বাক্ত ) স্বকং রূপং ( স্বীয়রূপ ) দর্শয়ামাস ( প্রদর্শন করাইলেন ) মহাত্মা ( পরম কারুণিক ) সোমাবপুঃ ভূত্বা ( সোমাম্তি হইয়া ) ভীতং ( ভীতিমুক্ত ) এনং ( এই অর্জ্জুনকে ) পুনঃ ( পুনরায় ) আশ্বাসয়ামাস চ ( আশ্বাস প্রদান করিলেন) ॥ ৫০ ॥

অনুবাদ—সঞ্জয় কহিলেন,—পরম কার্কাণক বাস্থদেব অর্জ্বনকে এইরূপ বলিয়া পুনরায় স্বীয় চতুর্ভু জমৃত্তি দর্শন করাইলেন এবং সৌমামৃত্তি অর্থাৎ দ্বিভূজ হইয়া ভীতমনা অর্জ্বকে পুনর্কার আশ্বাস প্রদান করিলেন॥ ৫০॥

শ্রীভক্তিবিনোদ—সঞ্জয় ধৃতরাষ্ট্রকে কহিলেন,—মহাত্মা বাস্থদেব 
আর্জ্ব্রুকে এরপ বলিয়া স্বীয় চতুর্ভুজমূর্ত্তি দর্শন করাইয়া অবশেষে নিজ-দ্বিভূজসৌম্য-মূর্ত্তি প্রকাশ করত ভীতমনা অর্জ্ব্রুকে সাহস প্রদান করিলেন॥৫০॥

শ্রীবলদেব—ততো যদভূতৎ সঞ্চয় উবাচ,—ইতার্জ্নমিতি। বাস্থদেবোহর্জ্নং প্রতি পূর্ব্বোক্তম্ক্রা যথা সঙ্গলেনৈব সহস্রশিরস্কং রূপং দশিতবান্, তথৈব
স্বকং নীলোৎপল্যামলতাদিগুণকং দেবকীপুত্রলক্ষণং চতুর্ভু রূং রূপং দর্শয়ামাস,
এবং সৌমাবপুং স্থলরবিগ্রহো ভূত্বা ভীতমেনমর্জ্নং পুনরাশ্বাসয়ামাস। মহাত্মা
উদারমনাঃ॥ ৫০॥

বঙ্গানুবাদ—তারপর যাহা হইল, তাহা সঞ্চয় বলিলেন—'ইতার্জ্নুনমিতি,' বাহ্বদেব অর্জ্জ্বনের প্রতি পূর্ব্বোক্ত বাকাগুলি বলিয়া, সেই সন্ধরের দারা সহস্র-শিরোবিশিষ্ট ভগবানের রূপ দেখাইলেন; সেই প্রকারেই নীলোৎপল শামলত্মাদিগুণযুক্ত দেবকীপুত্র-লক্ষণ স্বকীয় চতুর্ভুজরূপ দেখাইলেন। এইপ্রকারে
পরমহাদর ও কমনীয়বপুঃ ধারণ পূর্বক ভীত এই অর্জ্জ্বনকে পুনরায় আশ্বন্ত
করিয়াছিলেন। মহাত্মা—উদার মন-সম্পন্ন॥ ৫০॥

অনুভূষণ—অতঃপর কি ঘটিয়াছিল, সঞ্জয় তাহাই বর্ণন করিতেছেন।
মহাত্মা বাহ্মদেব অজ্প্রকে প্রোক্ত বিষয় বলিয়া যেমন সহস্রশীর্ষ পরমেশ্বররপ দেখাইয়াছিলেন, দেইপ্রকার নীলোৎপল-ভামলতাদি গুণয়ুক্ত,
কংসকারাগারে আবিভূতি, দেবকীপুত্র-লক্ষণ স্বীয় চতুভূজি রপ দর্শন করাইয়া,
অবশেষে নিজ দ্বিভূজ দৌমাম্তি প্রকাশ প্র্কেক ভীতমনা অজ্প্রকে আশাস
প্রদান করিলেন॥ ৫০॥

# অর্জুন উবাচ,— দৃষ্টে,দং মানুষং রূপং তব সোম্যং জনার্দ্দন। ইদানীমশ্মি সংবৃত্তঃ সচেতাঃ প্রকৃতিং গতঃ॥ ৫১॥

অশ্বয়- অজুনি উবাচ, — জনাদিন ! তব (তোমার) ইদং (এই) সোমাং (মহামধুর) মাত্মং রূপং (মহায়রপ) দৃষ্ট্রা (দর্শন করিয়া) ইদানীং (সম্প্রতি) সচেতাঃ সংবৃত্তঃ (স্থির চিত্ত হইলাম) প্রকৃতিং গতঃ অশ্বি (ও প্রকৃতিস্থ হইলাম) ॥ ৫১॥

তালুবাদ—অর্জন কহিলেন,—হে জনাদিন! তোমার এই দৌমা মানুষরূপ দর্শন করিয়া আমার চিত্ত স্থির হইল এবং পুনরায় স্বপ্রকৃতিস্থ হইলাম। ৫১॥

শ্রীভক্তিবিনোদ—শ্রীকৃষ্ণের পরম মাধুর্যাময়ী দ্বিভূজমূর্ত্তি দর্শন করত বর্জন কহিলেন,—হে জনার্দ্দন! তোমার এই সৌমা মানুষমূর্ত্তি দর্শন করিয়া আমার চিত্ত স্থির এবং আমার ভক্তপ্রকৃতি পুনল ক হইল॥ ৫১॥

ত্রীবলদেব—ততো নির্বাথঃ প্রসন্নমনাঃ সন্নর্জ্ন উবাচ, —দৃষ্ট্রেদমিতি। হে জনার্দন! তবেদং সোমাং মনোজ্ঞং চতুর্ভু জং রূপং দৃষ্ট্রাহমিদানীং সচেতাঃ প্রসন্নচিত্তঃ প্রকৃতিং বাথাদাভাবেন স্বাস্থ্যঞ্চ গতঃ সংবৃত্তো জাতোহিমা। কীদৃশং রূপমিতাাহ, —মানুষমিতি। চৈত্যানন্দবিগ্রহঃ ক্লো বক্ষ্যমাণ-শ্রুতিভাঃ; স হি যহুর্; পাগুবেরু চ বিভুজঃ কদাচিচ্চতুর্ভু জন্চ ক্রীড়তি, তহুভয়রূপস্থাস্থ মানুষবং সংস্থানাচ্চেষ্টিভাচ্চ; —মানুষভাবেনৈব বাপদেশ ইতি প্রাগভাষি॥ ৫১॥

বঙ্গান্ধবাদ—তারপর (ইহাতে) অর্জ্বন হৃ:থ ও ভয়শৃশুভাবে আনন্দিত-মনা হইয়া বলিলেন—'দৃষ্টেবৃদমিতি,' হে জনার্দন! তোমার এই পরমন্থন্দর ও মনোজ্ঞ চতুর্জরূপ দেখিয়া আমি এখন প্রদর্মচিত্ত; পূর্বের হৃ:থভয়াদির অভাবহেতু প্রকৃতিকে পাইয়াছি স্কন্ধ ও শান্ত হইয়াছি। কীদৃশ রূপ ? ইহাই বলা হইতেছে—'মান্থমমিতি'। চৈতন্তানন্দ বিপ্রহ-রূপ যে রুফ্য—তাহা পরে বক্ষ্যমাণ শুতি ও শ্বতিপ্রভৃতি হইতে অবগত হওয়া যায়; তিনিই যহদের সমীপে এবং পাণ্ডবদের সমীপে কখনও দ্বিভুজ আবার কখনও চতুর্ভুজ হইয়া লীলারপ কীড়া করিতেছেন। এই ইহার উভয়বিধরূপ মান্থবের ন্যায় স্থিতি ও চেষ্টাহেতু মান্থবের ভাবেই, ইহা বাপদেশ করা হইয়াছে—ইহা পূর্বের আমাকর্ত্বক উক্ত হইয়াছে॥ ৫১॥

অনুভূষণ—তথন অর্জন ভয় ও বাথা-বহিত হইয়া মহামাধ্যাময় মৃর্তি
শীক্ষণকে প্রথমে চতুর্ভুজরূপে ও পরে দ্বিভূজ শ্যামস্থলর মৃত্তিতে দর্শন পূর্বাক
পরমানন্দিত হইয়া বলিলেন,—হে জনার্দন! তোমার এই সৌম্য মান্থবরূপ
দর্শন করিয়া আমার চিত্ত দ্বির হইল এবং আমার ভক্ত-প্রকৃতি পুনরায় লাভ
হইল। চৈত্তানন্দবিগ্রহ শ্রীকৃষ্ণ যাদবগণের ও পাগুবগণের নিকট দ্বিভূজ ও
কদাচিং চতুর্ভুজরূপে ক্রীড়া করেন, সেইজন্য চতুর্ভুজ মৃত্তিকেও মান্থবরূপ
বলা হইয়াছে। তহুভয়রূপেই তাঁহার মান্থবের ন্যায় দ্বিতি ও চেষ্টা দেখা যার
বলিয়া এন্থলে তাঁহার চতুর্ভুজমৃত্তিকেও মান্থবরূপে বাপদেশ অর্থাৎ উল্লেখ করা

হইয়াছে। প্রীক্ষেত্র মাস্থররপের বিষয় শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—''গৃড়ং পরং ব্রহ্ম মস্ব্যালিকং'' ৭।১০।৪৮, এ-সম্বন্ধে গীঃ—১।১১ স্লোকের টীকা জইবা॥৫১॥

# শ্রীভগবানুবাচ,— সুতুর্দর্শনিদং রূপং দৃষ্টবানসি যন্ত্রম। দেবা অপ্যস্ত রূপস্ত নিত্যং দর্শনকাঙিক্ষণঃ॥ ৫২॥

তাবার—শ্রীভগবান্ উবাচ,—মম (আমার) ইদং (এই) স্বর্ত্দর্শম (অত্যস্ত হর্দর্শ) যৎ রূপম্ (যে রূপ) [হ্বম্—তুমি] দৃষ্টবান্ অসি (দর্শন করিলে) দেবাঃ অপি (দেবতারাও) অস্ত রূপস্ত (এইরূপের) নিতাং (সর্বাদা) দর্শনকাজ্ঞিণঃ [ভবস্তি] (দর্শন প্রয়াসী হয়)॥ ৫২॥

অসুবাদ—শ্রীভগবান্ কহিলেন,—আমার এই অত্যন্ত হল্লভি-দর্শন যে রূপ তুমি দর্শন করিলে, দেবতারাও এই রূপের সর্বাদা দর্শনাকাজ্জী॥ ৫২॥

শ্রীভক্তিবিনাদ—শ্রীভগবান্ কহিলেন,—হে অর্জ্ন ! তুমি এখন আমার যে স্থ-রূপ দেখিতেছ, তাহা—স্ফুর্দদর্শনীয় ; ব্রহ্মা-রুদ্রাদি দেবতাগণও এই নিতা-রূপের দর্শনাকাজ্ফী । যদি বল যে, এই মান্ত্য্য-রূপ সকলেই ত' দর্শন করিতেছে, ইহা কিরপে ফুর্দেশনীয় হইল ? তবে তোমাকে ইহার তথ্ব বলি, শুন । আমার এই সচিদানন্দ রুফ্তরূপ-সম্বন্ধে দর্শকিদেগর তিন-প্রকার প্রতীতি হয় অর্থাৎ বিহুংপ্রতীতি, অবিদ্বুংপ্রতীতি ও যৌক্তিক-প্রতীতি । (১) অবিদ্বুংপ্রতীতি অর্থাৎ মৃঢ়-প্রতীতি-হারা মানবগণ আমার এই নিতাস্বরূপকে 'জড়ধর্মাশ্রিত' ও 'অনিতা' বলিয়া অঙ্গীকার করে; তাহাতে এই স্বরূপের পরমভাবটি তাহারা জানিতে পারে না, (২) যৌক্তিক বা দিব্যপ্রতীতি-হারা জ্ঞানাভিমানী পুরুষ ও দেবতাগণ এই প্রতীতিকে 'জড়ধর্মাশ্রিত' ও 'অনিতা' মনে করিয়া, হয় বিশ্ববাপী আমার বিরাট্ম্রিকে, নয় বিশ্বাতিরিক্ত ব্যতিরেক-ভাব-গত নির্বিশেষ-ব্রন্ধকে নিত্য-তত্ব মনে করত আমার এই মান্ত্র্যাকারকে অর্চনোপায়-মাত্র বলিয়া দিদ্ধান্ত করে। কিন্তু (৩) বিহ্বৎপ্রতীতি-হারা আমার ঐ মান্ত্র্যরূপকে সাক্ষাৎ সচ্চিদানন্দ-ধাম বলিয়া চিচ্চক্ব-

বিশিষ্ট ভক্তগণ আমার সাক্ষাৎকৃতি লাভ করেন। এরপ সাক্ষাদ্দর্শন—
দেবতাদেরও হল্লভ। দেবতাদের মধ্যে ব্রহ্মা ও শিব—আমার ভক্ত,
অতএব তাঁহারা এইরপ-দর্শন লালসা করিয়া থাকেন। তুমি আমার
ভদ্ম-স্থাভক্তি আশ্রয় করিয়াছ বলিয়া আমার রূপায় বিশ্বরূপাদি দর্শন
করত নিত্যরূপের সর্বশ্রেষ্ঠত্ব জানিতে পারিলে॥ ৫২॥

শীবলদেব—ময়া প্রদর্শিতং 'ন বেদযজ্ঞাধ্যয়নৈঃ, ইত্যাদিনা শ্লাঘিতঞ্চ সহস্র-শিরস্কং মদ্রপং শ্রদ্ধানো মংপ্রিয়সথোহর্জুনো মন্থ্যভাবভাবিতে শ্রীক্লফে ময়ি কদাচিদ্বিশ্লথভাবো মাভূদিতি ভাবেন স্বক-রূপস্থ পরমপুরুষার্থ-তাম্পদিশতি,—মুর্দ্দর্শ মিতি। সহস্রশিরস্কং মদ্রপং রুদ্দর্শমেব; ইদঞ্চ মম রুফরুপং স্বর্দ্দর্শম্,—'নাহং প্রকাশঃ সর্ব্বস্থা' ইত্যুক্তেঃ। যত্তং স্থাচিরাদৃষ্টবানসি কথমেবং প্রত্যেমীতি চেত্তত্রাহ,—দেবা অপ্যস্তেতি। এতচ্চ দশমাদে গর্ভস্বত্যাদিনা প্রসিদ্ধমেব॥ ৫২॥

বঙ্গান্ধবাদ—আমা কর্ত্ব প্রদর্শিত "বেদ-যজ্ঞ-অধ্যয়নের দ্বারাও যাহা দৃশ্য নহে।"—ইত্যাদির দ্বারা প্রশংনিত—সহস্রশিরঃসম্পন্ন আমার রূপের প্রতি পরমশ্রদাশীল আমার প্রিয়সথা অর্জ্বন মন্মুগুভাবে ভাবিত আমার প্রীকৃষ্ণ স্বরূপে কথনও বিশ্লথভাব না হউক। এই ভাবেই স্বীয় রূপের পরমপুরুষার্থভা দেখাইতেছেন—'স্বর্দ্দর্শমিতি'। সহস্রমন্তব্দশপন্ন আমার রূপ তৃদ্দর্শই। কিন্তু এই আমার কৃষ্ণরূপ অভিশয় তুদ্দর্শ'।—"আমি সকলের নিকটে আত্মস্বরূপ প্রকাশ করি না"—এই উক্তি হেতু। যাহা তুমি বহুকাল পরে দেখিয়াছ; —যদি বল, তাহা আমি কি প্রকারে বিশ্বাস করি ? তাহার জন্মই বলা হইতেছে—'দেবা অপ্যস্থেতি' (দেবতারাও এই রূপের দর্শনপ্রার্থী)। ইহা দশমাদি অধ্যায়ে গর্ভস্কতি প্রভৃতির দ্বারা প্রসিদ্ধই॥ ৫২॥

অনুত্বণ—শীভগবান্ একণে প্রদর্শিত স্বরূপের মহিমা এবং অর্জুনের প্রতি নিজ রূপার স্বহল্ল ভতা প্রদর্শনার্থ বলিতেছেন,—তুমি আমার যে মাতৃষ-রূপ দর্শন করিলে, এইরূপ স্বহর্দশ, দেবতারা সকলে ইহা দর্শন করিতে পায় না। শ্রীমন্তাগবতের দশম স্বন্ধে গর্ভন্তোত্রাদি প্রদিদ্ধ। ইহা দেবত্র্ল ভিদশন। আমার সহস্রশীর্ষলক্ষণরূপ হর্দশেই; কিন্তু এই রুফ্রেপ স্বহ্দ্রাণি গ্রী:—৭।২৫ শ্রোকেও পাওয়া যায় যে, সচিদানন্দস্বরূপ শ্রামস্থলর মৃত্তি কিন্তু সকলের নিকট প্রকৃতি হন না। অর্জুন শ্রীকৃষ্ণের পরম ভক্ত ও নিত্য স্থা; তিনি শ্রীকৃষ্ণের নরাকার-স্বরূপের মহামাধুর্যাই নিত্য আস্বাদন করিয়া থাকেন। স্থতরাং পরমেশ্বরূপ তাঁহার কৃচিকর হয় নাই।

শ্রীল চক্রবর্তিপাদের টীকার মর্শেও পাই,—

"দেবতাগণও এই রূপের দর্শনাকাজ্ফীই, কিন্তু দর্শন পান না। তুমি কিন্তু ইহাও আকাজ্ঞা কর না। আমার মূল নরাকারস্বরূপের মহামাধুর্ঘার নিতা আস্বাদনকারী তোমার চক্ষ্র নিকট ইহা কিরূপে রুচিকর হইবে? অতএব আমি 'তোমাকে দিব্য চক্ষ্ দিতেছি'—এই কথায় দিবা চক্ষ্ দিয়াছি, কিন্তু দিব্য চক্ষ্র ন্থায় দিব্য মন দেই নাই; অতএব আমার মান্ত্যরূপের মহামাধুর্ঘামাত্রগ্রাহী-মনস্ব বলিয়া দিব্য চক্ষ্ হারাও তোমার নিকট সেইরূপ স্মাক্তাবে ক্রচিপ্রদ হয় নাই। যদি তোমাকে দিব্য মনও প্রদান করিতাম, তাহা হইলে দেবলোকের ন্থায় তুমিও এই বিশ্বরূপ পুরুষস্বরূপে ক্রচিযুক্ত হইতে॥ ৫২॥

# নাহং বেদৈন তপসা ন দানেন ন চেজ্যয়া। শক্য এবংবিধো জুইং দৃষ্টবানসি যক্মম॥ ৫৩॥

তাষয়—[ ত্বন্—তৃমি ] মান্ ( আমাকে ) যথা ( যেরপ ) দৃষ্টবান্ অদি ( দেখিলে ) এবংবিধঃ ( এই প্রকার ) অহং ( আমাকে ) বেদৈঃ ন ( বেদের দারা নহে ) তপদা ন ( তপস্থার দারা নহে ) দানেন ন ( দানের দারা নহে ) ইজায়া চ ন ( এবং যজ্জের দারাও নহে ) জ্বুন্ ( দশন করিতে ) শকাঃ ( সমর্থ ) ॥ ৫৩ ॥

অসুবাদ—তুমি আমাকে যেরপ দর্শন করিলে, সেইপ্রকার রপবিশিষ্ট আমাকে বেদাধ্যয়ন, তপস্থা, দান ও যজ্ঞের দ্বারা দর্শন করিতে কেহ সমর্থ হয় না॥ ৫৩॥

শ্রীভক্তিবিনোদ—তুমি যে বিজ্ঞান-সহকারে আমার নিত্য নরাকার দশন করিলে, তাহা বেদপাঠ, তপস্থা, দান, ইজ্ঞা-প্রভৃতি উপায়-দারাও কেহ দশন করিতে শক্ত (সমর্থ) হন না॥ ৫৩॥

**শ্রীবলদেব**—স্বত্ব ভতামাহ, — নাহমিতি। এবম্বিধা দেবকী সুমুক্তৃ-

ভূজস্বংসথোহহং বেদাদিভিরপি সাধনৈঃ কেনাপি পুংসা ভক্তিশ্বোন স্তট্টং ন শক্যো—যথা তং মাং দ্রষ্টবানসি॥ ৫৩॥

বঙ্গান্ধবাদ—স্কুল্ল ভিতার কারণ বলা হইতেছে—'নাহমিতি'। এই প্রকার তোমার স্থা চতুভুজ দেবকীপুত্র আমি—আমাকে বেদাদি সাধনসম্হের দারাও ভক্তিশ্ল কোন লোক দেখিতে সক্ষম নহেন, যেমন তুমি আমাকে দেখিলে॥ ৫৩॥

অনুভূষণ—শ্রীভগবান্ এক্ষণে প্নরায় অর্জনকে বলিলেন, তুমি আমার ভক্ত ও স্থা বলিয়া ষে-রূপ দর্শন করিলে, ইহা স্ক্রভ; কারণ ভক্তিরহিত কোনও লোক বেদাধায়নাদি সাধনের দারা দর্শন করিতে, এমন কি, জানিতেও স্মর্থ নহে।

শ্রীমন্ত্রাপবতে পাওয়া যায়,—

"যং ন যোগেন সাংখোন দানত্রততপোহধ্বরৈ:। ব্যাখ্যাস্থাধ্যসন্মাসেঃ প্রাপুয়াদ্ যতুবানপি॥" (১১।১২।৯)

অর্থাৎ অক্যান্য ব্যক্তিগণ যোগ, সাংখা, দান, ব্রত, তপ, যজ্ঞ, ব্যাখাা, বেদপাঠ, সন্ন্যাসাদি আচরণে অতিশয় যত্ত্বান্ হইয়াও আমাকে লাভ করিতে পারে নাই।

এতং প্রসঙ্গে শ্রীমন্তাগবতের—"ন সাধয়তি মাং যোগো ন সাংখাং ধর্ম উদ্ধব।" (১১)১৪)২০ ) শ্লোকও আলোচা।

শ্রীচৈতগুভাগবতেও পাওয়া যায়,—

"ভক্তি বিনা কেবল বিজায় তপস্তায়। কিছু নাহি হয়, সবে তুঃখ মাত্র পায়॥" (জঃ ৮।১৩১)॥৫৩॥

# ভক্ত্যা জনন্যয়া শক্যো অহমেবংনিগোহর্জুন। জাতুং দ্রুপ্ত তত্ত্বন প্রবেষ্ট্রপ্ত পরন্তপ॥ ৫৪॥

ত্রস্থা — পরন্তপ! অর্জন! অনন্তায়া ভক্তা। (অনন্তা ভক্তির দারা) তু (কিন্তু) এবংবিধ অহং (এইরূপ আমাকে) তত্ত্বন (যথাযথ ভাবে) জ্ঞাতুম (জানিতে) দ্রষ্ট্রম্ (দেখিতে) প্রবেষ্ট্রম্ চ (এবং প্রবেশ করিতে) শকাঃ (সমর্থ)॥ ৫৪॥ ভাসুবাদ—হে পরস্তপ সর্জ্ন! অনগত ক্তির মারাই কিন্তু, এই রূপ-বিশিষ্ট আমাকে তত্তঃ জানিতে, দর্শন করিতে ও আশ্রয় করিতে সমর্থ॥ ৫৪॥

প্রীভক্তিবিলোদ—হে অর্জুন! অনগুভক্তি-দারাই আমি এইরূপে জ্ঞাত,
দৃষ্ট ও দাক্ষাৎকৃত হই॥ ৫৪॥

**ত্রীবলদেব**—অভিমতাং পরভক্তিকদৃখতাং ফুটয়রাহ,—ভক্ত্যেতি। এবমিধো দেবকীস্ত্র\*চতুভুজোহহমনশ্রয়া মদেকান্তয়া ভক্ত্যা তু বেদাদি-ভিস্তবতো জাতুং শকাঃ; দ্রষ্টুং প্রত্যক্ষং কর্ত্ত্বতঃ প্রবেষ্টুং সংযোজ্যং চ শকাঃ। পুরং প্রবিশতীতাত্র পুরসংযোগ এব প্রতীয়তে। তত্র বেদো গোপালোপনিষৎ, তপো মজনাষ্টমোকাদগ্রাত্যপোষণং, দানং মন্তক্তসম্প্রদানকং স্বভোগ্যানামর্পণম্, ইজা। মন্তিপ্জা। শ্রুতিশ্চবমাহ,—"যস্ত দেবে পরা ভক্তিং" ইত্যাদা। তু-শকোহত্র ভিন্নোপক্রমার্যঃ। ন চ 'স্কুর্দ্দর্শম্' ইত্যাদি-ত্রাং সহস্রশীর্ষরপপরমিতি বাচান,—'ইতার্জ্নম' ইত্যাদিষয়স্থ নরাক্তিচতুভু জ-স্বকরপপরস্থাব্যবহিতপূর্ববাং, তদ্ধয়েন সহস্রশীর্ধরপস্থ ব্যবধানাচ্চ; তত্ত যস্ত তদেকবাকাতায়াং 'নাহং বেদৈঃ' ইত্যাদেঃ পৌনকজ্যাপত্তেক। যত্ত্ব দিবাদৃষ্টিদানেন লিঙ্গেন নরাকারাচ্চত্ত্রাৎ সহশ্রনীর্ষো দেবাকা-রস্যোৎকর্ষমাহ, তদবিচারিতাভিধানমেব,—দেবাকারশ্র তশু চতুভুজ-নরাকারাধীনতাং। তত্তঞ্চ তস্ত যুক্তমেব,—"যঃ কারণার্ণকজলে ভক্ষতি শ্ম যোগনিদ্রাম্" ইত্যাদি শ্মরণাৎ। ইদং নরাক্তিক্ষণ্রপং সচ্চিদানন্দং সর্ববেদাস্তবেতাং বিভু সর্বাবতারীতি প্রত্যেতব্যং,—"সচ্চিদানন্দরূপায় রুফায়ারিষ্টকারিণে। নমো বেদান্তবেভায় গুরবে বুদ্ধি-দাক্ষিণে॥" "কুষ্ণো বৈ পরমং দৈবতম্", "একো বশী সর্ব্বগঃ কৃষ্ণ ইড্যঃ", "একো২পি সন্ বহুধা যোহবভাতি" ইত্যাদি শ্রবণাৎ, "ঈশ্রঃ প্রমঃ সচ্চিদানন্দ-বিগ্রহঃ। অনাদিরাদির্গোবিন্দঃ সর্বকারণকারণম্ ॥", "যতাব-তীর্ণ কৃষ্ণাখ্যং পরং ত্রন্ধ নরাকৃতি", "এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্ত ভগবান্ স্বয়ম্'' ইত্যাদি স্মরণাচ্চ। অত্যাপি স্বয়মেবোক্তং,—'মন্তঃ পরতরং নাক্তৎ' ইতি, 'অহমাদিহিঁ দেবানাম্' ইত্যাদি চ ; অৰ্জুনেন চ,—'পরং ব্রহ্ম পরং ধাম' ইত্যাদি। তম্মাদতিপ্রভাবেণ সংক্রাস্তে সহস্রশীর্ষ্ণিরূপে তেন সংক্রাস্তিব पृष्टिश्री रिणी यूका ; न विजिनामधामाधूर्यानावनानिधि-नवाक्वि-क्रक्षक्रभाष्ट्रजाविनी দৃষ্টিস্তত্র গ্রাহিণীতি ভাবেন কৃষ্ণরূপে সহস্রশীর্ষত্বদর্জনচক্ষ্যি তাদৃগ্রপগ্রাহি

তেজস্বনের সংক্রমিতমিতি মস্তব্যম্; ন তু যুক্তাভাগিলাভেন হৈতুকত্বং স্বীকার্যাম্ ন চার্জ্জ্বনাহপান্তমন্মগ্রবন্ধর্মকর্মকর্ম,—তন্ত ভারতাদিয়্ নরভগবদ-বতারত্বেনাসকর্কে:। কর্মোন্ত্র্যা বিগ্রয়া সনিষ্ঠিঃ সহস্রশিরস্কং রূপং লভ্যামিতি হর্দর্শং; তৎ নরাক্রতিকৃষ্ণরূপং অন্ত্রয়া ভক্তাবেতি স্বর্দ্দর্শং তহক্তম্॥ ৫৪॥

বঙ্গানুবাদ—অভিমত অর্থাৎ ভক্তের স্পৃহণীয় ও পরম ভক্তেরই মাত্র দৃশতা-সম্বন্ধে পরিষ্কার করিয়া বলিতেছেন, পাত্র অর্থাৎ ভক্তদের মধ্যে একমাত্র পরা ( শুদ্ধা ) ভক্তির দারাই আমাকে দেখিতে ও লাভ করিতে পারা যায়— ইহা বিশেষ ভাবে পরিক্ট করিবার জন্ম বলা হইতেছে—'ভক্তোতি'। এই প্রকার চতুর্জ দেবকীতনয় আমাকে, আমার প্রতি অন্যা অর্থাৎ ঐকান্তিক ভক্তি দারাই কিন্তু বেদ প্রভৃতির সাহায়ে তত্ত্তঃ জানিতে অর্থাৎ যথাবৎ স্বরূপে দেখিতে অর্থাৎ প্রতাক্ষীভূত করিতে ও যথার্থরূপে আমার মধ্যে প্রবেশ ও সংযুক্ত হইতে সক্ষম হইবে। পুরে প্রবেশ করিতেছে একথা विलिल यमन भूत-मः योगरे खेडी ि र्य । तिम-वर्श तो भारताभिनिष्, তপস্তা—শ্রীকৃষ্ণ-জন্মাষ্ট্রমীতে ও একাদশীতিথি প্রভৃতিতে উপবাস করা। দান—স্বীয় ভোগাবস্তকে আমার ভক্তদিগকে অর্পণ। ইজ্যা—আমার মৃত্তিপূজা। শ্রুতিও এই প্রকার বলিয়াছেন—"যাহার দেবে অর্থাৎ শ্রীক্লফে শ্রেষ্ঠা ভক্তি" ইত্যাদির দারা। 'ভক্ত্যা তু' এথানে 'তু' শব্দটি ভিন্ন উপক্রমে অন্বিত হইবে। "স্তুর্দ্দর্শ" ইত্যাদি তিনটি শ্লোক সহস্রশীর্ষরপ-বোধক—ইহা বলা ঠিক নহে। অর্থাৎ 'অহম্' ইহার সহিত অন্বিত হইবে। কারণ ইহা অর্জ্নকে ইত্যাদি তুইটি শ্লোকে নরাকৃতি চতুভূজ স্বকীয় রূপ দেখাইবার কথা অব্যবহিত পূর্বের বলিয়াছেন। এই তৃইটির দ্বারা সহস্রশীর্ষরূপের অনেক ব্যবধান (পার্থক্য)। দেখানে সহস্রশীর্ষরপের একবাক্যতাতে "আমি বেদ সমূহের দ্বারাও নহি" ইতাদি হইতে পুনক্জির আপত্তি হয়। কেহ যে বলেন, দিবা-দৃষ্টিদান-স্বরূপ চিহ্নের দারা নরাক্বতি চতুভুজ হইতে দেবাকার সহস্রশীর্ষমৃত্তির উৎকর্ষ বলা হইল, তাহাও অবিচারিত কথন অর্থাৎ অযোক্তিক। কারণ দেবাকার তাঁহার চতুভুজরপ নরাকৃতির অধীন। এবং তাঁহার চতুভুজর যুক্তিযুক্ত,— "যিনি কারণ-সম্দ্র-জলে যোগনিদ্রাকে ভজনা করিয়াছেন" ইত্যাদি স্মরণ হেতু। এই নরাক্বতি কৃষ্ণরূপ দং-চিৎ-আনন্দ-স্বরূপ সমস্ত বেদান্ত বাক্যের

বেছ ও বিভু—ইনি সর্বাবভারী (সমস্ত অবভারের কারণ ও মূল) ইহা জানিবে; "প্রমাণ যথা – সচ্চিদাননরপ, অক্লেশকারী রুঞ্চ, বেদান্তবেল, বৃদ্ধির সাক্ষী-স্বরূপ সর্কোপদেষ্টা কৃষ্ণকৈ নমস্বার"। "কৃষ্ণই নিশ্চয়রূপে পরম দেবতা"। পরবন্ধ শ্রীরুঞ্ সর্ববশয়িতা তিনি সর্বব্যাপক, সর্বাজীব ও সর্বাদেববন্দা,—সর্বত্র ইনি পূজা শ্রীকৃষ্ণ"। "এক হইয়াও যিনি বহুরূপে নিরাজিত হন" ইতাাদি শ্রবণ হেতু। "আবার শ্রীকৃষ্ণ পরমেশ্বর সচ্চিদানন্দ মৃদি, তিনি অনাদি সকলের আদি, গোবিন্দ, ইনি সমস্ত—কারণেরও কারণ।" "যেখানে নরারুতি পরবন্ধ রুফরেপে অবতীর্ণ।" "এই অবতারগণ পরম পুরুষ ভগবানের অংশকলাবিশেষ, কৃষ্ণ কিন্তু সাক্ষাং ভগবান্" ইত্যাদি শ্বরণ হেতু। এই গীতাতেও তিনি স্বয় বলিয়াছেন—"আমা হইতে শ্রেষ্ঠতর অন্য কেহ নাই এবং আমিই দেবতাগণের আদি" ইত্যাদি। অর্জুন কর্ত্কও—"পরব্রন্ধ ও শ্রেষ্ঠধাম" ইত্যাদি। অতএব মতিশয় প্রভাবের দারা সংক্রমিত আমার সহস্রশীর্মপে, সেই রূপের ষারাই দংক্রান্ত হইয়া দৃষ্টিপাত যুক্তিযুক্ত। কিন্তু অতিশয় গৌনদ্যাপূর্ণ, মাধুর্যা ও লাবণ্যের নিধি (আধার) নরাক্তি ক্ষ্তরপের অন্তভাবনা-রূপ দৃষ্টি, দেখানে গ্রহণযোগ্যা এই ভাবের দ্বারা সহস্থার্যতুলা অর্জুনের চক্ষে ক্রফরেপ, সেইরকম রপগ্রহণসমর্থ তেজ সংক্রমিত হইয়াছে, ইহা মনে করা উচিত। কিন্তু যুক্তি ও অভ্যাস লাভের দারা নিমিত্তাদীনতা স্বীকার অনুচিত, অর্জুনও অত্য মানুষের তায় চর্ম চক্ষ-সম্পন্ন নহে। কারণ অর্জুনকে মহাভারতাদিতে নরম্বরূপ ভগবানের অবতার, এই কণা বহুবার বলা হইয়াছে। কর্মের দারা উদ্ভ (লব্ধ) বিভাব দারা সনিষ্ঠ ভক্তগণ সহশ্রশীর্যাত্মকরপ লাভের যোগা এই হেতু হুর্দ্ধ। আর দেই নরাকৃতি কৃষ্ণরূপ কিন্তু অন্যা ভক্তির দারাই, অতএব তাহা ञ्चूर्षम् तना रहेग्राष्ट् ॥ ७८ ॥

অসুভূষণ—শ্রীভগবান এক্ষণে তাঁহার অভিমত স্পষ্ট করিয়া বলিতেছেন যে, পরাভক্তির দ্বারাই তাঁহাকে দর্শন করিতে পারা যায়। এবিদধো চতুর্ভূজ দেবকীনন্দন আমাকে অন্যা ভক্তির অর্থাং ঐকাস্তিক ভক্তির আশ্রয়ে বেদান্দি হইতেও স্বরপতঃ জানিতে সমর্থ হয়। দর্শন করিতে অর্থাৎ প্রত্যক্ষ করিতে এবং স্বরপতঃ প্রবেশ অর্থাৎ সংযুক্ত হইতেও পারা যায়। প্রবেশ শন্দ এথানে সংযোগার্থেই ব্যবহৃত হইয়াছে। যদি বলা যায় যে, এক ব্যক্তি পুরে অর্থাৎ গৃহে বা নগরে প্রবেশ করিলেন, তাহা হইলে তাহার পুর-সংযোগই প্রতীত

হয়; কিন্তু তাহাতে লয় হইয়া গেলেন, ইহা বুঝায় না। সেইরপ শ্রীভগবানে প্রবেশ পুর-সংযোগের ন্থায় বুঝিতে হইবে। শ্রীগোপালতাপনি-উপনিষদেও এইরপ উক্তি পরিদৃষ্ট হইয়া থাকে।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদও বলিয়াছেন যে,—

সাযুজ্য নির্ব্বাণাদি- শব্দ শাস্ত্রে দেখ যদি,

তাহাও ভক্তির অঙ্গে যায়।

পূর্বে শ্লোকে যে তপস্থাদি কথার উল্লেখ আছে, তাহা ভক্তির অমুক্লভাবে গৃহীত হইলে 'তপঃ' শব্দের অর্থ শ্রীকৃষ্ণ-জন্মাষ্ট্রমী, একাদশী প্রভৃতি পর্ব্বোপলক্ষা উপবাদকে বুঝায়। শ্রীভগবানের ভক্তদিগকে স্বভোগ্য-বস্তুর অর্পণকে দান বলে। শ্রীভগবানের শ্রীবিগ্রহাদির বিহিত বিধানে পূজাই ইজ্যা নামে কথিত।

খেতাখতর শ্রুতিও এইরূপ বলিয়াছেন যে,—

"যস্ত দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ। তখ্যৈতে কথিতা হাৰ্থাঃ প্ৰকাশন্তে মহাত্মনঃ ॥" (৬।২৩)

অর্থাৎ যাহার শ্রীভগবানে পরা ভক্তি আছে, আবার যেমন শ্রীভগবানে সেইরপ এতিরুদেবেও পরা ভক্তি বর্তমান, সেই মহাত্মার সম্বন্ধে এই সকল বিষয় উপদিষ্ট হইয়া প্রকাশ পাইয়া থাকে।

মূলে যে 'তু' শব্দের ব্যবহার হইয়াছে তাহা ভিন্ন উপক্রমে অর্থাৎ পূর্বের 'স্বত্দিশ মিদং রূপং' শ্লোক হইতে আরম্ভ করিয়া 'ভক্ত্যা অনন্যয়া' শ্লোক পর্যান্ত যে তিনটি শ্লোকে যে ভগবানের রূপ দর্শনের স্বত্বল্লভতা বলা হইয়াছে, তাহা সহস্রশীর্ষাদিযুক্ত বিশ্বরূপের পক্ষে প্রযোজা নহে।

'ইত্যৰ্জ্নং' এবং 'দৃষ্টে দং মানুষং রূপং' পর্যান্ত তুই শ্লোকে অর্জুনোক্তি বিশ্বরূপ দর্শনের অবাবহিত পরেই বাবধান-শ্বরূপে বর্তমান আছে। তাহাতে শ্রীক্লফের সর্বাদা অর্জ্ন কর্ত্ব পরিদ্খামানরপেরই উল্লেখ হইয়াছে; অতএব বিশ্বরূপ এম্বলে লক্ষিত বলিয়া অমুমান করিবার কোনই কারণ নাই। शृर्क्त "न विष्युक्षाधायदेनः" हेणामि এवः भव्त "नारः विदेनः" महेन्नभ जावहे वाक कता श्रेगाहि। यि विश्वत्र भन्न अद्भारे এই উভয় উক্তি প্রযুক্ত श्रेगाहि মনে করা হয়, তাহা হইলে পুনক্তি দোষ আদিয়া পড়ে। স্থতরাং ইহা সহজেই মীমাংসিত যে, তুই উক্তিই তুই স্থলে তুই রূপ-সম্বন্ধেই অবতারিত श्रियादि ।

দিব্যচক্ষ্ব প্রভাবে অর্জ্বন শ্রীভগবানের যে দেবাকার দর্শন করিয়াছিলেন, তাহা চতুর্জ নরাকার রূপ হইতে প্রেষ্ঠ বলিয়া জ্ঞান করা অযোজিক। কারণ তাঁহার দেবাকারও চতুর্জ নরাকারের অধীন। ইহার তত্তও যুক্তিযুক্ত। যেহেতু প্রলয়ে সমস্ত-ধ্বংস হওয়ার পর কেবলমাত্র শ্রীভগবান্ বর্তমান থাকেন ও কারণার্গবে যোগনিদ্রায় শায়িত থাকেন, তথনও তিনি চতুর্জ নরাকারধারী। এই নরাকৃতি শ্রীকৃষ্ণরূপ সচিদানলম্বরূপ, সর্ববেদান্তবেল্ল, বিভূ ও সর্বাবতারী ইহা জানা উচিত।

"শীরুষ্ণ সচিদানন্দস্বরূপ, ক্লেশনাশক, বেদান্তবেহা, গুরু, বৃদ্ধির সান্ধী, তাঁহাকে নমস্বার।" "রুষ্ট্র পরম দেবতা" "এক রুষ্ণ সর্বর্গ, সর্ববশ্যিতা, সকলের পূজা। এক অন্বয়জ্ঞান তর হইয়াও যিনি বহু স্বাংশ-বিলাসাদিরূপে প্রকটিত হন।" ইত্যাদি গোপালতাপনি শুতির দ্বারা শীরুষ্ণ-রূপেরই প্রাধান্ত প্রতিপাদিত হইয়াছে। শীভাগবতেও পাওয়া যায়,—শীরুষ্ণই স্বয়ং ভগবান্, অন্তান্ত সকলে তাঁহার অংশ ও কলা। শীভগবান্ নিজেও গীতায় বলিয়াছেন যে 'আমা-অপেক্ষা আর পরতর তত্ত্ব নাই'—( ৭।৭ ), "আমিই সকল দেবতার আদি"—( ১০।২ ); অর্জ্বও বলিয়াছেন,—তুমি "পরব্রন্ধ, পরমধাম"—( গীঃ—১০।১২ )।

অতিশয় প্রভাব-সংক্রান্ত অত্যপ্র দেবাকারে শ্রীক্তফের নরাকৃতি সংক্রান্ত হইয়াছিল, বুঝিতে হইবে। তাহাতে কিন্ত শ্রীভগবানের অতিশয় সৌল্বর্যা, মাধুর্যা, লাবণ্য-নিধি নরাকৃতি কৃষ্ণরূপ দৃষ্টিগোচর হয় নাই। সেই রূপের মধুরতা নরাকারেই দৃষ্ট। অর্জুনের চক্ষে কৃষ্ণরূপে সহস্রশির্যরের ত্রায় তাদৃশ রূপ-গ্রহণ-সামর্থ্য তেজ তোমা ঘারাই সংক্রমিত হইয়াছে, ইহা মনে করা উচিত নহে। যুক্তি ও অভ্যাস লাভের ঘারা হৈতৃকত্ব স্বীকার্য্য নহে। কারণ অর্জুন সাধারণ মহয়ের ত্রায় চর্ম-চক্ষ্যুক্ত ছিলেন না এবং সহস্রশীর্ধাকার দর্শনে তাহার অভ্যাসও ছিল না। শ্রীমহাভারতে পুনং পুনং কীর্ত্তিত হইয়াছে যে, শ্রীভগবানের নরনারায়ণ লীলায় অর্জুন নররূপে অবতীর্ণ। সেই সময়ে তিনি শ্রীভগবানের চতুভু জ নরাকারই দর্শন করিতেন। এবং তর্দ্ধনেই তিনি অভ্যন্ত। কর্ম্মান্থটান-জনিত বিদ্যাপ্রভাবে বহু আয়াসে শ্রীভগবানের সহস্রশীর্ধাকার দৃষ্ট হইয়া থাকে। সেই জন্ত ইহা হর্দ্ধর্শ। কিন্তু সেই নরাকৃতি

কৃষ্ণরূপ যাহা অর্জুন দর্শন করিতেন, তাহা কিন্তু অনক্যা ভক্তির দারাই লভা; এই জন্ত 'স্তুদ্দর্শ' বলা হইয়াছে।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাওয়া যায়,—"যদি নির্কাণ মোক্ষের বাসনা হয়, তবে 'তত্ত্বেন'—ব্রহ্মস্বরূপত্বে প্রবেশ করিতেও অনন্যা ভক্তির দারাই সমর্থ, অন্য উপায়ে নহে। জ্ঞানিগণের গুণীভূতা ভক্তিও অন্তিম সময়ে জ্ঞানস্বাসের পরে অল্লই উন্মেষিত হয়। অন্য কিছু হয় না। তদ্বারাই তাহাদের সাযুজ্য মৃক্তি লাভ হয়।"

একমাত্র অনন্তা ভক্তির দারাই এই প্রকার রূপ জ্ঞাত, দৃষ্ট এবং সাক্ষাৎকৃত হইয়া থাকে। এ-সম্বন্ধে শ্রীমদ্যাগবতে পাই,—"কেবলেন হি ভাবেন......
মামীয়ুরঞ্জদা"—(১১।১২।৮) এবং অন্তত্ত্ত্ব পাওয়া যায়,—"ভক্ত্যাহমেকয়া গ্রাহ্ম: শ্রদ্ধাত্মা প্রিয়ঃ সতাম্"—(১১।১৪।২১)।

শ্রীচৈতক্তরিতামতেও পাওয়া যায়,—

"ভক্তো ভগবানের অন্তব পূর্ণরূপ। একই বিগ্রহে তাঁর অনস্ত স্বরূপ॥" (মঃ ২০ পঃ) অন্যত্র— "জ্ঞান-কর্ম্ম-যোগ-ধর্ম্মে নহে কৃষ্ণ বশ।

কৃষ্ণবশহেতু এক কৃষ্ণ প্রেমরস॥" ( আ: ১৭ প: )

"ঐছে শাস্ত্রে কহে—কর্ম্ম-জ্ঞান যোগ ত্যজি।

'ভক্তো' ক্বফ্চ বশ হয়, ভক্তো তাঁরে ভিজ ॥"—( মঃ ২০ পঃ )

"ভক্তিবিনা কোন সাধন দিতে নারে ফল।

সব ফল দেয় ভক্তি স্বতন্ত্র প্রবল ॥"—( মঃ ২৪ পঃ )

এ-সম্বন্ধে গীঃ—৮।২২ শ্লোক দ্রন্থব্য ॥ ৫৪ ॥

মৎকর্মকুম্বৎপরমো মন্তক্তঃ সঙ্গবর্জিতঃ। নিকৈরঃ সর্বভূতেঘু যঃ স মামেতি পাণ্ডব॥ ৫৫॥

ইতি—শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীশ্বপর্বাণ শ্রীমন্তগবদ্গীতাস্থানিষৎস্থ বন্ধবিভারাং যোগশান্তে শ্রীকৃষ্ণার্জ্বন-সংবাদে বিশ্বরূপদর্শন-যোগো নামৈকাদশোহধ্যায়:। 220

ভাষয়—পাওব! য: (যিনি) মৎকর্মকৎ (আমার জন্মই কর্ম করেন)
মংপরম: (মদ্গতি) মন্তক্ত: (আমার ভক্ত) সঙ্গবজ্জিত: (আসক্তি রহিত)
সর্বভূতেষু নির্বৈর: (সর্বভূতে: দ্বেষ-রহিত) স: (তিনি) মাম্ (আমাকে)
এতি (প্রাপ্ত হন্)॥ ৫৫॥

ইতি—শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীমপর্বাণি শ্রীভগবদগীতাস্পনিষৎস্থ ব্রহ্মবিভায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জ্ন-সংবাদে বিশ্বরূপদর্শন-যোগো নাম একাদশোহধ্যায়স্থান্বয়ঃ সমাপ্তঃ॥

তাকুবাদ—হে পাণ্ডব! যিনি আমারই দেবা করেন, আমাকেই পরম বলিয়া জানেন, আমার ভক্ত, সর্বত্র আদক্তি শৃত্য ও সর্বভূতে দ্বেষ-রহিত, তিনিই আমাকে প্রাপ্ত হন॥ ৫৫॥

ইতি—গ্রীব্যাদবিরচিত শ্রীমহাভারতে শতদাহশ্রী সংহিতায় ভীমপর্কে শ্রীভগবদ্গীতা-উপনিষদে ব্রন্ধবিভায় যোগশান্তে শ্রীকৃষ্ণার্জ্ক্ন-সংবাদে বিশ্বরূপদর্শন-যোগ নামক একাদশ অধ্যায়ের অমুবাদ সমাপ্ত ॥

শ্রীভজিবিনোদ— যিনি আমার অকৈতব দেবা করেন, কর্মজ্ঞান-ফলসঙ্গ-বজ্জিত হইয়া সমস্ত ব্যাপারে আমার ভক্তির আলোচনা করেন এবং
সর্বভূতের প্রতি সদয় হন, তিনিই এই শ্রীকৃষ্ণস্বরূপ আমাকে লাভ
করেন॥ ৫৫॥

শ্রীভক্তিবিনোদ—এই অধ্যায়ে বিশ্বরূপ, কালরপ, এমন কি, বিষ্ণুরূপ অপেক্ষাও শ্রীকৃষ্ণরূপের আশ্রয়ণীয়ত্ব প্রদর্শিত হইয়াছে। স্বরূপবিগ্রহ ব্যতীত ভক্তের আর সাম্বন্ধিক বিগ্রহসকলে কিছু প্রয়োজন নাই। শ্রীকৃষ্ণবিগ্রহই যে নিখিল-রসামৃতমূর্ত্তি ও পরম মাধুর্যা-ভাবের একমাত্র নিধান,—ইহাই এই অধ্যায়ের নিষ্ক্র্য।

### ইতি—একাদশ অধ্যায়ে গ্রীভক্তিবিনোদ ঠাকুরের 'ভাষা-ভাষ্য' সমাপ্ত।

শ্রীবলদেব—অথ স্বপ্রাপ্তিকরীমনন্তাং ভক্তিম্পদিশন্পসংহরতি,—মদিতি।
মংসম্বন্ধিনী মন্মন্দিরনির্মাণ-তন্ধিমার্জন-মংপুষ্পবাদীতুলসীকাননসংস্কার-তংসেচনাদীনি কর্মাদীনি করোতীতি মংকর্মকং, মংপরমো মামেব, ন তু

স্বর্গাদিকং স্বপুমর্থং জানন্, মন্তক্তো মচ্ছুবণাদি-নববিধভক্তিরসনিরতঃ, সঙ্গ-বর্জিতঃ মন্বিম্থদংদর্গমদহমানঃ, দর্বভূতেষু নির্বৈরঃ, —তেষপি মন্বিম্থেষু প্রতিক্লেষ্ সংস্থ বৈরশ্তাঃ,—স্বন্ধেশতা স্বপ্রবিদ্ধিতিক স্ববিমর্শেন তেষু বৈরনিমিত্তাভাবাং। এবস্থতো যঃ স মাং নরাকারং কৃষ্ণমেতি লভতে, নাতাঃ॥ ৫৫॥

পূর্ণ: ক্লফোহবতারিত্বান্তম্ভকানাং জয়ো রণে। ভারতে পাণ্ডুপুত্রাণামিত্যেকাদশনির্ণয়ঃ॥

# ইতি—শ্রীমদ্ভগবদগীতোপনিষম্ভায়ে একাদশোহধ্যায়ঃ।

বঙ্গান্ধবাদ—অনন্তর শ্রীভগবানকে যেই ভক্তির দ্বারা পাওয়া যায়, সেই অনন্তা ভক্তির উপদেশ প্রদানের ইচ্ছায় উপদংহারে শ্রীভগবান্ উপদেশ করিতেছেন, —'মদিতি'। আমার সম্বন্ধীয় আমার মন্দির-নির্মাণ, তাহার পরিমার্জনা, আমার পুল্পবাটী, তুলদী-কাননের সংস্কার ও তন্মূলে জল-সেচনাদি কর্মগুলি যিনি করেন, তিনিই আমার কর্মকৃৎ বলিয়া অভিহিত হইয়া থাকেন, যিনি মন্নিষ্ঠ অর্থাৎ আমাকেই চাহেন কিন্তু স্বর্গাদিকে স্বীয় পুরুষার্থ মনে করেন না; যিনি আমার ভক্ত—আমার নাম-শ্রবণাদিরূপ নববিধা ভক্তিরদে নিরত। যিনি সঙ্গ বর্জিত—আমার প্রতি বিম্থ এই জাতীয় লোকের সংসর্গ সহ্থ করেন না, যিনি নৈর্বৈর—সমস্ত প্রাণীতে বৈরিভাব-শৃত্য। তাহাদের মধ্যেও যাহারা আমার প্রতি বিম্থ ও আমার প্রতিকৃল ভাবাপন্ন তাদের প্রতিও বৈরভাবশৃত্য, কেননা স্বীয় ক্লেক্কে স্বীয় পূর্ব্বকর্মনিমিত্তক বিচারের দ্বায়া সেই শক্রদের উপরও বৈরভাবের অভাব হেতু। এই প্রকার যিনি, তিনি আমাকে—নরাকার কৃষ্ণকেই লাভ করেন, অত্য কেহ নহে॥ ৫৫॥

শ্রীকৃষ্ণ পূর্ণব্রন্ধ ভগবান্—সমস্ত অবতারের অবতারী। অতএব তাঁহার প্রভাবে তদীয় ভক্ত পাণ্ডুপুত্রদের ভারতের (কুরুক্ষেত্রের) যুদ্ধে জয়। ইহাই একাদশ অধ্যায়ে নির্ণয় করা হইল।

### ইতি—একাদশ অধ্যায়ের শ্রীমন্তগবদ্গীতোপনিষদ্ ভাষ্মের বঙ্গানুবাদ সমাগু।

অনুভূষণ—কি প্রকারে অন্তা ভক্তির আগ্রয়ে শ্রীভগবানকে পাওয়া যায়, এবং কি কি অমুষ্ঠান করণীয়, তাহারই উপদেশ মুখে উপসংহার করিতেছেন। যিনি শ্রীভগবানের কর্ম-সম্পাদমেই জীবনকে নিয়োজিত করেন, শ্রীভগবানের সম্বন্ধীয় মন্দির-নির্মাণ, মন্দিরাদির মার্জ্জন, পুম্পবাদীকা, তুলসী কানন-সংস্কার ও তাহাতে জল সেচনাদি দেবা করেন, যিনি ভগবৎসেবা ব্যতীত অন্ত সমৃদ্য় কর্ম অসার ও নিফল-জ্ঞানে পরিত্যাগ করত সর্কাম্প শ্রীভগবানের সেবার উদ্দেশ্যেই সকল আচরণ করেন, তিনিই মৎ-কর্ম্মণরার এবং দিনি মৎপরায়ণ অর্থাৎ ম্বর্গাদিকে পুরুষার্থ না জানিয়া, আমাকেই একমাত্র পুরুষার্থ জানেন, যিনি মন্তন্ত অর্থাৎ মচ্ছুবণাদি নববিধ ভক্তিরসনিরত, যিনি সন্দ-বর্জ্জিত অর্থাৎ কলাসক্তি রহিত এবং মদিম্থ-সংস্কাজ্মহিষ্ণু, যিনি সর্কাভ্তে বৈরভাবশৃত্য অর্থাৎ নিজকর্মই স্বল্লেশের কারণ বিচার পূর্কাক নিজ বৈরিতা-আচরণকারীর প্রতিও শক্রভাব-শৃত্য, পরস্ক সদয়ভাব্যুক্ত, তিনিই এই শ্রীক্রণ্ডার্মক আমাকে লাভ করেন; অত্যে নহে।

শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

"মমার্চাস্থাপনে শ্রদ্ধা স্বতঃ সংহত্য চোল্ডমঃ। উল্পানোপনাক্রীড়-পুরুমন্দির কর্মণি॥ সম্মার্জনোপলেপাভ্যাং দেকমণ্ডলবর্তনৈঃ। গৃহক্তশ্রমণং মহাং দাসবদ্ যদমার্য়া॥"—( ১১।১১।৩৮-৩৯ )॥ ৫৫॥

ইতি—শ্রীমন্তগবদ্গীতার একাদশ অগ্যায়ের অনুভূষণ-নান্দী টীকা সমাপ্তা।

একাদশ অধ্যায় সমাপ্ত।

#### क्षान्द्रभाष्ट्रशाश्चः

## অর্জুন উবাচ,— এবং সতত্তযুক্তা যে ভক্তাস্থাং পর্যুপাসতে। যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ॥ ১॥

অশ্বয়—অর্জুনঃ উবাচ,—( অর্জুন কহিলেন) এবং ( এই প্রকারে )
সতত্ত্বজ্বাঃ (নিরস্তর তোমাতে নিষ্ঠাযুক্ত ) যে ভক্তাঃ (যে ভক্তগণ) আং
(তোমাকে ) পর্যুপাসতে (উপাসনা করেন) যে চ অপি ( এবং যাহারা )
অব্যক্তং (নির্কিশেষ) অক্ষরং ( ব্রহ্মকে ) [ পর্যুপাসতে—উপাসনা করে ]
তেষাং (তত্ত্বের মধ্যে) কে যোগবিত্তমাঃ ( কাহারা শ্রেষ্ঠ যোগবিৎ ? )॥ ১॥

অসুবাদ—অর্জুন বলিলেন,—তোমার পূর্ব্বোক্ত উপদেশাস্থ্যারে নিরন্তর নিষ্ঠাযুক্ত যে দকল ভক্ত তোমার শ্রামস্থলর আকারের উপাদনা করেন এবং বাঁহারা শ্রুকুক্ত নির্বিশেষ অক্ষর-ব্রন্ধের উপাদনা করেন, এতত্ত্রের মধ্যে কাঁহারা শ্রেষ্ঠ যোগবিং ? ॥ ১॥

শ্রীভক্তিবিনোদ—অর্জন কহিলেন,—হে কৃষ্ণ! তুমি এ-পর্যান্ত আমাকে যে-সকল উপদেশ দিলে, ইহাতে আমি জানিলাম যে, যোগী—তুই প্রকার, অর্থাৎ এক প্রকার যোগিগণ সমস্ত শারীরিক ও সামাজিক কর্ম্মসকলকে তোমার অনগ্রভক্তির অধীনতা-শৃদ্ধলে বদ্ধ করিয়া তোমার নির্মালভক্তি-দারা তোমার উপাসনা করেন; অগ্রপ্রকার যোগিগণ শারীরিক ও সামাজিক কর্মসকলকে নিদ্ধান-কর্মযোগ-দারা আবশ্রক-মত স্বীকার করত অক্ষর ও অব্যক্ত-স্বরূপ তোমার আধ্যাত্মিক-যোগ অবলম্বন করেন। এই তুইপ্রকার যোগীর মধ্যে কে শ্রেষ্ঠ ? ॥ ১॥

**ত্রীবলদেব**—উপায়েষু সমস্তেযু শুদ্ধা ভক্তির্মহাবলা। প্রাপয়েত্বরয়া যন্মামিত্যাহ দ্বাদশে হরিঃ॥

জীবাত্মানং যথাবজ্জাত্ম বিজ্ঞায় চ তদংশী হরিধের্য ইতি 'অবিনাশি তু তদ্বিদ্ধি' ইত্যাদিভির্দ্বিতীয়াদিষেকঃ পন্থা বর্ণিতঃ। জীবাত্মানং হরেরংশং জ্ঞাত্বৈব তদংশী হরিস্তচ্ছ্রবণাদি-ভক্তিভিধের্য ইতি 'ম্যাসক্তমনাঃ পার্থ' ইত্যাদিভিঃ সপ্তমাদিষু দ্বিতীয়ঃ পন্থাঃ প্রদর্শিতঃ। তেম্বেব 'প্রয়াণকালে' ইত্যাদিনা যোগোপস্টা, 'জ্ঞানযজ্ঞন চাপাত্তে' ইত্যাদেন জ্ঞানোপস্টা চ ভক্তিককা। ভক্তিষ্ট্কাৎ প্ৰাক্ ষষ্ঠান্তে কেবলাং ভক্তিম্পদেক্ষাতা 'যোগিনামপি সর্বেষাম্' ইত্যাদিপত্যেন ষৈকান্তিনাং যুক্ততমতা চাভিহিতা। তত্ৰাৰ্জ্জনং পৃচ্ছতি,—এবমিতি। এবং 'ময্যাসক্তমনাং পার্থ' ইত্যাদি ষত্তক্তিরা সতত্যুক্তা যে বাং শ্লামস্থলরং কৃষ্ণং পরিতঃ কায়াদিব্যাপারৈক্রপাসতে, যে চাক্ষরং জীবস্বরূপং চক্ষ্রাদিভিরবাক্তং পর্যুপাসতে ধারণাধ্যানসমাধিভিঃ সাক্ষাৎকর্ত্ত্ পরমাত্মকামান্তেষামৃভয়েষাং মধ্যে যোগবিত্তমাং শীঘোপারিনঃ কে ভবন্তি? অয়ং ভাবঃ,—স্বান্থভবপূর্বকস্ত হরিধ্যানস্থ বন্ধমৃল্যানের নির্বিল্লা তৎপ্রাপ্তিরিত্যেকে। নীরূপস্থাতিস্ক্ষম্ম জীবান্ধনো ত্র্যানস্থাৎ কিং তদ্ধ্যানেন ? কিন্তু হরি-ভক্তিরেব সর্ববিদ্ববিমর্দিনী হরিপ্রাপণীত্যেকে। তশ্লামেব নিরতান্তেষামৃভয়েষাম্পায়েষু কঃ শ্রেয়াম্পাম ইতি তং ভণেতি॥ ১॥

বঙ্গান্সবাদ—সমস্ত উপায়ের মধ্যে আমাকে লাভ করিবার জন্ম শুদ্ধা ভক্তিই মহাবলশালিনী ও দর্কশ্রেষ্ঠা কারণ খুবই সত্তর তাহার দ্বারা আমাকে পাওয়া যায়। ইহাই দ্বাদশ অধ্যায়ে ভগবান্ শ্রীহরি বলিয়াছেন।

চিদংশ জীবাত্মাকে যথাযথভাবে জানিয়া এবং বিশেষভাবে শ্রীভগবানের স্বরূপ অবগত হইবার পর সেই অংশী শ্রীহরিই ধ্যানের যোগ্য, ইহা "কিন্তু সেই ব্রহ্ম অবিনাশা জানিবে" ইত্যাদির দারা দ্বিতীয়াদি অধ্যায়েতে একপ্রকার পথের (সাধনার) বিষয় বর্ণনা করা হইয়াছে। জীবাত্মাকে শ্রীহরির অংশরূপে জানিয়াই তাহার অংশী শ্রীহরিকে শ্রবণাদি ভক্তিসমূহের দ্বারা ধ্যান করিবে। ইহা "ম্যাসক্তমনাং পার্থ" ইত্যাদি শ্লোকসমূহের দ্বারা সপ্তমাদিতে শ্রীভগবানের সাধনার দ্বিতীয় পদ্ধার বিষয় বর্ণনা করা হইয়াছে। তাহাদের মধ্যে "প্রয়াণকালে" ইত্যাদির দ্বারা গৌণ যোগ্যুক্তা ভক্তিই প্রধানভাবে (উপদেশ্য) জ্ঞান্যজ্ঞের দ্বারা অস্থান্য ভক্তগণ ইত্যাদি দ্বারা জ্ঞান্যক্তা ভক্তির বিষয় বলা হইয়াছে। ভক্তি-বিষয়ক ছ্য় অধ্যায়ের পূর্বের মধ্য অধ্যায়ের শ্বের কবলা ভক্তির উপদেশ দিবার অভিপ্রায়ে ( দকল যোগীদের মধ্যেও ) ইত্যাদি পত্যের দ্বারা ঐকান্তিক ভক্তগণের যুক্ততমতা বলা হইয়াছে। দেখানে অর্জুন জিজ্ঞাদা করিতেছেন—'এবমিতি'। এই প্রকার "আমাতে আসক্তমনা পার্থ" ইত্যাদি। তোমা কর্তৃক উক্ত ভক্তির দ্বারা যাহারা সত্তই যুক্ত

থাকিয়া তোমাকে অর্থাৎ শ্রামস্থলের কৃষ্ণকে সর্বপ্রকার কায়াদি ব্যাপারের দ্বারা উপাসনা করে এবং ধারারা চক্ষ্রাদি-দ্বারা অব্যক্ত অক্ষর জীবস্বরূপকে পরি-পূর্ণভাবে উপাসনা করে এবং ধারণা, ধ্যান ও সমাধির দ্বারা সাক্ষাৎ করিবার জন্ত, পরমাত্মাকে পাইবার কামনায় চেষ্টা করে। সেই উভয়বিধ উপাসকের মধ্যে কাহারা যোগবিদ্শ্রেষ্ঠ অর্থাৎ শীঘ্রোপায়শালী হইয়া থাকেন? ইহার ভাবার্থ এই—স্বীয় অন্থভবপূর্বক শ্রীহরির ধ্যানের বন্ধমূলকত্ব হেতু অর্থাৎ দৃঢ় থাকায় তাহার দ্বারা বিদ্বশৃত্ত হইয়া ভগবৎ প্রাপ্তি হয়—ইহা কেহ কেহ বলেন। আবার কেহ কেহ বলেন—রূপহীন অতিশয় স্কল্ম জীবাত্মাকে ধ্যান করা দ্বঃশাধ্য, অতএব তাহার ধ্যানের কি প্রয়োজন? কিন্ত হরিভক্তিই সমস্ত বিদ্ববিনাশকারিণী এবং শ্রীহরির প্রাপ্তি-সাধন, সেই হরি-ভক্তিতে ব্যাহারা নিরত এই উভয়বিধ যোগীর উপায়গুলির মধ্যে কোন্ উপায় শ্রেষ্ঠ ও শ্রেয়ঃ উপায়, ইহা তুমি বল॥ ১॥

অনুভূষণ—সমস্ত উপায়ের (সাধনার) মধ্যে অতি শীঘ্র ভগবৎ-প্রাপ্তির উপায়-বিচারে, শুদ্ধা ভক্তিই একমাত্র মহাবলশালিনী, ইহাই শ্রীভগবান্ দাদশ অধ্যায়ে বর্ণনা করিতেছেন।

জীবাত্মার স্বরূপ যথাযথ জ্ঞাত হইয়া অর্থাৎ জীব প্রীহরির বিভিন্নাংশ স্থতরাং নিত্যদাস জানিয়া এবং শ্রীহরিই অংশী অর্থাৎ সর্বজীব প্রভু, ইহা বিশেষভাবে অবগত হইয়া শ্রীহরিকে ধ্যান করা আবশুক। গীতার দ্বিতীয় অধ্যায়ে ১৭ শ্লোকে "অবিনাশি তু তদ্বিদ্ধি" ইত্যাদি বাক্যের দ্বারা ধ্যাননিষ্ঠান্দক এক প্রকার পন্থার বিষয় শ্রীভগবান্ বর্ণনা করিয়াছেন। জীবাত্মাকে শ্রীহরির বিভিন্নাংশ জানিয়া এবং অংশী শ্রীহরিকে শ্রবণ, কীর্ত্তন, স্মরণাদি ভক্তিযোগসহকারে ধ্যান করা উচিত। পুনরায় সপ্তম অধ্যায় ১ম শ্লোকে "ম্যাাসক্তমনাঃ পার্থ" ইত্যাদি বাক্যের দ্বারা দ্বিতীয় পন্থাও প্রদর্শিত হইয়াছে। দেই ভক্তির আবার তুইটি ভাব পূর্বের প্রদর্শিত হইয়াছে। তন্মধ্যে "প্রয়াণকালে মনসাচলেন" (গীঃ—৮।১০) ইত্যাদি বাক্যের দ্বারা যোগনিষ্ঠা-ভক্তি এবং "জ্ঞান্যজ্ঞেন চাপান্তে" (গীঃ—৯।১৫) ইত্যাদি বাক্যের দ্বারা জ্ঞাননিষ্ঠা ভক্তির বিষয় কথিত হইয়াছে। ভক্তিযোগপূর্ণ দ্বিতীয় ষ্ট্কের পূর্বের অর্থাৎ ষষ্ঠ অধ্যায়ের শেষে "যোগিনামপি সর্বের্ষাং" (গীঃ—৬।৪৭) ইত্যাদি বাক্যের দ্বারা ক্রের্লা তক্তির বিষয় উপদেশ করিতে ইচ্ছুক হইয়া প্রকান্তিক

ভক্তগণকেই যুক্তম অর্থাৎ দকল প্রকার যোগিগণের মধ্যে দর্কভ্রেষ্ঠ বলিয়া শ্রীভগবান্ ব্যক্ত করিয়াছেন।

অর্জ্বন এই দকল বিবিধ উপদেশ প্রবণ করিবার পর এক্ষণে জিজ্ঞানা করিতেছেন যে, "মধ্যাসক্তমনাঃ পার্থ" (মীঃ ৭।১) ইত্যাদি বাক্যে তৃমি যাহা বলিয়াছ, তদক্ষারে যাহারা সতত্যুক্ত হইয়া শ্রামন্থনর প্রীকৃষ্ণ তোমাকে কায়মনোবাক্যে সর্বতোভাবে উপাসনা করেন এবং যাহারা চক্ষরাদির অগোচর অব্যক্ত, অক্ষরতত্ব জীবস্থরপকে, পরমাত্মকামী হইয়া ধ্যানধারণাসমাধিযোগে সাক্ষাৎ করিবার জন্ম যত্ন করেন, তাহাদের উভয়ের মধ্যে শাদ্রোপায়ী যোগীপ্রেষ্ঠ কাঁহারা? ইহার তাৎপর্য্য এই যে, কেহ কেহ বলেন, স্বীয় হদয়ে প্রীহরির অক্সতব পূর্বক তাহার ধ্যান নির্কিন্ন ও তৎপ্রাপ্তির সহজ উপায়। আবার কেহ বলেন, অতি কৃষ্ম নিরাকার জীবাত্মার ধ্যান অসম্ভব স্কৃত্বাং সেরূপ ধ্যানের কোন ফল নাই। কিন্তু হরিভক্তিই সর্ব্ববিদ্ববিনাশিনী ও হরিপ্রাপ্তির একমাত্র পর্যম সত্বপায়। এই উভয় উপায়ের মধ্যে কোন্টি শ্রেষ্ঠ ও শ্রেয়ং? তাহাই বর্ণন করিবার জন্ম প্রীভগবানের নিকট অর্জ্বনের নিবেদন।

শ্রীল চক্রবর্তিপাদের টীকার মর্মে পাই,—

"ভক্তিপ্রকরণের উপক্রমে 'যিনি আমাতে শ্রদ্ধাযুক্ত হইয়া মদগতিচিত্তে আমাকে ভদ্ধনা করেন; তিনি দকল প্রকার যোগিগণের মধ্যে যুক্ততম অর্থাৎ শ্রেষ্ঠ। ইহাই আমার মত।'—গীঃ ৬।৪৭ ইত্যাদি বাক্যে ভক্তের দর্বশ্রেষ্ঠতা অর্জ্জুন যেমন শ্রবণ করিয়াছিলেন, দেইরূপ উপসংহারেও তাহার এইরূপ দর্বনশ্রেষ্ঠতা শ্রবণ-বাদনায় জিজ্ঞাদা করিতেছেন। 'এবং দতত্যুক্তাঃ'—'যে ব্যক্তি আমার কর্মাত্মষ্ঠানশীল, মৎপরায়ণ'—এই তোমার কথিত লক্ষণযুক্ত ভক্তগণ 'জাং'-শ্রামস্থলরাকারকে বাহারা উপাদনা করেন, 'যে চাব্যক্তং'—বাহারা নির্বিশেষ অক্ষরতত্ত্বকে 'হে গাগি! ব্রাহ্মণগণ দেই অক্ষরকে অস্থুল, অনপ্ (অস্ক্ষ্ম) অব্রম্ম প্রভৃতি বলেন'।—বঃ তাচাচ্চ ইত্যাদি শ্রুতি-ক্ষিত ব্রহ্মকে উপাদনা করেন, 'তেবাং'—দেই উভয় প্রকার যোগবিদ্গণের মধ্যে কাহারা অতিশয় যোগবিদ্ এবং তোমাকে পাইতে শ্রেষ্ঠ উপায় জানেন; বা লাভ করেন না, তাঁহারা 'যোগবিত্তর' অর্থাৎ অধিকতর যোগজ্ঞ।—এই বক্তবা হইলে 'যোগবিত্তম' এই উক্ত বছ যোগবিত্তরের মধ্যে কে শ্রেষ্ঠণ এই অর্থ বুঝাইতেছে।"

वानकगरन्गाण।

3616

8 9 3

4

1

'জীবতত্ত্ব' সম্বন্ধে শ্রীমহাপ্রভুর সিদ্ধান্ত—

"জীবের স্বরূপ হয় ক্ষেত্রে নিত্যদাস্।

কুষ্ণের 'তটস্থা-শক্তি' ভেদাভেদ-প্রকাশ ॥"

শ্বেতাশ্বতর উপনিষদেও পাওয়া যায়,—

"বালাগ্রশতভাগস্থ শতধা কল্পিতস্থ চ।

ভাগো জীবঃ ম বিজ্ঞোঃ স চানস্থায় কল্পতে॥" (৫।৯) মুগুকেও পাওয়া যায়,—

"এষোংশুরাত্মা চেতসা বেদিতব্যো" ( ৩।২।৯ ) গীতাতেও ১৫।৭ শ্লোক দ্রষ্টব্য । পদ্মপুরাণেও পাওয়া যায়,—

"হরিরেব সদারাধ্যः সর্বাদেবেশ্বরেশ্বর:।"॥ ১॥

## শ্রীভগবানুবাচ,— স্ব্যাবেশ্য মনো যে মাং নিভ্যযুক্তা উপাসতে। শ্রদ্ধয়া পরয়োপেভাস্তে মে যুক্তকা মভাঃ॥ ২॥

তাষ্বয়—শ্রীভগবান্ উবাচ,—(শ্রীভগবান্ কহিলেন) যে (খাহারা)
পরয়া শ্রন্ধয়া উপেতাঃ (গুণাতীতশ্রন্ধাযুক্ত হইয়া) মিয় (আমাতে) মনঃ
(মন) আবেশ্য (আবিষ্ট করিয়া) নিত্যযুক্তাঃ (সতত্যুক্ত হইয়া) মাং
(আমাকে) উপাসতে (উপাসনা করেন) তে (তাঁহারা) যুক্ততমাঃ (শ্রেষ্ঠ যোগবিৎ) মে মতাঃ (এই আমার অভিমত)॥ ২॥

অসুবাদ—শ্রীভগবান্ কহিলেন,—যাঁহারা নিগুণ শ্রদার সহিত আমার শ্যামস্থলর-আকারে মনোনিবেশ পূর্বক সতত অনগ্রভক্তিসহকারে আমাকে উপাসনা করেন, তাঁহারা শ্রেষ্ঠ যোগবিৎ, ইহাই আমার অভিমত॥ ২॥

শ্রীভক্তিবিনোদ—নিগুণ-শ্রদা-সহকারে সমস্ত জীবনকে ভক্তিময় করিয়া। যিনি আমাতে মনোনিবেশ করেন, সেই ভক্ত-ব্যক্তিই সকল-যোগিগণ অপেক্ষা শ্রেষ্ঠ॥ ২॥

ত্রীবলদেব—এবং পৃষ্টো ভগবাছবাচ,—ময়ীতি। যে ভক্তা ময়ি নীলোৎপলশ্যামলতাদিধর্মিণি স্বয়ং ভগবতি দেবকীস্থনো মন আবেশ্য নিরতং

কৃষা পর্য়া দৃঢ়য়া শ্রদ্ধয়োপেতাঃ সস্তো মাম্কলকণম্পাসতে—শ্রবণাদিলকণাম্পাসনাং মম কুর্বস্তি; নিতাযুক্তা নিতাং মদেযাগমিচ্ছস্তস্তে মম মতেন যুক্ততমা
মতাঃ—শীল্রমৎপ্রাপকোপায়িনস্তে॥ ২॥

বঙ্গান্ধবাদ—এই ভাবে জিজ্ঞাসিত হইয়া ভগবান্ বলিতেছেন—'ম্য়ীতি'। যে সমস্ত ভক্ত নীলোৎপলের গ্রায় শ্যামলত্বাদি গুণ বিশিষ্ট স্বয়ং ভগবান্ দেবকী-তন্ম আমাতে মন আবেশ অর্থাৎ নিরত করিয়া পরম ও দৃঢ় শ্রদ্ধা যুক্ত হইয়া পূর্বোক্ত লক্ষণযুক্ত আমাকে উপাসনা করেন,—অর্থাৎ শ্রবণাদি-স্বরূপ আমার সাধনা করেন। সেই নিতাযুক্ত ব্যক্তিগণ অর্থাৎ সকল সময়ে আমার সহিত সংযোগকামী তাঁহারা আমার মতে যুক্ততম অর্থাৎ সর্বোৎকৃষ্ট ভক্ত। তাঁহা-দিগকেই শীঘ্র আমাকে পাইবার উপায়াবলম্বী মনে করি ॥ ২॥

অনুভূষণ—অর্জুনের প্রশ্নের উত্তরে শ্রীভগবান্ বলিলেন, যাঁহারা নীলাংপল শ্যামলম্বাদি ধর্মবিশিষ্ট, দেবকীনন্দন, স্বয়ং ভগবান্ আমাতে মন নিবেশ পূর্বক গুণাতীত দৃঢ়শ্রদ্ধাযুক্ত হইয়া শ্রবণাদি-লক্ষণা ভক্তিযোগে অনগ্রভাবে আমার উপাদনা করেন এবং নিত্য আমার সহিত যুক্ত থাকিবার বাঞ্ছা করেন, তাঁহারাই আমার মতে যুক্ততম অর্থাৎ দর্বযোগী-শ্রেষ্ঠ এবং আমাকে অতি শীঘ্র লাভ করিতে পারেন।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাই,—

"মদীয় অনগ্য ভক্ত 'যুক্ততমাঃ'—যোগবিত্তম এই অর্থ। অতএব অনগ্য-ভক্তাপেক্ষা ন্যন অগ্য জ্ঞান-কর্মাদিমিশ্র ভক্তিমান্ যোগবিত্তর এই অর্থ প্রকাশিত হয়। অতএব জ্ঞান হইতে ভক্তি শ্রেষ্ঠ, ভক্তির মধ্যে আবার অনগা-ভক্তি শ্রেষ্ঠা ইহাই প্রমাণিত হইল।"

শ্রদা-সম্বন্ধে শ্রীমন্তাগবতেও পাওয়া যায়,—

''সাত্ত্বিক্যাধ্যাত্মিকী শ্ৰদ্ধা কৰ্মশ্ৰদ্ধা তু রাজসী। তামশুধৰ্মে যা শ্ৰদ্ধা মৎসেবায়াস্ক নিৰ্গুণা॥'' (১১।২৫।২৭)

অর্থাৎ আধ্যাত্মিক শাস্ত্রাদিতে যে শ্রদ্ধা তাহা সাত্ত্বিনী। কর্মকাণ্ডে শ্রদ্ধা রাজসী এবং অধর্মে ধর্ম বলিয়া যে শ্রদ্ধা, তাহা তামসী আর আমার সেবায় যে শ্রদ্ধা তাহা কিন্তু নিগুলা। ২। যে বৃক্ষরমনির্দ্দেশ্যমব্যক্তং পর্যুপাসতে। সর্বব্রগমচিন্ত্যঞ্চ কূটস্থমচলং প্রুবম্॥ ৩॥ সংনিয়ম্যোন্দিয়গ্রামং সর্বব্র সমবৃদ্ধয়ঃ। তে প্রাপ্তু বন্তি মামেব সর্ববভূতহিতে রতাঃ॥ ৪॥

ভাষা — যে তু ( বাহারা কিন্তু ) ইন্দ্রিয়গ্রামং ( ইন্দ্রিয়-সমূহকে ) সংনিয়মা সংযত করিয়া ) সর্বাত্র ( সকল বস্ততে ) সমবুদ্ধ । ( সমদৃষ্টিসম্পন্ন ) সর্বাভূত-হিতেরতাঃ [ সন্তঃ ] ( এবং সর্বাভূতের হিতসাধনে রত হইয়া ) অনির্দ্দেশ্যমূ ( নির্দ্দেশর অতীত ) অব্যক্তং ( রূপাদি রহিত ) সর্বাত্রগং ( সর্বাদেশব্যাপী ) অচিন্তামূচ ( এবং তর্কাতীত ) কৃটস্থং ( নিত্য একরূপ ) অচলং (বৃদ্ধ্যাদিরহিত) প্রব্যু ( নিত্য ) অকরং ( বৃদ্ধাদেরহিত ) পর্যুপাদতে ( উপাদনা করেন ) তে ( তাঁহারা ) মামেব ( আমাকেই ) প্রাপুবন্তি ( প্রাপ্ত হন ) ॥ ৩-৪ ॥

তালুবাদ — কিন্তু যাহারা ইন্দ্রিয়-সকলকে নিয়মিত করিয়া, সর্ব্বত্ত সমদর্শন পূর্বাক সর্বাভূতের হিতসাধনে রত হইয়া, অনির্দ্দেশ্য, অব্যক্ত, সর্ব্বত্তা, অচিন্ত্য, কুটস্থ, অচল, গ্রুব ও মদীয় নির্বিশেষ অক্ষর ব্রহ্মস্বরূপকে উপাসনা করেন, তাঁহারা আমাকেই প্রাপ্ত হন॥ ৩-৪॥

প্রীভক্তিবিনােদ্ধ— যাঁহার। ইন্দ্রিয়সকলকে নিয়মিত করিয়া, সকলের প্রতি সমদর্শন অবলম্বন করত সর্বভূতের হিতকার্য্যে রত হইয়া আমার অক্ষর, অনির্দ্দেশ্য, অব্যক্ত, সর্বত্রগ, অচিন্তা, কৃটস্থ, অচল, ধ্রুব ও নির্বিশেষ-স্বরূপকে উপাসনা করেন, তাঁহারা বহু-কন্তের পর ঐশ্ব্যপ্রধান আমাতেই স্থিতি লাভ করেন। আমি ব্যতীত আর অন্য কোন উপাস্থা বস্তু নাই; অতএব যিনি যে-প্রকারেই পর্মবস্তু-লাভের যত্ন করুন, আমাকেই লাভ করেন॥ ৩-৪॥

ত্রীবলদেব—যে তু স্বদাক্ষাৎকৃতিপৃর্ব্বিকাং মত্পাদনাং ক্র্রেস্তি, তেষামপি মংপ্রাপ্তিঃ স্থাদেব কিন্তুতিক্লেশেনাতিচিরেণৈবাতন্তেভ্যোহপকৃষ্টান্ত ইত্যাহ,—যে ত্বিতি ত্রিভিঃ। যে ত্বক্ষরত্বাত্রিতিভামেব পূর্ব্বম্পাদতে, তেষামধিকতরঃ ক্লেশ ইতি দল্পঃ। অক্ষরং বিশিন্তি,—অনির্দ্ধেণং দেহান্তিরত্বেন দেহাভিধায়িভিদেবমানবাদিশলৈনির্দ্ধের্মশক্যম্; অব্যক্তঞ্কুরাত্তগোচরং; প্রত্যক্ দর্বতাং দেহেন্দ্রিয়প্রাণব্যাপি; অচিন্তাং তর্কাগম্যং শ্রুতিমাত্রবেত্যম্—"ক্ষানস্বরূপমেব জ্ঞাত্ব্রন্ধম্প্

তৈকরসম্; অচলং জ্ঞানতাদিব জ্ঞাতৃত্বাদপি চলনরহিতম্; ধ্রুবং পরমাত্রৈকশেষতায়াং সর্বাদা স্থিরম্। অক্ষরোপাসনে বিধিমাহ,—সংনিয়ম্যেতি। করণগ্রামং
শ্রোত্রাদী ক্রিয়রুন্দং সংনিয়ম্য শব্দাদিসঞ্চারেভ্যস্তদ্ব্যাপারেভ্যঃ প্রত্যাহ্বত্য; সর্বত্র
স্থহনিত্রার্যাদাসীনাদিষ্ সমবুদ্ধয়ন্তন্যদৃষ্টয়ঃ; যদ্বা, সর্বেষ্ চেতনাচেতনেষ্
বস্তব্ স্থিতে সমে বন্ধনি বৃদ্ধির্যোগ তে ব্রদ্ধাধিষ্ঠানতয়া তেষ্ দ্বেশ্লান্তত এব
সর্বেষাং ভ্তানাং হিতে উপকারে রতাঃ সর্বেষাং শং ভ্রাদিতি যথাযথং
যতমানাঃ এবং স্বাত্র্যাক্ষাৎকৃতিপ্রিকায়াং মন্তক্তী মদর্পিতকর্মলক্ষণায়াং যে
প্রবর্তন্তে, তেহপি মামের পার্মেশ্র্যপ্রধানং প্রাপ্নুবন্তীতি নান্তি সংশয়ঃ॥ ৩-৪॥

বঙ্গান্তবাদ—যাহারা কিন্তু আত্ম-সাক্ষাৎকৃতি সহকারে আমার উপাসনাকরে, তাহাদের পক্ষেপ্ত আমার প্রাপ্তি (লাভ) হইবেই কিন্তু অতিশয় ক্লেশে ও অতি দীর্ঘকালেই। অতএব তাহারা পূর্ব্বোক্ত ভক্ত হইতে নিরুষ্ট, ইহাই বলিতেছেন,—'যে তু' ইত্যাদি তিনটি শ্লোক ছারা। যাহারা কিন্তু অক্ষর স্বরূপ আত্মচৈতন্তরূপকেই পূর্ব্বে উপাসনা করে, তাহাদের অধিকতর ক্লেশ। ইহাই অবিত হইবে; অক্ষরকে বিশ্লেষণ করিতেছেন,—অনির্দেশ্য অর্থাৎ দেহ হইতে ভিন্ন বলিয়া দেহ-বাচক দেব-মানবাদি শব্দসমূহের ছারা স্থির করা অসম্ভব। অব্যক্ত—চক্ষ্রাদির অগোচর অর্থাৎ প্রতাক্ (অন্তর্ঘামী) সর্ব্বত্রগমনশীল অর্থাৎ দেহ-ইন্দ্রিয় এবং প্রাণব্যাপী (পূর্ণ)। অচিস্ত্য—তর্কের অগম্য; শ্রুতি-মাত্রগম্য অর্থাৎ শ্রুতি ছারাই জানা যায় তিনি জ্ঞান ও জ্ঞাতা স্বরূপ। এই শ্রুতির ছারাই অবগত হওয়া যায়। কৃটস্থ—নির্ব্বিকার অর্থাৎ সর্ব্বদা অনুপরিমাণহেতু ও এক রস। অচল—জ্ঞানত্ব ও জ্ঞাত্ত্ব হইতে চলন রহিত। ধ্রুব—পর্যাত্মার্যরূপে একমাত্র অবশেষ হওয়ায় সর্ব্বদা স্থির॥ ৩॥

বিধি—কিভাবে অক্রোপাসনা করণীয় সেই বিধি বলিতেছেন,—
'শংনিয়মোতি'। শ্রোত্রাদি ইন্দ্রিয়বৃদ্দকে সংযত করিয়া অর্থাৎ শব্দাদিতে
সঞ্চাররূপ তাহাদের ব্যাপার বিষয় হইতে প্রত্যাহ্বত করিয়া। সর্ব্যর স্থহদ্মিত্র-অরি উদাসীনাদিতে সমানবুদ্ধি ও তুলাদৃষ্টিসম্পন্ন হইয়া অথবা সকল চেত্রন
ও অচেতন বস্তুতে সমানভাবে স্থিত ব্রহ্ম-জ্ঞানে তাহাদিগকে ব্রহ্মের অধিষ্ঠান
মনে করিয়া দ্বেষবর্জ্জিত। সেই হেতুই সমস্ত প্রাণি-হিতে অর্থাৎ উপকারে
নিরত—সকলের মঙ্গল হইবে এই জন্য যথাযথ চেষ্টাশীল। এই প্রকার স্বীয়
আত্ম-সাক্ষাৎকারপূর্ব্যক মদর্পিত কর্মালক্ষণা আমার ভক্তিতে যাহারা যত্ন করে,

তাহারাও পার্মেশ্র্যা-প্রধান আমাকেই প্রাপ্ত হয়, ইহাতে কোন সন্দেহ নাই॥৪॥

অনুভূষণ—অর্জন জিজ্ঞাসা করিয়াছিলেন যে, তোমার কথিত পূর্ব্বোক্ত প্রকারে যাঁহারা সতত যুক্ত হইয়া অন্যভাবে তোমার উপাদনা করেন, এবং যাঁহারা অক্ষর, অব্যক্ত নির্বিশেষ তত্ত্বকে ধ্যান-যোগাদির দ্বারা লাভ করিবার যত্ত্র করেন, ই হাদের মধ্যে কে শ্রেষ্ঠ ? এই প্রশ্নের উত্তরে শ্রিভগবান্ প্রথমে জানাইলেন যে, যাহারা খামস্করমূরি শ্রিভগবান্ আমাতে মনোনিবেশ পূর্বক গুণাতীতা শ্রদ্ধাসহকারে নিতাযুক্ত হইয়া উপাসনা অর্থাৎ শ্রবণাদি-লক্ষণা ভক্তি করেন, তাঁহারাই সর্ব্যপ্রকারের যোগা হইতে শ্রেষ্ঠ। গীতার ষষ্ঠ অধ্যায়ের শেষেও "স মে যুক্তমো মতঃ" বলিয়া ইহা প্রতিপাদিত হইয়াছে। একণে শ্রীভগবান্ বিতীয় প্রকার যোগীর বিষয় বলিতেছেন যে, যাঁহারা স্বীয় আত্মদাক্ষাৎকারপূর্বিকা শ্রীভগবানের উপাদনা করেন, তাঁহারাও তাঁহাকে প্রাপ্ত হন কিন্তু অতিশয় ক্লেশে এবং অতিশয় বিলম্পে, স্তরাং পূর্কোক্ত অন্ত ভক্ত হইতে ইহারা অতিশয় নিরুষ্ট। ইহা তিনটি শ্লোকে ব্যক্ত করিতেছেন। শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকায়ও পাওয়া যায়,—"আমার নির্বিশেষ প্রকালরপের উপাসকগণ কিন্তু दःथी विनेशा छारा रहेट वर्षा भृतिक वनग छक হইতে ন্যন। সেই অক্ষর তত্তকে পরিবাক্ত করিবার জন্ম কয়েকটি বিশেষণে বিশেষিত করিতেছেন। সেই অক্ষর তত্ত্ব—অনির্দেশ্য, অবাক্ত, সর্বত্তেগ, অচিস্তা, কুটস্থ, অচল ও ঞব। ইহাই নির্বিশেষ তত্ত্বের পরিচয়। পরবর্তী লোকে এই অক্ষরোপাদনার বিধি বর্ণন করিতে গিয়া বলিতেছেন যে, বাঁহারা ইন্দ্রিয়গ্রামকে বিষয় হইতে প্রত্যাহার পূর্বক সংযতকরত সর্বত্ত অর্থাৎ চেতন অচেতন দর্ববস্থতে এক ত্রন্ধ বিরাজমান আছেন, এই বিচারে স্থহদ, মিত্র, অরি ও উদাদীনের প্রতি সমবুদ্ধিদম্পন্ন হইয়া কাহারও দ্বেষ করেন না। পরস্ত সর্বভূতের উপকারে রত হইয়া আত্মদাক্ষাৎকৃতি পূর্বিকা মদর্পিতকর্ম-লক্ষণা ভক্তি আশ্রম করেন, তাঁহারাও আমাকেই প্রাপ্ত হন, ইহাতে সন্দেহ नारें किन्छ मिरे প্রাপ্তি ঐশ্বর্যা প্রধানরপেই হইয়া থাকে।

এস্থলে কেহ কেহ মনে করেন যে, অক্ষর ব্রহ্মের উপাসনা, সচ্চিদানলমূর্ত্তি শ্রামস্থলর প্রীক্তফের উপাসনা অপেক্ষা উৎকৃষ্ট। প্রীকৃষ্ণ কিন্তু তাঁহার অন্য ভক্তকেই সর্বাশ্রেষ্ঠ বলিয়া স্পষ্ট জানাইলেন এবং তিনটি শ্লোকে নিরাকার, নির্বিশেষ ব্রহ্মোপাসককে নিছুই বলিলেন, তথাপি অনেকের ধারণা যে ব্রহ্মোপাসনা যথন অধিকতর ক্লেশ-সাধ্য ও বহুকাল-সাধ্য তথন উহা কেন শ্রেষ্ঠ হইবে না ? অনেকে এরপও মনে করেন যে, অবৈতবাদী ও বৈতবাদিগণ পরম্পর বিবদমান বলিয়া স্ব-স্থ উপাসনাকে শ্রেষ্ঠ বলিয়া নির্দ্ধারণ করিয়া থাকেন। কিন্তু তাহা যদি হয়, তাহা হইলে শ্রীক্লয় কেন 'যুক্ততমং' বলিবেন ? ইহাই প্রথমে বিচার্যা। বিতীয়তঃ অনেকে মনে করেন যে ব্রহ্ম সন্তণ ও নিগুণ-ভেদে বিবিধ। নিগুণ নিরাকার ব্রহ্মের উপাসনা কেশসাধ্য বলিয়া অনেকে তাহা করিতে অক্লম; কিন্তু সগুণ ও সাকার উপাসনা সহজ্মধা বলিয়া সকলে করিতে পারেন। শ্রীভগবানও অক্লর তত্তের উপাসনাকে ক্লেকর বলিয়াছেন, ইহা উল্লেখ করেন। মূলকথা এন্থলে 'অক্লর তত্তে' কাহাকে বৃঝাইতেছেন ? এ সম্বন্ধে শ্রীবলদেব বলেন,—'অক্লরং জীব-স্কর্নণং,' শ্রীরামামুজাচার্য্য বলেন,—অক্লর অর্থে প্রত্যগাত্মস্বরূপ। পরব্র্ম এন্থলে লক্ষিত নহেন, তিনি অক্লর এবং কৃটস্ব হইতে ভিন্ন। গ্রীতার পঞ্চদশ অধ্যায় ১৬শ এবং ১৭শ শ্লোকে ইহা ব্যক্ত হইবে। "কৃটস্বোহক্লর উচাতে" এবং "উত্তমঃ পুকৃষস্বত্ত্বঃ"।

এতদ্বাতীত ব্রহ্মোপাসকগণ জীবকেই ব্রহ্ম বলিয়া বিচার করেন। তাঁহারা বলেন জীব নির্নিশেষ ব্রহ্মাববাধ লাভ করিলেই ব্রহ্ম-জ্ঞানী ব্রহ্মই হইয়া থাকেন। ইহাতে জীবেরই ব্রহ্মত্ব লাভের কথা বর্ণিত হয়। এন্থলে বিচার্যা এই যে, জীব যদি ব্রহ্মত্বও লাভ করে, তাহা হইলেও জীবের পরব্রহ্মত্ব লাভের কোন কথা জনা যায় না। প্রীকৃষ্ণ সেই পরব্রহ্মতত্ব, ইহা বিভিন্ন প্রতি ও শ্বৃতি হইতে প্রতিপাদিত। গীতার বিভিন্ন স্থানে অমুভূষণে ইহা বর্ণিত হইয়াছে। প্রীকৃষ্ণও গীতায় চতুর্দশ অধ্যায়ের পরিশেষে "ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহন্" শ্লোকে ইহা বলিবেন। স্বত্বাং পরাংপর-তব্ব প্রীকৃষ্ণ হইতে যথন আর পরতত্ব কেহ নাই, তিনি যথন অসমোর্দ্ধ; তথন প্রীকৃষ্ণের ভক্তাপেক্ষাও প্রেষ্ঠ কেহ হইতে পারে না; আর সকলেই তদপেক্ষা নিকৃষ্ঠ বা ন্ন হইবেই।

আরও একটি বিষয় শ্বরণ রাখিতে হইবে যে, শাস্ত্রে শ্রীভগবানকে সগুণ, সাকার, সবিশেষ বলিয়া বর্ণন করিয়াছেন, তাহা কিন্তু অপ্রাক্তত ও চিন্ময়। প্রাকৃত গুণাদি শ্রীভগবানে কথনও আরোপ হইতে পারে না। শ্রীমহাপ্রভুত্ত বলিয়াছেন,—

"নির্বিশেষ' তাঁরে কহে যেই শ্রুতিগণ।

'প্রাক্বত' নিষেধি করে 'অপ্রাক্বত' স্থাপন ॥" ( চৈঃ চঃ মধ্য ৬।১৪১ ) আরও পাই,—

''প্রাকৃত করিয়া মানে বিষ্ণু-কলেবর।

विकृतिना यात्र नाहि रेशांत्र উপत ॥" ( किः कः यानि १।३७৫ )

বন্ধ-শন্দের ম্থা অর্থেও ভগবান্। এতদ্বাতীত "ব্রেম্মরও প্রতিষ্ঠা আমি" এই বাক্যে জানা যায় যে, নির্কিশেষ ব্রহ্মতত্ত্বের আশ্রয় শ্রীকৃষ্ণ। স্থত্বাং ব্রম্মোপাসকগণও গোণভাবে শ্রীকৃষ্ণেরই আশ্রিত। শ্রীকৃষ্ণ সকল উপাশ্র বস্তুর আশ্রয় ও পরম উপাশ্র। দেই হেতু তদাশ্রিত উপাশ্র-তত্ত্বের আশ্রিতবর্গও তাঁহারই আশ্রয়-ভাবভেদ লাভ করিয়া থাকেন।

কিন্তু শ্রীমন্তাগবতে পাওয়া যায়,—

''এতদ্বগবতো রূপং স্থূলং তে ব্যাহ্বতং ময়া।
মহাদিভিশ্চাবরণৈরষ্টভি-বহিরাবৃত্য্॥
অতঃপরং স্ক্রভমমব্যক্তং নির্বিশেষণম্।

ष्यनामियधानिधनः निजाः ताष्यनमः भत्रम्॥ (२।५०।७७-७८)

শ্রীল শুকদেব এই ছই লোকে শ্রীভগবানের স্থুলরূপ এবং স্ক্র, অব্যক্ত, নির্কিশেষ রূপের কথা বর্ণনাস্তে মহারাজ পরীক্ষিৎকে বলিতেছেন,—

"অম্নী ভগবজপে ময়া তে হুমুবণিতে।

উভে অপি ন গৃহুস্তি মায়াস্টে বিপশ্চিত: ॥" (২।১০।৩৫)

অর্থাৎ আমি আপনার নিকট শ্রীভগবানের স্থুল ও স্ক্র উভয় রূপই বর্ণন করিলাম। ভক্ত পণ্ডিতগণ উক্ত-উভয়রূপই উপাদনার্থ গ্রহণ করেন না; কারণ উভয়ই মায়াস্ষ্ট। এই শ্লোকের টীকায় শ্রীল চক্রবর্ত্তিপাদ বলেন,— "বিপশ্চিতঃ শুদ্ধভক্তিমন্তঃ প্রথমদশায়ামপি নৈব গৃহন্তি, কিন্তু রাম-কৃষ্ণ-নারায়ণ-নৃসিংহাদি রূপং শুদ্ধসন্থমেব সাধনসাধ্যদশয়োগৃহন্তি॥"॥ ৩-৪॥

## ক্লেশোহধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্। অব্যক্তা হি গতিত্ব :খং দেহবন্ধিরবাপ্যতে॥ ৫॥

জ্বার — অব্যক্তাসক্তচেতসাম্ (নির্বিশেষ স্বরূপে আসক্তচিত্ত) তেয়াম্ (সেই সকলের) ক্লেশ: (কন্ত) অধিকতর: (অধিকতর) হি (যেহেতু) অব্যক্তা-গতিঃ ( নির্কিশেষ ব্রন্ধবিষয়ক নিষ্ঠা ) দেহবন্তিঃ ( দেহাভিমানী জীব-কর্ত্ব ) তৃঃখং ( তৃঃখে ) অবাপাতে ( লব্ধ হয় ) ॥ ৫॥

অনুবাদ — নির্বিশেষ ব্রহ্মস্বরূপে আসক্ত-চিত্ত ব্যক্তিগণের ক্লেশ অধিকতর, কারণ নির্বিশেষ গতি হঃথেই দেহধারী জীবগণ-কর্তৃক লভা হয়॥ ৫॥

ত্রীভক্তিবিনোদ—জানযোগী ও ভক্তযোগীর ভেদ এই যে, উপায়-কালে ভক্তযোগী অতি সহজে পরাৎপর বস্তুর অফুশীলনপূর্বক নির্ভয়ে ফলকালে তাঁহাকে লাভ করেন; আর জ্ঞানযোগী সর্বদ। অব্যক্ত-তত্তে নিষ্ঠ হইয়া উপায়কালে বাতিরেক-চিম্ভার যে কষ্ট, তাহা ভোগ করিতে থাকেন। স্থতরাং বাতিরেক-চিন্তা অর্থাৎ সহজ-প্রতীতির বিপরীত চিন্তা—জীবের পক্ষে তৃঃখ-জনক। ফলকালেও তাহার নির্ভয়তা নাই; যেহেতু, সাধন-সময় অতিবাহিত করিবার পূর্বেই আমার নিত্যস্বরূপ উপলব্ধি না করিতে পারায় চরমগতিও তাহার পক্ষে অস্থজনক হয়। জীব-নিত্য চিন্নয় বস্তু। যদি অব্যক্ত-অবস্থায় সে লীন হয়, তবে তাহার উপাদেয় অবস্থার নাশ হয়। যদি স্ব-স্বরূপ উদিত হয়, তবে বিপরীতশ্বরূপ যে অহংগ্রহবৃদ্ধি, তাহার পরিত্যাগকালেও তাহার কষ্ট হয়। সেই জীব দেহবিশিষ্ট হইয়া উপায়কালে বা ফলকালে অব্যক্তের ধ্যান করিতে আরম্ভ করিলে তৃ:থরপই ফল লাভ করে। বস্ততঃ, জীব—চৈতন্তস্বরূপ এবং চিদেহবিশিষ্ট। অতএব অব্যক্ত-ভাবকে কেবল জীবের স্বরূপবিরোধী ও হৃঃথজনক ভাব বলিয়া জানিবে। ভক্তিযোগই জীবের মঙ্গলজনক; ভক্তি হইতে স্বাধীন হইতে গেলে জ্ঞানযোগ সৰ্বত্ৰ অমঙ্গল উৎপাদন করে। অতএব নিরাকার, নির্মিকার, সর্মব্যাপী ও নির্মিশেষ স্বরূপকে উপাসনা করত যে অধ্যাত্মযোগ সাধিত হয়, তাহা প্রশস্ত নয়॥ ৫॥

ত্রীবলদেব—নম্ তেইপি চেরামেব প্রাপুর্ন্তর্হি পূর্বেষাং যুক্তমন্থং কিং
নিবন্ধনম্ ? তত্রাহ,—ক্লেশাইধিকেতি। অব্যক্তাসক্তচেতদামতিস্প্রনীরূপজীবাত্মসমাধিনিরতমনদাং তেষামধিকতরঃ ক্লেশঃ। যগুপি পূর্বেষামপি তত্তস্মন্তক্তাসসমাচারো মদক্রবিষয়েভ্যঃ করণানাং প্রত্যাহারক্ত ক্লেশোইস্তোব, তথাপি
তত্রানন্দম্র্ত্রেম্ম ক্লুরণান্ন ক্লেশতয়া বিভাতি। কুতোইধিকতরত্বং স্ক্রাপান্তম্ ?
হি যন্মাদব্যক্তা গতিরব্যক্তাক্লরবিষয়া মনোবৃত্তির্দেহবন্তির্দেহাভিমানিভির্জনৈক্রিং যথা স্থান্তথাবাপ্যতে,—দেহবন্তঃ থলু স্থুলদেহমেব স্থাচিরাদাত্মতেনাম্থশীলিতবন্তঃ কথমপ্রৈচতক্তং স্থাচিরোজ্বিতবিমর্শমাত্মত্বনাম্পীলিত্থ প্রভবেম্ব-

রিতি ভাব:। যত্ত বাচক্ষতে—সগুণং নিগুণঞেতি দ্বিরপং ব্রহ্ম,—তত্ত সগুণোপাসনমাকারবিষয়ত্বাৎ স্করমপ্রমাদক, নিগুণোপাসনং তু তবাভাবাদ্-তৃ:থকরং সপ্রমাদঞ্চ, তচ্চ নিগুণং ব্রহ্মাক্ষরশব্দেনোচাতে। নৈগুণাপ্রতি-পত্তয়ে দপ্ত বিশেষণানি,—অনির্দেশ্যং বেদাগোচরং, যতোহবাক্তং জাত্যাদি-শৃত্যং, দর্বত্রগং ব্যাপি, অচিন্তাং মনদাপাগমাম্; শুভিন্চ,—"যডো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ" ইত্যান্তা; কৃটস্থং মিথ্যাভূতমপি সতাবৎ প্রতীতং জগৎ কৃটমুচ্যতে—যথা কৃটকার্ষাপণাদি তিমিরাধ্যাদিকসম্বন্ধেনাধিষ্ঠানতয়া স্থিতম্, অচলমবিকারমতো ধ্রবং নিতামিতি। তদ্বিদাং থলু গুরূপসন্তি-পূর্ব্বকোপনিষদ্বিচারতদর্থমনন-ভন্নিদিধ্যাদনৈর্মহান্ ক্লেশঃ। পূর্ব্বেষাং তু ভৈর্বিনৈব গুরুক্তভগবংপ্রসাদাবিভূ তেনাজ্ঞানতৎকার্যাবিমর্দ্দিনা বিজ্ঞানেন ভগবংস্বরূপ-ভূতনিগুণাক্ষরাথ্মকালক্ষণা মৃক্তিরিতি ফলৈকোহপি ক্লেশাক্লেশাভ্যামপকর্ষো-ৎকর্ষাবিতি। তদিদং মনদং—"গতিসামান্তাং" ইতি স্থতে ব্রন্ধণো দৈরপা-নিরাসাৎ, "ষয়া তদক্ষরমধিগমাতে" ইতি তশু বেদ্বেছবুখাবণাৎ, "য়তো বাচঃ" ইত্যাদে: কাৎ স্থাগোচরত্বার্থত্বাৎ, প্রবৃত্তিনিমিত্তাভাবেন নিগুণস্থাপ্রমাণত্বা-তৌচ্ছাচ্চ লক্ষ্যত্বং তু ন, সর্বশন্দবাচাত্বস্বীকারাৎ; সদৈকাবস্থ্য বস্তুনঃ ক্টস্থবেনাভিধানাম চ জগৎ ক্টম্ "কবিমনীষী পরিভূঃ স্বয়ভূষাথাতথাতোহর্থান্ বাদধাচ্ছাশ্বতীভা: সমাভা:" ইত্যাদে তত্ত সত্যব্দবণাৎ, যশোদাস্তনন্ধয়বিভু-চিদ্বিগ্রহন্ত পরব্রমন্থলবণেন তদস্তস্থনিও ণাক্ষরকল্পনন্ত শ্রদা-জাডাকৃতবাৎ ॥৫॥

বজাসুবাদ—প্রশ্ন—তাহারাও ধনি তোমাকে পাইবে তাহা হইলে পূর্বের্বাক্ত ভক্তনিগের যুক্ততমত্ব (যোগিশ্রেষ্ঠত্ব) কি কারণে হয়? এই সম্পর্কে বলিতেছেন,—'ক্লেশোহধিকেতি'। অব্যক্তাসক্তচেতঃ সম্পন্ন ব্যক্তিনিগের অর্থাৎ অতিশয় স্ক্রেরপ-শৃত্য জীবাত্মার সমাধিতে নিবিষ্ট মন যাহাদের তাহাদের ক্লেশ অধিকতর। যদিও পূর্বের্বাক্ত ভক্তনিগেরও তত্তন্ মন্ভক্তির অস্বাত্মহানেও আমি ভিন্ন অত্য বিষয় হইতে ইন্দ্রিয়গুলির প্রত্যাহারে ক্লেশ আছেই; তথাপি সেই সব ভক্তগণের হৃদয়-মধ্যে আনন্দক্ররপ আমার ক্ষ্রণহেতু ক্লেশ অমুভূতই হয় না। অধিকতর ক্লেশ স্বন্ধানান্ত? অর্থাৎ একেবারেই হইতে পারে না।

কি হেতু তাহাদের ক্লেশ অধিকতর এবং কি জন্ম ভক্তিপূর্মক উপাসনায় অধিক ক্লেশ স্থদ্রপরাহত তাহাই বলিতেছেন, যেহেতু দেহাভিমানী ব্যক্তি- দিগের অক্ষর বিষয়ক মনোবৃত্তি অতিকট্টে লাভ হয়। যুক্তি-এই দেহা-ভিমানীরা এই পাঞ্ভোতিক স্থূল দেহকেই আত্মভাবে জ্ঞান করিয়া আসিতেছে। তাহারা কিরূপে অমুপরিমাণ অতি স্ক্র প্রত্যক্ চৈতন্তকে, প্র্ব চিন্তাকে স্বদূরে বর্জন করিয়া, আত্মরূপে চিন্তা করিতে অভ্যাস করিবে, ইহাই ভগবানের বলিবার অভিপ্রায়। আর এই বিষয়ে কেহ কেহ বাাখ্যা করেন, সগুণ ও নিগুণ এই দ্বিধি ব্ৰহ্ম, তন্মধ্যে সগুণ ব্ৰহ্মের উপাসনা সাকার বিষয়ক বলিয়া সহজ্যাধ্য এবং ত্রুটিহীন হয়, কিন্তু নিগুণোপাসনা কোন আকার বিশিষ্ট বস্তুর অভাবে দুঃথকর এবং প্রমাদযুক্ত, অক্ষর শব্দ দারা নিগুণ ব্ৰহ্মকে বলা হইতেছে, তাঁহার নিগুণ্ত প্রতিপাদনের জন্ম সাতটি বিশেষণ-যথা অনির্দেশ্যং—বেদের অগোচর কারণ তিনি অব্যক্ত—জাতি প্রভৃতি রহিত, সর্বব্যাপী, মনেরও অগমা। শ্রুতিও বলিয়াছেন,—'যতো বাচ' ইত্যাদি, ষেখানে বাকা মনের সহিত সন্ধান না পাইয়া ফিরিয়া আসে। তিনি কুটস্থ—মিথ্যাভূত হইলেও যে জগৎ সতোর মত প্রতীত তাহার নাম কুট, যেমন কার্ষাপণ, কড়ি প্রভৃতি, দেই কৃট জগতের অধ্যাস যাহাতে হইতেছে সেই অধ্যাসের অধিষ্ঠান-রূপে যিনি অবস্থিত তিনি কৃটস্থ; অচলম্—নির্বিকার, অতএব ধ্রুবম্—নিত্য। দেই নিগুণ বন্ধবিদ্গণের উপাদনায় প্রভৃত কেশ, যেহেতু প্রথমতঃ গুরু সমীপে অবস্থান পূর্বেক উপনিষ্দ্বাক্য বিচার, ভাহার অর্থ মনন, তাহার নিদিধ্যাসন করণীয়, কিন্তু পূর্ব্বোক্ত ভক্তগণের তদ্বাতীত গুরুগৃহে বাসকালে গুরু-নির্দিষ্ট ভগবানের আরাধনায় লব্ধ ভগবদহগ্রহে লব্ধ এবং অজ্ঞান ও অজ্ঞান কার্য্যের বিনাশক বিজ্ঞান দ্বারা ভগবৎ-স্বরূপভূত নিগুণ অক্ষর আত্মৈক্য লাভ স্বরূপ মুক্তি হয়। যদিও উভয় উপাদনার ফল একই, তাহা হইলেও ক্লেশ ও অক্লেশ বশতঃ উপায় তুইটির অপকর্ষ ও উৎকর্ষ আছে,—এই ব্যাখ্যা সমীচীন নহে। যেহেতু ব্ৰহ্মপ্তে (বেদান্তদৰ্শন) 'গতি সামাক্তাৎ' ইহাতে দ্বিবিধ ব্ৰহ্মবাদ নিরস্তই হইয়াছে, আর 'যয়া-তদক্ষরমধিগমাতে' যে উপনিষদ্ দারা সেই 'অক্ষর ব্ৰহ্ম বিজ্ঞাত হইয়া থাকে'—এইশ্ৰুতি ব্ৰহ্মকে বেদগমাও বলিতেছেন। যদিও 'যতো বাচো নিবর্ত্তম্ভে' এই শ্রুতি বাক্যের অগোচরত্ব বলিতেছে, তাহা হইলেও উহার তাৎপর্যা অন্তবিধ, সম্পূর্ণভাবে ব্রহ্মের বাক্যাগোচরত্ব। যদি বল অভিধা-শক্তির অভাববশতঃ নিগুণ বন্ধ প্রমাণাগমা এবং তুচ্ছ অতএব লক্ষণা বৃত্তি-বোধ্য, তাহাও নহে, সমস্ত শব্দবাচ্য তিনি, একথা শ্রুতিতে স্বীকৃত আছে।

আবার কৃটস্থ শব্দের যে ব্যাখ্যা করা হইয়াছে তাহাও সঙ্গত নহে, কারণ সদা একরূপ বস্তুকে কৃটস্থ বলে, তদ্ভিন্ন জগং কৃটই নহে, যেহেত্ 'কবির্মনীধী… সমাভাঃ—সর্বজ্ঞ সৃষ্টিকর্তা স্বপ্রকাশ বিভূ চিরদিনের জন্ম যথার্থ স্বরূপ পদার্থ-গুলি সৃষ্টি কবিয়াছেন'—এই শ্রুতি জগতের সত্যতাই প্রতিপাদন করিতেছে। আর এক কথা, যশোদার স্তন্তুপায়ী কিন্তু বিভূ চিংস্বরূপ শ্রীকৃষ্ণকে পরবন্ধ বলিয়াই শাস্ত্রে শ্রুবন করা হয় অতএব তাহার অস্তঃস্থিত আস্মাকে নিগুনি-অক্ষর বন্ধা স্বীকার করা, শ্রদ্ধার অভাববশতঃই বলিব ॥ ৫॥

তাহারের দিতীয় শ্লোকে শ্রীভগবান্ বলিয়াছেন যে, 
যাঁহারা তাঁহাকে নীলোপল সদৃশ শ্লামলকান্তিবিশিষ্ট বস্থদেবনন্দনরপে ভজনা করেন, তাঁহারাই যুক্ততম। আবার পরবর্ত্তী শ্লোকদ্বেরে বলিলেন যে, যাঁহারা অক্ষর অর্থাৎ আত্মচৈতক্তকে উপাদনা করেন, তাঁহারাও তাঁহাকেই প্রাপ্ত হন। স্বতরাং এখানে জিজ্ঞাস্থ এই যে, যদি উভয় ভাবেই তাঁহাকেই পাওয়া যায়, তাহা হইলে পূর্ব্বোক্ত উপাদকগণকে 'যুক্ততম' বলিবার সার্থকতা কি? এই প্রশ্নের উত্তরে পাওয়া যায় যে, যাঁহাদিগের চিত্ত অতিশম স্কল্প, রূপহীন, জীবাত্মদমাধিনিরত, তাঁহাদিগের আয়াদ অধিকতর ক্লেশদাধ্য। যদিও প্রথমোক্ত সাধকগণেরও ভক্তির অক্ল দমাক্ অন্তর্গান অর্থাৎ শ্রবণ, কীর্ত্তন, স্মরণ ও বিবিধ দেবা করিতে গেলেও কন্ত স্থীকার করিতে হয়, এবং যাবতীয় ভোগ্যাবিষর হইতে ইন্দ্রিয়দম্বকে প্রত্যাহার করিতে ক্লেশ হইয়াই থাকে কিন্তু তথাপি দেই ভক্তগণের হদয়ে শ্রীভগবানের আনন্দময় মূর্ভি ক্র্ত্তি প্রাপ্ত হয় বলিয়া, তাহাদের কোন ক্লেশের উন্তর হয় না। দ্বিতীয় প্রকার সাধকগণের ত্লামার অধিকতর তো নহেই, বরং যেটুকু ক্লেশ দেখা যায়, তাহাও গণনার যোগ্য নহে।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—
"ভোমার দেবায়,

তুঃখ হয় যত,

সেও তো পরম স্থা।

সেবাস্থ্যতুঃখ,

পরম সম্পদ,

নাশয়ে অবিভাত্ঃখ।" ( শরণাগতি )

যেহেতু অব্যক্ত অর্থাৎ অক্ষর-বিষয় যে মনোবৃত্তি অর্থাৎ অক্ষর ব্রন্ধের যে উপাসনা, দেহাভিমানী পুরুষেরা করিয়া থাকেন, তাহাতে তাঁহারা হঃথই লাভ করিয়া থাকেন। কারণ দেহধারী দেহাভিমানী ব্যক্তিগণ চিরকাল দেহকেই নিশ্চিতরপে আত্মা জ্ঞান করিয়া উপাসনা করিয়া আসিতেছে, তাহারা স্থাচিব-কাল যে অণুচৈতন্তস্বরূপ আত্মজ্ঞানকে পরিত্যাগ করত: দেহই আত্মা এই জ্ঞানে অভ্যন্ত, তাহারা অকমাৎ কিরূপে সেই আত্মাকে ব্রহ্ম-জ্ঞানে অমুশীলন করিতে সমর্থ হইবে? অর্থাৎ যাহারা দেহ হইতে আত্মার পার্থক্য অমুভব করিতে অসমর্থ, তথন সেই কৃষ্ম অণুচৈতন্ত আত্মাকে ব্রহ্ম-জ্ঞানে আরাধনা করা, দেহাভিমানী ব্যক্তির পক্ষে একপ্রকার অসম্ভবই।

এখনে মতাস্তরে যাহা বলা হয়, তাহাও উদ্ধৃত হইতেছে। তিন্নমতাবল্থা বলেন,—সগুণ ও নিগুণ ভেদে ব্রহ্মের তুইটি রূপ আছে। তন্মধ্যে সগুণ ব্রহ্মের উপাসকগণের উপাসনার বিষয় বস্থ সাকার; স্বতরাং তাহাদের উপাসনা স্কর অর্থাৎ সহজ সাধ্য এবং প্রমাদ শৃত্য। আর নিগুণ ব্রহ্মের উপাসকগণের উপাসনার অবলম্বনীয় কোন তত্ত্বই নাই অর্থাৎ উপাস্থা বস্থ নিরাকার বলিয়া ধারণা করায়, তাহাদের উপাস্থাতত্ত্বে নাম, রূপ, গুণ ও লীলাদি কিছুই লক্ষীভূত হয় না। স্বতরাং ইহা যেমন ত্মর তেমনি প্রমাদ-পরিপূর্ণ। এস্থলে অক্ষর শব্দে নিগুণ ব্রহ্মকেই বলা হইয়া থাকে। পূর্ব্বোক্ত তৃতীয় শ্লোকে অনির্দ্বেতাদি যে বিশেষণগুলি ব্যবহৃত হইয়াছে, ইহা এই নিগুণ ব্রহ্মের প্রতিপত্তি অর্থাৎ জ্ঞান লাভের নিমিত্ত।

এইরপ ব্রেম্ব তত্ব পরিজ্ঞানের নিমিত্ত সাধকের সর্বাত্রে গুরুসমীপে উপস্থিত হইয়া তাঁহার শিশ্বত্ব স্থীকার পূর্বক তদাহুগত্যে উপনিষদ প্রভৃতি শাস্ত্রীয় বিচার প্রবণপূর্বক তদর্থ অর্থাৎ ব্রহ্মবিষয় মনন ও নিদিধ্যাসনাদি করা প্রয়োজন। তাহা কিন্তু অতিশয় ক্লেশকর। কিন্তু পূর্ব্বোক্ত ভক্তি-সাধকগণের তাদৃশ আয়াস স্থীকারে কোন প্রয়োজন হয় না, তাঁহারা কেবল প্রীগুরু-উপদিষ্ট-বিধানক্রমে লব্ধ প্রীভগবানের অন্থগ্রেহ অজ্ঞাননাশক জ্ঞান ও বিজ্ঞানের বারা নিগুণি মৃক্তি লাভ করিয়া থাকেন। উভয়ের চরম ফল এক হইলেও, ক্লেশ এবং অক্লেশ অর্থাৎ হন্ধরত্ব ও স্থকরত্বহেতু প্রণালীম্বয়ের অপকর্ষ ও উৎকর্ষ মাত্র লক্ষিত হইয়া থাকে।—এই বিচার-প্রণালী মন্দ অর্থাৎ স্থমক্ষত নহে। কারণ বেদাস্থে—'গতিসামান্তাৎ' (বেঃ স্থঃ ১৷১৷১০) এই স্বত্রে ব্রন্ধের দ্বিরপতা নিরস্ত হইয়াছে।—"সকল বেদেই ব্রন্ধকে একরূপ বলিয়া প্রতিপাদন করিয়াছেন। সপ্তণ ও নিগুণ এই দ্বিরপতা নাই। যে কোন বেদই পাঠ

করা যায়, তাহাতে স্থপষ্ট জানিতে পারা যায় যে, সেই পরমাত্মা বিজ্ঞানঘন, সর্বজ্ঞ, সর্বশক্তিসম্পন্ন, পূর্ণ ও বিশুদ্ধ স্বরূপ এবং সম্দায় জগতের অদ্বিতীয় কারণ। একমাত্র তাঁহারই উপাসনা করিলে, সম্দায় বন্ধন ছিন্ন হয়। স্বর্গ ও অপবর্গের দার উদ্যাটিত হয়, একমাত্র বন্ধই সকল বেদে তাদৃশ বলিয়া উক্ত হইয়াছেন।

গীতাতেও উক্ত আছে,—

'হে ধনঞ্জয়! এই পরিদৃশ্যমান বিশ্বসংসারে আমিই একমাত্র শ্রেষ্ঠবস্ত; আমাপেক্ষা শ্রেষ্ঠতর আর কিছুই নাই।' 'যাহা দ্বারা সেই অক্ষর ব্রহ্মকে জানা যায়' ইত্যাদি শুতি-বাক্যের দ্বারা ব্রহ্ম বেদবেত ইহা প্রতিপাদিত হয়। স্করেং ব্রহ্মতত্ত্বের অববোধক-শুতি স্বীকার না করিলে, ব্রহ্ম-জ্ঞান লাভের সম্ভাবনা নাই। বেদান্তের "শান্ত্রযোণিত্বাৎ" স্থত্ত্বও এই প্রসঙ্গে আলোচ্য। তবে যে শ্রুতি বলিয়াছেন যে "যতো বাচং নিবর্তন্তে" তাহা কিন্তু ব্রহ্মের সম্পূর্ণ অগোচরত্ব-বিষয়ক নহে; অর্থাৎ তিনি যে ভক্তিগমান্ত নহেন, ইহা কিন্তু ঐ শ্রুতির মর্ম্ম নহে। প্রবৃত্তির কারণাভাববশতং নিগুণ-তত্ত্বের অপ্রামাণ্য ও তুচ্ছত্ব লক্ষীভূত নহে। কারণ সর্মশন্যাচ্য স্বীকার করা হয় বলিয়া। সর্বদা এক অবস্থায় অবস্থিত বস্তুকে কৃটস্থ বলা হয় স্থতরাং পরিবর্ত্তনশীল জগৎ কৃটস্থ নহে; তবে মিথাও নহে কারণ শ্রুতি ইহার সত্যন্ত স্বীকার করিয়াছেন।

যশোদানন্দন শ্রীকৃষ্ণকে বিভূ ও চিদ্মিগ্রহ বলিয়া পরব্রহ্ম রূপে বিভিন্ন শাস্ত্রে স্থীকার করিয়াছেন, তাহার অন্তথা করিয়া অঙ্গর ব্রহ্মের এইরূপ মূর্ত্তি পরিগ্রহের কল্পনা কেবল মাত্র শ্রদ্ধার জাড্যতা অর্থাৎ শ্রদ্ধাহীনতার পরিচায়ক।

শ্রাল চক্রবর্ত্তিপাদের টীকার মর্ম্মেও পাই,—

"তাহা হইলে কোন্ অংশে তাহাদের অপকর্ষ? তহত্তরে বলিতেছেন— 'ক্লেশঃ' ইত্যাদি। কাহারও দ্বারা ব্যক্ত হন্ না—'অব্যক্তং'—ব্রহ্ম তাহাতেই 'আসক্ত চেতসাং'—তাহাই যাহারা অভতব করিতে অভিলাষী তাহাদিগের তৎপ্রাপ্তিতে অধিকতর ক্লেশ; 'হি'—যেহেতু 'অব্যক্তা গতিঃ'—কোন প্রকারে ব্যক্ত হয় না সেই গতি, 'দেহবদ্ভিঃ'—জীবের যে প্রকারে তৃঃথ হয়, সেই প্রকারে প্রাপ্ত হয়; এবং ইন্দ্রিয়গণের শবাদি জ্ঞান-বিশেষেই শক্তি, কিন্তু বিশেষ ইতরজ্ঞানে নহে, অতএব নির্বিশেষ জ্ঞানেচ্ছুগণের ইন্দ্রিয়নিরোধ অবশ্য কর্ত্তবাই। কিন্তু ইন্দ্রিয়গণের নিরোধ নদীসমূহের প্রবাহ নিরোধের ন্যায় দ্বরুই;
যেরপ সনংকুমার বলিয়াছেন—'ভক্তগণ ভগবানের পাদপদ্মের পত্র-সদৃশ অঙ্গুলিসকলের কাস্তি ভক্তির সহিত শ্বরণ করিতে করিতে যেরপ কর্মবাসনাময় হদয়গ্রন্থিকে অনায়াসেই ছেদন করেন, ভক্তিরহিত নির্কিষয়ী যোগিগণ ইন্দ্রিয়গণকে
সংযত করিয়াও তদ্রপ ছেদন করিতে সমর্থ হয় না। অতএব ইন্দ্রিয়নিগ্রহাদির
চেষ্টা পরিত্যাগ করিয়া বাস্থদেবের ভজনা কর।' 'ইন্দ্রিয়াদি নক্ত-মকরে
পরিপূর্ণ এই সংসার সম্ভকে যোগাদিঘারা যাহারা উত্তীর্ণ হইবার বাসনা
করেন; ভবদমূত্র-তরণে নৌকাসদৃশ ভগবদাশ্রয়-বিনা তাঁহাদের অত্যন্ত ক্লেশ
হইয়া থাকে। অতএব হে রাজন্, আপনিও সেই ভজনীয় ভগবানের পাদপদ্মকে নৌকা করিয়া এই বাসন-সঙ্গুল স্বত্ত্বর ভবসমৃত্র উত্তীর্ণ হউন।'
—ভাঃ ৩৯-৪০। সেই পরিমাণ ক্লেশেও যদি সেই গতি লাভ করে,
তাহাও ভক্তির মিশ্রণেই জানিতে হইবে। কিন্তু ভগবানে ভক্তি ব্যতীত
কেবল ব্রন্ধের উপাসকগণের কেবল ক্লেশই লাভ হয়, কিন্তু ব্রন্ধপ্রাপ্তি হয় না।
যেরপ ব্রন্ধা বলিয়াছেন—'তাহাদের অন্তঃসারশ্ন্য স্থুলতু্ধাব্ঘাতীর ন্যায় কেবলমাত্র ক্লেশই লাভ হইয়া থাকে।'—ভাঃ ১০।১৪।৪"॥ ৫॥

যে তু সর্বাণি কর্মাণি ময়ি সংগ্রস্থ মৎপরাঃ। অনস্থোনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে। ৬॥ তেষামহং সমুদ্ধর্তা মৃত্যুসংসারসাগরাৎ। ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেভসাম্॥ ৭॥

তার্ব্য—ষে তু ( যাহারা কিন্তু ) দর্বাণি কর্মাণি ( দমন্ত কর্ম ) ময়ি ( আমাতে ) নংগ্রন্থ ( গ্রন্ত করিয়া ) মৎপরাঃ [ দন্তঃ ] (মৎপরায়ণ হইয়া ) অনত্যেন এব যোগেন ( অনগ্য-ভক্তিযোগের দ্বারা ) মাং ( আমাকে ) ধ্যায়ন্তঃ ( ধ্যান পূর্বক ) উপাদতে ( ভল্গনা করেন ) পার্থ ( হে পার্থ ! ) ময়ি ( আমাতে ) আবেশিতচেতদাম্ ( আদক্ত-চিত্ত ) তেরাম্ ( তাঁহাদিগের ) অহং ( আমি ) ন চিরাং ( অচিরে ) মৃত্যুসংদার-দাগরাং ( মৃত্যুযুক্ত সংদার-সমূদ্র হইতে ) দম্দ্বর্তা ভবামি ( উদ্ধার কর্তা হই ) ॥ ৬-৭ ॥

অনুবাদ—কিন্তু থাহারা সমস্ত কর্ম আমাতে ত্যাগপ্র্কক মৎপরায়ণ

হইয়া, অনক্তভক্তিযোগের দ্বারা আমাকে ধ্যানকরতঃ উপাসনা করেন, হে পার্থ! আমাতে আবিষ্ট-চিত্ত সেই সকল ভক্তগণকে আমি অচিরে মৃত্যুরূপ সংসার-সাগর হইতে উদ্ধার করিয়া থাকি॥ ৬-৭॥

শ্রীভজিবিনোদ— যাঁহারা— আমার ভগবং বরপাবলম্বী, সমস্ত শারীরিক ও সামাজিক কর্মকে আমার ভক্তির সম্পূর্ণরূপে অধীন করিয়া স্বীকার করেন, এবং মংসদনী অনগুভক্তিযোগ- দ্বারা আমার নিত্য-বিগ্রহের ধ্যান ও উপাসনা করেন, সেই মদাবিষ্টচিত্ত পুরুষদিগকে আমি অতিশ্রীদ্রই মৃত্যু-সংসার-সাগর হইতে উদ্ধার করি অর্থাৎ বদ্ধাবস্থায় মায়িক-সংসার হইতে মৃক্তি দান এবং মায়াবন্ধ নষ্ট হইলে অভেদবৃদ্ধিরূপ জীবাত্মার মৃত্যু হইতে রক্ষা করি। অব্যক্তাসক্তিত্ত ব্যক্তিদিগের অভেদবৃদ্ধি-জনিত নিঃসহায়তাই তাহাদের অমঙ্গলের হেতু। আমার প্রতিজ্ঞাই আছে যে, "যে যথা মাং প্রপত্ত তাংস্তথৈব ভলামাহম্।" ইহার দ্বারা জ্ঞাতব্য এই যে, অব্যক্ত ধ্যানশীল পুরুষদের অব্যক্তম্বরূপ আমাতে লয় হয়। তাহাতে আমার ক্ষতি কি? দেরপ গতিলাভ-দ্বারা অভেদবাদী জীবের তাহার স্ব-স্বরূপগত উপাদেয়ত্ব দ্বীভূত হয়॥৬-৭॥

শীবলদেব—তথাত্মযাথাত্মং শ্রুংত্ববাত্মাংশিনো মম কেবলাং ভক্তিং ষে কর্মন্তি, ন তাত্মনাক্ষাংকৃতয়ে প্রযতন্তে, তেষাং তু কেবলয়া মন্তুর্ভাব মং-প্রাপ্তিরচিরেবৈণব স্যাদিত্যাহ,—যে ত্বিতি দ্বাভ্যাম্; যে মদেকান্তিনো ময়ি মং-প্রাপ্তার্থং সর্মাণি স্ববিহিতাত্যপি কর্মাণি সংক্রস্ত ভক্তিবিক্ষেপকত্মবৃদ্ধ্যা পরিত্যজ্য মংপরা মদেকপুরুষার্থাঃ দন্তোহনত্যেন কেবলেন মন্তুরণাদিলক্ষণেন যোগেনোপায়েন মাং কৃষ্ণং উপাসতে—তল্লক্ষণাং মতৃপাসনাং ক্রেপ্তি ধ্যায়ন্তঃ শ্রুবণাদিকালেহপি মন্নিবিষ্টমনসঃ, তেষাং ম্য্যাবেশিত-চেত্রসাং মদেকান্ত্রক্তমনসাং ভক্তানামহমেব মৃত্যুযুক্তাৎ সংসারাৎ সাগরবদ্প্তরাৎ সমৃদ্ধর্তা ভবামি, ন চিরাৎ ত্বরমা তৎপ্রাপ্তিবিলম্বাসহমান-জানহং গরুভক্ষদ্ধমারোপ্য স্বধাম প্রাপ্তামীত্যর্ভিরাদিনরপেক্ষা তেষাং মদ্ধাপ্রপ্তিঃ;—"নয়ামি পরমং স্থানমন্তিরাদিগতিং বিনা । গরুভক্ষদ্ধমারোপ্য যথেচ্ছমনিবারিতঃ ॥" ইতি বারাহবচনাৎ, কর্মাদিনিরপেক্ষাপি ভক্তিরভীইসাধিকা;—"যা বৈ সাধনসম্পত্তিপুরুষার্থচতুইয়ে। তয়া বিনা তদাপ্রোতি নরো নারায়ণাশ্রয়ঃ ॥" ইতি নারায়ণীয়াৎ, "সর্বধর্ম্যেল্ বিতা

বিষ্ণোন মি-মাত্রৈকজন্নকা:। স্থাপন যাং গতিং যান্তি ন তাং সর্ব্বেহিপি ধার্ম্মিকা:॥" ইতি পাদ্মাচ্চ ॥ ৬-৭ ॥

বঙ্গান্ধবাদ—দেইরকম আত্মার যথাযথ স্বরূপের কথা শুনিয়াই সমস্ত আত্মার অংশী আমার উপর—আমার প্রতি যাঁহারা কেবলা ভক্তি করেন কিন্তু আত্ম গান্ধাৎকারের জন্ত চেষ্টা করেন না, তাঁহাদের কিন্তু আমার প্রতি কেবলা ভক্তির হারাই আমাকে অচিরেই প্রাপ্তি হইবে—ইহাই বলিতেছেন। 'যে তু' ইত্যাদি তুইটি শ্লোক হারা। যাহারা আমার প্রতি ঐকাস্তিক ভক্তিপরায়ণ তাঁহারা আমাকে পাইবার জন্ত স্বধর্মীয় সমস্ত কর্মণ্ড আমাতে সমর্পণ করিয়া অর্থাৎ নানা কারণে ভক্তির বিক্ষেপ অর্থাৎ বিপর্যায় বৃদ্ধি আদে বলিয়া স্ববিহিত কর্মণ্ড পরিত্যাগ করিয়া আমাগতপ্রাণ ও আমিই একমাত্র পরমপ্রকার্থস্বরূপ এইরূপ বোধে মদ্ভাবাপন্ন হইয়া, অন্ত কোন উপায়ের আশ্রয় না লইয়া অনন্তভাবে অর্থাৎ কেবলমাত্র আমার নামাদি শ্রবণ-লক্ষণযোগস্বরূপ উপায়ের হারা দাক্ষাৎ ভগবান্ শ্রীকৃষ্ণ আমাকে উপাসনা করেন। অর্থাৎ শ্রেবণাদি কালেও আমাতে মন নিবিষ্ট করেন অর্থাৎ আমার প্রতি অতিশয়্ম নিবিষ্টমনা হন।

আমার প্রতি আবিষ্ট চিত্ত ও আমার প্রতি একান্ত অম্বরক্তমন।
করিয়াই উদ্ধারকর্তা হই। কারণ—(এই জাতীয় ভক্তের) মৎ প্রাপ্তির
বিলম্ব-সহ্ করিতে না পারিয়া, আমি তাহাদিগকে গরুড়ের স্বন্ধে আরোহণ
করাইয়া খুব শীদ্রই আমার স্বধামে লইয়া আসি। এই কারণে—অর্চিরাদি
পথের অপেক্ষা না করিয়াই তাঁহাদের আমার ধাম প্রাপ্তি হয়, আমি সেই
ব্যবস্থা করিয়া থাকি।

বরাহ পুরাণে শ্রীভগবানের দেইরূপ উজি আছে—"আমি ভক্তকে অর্চিঃ
প্রভৃতি পথ ব্যতিরেকেই গরুড়ের স্কন্ধে আরোপণ করিয়া স্বেচ্ছায় অনিবারিতগতিতে বৈকুপ্তধামে লইয়া যাই।" ভগবদ্-ভক্তি নিত্যনৈমিত্তিক ক্রিয়া ব্যতীতও
অভিষ্টুসাধিকা হয়, ইহা নারায়ণোপনিষদে কথিত হইয়াছে, যথা—"ধর্ম, অর্থ,
কাম, মোক্ষ—এই চারিটি পুরুষার্থ-সিদ্ধি-বিষয়ে যে সাধন অর্থাৎ উপায়
প্রদর্শিত আছে, সেই সাধন সম্পাদন ব্যতীতই শ্রীনারায়ণের একান্ত আশ্রয়ী নর
সেই চারিটি পুরুষার্থ লাভ করে।" পদ্ম পুরাণও বলিয়াছে—"সব ধর্ম ছাড়িয়া

কেবল বিষ্ণুর নামমাত্র উচ্চারণকারী ব্যক্তিগণ অনায়াদে যে গতি লাভ করে, তাহা ধার্ম্মিকগণ কেহই প্রাপ্ত হয় না॥ ৬-१॥

অনুভূষণ—শ্রীভগবান্ তাঁহার অনন্য ভক্তগণের তৎপ্রাপ্তি যে, তাঁহার কুপায় অতি শীঘ্র অনায়াদেই লাভ হইয়া থাকে, তাহাই এক্ষণে হুইটি শ্লোকে বলিতেছেন।

শ্রীভগবানের যথার্থ স্বরূপ অবগত হইয়া অর্থাৎ শ্রীকৃষ্ণ যে ব্রন্ধেরও প্রতিষ্ঠা এবং পরমাত্মারও অংশী তাহা অবগত হইয়া যাঁহারা ভাগ্যক্রমে শ্রীক্লফের কেবলা ভক্তি যাজন করেন, পূর্ব্বোক্ত অব্যক্তাসক্ত-ব্যক্তির গ্রায় স্বীয় আত্ম-সাক্ষাৎকারের জন্ম ষত্ন করেন না, তাঁহারা সেই কর্ম-জ্ঞান-নিরপেক্ষা কেবলা ভক্তির দারাই অচিরকাল মধ্যেই শ্রীভগবানকে প্রাপ্ত হইয়া থাকেন। এই অন্য ভক্তগণের পরিচয় দিতে গিয়া ঐভিগ্বান্ বলিতেছেন যে, যাঁহারা আমার প্রতি ঐকান্তিক ভক্তিপরায়ণ তাঁহারা স্ব-স্ব বর্ণোচিত ও আশ্রমোচিত যাবতীয় বিহিত কর্মকে কেবলা ভক্তির বিক্ষেপক জানিয়া, উহা পরিত্যাগ পূর্বক, মৎপরায়ণ হইয়া আমাকেই অর্থাৎ আমার সেবাকেই একমাত্র পুরুষার্থ-বিচারে আমার নাম-রূপ-গুণ-লীলাদি শ্রবণ, কীর্ত্তন ও স্মরণাদিমূলক অনন্ত ভক্তিযোগে আমাকে উপাসনা করেন এবং শ্রবণাদিকালেও অর্থাৎ সাধনকালেও আমাতে নিবিষ্ট মনা হন, দেই সকল মদাবিষ্ট-চিত্ত ও মদমুরক্ত ভক্তগণকে আমিই তুস্তর সংসার-সমুদ্র হইতে উদ্ধার করিয়া থাকি। জ্ঞানী ও যোগীর ত্যায় ভক্তদিগের নিজের সংসার-উদ্ধার-বিষয়ে কোন চিন্তা করিতে হয় না। এমন কি, তাঁহাদের মৎপ্রাপ্তি-বিষয়ে বিলম্ব সহ্ করিতে না পারিয়া, আমি তাঁহাদিগকে মদীয় বাহন গরুড়ের স্বন্ধে আরোহণ করাইয়া অতি শীঘ্রই আমার ধামে আনয়ন করি। জানী ও যোগীর গ্রায় অর্চিরাদি-গতিক্রমে মুক্তিলাভ করিতে হয় না। মদৈকান্তিক ভক্তগণের মৃক্তি লাভের জন্য যেমন তাঁহাদের কোন চেষ্টার প্রয়োজন হয় না, সেইরপ মৎপ্রাপ্তি-বিষয়েও তাঁহাদের কোন চিন্তা করিতে হয় না। আমিই স্বেচ্ছায় তাঁহাদিগকে মায়িক সংসার হইতে মুক্ত করাইয়া, আমার ধামে, আমার সেবায় নিযুক্ত করি। তাদৃশ অন্ত ভক্তগণের উদ্ধার-সম্বন্ধে কাল বিলম্ব ঘটে না, এমন কি, অর্চিরাদি গতিরও অপেক্ষা করিতে হয় না।

এ-সম্বন্ধে বরাহ পুরাণে পাওয়া যায়,—গরুড়ের স্কন্ধে আরোহণ করাইয়া

অর্চিরাদির অপেক্ষা না রাথিয়া অবিরোধে স্বেচ্ছায় পরম স্থানে অর্থাৎ মদীয় ধামে লইয়া আসি।

ভক্তি কর্ম-জ্ঞানাদির অপেক্ষাযুক্ত নহে, পরস্ত কর্ম-জ্ঞান ভক্তির অপেক্ষা না করিয়া কোন ফল দানে সমর্থ নহে।

শ্রীচৈতক্সচরিতামতেও পাওয়া যায়,—

"কৃষ্ণভক্তি হয় অভিধেয় প্রধান, ভক্তি মৃথ-নিরীক্ষক কর্ম-যোগ-জ্ঞান। এই সব সাধনের অতি তুচ্ছ বল। কৃষ্ণভক্তি বিনা তাহা দিতে নারে বল॥ কেবল জ্ঞান 'মৃক্তি' দিতে নারে ভক্তি বিনা। কৃষ্ণোমুখে সেই মৃক্তি হয় জ্ঞান বিনা॥" (মধালীলা)

নারায়ণীয় মোক্ষ ধর্মেও পাই,—"চারিপুরুষার্থে যে সাধন-সম্পত্তি, তাহা না হইলেও নারায়ণাশ্রয়ে নর তাহা প্রাপ্ত হয়।"

পদ্মপুরাণেও পাওয়া যায়,—'সর্বধর্ম পরিত্যাগ করতঃ বিষ্ণুর নাম একমাত্র কীর্ত্তনকারী ব্যক্তি অনায়াদে যে গতি লাভ করেন, তাহা সর্বধর্ম পরায়ণগণও প্রাপ্ত হন না।'

অনক্স ভক্ত-সম্বন্ধে শ্রীকৈতক্সচরিতামতেও পাওয়া যায়,—

"এত সব ছাড়ি আর বর্ণাশ্রম ধর্ম।

অকিঞ্চন হইয়া লয় কুফৈকশরণ॥"

শ্রীল চক্রবর্তিপাদের টীকার পাই,—

"ভক্তগণের কিন্তু জ্ঞান বিনাই কেবলা ভক্তির ষারাই স্থথে সংসার হইতে মুক্তি লাভ হয়; তাই বলিতেছেন,—'যে তু' ইত্যাদি। 'ময়ি'—মং প্রাপ্তির জন্ম, 'সংস্থাস্থ'—ত্যাগ করিয়া, সন্মান শব্দের অর্থ ই ত্যাগ, 'অনন্থেনৈব'—জ্ঞানকর্ম-তপাদি রহিতই, 'ষোগেন'—ভক্তিযোগের ষারা। যেমন শ্রীমদ্ভাগবতে উক্ত হইয়াছে—কর্মা, তপস্থা, জ্ঞান, বৈরাগ্য, যোগ, দান, ধর্ম বা অন্থ তীর্থযাত্রা ব্রতাদি ষারা যাহা কিছু লাভ হয়, আমার ভক্ত ভক্তিযোগ-দারা অনায়ানেই সেই সকল লাভ করিয়া থাকেন; এবং যদিও তাঁহার কোন বান্ধা থাকে না তথাপি যদি কথনও প্রার্থনা করেন, তাহা হইলে স্বর্গ, মোক্ষ এবং এমন কি, বৈকুণ্ঠলোকও লাভ করিয়া থাকেন।

নারায়ণীয়ে মোক্ষ ধর্মেও আছে—'পুরুষার্থ চতুষ্টয়ের যাহা সাধন সম্পত্তি,
নারায়ণাপ্রয়ে নর, তদ্বাতীত সে সকল প্রাপ্ত হন।' যদি প্রশ্ন হয় যে, তাহা
হইলে তাঁহাদিগের সংসার তরণের প্রকার কি ? সত্য, তাঁহারা কি প্রকারে
সংসার হইতে উত্তীর্ণ হইবেন, তাহাতে জিজ্ঞাসাই উচিত হয় না, যেহেতু সেই
প্রকার বিনাই আমিই তাঁহাদিগকে উদ্ধার করি, তাই বলিতেছেন—'তেষাম্'
ইত্যাদি। তদ্বারা ভগবানের ভক্তেই বাংসলা কিন্ত জ্ঞানিগণে নহে, ইহাই
বুঝাইতেছে।

স্বতরাং যাঁহারা আমার চিন্ময় সবিশেষ স্বরূপে সর্ব্বর্জম সমর্পণ পূর্ব্বক মৎপরায়ণ হইয়া অনন্য ভক্তিযোগেই আমার নিতা বিগ্রহের ধানে পূর্ব্বক উপাসনা করেন, তাঁহাদের সাধন ও সাধাকালে কোন ক্লেই লাভ করিতে হয় না। পরস্ক মন্তক্তি-প্রভাবেই মৎকর্ত্বক সংসার অনায়াসে উত্তীর্ণ হইয়া মদ্ধামে মৎপার্ধদরূপা গতি লাভ পূর্ব্বক নিতা সেবা-স্থথ প্রাপ্ত হন।

এই প্রসঙ্গে গীঃ—৯।২২ শ্লোকের 'অমুভূষণ' দ্রষ্টবা ॥ ৬-१॥

#### ময্যের মন আধৎস্ব ময়ি বৃদ্ধিং নিবেশয়। নিবসিয়াসি ময়্যের অত উর্দ্ধং ন সংশয়ঃ॥ ৮॥

ভাষায়—ময়ি এব (আমাতেই) মনঃ (মন) আধৎস্ব (স্থির কর) ময়ি [এব] (আমাতেই) বৃদ্ধিং (বৃদ্ধি) নিবেশয় (নিবিষ্ট কর) অতঃ উর্দ্ধং (এইরূপ করিলে দেহাস্তে) ময়ি এব (আমার সমীপেই) নিবসিয়সি (অবস্থান করিবে) ন সংশয়ঃ (সংশয় নাই)॥৮॥

অনুবাদ—আমার শ্রামন্থলর-আকারেই মনঃ স্থির করিয়া স্মরণ কর, আমাতেই বৃদ্ধিবৃত্তি নিযুক্ত কর, তাহা হইলে এই দেহান্তে আমার নিকটেই অবস্থান করিতে পারিবে, ইহাতে সন্দেহ নাই॥৮॥

শ্রীভক্তিবিনোদ—আমার নিতা ভগবংশ্বরূপে মনকে স্থির করিয়া আমার শ্বরণ কর, তোমার বিবেকবতী বুদ্ধিকে আমাতেই নিযুক্ত কর এবং ভগবত্তত্ত্বই তুমি অবস্থিত হও। তাহা হইলে সেই সাধনভক্তির সর্বোচ্চ ফল যে নিরুপাধিক প্রেম, তাহা তুমি লাভ করিবে॥ ৮॥

ত্রীবলদেব—যশাদেবং তন্মান্তং ময়োব ন তু স্বাত্মনি মন আধৎস্ব সমাহিতং কুরু; বুদ্ধিং ময়ি নিবেশয়ার্পিয়। এবং কুর্ববাণন্তং ময়োব মম রুষ্ণশু সন্ধিশবেব নিবৎশুদি, ন তু সনিষ্ঠবৎ স্বর্গাদিকমন্থভবন্ধৈশ্বগাপ্রধানং মাং প্রাক্সাসীতার্থ: ॥৮॥

বঙ্গান্দুবাদ— যেইহেতৃ আমি এইপ্রকার দেইহেতৃ তুমি শুধু আমাতেই
মন সমাহিত কর কিন্তু সীয় আত্মাতে নহে। এবং বৃদ্ধি আমাতে অর্পণ কর।
এইরূপ করিতে পারিলে তুমি শ্রীরুষ্ণ আমার সান্নিধ্যেই বাস করিতে পারিবে।
স্বধর্মনিষ্ঠাপরায়ণদের মত নানাবিধ দেবতাদি জন্ম ভোগ করিয়া এশ্বর্যাপ্রধান
আমাকে পাইবে, তাহা নহে॥৮॥

অনুভূষণ—বর্ত্তমানে শ্রীভগবান্ কয়েকটি শ্লোকে তাঁহার অনন্য ভক্তগণের সাধন-প্রণালী বর্ণন করিতেছেন। প্রথমেই বলিলেন যে, হে অর্জ্কন! আমি যথন সর্ব্বকর্ষ-সমর্পণকারী মৎপরায়ণ অনন্য ভক্তকে অচিরেই উদ্ধার করিয়া থাকি, তথন তুমি পরব্রন্ধ পরাৎপরতত্ত্ব আমাতেই মন সমাহিত কর। ন্যর্থাৎ তোমার চিত্ত হইতে যাবতীয় বিষয় বাসনা দ্রীভূত করিয়া আমার চিন্তাতেই চিত্তকে সর্বাদা নিময় রাখ। সঙ্কর ও বিকরায়্মক মনকে যাবতীয় বিষয়-ভোগ হইতে নির্ত্ত করিয়া ভগবিদ্বয়ে নিবিষ্ট করিতে হইলে বুদ্ধিকে শ্রীভগবানে অর্পন করা প্রয়োজন। অধ্যবসায়-লক্ষণা বুদ্ধির দারা শ্রীভগবানের স্বরূপ অবর্গত হইয়া, তাঁহাকেই একমাত্র সেব্য-জ্ঞানে, তাঁহার শ্রবণ, কীর্ত্তন, স্মরণাদি সাধনের দারা বুদ্ধিরত্তিকে ভগবিদ্বয়্রিনী করিতে পারিলে, তদধীন মনও সর্বদা ভগবচ্চিন্তায় নিরত হইতে পারিবে, তাহা হইলেই তুমি আমারই সায়িধ্যে নিতা বাস করিতে পারিবে। তোমাকে আর স্বর্গাদিলোকে বাস করতঃ তদনন্তর মদীয় ঐশ্বর্যাপ্রধান ভাবকে প্রাপ্ত হইতে হইবে না।

অতএব শ্রীভগবান্ অর্জ্জনকে লক্ষ্য করিয়া আমাদের সকলকে উপদেশ করিতেছেন যে, ভক্তিই সর্বশ্রেষ্ঠা; স্থতরাং তাঁহার শ্রামস্থলরাকার নিত্য স্বরূপেই মনোনিবেশ পূর্দ্ধক তাঁহার নিরন্তর স্বরণ করা এবং বৃদ্ধিকেও তাঁহাতেই অর্পন করা একান্ত কর্ত্বা। তাহা হইলেই সাধন ভক্তির সর্ব্বোচ্চ ফলরূপে পার্ধদগতি ও নিরূপাধিক প্রেম লাভ হইবে। ইহাতে কোন সংশয় নাই। এতদ্বারা ভক্তযোগীর যে সর্ব্বোক্তমা গতিও প্রাপ্তি হয়; তাহাই জানাইলেন॥৮॥

> অথ চিত্তং সমাধাতুং ন শক্রোষি ময়ি স্থিরম্। অভ্যাসযোগেন ততো মামিচ্ছাপ্তবুং ধনঞ্জয়॥ ১॥

তাল্বয়—ধনঞ্জ (হে ধনঞ্জ !) অথ (আর যদি) ময়ি (আমাতে) চিত্তং (চিত্তকে) স্থিরম্ (স্থির ভাবে) সমাধাতুং (সমাহিত করিতে) ন শক্রোষি নো পার), ততঃ (তাহা হইলে) অভ্যাসযোগেন (অভ্যাসযোগের দারা) মাম্ (আমাকে) আপ্তঃ (প্রাপ্তি-নিমিত্ত) ইচ্ছ (ইচ্ছা কর)॥ ১॥

অনুবাদ—হৈ ধনঞ্জয় । আর যদি চিত্তকে আমাতে স্থির-ভাবে সমাহিত করিতে না সমর্থ হও, তাহা হইলে অভ্যাস-যোগের দ্বারা আমাকে লাভ করিতে যত্ন কর ॥ ১॥

শ্রীভক্তিবিনাদ—যদি সহজ-অনুরাগ-দারা আমাতে চিন্ত দ্বির করিতে না পার, তবে বৈধ অভ্যাসযোগের দারা আমাকে পাইবার যত্ন কর। তাৎপর্য্য এই যে, পরমপুরুষার্থরূপ প্রেমের সাধন—হুই-প্রকার অর্থাৎ রাগমার্গ ও বিধিমার্গ। রাগাত্মিক-ভক্তদিগের চেষ্টা দেখিয়া তাহাতে লোভপূর্ব্বক যে সাধন হয়, তাহাকে 'রাগান্থগা ভক্তি' বলে। দৃঢ়শ্রদ্ধা-দারা যে সাধন হয়, তাহাকে 'বৈধীভক্তি' বলে। যাহার সহজ-রাগাভাব, তাঁহার পক্ষে বৈধভক্তি-সাধনই শ্রেয়ঃ॥ ৯॥

শীবলদেব—নমু গঙ্গেব যেষাং মনোবৃত্তিরোঘবতী, তেষাং ত্বং প্রাপ্তিত্বর্মা স্থান্মন তু তাদৃশী ন তদ্ব তিস্ততঃ কথং দেতি চেত্তত্রাহ,—অথেতি। স্থিরং যথা স্থাত্তথা ময়ি চিত্তং সমাগনায়াদেনাধাতুমর্পয়িত্বং ন শক্ষোধি চেত্ততোহভ্যাদ-যোগেন মামাপ্র্মিচ্ছ যতক্ষ; —মত্যোহত্তত্ব গতস্থ মনসঃ প্রত্যাহ্বত্য শনৈঃ শনৈর্ময়ি স্থাপনমভ্যাদন্তেন মনসি মৎপ্রবণে দতি মৎপ্রাপ্তিঃ স্থলভা স্থাদিতি ভাবঃ॥ ৯॥

বঙ্গান্তবাদ—প্রশ্ন—গঙ্গার মত যাঁহাদের ভক্তিরূপ মনোর্ত্তি প্রবাহশালিনী, তাঁহাদের পক্ষে তোমার প্রাপ্তি খুবই তাড়াতাড়ি হইবে, কিন্তু আমার
মধ্যে সেইরূপ গঙ্গাম্রোতের ন্যায় তীত্র বেগবতী মনোর্ত্তি নাই—অতএব
কিরূপে তাহা হইবে, যদি ইহা বল, তত্ত্তরে বলিতেছেন—'অথেতি'। যাহাতে
বা যেই প্রকারে আমার উপর চিত্ত শ্বির হয়, এই ভাবে যদি সমাক্রূপে
অনায়াসে আমার উপর মন সমর্পন করিতে সক্ষম না হও, তাহা হইলে
অভ্যাস্থোগের ন্যারা আমাকে লাভ করিবার জন্ম ইচ্ছা বা ষত্ন কর। আমার
নিকট হইতে অন্তন্ত্র ধাবিত মনকে ফিরাইয়া আনিয়া ধীরে ধীরে
আমাতে স্থাপন করার নাম অভ্যাস। তাহার ন্যারা অর্থাৎ এইরূপ অভ্যাসের
ন্যারা মনকে আমার প্রতি (স্থাভূভাবে) স্থাপন করিতে পারিলে, আমার
প্রাপ্তি অতিশয় সহজে হইবে।—ইহাই ভাবার্থ॥ ১॥

4149414/1101

অসুভূষণ—পূর্বলোকে শীভগবান্ সকলকে তদেকনির্চ হইয়া অনন্যভাবে মন ও বৃদ্ধিকে তাঁহাতে নিবিষ্ট করিবার উপদেশ দিলেন। যদি কেহ পূর্ব্ধাক্ষ করেন যে, যাঁহাদের মনোবৃত্তি সাগরাভিম্থী গঙ্গার ন্যায় শীভগবানের প্রতিবেগে প্রধাবিত হয়, তাঁহারাই অতি শীঘ্র শীভগবানকে পাইতে পারেন। ইহাতে সন্দেহ নাই; কিন্তু যাঁহাদের চিত্তবৃত্তি সেরপ বেগবতী নহে, তাঁহারা কি উপায়ে শীভগবানকে পাইবেন ? তহত্তরে শীভগবান্ দিলেন যে, যাঁহারা পূর্ব্বোক্ত উপায়ে আমাতে চিক্ত স্থিবভাবে সমাহিত করিতে অসমর্থ, তাঁহারা অভ্যাস-যোগের বারা আমাকে লাভ করিতে যন্ত্রবান্ হইবে। অর্থাং মন্বাতীত বিষয়ান্তরে আক্রন্ত চিত্তকে ধীরে ধীরে প্রত্যাহার পূর্বক আমাতে স্থাপন করিতে চেষ্টা করিবে। এই চেষ্টার নামই অভ্যাসযোগ। এই অভ্যাসযোগের দ্বারা চিত্ত মংপ্রবণ অর্থাং মদাসক্ত করিতে পারিলেই আমার প্রাপ্তি স্থলভ হইবে।

শ্রীল চক্রবর্তিপাদের টীকার মর্শ্বেও পাই,—

"দাক্ষাৎ স্মরণে অদমর্থের প্রতি তৎপ্রাপির উপায় বলিতেছেন—'অথ' ইত্যাদি। 'অভ্যাদযোগেন'—ভিন্ন ভিন্ন স্থানে ধাবিত মনকে পুনঃ পুনঃ প্রত্যাহার করিয়া আমার রূপেই স্থাপন—অভ্যাদ; তাহাই যোগ, তদ্বারা প্রাক্ত কুংদিং রূপরদাদিতে ধাবিত মনকে মনোনদীর দেই দমস্ত দিকে চলনকে নিকন্ধ করিয়া অতি স্থলর মদীর রূপরদাদিতে তাহার গতি ধীরে ধীরে সম্পাদন কর, এই অর্থ। হে 'ধনপ্রয়'! বহু শক্ত জয় করিয়া ধন আহরণকারী তুমি মনকেও জয় করিয়া ধানরূপ ধন লাভ করিতে সমর্থ, এই ভাব॥ ১॥

# অভ্যাসেহপ্যসমর্থোহসি মৎকর্মপরমো ভব। মদর্থমপি কর্মাণি কুর্বন্ সিদ্ধিমবাপ্শুসি॥ ১০॥

অশ্বর—[ যদি ] অভ্যাদে অপি (অভ্যাদযোগেও) অদমর্থঃ অদি (অশক্ত হও), [ তাহা হইলে ] মংকর্মপরমো (মং-কর্মপরায়ণ ) ভব (হও)। মদর্থম্ ( আমার প্রীতির নিমিত্ত ) কর্মাণি ( কর্মদন্হ ) কুর্মন্ অপি (করিয়াও) দিনিং ( দিন্ধি ) অবাপ্শুদি ( প্রাপ হইবে )॥ ১০॥

व्यक्तान-यनि वाजारमा वाजार इ.उ. जारा इहेल यनभिंख

কর্মপরায়ণ হও। আমার প্রীতির নিমিত্ত কর্ম করিয়াও দিদ্ধি লাভ করিতে পারিবে॥ ১০॥

প্রীভক্তিবিনোদ—যদি অভ্যাদেও অসমর্থ হও, তবে মৎকর্মপর হও। তাহা করিলে ক্রমশঃ অভ্যাস ও অবশেষে মদীয় সবিশেষ-তত্ত্ব চিত্ত-ছৈর্যারূপা সিদ্ধি লাভ করিবে॥ ১০॥

শীবলদেব নম বায়েবিব মনদোহতিচাপল্যাক্ত প্রত্যাহারে মম ন শক্তিরিতি চেক্তরাহ, —অভ্যাদেহপীতি। উক্তলক্ষণেহভ্যাদেহপি চেক্তম-দমর্থস্তর্হি মৎকর্মাণি পরমাণি পুমর্থভূতানি ষস্ত তাদৃশো ভব; তানি চ মরি-কেতনির্মাণমংপুষ্পবাটীদেচনাদীনি প্র্মৃক্তানি। এবং স্করাণি মদর্থানি কর্মাণি ক্র্বাণন্থং তত্ত তত্তাতিমনোজ্ঞমন্ত্র্দেশমহিয়া তাদ্শে ময়ি নিরতমনাঃ সংসিদ্ধিং মৎসামীপালক্ষণামবাঞ্চাসীতাতিস্থগমোহয়ম্পায়ঃ॥ ১০॥

বঙ্গান্তবাদ—প্রশ্ন, বায়র ভায় মনের অভিশয় চঞ্চলতাহেতু তাহার প্রত্যাহার করা (অন্ত বস্তর আদক্তি হইতে ফিরাইয়া আনা ) আমার শক্তি নাই—ইহা যদি বলা হয়, তত্ত্তরে বলিতেছেন—'অভ্যাদেহণীতি'। প্র্বোক্তলক্ষণবিশিষ্ট অভ্যাদে যদি তুমি অসমর্থ হও, তাহা হইলে পুরুষার্থসাধক আমার শ্রেষ্ঠ কর্মগুলি আচরণ করিতে থাক, দেই কর্মগুলি এইরূপ—
আমার মন্দির নির্মাণ এবং আমার পুপ্পণাটী (তুলদী বৃক্ষ প্রভৃতি স্থাপন ও সেচন) দেচন প্রভৃতি প্র্বোক্ত কর্মগুলি পূর্বের বলা হইয়াছে। এই প্রকারে আমার তৃষ্টির জন্ম এই সব সহজ সাধ্য কর্মগুলি করিতে করিতে তৃমি দেই দেই স্থানে স্থাপিত অভিশয় মনোজ্ঞ আমার মৃত্তি উদ্দেশ মহিমার দ্বারা তাদৃশ মনোজ্ঞ আমার মৃত্তির উপর নিরতমনা হইয়া, আমার সামীপারপ সংশিদ্ধি লাভ করিবে। এই হেতু এই উপায় অভিশয় স্থগম।। ১০॥

অনুভূষণ— খ্রীভগবান্ পূর্বলোকে অভ্যাদযোগ অবলগনের উপদেশ প্রদান করিলে, অর্জুন পূর্বপক্ষ করিলেন যে, মন বায়্র ন্যায় অতিশয় চঞ্চল। স্থতরাং তাহাকে অভ্যাদযোগের দারা বিষয় হইতে প্রত্যাহার করিবার শক্তি কোথার? অর্থাং নাই। মনের চঞ্চলতার বিষয় গীতার ষষ্ঠ অধ্যায়ের ৩৭ লোকেও পাওয়া যায়। তত্ত্ররে শ্রীভগবান্ তৃতীয় ব্যবস্থা বলিলেন,— আচ্ছা, যদি কেহ পূর্বোক্ত অভ্যাদযোগেও অসমর্থ হয়, তাহা হইলে পরমার্থ-ভূত আমার কর্মদম্হের আচরণ করিতে হইবে। শ্রীভগবানের

মন্দির নির্মাণ, তাঁহার পূপ্প-বাটীকা স্থাপন ও জলসেচনাদি দ্বারা তাহার রক্ষণ, প্রভৃতি সহজ সাধ্য শ্রীভগবৎ-সেবার কার্যগুলি অনুষ্ঠান করিতে করিতে শ্রীভগবানের অতিশয় মনোজ্ঞ শ্রীমৃত্তির উদ্দেশ্যে অনুষ্ঠিত ক্রিয়ার মহিমায়, তাঁহাতে সর্বাদা, মনকে নিয়োজিত করিতে পারিলে, সেই পরম আনন্দময় রূপের চিন্তনে সমর্থ হইয়া তাঁহার সামীপালক্ষণরূপ সংসিদ্ধি প্রাপ্ত হইবে। ইহা অতিশয় স্থগম উপায়।

শীল চক্রবর্ত্তিপাদের টীকায়ও পাই,—"অভ্যাসেহপি' ইত্যাদি। যেরপ পিত্তবারা দ্বিত জিহ্বা মিছরি ইচ্ছা করে না, তদ্রপই অবিচাদ্বিত মন ভবদীয় মধুর রূপাদিও গ্রহণ করে না। অতএব সেই হগ্রহ মহাপ্রবল মনের সহিত আমি যুদ্ধ করিতে সমর্থ নহি, যদি ইহা মনে কর, এই ভাব। আমার কর্ম সমূহ প্রেষ্ঠ (কার্য্য) যাঁহার, তিনি মৎকর্মপরম। 'কর্মাণি'—মদীয় কথা প্রবণ, কীর্ত্তন, বন্দন, অর্চ্তন, আমার মন্দির মার্জ্জন, প্রোক্ষণ, পুষ্পচয়ন, পরিচর্য্যাদি করিতে করিতে আমার স্মরণ বিনাই 'সিদ্ধিং'—প্রেমবৎপার্ষদত্ব লক্ষণা সিদ্ধি লাভ করিবে।"

এতৎ প্রসঙ্গে শ্রীমন্তাগবতের একাদশ স্বয়েও পাওয়া যায়,—

"মল্লিপমন্তকজন-দর্শন-স্পর্শনার্চনম্।

পরিচর্যাা স্তুতিঃ প্রহরগুণকর্মান্থকীর্ত্তনম্।

মংকথাশ্রবণে শ্রদ্ধা মদমুধ্যানমৃদ্ধব।

সর্বলাভোপহরণং দাস্থেনাদ্মনম্।

সীততাগুরবাদিত্র-গোষ্টীভির্মদৃগৃহোৎসবঃ॥

যাত্রাবলিবিধানঞ্চ সর্ব্ববার্ধিকপর্বস্থ।

বৈদ্বিলী তান্ত্রিকী দীক্ষা মদীয় ব্রতধারণম্।

মমার্চাস্থাপনে শ্রদ্ধা স্বতঃ সংহত্য চোত্তমঃ।

উত্যানোপরনাক্রীড়-পুরমন্দিরকর্মণি।

সম্মার্জনোপলেপাভ্যাং সেকমণ্ডলবর্তনৈঃ।

গৃহ-শুশ্রমণং মহুং দাসবদ্ যদমায়য়া॥

অমানিস্কমদন্তিত্বং কৃতস্থাপরিকীর্ত্তনম্।

অপি দীপারলোকং মে নোপযুঞ্জ্যান্নিবেদিতম্।

যদ্যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ।
তত্তরিবেদয়েন্মহুং তদানস্ত্যায় কল্পতে ॥" (১১।৩৪-৪১)
এতৎ প্রসঙ্গে গীঃ- ১১।৫৫ শ্লোকও স্তুরিবা।

পূর্ব্বোলিখিত শ্রীভগবদ্-কথিত সাধনাঙ্গ-সমূহকে শুদ্ধা ভক্তিমূলক নহে, এরূপ মনে করা উচিত নহে। কেবলমাত্র অধিকারী-বিশেষে স্থকর বা স্থগম উপায় রূপে উপদিষ্ট হইয়াছে। এই সকল অমুষ্ঠানের দ্বারাই ক্রমশঃ সর্ব্বোচ্চ ফল অর্থাৎ প্রেম-ফল লাভ বা পার্ষদ-রূপা গতি প্রাপ্ত হওয়া যায়॥ ১০॥

# অথৈতদপ্যশক্তোহসি কর্ত্তঃ মদ্যোগমাঞ্জিতঃ। সর্ব্বকর্মফলত্যাগং ততঃ কুরু যভাত্মবান্॥ ১১॥

তাষ্ম — অথ ( আর যদি ) এতৎ অপি ( ইহাও ) কর্ত্ম ( করিতে ) অশক্তঃ ( অসমর্থ ) অদি ( হও ), ততঃ ( তাহা হইলে ) মৎ যোগম্ ( আমার ভক্তিযোগ) আপ্রিতঃ ( আপ্রয়প্র্কক ) যতাত্মবান্ ( সংঘতচিত্ত ) [ সন্— হইয়া ] সর্কাকর্মফলত্যাগং ( সর্কাকর্মের ফলত্যাগ ) কুরু ( কর ) ॥ ১১॥

অসুবাদ—আর যদি এরপ কর্মণ্ড করিতে অশক্ত হও, তাহা হইলে আমার শরণাগতিরপ ভক্তিযোগ-আশ্রয়পূর্মক, সংঘত চিত্ত হইয়া সর্মকর্ম-ফল ত্যাগ কর॥ ১১॥

**ত্রীভক্তিবিনোদ**—যদি মংকর্মাচরণেও অশক্ত হও, তবে আত্মবান্ হইয়া সমস্ত ফল ত্যাগপূর্মক বৈদিক কর্ম আচরণ কর॥ ১১॥

শ্রীবলদেব—অথ মহাকুলীনত্ব-লোকম্থাতাদিনা প্রতিবন্ধেন বাধিতত্তমন্তোবৈ তন্মনিকেত-বিমার্জনাদি-মংপ্রীতিকরমতিত্বকরমপি কর্ম চেৎ কর্ত্ত্মশক্তোহদি ততো মদ্যোগং মচ্ছরণতামান্রিতঃ দন্ দর্কেষামহুষ্ঠীয়মানানাং কর্মণাং ফলত্যাগং কৃক। যতাত্মবান্ বিজিতমনা ভূতা; তথা চ ফলাভিদন্ধিশৃত্যৈ-রিয়িহোত্রদর্শপোর্ণমান্তাদিভির্মদারাধনরূপেঃ কর্মভির্বিষতন্তবদন্তরভূদিতেন জ্ঞানেন স্বপরাত্মনোঃ শেষশেষিভাবেইভূদিতে স্বশেষিণি সর্কোত্তমত্বন বিদ্যাতে শনৈঃ শনৈঃ পরাপি ভক্তিঃ স্থাদিতি। এবমেব বক্ষাতি,—'যতঃ প্রবৃত্তিভূ তানাম্' ইত্যাদিনা 'মদ্বক্তিং লভতে পরাম্' ইত্যন্তেন ॥ ১১ ॥

বঙ্গান্দুবাদ—অনন্তর (তথাকথিত) অতিশয় কুলীন ও তন্ধংশসম্ভূত এবং (সমাজে) লোকশ্রেষ্ঠত প্রভৃতি বিম্নের মারা যদি বাধা প্রাপ্ত হও অর্থাৎ তুমি বা অন্ত কেহ যদি আমার মন্দিরাদির বিশেষরূপে মার্জ্জনাদি, আমার প্রীতিকর অতি স্থকর আমার তৃষ্টি-সাধক কর্ম করিতে যদি অক্ষম হও, তাহা হইলে মদ্যোগ অর্থাৎ আমার শরণাগতি লইয়া অন্থলীয়মান সমস্ত কর্মের ফলতাগি কর এবং সংযতাত্মা অর্থাৎ জিতমনা হও। এইরূপে ফলের অভিলাষাদিশ্র্য হইয়া আমার আরাধনারূপ অগ্নিহোত্র ও দর্শপৌর্ণমাসাদি কর্মগুলির দ্বারা মুণাল তম্ভর মত ক্রমশং অস্তরে অভ্যুদিত জ্ঞানের দ্বারা স্বীয় আত্মার ও পরমাত্মার শেষশেষি ভাবের—প্রভৃত্ত্যভাবের অভ্যুদ্য হইলে স্বীয় প্রভুর সর্ফোত্তমত্ব জ্ঞান হইলে ধীরে ধীরে পরা (শুদ্ধা) ভক্তির উদ্য হইবে। এইরূপই পরে বলা হইবে—"যাহা হইতে পাঞ্চভোতিক প্রাণিবর্গের প্রবৃত্তি হয়' ইত্যাদি ও "আমার পরা ভক্তিকে লাভ করে" এই পর্যান্ত বাক্য দ্বারা॥ ১১॥

অনুভূষণ—পূর্বশ্লোকে প্রভিগবান্ 'মৎকর্মপরমো ভব' বলিয়া যে উপদেশ করিলেন, দেই ভগবন্দিরাদি মার্জনরপ অতি স্থকর ও প্রভিগবানের স্থকর দেবাকার্য্যে কাহারও যদি অতিশয় কোলিল্য হেতু অর্থাৎ মহাকুলীন বংশে জন্মগ্রহণ করিয়া এবং লোক-মৃথ্যত্ব হেতু অর্থাৎ লোকসমাজে একজন খ্যাতনামা মৃথ্য ব্যক্তি হইয়া কি প্রকার করিতে পারা যায়, এইরপ দম্ভবশতঃ যদি করিতে অসমর্থ হও, তাহা হইলে বর্ত্তমান শ্লোকোক্ত বিধান দিতেছেন। পরম রূপাল্ ভগবান্ স্বীয় নিত্য পার্যদ অর্জ্জনকে লক্ষ্য করিয়া আপামর সর্ব্বসাধারণকে সকল প্রকার অধিকারীর নিমিত্ত বিভিন্ন উপদেশ করিতেছেন।

জড়ীয় অভিমানবশতঃ আমাদের শ্রীভগবানের মন্দিরাদি-মার্জন সেবায় বিরত হওয়া উচিত নহে; কারণ সপ্তদীপবতী পৃথিবীর একচ্ছত্র সম্রাট্ হইয়াও মহারাজ অম্বরীষ নিজ হস্তে শ্রীমন্দির-মার্জনাদি সেবা করিয়াছেন। ইহ শ্রীমন্তাগবতে ১ম ক্ষম্বে পাওয়া যায়।

শ্রীগোরাবির্ভাবকালেও রাজা প্রতাপকন্তের বথমার্জন-সেবা দেখিয়া শ্রীমন্মহাপ্রভু পরম সম্ভষ্ট হইয়াছিলেন।

শ্রীচৈতন্যচরিতামতেও পাওয়া যায়,—

"তবে প্রতাপকত্র করে আপন সেবন। স্থবর্ণ-মার্জ্জনী লঞা করে পথ সম্মার্জ্জন॥ চন্দন-জলেতে করে পথ নিষেচনে।

তুচ্ছ সেবা করে বৃসি' রাজ-সিংহাসনে॥

উত্তম হঞা রাজা করে তুচ্ছ সেবন।

অত এব জগনাথের কপার ভাজন॥

মহাপ্রভু স্বথ পাইল সে সেবা দেখিতে।

মহাপ্রভুব কপা হইল সে সেবা হইতে॥" (মধা ১৩।১৫-১৮)

স্থতরাং শ্রীগুরুবর্গের নির্দেশে শ্রীভগবানের নিম্নতম সেবাও আমাদের পরম মঙ্গলের হেতু; আর স্বীয় দান্তিকতাবশে নিজেকে শ্রেষ্ঠ সেবার অধিকারী মনে করিয়া, মন্দির-মার্জনাদিকে তুচ্ছ বুদ্ধি করিলে, পরমার্থ হইতে বিচ্যুতিই ঘটিয়া থাকে।

কেহ যদি শ্রীভগবানের উপদিষ্ট দেবা-কর্ষেও দম্ভের প্রতিবন্ধকতাবশতঃ অসমর্থ হয়, করুণাময় শ্রীভগবান্ তাহার জন্য তদীয় যোগাশ্রয়ের উপদেশ করিতেছেন। অর্থাৎ শ্রীভগবানের শরণাগত হইয়া সর্বাকর্ম-ফলত্যাগই সেই যোগ, তাহাই বলিতেছেন।

মনকে সংযতপূর্বক বিজিতমনা হইয়া ফলাভিসন্ধি রহিতভাবে অগ্নি-হোত্রাদি ভগবদারাধনারপ কর্মের দারা বিষতন্ত্রর ন্যায় ক্রমশঃ অভ্যন্তরে উদিত জ্ঞানের দারা স্ব-স্থরূপ ও পর-স্থরূপের জ্ঞানলাভ করতঃ শ্রীভগবানই সর্বোত্তম-তত্ত্ব ইহা জানিতে পারিয়া, তাঁহাতে পরাভক্তি লাভ করিয়া থাকে। পরবন্তীকালে গীতার অস্টাদশ অধ্যায়ে ৪৬ শ্লোক হইতে ৫৪ শ্লোকে বলিবেন।

এন্থলে প্রীভগবান্ ক্রমান্বয়ে চারি শ্রেণীর অধিকারী লোকের জন্ম চারি প্রকার বিধান দিতেছেন। প্রথমে ভগবৎ-স্বরূপে মনস্থিরপূর্বক তাঁহার শ্ররণ-মুখে তাঁহাতেই অবন্থিত হইয়া নিরুপাধিক প্রেম লাভের উপায় বর্ণন করিলেন। ইহা স্বাভাবিক অন্থরাগের কথা। দ্বিতীয়বার উপদেশ করিলেন যে, যাহারা স্বাভাবিক অন্থরাগ-পথে ভগবানে চিন্ত সন্নিবিষ্ট রাথিতে অসমর্থ, তাহাদের পক্ষে বৈধমার্গ অবলম্বনে অভ্যাসযোগ অবলম্বন করাই শ্রেয়:। তৃতীয়তঃ বলিলেন, যাহারা এই বৈধ-প্রণালীতে অভ্যাস-যোগেও অসমর্থ তাহাদের পক্ষে ভগবৎ-কর্মপর হওয়াই আবশ্রক। এইরূপে ভগবৎ-কর্মপরায়ণ হইলে ক্রমশঃ অভ্যাসযোগের সিদ্ধিক্রমে চিন্ত প্রীভগবানে স্থির হইবে। যদি কেহ এইরূপ ভগবানের দেবা-কর্মাচরণেও অশক্ত হয়,

তবে তাহার পক্ষে আত্মবান্ হইয়া সর্বাকর্মফল ত্যাগপুর্বাক বৈদিক কর্মাচরণই শ্রেয়:। এইরূপ কর্মাচরণের ফলেও ক্রমশঃ স্ব-স্বরূপ ও পর-স্বরূপের জ্ঞানোদয়ে পরা ভক্তি লাভের ক্রমিক পশা লাভ হয়।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাওয়া যায়,—

"যদি ইহা করিতেও অসমর্থ হও, 'মদ্যোগমান্তিতঃ'—আমার দে যোগ, তাহা আশ্রয় করিয়া আমাতে 'সর্বকর্মদমর্পনং'—প্রথম ছয় অধ্যায়-কথিত সর্বকর্মদল তাগ কর। ইহার অর্থ—প্রথম ছয় অধ্যায়ে ভগবানে অর্পিত নিদ্ধাম-কর্মযোগেই মোক্ষপ্রাপ্তির উপায় কথিত হইয়াছে; দিতীয় এই ছয় অধ্যায়ে ভলিযোগেই ভগবৎ-প্রাপ্তির উপায় কথিত হইয়াছে। দেই ভক্তিযোগ দ্বিবিধ—ভগবনিষ্ঠ অস্তঃকরণের ব্যাপার এবং বহিঃ করণের ব্যাপার। তাহার মধ্যে প্রথম আবার তিন প্রকার—শ্বরণাত্মক, মননাত্মক এবং অথও অর্থাৎ নিরন্তর শ্বনে অসমর্থ তাহাতে অম্বরাগিগণের তাহার অভ্যাসরপ—এই তিনটিই মন্দবৃদ্ধিগণের পক্ষে হুর্গম, কিন্তু নিরপরাধ স্বৃদ্ধিগণের পক্ষে স্থামই; কিন্তু দ্বিতীয়—শ্বনকীর্জনাত্মক উহা সকলের পক্ষেই স্থাম উপায়। এই উভয়-প্রকার উপায়বান্ অধিকারিগণ যে সকলের অপেক্ষা উৎকৃষ্ট তাহা এই দ্বিতীয় ছয় অধ্যায়ে কথিত হইয়াছে। ইহা করিতে অসমর্থ ও ইন্দ্রিয়গণকে ভগবনিষ্ঠ করিতে অশ্বন্ধাল্ এবং প্রথম ছয় অধ্যায়ে উক্ত অধিকারী ভগবদর্শিত-নিদ্ধামকর্মকারিগণ ইহাদিগের অপেক্ষা নিকৃষ্টই "॥ ১১॥

## শ্রোনাই জ্ঞানমভ্যাসাজ জ্ঞানাদ্ধ্যানং বিশিয়তে। ধ্যানাৎ কর্মফলভ্যাগস্ত্যাগাচ্ছান্তিরনন্তরম্॥ ১২॥

আন্ধয়—হি (যে হেতু) অভ্যাদাৎ (অভ্যাদ হইতে) জ্ঞানম্ (জ্ঞান) শ্রেষ: (শ্রেষ্ঠ), জ্ঞানাৎ (জ্ঞান অপেক্ষা) ধ্যানং (ভগবৎ-চিন্তা) বিশিয়তে (শ্রেষ্ঠ), ধ্যানাৎ (ধ্যান অপেক্ষা) কর্মফলত্যাগঃ [স্থাৎ] (কর্মফলত্যাগ হয়), ত্যাগাৎ অনন্তরং (ত্যাগের পর) শান্তিঃ [ভবতি] (শান্তি হয়)॥ ১২॥

তাসুবাদ—অভ্যাসযোগ অপেকা আমাতে বৃদ্ধিনিবেশরপ-জ্ঞান শ্রেষ্ঠ, জ্ঞান অপেকা আমার স্মরণরূপ ধ্যান শ্রেষ্ঠ, ধ্যান হইতে কর্মফল-ত্যাগ, এবং ত্যাগের পর শাস্তি লভ্য হয় ॥ ১২ ॥

শ্রীভক্তিবিনোদ—অসমর্থ-পক্ষে রাগভক্তি অপেক্ষা বৈধভক্তিরপ অভ্যাসই শ্রেমারপে আশ্রমণীয়। বৈধভক্তিতে অসমর্থ হইলে আত্মযাথাত্মারপ জ্ঞান-চেপ্টাই শ্রেমঃ। তাদৃশ জ্ঞানে অসমর্থ হইলে তৎসাধনভূত স্বাত্মচিন্তারপ 'তত্ত্ব-মস্থাদি' বাক্যগত ধ্যানই শ্রেমঃ। তাদৃশ ধ্যানে অসমর্থ পুরুষের পক্ষে কর্মান্যাই শ্রেমঃ। কাম্যকর্মীদিগের পক্ষে কর্ম্মকলত্যাগ-দারা শান্তিলাভ হয়। তাৎপর্য্য এই যে, শুদ্ধভক্তি পাইবার তুইটি মার্গ অর্থাৎ সাক্ষাংমার্গ ও ক্রমার্গ। লোভ ও শ্রেমােদিত সাধুসঙ্গ-দারা শ্রেমার্গ কর্মান্যান্য আর প্রথমে কাম্যকর্মত্যাগ, দ্বিতীয়ে কর্ম্মােগাশ্রম, তৃতীয়ে অন্তাঙ্গন্মার্গত ধ্যান, চতুর্থে আত্মযাথাত্মাক্তান ও পঞ্চমে প্রমাত্মযাথাত্মাক্তানজনিত সাধ্যভক্তিরপ ক্রমার্গই সাধারণী প্রথা॥ ১২॥

শীবলদেব—স্কর্বাদপ্রমাদ্বাজ জানগর্ত্বাচ্চানভিদং চিতং ফলং কর্ম্মযোগং স্তোতি,—শ্রেয়া হীতি। অভ্যাদানংশ্বৃতিদাততারপাদনিপ্রাজ্জানং
শ্বাহ্রাক্ষাংকৃতিরপং শ্রেয়ং প্রশন্তবিম্ ; পরমান্মোপলির্বার্বাৎ জ্ঞানাচ্চ
তশ্মাদনিপ্রাং দাধনভূতং ধ্যানং শ্বাহ্রাচিত্বলক্ষণং বিশিল্পতে—স্বহিত্বে শ্রেয়া
ভবতি; ধ্যানাচ্চ তশ্মাদনিপ্রাং কর্ম্মনলত্যাগস্তামিন্ শ্রেয়ান্ ; ত্যক্তফলং কর্মের
প্রশস্তবিম্ ; ত্যাগাদনস্তবং শান্তিস্তাক্তল্লাদক্ষিতাং কর্মণোহনস্তবং মনঃশুন্ধিরিতার্থং। তথা চ শুন্ধে মনদি ধ্যানং নিপ্রগতে; নিপ্রারে ধ্যানে
স্বদাক্ষাংকৃতিরপং জ্ঞানং ; জ্ঞানে নিপ্রারে তংকলভূতং পরমাত্মজ্ঞানম্ ; তেন
পরা ভক্তিস্তব্রশ্ব্যপ্রধানস্থ মম প্রাপ্তিরিতি তুর্গমোহয়্মপায় ইতি ভাবং।
ন চায়মর্জ্বং প্রত্যাপদেশস্তব্রেক্ষান্তিরাং। দনিষ্ঠা নিন্ধামকর্ম্মরতা
হরিধ্যায়িনশ্চ স্বান্থানমন্তভূয়্য় ততোহভূম্বিত্রা হরিবিধ্যকয়্মা পার্বমন্থ্রিগুণয়া
পরয়া ভক্ত্যা হরিং প্রেমাম্পদমন্তভবন্তা বিম্চান্ত ইতি গাতাশাস্ত্রার্থপদ্ধতিঃ।
কিন্তেকান্তির্বাদক্তং প্রতীতিবোধাম্॥ ১২॥

বঙ্গান্ধবাদ—অতঃপর সহজসাধা প্রমাদশৃত্য ও জ্ঞানগর্ভর নিবন্ধন ফলাকাজ্ফা রহিত কর্মযোগের প্রশংসা করিতেছেন 'শ্রেয়ো হি' ইত্যাদি বাক্য দ্বারা—অভ্যাস হইতে আমার স্মৃতির অনিচ্ছিন্নতারূপ অভ্যাস যদি নিষ্পন্ন না হয়, তবে তাহা হইতে আত্ম-সাক্ষাৎ রূপ জ্ঞানই শ্রেয়ঃ ও অতিশয় প্রশস্ততর। কারণ—উহা পর্মাত্মার উপলব্ধির দ্বারম্বরূপ। আবার যদি উহা নিষ্পন্ন না হয়, তবে তাহার সাধন স্বরূপ স্বীয় আত্মচিন্তা-

ষরপ ধানেই বিশেষত্ব লাভ করে। অর্থাৎ নিজ হিতবিষয়ে অতিশয় শ্রেয় হয়। যদি (কোন কারণ বশতঃ) ধানেরও সম্পাদন করিতে না পারা যায়, তাহা হইলে কর্মফল ত্যাগই শ্রেষ্ঠ অর্থাৎ ফলের কামনাহীন কর্মই অতিশয় প্রশস্ততর। কর্মফল ত্যাগের পর শান্তি। তাৎপর্যা এই, ফলের কামনাশৃষ্ঠ কর্মের অফ্রষ্ঠান করার পর, মনঃ গুদ্ধি হয়। মন শুদ্ধ হইলে ধাান নিম্পন্ন হয়, ধাান নিম্পন্ন হইলে স্বীয় আত্মসাক্ষাৎকার-রূপ জ্ঞানের উদয় হয়। জ্ঞান নিম্পন্ন হইলে, তাহার ফলম্বরূপ পর্মাত্ম-বিষয়ক জ্ঞানের উদয় হয়। সেই জ্ঞানের ফলে পরা-ভক্তি, সেই পরা-ভক্তির দ্বারা এপ্র্যা-প্রধান আমার প্রাপ্তি হয়—এই উপায় হর্মম—ইহাই ভাবার্য। কিন্তু ইহা অর্জ্গনের প্রতি উপদেশ নহে—কারণ অর্জন্ন ভগবান্ শ্রীক্ষেয়ের একান্তিক ভক্ত। সনিষ্ঠ নিদ্ধাম—তবে কি থ ঘাহারা নির্দাসহকারে নিদ্ধাম-কর্ম্মে আসক্ত ও ভগবান্ শ্রীহরির ধ্যানপরায়ণ তাহারা স্বীয় আত্মাকে সাক্ষাৎকার করিয়া তাহা হইতে উদিত শ্রীহরি-বিষয়ক পরনৈশ্র্যা গুণাত্মক শ্রীহরি-বিষয়ক পরনৈশ্র্যা গুণাত্মক শ্রীহরি-বিষয়ক পরনৈশ্র্যা গুণাত্মক শ্রীহরি-বিষয়ক পরনের্যা গুণাত্মক শ্রীহরিত্ব স্কৃত্বের প্রতি, ইহাই গ্রীতা শাস্ত্রোপদেশের পদ্ধতি (প্রণালী) কিন্তু ঐকান্তিকতায় অনাসক্তের প্রতি, ইহাই জানিবে॥ ১২॥

তামুত্বণ—ফলাভির্দদিশ্র কর্মযোগ স্থকর অর্থাৎ অনায়াসসাধা, প্রমাদ-শ্র অর্থাৎ লাস্তি-সন্থাবনারহিত, এবং জ্ঞানগভ বলিয়া শীভগবান্ স্থতিন্দ্র প্রশংসা করিতেছেন। অভ্যাস অর্থাৎ শীভগবানের অবিরত স্থতিরূপ সাধন ধদি নিপার না হয়, তাহা হইলে, তাহার পক্ষে আত্মসাক্ষাৎকাররপ জ্ঞানই শ্রেয় অর্থাৎ অবলম্বন করা উচিত। পরমাত্মার উপলব্ধির দ্বারম্বরূপ যে জ্ঞান, তাহাও নিপার না হইলে, আত্ম-চিন্তারূপ ধাানই বিশেষ অর্থাৎ ধাানাবলমনেই শ্রেয় লাভ হয়। যদি ধাানও অনিপার অর্থাৎ অসদ্ধি হয়, তাহা হইলে কর্মফলতাগিই শ্রেয়ঃ। অর্থাৎ ফলকামনা রহিত কর্মই প্রশস্ততর। ত্যাগের পর শান্তি লাভ হয় এবং ফলকামনাশূর্য কর্মাহন্ঠানের প্রভাবে মনের শুদ্ধি জন্ম। চিন্ত শুদ্ধ হইলে তথন ধ্যান নিপার হয়। আর ধ্যান নিপার হইলে তথন আত্মসাক্ষাৎকাররপ জ্ঞানও লাভ হইয়া থাকে। আত্মজ্ঞান লাভ হইলে তাহার ফলভূত পরমাত্ম-জ্ঞানও জন্মেও তদ্ধারা পরা-ভক্তির উদয় হয়। এই জাতীয় ভক্তির দ্বারা কিন্তু শ্রীভগবানের এশ্ব্যা প্রধানরূপই প্রাপ্ত হওয়া যায়। এই উপায় ত্র্গম।

অর্জুন শ্রীভগবানের ঐকান্তিক ভক্ত স্থতরাং তাঁহার প্রতি এই সকল উপদেশ প্রদত্ত হইয়াছে, ইহা মনে করা উচিত নহে। অর্জুনকে লক্ষ্য করিয়াই আমাদিগকে অধিকার অন্থযায়ী উপদেশ দিয়াছেন, ইহাই বুঝিতে হইবে।

দনিষ্ঠ নিদ্ধাম কর্মরত, শ্রীহরির ধ্যানপরায়ণ ব্যক্তিগণ হদয়ে আত্মাহতব করেন এবং দেই অহতবের দারা উদিত শ্রীহরি-বিষয়ক পরমৈশ্বর্যগুণযুক্তা পরাভক্তির দারা শ্রীহরিকে প্রেমের আম্পদ অহতবকরতঃ বিমৃক্তি লাভ করে, ইহাই গীতাশ্রান্তের উপদেশ-প্রণালী। কিন্তু ইহা ঐকান্তিক ভক্তিতে আসক্তিরহিত ব্যক্তিগণের প্রতীতি বোধের জন্ম জানিতে হইবে।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাই,—

"তদনস্তর কথিত স্মরণ, মনন ও অভ্যাদের মধ্যে যথাপূর্বে (বা পূর্বক্রমে) শ্রেষ্ঠ তাহাই স্পষ্ট করিয়া বলিতেছেন—'শ্রেয়ः' ইত্যাদি। 'অভ্যাসাং'— অভ্যাস হইতে 'জ্ঞানং'—আমাতে বুদ্ধি নিবিষ্ট কর, এই কথিত আমার মনন 'खियः'— त्थिष्ठं। जजाम रहेल जाग्नाम वा करहेरे धान रहेरव ; किन्न यनन इहेल जनायारमहे धान हम, এই বিশেষ; महे 'क्काना' धानः বিশিশ্বতে'—শ্রেষ্ঠ, এই অর্থ ; কিজন্ম ? তত্ত্তরে বলিতেছেন—'ধ্যানাৎ'— ধ্যান হইতে 'কশ্মফলত্যাগঃ'—কশ্মফল-স্বর্গাদিস্থসমূহের নিষ্ঠাম কশ্মফলের এবং মোক্ষের ত্যাগ অর্থাৎ তৎস্পৃহারাহিত্য হইবে, স্বতঃ প্রাপ্তিতেও তাহার উপেক্ষা। কিন্তু নিশ্চলধ্যানের পূর্বের অজাতরতিভক্তগণের মোক্ষত্যাগের ইচ্ছা र्य। किन्छ निक्त धानिवादनय पारक्य छिलका, जारा पाक्कप्यादिनी; যেমন ভক্তিরসামৃতিসিন্ধু গ্রন্থে 'কেশল্লী, ভভদা' ইত্যাদি ছয়টি পদে ইহার মাহাত্মা কীর্ত্তিত হইয়াছে। যেরূপ কথিত হইয়াছে— (ভা:-১১।১৪।১৪) আমাতে চিত্তসমর্পণকারী পুরুষ আমা বাতীত ব্রহ্মপদ, ইন্দ্রপদ, সার্বভৌমপদ, পাতালরাজ্যের আধিপতা, অণিমাদি যোগদিদ্ধি অথবা মোক্ষপদলাভের ইচ্ছা করেন না। এস্থলে ম্যার্পিতাত্মা—মদ্যাননিষ্ঠ। 'ত্যাগাৎ'—বিভৃষ্ণার পরই 'শান্তিঃ'—মদ্রপগুণাদি বিনা সকল বিষয়েই ইন্দ্রিয়গণের উপরতি। এই লোকের পূর্বার্দ্ধে 'শ্রেয়ঃ' ও 'বিশিশুতে' পদ্ধয়ের সহিত অন্বয়, উত্তরার্দ্ধে 'অনন্তরম্' এই পদেরই সহিত অম্বয়হেতু এই ব্যাখ্যাই সমাক্ যুক্তিযুক্ত, অন্ত-প্রকার নহে, এইরূপ বুঝিতে হইবে"॥ ১২॥

অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্মানো নিরহঙ্কারঃ সমত্বঃখস্থপঃ ক্ষমী॥ ১৩॥
সম্ভষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যপিতমনোবুদ্ধির্যো মন্তল্ঞঃ স মে প্রিয়ঃ॥ ১৪॥

তার্য — মঃ ( যিনি ) মন্তকঃ ( আমার ভক্ত ) সর্বভূতানাং ( সর্ব-প্রাণীর প্রতি ) অদ্বেষ্টা ( দেষ-রহিত ), মৈত্রঃ ( মিত্র-ভাবাপর ) করুণঃ এব চ ( এবং দ্য়ালু ), নির্মাঃ ( মমতা শ্লু ), নিরহিলারঃ ( অহদার রহিত ), সমতৃঃখন্ধঃ ( স্থে তৃঃথে সমজ্ঞান-সম্পর ), ক্ষমী ( ক্ষমাশীল ), সততং সন্তুষ্টঃ ( সর্বাদা সন্তুষ্ট ), যোগী ( সমাহিত চিত্ত ), যতাত্মা ( সংযতেন্দ্রিয় ), দৃঢ় নিশ্চয়ঃ ( দৃঢ় অধাবসায় বিশিষ্ট ), মিয় ( আমাতে ) অপিতমনোবৃদ্ধিঃ ( মনবৃদ্ধি-অর্পণকারী ), সঃ ( তিনি ) মে ( আমার ) প্রিয়ঃ ( প্রীতির পাত্র ) ॥ ১৩-১৪ ॥

অনুবাদ — আমার ভক্ত যিনি দর্মভৃতের প্রতি দ্বেষশৃত্য, মিত্রভাবাপর, কুপালু, পুত্রকলত্রাদিতে মমতাশৃত্য ও জড়ীয় দেহাদিতে অহন্ধাররহিত, স্থ ও তৃংথে সমভাবাপর, ক্ষমাশীল, দর্মদাপ্রসন্ধতির, ভক্তিযোগযুক্ত, সংযতে ক্রিয়, দৃঢ়দঙ্কর এবং আমাতে মনবুদ্ধিদমর্পণকারী—তিনি আমার প্রিয় ॥ ১৩-১৪ ॥

শ্রীভক্তিবিনাদ—ভক্ত—সর্বভ্তের প্রতি স্থভাবতঃই দ্বেষশ্য অর্থাৎ যেসকল লোকেরা তাঁহার প্রতি দ্বেষ করে, তাহাদের প্রতি দ্বেষ করেন না,
বরং সকলের প্রতি মিত্রতা করিয়া থাকেন; অসদগতি হইতে কিসে কুপথগামিজীবের রক্ষা হইবে, তদ্বিষয়ে রুপালু এবং জড়ীয়-দেহের সম্বন্ধে নিশ্মম
অর্থাৎ অহঙ্কারশ্যা; অপরের দ্বারা নিগৃহীত হইয়াও তাহাতে প্রারন্ধ ফল
প্রাপ্ত হন না, অতএব সক্ষম; যদ্ভালাতে দেহ্যাত্রা নির্কাহ করত তিনি
সর্বাদাই সন্তই; উপায়-শৃঙ্খলক্রমে ফলোদ্বেশনিষ্ঠারপ যোগপরিনিষ্ঠিত;
দ্টনিশ্চয় হইয়া সর্বাদা নিরুপাধিক-প্রেমলাভের জন্য যত্ত্বলি, যাঁহার
এইরূপ মনোবুদ্ধি আমাতে অর্পিত হইয়াছে, তিনি—আমার ভক্ত ও
প্রিয়॥ ১৩-১৪॥

ত্রীবলদেব—এমমেকাভিভকান্ পরিনিষ্ঠিতাদীননেকান্তিভকান্ সনিষ্ঠাংশ্চ তত্তংসাধনভেদৈরুপবর্ণা তেষাং সর্ব্বোপরঞ্জকান্ গুণান্ বিদ্ধাতি,—অম্বেট্রেতি সপ্তভিঃ। স্কভ্তানামছেটা দ্বেং ক্রেৎস্বপি তেয়্ মংপ্রারন্ধান্ত্রণ- 36130-30

পরেশপ্রেরিতান্তম্নি মহং বিষম্ভীতি বেষশৃতঃ; পরেশাধিষ্ঠানান্তম্নীতি তেমু মৈত্রঃ স্নিয়ঃ; কেনচিন্নিমিত্রেন থিরেমু মাভূদেষাং থেদ ইতি করুণঃ; দেহাদিষু নির্দানঃ প্রকৃতেরমী বিকারা ন মমেতি তেমু মমতাশৃতঃ; নিরহন্ধারস্তেধাত্মাভিমানরহিতঃ; সমতঃথত্রখঃ স্বথে সতি হর্ষেণ তৃঃথে সতি উদ্বেশেন চাব্যাকুলঃ; যতঃ ক্ষমী তত্তৎসহিষ্ণঃ সততং সন্তপ্তো লাভেহলাভে চ প্রসন্ধতিঃ; যতো যোগী গুরুপদিষ্টোপায়নিষ্ঠঃ; যতাত্মা বিজিতেন্দ্রিয়বর্গঃ; দৃঢ়নিশ্চয়ে। দৃঢ়ঃ কুত্রকরভিভবিত্মশক্যতয়া স্থিরো নিশ্চয়ো; হরেঃ কিম্বরোহন্দীতি অধ্যবসায়ো যত্ম সঃ; অতো ম্যার্পিত-মনোবুদ্ধিঃ; এবস্তৃতো যো মন্তক্তঃ, স মে প্রিয়ঃ প্রীতিকর্জা। ১৩-১৪।

বঙ্গান্ধবাদ—এই প্রকারে পরিনিষ্ঠিত একান্ডিভক্ত ও যাহারা অনৈকান্তি দনিষ্ঠভক্ত তাহাদিগের প্রতি দাধনার প্রকার ভেদ দারা বর্ণনা করিয়া বিশেষরূপে দকলের প্রীতিপ্রদ গুণ কর্ত্তব্যরূপে বর্ণনা করিতেছেন।— অদ্বেষ্টেত্যাদি দাতিটি শ্লোক দারা। দমন্ত প্রাণীর অদ্বেষ্টা অর্থাৎ বেষ যাহারা করে, তাহাদের প্রতিপ্র আমার প্রারন্ধবশে অর্থাৎ পরমেশ্বর কর্তৃক প্রেরিত এগুলি আমাকে দ্বেষ করিতেছে, এই মনে করিয়া দ্বেষশৃশু। উহারা পরমেশ্বরের অধিষ্ঠান, এই জ্ঞানে তাহাদের উপর মৈত্র অর্থাৎ ভালবাদাপূর্ণ। কোন নিমিত্তে কেহ থেদযুক্ত হইলে তাহাদের প্রতি, ইহাদের থেদ না হউক—এইরূপ ভাবাপদ্দ করুণ। দেহাদিতে মমতাশৃশু অর্থাৎ ইহারা প্রকৃতির বিকার আমার নহে এই বোধে তাহাদের উপর মমতাশৃশু। নিরহন্ধার অর্থাৎ দেই দেহাদির উপর আত্মাভিমান-রহিত। সমত্থে—স্থথ হইলে আনন্দের দ্বারা এবং তৃংথ উপস্থিত হইলে উদ্বেগের দ্বারা অব্যাকুল। যেই হেতু—ক্ষমাশীল অর্থাৎ সেই হেতু দেই দেই বিষয়ে সহিষ্ণু।

সেইজন্য সকল সময়ে সন্তুষ্ট থাকা। লাভে বা অলাভে (ক্ষতিতে) প্রদান চিত্ত। যেই হেতু যোগী—গুরুর উপদিষ্ট উপায়ের প্রতি একনিষ্ঠ। যতাত্মা —জিতেন্দ্রিয়। দৃঢ়নিশ্চয়—কৃতর্কের দ্বারা অভিভূত হয় না বলিয়া স্থির ও নিশ্চয়ভাবে আমি শ্রীহরির দাস এইরূপ অধ্যবসায় যাহার সে, এই হেতু আমাতে অর্পিত মন ও বৃদ্ধি সম্পন্ন (ভক্ত)। এই প্রকার যে আমার ভক্ত সে আমার প্রিয় (প্রীতি-কারী)॥ ১৩-১৪॥

অনুভূষণ-পূর্ব পূর্ব শ্লোকে সনিষ্ঠ এবং পরিনিষ্ঠিত ঐকান্তিক ভক্তগণের

সেই সেই সাধন-ভেদসমূহ বর্ণনা করতঃ তাঁহাদের দর্কোপরন্ধক গুণসমূহ সাতটি শ্লোকে বর্ণন করিতেছেন।

প্রথমেই বলিতেছেন, তাঁহারা সর্বভূতের প্রতি অদ্বেষ্টা অর্থাৎ ভূতসমূহ দ্বেষ করিলেও তিনি মনে করেন যে, ইহা আমার প্রারন্ধবশে পরমেশ্বর কর্তৃক প্রেরিত; স্বতরাং তাঁহাদের কাহারও প্রতি বিদেষ ভাব নাই। অধিকন্ত দকলের মধ্যেই পরমেশ্বরের অধিষ্ঠান জানিয়া তাঁহারা দকলের প্রতি মিত্র-ভাবাপন্ন অর্থাৎ স্মিয়। কোন নৈসিত্তিক কারণে কাহাকেও খেদযুক্ত দেখিলে তাহার খেদ না হউক, এইরূপ বিচারে তাহার খেদ নিবারণে যত্নশীল হন বলিয়া তাঁহারা করুণ। দেহাদি-সম্বনীয় ব্যাপারে, ইহা প্রকৃতির বিকার স্থতরাং আমার अक्र अन्य क्षीय नरह जानिया प्रशामित सम्बा मृत्र । এवः दिन निया पार्व আত্মাভিমান-বহিত। স্থ ও ছঃথে সমজানী অর্থাৎ স্থথ উপস্থিত হইলে আনন্দে এবং তৃঃথ উপস্থিত হইলে বিষাদে ব্যাকুল হন না। তাঁহারা ক্ষমাশীল বলিয়া সকল বিষয়ে সহিষ্ণু। তাঁহারা সতত সম্ভষ্ট থাকেন অর্থাৎ লাভে কিস্বা অলাভে, এমন কি ক্ষতিতেও তাঁহারা প্রদন্নচিত্ত। যেহেতু তাঁহারা যোগী অর্থাৎ শ্রীগুরুদেবের উপদিষ্ট সাধনে নিষ্ঠাবান্। তাঁহারা ইন্দ্রিয়বর্গকে জয় করিয়া জিতেন্দ্রিয় হইয়া থাকেন। তাঁহারা দুঢ় নিশ্চয় স্থতরাং কেহ কোন দুঢ় কুতর্কের দারা তাঁহাদিগকে বিচলিত করিতে পারে না; অর্থাৎ তাঁহাদের সঙ্কল্পে তাঁহার। স্থির নিশ্চয় হইয়া অবিচল থাকেন। ঐকান্তিক ভক্তের ইহা একটি বিশেষ গুণের অন্তম। এইরূপ গুণ লাভের কারণ আমি শ্রীহরির কিষ্কর এইরূপ অধ্যবসায় যুক্ত অর্থাৎ স্থান্ট বিশ্বাসপরায়ণ। অতএব তাঁহাদের মন-বুদ্ধি প্রভৃতি সমস্তই শ্রীভগবানে সমর্পিত স্বতরাং এতাদৃশ ভক্ত শ্রীভগবানের প্রিয় অর্থাৎ প্রীতিকারী।

শ্রীমন্তাগবতে শ্রীকৃষ্ণ শ্রীউদ্ধবকে যে সাধুলক্ষণ বলিয়াছেন, তাহাতেও পাই,—

"রূপাল্রক্তন্তোহস্তিতিক্ষ্ণ সর্বাদেহিনাম্। সত্যসারোহনবতাত্মা সমঃ সর্বোপকারকঃ॥" ইত্যাদি (১১।১১।২৯) শ্রীচৈতন্তচরিতামৃতেও পাই,—

> "কুপালু, অকুতন্তোহ, সত্যসার, সম। নির্দ্দোষ, বদান্ত, মৃহ, শুচি, অকিঞ্চন॥

সর্বোপকারক, শাস্ত, রুফৈক-শরণ।
অকাম, নিরীহ, স্থির, বিজিত-ষড়গুণ॥
মিতভুক্, অপ্রমন্ত, মানদ, অমানী।
গন্ধীর, করুণ, মৈত্র, কবি, দক্ষ, মৌনী॥" ( মধ্য ২২।৭৪-৭৬ )
এস্থলে শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্মেও পাই,—

"এই প্রকার শান্তির ভক্ত কি প্রকার হয়? এই অপেক্ষায় বহুবিধ ভক্তের श्वात- (ज्रात कथा विलाजिएन — 'अष्पष्टां' हेजािन बार्वे हिंद्यात । 'अष्पष्टां' —যে দ্বেষ করে, তাহাকে দ্বেষ করেন না, প্রত্যুত 'মৈত্র:'—মিত্রভাবাপর, 'করুণঃ,—ইহাদিগের অসংগতি না হউক, এই বুদ্ধিতে তাহাদিগের প্রতিও কপালু। আচ্ছা, কি প্রকার বিবেকদারা দেষীর প্রতিও মৈত্রী ও কারুণ্য হয় ? তাহা বিবেকব্যতীতই হয়, তাই বলিতেছেন—'নির্মমঃ' 'নিরহঙ্কার'— পুত্রকলতাদিতে মমতার অভাবে ও দেহে অহম্বার অভাব হওয়ায় আমার সেই ভক্তের কাহারও প্রতি দেষ থাকে না; কিজন্য পুনরায় দেষজনিত তুঃথের শাস্তি নিমিত্ত তিনি বিবেক স্বীকার করিবেন, এই ভাব। মদি বলা যায় যে, অন্যে যদি তাঁহাকে পাত্কা দ্বারা বা মৃষ্টি প্রভৃতি দ্বারা আঘাত করে, তাহা হইলে তাঁহার দৈহিক বেদনাজনিত কিঞ্চিং হু:খও হইতে পারে? তহ্তরে বলিতেছেন—'সমতঃথস্থম্'—যেরপ ভগবান্ চক্রার্দ্রশেথর (শিব) বলিয়াছেন (ভাঃ—৬।১৭।২৮)—'নারায়ণপরভক্তগণ কোন প্রকারেই ভীত হন না, কারণ তাঁহারা স্বর্গ, মোক্ষ এবং নরকে তুলাদশী'। স্থ ও তু:খের সমবোধই সমদশিষ; ও তাহা এই—আমার প্রারন্ধ ফল, ইহা আমার অবশ্য ভোগ্য, এই ভাবনাযুক্ত। সমদশী হইয়া পহিফুদিগের ন্যায় তৃঃথ সহ্ করিয়া থাকেন, এই অভিপ্রায়ে বলিতেছেন—'কমী'—কমবান্, কম ধাতু সহনার্থে। আচ্ছা, এরপ ভক্তের জীবিকা কিরপে নির্বাহ হয় ? তত্ত্তরে বলিতেছেন—'সন্তষ্টঃ'— যদুচ্ছালন্ধ অথবা অতি সামান্ত যত্নে প্ৰাপ্ত ভক্ষাবস্তুতে সন্তুষ্ট; আচ্ছা, পূৰ্বে 'সমতঃথত্বথ' বলা হইয়াছে, তাহা হইলে স্বভক্ষাদর্শনে সন্তুষ্ট কি প্রকারে? তত্ত্তবে বলিতেছেন—'সততং যোগী'—ভক্তিযোগযুক্ত, ভক্তিবিষয়ে সিদ্ধিলাভের জন্ম, এই ভাব। যেরপ কথিত হইয়াছে—"প্রাণধারণের জন্ম আহারের জন্ম প্রযত্নপর হইবে। এইরপে প্রাণধারণ যুক্ত। তাহাদ্বারা তত্ত্ব-বিষয়ে চিন্তা হয়। তাহা বিশেষ জানিলে বন্ধলাভ হয়।" দৈবাৎ ভক্ষ্য না পাইলেও

'যতাত্মা'—সংযতিতি, ক্ষোভ-রহিত, এই অর্থ। দৈবাং চিত্রে ক্ষোভ উপস্থিত হইলেও তাহা উপশমের জন্ম অপ্তাঙ্গ-যোগাভ্যাসাদি করেন না, তাই বলিতেছেন—'দৃঢ় নিশ্চয়ং'—আমার অনন্যা-ভক্তিই কর্ত্তবা, এইরূপ স্থির-নিশ্চয় তাহার শিথিল হয় না, এই অর্থ। সকল বিষয়ে হেতু—'ম্যার্পিত-মনোবুকিং'—আমার স্মরণমনন-পরায়ণ এই অর্থ। ঈদৃশ ভক্ত আমার প্রিয়, অর্থাৎ আমাকে অতি প্রীতি প্রদান করেন, এই অর্থ॥ ১৩-১৪॥

# যশ্বামোদিজতে লোকো লোকান্ধোদিজতে চ যঃ। হর্ষামর্যভয়োদেগৈন্মু ক্তো যঃ স চ মে প্রিয়ঃ॥১৫॥

তাষ্য়—যশাৎ ( যাহা হইতে ) লোকঃ ( কোন লোক ) ন উদ্বিজতে ( উদ্বেগ প্রাপ্ত হয় না ), যঃ চ ( এবং যিনি ) লোকাৎ ( লোক হইতে ) ন উদ্বিজতে ( উদ্বেগ প্রাপ্ত হন না ), যঃ চ ( এবং যিনি ) হর্ষামর্ষভয়োদ্বেগৈঃ (হর্ষ, ক্রোধ, ভয় ও উদ্বেগ হইতে) যুক্তঃ (পরিস্ক্ত), সঃ (তিনি) মে ( আমার ) প্রিয়ঃ ॥১৫॥

অনুবাদ—যাহা হইতে কোন লোক উদ্বেগ প্রাপ্ত হয় না এবং যিনি কোন লোকের নিকট হইতে উদ্বেগ প্রাপ্ত হন না এবং যিনি হর্ষ, ক্রোধ, ভয় ও উদ্বেগ হইতে পরিমৃক্ত, তিনি আমার প্রিয়॥১৫॥

শ্রীভক্তিবিনোদ—যাহা হইতে লোকসকল উদ্বেগ প্রাপ্ত হয় না, এবং লোক-দারা যিনি উদ্বেগ প্রাপ্ত হন না.—এরপ হর্য, অমর্য, ভয় ও উদ্বেগ হইতে যিনি পরিমূক্ত, তিনি—আমার প্রিয়॥১৫॥

শ্রীবলদেব—যথালোকঃ কোহপি জনো নোদিজতে—ভয়শন্বয়া ক্ষোভং ন লভতে, যঃ কার্কণিকত্মজনোদেজকং কর্মা ন করোতি; লোকাচ্চ যো নোদিজতে—সর্বাবিরোধিরবিনিশ্চয়াদ্ যত্দেজকং কর্মা লোকো ন করোতি; যশ্চ হর্বাদিজিঃ কর্ভভিম্ভেন, ন তু তেষাং মোচনে স্বয়ং ব্যাপারী;—অতিগঞ্জীরান্মরতিনিমগ্রাত্তংশ্পর্শেনাপি রহিত ইতার্থঃ; তত্র স্বভোগ্যাগমোৎসাহো হর্যঃ, পরভোগ্যাগমাসহন্মমর্যঃ, তৃষ্টসত্তদর্শনাধীনো বিত্রাদঃ ভয়ং, কথং নিক্রত্মস্থ মম জীবনমিতি বিক্ষোভ্স্দেগঃ;—এতাশ্চতশ্রঃ চিত্রবৃত্যঃ ॥১৫॥

বঙ্গান্ধবাদ—যাহা হইতে কোন লোক উদ্বেজিত হয় না, ভয়ের আশস্বায় ছংথ বা ক্ষোভ অন্নভব করে না। যিনি করুণা দ্র চিত্ত বলিয়া কোন লোকের উদ্বেজক কোন কর্ম করেন না এবং কোন লোক হইতেও যিনি উদ্বেজিত হন না। অর্থাৎ সকলের অবিরোধিত বিনিশ্চয় হেতু উদ্বেজক কর্মা কেহ করে না। যিনি হর্ষ প্রভৃতি দ্বারা মৃক্ত, কিন্তু হর্ষ শোকাদির ত্যাগে নিজেই ক্রিয়াযুক্ত নহে —অর্থাৎ অভিশয় গন্ধীরতাপূর্ণ-আত্মরতিতে (আনন্দেতে) নিমগ্ন হেতু তাহাদের সম্পর্কও রহিত। ইহাই অর্থ। এথানে হর্ষ শন্দের অর্থ নিজের প্রিয় ভোগ্যের আগমে (উপস্থিতিতে) উৎসাহ। এবং পরভোগ্যের উপস্থিতি দর্শনে অমহনীয় ভাবের নাম অমর্থ। ছৃত্তপ্রাণিদর্শন জন্ম যে বিক্রাস—তাহার নাম ভয়। নিরুত্বমশালী আমার জীবন কি প্রকারে থাকিবে—এই জাতীয় বিক্ষোভই উদ্বেগ। এই চারি প্রকার চিত্তবৃত্তি॥ ১৫॥

তাসুত্বণ—প্র্রোক্ত ভক্তের গুণ দর্শন করিতে গিয়া শ্রীভগবান্ পুনরায় বিলিলেন যে, যিনি কোন লোককে উদ্বেগ দেন না, বা কোন লোকের স্বারা উদ্বেগ প্রাপ্তও হন না। তিনি সকলের অবিরোধী কর্মেই সর্রাদা ব্যাপৃত থাকেন বলিয়া লোক তাঁহার উদ্বেগজনক কোন কর্ম করে না। শ্রীভগবানের ভক্ত হর্ষাদি হইতে স্বভাবতঃই মৃক্ত স্বতরাং তাঁহাকে আর সেই সকলের মোচনের জন্ম অর্থাৎ দ্রীকরণের জন্ম ক্রিয়াযুক্ত হইতে হয় না। যেহেত্ তিনি অতিশয় গন্ধীর-আত্মরতিতে নিমগ্র থাকেন বলিয়া তাহারা তাঁহাকে স্পর্মন্ত করিতে পারে না।

নিজ ভোগ্য-বিষয় উপস্থিত হইলে হর্ষ অর্থাৎ আনন্দ হয়। পরের ভোগ্য-বিষয়ে-লাভ দর্শন করিলে সহ্য করিতে না পারিয়া, অমর্ষ অর্থাৎ ক্রোধ উপস্থিত হয়। ত্বই প্রাণীর দর্শনে যে বিত্রাস জয়ে, তাহাকে ভয় বলে। নিরুত্তমশীল আমার কি প্রকারে জীবন-যাত্রা রক্ষা হইবে, এইরূপ বিক্ষোভের নাম উদ্বেগ। এই জাতীয় চারি প্রকার চিত্তবৃত্তি যাঁহার নাই অর্থাৎ যিনি এই হর্ষ, অমর্ষ, ভয় ও উদ্বেগ সমূহের দ্বারা মৃক্ত তিনি শ্রীভগবানের প্রিয়।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্শ্বেও পাই,—

"আরও 'ভগবানে যাঁহার অকিঞ্চনা ভক্তি আছে, দেবগণ সকল গুণের সহিত তাঁহাতেই সম্যক্ অবস্থান করেন।' ভা:...।১৮।১২ ইত্যাদি উক্তি হইতে আমার প্রীতিজনক অন্য গুণগণও বার বার অভ্যস্ত আমার ভক্তি হারা স্বতঃই উৎপন্ন হয়, দেগুলিও তৃমি প্রাণ কর, তাই বলিতেছেন...'ফ্সাৎ' ইত্যাদি পাচটি শ্লোকে। 'হর্ষামর্ষভয়োদেগৈম্'ক্তঃ'—প্রাকৃত হর্ষাদি হইতে মৃক্ত, ইত্যাদি কথিত গুণদকল ছাড়া কোন কোন গুণের তুর্লভন্ন জ্ঞাপনের জন্ম পুনরায় বলিতেছেন...'যোন হ্যাতি' ইত্যাদি''॥ ১৫॥

#### অনপেক্ষঃ শুচিদ ক্ষ উদাসীনো গতব্যথঃ। সর্বারম্ভপরিভ্যাগী যো মন্তক্ষঃ স মে প্রিয়ঃ॥ ১৬॥

তার্ম—য: মন্তক্ত: ( আমার ভক্ত গিনি ) অনপেক্ষ: ( অপেক্ষাশৃত্য ), শুচি: ( পবিত্র ), দক্ষ: ( নিপুণ ), উদাদীন: ( অনাসক্ত ), গতবাগ: ( উদ্বেগশ্তা ), দক্ষারম্বপরিত্যাগী ( দক্ষকর্মের ফলতাাগী ), দ: ( তিনি ) মে প্রিয়: ( আমার প্রিয় ) ॥ ১৬॥

অনুবাদ—আমার ভক্ত থিনি বাবহারিক কার্যাপেক্রাশৃন্ত, পবিত্র, নিপুণ, উদাসীন, উদ্বেগশূন্ত এবং সর্পাকর্মের ফলাকাক্ষারহিত, তিনি আমার প্রিয় ॥ ১৬ ॥

শ্রীভক্তিবিনোদ—ব্যবহারিক কার্যাপেকাশ্যা, পবিত্র, নিপুণ, উদাপীন, বাথাশ্যা ও আরক কার্যাদকলের ফলাকাজ্ফারহিত আমার ভক্ত—আমার প্রিয়॥ ১৬॥

শীবলদেব—অনপেক্ষ: স্বয়মাগতেহপি ভোগ্যে নিস্পৃহ: ; শুচির্বাহাভান্তর-পাবিত্রাবান্ ; দক্ষ: স্বশাস্ত্রার্থবিমর্শদমর্থ: ; উদাসীন: পরপক্ষাগ্রাহী ; গতব্যথোহ-পক্তোহপ্যাধিশ্রা: ; সর্কারম্বপরিত্যাগী সভক্তিপ্রতীপাথিলোগ্যরহিত: ॥ ১৬ ॥

বঙ্গান্ধবাদ—অনপেক—স্বয়ং (আপনা আপনি) উপস্থিত ভোগবস্ততেও
নিম্পৃত। গুচি—বাহিরেও অভান্তরে পবিত্রতা-সম্পন্ন। দক্ষ—স্বীয় ধর্মশাস্ত্র
ও তদর্থনির্ণয়ে সমর্থ। উদাশীন—পরপক্ষের প্রতি আগ্রহশ্রতা।
গতব্যথ—অপকার করিলেও আধিশ্রা ( চংথশ্রা )। সর্কারন্ত-পরিত্যাগী—
স্বীয় ভক্তির প্রতিকৃল অথিল উত্তমগৃহত ॥ ১৬॥

অনুভূষণ — শ্রীভগবানের প্রিয় ভক্তের গুণ-বর্ণনে সারও বলিতেছেন যে, যিনি অনপেক অর্থাং যদৃচ্ছাক্রমে স্বয়ং আগত ভোগ্য-বস্তুতেও স্পৃহাশ্রা। যিনি বাহা ও অভ্যন্তরে পবিত্রতা রক্ষা করেন,—তিনি শুচি; যিনি স্বীয় ধর্মশাস্তার্থ-বিচারে সমর্থ, তিনি দক্ষ। যিনি পরপক্ষ গ্রহণ করিয়া কোন কথা বলেন না অর্থাৎ পক্ষপাতশৃত্য, তিনি উদাসীন; যাঁহার অপকার করিলেও তিনি হংথ পান না অর্থাৎ মনোবেদনাশূনা, তিনি গতব্যথ; আর যিনি স্বীয় ভক্তি-প্রতিকৃল অথিল উত্তমরহিত, তিনি সর্বারম্ভ-পরিত্যাগী হইয়াছেন। এই গুণ-বিশিষ্ট ভক্তই শ্রীভগবানের প্রিয়।

শ্রীল চক্রবর্তিপাদের টীকায়ও পাই,—

"বাবহারিক কার্য্যে অপেক্ষা-রহিত, বাবহারিক লোকসমূহে অনাসক্ত, সমস্ত বাবহারিক দৃষ্ট ও অদৃষ্ট ফল এবং শাস্ত-অধ্যাপনাদি কোনও কোনও পারমার্থিক আরম্ভের অর্থাৎ উন্নমেরও পরিত্যাগ করিতে স্বভাব-বিশিষ্ট ভক্ত শীভগবানের প্রিয় হন"॥ ১৬॥

## যো ন হুয়তি ন দ্বেষ্টি ন শোচতি ন কাজ্জতি। শুভাশুভপরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ॥ ১৭॥

তাষ্ট্য—য: ( যিনি ) ন হয়তি ( হাই হন না ), ন ষেষ্টি ( ষেষ করেন না), ন শোচতি ( শোক করেন না ), ন কাজ্জতি ( আকাজ্জা করেন না ), ভভাশুভপরিত্যাগী ( শুভাশুভকর্ম-ত্যাগী ), য: ( ষিনি ) ভক্তিমান্ (ভক্তিযুক্ত), স: ( তিনি ) মে ( আমার ) প্রিয়: ॥ ১৭ ॥

অনুবাদ— যিনি লৌকিক প্রিয়বস্তু প্রাপ্তিতে হাই হন না, এবং অপ্রিয় বস্তু প্রাপ্তিতে দ্বেষ করেন না, যিনি প্রিয়বস্তুর বিচ্ছেদে শোক করেন না, ঘাঁহার প্রাক্ত বস্তুলাভে আকাজ্ঞা নাই, যিনি পাপ ও পুণ্য উভয় কর্মত্যাগী এবং যিনি আমার প্রতি ভক্তিমান্, সেই ভক্তই আমার প্রিয়॥ ১৭॥

শ্রীভক্তিবিনোদ— যিনি জড়ীয়-ফল-লাভে আশাবান্ বা হাইচিত্ত হন না, জড়ীয়-ফল-লাভের ব্যাঘাত হইলে দ্বেষ বা শোক করেন না এবং সমস্ত ভভাতত আত্মসাৎ করেন না, সেই ভক্তিমান্ জনই আমার প্রিয়। ১৭।

ত্রীবলদেব—য: প্রিয়ং প্রশিষ্যাদি প্রাণ্য ন হয়তি; অপ্রিয়ং তৎ প্রাণ্য তত্র ন ছেষ্টি; প্রিয়ে তন্মিন্ বিনষ্টে ন শোচতি; অপ্রাপ্তং তল্লাকাজ্রুতি; ভঙং প্রামন্তভং পাপং তত্ত্যং প্রতিবন্ধকত্ব-সাম্যাৎ পরিত্যক্ত্রং শীলং যশু স: ॥ ১৭ ॥ - 3512A-39

বঙ্গান্ধবাদ— যিনি প্রিয় পুত্র ও শিয়াদি পাইয়াও আনন্দিত হন না এবং অপ্রিয় তাহা পাইয়াও দ্বেষ করেন না। সেই প্রিয় বস্তু নষ্ট হইলে যিনি শোক করেন না, অপ্রাপ্ত শেই বস্তকে যিনি আকাজ্ঞা করেন না। শুভ—পুণা, অশুভ—পাপ; এই ছুইটিরই প্রতিবদ্ধকত্ব হিসাবে তুলাতা থাকায়, ইহা পরিত্যাগ করিবার স্বভাব ঘাঁহার তিনি॥ ১৭॥

অনুভূষণ — যিনি প্রির পুর বা শিয়াদি পাইয়া আনন্দে আত্মহারা হন
না এবং অপ্রিয় সেই সকল পাইয়া ভাহাতে দ্বেদ করেন না। প্রিয় বস্তবিনাশে শোক করেন না, অপ্রাপ্ত প্রিয়বস্তর জন্ম আকাজ্যান্ত করেন না, পাপ
এবং পুণা উভয়ই ভক্তির প্রতিবন্ধক জানিয়া পরিত্যাগ করিতে স্বভাববিশিষ্ট, এইরপ গুণশালী ভক্ত শ্রভিগবানের প্রিয়।

শ্রীল নবোত্তম ঠাকুরও বলিয়াছেন,—

"পুণ্য যে স্থের ধাম, তাহার না লইও নাম,

পাপ-পুণ্য তুই পরিহরি॥"

শ্রীল দাস গোস্বামীকত মনঃশিক্ষারও পাওয়া যায়,—

"ন ধর্মং নাধর্মং শ্রুতিগণ নিকক্তং কিল কুরু

রজে রাধাক্ষপ্রতুর-পরিচ্গামিহ তত্ত।

শচীস্তং নন্দীশ্র-পতিস্তুরে গুরুবরং

ম্কুন্দ-প্রেষ্ঠ্রে শ্র পর্মজ্ঞং নতু মনঃ"॥ ১৭॥

সমঃ শত্রো চ মিত্রে চ তথা মানাপমানয়োঃ। শীতোক্ষস্থপত্যথেষু সমঃ সঙ্গবিবর্জিজতঃ॥ ১৮॥ তুল্যনিন্দাস্ততির্মোনী সম্ভণ্টো যেন কেনচিৎ। অনিকেতঃ স্থিরমতির্ভক্তিমান্ মে প্রিয়ো নরঃ॥ ১৯॥

তাল্বয়— [য:—যিনি] ভক্তিমান্ (ভক্তিমান্) নরঃ (মানব) শব্রো চ মিত্রে চ (শত্রুতে ও মিত্রতে) তথা (তদ্রুপ) মানাপমানয়োঃ (মান ও অপমান-বিষয়ে) সমঃ (তুলাভাব-বিশিষ্ট) শীতোক্ষ-স্থ্যহুংথেষ্ (শীত-গ্রীম, স্থা ও তুংথে) সমঃ (সমভাবাপর), সঙ্গবিবর্জিতঃ (অনাসক্ত), তুলা-নিলাপ্ততিঃ (নিলা ও প্ততিতে তুলাভাব), মৌনী (সংযতবাক্), যেন কেনচিং ( যংকিঞ্চিং লাভে ) সন্তুষ্টং, অনিকেতঃ ( গৃহাদিতে আসক্তিশ্যু), স্থিরমতিঃ ( নিশ্চল মতি ), [সঃ—তিনি] মে প্রিয়ঃ ( আমার প্রিয় ) ॥ ১৮-১৯॥

তাকুবাদ—যে ভক্তিমান্ মানব শক্ত-মিত্রে, মান-অপমানে, শীত-উঞ্চে, স্থ ও তৃঃথে সমভাবাপর, আদক্তিশ্না, নিন্দাস্ততিতে তুলাজ্ঞান বিশিষ্ট, মৌনী, যাহাকিছু-লাভে সম্ভষ্ট, অনিকেত, স্থিব-বৃদ্ধি, তিনি আমার প্রিয় ॥ ১৮-১৯॥

প্রতিকিবিনোদ—শক্র-মিত্র, মানাপমান, শীতোঞ এবং স্থ-ছঃথের প্রতি সমতা, কুগঙ্গশ্ন্যতা, তথা নিন্দা ও স্তুতিতে সামাবৃদ্ধি, যাহাতে-তাহাতে সস্তোষ, মৌন-ধর্ম, গৃহাসক্তিশ্ন্যতা ও স্থিরমতি সহজে লাভ করত আমার ভক্ত আমার প্রিয় হন ॥ ১৮-১৯॥

শীবলদেব—সমঃশত্রী চেতি ক্টার্থঃ। সঙ্গবিবজ্জিতঃ কুসঙ্গনাঃ তুলোতি।
নিদায়া ছংখং স্বতাা স্থক যো নবিন্দতি; মৌনী যতবাক্ স্বেইমননশীলো বা; যেন কেনচিদদ্টাক্টেন ক্লেণ স্থিকেন বালাদিনা সন্তুইঃ;
অনিকেতো নিয়তনিবাসরহিতো নিকেতমোহশূনো বা; স্থিরমতিনিশ্চিতজ্ঞানঃ। এষদ্বেইত্যাদিষ্ স্থস্থ যেষ্ গুণানাং পুনরপাভিধানং তত্তেষামতিদোলভাজ্ঞাপনার্থমিত্যদোষঃ। সনিষ্ঠাদীনাং ত্রিবিধানাং ভক্তানাং
সন্তুর্ স্থিতা এতেহদ্বেই্রাদ্য়ো ধর্মা য্থাসন্ত্রব-তারতমোনেব স্থাভিঃ
সঙ্গমনীয়াঃ॥ ১৮-১৯॥

বঙ্গান্ধবাদ—'সম: শত্রো চ' ইহার অর্থ সহজ। সঙ্গবির্জিত-কুসঙ্গশ্না।
তুলা: অর্থাৎ নিন্দার দ্বারা তুঃথ ও শুতির দ্বারা শ্বথকে যিনি বোধ করেন
না। মৌনী—সংযত বাকাশালী অথবা শ্বীয় অভীপ্ত বস্তুর মননশাল বাক্তি।
যে কোন রূপ অনৃষ্টবশতঃ লব্ধ থাতা, রুক্ষ বা মিগ্ধ অন্নাদির দ্বারা সন্তুর।
অনিকেত—নিয়ত (স্থির) নিবাসরহিত (শ্না) অথবা নিকেতে—মোহশ্না।
শ্বিরমতি—নিশ্চিতজ্ঞান। এই অদ্বেষ্টা ইত্যাদি সাত্টিতে গুণসমূহের পুনরায়
অভিধান (বলার কারণ)—সেই তাদের অভিশয়দোলতা জ্ঞাপনের জন্য এই
হৈতু পুনরুক্তি দোষ নাই। সনিষ্ঠ প্রভৃতি ত্রিবিধ ভক্তের মধ্যে এই
অদ্বেষ্ট্ ত্বাদি ধর্ম মিলিতভাবেই স্থিত; তবে যথাসন্থব তারতমো স্থিতি স্থাধিগণ
কর্ত্বক অবধারণ কর্ত্বরা। ১৮-১৯॥

অনুভূষণ—শ্রীভগবানের প্রিয় ভক্তের স্বভাব যে কিরূপ, তাহা পূর্ববর্ত্তী কয়েকটা শ্লোকে বলিয়া এক্ষণে তাহার উপসংহারে এই শ্লোকষয় বলিতেছেন।

শক্ত ও মিত্রের প্রতি যিনি সমভাবাপন্ন, মান ও অপমানে অর্থাৎ কেহ বিহিত বিধানে সমাদর করিলে কিম্বা স্থানাস্তরে কেহ অনাদর বা অবজ্ঞা করিলে, যাঁহার তুল্যবোধ, শীত ও উষ্ণ-বিষয়ে এবং স্থুও তৃঃথজনক ব্যাপারে যিনি সমজ্ঞান করেন, যিনি কোন প্রকার কুসঙ্গ করেন না। কাহারও নিন্দান্ত তুল্যবোধ করেন, যিনি মোনী অর্থাৎ বাক্য সংযমী অথবা সর্বাদা ইষ্টদেবের মননশীল; অদৃষ্টক্রমে শরীর যাত্রা-নির্বাহের জন্ম যে কোন প্রকার রক্ষ বা স্থিয় দ্রবাই লাভ হউক না কেন, তাহাতেই সম্বন্ট থাকেন। যিনি অনিকেত অর্থাৎ নিয়ত এক স্থানে থাকেন না; অথবা মোহশুনা। যিনি স্থির মতি অর্থাৎ পরমার্থ-বিষয়ে যাহার জ্ঞান নিঃসংশয়রূপে স্থির; এবন্ধিধ স্থণশালী ভক্ত শ্রীভগবানের প্রিয় হন॥ ১৮-১৯॥

যে ভূ ধর্মামৃতমিদং যথোক্তং পর্যুগাসতে। শ্রেদ্ধানা মৎপরমা ভক্তান্তেহতীব মে প্রিয়াঃ॥ ২০॥

ইতি—শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীমপ্রবিনি শ্রীমন্তগবদগীতাম্পনিষৎস্থ বন্ধবিভায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্ন-সংবাদে 'ভক্তিযোগো' নাম ছাদশোহধ্যায়ঃ।

অধ্য়—যে তু (আর যাঁহারা) যথোজং (উক্তপ্রকার) ইদং (এই)
ধর্মাযুতং (ধর্মরূপ অমৃতকে) প্যুগিসতে (উপাসনা করেন), তে (সেইসকল) শ্রদ্ধানাং (শ্রদ্ধাবান্) মংপর্মাং (মংপ্রায়ণ) ভক্তাং (ভক্তগণ),
মে (আমার) অতীব প্রিয়াং (অত্যন্ত প্রিয়)॥ ২০॥

ইতি—শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্কবি শ্রীমন্তগবৎ-গীতাস্থানিষৎস্থ বন্ধবিভায়াং যোগশান্তে শ্রীকৃষ্ণার্জ্জ্ন-সংবাদে ভক্তিযোগো নাম দাদশাধ্যায়স্তানমঃ সমাপ্তঃ ॥ অসুবাদ—আর যাঁহারা মংবর্ণিত আর্প্রিক এই ধর্মামৃতের উপাসনা করেন, সেই সকল শ্রদ্ধাবান্ মংপরায়ণ ভক্তগণ আমার অত্যন্ত প্রিয়॥ ২০॥ ইতি—শ্রীবাাসরচিত শ্রীমহাভারতে শতসাহশ্রী সংহিতায় ভীম্মপর্বের

শ্রীমন্তগবদ্গীতা-উপনিষদে বন্ধবিছায় যোগশান্তে শ্রীকৃষ্ণার্জ্ন-

मःवारम 'ভক্তিযোগ' নামক দ্বাদশ অধ্যায়ের অহ্বাদ সমাপ্ত॥

শ্রীভক্তিবিনাদ—মৎপর-শ্রদা-সহকারে যাঁহারা এই অধ্যায়ের দ্বিতীয় স্নোক হইতে আমুপ্রিকিক মন্বণিত ধর্মামৃতের প্যুগ্রাসনা করেন, তাঁহারা— আমার ভক্ত, অত এব আমার অত্যন্ত প্রিয়॥ ২০॥

**জ্রীভক্তিবিনোদ**—নির্কিশেষ-বাদ ও সবিশেষ-বাদ, এতত্ত্তয়ের মধ্যে উত্তম কোন্টি,—এই আশকা-নির্দনের জন্য এই অধ্যায়ে এই সিদ্ধান্ত इहेम्राट्ड (य, याँहाता अथम एम अभारमाक भागिगंड कर्यायांग-बाता ज़फ़-বিশেষ-মৃক্ত হইয়া নির্কিশেষমার্গে আমাকে অমুসন্ধান করেন, তাঁহারা অত্যন্ত-কষ্টকর মার্গে ভ্রমণ করিতে করিতে সর্বাভূত-হিত-কামনা-ছারা গুদ্ধভক্ত-সঙ্গ লাভ করত নির্কিশেষ-চেষ্টা পরিত্যাগ পূর্বিক চিদ্বিশেষ-বিশিষ্ট আমাকে চরমে লাভ করেন। সাধুসঙ্গরা যাঁহার। শ্রহাবান্ হইয়া গুরুপদাশ্রয় করত অবণ-কীর্ত্তনাদি-দাধনভক্তি-দারা নিষ্ঠা, রুচি, আসক্তি ও ভাববান্ হইয়া আমাতে বত হন, তাঁহাদের মার্গই সমীচীন ; অতএব শুদ্ধভক্তিই শ্রেয়:। যে-পর্যন্ত সাধুসঙ্গ লাভ না হয়, সে-পর্যন্ত পূর্বোক্ত কর্মযোগ-মার্গই প্রশন্ত; তাহাতে কর্মযোগ, ধ্যান, আত্মযাথাত্ম্য জ্ঞান-দ্বারা প্রমাত্মজ্ঞান-পূর্বিকা ভক্তি ক্রমশঃ উদিত হয়। যাঁহাদের সাধুসঙ্গক্রমে হরিবিষয়িণী শ্রহ্মা বা পরম-ভক্তদিগের চরিত্রে লোভ উদিত হয়, তাঁহাদের ঐ ক্রমমার্গের প্রয়োজন নাই। তাঁহারা দ্বিতীয় ছয় অধ্যায়োক্ত ভক্তিযোগ অবলমনপূর্কক সর্বাসিদ্ধি লাভ करतन; ভক্তिनिर्षिष्ठे मञ्भाग्र-षात्रारे छांशामत मर्गावा निर्कार रम्न धर আমি স্বয়ং তাঁহাদের সহায় হই ;—ইহাই এই অধ্যায়ের তাৎপর্যা।

### ইতি—দ্বাদশ অধ্যায়ে শ্রীভক্তিবিনোদ ঠাকুরের 'ভাষা-ভাষ্য' সমাপ্ত।

শ্রীবলদেব—উক্তভক্তিযোগম্পসংহরন্ তশ্মিরিছা-কলমাহ,—যে বিতি। যে ভক্তা যথোক্তং 'ময্যাবেশ্য মনো যে মাম্' ইত্যাদিভির্থাগতমিদং ধর্মামৃতং পর্গণাদতে—প্রাপাং মামিব প্রাপকং তৎ সমাশ্রয়ন্তি, শ্রদ্ধানা ভক্তি-শ্রদালবো মৎপরমা মন্নিরতান্তে মমাতীব প্রিয়া ভবন্তি ॥ ২০॥

> বশঃ সৈকজ্যাং ক্লফঃ স্বভক্তোকজ্যাং তু সঃ। প্রীতাবাতিবশঃ শ্রমানিতি দ্বাদশ নির্ণয়ঃ॥

## रें जि — श्रीमख गवनगी जा श्रीमखार या प्राप्त वा प्राप्त ।

বঙ্গান্ধবাদ—উক্ত ভক্তিযোগের উপসংহার (শেষ) করিবার সময় তাহাতে নিষ্ঠার ফলের কথা বলিতেছেন—'যে দিতি'। যেই সমস্ত ভক্তগণ আমি যাহা যাহা বলিয়াছি। যথা ''আমাতে মন নিবিষ্ট করিয়া যাহারা আমাকে'' ইত্যাদির দারা যথাগত এই ধর্মরূপ অমৃতের সমাক্রূপে উপাসনা করে—প্রাপা আমার ন্যায় সেই প্রাপককে আশ্রয় করে। শ্রদ্ধাবান্—ভক্তিশ্রদ্ধাশীল ও আমাকে পরম জানিয়া অনবরত আমাতেই রতথাকেন, তাঁহারা আমার অতিশয় প্রিয় হন॥২০॥

শ্রীরুষ্ণ একনিষ্ঠ সেবকগণের বশ এবং স্থীয় ভক্তিমান্ একান্তিকদিগের প্রীতিতেই অতিশয় বশীভূত হন শ্রীমান্ ভগবান্; ইহা দাদশ অধ্যায়ে নির্ণয় করিয়াছেন।

#### ইতি—দাদশ অধ্যায়ের শ্রীমন্তগবদগীতোপনিষদ্ভাষ্ট্রের. বঙ্গানুবাদ সমাপ্ত।

অনুভূষণ—বর্ত্তমান শ্লোকে পূর্ব্বোক্ত ভক্তিযোগের উপসংহার পূর্বক সেই ভক্তি-নিষ্ঠার ফল বলিতেছেন।

যাঁহারা মংপরায়ণ হইয়া শ্রদা-সহকারে মন্ধণিত এই ধর্মামৃতের সমাক্
আরাধনা করেন, তাহারা আমার ভক্ত ও অত্যন্ত প্রিয়। একান্তিক ভক্তির
দারাই ভগবান্ সন্তুট্ট হন, কেবল গুণ লাভের দারা নহে। আবার একথাও
সতা মে, ভক্তের ভক্তি ফলেই যাবতীয় গুণ স্বভাবতঃ উদিত হয়, আর শ্রহরির
অভক্তের মহৎ গুণ কোথায়? এ-বিষয়ে শ্রমন্তাগবতেও পাওয়া যায়,—

''যশ্রান্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা সর্বৈগু নৈস্তত্র সমাসতে স্বরাঃ। হরাবভক্তস্থ কুতো মহদ্গুণা মনোরথেনাসতি ধাবতো বহিঃ ॥" (৫।১৮।১২)

ইহার দ্বারা স্পষ্টই জানা যায় যে, ভক্তেই নিথিল-গুণের সমাবেশ, অভক্তের কোনও মহৎ গুণ নাই।

শ্রীল চক্রবর্ত্তিপাদের টীকার মর্শ্বেও পাওয়া যায়,—

"কথিত বহুবিধ স্বভক্তনিষ্ঠ ধর্মসমূহের উপসংহরণ-সাকল্যে ইহা লাভ করিতে ব্যক্তিগণের প্রবণ, পাঠ ও বিচারাদির ফললাভ বলিতেছেন—'যে তু' ইত্যাদি। এইগুলি ভক্তিজনিত-শান্তিজনিত ধর্ম, প্রাক্বত গুণ নহে। 'ভক্তি দ্বারাই কৃষ্ণ তুই হন, গুণের দ্বারা নহেন'—এইরপ কোটি উক্তি আছে। 'তু'—ভিন্ন উপক্রমে। উক্ত লক্ষণমূক্ত ভক্তগণ এক একটি স্বস্বভাবনিষ্ঠ। কিন্তু তত্তৎ সর্বপ্রকার সল্লক্ষণ-পিপাস্থ এই সকল সাধকগণও সেই সকল সিদ্ধগণ হইতে প্রেষ্ঠ, অতএব 'অতীব' এই পদের প্রয়োগ হইয়াছে।

সর্বশ্রেষ্ঠা হথময়ী সর্বসাধ্যস্থসাধিকা ভক্তির এবস্তৃত গুণসমূহ এই অধ্যায়ে নিরূপিত হইয়াছে। যদিও নিম্ন ও প্রাক্ষার ন্যায় জ্ঞান ও ভক্তি প্রদর্শিত হইয়াছে, তথাপি তত্তৎ আম্বাদলোভীসাধকগণ নিজ নিজ আকাজ্যাহ্যসারে তাহা গ্রহণ করিয়া থাকেন।"

গীতার এই দ্বিতীয় ষট্কের নাম ভক্তিযোগ। প্রথম ষট্কের নাম কর্ম-যোগ ও শেষ বা তৃতীয় ষট্কের নাম জ্ঞানযোগ বলা হয়। প্রথম ও শেষ ষট্কের মধ্যবর্ত্তী এই ভক্তিযোগ কোটার মধ্যস্থ রত্নের ন্যায় আদরণীয়।

গীতাশাস্ত্রের মধ্যে এই বাদশ অধ্যায়টি আকারে ক্ষুদ্র হইলেও ইহার মধ্যে যে দকল তত্ত্ব-বিষয়ের বিচার প্রদর্শিত হইয়াছে, তাহার গুরুত্ব দর্বাপেক্ষা অধিক। এই অধ্যায়ের প্রথমেই নির্বিশেষ অক্ষর ব্রহ্ম-তত্ত্বের যাঁহারা উপাদনা করেন ও চিদ্মিলাদ পরমেশ্বর শীক্ষণ্ডের প্রতি যাঁহারা পরম শ্রদ্ধা-দহকারে মনোনিবেশপ্র্বেক নিতাযুক্ত হইয়া উপাদনা করেন, তাঁহাদের মধ্যে কে শ্রেষ্ঠ যোগবিং ? এবং ইহাদের উপাদনার ফলাফল বিচারিত হইয়াছে। ইহা জ্ঞানী ও ভক্ত দকলের বিশেষ আলোচনার ও বিচারের বিষয়। দ্বিতীয়তঃ ইহাতে শীভগ্বানে মনোনিবেশের উপায় কি ? তাহাও নির্দ্ধারিত হইয়াছে। তৃতীয়তঃ কাঁহারা শীভগ্বানের প্রিয় ? তাহাও বর্ণিত হইয়াছে।

এবং চতুর্থতঃ উপদংহারে কাঁহার। যে শ্রীভগবানের অতীব প্রিয় তাহাও উদাহত হইয়াছে। স্থতরাং বৃদ্ধিমান ব্যক্তিগণের ইহা শ্রদ্ধার সহিত শ্রবণ, পঠন ও বিচার করা একাস্ত কর্তব্য।

শ্রীধর স্বামিপাদ এই অধ্যায়ের উপসংহারে বর্ণন করিয়াছেন যে "অব্যক্ত বন্ধের পথ ক্লেশকর ও বিশ্ববহুল। অতএব বিজ্ঞ ব্যক্তি ভক্তিরূপ সংপথ আশ্রম করিয়া স্বথপ্রাপ্য শ্রীকৃষ্ণপাদপদ্ম ভঙ্গনা করিবেন"॥ ২০॥

> ইতি—শ্রীমন্তগবদগীতার দ্বাদশ অধ্যায়ের অনুভূষণ-নান্ধী টীকা সমাপ্ত।

> > ত্বাদশ অধ্যায় সমাপ্ত।